Barcode - 4990010123274
Title - Bengal Legislative Assembly Proceedings (1981) vol.74, no.1
Subject - SOCIAL SCIENCES
Author - N. A.
Language - bengali
Pages - 767
Publication Year - 1981
Creator - Fast DLI Downloader
https://github.com/cancerian0684/dli-downloader
Barcode EAN.UCC-13
4990010123274

Vol. 74 No—I

# Assembly Proceedings

OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

Seventy fourth Session

(February to April, 1981)

(The 16th, 17th, 18th, 19th, 20th, 23rd, 24th 25th, 26th & 27th February 1981)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in West Bengal Legislative Assembly

Price Rs. 238/-

Vol. 74 No—I

# Assembly Proceedings

OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

Seventy fourth Session

(February to April, 1981)

WEST BENGAL [illegible] LIBRARY
Acc. No.. 8116
Dated 22.2.2001
Call No. 328.5414/V 74 No. I (81)
Price / Free Rs. 23/-

(The 16th, 17th, 18th, 19th, 20th, 23rd, 24th 25th, 26th & 27th February 1981)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in West Bengal Legislative Assembly

## GOVERNMENT OF WEST BENGAL

### Governor
### SHRI TRIBHUBAN NARAYAN SINGH

### Members of the Council of Ministers.

1. Shri Jyoti Basu, Chief Minister-in-charge of Home Department (excluding Jails, Transport, Passport, Civil Defence and Parliamentary Affairs Branches), Sports Branch of Department of Education, Department of Power and Hill Affairs Branch of Department of Development and Planning.

2. Shri Krishna Pada Ghosh, Minister-in-charge of Department of Labour.

3. Dr. Ashok Mitra, Minister-in-charge of Finance Department, Department of Development and Planning (excluding Sundarban Areas Branch, Hill Affairs and Jhargram Affairs Branches) and Department of Excise.

4. Shri Pravas Chandra Roy, Minister-in-charge of Department of Irrigation and Waterways and Sundardan Areas Branch of Department of Development and Planning.

5. Shri Amritendu Mukherjee, Minister-in-charge of Department of Animal Husbandry and Veterinary Services.

6. Shri Buddhadev Bhattacharjee, Minister-in-charge of Department of Information and Cultural Affairs.

7. Shri Prasanta Kumar Sur, Minister-in-charge of Department of Local Government and Urban Development and Metropolitan Development Branch of Public works Department.

8. Shri Radhika Ranjan Banerjee, Minister-in-charge of Refugee Relief and Rehabilitation Department and Relief Branch of Relief and Welfare Department.

9. Shri Benoy Krishna Chowdhury, Minister-in-charge of Department of Land Utilisation and Reforms and Land and Land Revenue.

10. Shri Chittabrata Mazumder, Minister-in-charge of Deparment of Cottage and Small-Scale Industries.

11. Shri Mohammed Amin, Minister-in-charge of Transport Branch of Home Deparment.

12. Shri Partha De, Minister-in-charge of Primary Education, Secondary Education, and Library Service Branches of Department of Education.

13. Shri Hashim Abdul Halim, Minister-in-charge of Legislative Department and Judicial Department.

14. Shri Parimal Mitra, Minister-in-charge of Department of Forest and Department of Tourism.

15. Dr. Kanailal Bhattacharya, Minister-in-charge of Department of Commerce and Industries and Department of Public Undertakings and Department of Closed and Sick Industries.

16. Shri Sambhu Charan Ghosh, Minister-in-charge of Department of Education (excluding Sports, Primary Education, Secondary Education and Library Service Branches).

17. Shri Bhakti Bhusan Mandal, Minister-in-charge of Department of Fisheries and Department of Co-operation.

18. Shri Kamal Kanti Guha, Minister-in-charge of Department of Agriculture.

19. Shri Jatin Chakraborty, Minister-in-charge of Public Works Department (excluding Metropolitan Development Branch) and Department of Housing.

20. Shri Nani Bhattacharya, Minister-in-charge of Deparment of Health and family Welfare.

21. Shri Debabrata Bandopadhyay, Minister-in-charge of Department of Panchayats and Community Development and Jails Branch of Home Department.

22. Shri Sudhin Kumar, Minister-in-charge of Department of Food and Supplies.

23. Shri Bhabani Mukherjee, Minister-in-charge of Parliamentary Affairs Branch of Home Department.

24. Srimati Nirupama Chatterjee, Minister-in-charge of Welfare Branch of Relief and Welfare Department.

25. Shri Sambhunath Mandi, Minister of State-in-charge of Scheduled Castes and Tribes Welfare Department, and Jhargram Affairs Branch of Department of Development and Planning.

26. Shri Sibendra Narayan Chowdhury, Minister of State-in-charge of Transport Branch of Home Department.

27. Shri Md. Abdul Bari, Minister of State for Primary Education, Secondary Education and Library Service Branches of Department of Education.

28. Shri Kanti Chandra Biswas, Minister of State-in-charge of Department of Youth Services and Passport Branch of Home Department.

29. Shri Ram Chatterjee, Minister of State-in-charge of Civil Defence Branch of Home Department.

**WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY**
**PRINCIPAL OFFICERS & OFFICIALS**

**Speaker : Shri Syed Abul Mansur Habibullah**

**Deputy Speaker : Shri Kalimuddin Shams**

SECRETARIAT

Secretary : Shri P.K. Ghosh

## Alphabetical List of Namès of Members of the West Bengal Legislative Assembly

1. A.K.M. Hassan Uzaman, Shri (92 - Deganga - 24 Parganas)
2. Abdul Bari, Shri Md. (60 - Domkal - Mushridabad)
3. Abdul Quiyom Molla, Shri (119 - Diamond Harbour - 24 Parganas)
4. Abdur Razzak Molla, Shri (106 - Canning East - 24 Parganas)
5. Abdus Satter, Shri (55 - Lalgola - Murshidabad)
6. Abedin Dr. Zainal (34 - Itahar - West Dinajpur)
7. Abul Hassan, Shri (145 - Bowbazar - Calcutta)
8. Abul Hasnat Khan, Shri (50 - Farakka - Murshidabad)
9. Abul Mansur Habibullah, Shri Syed (277 - Nadanghat - Burdwan)
10. Adak, Shri Nitai Charan (174 - Kalyanpur - Howrah)
11. Anisur Rahaman, Shri (93 - Swarupnagar - 24-Parganas)
12. Atahar Rahaman, Shri (59 - Jalangi - Murshidabad)
13. Bag, Dr. Saswati Prasad (204 - Mahishadal - Midnapore)
14. Bagdi, Shri Lakhan [263 - Ukhra (S.C.) - Burdwan]
15. Bandyopadhyay, Shri Gopal (183 - Singur - Hooghly)
16. Bandyopadhyay, Shri Balai (184 - Haripal - Hoogly)
17. Bandyopadhyay, Shri Debabrata (63 - Berhampore - Murshidabad)
18. Banerjee, Shri Amiya (96 - Hasnabad - 24-Parganas)
19. Banerjee, Shri Binoy (156 - Sealdah - Calcutta)
20. Banerjee, Shri Madhu (257 - Kulti - Burdwan)
21. Banerjee, Shri Radhika Ranjan (136 - Kamarhati - 24-Parganas)
22. Bapuli, Shri Satya Ranjan, (123 - Mathurapur - 24-Parganas)
23. Barma, Shri Manindra Nath [9 - Tufanganj (S.C.) - Cooch Behar]
24. Barman, Shri Kalipada [101 - Basanti (S.C.) - 24-Parganas]
25. Basu, Shri Bimal Kanti (5 - Cooch Behar West - Cooch Behar)
26. Basu, Shri Debi Prosad (77 - Nabadwip - Nadia)
27. Basu, Shri Gopal (129 - Naihati - 24-Parganas)
28. Basu, Shri Jyoti (117 - Satgachia - 24-Parganas)
29. Basu, Shr Nihar Kumar (131 - Jagatdal - 24-Parganas)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

30. Basu Ray, Shri Sunil (258 - Barabani - Burdwan)
31. Bauri, Shri Bijoy [204 - Raghunathpur (S.C.) - Purulia]
32. Bauri, Shri Gobinda [240 - Para (S.C.) - Purulia]
33. Baxla, Shri John Arther [10 - Kumargram (S.T.) - Jalpaiguri]
34. Bera, Shri Pulak (203 - Moyna - Midnapore)
35. Bera, Shri Sasabindu (172 - Shyampur - Howrah)
36. Bhaduri, Shri Timir Baran (64 - Beldanga - Murshidabad)
37. Bharati, Shri Haripdad (142 - Jorabagan - Calcutta)
38. Bhattacharjee, Shri Buddhadev (140 - Cossipur - Calcutta)
39. Bhattacharya, Shri Kamal Krishna (180 - Serampore-Hooghly)
40. Bhattacharya, Dr. Kanailal (165 - Shibpur - Howrah)
41. Bhattacharya, Shri Nani (12 - Alipurduar - Jalpaiguri)
42. Bhattacharyya, Shri Gopal Krishna (135 - Panihati - 24 Parganas)
43. Bhattacharyya, Shri Satya Pada ( 68 - Bharatpur - Murshidabad)
44. Bisui, Shri Santosh [221 - Garhbeta West (S.C.) - Midnapore]
45. Biswas, Shri Binoy Kumar (82 - Chakdah - Nadia)
46. Biswas, Shri Hazari [53 - Sagardighi (S.C.) - Murshidabad]
47. Biswas, Shri Jayanta Kumar (61 - Naoda - Murshidabad)
48. Biswas, Shri Jnanendranath [74 - Krishnaganj (S.C.) - Nadia]
49. Biswas, Shri Kamalakshmi [84 - Bagdaha (S.C.) - 24 Parganas]
50. Biswas, Shri Kanti Chandra (86 - Gaighata - 24 Parganas)
51. Biswas, Shri Kumud Ranjan [98 - Sandeshkhali (S.C.) - 24 Parganas]
52. Biswas, Shri Satish Chandra [80 - Ranaghat East (S.C.) - Nadia]
53. Bora, Shri Badan [ 255 - Indas (S.C.) - Bankura]
5 Bose, Shri Ashoke Kumar ( 148 - Alipore - Calcutta)
55. Bose, Shri Biren (25 - Siliguri - Darjeeling)
56. Bose, Shri Nirmal Kumar (20 - Jalpaiguri - Jalpaiguri)
57. Bouri, Shri Nabani [249 - Gangajalghati (S.C.) - Bankura]
58. Chakraborty, Shri Jatin (151 - Dhakuria - Calcutta)

**Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly**

59. Chakraborty, Shri Subhas (139 - Belgachia - Calcutta)
60. Chakraborty, Shri Umapati (196 - Chandrakona - Midnapore)
61. Chakraborty, Shri Deb Narayan (189 - Pandua - Hooghly)
62. Chattapadhya, Shri Sailendra Nath (181 - Champdani - Hooghly)
63. Chattaraj, Shri Suniti (288 - Suri - Birbhum)
64. Chatterjee, Shri Bhabani Prosad (293 - Nalhati - Birbhum)
65. Chaterjee, Shrimati Nirupama (173 - Bagnan - Howrah)
66. Chatterjee, Shri Ram (185 - Tarakeswar - Hooghly)
67. Chatterjee, Shri Tarun (265 - Durgapur II - Burdwan)
68. Chattopadhyay, Shri Santasri (179 - Uttarpara - Hooghly)
69. Chawdhuri, Shri Subodh (47 - Manikchak - Malda)
70. Chhobhan Gazi, Shri (120 - Magrahat West- 24 Parganas)
71. Chowdhury, Shri Biswanath (38 - Balurghat - West Dinajpur)
72. Chowdhuri, Shri Gunadhar (254 - Kotulpur - Bankura)
73. Chowdhury, Shri Abdul Karim (28 - Islampur - West Dinajpur)
74. Chowdhury, Shri Benoy Krishna (271 - Burdwan Sourth - Burdwan)
75. Chowdhury, Shri Bikash (262 - Jamuria - Burdwan)
76. Chowdhury, Shri Sibendra Narayan (8 - Natabari - Cooch Behar)
77. Chowdhury, Shri Subhendu Kumar [145 - Malda (S.C.) - Malda]
78. Dakua, Shri Dinesh Chandra [3 - Mathabhanga (S.C.) - Cooch Behar]
79. Das, Shri Banamali [283 - Nanur (S.C.) - Birbhum]
80. Das, Shri Jagadish Chandra (128 - Bijpur - 24 Parganas)
81. Das, Shri Nikhil (158 - Burtola - Calcutta)
82. Das, Shri Nimai Chandra (118 - Falta - 24 Parganas)
83. Das, Shri Sandip (146 - Chowringhee - Calcutta)
84. Das, Shri Santosh Kumar (168 - Panchla - Howrah)
85. Das, Shri Shib Nath [205 - Sutahata (S.C.) - Midnapore]
86. Das Mahapatra,. Shri Balai Lal (212 - Ramnagar - Midnapore)
87. Das Sharma, Shri Sudhir Chandra (224 - Kharagpur Town - Midnapore)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

88. Daud Khan, Shri (107 - Bhangore - 24 Parganas)
89. De, Shri Partha (251 - Bankura - Bankura)
90. Deb, Shri Saral (90 - Barasat - 24 Parganas)
91. Dey,. Shri Ajoy Kumar (194 - Arambagh - Hooghly)
92. Digpati, Shri Panchanan [193 - Khanakul (S.C.) - Hooghly]
93. Doloi, Shri Rajani Kanta [219 - Keshpur (S.C.) - Midnapore]
94. Ghosal, Shri Aurobindo (171 - Uluberia Sourth - Howrah)
95. Ghosh, Shrimati Chhaya (58 - Murshidabad - Murshidabad)
96. Ghosh, Shri, Debsaran (72 - Kaliganj - Nadia)
97. Ghosh, Shri Krishna Pada (155 - Beliaghata - Calcutta)
98. Ghosh, Shri Malin (178 - Chanditala - Hooghly)
99. Ghosh, Shri Sambhu Charan (186 - Chinsurah - Hooghly)
100. Goppi, Shrimati Aprajita (4 - Cooch Behar North - Cooch Behar)
101. Goswami, Shri Ramnarayan (273 - Raina - Burdwan)
102. Goswami, Shri Subhas (248 - Chhatna - Bankura)
103. Guha, Shri Kamal Kanti (7 - Dinhata - Cooch Behar)
104. Guha, Shri Nalini Kanta (141 - Shympukur - Calcutta)
105. Gupta, Shri Jyotsna Kumar (284 - Bolpur - Birbhum)
106. Gupta, Shri Sitaram (130 - Bhatpara - 24 Parganas)
107. Habib Mustafa, Shri (44 - Araidanga - Malda)
108. Habibur Rahaman, Shri (54 - Jangipur - Murshidabad)
109. Haldar, Shri Krishnadhan [124 - Kulpi (S.C.) - 24 Parganas]
110. Haldar, Shri Renupada [122 - Mandirbazar (S.C.) - 24 Parganas]
111. Hashim Abdul Halim, Shri (89 - Amdanga - 24 Parganas)
112. Hazra, Shri Haran [169 - Sankrail (S.C.) - Howrah]
113. Hazra, Shri Monoranjan (192 - Purshurah - Hooghly)
114. Hazra, Shri Sundar (222 - Salbani - Midnapore)
115. Hira, Shri Sumanta Kuamr [154 - Taltola (S.C.) - Calcutta]
116. Jana, Shri Haripada (Bhagabanpur) (208 - Bhagabanpur - Midnapore)
117. Jana, Shri Hari Pada (Pingla) (217 - Pingla - Midnapore)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

118. Jana, Shri Manindra Nath (177 - Jangipara - Hooghly)
119. Jana, Shri Prabir (206 - Nandigram - Midnapore)
120. Kalimuddin Shams, Shri (147 - Kabitirtha - Calcutta)
121. Kar, Shri Nani (88 - Ashokenagar - 24 Parganas)
122. Kazi Hafizur Rahaman, Shri (56 - Bhagabangola - Murshidabad)
123. Khan, Shri Sukhendu [256 - Sonamukhi (S.C.) - Bankura]
124. Kisku, Shri Upendra [245 - Raipur (S.T.) - Bankura]
125. Koley, Shri Barindra Nath (175 - Amta - Howrah)
126. Konar, Shri Benoy (275 - Memari - Burdwan)
127. Kuiry, Shri Daman, (236 - Arsha - Purulia)
128. Kujur, Shri Sushil [14 - Madarihat (S.T.) - Jalpaiguri]
129. Kumar, Shri Sudhin (163 - Howrah Central - Howrah)
130. Kundu, Shri Gour Chandra (81 - Ranaghat West - Nadia)
131. Let (Bara), Shri Panchanan [290 - Mayureswar (S..C.) Birbhum]
132. Lutful Haque, Shri (51 - Aurangadab - Murshidabad)
133. M. Ansar-uddin, Shri (167 - Jagatballavpur - Howrah)
134. Mahanti, Shri Pradyot Kumar (228 - Dantan - Midnapore)
135. Mahata, Shri Satya Ranjan (2327 - Jhalda - Purulia)
136. Mahato, Shri Nukul Chandra (234 - Manbazar - Purulia)
137. Mahato, Shri Shanti Ram (238 - Jaipur - Purulia)
138. Maitra, Shri Birendra Kumar (42 - Harischandrapur - Malda)
139. Maitra, Shri Kashi Kanta (75 - Krishnanagar East - Nadia)
140. Maity, Shri Bankim Behari (207 - Narghat - Midnapore)
141. Maity, Shri Gunadhar (125 - Patharpratima - 24 Parganas)
142. Maity, Shri Hrishikesh (126 - Kakdwip - 24 Parganas)
143. Maity, Shri Satya Brata (211 - Contai South - Midnapore)
144. Majee, Shri Surendra Nath [232 - Kashipur (S.T.) - Purulia]
145. Majhi, Shri Dinabandhu [66 - Khargram (S.C.) - Murshidabad]
146. Majhi, Shri Raicharan [282 - Ketugram (S.C.) - Burdwan]
147. Majhi, Shri Sudhangshu Sekhar [233 - Bunduan (S.T.) - Purulia]

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

148. Majhi, Dr. Binode Behari [247 - Indpur (S.C.) - Bankura]
149. Maji, Shri Pannalal (176 - Udaynarayanpur - Howrah)
150. Maji, Shri Swadesranjan (201 - Panskura East - Midnapore)
151. Majumdar, Shri Chittabrata (162 - Howrah North - Howrah)
152. Majumdar, Shri Sunil Kumar (285 - Labhpur - Birbhum)
153. Mal, Shri Trilochan [292 - Hansan (S.C.) - Birbhum]
154. Malakar, Shri Nani Gopal (83 - Haringhata - Nadia)
155. Malik, Shri Purna Chandra [272 - Khandoghosh (S.C.) - Burdwan]
156. Mallik, Shri Sreedhar [267 - Ausgram (S.C) - Burdwan]
157. Mandal, Shri Bhakti Bhusan (286 - Dubrajpur - Birbhum)
158. Mandal, Shri Gopal [197 - Ghatal (S.C.) - Midnapore]
159. Mandal, Shri Prbhanjan (127 - Sagore - 24 Parganas)
160. Mandal, Shri Rabindranath [91 - Rajarhat (S.C.) - 24 Parganas]
161. Mandal, Shri Siddheswar [287 - Rajnagar (S.C.) - Birbhum]
162. Mandal,. Shri Sudhangshu [99 - Hingalganj (S.C.) - 24 Parganas]
163. Mandal, Shri Sukumar [79 - Hanskhali S.C.) - Nadia]
164. Mandal, Shri Suvendu (220 - Garhbeta East - Midnapore)
165. Mandi, Shri Sambhunath [232 - Binpur (S.T.) - Midnapore]
166. Mazumdar, Shri Dilip Kumar [264 - Durgapur-I - Burdwan]
167. Mazumdar, Shri Dinesh (108 - Jadavpur - 24 Parganas)
168. Md. Sohorab, Shri (52 - Suti - Murshidabad)
169. Ming, Shri Patras [26 - Phansidewa (S.T.) - Darjeeling]
170. Mir Abdus Sayeed, Shri (115 - Maheshtala - 24 Parganas)
171. Mir Fakir Mohammad, Shri (71 - Nakashipara - Nadia)
172. Mitra, Dr. Ashok (149 - Rashbehari Avenue - Calcutta)
173. Mitra, Shri Parimal (19 - Kranti - Jalpaiguri)
174. Mitra, Shri Ranjit (85 - Bongaon - 24 Parganas)
175. Mohammad Ali, Shri (43 - Ratua - Malda)
176. Mohammed Amin, Shri (133 - Titagarh - 24 Parganas)
177. Mohanta, Shri Madhabendu (70 - Palashipara - Nadia)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

178. Mojumder, Shri Hemen (104 - Baruipur - 24 Parganas)
179. Mondal, Shri Ganesh Chandra [100 - Gosaba (S.C.) - 24 Parganas]
180. Mondal, Shri Kshiti Ranjan [97 - Haroa (S.C.) - 24 Parganas]
181. Mondal, Shri Raj Kumar [170 - Uluberia North (S.C.) - Howrah]
182. Mondal, Shri Sahabuddin (73 - Chapra - Nadia)
183. Mondal, Shri Sasanka Sekher (291 - Rampurhat - Birbhum)
184. Morazzam Hossain, Shri Syed (218 - Debra - Midnapore)
185. Mostafa Bin Quasem, Shri (94 - Daduria - 24 Parganas)
186. Motahar Hossain, Dr. (294 -Murarai - Birbhum)
187. Mridha, Shri Chitta Ranjan [105 - Canning West (S.C.) - 24 Parganas]
188. Mukherjee, Shri Amritendu (76 - Krishnanagar West - Nadia)
189. Mukherjee, Shri Anil (252 - Onda - Bankura)
190. Mukherjee, Shri Bama Pada (259 - Hirapur - Burdwan)
191. Mukherjee, Shri Bhabani (182 - Chandernagore - Hooghly)
192. Mukherjee, Shri Bimalananda (78 - Santipur - Nadia)
193. Mukherjee, Shri Biswanath (202 - Tamluk - Midnapore)
194. Mukherjee, Shri Joykesh (166 - Domjur - Howrah)
195. Mukherjee, Shri Mahadeb (239 - Purulia - Purulia)
196. Mukherjee, Shri Narayan (95 - Basirhat - 24 Parganas)
197. Mukherjee, Shri Niranjan (112 - Behala East - 24 Parganas)
198. Mukherjee, Shri Rabin (113 - Behala West - 24 Parganas)
199. Mukhopadhyay, Dr. Ambarish (243 - Hura - Purulia)
200. Mullick Chowdhury, Shri Suhrid (159 - Maniktola - Calcutta)
201. Munsi, Shri Maha Bacha (27 - Chopra - West Dinajpur)
202. Murmu, Shri Nathaniel [36 - Tapan (S.T.) - West Dinajpur]
203. Murmu, Shri Sarkar [39 - Habibpur (S.T.) - Malda]
204. Murmu, Shri Sufal [40 - Gajol (S.T.) - Malda]
205. Nanda, Shri Kiranmoy (214 - Mugberia - Midnapore)
206. Nurbu La, Shri Dawa (24 - Kurseong - Darjeeling)
207. Naskar, Shri Gangadhar [109 - Sonarpur (S.C.) - 24 Parganas]

**Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly**

208. Naskar, Shri Sundar [110 - Bishnupur East (S.C.) - 24 Parganas]
209. Nath, Shri Monoranjan (279 - Purbasthali - Burdwan)
210. Neogy, Shri Brajo Gopal (190 - Polba - Hooghly)
211. Nezamuddin, Shri Md. (153 - Entally - Calcutta)
212. O'Brien, Shri Neil Aloysus (Nominated)
213. Ojha, Shri Janmejay (215 - Pataspur - Midnapore)
214. Omar Ali, Dr. (200 - Panskura West - Mindapore)
215. Oraon, Shri Moha Lal [18 - Mal (S.T.) - Jalpaiguri]
216. Paik, Shri Sunirmal [209 - Khajuri (S.C.) - Midnapore]
217. Pal, Shri Bijoy (260 - Asansol - Burdwan)
218. Pal, Shri Rashbehari (210 - Contai North - Midnapore)
219. Panda, Shri Mohini Mohan (244 - Taldanga - Bankura)
220. Pandey, Shri Rabi Shankar (114 - Barabazar - Calcutta)
221. Pathak, Shri Patit Paban (161 - Bally - Howrah)
222. Phodikar, Shri Prabhas Chandra (198 - Daspur - Midnapore)
223. Pramanik, Shri Abinash [188 - Balagarh (S.C.) - Hooghly]
224. Pramanik, Shri Radhika Ranjan [121- Magrahat (S.C.) -24 Parganas]
225. Pramanik, Shri Sudhir [2 - Sitalkuchi (S.C.) - Cooch Behar]
226. Purkait, Shri Probodh [102 - Kultali (S.C.) - 24 Parganas]
227. Rai, Shri Deo Prakash (23 - Darjeeling - Darjeeling)
228. Raj, Shri Aswini Kumar (250 - Barjora - Bankura)
229. Ramzan Ali (29 - Goalpokhar - West Dinajpur)
230. Rana, Shri Santosh (230 - Gopiballavpur - Midnapore)
231. Ray, Shri Achintya Krishna (253 - Vishnupur - Bankura)
232. Ray, Shri Birendra Naryan (57 - Nabagram - Murshidabad)
233. Ray, Shri Matish (137 - Baranagar - 24 Parganas)
234. Ray, Shri Naba Kumar [32 - Kaliaganj (S.C.) - West Dinajpur]
235. Roy, Shri Amalendra (67 - Barwan - Murshidabad)
236. Roy, Shri Banamali [15 - Dhupguri (S.C.) - Jalpaiguri]
237. Roy, Shri Dhirendra Nath [21 - Rajganj (S.C.) - Jalpaiguri]

**Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly**

238. Roy, Shri Haradhan (261 - Raniganj - Burdwan)
239. Roy, Shri Hemanta Kumar (278 - Manteswar - Burdwan)
240. Roy, Shri Krishnadas (227 - Nrayangarh - Midnapore)
241. Roy, Shri Monoranjan (199 - Nandanpore - Midnapore)
242. Roy, Shri Nanu Ram [195 - Goghat (S.C.) - Hooghly]
243. Roy, Shri Pravas Chandra (111- Bishnupur West - 24 Parganas)
244. Roy, Shri Sada Kanta [1 - Mekliganj (S.C.) - Cooch Behar]
245. Roy, Shri Tarak Bandhu [17 - Mainaguri (S.C.) - Jalpaiguri]
246. Roy Barman, Shri Khitibhusan (116 - Budge Budge - 24 Parganas)
247. Roy, Chowdhury, Shri Nirode (87 - Habra - 24 Parganas)
248. Rudra, Shri Samar Kumar (157 - Vidyasagar - Calcutta)
249. Saha, Shri Jamini Bhusan (132 - Noapara - 24 Parganas)
250. Saha, Shri Kripa Sindhu [191 - Dhaniakhali (S.C.) - Hooghly]
251. Saha, Shri Lakshi Nrayan [266 - Kanksa (S.C.) - Burdwan]
252. Sajjad Hussain, Shri Haji (30 - Karandighi - West Dinajpur)
253. Samanta, Shri Gouranga (216 - Sabong - Midnapore)
254. Santra, Shri Sunil [274 - Jamalpur (S.C.) - Burdwan]
255. Sanyal, Shri Samarendra Nath (69 - Karimpur - Nadia)
256. Sar, Shri Nikhilananda (281 - Mongalkot - Burdwan)
257. Sarkar, Shri Deba Prasad (103 - Joynagar - 24 Parganas)
258. Sarkar, Shri Kamal (134 - Khardah - 24 Parganas)
259. Sarkar, Shri Sailen (46 - Enlglishbazar - Malda)
260. Sarkar, Shri Ahindra (35 - Gangarampur - West Dinajpur)
261. Sarker, Shri Dhirendranath [33- Kushmandi (S.C.) - West Dinajpur]
262. Satpathy, Shri Ramchandra (231 - Jhargram - Midnapore)
263. Sen, Shri Bholanath (268 - Bhatar - Burdwan)
264. Sen, Shri Deb Ranjan (269 - Galsi - Burdwan)
265. Sen, Shri Dhirendranath (289 - Mahammad Bazar - Birbhum)
266. Sen, Shri Lakshmi Charan (160 - Belgachia West - Calcutta)
267. Sen, Shri Sachin (152 - Ballygunge - Calcutta)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

268. Sen Gupta, Shri Dipak (6 - Sitai - Cooch Behar)
269. Sen Gupta, Shri Prabir (187 - Bansberia - Hooghly)
270. Shaikh Imajuddin, Shri (62 - Hariharpara - Murshidabad)
271. Shamsuddin Ahamed, Shri (49 - Kaliachak - Malda)
272. Shastri, Shri Vishnu Kant (143 - Jorasanko - Calcutta)
273. Sing, Shri Buddhabed [229 - Nayagram (S.T.) - Midnapore]
274. Singh, Shri Chhedila (114 - Garden Reach - 24 Parganas)
275. Singh, Shri Khudi Ram [226 - Keshiary (S.T.) - Midnapore]
276. Singha Roy, Shri Jogendra Nath [13 - Falakata (S.T.) - Jalpaigui]
277. Sinha, Shri Atish Chandra (65 - Kandi - Murshidabad)
278. Sinha, Dr. Haramohan (280 - Katwa - Burdwan)
279. Sinha, Khagendra Nath [31 - Raiganj (S.C.) - West Dinajpur]
280. Sinha, Shri Probodh Chandra (213 - Egra - Midnapore)
281 Sinha Ray, Shri Guru Prasad (276 - Kalna - Burdwan)
282. Sk. Siraj Ali, Shri (225 - Kharagpur Rural - Midnapore)
283. Soren, Shri Suchand [246 - Ranibandh (S T ) - Bankura]
284. Subba, Shrimati Renu Leena (22 - Kalimpong - Darjeeling)
285. Sur, Shri Prasant Kumar (150 - Tollygunge - Calcutta)
286. Tah, Shri Dwarka Nath (270 - Burdwan North - Burdwan)
287. Talukdar, Shri Pralay (164 - Howrah South - Howrah)
288. Tirkey, Shri Monohar [11 - Kalchini (S.C.) - Jalpaiguri]
289 Tudu, Shri Bikram [253 -Balarampur (S.T.) - Purulia]
290. Uraon, Shri Punai [16 - Nagrakata (S.T.) - Jalpaiguri]
291. Vacant (37 - Kumarganj - West Dinajpur)
292. Vacant (41 - Kharba - Malda)
293. Vacant (48 - Sujapur - Malda)
294. Vacant (138 - Dum Dum - 24 Parganas)
295. Vacant (223 - Midnapore - Midnapore)

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Monday, the 16th February, 1981 at 3-00 p.m.

### P R E S E N T

[Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) 20 Ministers, 5 Ministers of State and 209 Members.

[3-00 — 3-48 p.m.]

Mr. Speaker received the Governor in the Entrance Hall where a procession was formed in the following order :-

Marshal

Secretary

Speaker

Governor

Secretary to the Governor

ADC

All members present rose in their seats as the procession entered the Chamber and remained standing until the Governor took his seat.

The Governor ascended the dais by the steps on the West and the Speaker occupied the seat to the right of the Governor. National Anthem was Played.

The Governor addressed the members of the West Bengal Legislative Assembly as follows :-]

Mr. Speaker and Hon'ble Members,

I have great pleasure in welcoming you to this first Session of the New Year and to present to you a review of the activities and achievements of my Government during the previous year and an outline of the various schemes and projects to be continued or to be undertaken by my Government during the coming financial year. The budget estimates of my Government for the year 1981-82 will be laid before you in this session. I offer you my heartiest felicitations and

take this opportunity of wishing you and the people of West Bengal a Happy and prosperous New Year.

2. At the outset; I recall with a sense of deep sorrow the deaths of Shri Jamini Kishore Majumder and Shri Suhrid Mallik Choudhury, MLAs. Shri Tarun Sengupta, MLA and ex-Minister, Shri Dinesh Majumder, MLA and Chief Government Whip, Shri Deo Prokash Rai, MLA and ex-Minister, Shri Mukti Pada Chattopadhaya, ex-MLA and ex-Minister, Shri Dasarathi Tah, ex-MLA and ex-Minister, Shri A.K.M. Ishaque, ex-MLA and ex-Central Minister, and Shri Clifford Hicks. Shri Bhabani Ranjan Panja, Shri N. Gurung and Shri Byomkesh Majumder—all ex-MLAs, and Shri Charu Chandra Sanyal, ex-MLC.

3. Various parts of the country witnessed a disquieting feature last year as there was an attempt to undermine the unity and integrity of our motherland. Such an attempt in our State could not, however, make any headway. I am sure the people of this State are always on guard against this kind of disruptive move. The entire nation should stand solidly and unitedly to foil all conspiracies hatched by the motivated or misguided elements.

(Noise)

(At the stage the members of the Congress (I) Benchs walked out of the Chamber)

4. The constant endeavour of my Government has been to maintain law and order and to ensure justice to all sections of the people. This has been a difficult task. Deepening economic crisis, mounting unemployment, scarcity of essential goods, sharp rise in the prices of commodities—all resultants of causes beyond the control of Government—have constantly threatened to throw out of gear the even tenor of lite. Restiveness has grown and has been exploited by designing elements to create disorder. My Government has been successful in dealing with the misdirected efforts of disgruntled elements to disturb public life. There have been clashes which have been firmly dealt with. The State has been free from major communal disturbances. The weaker sections of the community have been given the protection of law. There has been no instance of organised attempts on the lives and properties of religious or other minorities. Divisive tendencies, at times politically inspired, have been kept under control. Agrarian clashes registered some increase, largely due to the resistance of the land-owning classes, at times countenanced by political agencies, to thwart the share croppers and the cultivators in getting the fruits of their toil. The law

and order enforcing authorities have constantly been reminded of their obligations to ensure that the strong-arm methods of the vested interests do not deprive the vast majority of the weaker sections in the countryside of their rightful share. They have been enjoined to act according to law. The crime situation showed some increase in the incidents of dacoity and murder with decrease in some other forms of offences. The economic crisis has also had its inevitable impact on the crime situation as a whole. My Government has, however, been alert in detection of crime and apprehension of many of the criminals and it has greared up the police organisation for continuous pursuit of criminal elements and recovery of unauthorised fire-arms and explosive.

5. After tremendous crop losses suffered by the State during the last two financial years owing to unprecedented floods and a severe drought the prospect of foodgrains production this year seems to be bright. It is anticipated that foodgrains production this year will touch the level of 93 lakh tonnes surpassing the record foodgrains production of 89.70 lakh tonnes of the year 1977-78. Major emphasis has been laid on the creation of new irrigation resources and utilisation of both ground and surface water. Up to the end of 1979-80 an irrigation potential of 1,449.30 thousand hectares was created. The programme for the year 1980-81 will lead to the creation of an additional irrigation potentioal of 103.1 thousand hectares. Seed being an essential input for agricultural production, my Government has decided not to depend on other States for its supply but to meet the demand from internal production. With this end in view a State Seed Corporation has been set up with an authorised share capital of Rs. 5 crores. To improve agricultural production and productivity and to set up agro-based industries in the districts of Jalpaiguri and Cooch Behar and Siliguri subdivision of the district of Darjeeling at the foothills of the Himalayas a North Bengal Development Project has been prepared involving a total outlay of Rs. 58.72 crores and work under the Projects has already started. The target of production of foodgrains during the year 1981-82 has been fixed at 100 lakh tonnes. The State being deficient both in pulses and oilseeds, the production of the same will be stepped up through crop planning, irrigation support and production and distribution of seeds of improved varieties. To save potato cultivators from the hazards of natural calamities the Crop Insurance Scheme has been extended to potato crop this year with an outlay of Rs. 45 lakhs. As A measure of social security a scheme to grant old age pension to marginal farmers, share croppers and landless labourers has been taken up and a sum of Rs. 1 crore has been sanctioned for the purpose this year. This

scheme will continue next year with an enlarged coverage.

6. The two unprecedented natural calamites, viz., the unprecedented flood of 1978 and the succeeding drought in 1979 had their continued adverse impact on the investment and recovery of the short-term loans for seasonal agricultural operations and also allied activities in the field of mopping up of internal resources in the entire co-operative credit structure. During this period stress has been laid on expansion of the membership coverage by extending the facilities of universal membership to the weaker sections of the community. The target for deposit mobilisation during the last year was Rs. 68.40 crores against which the achievement up to December 1980 was to the tune of Rs. 62.00 crores. In order to procure raw jute from the growers, the State Cooperative Marketing Federation mobilised 60 marking societies in the jute growing districts in the State and my Government has advanced Rs. 1.50 crores to the Marketing Federation for purchase of such jutes. Against a procurement target of Rs. 3.00 lakh bales the marketing societies have procured 2.01 lakh bales up to December 1980. A comprehensive amendment of the West Bengal Cooperative Societies Act is being proposed on the basis of the recommendations of a Committee set up under the Chairmanship of a retired High Court Judge.

7. The programme of land reforms which is the crucial element of the rural development strategy of my Government was vigorously implemented in spite of heavy odds during the year. Till the end of December 1980 a little more than 10 lakh Bargadars were recorded. This is no mean achievement particularly considering the resistance mounted by the big land owners and other vested interests against the whole programme. Distribution of vested agricultural lands among the landless in the rural areas has made further progress during the year. Up to June 1980 and total of 6,50,803 acres of vested lands has been distributed and the total number of beneficiaries has come to 11.29 lakhs of which about 56% belongs to the Scheduled Castes and Scheduled Tribes. Up to June 1980 agricultural land to the extent of 11.97 lakh acres have vested in the State. My Government is continuing its efforts to implement properly the Urban Land (Ceiling and Regulation) Act., 1976 with the main emphasis on vesting of all excess vacant lands in the urban areas for putting them to proper essential use. A total area of 3.05 lakhs sq. metres of land has been vested in the State under the Act till now. Of this, an area of vested 5,998.50 sq. metres has been distributed for housing purposes and construction of the Metro Railways. The West Bengal Land Holding Revenue Bill passed in 1979 marks a total departure from the existing revenue system which had been in

operation for nearly a century and a half. The Bill has since received the assent of the President. My Government intends to make this Act. effective from the next agricultural year.

8. The Cottage and Small Scale Industries Department of my Government has been playing a vital role in solving the acute unemployment problem of the State through the development of Cottage and Small Scale Industries, particularly in rural areas. A new Scheme for setting up of rural marketing outlets at selected centres throughout the State has been taken up during 1980-81 for creating marketing opportunities of the products of local artisans. The Ancillary Development Programme in the region of Asansol-Durgapur in the district of Burdwan has by now picked up momentum. My Government has adopted various schemes for development of the handloom industry. The West Bengal Handloom and Powerloom Development Corporation Ltd. which is implementing the Intensive Handloom Development Project has been entrusted with nursing 140 block-level co-operative consisting marginal weavers in different blocks having concentration of handloom weavers.

9. During the year 1980, Industrial Approvals for 136 projects involving investment of Rs. 136 crores were obtained and 33 industrial projects with a total project cost of Rs. 32.92 crores were fully implemented. Till the end of December 1980, the West Bengal Industrial Development Corporation Ltd. disbursed Rs. 53.58 crores to 195 units by way of assistance. During the year, the Corporation's Burnt Dolomite Project at Kalyani and the Watch Assembly Project at Tung in Kurseong have gone into commercial production, the work for implementation of 3 projects, viz., Slag Cement at Purulia, Maleic Anhydride at Kharagpur and Tungsten Filament at Kalyani is in progress and work for implementation of 3 new projects., viz., Nitric Acid and Ammonium Nitrate, Slurry Explosives and Ortho Nitrochloro-Benzene and Para Nitrochloro-Benzene has also been taken up. The West Bengal Electronics Industry Development Corporation Ltd. has sponsored many joint-sector and other electronic units towards serving the diverse needs of industry in the region. During the year 1980, the Corporation's two new projects, viz., Television Picture Tubes and Walkie-Talkie Sets have gone into commercial production. The West Bengal Tea Development Corporation Ltd. is development a new tea garden in North Bengal, in addition to carrying on the programme of the rehabilitation and modernisation of 3 sick/closed tea gardens taken over during the period between 1977 and 1979. In North Bengal the West Bengal Mineral Development & Trading Corporation has commissioned a dolo-

mite mining project jointly with Steel Authority of India Ltd.

10. The Closed and Sick Industries Department of my Government concerned with the revival of as many sick industrial units as feasible has a two-fold objective viz., to arrest any retardation of the industrial growth of this State and to ensure that the existing employment opportunities of a large body of industrial workers are not put in jeopardy aggravating the already acute unemployment problem in the State. At present 51 sick units have been enjoying the benefit of relief undertaking under the provisions of the West Bengal Relief Undertakings (Special Provision) Act, 1972 for their speedy revival and recovery. By declaration of such industrial units as Relief Undertakings , the State Government has helped in the protection of employment of more than 37,000 persons. Besides several industrial units are being run under managerial responsibilities of this Department involving protection of employment of more than 10,000 persons.

11. In the Power Sector, efforts have been made to improve and stabilse the performance of the installed capacity during the current financial year. The progress of Kolaghat and Titagarh Project has been satisfactory and these projects are expected to start the operation of their first units in 1982. The performance in the Santaldih however has not been up to expectations and special attention is being paid to remove the bottlenecks. In spite of better performance by the State Units the availability of power suffered of account of progressive decline of power supply from the DVC. Assurance has been given for continuous improved supply to the CESC from the DVC in the near future. It is hoped that there will be a substantial rise in the generation of energy in the coming year with the units No. 4 of Santaldih coming into commercial operation, the Durgapur Projects Limited registering a better performance and the 210 MW Unit at Bandel being commissioned.

12. The transport problems in the State have been compounded by the inadequate availability of commercial vehicles of all categories, the continuous rise in prices of petroleum products—the last steep rise being as late as January 12, 1981—and the sharp escalation of all equipments required by the Transport Industry. My Government is fully seized of the problems and is making every endeavour to deal with it. For improvement of city services the Calcutta State Transport Corporation has taken in hand a three-year project with the assistance of the World Bank. The project period is from June 1980 to December 1983. Under this Project, the CSTC will acquire 530 buses of which 291 will be double-deck buses and 239 single-deck buses. The Calcutta Tramways

will acquire 75 new tram cars, rebuild 60 and specially renovate 105 tram cars. Much to its reluctance, my Government has been compelled to enhance the rates of bus and tram fares. Owing to further price-hike of petroleum products which is an All-India phenomenon and a matter which is beyond the control of my Government, the increase of bus fare has become necessary. Similarly, the rise in tram fare is due mainly to enhanced fuel surcharge on electricity rates owing to higher costs of coal and oil. I am confident that commuters will appreciate the situation. Even now the fares are the lowest in India.

13. Despite a sharp rise in the prices of essential commodities as also a significant erosion in the value of real wages of the working class, the year under review has recorded a significant achievement in brining about economic uplift and better service conditions of thousands of industrial workers in West Bengal. My Government's policy of encouraging collective bargaining as a mode settlement of disputes has yielded satisfactory results. The pre-Puja spurt of industrial disputes was largely settled amicably through conciliation. The Jute and Tea industries paid considerably higher bonus than the statutory minimum through omnibus conciliation agreements. Of major industrywise agreements reference may be made of the Transport Settlement, benefiting about 35,000 transport workers. In the unorganised sectors contract labour was largely abolished through Government intervention in IISCO, Dunlop India Ltd., etc. As part of the programme for extension of the ESI (Medical Benefit) Scheme to new centres the Scheme is being extended to Asansol-Raniganj areas with effect from 31st January 1981.

14. The three tier Panchayat institutions in West Bengal have been gradually developing into an integrated and well-knit system for accelerating the dynamics of rural development. They continue to implement a large number of programmes assigned to them by different administrative departments and for the first time 90 Panchayat Samitis have entered the rural market for procurement of paddy under the Price-support Scheme of the Government. In the coming year, new schemes and creation of infrastructural facilities for emerging growth centres are to be taken up by the Panchayats under the plan budget. In the same period about 11,250 huts are also proposed to be constructed through Panchayat Samitis for landless labourers residing in the countryside.

15. My Government has always laid the greatest emphasis on the effective functioning of the public distribution system. To this end, every effort has been made during the year under review to ensure the distribution of various essential commodities at controlled regulated prices

through the State-wide network of ration shops and fair price shops. As in the past, we have had to depend largely on allocations from the Central Government in respect of most of these commodities and supplies have frequently been inadequate or delayed. Despite the overall shortages experienced, it was possible for my Government to distribute during the year substantial quantities of foodgrains, sugar, edible oils, pulses and salt, apart from other essential commodities such as cement, diesel, kerosene and soft coke. As requested by the Government of India my Government is working out the operational requirements of ensuring a smooth take-over of the functions of internal procurement and bulk distribution of foodgrains from the Food Corporation of India. Procurement prices of paddy have been increased this year by Rs. 10 per quintal over the last year's prices. For the first time my Government put into operation a scheme for purchase of paddy from the producers through the Panchayats, Co-operatives and Agricultural Department. This prevented the fall in prices in distress sale.

16. In the field of Health and Family Welfare and Water Supply, considerable advance has been made during the current financial year. For the first time, a breakthrough has been made in providing assured sources of drinking water to the people of the drought affected areas of Bankura, Purulia, Birbhum and Jhargram subdivision of Midnapore district by sinking a total number of 5,500 rig bored tubewells till now. An additional number of 15 rigs hard rock areas have been acquired during this year. In addition the panchayats were provided with funds to sink at least one tubewell or well in each Gram Panchayat, giving special emphasis on problem villages. A large number of piped water supply schemes in the rural areas has either been completed or is nearing completion. A second water reservior for Darjeeling was commissioned at Srindhop to augment the water supply there. In the urban sector, the work on Haldia Water Supply Scheme with a outlay of Rs. 15 crores is progressing according to shedule. Work has started on the second phase of Raniganj Coal Field Area Water Supply Scheme. A comprehensive scheme of water supply to Siliguri Development Area has also been formulated. For the first time—the Life Insurance Corporation has been involved in financing the water supply projects in West Bengal.

With a view to providing health care facilities to rural areas in a more effective way, a three-year Diploma Course in Community Medical Services has been introduced and six Institutes have been set up on a zonal basis for this purpose. A scheme for payment of stipend to post-graduate medical students with due emphasis on dearth subjects

has been introduced. The stipend payable to internees and house-staff has been increased. A Bill for conferring an autonomous status on the Institute of Post-Graduate Medical Education and Research, thus making it the nucleus of a Medical University is under preparation. A scheme for making medical teachers non-practising is being considered.

The diet charges payble for patients in T.B. and non-T.B. hospitals have been revised upward. A proposal for enhancement of the rate of payment for drugs to indoor and OPD patients of hospitals and health centres is under active consideration.

17. During the current financial year my Government accorded approval to the opening of 1,200 new primary schools with 3,800 additional teachers from January 1981. Sanction has also been accorded to the opening of 1,590 non-formal (part-time) centres in the State with effect from January 1980 for the education of children of the age group 9-11 years who cannot go to formal schools. Education up to Higher Secondary level (XI and XII Classes) has been made free with effect from 1-1-81. My Government has approved of the establishment of 100 new non-Government High Schools/High Madrashas and 200 new non-Government Junior High Schools/Junior High Madrasahs during the current financial year. In the field of collegiate education my Government's policy is to open new Degree Colleges in backward areas mostly inhabited by people belonging to Scheduled Castes and Scheduled Tribes and in areas where there is no provision for girls' education. During the past three years my Government approved of the establishment of five Degree Colleges at Bhadrakali, Suri, Raniganj, Dhaniakhali and Khatra of which the first three are girls' colleges and the rest two are co-educational colleges. It has been decided to opc 13 more Degree Colleges during 1980-81 and 1981-82. The Kalyani University Bill, 1981 and the Rabindra Bharati University Bill, 1981 are likely to come up before the Legislature in the current session. The Midnapore University Bill will also be placed before the Legislative shortly. The Urdu Academy set up during 1978-79 started frunctioning from December 1979. It is now a Government Institution directly subordinate to the Education Department and my Government have approved various schemes for improvement of the Academy. It has been decided to give recognition to 18 new Senior Madrasahs with effect from 1-1-80. My Government has, as a matter of policy, decided that students of primary classes shall be taught only one language, viz., their mother tongue. Introduction of a second language at this stage is considered to be an unnecessary burben for them, and also not helpful in fulfilling the basic

need of getting the students acquainted with their natural and social environs. English as a second language will, however, be taught compulsorily at the secondary stage.

(Noise)

(At this stage the members of the S.U.C (I) Benches walked out of the Chamber)

18. The Forests Department of my Government continued during 1980-81 its various developmental activites, viz., creation of new plantations for industrial and commercial uses, conversion of low yielding forests and wastelands of South-West Bengal to fast-growing plantations, reforestation in de-graded forest areas, creation of Mixed Plantations on wastelands, Panchayat lands, etc., under Social Forestry, and conservation of soil for control of floods, erosion, etc. With the launching of the World Conservation Strategy in March 1980, efforts are being concentrated on preservation and protection of living natural resources.

19. The Inland Fisheries Project became effective from April 1980. The Five-Year programme estimated to cost about Rs. 12.78 crores for 11 project districts envisages setting up on nine modern hatcheries by the West Bengal Fish Seed Development Corporation for producing 158 million carp fingerlings annually on completion of the hatcheries in the third year.

20. The Cattle Development Programme in the Animal Husbandry Sector aims at improving the productivity of the indigenous cattle producing about 300 litres of milk through cross-breeding process. It is contemplated by my Government to provided each Gram Panchayat with one Vertirinary Aid Centre.

21. There has been a step-up in the development programme undertaken in the Calcutta Metropolitan Development District with accent on projects to help the poorer sections of the society. In the two new townships that are coming up in East Calcutta and Baishnabghata-Patuli, provision has been made for housing the economically weaker sections of the people. It is also proposed to distribute plots in Salt Lake area to them under a sites and services programme. The contruction programme of the Second Hooghly Bridge project is proceeding smoothly scarcity of construction materials has somewhat reduced the pace of the work.

22. The three major Irrigation Projects of my Government, viz., Mayurakshi, Kangsabati and D.V.C. have nearly been completed. Construction work on the first stage of the Teesta Barrage Project—the largest irrigation project in the State-is progressing well. The Rs. 150 crore Project on completion will irrigate 303.5 thousand hectares and the irrigation benefits will start from the year 1982-83. This year a Special Programme for rabi and boro irrigation has been drawn up for the Mayurakshi, Kangsabati and D.V.C. commond areas. The Flood Control Programme of my Government during the year includes execution of 664 flood control, drainage bank protection and anti-erosion works. During the year 1980, consequent upon high flood in the Ganga, large areas in the districts of Malda and Murshidabad were flooded. The Bank Protective works and spurs were severely damaged threatening the Dhulian, Nimtita and Aurangabad towns. The restoration works were immediately attended to involving an expenditure of Rs. 209 lakhs up to 15th September 1980. The 1981-82 annual plan relating to irrigation includes five new Multipurpose Projects, four new Major Irrigation Projects, twenty-five new Medium Irrigation Schemes and about one hundred and fifty new Drainage Schemes. Dwarakeswar Project, Teesta Barrage Project, 2nd Sub-stage Upper Kangsabati Project and Ghatal Master Plan and also some of the schemes worth mentioning.

23. The year 1980 commenced with relief operations on a pretty heavy scale to ensure better economic health of the rural people largely hit by severe drought during 1979-80. When with the commencement of agricultural operations the situation eased to some extent floods of verying intensity occurred in as many as eight districts of the State in phases and caused widespread distress. To deal effectively with the situation, the Relief Department of my Government rose to the occasion promptly with all its resources and provided necessary relief to the afflicted persons. Before the closure of emergency relief operation in the flood affected districts, severe landslides occurred in parts of Darjeeling district causing loss to crops and properties. Necesary rescue and relief measures were promptly undertaken by my Government in the affected areas. Influx of persons forcibly evicted from Assam in the bordering districts of West Bengal continued unabated this year also and these persons had to be provided with temporary shelter in camps and necessary relief for their sustenance pending their repartiation to Assam. The Government of India have actually released only 50,000 M.T. of rice for utilisation under Food for Wark Programme. As a result this programme could not be executed in the districts according to requirements. The total allotment released this year is 50,000 M.T. partly with

Relief Department and partly with Development and Planning Department.

The Food for Work Programme has been a very useful one in providing succour to millions of the rural poor in times of distress. My Government took all steps to ensure that foodgrains alloted for the purpose were properly utilised. The Centre was furnished with reports and accounts regarding execution of the programme. It is unfortunate, however, that some differences still persist between my Government and the Centre over this matter. It is essential that these differences be sorted out immediately or else, the work of providing relief to the rural poor in the lean months will be adversely affected.

24. 1981 has been designated as the International Year of the Disabled Persons by the United Nations Organisation. My Government has decided to observe the International Year of the Disabled Persons in a befitting manner. For this purpose a number o schemes, such as, Disability Pension, Economic Rehabilitation, Scholarship to the Handicapped Students, Institutional Care of the Handicapped by Valuntary Organisations, etc., have been introduced. West Bengal Children Act has been made operative throughout West Bengal.

25. Development of colonies inhabited by displaced persons has been engaging the attention of my Government. The works relating to the development of 3,338 plots in 56 colonies are being executed out of the current year's target of Rs. 2.00 crores, through different agencies. During the year 1980-81, conferment of right and title to the lands on free-hold basis have been issued in favour of 675 displaced families based in rural areas. In order to ensure socio-economic rehabilitation of displaced persons my Government has taken a policy decision to settle khas (vested) lands in occupation of refugee families prior to June 1975 with those families and to arrange to give them pattas straight-away.

26. Work on about 715 road schemes has been in progress during the year 1980-81. Work on a number of big bridges like Brahmani Bridge on Kaichar-Nandigram Singhi Road in Burdwan, Mora-Tangon Bridge on Muchia-Singabad Road in Malda and the Bridge over Balason on Kharibari-Phansidewa Road in Darjeeling district has also been in progress. Kashiram Das Setu (Shramik Setu) at Katwa, Burdwan has been completed in all respects and opened to the traffic. During the year 1981-82, my Government proposes to construct about 450 kms. of roads of which 120 kms. would be under the Minimum Needs Programme and 70 kms. under the Tribal Sub-Plan.

27. My Government has target to construct 1,468 housing units during the year under different social housing schemes. It has also a programme under the Land Aquisition and Development Scheme for distribution of homestead plots to the public belonging to the Low and Middle Income Groups. For the year 1981-82, plans have been formulated for construction of about, 2,000 housing units and for development of about 50 acres of land.

28. During the current year, a new Municipality has been established at Jadavpur. Steps are also under way to establish new municipalities at Jhargram (Midnapore), Diamond Harbour (24-Parganas), Islampur (West Dinajpur) and Uluberia (Howrah). Necessary steps are being taken to convert the four Town Committees of Mathabhanga, Mekliganj, Tufanganj and Haldibari in the district of Cooch Behar into full-fledged municipalities under the provisions of the Bengal Municipal Act, 1932. My Government has also initiated steps to convert the notified area authorities of Kalyani, Durgapur and Sainthia into full-fledged municipalities. Notified Area Authorities are also going to be established soon for the areas of Haldia. Mirik. Kulti-Barakar, Niamatpur, Burnpur and Dishergarh. The Bengal Municipal (Amendment) Bill, 1980 designed to place the municipalities on a sound financial footing was passed by the Assembly in April 1980. The Bill has just received the President's assent. The Calcutta Municipal Corporation Bill, 1980 passed by the Assembly is awaiting the President's assent. Steps are also being taken to obtain the President's assent to the Howrah Municipal Corporation Bill, 1980, passed by the Assembly. During 1981-82, two new schemes, namely, Bustee Development Schemes outside Calcutta Metropolitan Development Authority areas and Improvement of the working conditions of the scavangers engaged in municipalities will be taken up. The election to the municipalities and Calcutta Corporation will be held during 1981-82. The entire election expenses to be incurred by the local bodies will be borne by my Government.

29. To restore to the Scheduled Tribes their customary right to collect minor forest produce from the reserve and protected forests, my Government has issued new directives on Forest Management in tribal areas. A special component plan has also been devised for the Scheduled Caste population to enable them to cross the poverty line. A scheme for giving financial assistance for cultivation to recorded bargadars and assignees of vested land belonging to Scheduled Castes at a total cost of Rs. 2.34 crores has been sanctioned this year. Operation Barga has resulted in the recording of a large number of Scheduled Castes

and Scheduled Tribes share croppers. My Government is trying to safeguard the rights to tribals over land. Over and above the existing legislative and other measures, free legal aid is given to the tribals for restoration of illegally alienated land.

30. For better public relations and promotion of culture, my Government has taken up various schemes including five new Information Centres for Chandernagore, Bishnupur, Lalbag, Kakdwip and Islampur, two State-level Information Centres of the State for Agartala and Siliguri, three Information Centres for the plantation areas of North Bengal, and two Information Centres in the coal field area of Asansol-Raniganj. Financial support is being provided to the Nepali Academy set up at Darjeeling for the developement of Nepali language. Construction work to two modern theatres in Calcutta is in progress. One Tribal Cultural Centre has been set up at Suri (Birbhum) to promote tribal cultural activities. A miniature Folk Cultural Museum was inaugurated at Behala, 24-Parganas. The Bill regarding take-over of the management of Rabindra Bhavans since passed by the Legislature is awaiting Presidential assent. To resuscitate the flim industry in the State now suffering from various ailments, my Government has taken a number of steps including the setting up of West Bengal Colour Film and Sound Laboratory Corporation Limited. As per recommendations of the Fact Finding Committee set up for enquiring into the small and medium newspapers of the State, a Small Newspaper Development Corporation will be set up. A pension scheme for distressed journalists is proposed to be introduced.

31. The work of the Stadium at the Salt Lake City, one of the most important projects of my Government, is now in full swing. This Stadium, when completed, shall accommodate one lakh twenty thousand spectators and according to the present indications, will be one of the largest in Asia. The project of building medium sized stadia in the district and subdivisional headquaters is also in progress. New projects have been finalised in respect of Howrah, Raniganj, Cooch Behar and Siliguri. Through the West Bengal State Council of Sports, my Government is trying to foster and develop the small area inexpensive games, such as, Kabaddi, Kho Kho, Volleyball, Basketball, Swimming etc., in the rural areas of the State.

32. My Government lays great stress on the implementation of Youth Welfare programmes throughout the State. For the purpose of studing youth problems and finding their remedies Block Youth Offices have been opened in 327 Blocks out of 335 Blocks of the State. Through this network of Block Youth Offices, differnt youth welfare

programmes are being implemented. To secure the participation of educated youth and also to eradicate illiteracy, a programme of adult literacy centres in various areas of the State has been taken up and for that purpose 100 literacy centres in the tea garden areas of Darjeeling district and 23 centres in the industrial areas of Hooghly district have been opened. To encourage travelling spirit amongst the youths, new youth hostels have been established at Lalbag, Digha and Rajgir (Bihar).

33. In order to ensure planned development of the rural and urban areas of this State, the West Bengal Town and Country (Planning and Development) Act., 1979, has been put into operation with effect from the 1st April 1980. In pursuance of that Act, three Development Authorities, namely, Haldia Development Authority in the district of Midnapore, Asansol-Durgapur Development Authority in the district of Burdwan and Siliguri-Jalpaiguri Development Authority in the districts of Darjeeling and Jalpaiguri have already been set up. These Authorities have undertaken the Land-use Survey of their respective areas to be followed by preparation of an Outline Development Plan of the respective areas. Pending the completion of the Outline Plan, the said Authorities have taken up various schemes for promotion of public utility services and other infrastructural facilities. Haldia is now in the process of being developed as a modern port-cum-industrial urban complex. Many industries have been set up and a number of new industries is likely to come up there soon. These industries will generate considerable employment opportunities for the people.

34. An important step in our Planning effort this year has been the formulation of the Five-Year Plan 1980-85, along with the Annual Plan, 1981-82. As a result of the discussions held at the Planning Commission level in December, 1980 and outlay of Rs. 3,660 crores has been envisaged for the Sixth Five-Year Plan (1980-85) of our State. As regards the Annual Plan for 1981-82, an outlay of Rs. 670 crores has been agreed to by the Planning Commission. Within the present limitations, the objective of the Planning of my Government will be to narrow down the regional disparities within the State and to maintain a reasonable growth of economy, ensuring at the same time a fair deal to the weaker and poorer sections of the society. Agriculture and allied services and irrigation and flood control have been accorded a high priority and these constitute more than one-fourth of the Five-Year Plan Outlay. The expenditure patterns envisaged in the State Plan are primarily intended for the poorer sections of the community, most of whom are concentrated in the country-side, comprising landless farm workers, village artisans, sharecroppers, small and marginal farmers and

persons belonging to the Scheduled Castes and Scheduled Tribes. More than one-fourth of the entire Plan outlay is earmarked for the Power sector.

The integrated Rural Development Programme of my Government aims at making the identified target groups self-sufficient by raising their income above the poverty line. The success of this programme largely depends on the respones from the banks, which unfortunately is not forthcoming to the desired extend. A continuous dialogue is being held with the Banking authorities in the State in this regard. Under the Rural Works Programme, now re-designated by the Government of India as National Rural Employment Programme, 94.69 lakh man-days of employment could be generated up to the 30th September 1980. About 17,300 hectares have been benefited under Irrigation, Flood Protection and Soil Conservation Schemes under this Programme. Two thousand one hundred and fifty-one kms. of village roads have been constructed or improved, 685 primary school buildings repaired, 323 drinking tubewells sunk and 241 community buildings repaired. For 1981-82, a provision of Rs. 12 crores has been proposed for execution of labour intensive schemes under the National Rural Employment Programme. In addition to the implementation of other sectoral programmes, my Government has made a large provision in the State Budget for accelerated development of the Hill Areas in Darjeeling district, the North Bengal districts, Jhargram Area, Digha and the Sunderbans Region. In the Sunderbans where the Scheduled Castes constitute nearly 35% of the total population, an integrated Five-Year Development Programme of the order of Rs. 30.40 crores with financial assistance from the International Fund for Agricultural Development (IFAD) has recently been finalised.

35. A new scheme, namely, the West Bengal State Legal Aid and Advice Scheme, has been adopted by my Government for providing free legal services to the weaker sections of the community from the district level down to the block level. Legal Aid Committees will be constituted for each district, each outlying subdivision, each municipal area and each block.

36. Hon'ble Members, I have endeavoured to highlight some of the major achievements and programmes of my Government. During the last one year, it has striven hard to redeem its pledges to the people, to pay attention to their problems and to ameliorate their socio-economic life. Let us all work together in a spirit of understanding and co-operation to realise the objectives of promoting the all round development of the State and ensuring a better and more equitable social order

to improve the lot of the poor and the downtrodden.

With these words I leave you to your diliberations and wish you all success.

[National Anthem was again played. Thereafter the Governor left the Chamber in procession in the same order as he came in.]

**Assembly Members absent.**

The Following members of the West Bengal Legislative Assembly were absent at the sitting addressed by the Governor on the 16th February, 1981

Abdus Sattar, Shri

Bag, Dr. Saswati Prasad

Bagdi, Shri Lakhan

Baxla, Shri Arther

Bhattacharya, Shri Kamal Krishna

Biswas, Shri Binoy Kumar

Biswas, Shri Hazari

Bose, Shri Nirmal Kumar

Chakraborti, Shri Subhas

Chakraborty, Shri Umapati

Chaudhuri, Shri Subodh

Chowdhury, Shri Subhendu Kumar

Das Mahapatra, Shri Balai Lal

Das, Shri Nikhil

Das Sharma, Shri Sudhir Chandra

Dey, Shri Ajoy Kumar

Doloi, Shri Rajani Kanta

Gupta, Shri Jyotsna Kumar

Hazra, Shri Haran Chandra

Hira, Shri Sumanta Kumar

Jana, Shri Haripada (Bhagabanpur)

Jana, Shri Prabir

Lutful Haque, Shri

Mahato, Shri Shantiram

Maity, Shri Hrishikesh

Maji, Dr. Binode Behari

Mal, Shri Trilochan

Mazumder, Shri Dilip Kumar

Mohammad Ali, Shri

Mondal, Shri Ganesh Chandra

Motahar Hossain, Dr.

Mukherjee, Shri Bimalananda

O'Brien, Shri Neil Aloysius

Rana, Shri Santosh

Roy, Shri Banamali

Roy, Shri Monoranjan

Sanyal, Shri Samarendra Nath

Sarkar, Shri Dhirendra Nath

Sarkar, Shri Sailen

Satpathy, Shri Ramchandra

Shaikh, Imajuddin, Shri

Shamsuddin Ahmed, Shri

Sing, Shri Buddhadeb

Singh, Shri Chhedilal

Singha Roy, Shri Jogendra Nath

Subba, Shrimati Renu Leena

Tudu, Shri Bikram.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Monday, the 16th February, 1981 at 4-00 p.m.

### P R E S E N T

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 20 Ministers, 5 Ministers of State and 209 Members.

[4-00 — 4-08 p.m.]

### Motion of Thanks

**মিঃ স্পিকার ঃ** মাননীয় সদস্যগণ, আপনাদের অবগতির জন্য জানাইতেছি যে, মহামান্য রাজ্যপাল মহোদয় তাহার একটি ভাষণ প্রদান করিয়াছেন এবং তার ভাষণের প্রতিলিপি সভার টেবিলে সংস্থাপন করা হইয়াছে। পশ্চিমবঙ্গ বিধানসভায় কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলির ১৬(৩) নং নিয়মানুযায়ী যদি কোনও প্রস্তাব থাকে তাহা হইলে তাহা উথাপন করিতে পারেন।

**শ্রী অশোককুমার বসু ঃ** রাজ্যপালকে তাহার ভাষণের প্রত্যুত্তরে নিম্নলিখিত মর্মে একটি সশ্রদ্ধ সম্ভাষণ পাঠানো হউক ঃ "মহামান্য রাজ্যপাল মহাশয় পশ্চিমবঙ্গ বিধানসভায় অদ্য, ১৬ই ফেব্রুয়ারি, ১৯৮১ তারিখের অধিবেশনে যে ভাষণ প্রদান করিয়াছেন তজ্জন্য আমরা, এই সভার সদস্যগণ, তাহাকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছি।"

**শ্রী অনিল মুখার্জি ঃ** আমি এই প্রস্তাবকে সমর্থন করছি।

**মিঃ স্পিকার ঃ** মাননীয় সদস্যগণ, মহামান্য রাজ্যপাল মহাশয়ের ভাষণের প্রত্যুত্তরে ধন্যবাদ সূচক প্রস্তাবের উপর যদি কোনও সংশোধনী থাকে, তবে সেই সংশোধনী প্রস্তাব সমূহ আগামীকাল মঙ্গলবার ১৭ই ফেব্রুয়ারি, ১৯৮১ তারিখের বেলা ১টা পর্যন্ত পশ্চিমবঙ্গ বিধানসভা সচিবালয়ে জমা দিতে পারবেন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় স্পিকার স্যার, এটা খুব আরলি হয়ে যাচ্ছে। আপনি একজন পুরানো মানুষ অভিজ্ঞ মানুষ, আমরা যে অ্যামেন্ডমন্ট দেব সেটা যদি ১৭ তারিখ হয় তাহলে খুব সাংঘাতিক অবস্থা হয়, এটা হয় না। আপনি দীর্ঘদিন আছেন আপনিও এটা জানেন।

**মিঃ স্পিকার ঃ** ঠিক আছে, আগামীকাল বিকাল ৫টা পর্যন্ত সময় দেওয়া গেল।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** না স্যার, এত কম সময়ে কখনই বিতর্ক শুরু হতে পারে না, আরও সময় পাওয়া দরকার।

**অধ্যক্ষ মহাশয় ঃ** ঠিক আছে, আগামী ১৮ই ফেব্রুয়ারি বেলা ১১টা পর্যন্ত বিধানসভা অফিসে আপনারা আপনাদের অ্যামেন্ডমেন্ট জমা দিতে পারবেন।

## REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

**অধ্যক্ষ মহাশয় ঃ** এবার আমি কার্য উপদেষ্টা কমিটির ৭৩তম প্রতিবেদন পেশ করছি। এই কমিটির বৈঠক আজ ১৬ই ফেব্রুয়ারি, ১৯৮১ তারিখে আমার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। এই বৈঠকে ১৭ই ফেব্রুয়ারি, ১৯৮১ তারিখ হইতে ২৩শে ফেব্রুয়ারি, ১৯৮১ তারিখ পর্যন্ত বিধানসভার কার্যক্রম ও সময়সূচি নিম্নলিখিতভাবে নির্ধারণের সুপারিশ করেছে।

| | | |
|---|---|---|
| Tuesday, 17/2/1981 | | Laying of Ordinances, Rules, Reports etc., if any. |
| Wednesday, 18/2/81 | (i) | Business remaining from the 17 February 1981, if any. |
| | (ii) | Discussion on Governor's Address 4 hours. |
| Thursday, 19/2/81 | | Discussion on Governor's Address 4 hours |
| Friday, 20/2/81 | | Discussion on Governor's Address 4 hours. |
| Monday, 23/2/81 | | Discussion on Governor's Adddres 4 hours. |

আমি এখন পরিষদীয় মন্ত্রী মহাশয়কে এই প্রস্তাব সভায় উপস্থিত করতে অনুরোধ করছি।

**শ্রী ভবানী মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৭৩তম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য আমি এই সভায় প্রস্তাব উত্থাপন করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার, আপনি জানেন গভর্নর আজকে অ্যাড্রেস দিলেন কালকে শোক প্রস্তাব গ্রহণ করা হবে। পরশু দিন থেকে যদি রাজ্যপালের ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের উপর আলোচনা হয় তাহলে আমাদের অসুবিধা হবে। ২দিন গ্যাপ না দিলে হয় না you have been very kind enough to accept the amendment up to 11 a.m. on 18th February.

**অধ্যক্ষ মহাশয় ঃ** ১১টার মধ্যে অ্যামেন্ডমেন্ট দিতে হবে, ১টা থেকে আলোচনা আরম্ভ হবে।

**শ্রী জ্যোতি বসু ঃ** আপনারাই তো এটা ঠিক করেছেন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার, ২ দিন গ্যাপ দিতে হয় এই রকম ভব্যতা ওদের থাকা উচিত। তারপর আলোচনা হবে। আপনি তো একদিন বিরোধী দলে ছিলেন। আপনারা তখন ২দিন সময় পেতেন।

**শ্রী জ্যোতি বসু ঃ** বিজনেস অ্যাডভাইসারি কমিটি এটা সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয়েছে। কোনও ডিভিসন এখানে হয়নি। ওরা যদি না থাকেন তাহলে কি করা যাবে।

**অধ্যক্ষ মহাশয় ঃ** আমি আশা করছি প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হল।

## Adjournment

The House was then adjourned at 4-08 p.m. till 1 p.m. on Tuesday, the 17th February 1981, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Tuesday, the 17th February, 1981 at 1-00 p.m.

### PRESENT

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 14 Ministers, 3 Ministers of State and 170 Members.

[1-00 — 1-12 p.m.]

### OBITUARY REFERENCE

**মিঃ স্পিকার :** আজ এই অধিবেশনের প্রাক্‌কালে আমি গভীর দুঃখের সঙ্গে স্মরণ করছি বিধানসভার বর্তমানে এবং প্রাক্তন সেইসব সদস্যদের এবং বাংলা তথা ভারতের সাংস্কৃতিক ও রাজনৈতিক ক্ষেত্রে প্রখ্যাত ব্যক্তিদের, গত অধিবেশনের পর যাদের জীবনাবসান হয়েছে।

**বর্তমানে বিধানসভার সদস্য শ্রী দীনেশ মজুমদার** গত ২৫শে অক্টোবর মস্তিষ্কে রক্তক্ষরণের জন্য অজ্ঞান অবস্থায় শেঠ সুখলাল কারনানী মেমোরিয়াল হাসপাতালে ভর্তি হন এবং মাত্র তিন দিন রোগ ভোগের পর গত ২৮শে অক্টোবর শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৪৭ বছর। বয়স মাত্র ৪৭ বছর হলেও ১৯৫০ সাল থেকে এ পর্যন্ত একটানা ত্রিশ বছর তিনি পশ্চিমবঙ্গের বিভিন্ন গণ-আন্দোলনে তথা কমিউনিস্ট আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলেন। শ্রী মজুমদার ঢাকা জিলার নবাবগঞ্জ থানার গামিলপুর গ্রামে জন্মগ্রহণ করেন। ঢাকা শহরে এক স্কুলে তার প্রাথমিক শিক্ষা সমাপ্ত হয়। দেশ বিভাগের পর ১৯৪৮ সালে তিনি এই দেশে আসেন ও নদীয়া জেলার রূপশ্রী কলোনিতে বসবাস করতে থাকেন। অল্প বয়সেই রাজনীতিতে তার হাতেখড়ি হয়। নৈহাটি কলেজ থেকে তিনি বি এ পাশ করেন। ১৯৬০ সাল থেকে ১৯৬৭ সাল পর্যন্ত তিনি রাজ্য ছাত্র ফেডারেশনের সভাপতি এবং সাধারণ সম্পাদকের দায়িত্ব পালন করেন। ১৯৫৬ সালে তিনি কমিউনিস্ট পার্টির সদস্যপদ লাভ করেন। পরে তিনি সি পি আই (এম) দলের পশ্চিমবঙ্গ রাজ্য কমিটির সদস্য নির্বাচিত হন। ১৯৬২ সালে ভারত-চিন সীমান্ত সংঘর্ষের সময় ভারত রক্ষা আইনে তিনি গ্রেপ্তার হন। ১৯৭১-৭২ এবং ১৯৭৭ সলে তিনি যাদবপুর কেন্দ্র থেকে বিধানসভায় নির্বাচিত হন। ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার ক্ষমতাসীন হবার পর তিনি বামফ্রন্ট সরকারের মুখ্য সচেতক হন। বিধানসভা কক্ষে মুখ্য সচেতকের ভূমিকা খুবই কঠিন এবং দায়িত্বপূর্ণ। কিন্তু এই দায়িত্বপূর্ণ ভূমিকা তিনি দক্ষতার সঙ্গে পালন করেন। বিভিন্ন বিষয় এই কক্ষের ঐক্যমত সৃষ্টিতে তার এক অনবদ্য ভূমিকা ছিল। মতের সংঘর্ষ যেখানে অনিবার্য সেক্ষেত্রেও এই সদা হাস্যময় মানুষটি তাঁর অমায়িক ব্যক্তিত্বে সকল সভ্যকে একটি সর্বজনগ্রাহ্য সিদ্ধান্তে উপনীত হতে সাহায্য করেছেন। তাঁর কাছে রাজনীতিতে বিশ্বাসই ছিল বড়। তিনি বিভিন্ন সংস্থার

*প্রতিনিধি দলের সভ্য হিসাবে মস্কো, হাভানা, প্রভৃতি স্থানে সফর করেন। বিগত বৎসরে লুসাকায় কমনওয়েলথ সম্মেলনে পশ্চিমবঙ্গ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশনের প্রতিনিধি হয়ে যোগদান করেন এবং সেখানে নিজ দায়িত্ব দক্ষতার সঙ্গে পালন করেন। সেখান থেকে প্রত্যাবর্তনের পরই তিনি অসুস্থ হয়ে পড়েন।* দলমত নির্বিশেষে সকলের সঙ্গে তিনি বন্ধুত্বের সম্পর্ক রাখতেন। শিক্ষা ও সংস্কৃতির প্রতি তাঁর আগ্রহ ও উদার মনোভাব ছিল। ভিন্ন মতাদর্শের মানুষের মধ্যেও তিনি শ্রদ্ধা ও ভালবাসার আসন পেয়েছিলেন। তাঁর মৃত্যুতে দেশ এক অমায়িক অনলস রাজনৈতিক কর্মীকে হারালো।

বর্তমানে **বিধানসভার সদস্য শ্রী দেওপ্রকাশ রাই** গত ৫ই জানুয়ারি শেঠ সুখলাল কারনানী মেমোরিয়াল হাসপাতালে শেষ নিশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৪৯ বছর। দার্জিলিং জেলার এক চা-বাগানে তিনি জন্মগ্রহণ করেন। ট্রেড ইউনিয়ন কর্মী হিসাবে তাঁর কর্মজীবন শুরু হয়। দীর্ঘদিন অল ইন্ডিয়া টেলিগ্রাফের চতুর্থ শ্রেণীর কর্মচারী ইউনিয়নে দার্জিলিং ডিভিশনের তিনি সভাপতি ছিলেন। সারা ভারত গোর্খা লিগের সাধারণ সম্পাদকও ছিলেন তিনি। দ্বিতীয় মহাযুদ্ধের সময় তিনি ভারতের সৈন্যবাহিনীতে যোগ দেন। ১৯৫৭ সাল থেকে তিনি দার্জিলিং কেন্দ্রের বিধানসভার সদস্য। ১৯৬৭ এবং ১৯৬৯ সালে যুক্তফ্রন্ট সরকারের আমলে তিনি তফসিলিজাতি ও উপজাতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ছিলেন। ১৯৭১ সালে কোয়ালিশন মন্ত্রী সভায়ও তিনি একই দপ্তরের ভারগ্রহণ করেছিলেন। নেপালী ভাষার প্রসারের তিনি ছিলেন একজন অক্লান্ত কর্মী। নেপালী ভাষায় তিনি কিছু বইও লিখেছিলেন। তাঁর মৃত্যুতে দেশ এক প্রথমশ্রেণীর রাজনৈতিক নেতাকে হারালো।

**এই বিধানসভার প্রাক্তন সদস্য শ্রী নন্দলাল গুরুং** গত ২০শে অক্টোবর দীর্ঘকাল রোগভোগের পর দার্জিলিংয়ে শেষ নিশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৯ বছর। শ্রী গুরুং ১৯২১ সালে দার্জিলিংয়ে জন্মগ্রহণ করেন এবং দার্জিলিং টার্নবুল স্কুলে লেখাপড়া করেন। তিনি কিছুদিন দার্জিলিং মিউনিসিপ্যালিটির কমিশনার ছিলেন। সারা ভারত গোর্খা লিগের জেলা কমিটির তিনি সদস্য ছিলেন। প্রায়ত গুরুং ১৯৬৭, ১৯৬৯ এবং ১৯৭২ সাল জোড়বাংলো নির্বাচন কেন্দ্র থেকে বিধানসভায় নির্বাচিত হন। জনপ্রিয় এই গোর্খা নেতা "মার্শাল" নামে পরিচিত ছিলেন। তাঁর মৃত্যুতে দেশ এক প্রবীন রাজনৈতিক কর্মীকে হারালো।

**এই বিধানসভায় প্রাক্তন সদস্য এবং প্রবীণ কংগ্রেস নেতা শ্রী ব্যোমকেশ মজুমদার** গত ২৭শে ডিসেম্বর হৃদরোগে আক্রান্ত হয়ে শেঠ সুখলাল কারনানী মেমোরিয়াল হাসপাতালে শেষ নিশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৯ বছর। তিনি সিটি এবং স্কটিশচার্জ কলেজে লেখাপড়া সমাপ্ত করেন এবং স্নাতক হন। রাজনীতিতে প্রবেশ করে তিনি ট্রেড ইউনিয়ন আন্দোলনে যোগ দেন। ১৯৪২ সালে তিনি কারারুদ্ধ হন। শ্রী মজুমদার দীর্ঘকাল ধরে বাঁশবেড়িয়া পৌর সভার চেয়ারম্যান ছিলেন এবং কয়েক বছর রাজ্য সমবায় ব্যাঙ্কের চেয়ারম্যানও ছিলেন। ১৯৫২ এবং ১৯৫৭ সালে তিনি ভদ্রেশ্বর নির্বাচন কেন্দ্র থেকে এবং ১৯৬৭ সালে চাঁপদানি নির্বাচন কেন্দ্র থেকে বিধানসভায় নির্বাচিত হন। তাঁর মৃত্যুতে দেশ এক অক্লান্ত রাজনৈতিক কর্মীকে হারালো।

**প্রখ্যাত আইনজীবী এবং প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী শ্রী মহম্মদ আলি করিম চাগলা** হৃদরোগে

আক্রান্ত হয়ে গত ৯ই ফেব্রুয়ারি শেষ নিশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮১ বছর। ১৯০০ সালে তিনি বোম্বাইয়ে জন্মগ্রহণ করেন এবং সেন্ট জেভিয়ার্স কলেজে এবং পরবর্তীকালে অক্সফোর্ডের লিংকন কলেজে লেখাপড়া করেন। এরপর সেখানে আইন পাস করে দেশে ফিরে আসেন এবং বোম্বাই হাইকোর্টে আইন ব্যবসায়ে যোগ দেন। ১৯২২ সাল থেকে ১৯৩০ সাল পর্যন্ত তিনি বোম্বাই গভর্নমেন্ট ল কলেজে কনস্টিটিউশনাল ল' এর অধ্যাপক ছিলেন। ১৯৪৭ সালে তিনি বোম্বাই হাইকোর্টে চিফ জাস্টিসের পদে উন্নীত হন এবং সেই বৎসরে বোম্বাই বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর হন। ১৯৫৮ সালে তিনি আমেরিকা যুক্ত রাষ্ট্রের রাষ্ট্রদূত পদে নিযুক্ত হন। ১৯৬৩ সালে তিনি কেন্দ্রীয় মন্ত্রিসভার শিক্ষা মন্ত্রী হিসাবে যোগ দেন এবং সঙ্গে সঙ্গে শিক্ষা বিভাগের নানা সংস্কার এবং গঠনমূলক কাজে মন দেন। ১৯৬৬ সালে তিনি শিক্ষামন্ত্রীর পদের পরিবর্তে পররাষ্ট্র মন্ত্রীর পদে যোগ দেন। ১৯৬৭ সালে কেন্দ্রীয় মন্ত্রিসভায় ইংরাজি ভাষা নিয়ে মতানৈক্যের ফলে তিনি মন্ত্রিত্বের পদে ইস্তফা দেন। স্বাধীনচেতা এই রাজনীতিবিদ্ গণতন্ত্র এবং ধর্মনিরপেক্ষতার আদর্শের জন্য আজীবন সংগ্রাম করেছেন। প্রখ্যাত আইনবিদ হিসাবে সর্বভারতীয় ক্ষেত্রে তিনি যথেষ্ট সুনাম অর্জন কবেন। আইন বিষয়ে অনেক মূল্যবান বইও তিনি রচনা করেছেন। তার মৃত্যুতে দেশ এক স্বাধীনচেতা এবং নির্ভীক রাজনৈতিক কর্মী এবং আইনবিদকে হারালো।

**প্রখ্যাত চিত্রশিল্পী এবং লেখক শ্রী বিনোদবিহারী মুখোপাধ্যায়** গত ১৯শে নভেম্বর নয়াদিল্লিতে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৬ বছর। শ্রী মুখোপাধ্যায় বাল্যবয়সে শান্তিনিকেতনের পাঠভবনে ছাত্র হিসাবে ভর্তি হন। পাঠভবনে শিক্ষা লাভের পর তিনি শিল্পাচার্য নন্দলালের ছাত্র হিসাবে কলাভবনে যোগ দেন এবং অনতিকালের মধ্যে তার এক কৃতি ছাত্র হিসাবে পরিচিত হন। প্রয়াত ভাস্কর রাম কিংকর বেজ তাঁর সমসাময়িক ছিলেন। পরবর্তীকালে তিনি কলাভবনে অধ্যাপক রূপে যোগ দেন। ১৯৪৮ সালে কলাভবনের অধ্যাপনা ছেড়ে তিনি নেপালে যান এবং সেখানে রাজ দরবারে চিত্র শিল্পের কিউরেটার হন। তারপরে মুসৌরীতে কয়েক বছর কাটিয়ে পরে আবার অধ্যক্ষরূপে কলাভবনে ফিরে আসেন। মাঝখানে তিনি শিল্প সম্পর্কিত ব্যাপারে জাপানেও যান। এই সময় তিনি তাঁর দৃষ্টিশক্তি হারিয়ে ফেলেন। কিন্তু সম্পূর্ণদৃষ্টি হারিয়েও তিনি অজস্র ছবি এঁকেছেন। তাঁর আঁকা শান্তিনিকেতনের হিন্দী ভবনের মুরাল অসাধারণ সৃষ্টি। আধুনিক ভারতের চিত্রকলার নানা নতুন ধারার পথিকৃৎ ছিলেন তিনি। শেষের দিকে বিমূর্ত শিল্পেও তিনি নানা পরীক্ষা নিরীক্ষা চালিয়েছিলেন। ছবি আঁকা ছাড়াও চিত্র সমালোচক হিসাবে তিনি খ্যাতি অর্জন করেছিলেন। এই প্রখ্যাত চিত্র শিল্পীর মৃত্যুতে দেশের সাংস্কৃতিক ক্ষেত্রে এক বিশাল শূন্যতার সৃষ্টি হল।

**সাহিত্যিক শ্রী হরিনারায়ণ চট্টোপাধ্যায়** গত ২০শে জানুয়ারি কলকাতায় রামকৃষ্ণ মিশন সেবা প্রতিষ্ঠানে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৪ বছর। তাঁর ছেলেবেলা কাটে বর্মায় এবং সেখানেই তাঁর প্রাক কলেজীয় পড়াশুনা শেষ হয়। ১৯৪২ সালে জাপানী আক্রমণের সময় তিনি সীমান্ত পেরিয়ে কলকাতায় আসেন এবং এখানে সাহিত্য জীবন শুরু করেন। 'ইরাবতী', 'আরাকান' প্রভৃতি তাঁর উল্লেখযোগ্য বই। তাঁর মৃত্যুতে দেশের সাংস্কৃতিক ক্ষেত্রে এক শূন্যতার সৃষ্টি হল।

আমি এইসব প্রয়াত নেতা এবং ব্যক্তিদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা প্রদর্শন করছি এবং তাঁদের শোকসন্তপ্ত পরিবারবর্গকে আন্তরিক সমবেদনা জানাচ্ছি। এখন আমি মাননীয় সদস্যদের অনুরোধ করব তারা যেন নিজ নিজ আসনে দু মিনিট দন্ডায়মান থেকে প্রয়াত ব্যক্তিদের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করেন।

(সদস্যগণ নিজ নিজ আসনে দু মিনিট দন্ডায়মান থেকে নীরবতা পালন করেন।)

ধন্যবাদ বিধানসভার সচিব এই শোকবার্তার প্রতিলিপি প্রয়াত ব্যক্তিদের পরিবারবর্গের কাছে পাঠিয়ে দেবেন। সভার কাজ আগামীকাল বেলা ১টা পর্যন্ত মুলতুবি রহিল।

## Adjournment

The House was then adjourned at 1-12 p.m. till 1 p.m. on Wednesday, 18th February 1981, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Wednesday, the 18th February, 1981 at 1-00 p.m.

### PRESENT

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibulla) in the Chair, 16 Ministers, 2 Ministers of State and 177 Members.

[1-00 — 1-10 p.m.]

**মিঃ স্পিকার ঃ** আজ এই সভার শুরুতে আমি গভীর দুঃখের সঙ্গে স্মরণ করছি এই বিধানসভার **প্রাক্তন সদস্য জননেতা শ্রী শরৎ সরদারকে,** যিনি গত ২৫শে জানুয়ারি বসন্ত রোগে আক্রান্ত হয়ে তাঁর নিজ বাসস্থান আমতলিতে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৭ বছর। ২৪ পরগনা জেলার সুখদোয়ানিতে তিনি জন্মগ্রহণ করেন। শ্রী শরৎ সরদার ১৯৪৭ সালে ভারতের কমিউনিস্ট পার্টির সদস্য পদ লাভ করেন। ১৯৪৬ সালে তেভাগা লড়াই সারা বাংলাদেশ এবং গোটা সুন্দরবনকে আলোড়িত করে। সেই সংগ্রামের প্রথম সারির নেতা ছিলেন কমরেড শরৎ সরদার। সুন্দরবন অঞ্চলে কৃষক আন্দোলনের সঙ্গে তার ঘনিষ্ঠ সম্পর্ক ছিল। ভারতের কমিউনিস্ট পার্টি (মার্কসবাদি) গঠিত হবার পর তিনি সি.পি.আই(এম)-এ যোগ দেন। ১৯৬৯ এবং ১৯৭১ সালে তিনি সন্দেশখালি তফসিলি আদিবাসি নির্বাচনী কেন্দ্র থেকে বিধানসভায় নির্বাচিত হন। আন্ত্রিক রোগে আক্রান্ত হয়ে যাওয়ার পূর্ব মুহূর্ত পর্যন্ত ২৪ পরগনা জেলা ক্ষেত মজুর সমিতির তিনি সভাপতি ছিলেন। তার মৃত্যুতে দেশ একজন একনিষ্ঠ রাজনৈতিক নেতাকে হারালো।

আমি শ্রী সরদারের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা প্রদর্শন করছি এবং তার শোকসন্তপ্ত পরিবারবর্গকে আন্তরিক সমবেদনা জানাচ্ছি। এখন আমি মাননীয় সদস্যদের অনুরোধ করব তারা যেন নিজ নিজ আসনে দু মিনিট দন্ডায়মান থেকে প্রয়াত ব্যক্তির প্রতি শ্রদ্ধা প্রদর্শন করেন।

(সদস্যগণ নিজ নিজ আসনে দু মিনিট দন্ডায়মান থেকে নীরবতা পালন করেন)

**মিঃ স্পিকার ঃ** ধন্যবাদ। বিধানসভার সচিব এই শোকবার্তার প্রতিলিপি প্রয়াত নেতার পরিবারবর্গের কাছে পাঠিয়ে দেবেন।

### Starred Questions
### (to which oral answers were given)

### Construction of Law-cost Cinema Houses

*1. (Admitted question No. *707.) **Shri Rajani Kanta Doloi and**

[18th February, 1981 ]

**Shri Habibur Rahaman :** Will the Minister-in-charge of the Information and Cultural Affairs Department be pleased to state—

(a) whether it is a fact that the State Government has taken up with the National Film Development Corporation some schemes for construction of Low-cost Cinema Houses; and

(b) if so—

(i) where the Cinema Halls are proposed to be constructed, and

(ii) what are the financial implications of such Schemes ?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

(a) হ্যাঁ, একটি যৌথ উদ্যোগ নেওয়া হয়েছে। ন্যাশনাল ফিল্ম ডেভেলপমেন্ট কর্পোরেশন ছাড়া কানাড়া ব্যাঙ্কও এই উদ্যোগের অংশিদার।

(b)

(i) পল্লি অঞ্চলে পৌর এলাকা সংলগ্ন শহর অঞ্চল এবং (কলকাতা মহানগরি বাদ দিয়ে) পৌর অঞ্চলে এইসব সিনেমা হল নির্মিত হবে।

(ii) পল্লি অঞ্চলে ১ লক্ষ টাকা, পৌর এলাকা সংলগ্ন শহর অঞ্চলে ৩ লক্ষ টাকা এক পৌর অঞ্চলে ৭.৫০ লক্ষ টাকা ঋণ হিসাবে ৪ কিস্তিতে দেওয়া হবে। এই ঋণের ৫০% দেবেন পশ্চিমবঙ্গ সরকার আর ২৫% করে দেবেন ন্যাশনাল ফিল্ম ডেভেলপমেন্ট কর্পোরেশন ও ২৫% কানাড়া ব্যাঙ্ক।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আজ পর্যন্ত যৌথ উদ্যোগে এই ধরনের কতগুলি সিনেমা হাউসকে ঋণ দান করেছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** এই বছর কাজ শুরু হয়েছে। আমি যতদূর জানি এই বছর ১৫টি এইরকম আবেদন আমাদের কাছে এসেছে। এই বছর আমাদের প্রথম কাজ শুরু হতে চলেছে, পরবর্তী বছর থেকে এই কাজ ভালভাবে চলতে থাকবে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** একটা সিনেমা হাউস করতে গেলে রুরাল এবং আর্বান এলাকায় কি ধরনের খরচ পড়ে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** গ্রামে দিচ্ছি ১ লক্ষ টাকা, শহরে ৭ লক্ষ ৫০ হাজার টাকা দিচ্ছি। একটা মডেল স্কীম শুরু করেছি। গ্রামে জনতা হল করতে ২/২।। লক্ষ টাকায় হয়ে যাচ্ছে। এরমধ্যে আমরা ৫০ ভাগ লোন দিচ্ছি। কলকাতা শহরের সিনেমা হলের কথা বলছি

না, মফঃস্বল পৌর এলাকার মধ্যে ১০/১২ লক্ষ টাকা লাগে সিনেমা হল করতে। আমরা অর্দ্ধেকের উপর লোন দিচ্ছি।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** সাবসিডি দেওয়ার প্রোপোজাল আছে কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** এটাই তো সাবসিডি। লোন ফর্মেই তো সাবসিডি হয়। আমরা লোন ফর্মেই দিচ্ছি। সমস্ত সিনেমা হলগুলি ব্যক্তিগত মালিকানায় হবে। সেইজন্য আপাতত লোন ছাড়া সরকার কিছু ভাবছেন না।

**মেদিনীপুরের স্কুটার ফ্যাক্টরী**

*২। (অনুমোদিত প্রশ্ন নং *৪২৯।) **শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার নিমপুরাতে পশ্চিমবঙ্গ স্কুটার কারখানাটি কোন বছর হইতে উৎপাদন শুরু করেছে;

(খ) বছরে কত সংখ্যক স্কুটার তৈরীর লক্ষ্যমাত্রা সহ এই কারখানাটি স্থাপন করা হয়;

(গ) ১৯৮০ সালের ডিসেম্বর মাস পর্যন্ত মোট কত স্কুটার এই কারখানা থেকে উৎপাদিত হয়েছে; এবং

(ঘ) উক্ত কারখানায় সরকারের কত শতাংশ শেয়ার আছে এবং এই শেয়ারের মোট অর্ধমূল্য কত?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ**

(ক) এই কারখানাটি ১৯৭৬ সালের ডিসেম্বর মাস হইতে উৎপাদন শুরু করিয়াছে;

(খ) বছরে ৩০,০০০ (তিরিশ হাজার) সংখ্যক স্কুটার।

(গ) ১৯৮০ সালের ডিসেম্বর মাস পর্যন্ত ১৬৪০ (এক হাজার ছয়শত চল্লিশ) সংখ্যক স্কুটার এই কারখানায় উৎপাদিত হয়েছে।

(ঘ) এই কোম্পানির মূলধনে সরকার প্রত্যক্ষভাবে কোনও বিনিয়োগ করেন নাই। ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল কর্পোরেশন পশ্চিমবঙ্গ সরকারের একটি সংস্থা এই কোম্পানির মূলধনে ৪৯ শতাংশের অংশীদার যাহার মোট মূল্য ২৯,২০,০০০ টাকা

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** বছরে স্কুটারের লক্ষ্যমাত্রা যেখানে ৩০ হাজার ধার্য করা হয়েছিল সেখানে এত কম স্কুটার উৎপাদনের কারণ কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** প্রধান কারণ হচ্ছে আমাদের পাওয়ার প্যাক ইঞ্জিন, গিয়ার বক্স স্কুটারস ইন্ডিয়া লিমিটেডের কাছ থেকে আসে। এটা ইন্ডিয়া গভর্নমেন্টের একটা সংস্থা। তাদের কাছ থেকে বছরে ৩০ হাজার করে গিয়ার বক্স পাবার কথা ছিল। তারা এই পরিমাণ গিয়ার বক্স দিতে পারেননি বলেই উৎপাদন কম হচ্ছে।

[1-10 — 1-20 p.m.]

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** যে স্কুটারগুলি উৎপাদিত হয়েছে সেগুলি সব জনসাধারণের মধ্যে বিক্রি হয়ে গেছে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** বিক্রি করতে খুব একটা অসুবিধা হচ্ছে না। পাওয়ার প্যাক পেলে বিক্রি হতে পারে।

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** বাজারে যে স্কুটার আছে তার থেকে এর মান অনুন্নত বলে এই স্কুটার বিক্রি হচ্ছে না, এইরকম তথ্য আপনার কাছে আছে কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** এইরকম তথ্য আছে স্কুটারস ইন্ডিয়া লিমিটেডের পাওয়ার প্যাক, গিয়ার বক্সের চেয়ে বাজাজের ভাল এটা জনসাধারণ বলে যার ফলে ৭টি স্টেট গভর্নমেন্টের এই কারখানায় স্কুটারস ইন্ডিয়া লিমিটেড যে সমস্ত পার্টস সাপ্লাই করছে দে আর ফেসিং ট্রাবল বিহার এবং হরিয়ানায় অলরেডি কারখানা বন্ধ হয়ে গেছে।

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** এই স্কুটার কারখানা লাভজনক হচ্ছে না বলে এই কারখানায় স্কুটার ছাড়া অন্য কোনও জিনিস উৎপাদনের কথা পরিচালন কর্তৃপক্ষ ভাবছেন কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** হ্যাঁ, ভাবা হচ্ছে। আমরা ডাইভারসিফিকেশনের কথা ভাবছি এবং একটা পরিকল্পনাও তৈরি হচ্ছে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এটা কি সত্য যে প্রায় ১। । বছর হল এই কারখানায় সমস্ত প্রডাকশন বন্ধ, কোনও স্কুটার এখানে তৈরি হচ্ছে না?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** এটা সত্য কিনা আমি ঠিক এখনই বলতে পারছি না, এরজন্য নোটিশ চাই।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই স্কুটার বিক্রি হচ্ছে কিনা?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** কোনও স্কুটার পড়ে নেই, স্কুটার তৈরি হলেই বিক্রি হচ্ছে।

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় হাউসে যেভাবে খোলাখুলি উত্তর দিলেন তারজন্য তাকে ধন্যবাদ দিচ্ছি। আমার জিজ্ঞাস্য, এখানে শেয়ার প্যাটার্নটা কিরকম—পশ্চিমবঙ্গ সরকারের শেয়ার কি ৪৯ পারসেন্ট, না, ৫১ পারসেন্ট।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** আমাদের হচ্ছে ১৯ লক্ষ ২০ হাজার আর ওদের—আর একটি যে পার্টনার আছে, তার নাম হচ্ছে একো ইনভেস্টমেন্ট সেন্টার—হচ্ছে ২০ লক্ষ।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, ঐ প্রতিষ্ঠানটির ওনার কে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** আমি নামটা ভুলে যাচ্ছি, আপনি তো জানেন, আপনিই বলে দিন না।

**সুন্দরবন ব্যাঘ্র প্রকল্পের জাতীয় পার্কের মর্যাদা লাভ**

*৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫১৩।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** বন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সুন্দরবন ব্যাঘ্র প্রকল্প ন্যাশনাল পার্ক বা জাতীয় পার্কের মর্যাদা লাভ করেছে; এবং

(খ) সত্য হলে, কেন্দ্রীয় সরকার ঐ প্রকল্পে এ যাবৎ (৩১এ জানুয়ারি, ১৯৮১) কত টাকা বরাদ্দ করেছেন?

**শ্রী পরিমল মিত্র ঃ**

(ক) এখনও করে নাই।

(খ) সুন্দরবন ব্যাঘ্র প্রকল্প বাবদ কেন্দ্রীয় সরকার এ যাবৎ ৪৯ লক্ষ টাকা বরাদ্দ করেছেন।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** এই সুন্দরবন ব্যাঘ্র প্রকল্প ন্যাশনাল পার্ক বা জাতীয় পার্কের মর্যাদা যাতে লাভ করে তারজন্য কেন্দ্রীয় সরকারের সাথে যোগাযোগ করেছেন কি?

**শ্রী পরিমল মিত্র ঃ** সুন্দরবন ব্যাঘ্র প্রকল্পকে ন্যাশনাল পার্ক করতে হলে জমি যাদের আছে সেই সমস্ত জমির উপর নোটিশ জারি করতে হয়। সেই নোটিশ হয়ে গিয়েছে-৬ই জুন, '৭৮ তারিখে বিজ্ঞপ্তি জারি হয়ে গিয়েছে। আইন অনুযায়ী জমির উপর কারুর কোনও অধিকার আছে কিনা তা পরীক্ষা করা হচ্ছে। উক্ত পরীক্ষার পর আরও একটি বিজ্ঞপ্তি জারি হবে এবং তখন ন্যাশনাল পার্ক হিসাবে গণ্য হবে। এটা কয়েকদিনের মধ্যে হতে পারে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** এ সম্পর্কে ইতিবাচক কোনও খবর কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পেয়েছেন কি?

**শ্রী পরিমল মিত্র ঃ** এখানে কেন্দ্রীয় সরকারের কোনও বক্তব্য নেই।

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** এই ব্যাঘ্র প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে

৪৯ লক্ষ টাকা পেয়েছেন তারমধ্যে কত টাকা খরচ হয়েছে?

**শ্রী পরিমল মিত্র** ঃ ৪১ লক্ষ ৬৭ হাজার ৫০৪ টাকা খরচ হয়েছে। বাদবাকি যেটা আছে সেটা হচ্ছে স্টাফ কোয়ার্টার এবং আদার্সের জন্য।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস** ঃ আদমসুমারির মতন ব্যাঘ্র সুমারির কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী পরিমল মিত্র** ঃ আমি তো আগেই বাঘের সংখ্যা বলে দিয়েছি, এখন আবার বলে দিচ্ছি, সংখ্যাটা হচ্ছে, ২০৫, কারুর কোনও আপত্তি থাকলে নিজে গিয়ে গুনতে পারেন।

**শ্রী অজয়কুমার দে** ঃ এই যে গোনা হয়েছে, এটা কি বাঘের থাবা দেখে করা হয়েছে, না, ফিজিক্যাল ভেরিফিকেশন করে বলা হচ্ছে?

**শ্রী পরিমল মিত্র** ঃ এক্ষেত্রে ফিজিক্যাল ভেরিফিকেশন করা সম্ভব নয়।

**শ্রী রজনীকান্ত দলুই** ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, বাঘ প্রতি কত খরচ পড়ছে?

**শ্রী পরিমল মিত্র** ঃ আমি তো বাঘের সংখ্যাটা বলে দিয়েছি, এখন রজনীবাবুই হিসাবটা কষে নিন।

**শ্রী রজনীকান্ত দলুই** ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে সি.পি.এম-এর মানুষরা পশুর মাংস খেতে পাচ্ছে না বলে ব্যাঘ্র প্রকল্প করে তাদের খাওয়াবার ব্যবস্থা করছেন?

(নো রিপ্লাই)

## ফারাক্কার নিকটে গঙ্গার গতিপথ পরিবর্তন

*৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৮।) **শ্রী জন্মেজয় ওঝা** ঃ সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ফারাক্কার নিকটে গঙ্গার গতিপথ পরিবর্তন সম্পর্কে রাজ্য সরকারের নিকট কোনও তথ্য আছে কিনা; এবং

(খ) থাকিলে, এই সম্পর্কে প্রয়োজনীয় কি ব্যবস্থা লওয়া হইয়াছে?

**শ্রী প্রভাসচন্দ্র রায়** ঃ

(ক) হ্যাঁ, আছে।

(খ) গঙ্গা নদীর ভাঙনের গুরুত্ব উপলব্ধি করিয়া পশ্চিমবঙ্গ সরকার গঙ্গারিভার ইরোশন কমিটি গত ১৯৭৮ সালের আগস্ট মাসে গঠন করেন। ঐ কমিটি সুপারিশ করে

যে মুর্শিদাবাদ জেলার ফারাক্কা হইতে ভাটির দিকে জলঙ্গি পর্যন্ত গঙ্গানদীর সম্পূর্ণ ডানপাড় পাথর দিয়া বাঁধানো দরকার। ফারাক্কার ভাটিতে। বৃন্দগ্রাম হইতে জলঙ্গি পর্যন্ত গঙ্গার ডান পাড় বাঁধাইয়া ভাঙন রোধ করিতে পারিলেই গঙ্গানদীর গতিপথ পরিবর্তনে বাধা দেওয়া সম্ভব হইবে।

বর্তমানে ঐ সকল স্থানের গুরুত্ব অনুযায়ী কিছু কিছু পরিকল্পনার কাজ শুরু হইয়াছে কিছু অনুমোদনের জন্য স্টেট টেকনিক্যাল কমিটির বিচারাধীন রহিয়াছে এবং কিছু পরিকল্পনা তৈয়ারি হইতেছে। জঙ্গীপুর ব্যারাজ ও Afflun বাঁধের কাছে ভাঙন রোধের দায়িত্ব ব্যারেজ কর্তৃপক্ষের উপর ন্যস্ত আছে।

প্রসঙ্গত বলা যায় এই ব্যাপারে প্রয়োজনীয় অর্থের জন্য কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করা হইয়াছে।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ইতিমধ্যে গঙ্গার ভাঙনের ফলে কিরকম ক্ষতি হয়েছে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** ইতিপূর্বেও আমি একথা জানিয়েছি। গঙ্গা এবং ভাগীরথির মধ্যে ১৯৭২ সালের রেকর্ড থেকে দেখা গেছে যে ৬ মাইল পর্যন্ত ব্যবধান ছিল। এখন সেটা ক্ষয় হতে হতে ১.৫ ডিসট্যান্সে চলে এসেছে এবং কেন্দ্রীয় সরকারকে এজন্য আমরা বলেছি। তাদের সঙ্গে আমাদের যুক্তভাবে আলোচনা হয়। তারপরে তারা এই জঙ্গীপুর ব্যারেজ এলাকা বাঁধাবার দায়িত্ব নিয়েছেন এবং কাজ কিছু শুরু হয়েছে।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে পশ্চিমবঙ্গ সরকার কিছু কিছু কাজ করছেন। এরজন্য পশ্চিমবঙ্গ সরকার কত টাকা ব্যয় করছেন এবং কেন্দ্রীয় সরকার কত টাকা ব্যয় করছেন জানাবেন কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** কেন্দ্রীয় সরকার যেগুলি করবেন সেগুলি তারা ব্যবস্থা করছেন এবং কোন কোন জায়গায় শুরু করেছেন এবং আমরা পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে যেগুলি ঠিক করেছি, আমরা অনেক জায়গায় কাজ শুরু করে শেষ করে ফেলেছি।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে আগামি বর্ষার আগে এই কাজ সম্পূর্ণ হবে কিনা এবং পশ্চিমবঙ্গ আবার একটা বন্যার হাত থেকে রক্ষা পাবে কি না?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** যাতে বর্ষার পূর্বে এই কাজ সম্পুর্ণ করা হয় সেজন্য কেন্দ্রীয় সেচ বিভাগের মন্ত্রীকে আমরা লিখেছি এবং আমাদের যে কাজগুলি চলছে তা শেষ হয়ে গেছে। দুই একটি জায়গায় গত বর্ষায় ক্ষতিগ্রস্ত হয়েছিল সেগুলি মেরামতির কাজ শুরু করা হয়েছে।

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে এই ভাঙন রোধের কাজ সেন্ট্রাল গভর্নমেন্ট এবং স্টেট গভর্নমেন্ট করছেন। স্টেট গভর্নমেন্ট যেটা খরচ করছেন সেটা কি কেন্দ্রীয় সরকারের টাকা?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** আমরা যা খরচ করছি, আমরা সেন্ট্রাল গভর্নমেন্টের টাকা পাইনি। এটা না খরচ করলে অত্যন্ত ক্ষতি হবে। এরজন্য ৮ কোটি টাকা খরচ করা হয়েছে।

[1-20 — 1-30 p.m.]

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, গঙ্গা এবং ভাগীরথি নদীর গতিপথ পরিবর্তন করার ফলে ফারাক্কা ব্যারেজ, জঙ্গীপুর ব্যারেজ এবং ফিডার ক্যানেলের কোনও বিপদ আছে কিনা?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** আমি মনেকরি কেন্দ্রীয় সরকার যদি তাড়াতাড়ি এটা ঠেকাবার জন্য বোল্ডার দিয়ে ভালভাবে না বাঁধেন তাহলে আমাদের সামনে বিপদ রয়েছে। ফারাক্কা ব্যারেজের বামদিকে ৭৪ ফুট উঁচু সোল ফর্মেসন হবার ফলে জল বামদিক দিয়ে না গিয়ে ডান দিক দিয়ে যাচ্ছে এবং তারফলে দুমাইল দূরে ৮০/৯০ ফুট ডিপ হয়ে গেছে। ইরোসন টেকনিক্যাল কমিটির রেকমেনডেসন অনুসারে কাজ না করলে বিপদ রয়েছে। তবে আপনাদের জানাচ্ছি তাদের মত অনুসারে এখনও কাজ শুরু করা হয়নি।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** এই বিপদের কথা ভারত সরকারকে জানাবার পর তারা এই বিপদ সম্পর্কে কোনও মতামত দিয়েছেন কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** বালু স্তুপাকার হবার জন্য বামদিক থেকে জল যে কম যাচ্ছে সেটা সরাবার জন্য তারা একটা পাইলট প্রজেক্ট করেছেন। অবশ্য সেই কাজে তারা এখনও হাত দেননি। আর ডানদিক দিয়ে জল যাবার ব্যাপারে গঙ্গা ইরোসন টেকনিক্যাল কমিটি যে সমস্ত সুপারিশ করেছেন সে ব্যাপারেও তারা এখন পর্যন্ত হাত দেননি। আমরা কেন্দ্রীয় সরকারকে এই ব্যাপারে তৎপর হবার জন্য লিখেছি। তবে এখনও এ সম্বন্ধে কোনও উত্তর পাইনি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** গত বিধানসভায় গঙ্গার ভাঙন প্রতিরোধ করবার জন্য আমরা যে প্রস্তাব উত্থাপন করেছিলাম এবং যে প্রস্তাব সর্বসম্মতিক্রমে পাস হয়েছিল সে সম্পর্কে কেন্দ্রীয় সরকার কোনওরকম রেসপন্স করেছেন কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** সমস্ত কাজ শেষ করতে ২৯৪ কোটি টাকা লাগবে, কিন্তু তারা বলেছেন এই টাকা তারা দিতে পারবেন না। আপাতত তারা ২১ কোটি টাকা দিয়েছেন। আমরা বলেছি এই টাকায় সামান্য কাজই হবে, বিপদ থেকে বাঁচানো যাবেনা। তবে এ সম্পর্কে তারা এখনও কোনও উত্তর দেননি।

**শ্রী মহম্মদ সোহরাব** ঃ এই ২১ কোটি তারা নিজেরা খরচ করবেন কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায়** ঃ এটা তারা নিজেরা খরচ করবেন এবং আমরা আমাদের সীমিত অর্থ থেকে ৮ কোটি টাকা দিয়েছি।

**শ্রী কমল সরকার** ঃ এই ফারাক্কার জল বিপজ্জনক হবার ফলে কলকাতা এবং হলদিয়ার উপর কোনও প্রভাব পড়বে কিনা জানাবেন কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায়** ঃ ক্যালকাটা পোর্টের বিপদ আছে। হুগলি নদী মজে যাচ্ছে এবং ১৯৭৭ সালের চুক্তি অনুযায়ী আমরা এই সমস্ত বিপদের সম্মুখীন হয়েছি।

**শ্রী গোপাল বসু** ঃ গঙ্গা এবং ভাগীরথির গতি পরিবর্তনের জন্য এই ফারাক্কা ব্যারেজ হয়েছিল। আমার প্রশ্ন হচ্ছে যে পার্পাসে ফারাক্কা ব্যারেজ করা হয়েছিল সেই মূল উদ্দেশ্য ব্যর্থ হয়েছে এটা কি ঠিক?

**শ্রী প্রভাসচন্দ্র রায়** ঃ কেন্দ্রীয় সরকার যদি ওইভাবে কাজ না করেন তাহলে বিপদ রয়েছে। আমরা কেন্দ্রীয় সরকারকে সেকথা বলেছি এবং সেইজন্যই ২৯৪ কোটি টাকার স্কীম জয়েন্ট কমিটি রেকমেন্ড করেছেন।

## Payment of Bonus to the Workers of Khadi and Village Industries Board

*5. (Admitted question No. *348.) **Shri Haripada Jana (Bhagabanpur)** : Will the Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased to state—

(a) whether there is any proposal to give bonus to the workers working under West Bengal Khadi and Village Industries Board; and

(b) if not, what are the reasons thereof?

**Shri Chittabrata Mazumdar :**

(a) No.

(b) According to the West Bengal Khadi and Village Industries Act, 1959 the Board is not a Trading Corporation.

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর)** ঃ যে সমস্ত ওয়ার্কাররা ডায়রেক্ট সেন্টারে কাজ করেন, ঐ প্রডাকটিভ সেন্টারে সেই সমস্ত সেন্টারের ওয়ার্কারদের বোনাস দেবার কোনও ব্যবস্থা গ্রহণ করেছেন কি?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** ডায়রেক্ট সেন্টার বলতে আপনি কোনটা বোঝাতে চাইছেন। একটা হ্যান্ড মেড পেপার ইউনিট আছে ডায়রেক্ট সেন্টারে আর খাদি সিল্ক বা কটন খাদি আর একটা সেন্টারে আছে রান বাই খাদি বোর্ড। এদের প্রত্যেকের সার্ভিস কন্ডিশন হচ্ছে ভিন্ন ভিন্ন। কোথাও কোথাও পিস সিসটেম আছে। আমি আপনাদের ইনফরমেশনের জন্য বলছি, গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গল থেকে ১০০ টাকা করে এক্স-গ্রাসিয়া দিয়েছেন যারা বোর্ডের ডায়রেক্ট এমপ্লই আছেন তাদেরকে আর সিল্ক এবং কটন খাদিতে যারা নিযুক্ত আছেন পিস রেট সিস্টেমে কাজ করেন তারা ইনসেনটিভ হিসাবে শতকরা ৮.৩৩ হিসাবে পেয়েছেন।

## কলকাতায় সরকারে ন্যস্ত জমির পরিমাণ

*৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩২।) **শ্রী সুমন্তকুমার হীরা ঃ** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, আর্বান ল্যান্ড সিলিং আইন পাস হওয়ার পর হইতে ৩১এ ডিসেম্বর, ১৯৮০ পর্যন্ত কলকাতা শহরে কি পরিমাণ জমি উক্ত আইন বলে রাজ্য সরকারের উপর ন্যস্ত হয়েছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ**

আর্বান ল্যান্ড সিলিং আইনে ৩১শে ডিসেম্বর ১৯৮০ পর্যন্ত কলকাতা শহরে মোট ১৩,৩৭৯.৭৫৬ বর্গ মিটার উদ্বৃত জমি রাজ্য সরকারে ন্যস্ত হয়েছে।

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি দয়া করে জানাবেন, কলকাতা শহরে এত অল্প পরিমাণ জমি ন্যস্ত হবার কারণ কি? এ বিষয়ে বিস্তৃত ভাবে জানাবেন কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** আর্বান ল্যান্ড সিলিং আইন ১৯৭৬ সালের ১৭ই ফেব্রুয়ারি তারিখ হইতে এই রাজ্যে বলবৎ হয়েছে। উক্ত তারিখ হইতে ৩১শে ডিসেম্বর, ১৯৮০ পর্যন্ত কলকাতা শহরে মোট ২২টি ক্ষেত্রে ২৬,৮৯৫.৮৪ বর্গ মিটার উদ্বৃত্ত জমি সরকারে ন্যস্ত হইবার জন্য বিবেচিত হয়েছে এবং আইনের ১০(৩) ধারা মতে বিজ্ঞাপন গেজেটে প্রকাশ করার জন্য পাঠানো হয়েছে। তন্মধ্যে ১৬টি ক্ষেত্রে মোট ১৩,৩৭৯.৭৫৬ বর্গ মিটার উদ্বৃত্ত জমি সংক্রান্ত নোটিশ গেজেটে প্রকাশিত হয়েছে এবং উক্ত জমি সরকারে ন্যস্ত হয়েছে। বাকি জমি সংক্রান্ত নোটিশ শীঘ্রই গেজেটে প্রকাশের জন্য ব্যবস্থা নেওয়া হয়েছে।

সরকারে ন্যস্ত ১৩,৩৭৯.৭৫৬ বর্গ মিটার জমির মধ্যে ৫,৯৯৮.৫০ বর্গ মিটার জমির দখল লওয়া সম্ভব হয়েছে। বাকি জমি দখল না লওয়ার কারণ হিসাবে বলা যায় (১) ১৮৬৯.০৭ বর্গ মিটার জমি মামলায় বা আপিলে জড়িত, (২) জবর দখল হওয়ার আশঙ্কা। বর্তমানে কলকাতা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট ন্যস্ত জমি দেখাশুনা করিবেন। সুতরাং ঐ সংস্থাকে বাকি ন্যস্ত জমির দখল লইতে নির্দেশ দেওয়া হয়েছে। এই ব্যবস্থার পূর্বে সরকার যে ৫৯৯৮.৫০ বর্গ মিটার জমির দখল নিয়েছিলেন তাহা বন্টন করা হয়েছে এইভাবে—

(ক) আবাসন বিভাগকে - ৩২৪৯.৩০ বর্গ মিটার।

(খ) পাতালরেল কর্তৃপক্ষকে - ২৭৪৯.২০ বর্গ মিটার।

উক্ত আইনে ন্যস্ত জমি সুষ্ঠু বন্টনের জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির সুপারিশ অনুযায়ী বিলি ব্যবস্থা সরকার করবেন।

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আর্বান ল্যান্ড সিলিং অ্যাক্ট ইমপ্লিমেন্ট করার ক্ষেত্রে বর্তমানে কিছু কিছু কেন্দ্রীয় মন্ত্রী বাধা সৃষ্টি করছেন কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** এটা ঠিক নয় তবে আর্বান ল্যান্ড সিলিং অ্যাক্টে কিছু ত্রুটি আছে। এ বিষয়ে টাস্ক ফোর্স তৈরি হয়েছে। সেখানে আমরা আমাদের যে সমস্ত সংশোধনী প্রস্তাব রেকোমেনডেশন করে পাঠিয়েছি তা নিয়ে আলোচনা হচ্ছে এবং সম্প্রতি দিল্লিতে গিয়ে ঐ বিভাগের কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে আলোচনা করেছি এবং আমি জানলাম খুব শীঘ্রই এটার অ্যামেন্ডমেন্ট হবে।

[1-30 — 1-40 p.m.]

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি যে সিলিংটা পড়ে দেওয়া হয়েছে সেটা কমাবার জন্য কোনও বিল আনবেন কিনা?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** এটা আনার আমাদের কোনও অধিকার নেই। তার কারণ আমাদের আসার আগে যখন কংগ্রেসিরা এখানে কর্তৃত্বে ছিলেন, সেই সময় এই অ্যাসেম্বলিতে তারাই সর্ব-সম্মতভাবে পাঠিয়ে দিয়েছেন। এই অ্যাসেম্বলি থেকে ঐ আইনটা ওরাই করেন, আমরা নয়। একমাত্র তামিলনাড়ু আছে যেখানে স্টেট আইন তারা করেছেন, আর বাকি সমস্ত রাজ্য প্রস্তাব করে কেন্দ্রের হাতে দিয়েছেন। এর এতটুকু সংশোধন করবার অধিকার আমাদের নেই। তাই এই আইনটা আর্বান ল্যান্ড সিলিং অ্যাক্ট, কেন্দ্রই একমাত্র করতে পারেন। আমরা যে সমস্ত অ্যামেন্ডমেন্ট লিখে পাঠিয়েছি এবং একটু আগে আপনাদের সামনে যা বলছিলাম যে বেশ কিছুদিন আগে কেন্দ্রের মন্ত্রীর সাথে দেখা করেছি এবং তিনি এর একটা সংশোধনের জন্য ব্যবস্থা করেছেন, সেখানে একটা টাস্ক ফোর্স হয়েছিল এটা সমস্ত স্টেটের রেকমেনডেশনের ভিত্তিতে করা হয়েছে।

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** ল্যান্ড সিলিং অ্যাক্ট তুলে দেবার কথাটা ৩৬ দফা কর্মসূচির মধ্যে আছে কিনা তা মন্ত্রী মহাশয় কি দয়া করে জানাবেন?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** এটা সাধারণ জ্ঞান থেকেই বুঝতে পারবেন ক্যালকাটা-ল্যান্ড সিলিং অ্যাক্ট হবে ক্যালকাটা আর্বান অ্যাগ্লোমারেশনে। আসানসোল, দুর্গাপুর অ্যাগ্লোমারেশন হবার কথাও হচ্ছে। সিলিংয়ের উর্ধ্বে জমি কাদের হাতে থাকবার কথা সেটাতো বুঝতে পারেন। তবে ৩৬ দফা কর্মসূচির মধ্যে এটা তুলে দেওয়া হবে বলে কোনও কথা নেই।

**বীরভূম জেলায় রোলিং মিল স্থাপন**

*৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫৯।) **শ্রী সুনীল মজুমদার ঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় রোলিং মিল স্থাপন সম্পর্কে রাজ্য সরকারের নিকট কোনও তথ্য আছে কিনা; এবং

(খ) থাকিলে, কোথায়, কখন এবং কাদের দ্বারা স্থাপিত হচ্ছে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ**

(ক) আছে।

(খ) বীরভূম জেলার সিউড়িতে বেসরকারি উদ্যোগে উক্ত মিল মেসার্স ইউনিভার্সাল ইন্ডাস্ট্রিজ অ্যান্ড কটন মিলস লিঃ দ্বারা স্থাপিত হবে এবং ইহার জন্য প্রাথমিক ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

**নূতন পর্যটন কেন্দ্র স্থাপন**

*৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬৬।) **শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়ে অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০-৮১ সালে পশ্চিমবাংলায় কতগুলি নূতন পর্যটন কেন্দ্র-স্থাপনের পরিকল্পনা সরকারের আছে; এবং

(খ) এই পরিকল্পনার মধ্যে পশ্চিম দিনাজপুর জেলার "বানগড়" অন্তর্ভুক্ত কিনা?

**শ্রী পরিমল মিত্র ঃ**

(ক) এ বছর মোট ৭টি নূতন পর্যটন কেন্দ্র স্থাপনের পরিকল্পনা সরকারের আছে।

(খ) না।

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** সাতটি কেন্দ্রের কথা বললেন - কোন কোন জায়গায় করা হবে?

**শ্রী পরিমল মিত্র ঃ** আসানসোল, মাইথন, মুকুটমনিপুর, কাঁকড়াঝোড়, লবণহ্রদে জনতা হোটেল, কার্শিয়াংয়ের হিলটপে এবং হাওড়া জেলার গাদিয়ারায়।

**Mr. Speaker :** The answer of starred question No.8 has now arrived. So it may be answered now.

**অবহেলিত ও অপ্রকাশিত সাহিত্য কর্মের মুদ্রণ**

*৮। (অনুমোদিত প্রশ্ন নং *১।) **শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, অবহেলিত ও অপ্রকাশিত সাহিত্য কর্মের মুদ্রণের জন্য রাজ্য সরকার অর্থ সাহায্য করতে চেয়েছেন;

(খ) সত্য হলে ১৯৮০-৮১ সনে ঐ বাবদে বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত;

(গ) মুদ্রণ সাহায্যের বিবেচনার জন্য কোনও কমিটি গঠিত হয়েছে কি; এবং

(ঘ) হয়ে থাকলে কোন কোন সদস্যকে নিয়ে উক্ত কমিটি গঠিত হয়েছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

(ক) হ্যাঁ। মৌলিক এবং শিল্প গুনান্বিত সাহিত্য কর্মের মুদ্রণের জন্য রাজ্য সরকার কর্তৃক অর্থ সাহায্যের ব্যবস্থা নেওয়া হয়েছে।

(খ) এই বাবদ সর্বোচ্চ তিন লক্ষ টাকা ব্যয় করার প্রস্তাব আছে।

(গ) সাহিত্য সংক্রান্ত সমস্ত বিষয়ে উপদেশ দানের জন্য একটি সাহিত্য উপদেষ্টা পর্ষদ এই বিভাগে রয়েছে। এই উপদেষ্টা পর্ষদই পান্ডুলিপিগুলি বিবেচনা করছেন।

(ঘ) এই পর্ষদ গঠিত হয়েছে নিম্নোক্তদের নিয়ে ঃ সর্বশ্রী, বুদ্ধদেব ভট্টাচার্য, ভারপ্রাপ্ত মন্ত্রী, তথ্য ও সংস্কৃতি বিভাগ, নেপাল মজুমদার, শ্যামসুন্দর দে, সুনীল বসু, অরবিন্দ পোদ্দার, গোলাম কুদ্দুস, শঙ্খ ঘোষ, শুভেন্দুশেখর মুখার্জি, পবিত্র সরকার, কৃষ্ণ ধর, নারায়ণ চৌধুরি, শ্রীমতী মহাশ্বেতা দেবি, সচিব, তথ্য ও সংস্কৃতি বিভাগও, শ্রী সন্তোষ চক্রবর্তী, অধিকর্তা, সংস্কৃতি বিভাগ, উপ-অধিকর্তা, সংস্কৃতি।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** এ পর্যন্ত এরকম ধরনের কতগুলি পান্ডুলিপি পেয়েছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** নোটিশ নেই।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** পান্ডুলিপি মুদ্রণের জন্য কোনও টাকা কি খরচ করেছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** ইতিমধ্যে সরকার পক্ষ থেকে শুধু একটা শিশু সাহিত্য সঙ্কলন প্রকাশ করা হয়েছে এবং প্রায় ৬ হাজার লেখকের আবেদন আমরা পেয়েছি।

**বীরভূমের মহম্মদবাজারে খড়িমাটি পরিষ্কারের কারখানা স্থাপন**

*১০। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬১।) **শ্রী ধীরেন্দ্রনাথ সেন ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার মহম্মদ বাজারে খনি থেকে তোলা খড়িমাটি পরিষ্কারের কারখানা খোলার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, কতদিন নাগাদ ঐ কারখানা চালু হইবে বলিয়া আশা করা যায়?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ**

(ক) হ্যাঁ।

(খ) পশ্চিমবঙ্গ খনিজ উন্নয়ন কর্পোরেশন এই ব্যাপারে একটি বিস্তারিত প্রকল্প প্রতিবেদন রচনার কাজ আগামি মে '১৯৮২-র মধ্যে শেষ করবে বলে আশা করছে।

**Implementation of the report of the Fact Finding Committee**

*11. (Admitted question No. *191.) **Shri Rajani Kanta Doloi and Shri A.K.M. Hassan Uzzaman :** Will the Minister-in-charge of the Information and Cultural Affairs Department be pleased to refer to reply to Unstarred Assembly Question No. 83, dated 8th September 1980 (Admitted question No.270), of the August-September Session, 1980, and to state what action has so far been taken by the State Government to implement the recommendations of the Fact Finding Committee on Small and Medium newspapers relating to (i) the Advertising Policy of the State Government and (ii) Fixation of the rate of Government advertisements ?

**Shri Buddhadeb Bhattacharjee :**

The Report of the Fact Finding Committee on small & Medium News papers is now under active consideration of the State Government. Information and Cultural Affairs Department is dealing with the Committee's recommendations with regard to the Advertising policy and fixation of the rate of Government advertisements. I. & CA. Department generally agrees with the recommendations of the committee on these two points in the interest of the small & medium newspapers and is inclined to accept them in modified form in the context of reality. The formal decision has not yet been taken but it will be taken soon.

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** ফ্যাক্ট ফাইনডিং কমিটির রিপোর্ট অনুযায়ী যে রেকমেনডেশন হয়েছে তা কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** রেকমেনডেশন আছে অনেকগুলো, কারণ পত্রিকার ক্যাটিগোরি অনেক ক্যালকাটা বেসড পেপার আছে, মিডিয়াম পেপার আছে, স্মল পেপার আছে। কিন্তু মূলত স্মল এবং মিডিয়াম পেপারগুলিতে সরকার পক্ষ থেকে যে অ্যাডভারটাইজমেন্ট দেওয়া

হয় তার ৪০ পারসেন্ট দেওয়া হয় এই পত্রিকাগুলিতে এবং রেটটা পত্রিকার চেহারা অনুযায়ী ঠিক হয়।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** কবে এটা ফাইন্যাল করবেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** এটা করতে সময় লাগবে। এটা শুধু বিজ্ঞাপনের ব্যাপার নয়, এর মধ্যে নিউজপ্রিন্টের ব্যাপার আছে, কেন্দ্রীয় সরকারের ব্যাপার আছে, রিজার্ভ ব্যাঙ্কের ব্যাপার আছে। অনেকগুলি ব্যাপার আছে রেকমেনডেশনের মধ্যে যেগুলি রাজ্য সরকারের দায়িত্বে সেগুলি আমরা শেষ করেছি। দিল্লি এবং ব্যাঙ্কের সঙ্গে আমাদের আলোচনা চলছে। মোটামুটি বিষয়গুলি হয়ে গেলেই আমরা কাজ আরম্ভ করব।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** অনেক স্মল নিউজপেপার বিজ্ঞাপন না পাওয়ায় বন্ধ হয়ে যাচ্ছে এ খবর কি আপনার আছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমাদের সরকার হবার পর জেলা, মফঃস্বল এবং কলকাতা শহরের ছোট মাঝারি পত্রিকাগুলি ৭৫-৭৬ সালে যা পেতেন তার চেয়ে আরও অনেক বেশি পাচ্ছেন।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** গণশক্তি যেভাবে বিজ্ঞাপন পাচ্ছে অন্যান্য পত্রিকা সেইভাবে পাচ্ছে না এটা কি সত্যি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** একেবারে সত্যি নয়।

**আহমেদপুর চিনিকলে লোকসান**

*১৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫৬৭।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, আহমেদপুর চিনিকল লোকসানে চলিতেছে;

(খ) সত্য হইলে, ঐ লোকসানের কারণগুলি কি কি; এবং

(গ) ঐ চিনিকলকে লাভজনক সংস্থায় পরিণত করিবার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ**

(ক) হ্যাঁ।

(খ) লোকসানের প্রধান কারণগুলি এইরূপ ঃ—

(১) চিনিকলটির পার্শ্ববর্তী এলাকা (Common area) হইতে যথেষ্ট পরিমাণে

আখ সরবরাহের অভাব।

(২) কেন্দ্রীয় সরকার কর্তৃক নির্দ্ধারিত আখের মূল্যের তুলনায় অধিকমূল্যে আখ ক্রয় করিতে বাধ্য হওয়া;

(৩) ব্যাঙ্ক হইতে অধিক সুদে ঋণ গ্রহণ করায় অতিরিক্ত সুদের বোঝা।

(গ) চিনিকলটি যাহাতে সুষ্ঠুভাবে পরিচালিত হয় সেইজন্য সর্বসময়ের (whole time) জন্য একজন অভিজ্ঞ ও কারিগরি দক্ষ ম্যানেজিং ডিরেক্টর নিয়োগ করা হইয়াছে। চিনি কলটি যাহাতে লাভজনক সংস্থারূপে চালানো যায় সেইজন্য সমস্ত বিষয়টি (advisory Committee on Industry-র নিকট তাহাদের বিস্তারিত পরীক্ষা ও সুপারিশের জন্য প্রেরণ করা হইয়াছে। এই বিষয়ে কমিটির চূড়ান্ত প্রতিবেদন শীঘ্রই পাওয়া যাইবে এবং তখন সুপারিশগুলি যথাযথভাবে বিবেচনা করা হইবে।

[1-40 — 1-50 p.m.]

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি যে এই আমেদপুর চিনির কলে ১৯৭৮-৭৯ সালের পর্যন্ত অ্যাকুমুলেটেড লস হয়েছে ২১৭.৬ লক্ষ টাকা মানে বছরে ৭ লক্ষ টাকা করে। ১৯৭৮-৭৯তে লোকসান হয়েছে ৫৮ লক্ষ ৭২ হাজার টাকা। এই লোকসানের বোঝা কাটানোর জন্য মূল যে ব্যাধি ইনকান্টিভেসন, নন অ্যাভিলিবিলিটি অফ সুগারকেন এই সম্পর্কে কি ব্যবস্থা সরকার বা কর্পোরেশন গ্রহণ করেছেন জানাবেন কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** সরকার পক্ষ থেকে এটা দেখে আমাদের যে ইন্ডাস্ট্রি অ্যাডভাইসরি কমিটি আছে তাদের কাছে পাঠানো হয়েছে এবং আমার খবর হচ্ছে ইন্ডাস্ট্রি অ্যাডভাইসরি কমিটি এগ্রিকালচারাল ডিপার্টমেন্টের সঙ্গে এই বিষয়ে আলোচনা করেছে কিভাবে আখ উৎপাদন বাড়ানো যায়। তারা এরজন্য একটা নিজস্ব খামার করার ব্যাপারে সাজেশন দিয়েছে। এইগুলি সমস্ত একত্র করে তারা রিপোর্ট পাঠিয়েছেন এবং সেইভাবেই কাজ হবে।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে এই সুগার মিল সম্পর্কে পি এ সির একটা রিপোর্ট আছে। সেখানে পি এ সি যে সমস্ত সুপারিশ করেছিলেন এবং যে সমস্ত প্রতিশ্রুতি কমার্স ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্ট ও এগ্রিকালচার ডিপার্টমেন্ট দিয়েছিলেন সেগুলি একটাও আজ পর্যন্ত পালন করা হয়নি এই কথা কি জানেন?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** আমার জানা নেই।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** ইন্ডাস্ট্রিয়াল অ্যাডভাইসরি কমিটির সুপারিশে কি এই কথা বলা হয়েছে যে আমেদপুর সুগার মিল যদি লাভজনক করে তুলতে হয় তাহলে তার কমপোজিট হিসাবে বেলডাঙ্গায় সুগার মিলকে কি দাঁড় করাতে হবে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** এই রিপোর্ট আমি এখনও পাইনি।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** সেখানে যে আখ লাগে সেখান থেকে কেনা হচ্ছে না এটা কি সত্য?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** না ঠিক নয়।

**কলকাতা উৎসব**

*১৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৫।) **শ্রী সন্তোষকুমার দাস ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত অক্টোবর মাসে কলকাতা উৎসব, ১৯৮০তে কতগুলি রাজ্য যোগদান করেছিল; এবং

(খ) এই উৎসবের জন্য মোট কত টাকা ব্যয় হয়েছে?

**শ্রী পরিমল মিত্র ঃ**

(ক) ছয়টি রাজ্য।

(খ) কম বেশি দুইলক্ষ টাকা।

**শ্রী সন্তোষকুমার দাস ঃ** সমস্ত রাজ্যকে কি আমন্ত্রণ জানানো হয়েছিল?

**শ্রী পরিমল মিত্র ঃ** সমস্ত রাজ্যকেই মাননীয় মুখ্যমন্ত্রী আমন্ত্রন জানিয়েছিলেন কিন্তু ত্রিপুরা, মেঘালয়, পাঞ্জাব বিহার ইত্যাদি কয়েকটি ছাড়া আর কেউ আসেননি।

**শ্রী সন্তোষকুমার দাস ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি ১৯৮০ সালে যখন উৎসব হয়েছে তখন অন্য কোনও রাজ্য থেকে আমন্ত্রণ পেয়েছেন কিনা?

**শ্রী পরিমল মিত্র ঃ** তামিলনাড়ু থেকে পাওয়া গিয়েছিল, তারপর সেটা বন্ধ হয়েছে। তারপর অন্ধ্রপ্রদেশ বন্ধ করে দিয়েছিল, পরে ইলেকশন আসাতে সেটা বন্ধ হয়।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি অক্টোবর মাসে কলকাতা উৎসবের বিষয়বস্তু কি ছিল?

**শ্রী পরিমল মিত্র ঃ** বাজেটে বলে দেব বিষয়বস্তু কি ছিল।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি এই উৎসবে কতজন বিদেশি এসেছিলেন, তার কোনও পরিসংখ্যান আছে কি?

**শ্রী পরিমল মিত্র ঃ** বিদেশিদের পরিসংখ্যান নেই, বিদেশি কিছু এসেছিলেন দেখেছিলাম।

## Steps to develop Sugar Industry

*15. (Admitted question No. *662.) **Shri Dinesh Chandra Dakua :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) is it a fact that the West Bengal Sugar Industries Development Corporation has submitted a specific prospect and planning of development of Sugar Industry in West Bengal including North Bengal districts; and

(b) if so, whether the State Government has taken any step to develop Sugar Industries and sugar-cane cultivation in Cooch Behar district ?

**Dr. Kanailal Bhattacharya :**

(a) No such specific proposal has been received.

(b) Does not arise.

## অযোধ্যা পাহাড়ে শৈলনিবাস স্থাপন

*১৬। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬৬।) **শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্য সরকার পুরুলিয়া জেলার অযোধ্যা পাহাড়ে একটি শৈলনিবাস স্থাপনের পরিকল্পনা গ্রহণ করেছেন; এবং

(খ) সত্য হলে, এ ব্যাপারে প্রস্তাবিত ব্যয়ের পরিমাণ কত?

**শ্রী পরিমল মিত্র ঃ**

(ক) না। তবে পুরুলিয়া জেলায় অযোধ্যা পাহাড়কে পর্যটক কেন্দ্র হিসাবে গড়ে তোলার একটা প্রস্তাব রাজ্য সরকারের তরফ থেকে কেন্দ্রীয় সরকারের নিকট গত ডিসেম্বর মাসে প্রেরিত হয়েছে। প্রস্তাবটি কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন কেন্দ্রীয় সরকারের স্থির সিদ্ধান্ত জানিতে পারিলে রাজ্য সরকার প্রকল্প রূপায়ণের কাজে অগ্রসর হতে পারবেন।

(খ) শৈল নিবাস নির্মাণের ব্যয় বরাদ্দের প্রশ্ন ওঠে না। তবে প্রস্তাবিত অযোধ্যা পর্যটন কেন্দ্র প্রকল্পের ব্যয়ের পরিমাণ ৬৫ লক্ষ টাকা।

## Decline of production of jute products

*17. (Admitted question No. *727.) **Shri Naba Kumar Roy and**

**Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) if it is a fact that the production of jute goods by the Jute Mills located in West Bengal has been shrinking during recent years;

(b) if so—

(i) what are the reasons, and

(ii) what action has been taken by the State Government to reverse the trend ?

**Dr. Kanailal Bhattacharya :**

(a) No.

(b) Does not arise.

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি আমাদের এই পশ্চিমবঙ্গে যতগুলি জুটমিল আছে ইন্ডিয়ান জুটমিল অ্যাশোসিয়েশনের সঙ্গে তারা কি সকলেই জড়িত রয়েছে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** জুটমিলগুলির প্রায় ৯০ পারসেন্ট হচ্ছে ইন্ডিয়ান জুটমিল অ্যাশোসিয়েশনের অ্যাফিলিয়েটেড।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** প্রোডাকশন কমে যাচ্ছে এইরকম খবর আপনার কাছে আছে কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** প্রোডাকশন কমে যাচ্ছে না, প্রোডাকশন বাড়ছে। আমি আপনাকে তথ্য দিচ্ছি। ১৯৭৮-৭৯ সালে ওয়েস্ট বেঙ্গলে তৈরি হয়েছিল ৮ লক্ষ ২৫ হাজার ৭শো মেট্রিক টন জুট গুডস। ১৯৭৯-৮০ সালে সেটা বেড়ে ১০ লক্ষ ৮৩ হাজার ৭শো মেট্রিক টন হয়েছে এবং ১৯৮০-৮১ সালে আপটু ডিসেম্বর ১৯৮০, তার মানে ৯ মাসে হয়েছে ৮ লক্ষ ২০ হাজার মেট্রিক টন। কাজেই এটা বাড়ছে।

[1-50 — 2-00 p.m.]

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, করেসপন্ডিং মানি ভ্যালু বাড়ছে, না কমছে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** করেসপন্ডিং মানি ভ্যালু নিশ্চয়ই বাড়ছে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** জুট গ্রোয়ার্সরা কম পাচ্ছে কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** তারা কম পাচ্ছে কেন্দ্রীয় সরকারের নীতির জন্য।

**শ্রী কমল সরকার ঃ** প্রশ্ন ছিল জুট প্রোডাক্টস। মন্ত্রী মহাশয় বললেন এটা ১ বছরের মধ্যে বেড়েছে। কিন্তু ঘটনা তা নয়। স্বাধীনতার আগে যেটা ৯ লক্ষ ছিল সেটা কি ১৪ লক্ষ হয়েছে? কিন্তু ইতিমধ্যে মালিকের মুনাফা বেড়েছে অনেক বেশি। যাহোক, আমার প্রশ্ন হচ্ছে সরকার যেগুলো অধিগ্রহণ করেছে সেখানে প্রোডাকশন বেড়েছে একথা কি সত্যি?

**মিঃ স্পিকার ঃ** এরকম 'সত্যি' দিয়ে প্রশ্ন করলে অনেক প্রশ্নই আসবে।

**জ্বালানি সঙ্কট মোচনে বন সৃজন**

*১৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩১।) **শ্রী সুমন্তকুমার হীরা ঃ** বন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রামাঞ্চলে ক্রমবর্ধমান জ্বালানি সঙ্কট দূরীকরণের উদ্দেশ্যে রাস্তার ধারে বা পতিত জমিতে বনভূমি সৃজনের কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, পরিকল্পনার রূপরেখা কি?

**শ্রী পরিমল মিত্র ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ১৯৮০-৮১ সাল থেকে ১৯৮৪-৮৫ সাল পর্যন্ত একটি দীর্ঘমেয়াদি প্রকল্প (Rural Fuelwood plantation Scheme) কেন্দ্রীয় সাহায্যে কার্যকর হতে চলেছে। রাজ্য অর্থ বিভাগ এই প্রকল্পটি অনুমোদন করেছেন। প্রকল্পটি এখন কেন্দ্রীয় সরকারের অনুমোদন সাপেক্ষ। কেন্দ্রীয় সাহায্য বাবদ ১.৪ কোটি টাকা পাওয়া যাবে বলে আশা করা হচ্ছে। এই প্রকল্পের জন্য আনুমানিক মোট ২.৪৪ কোটি টাকা ব্যয় হবে এবং এই রাজ্যের বিভিন্ন জেলায় ১৪ হাজার হেক্টর পরিমাণ জমিতে জ্বালানি কাঠের কৃত্রিম বনভূমি সৃষ্টি করা হবে।

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, যে সমস্ত বড়বড় জমির মালিক জমি অনাবাদি ফেলে রাখছে.................................................................

**মিঃ স্পিকার ঃ** দি কোয়েশ্চেন ইজ ডিসঅ্যালাউড।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মন্ত্রী মহাশয় জানালেন রাস্তার ধারে গাছ লাগাবার জন্য ভাল স্কীম নেওয়া হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে যে সমস্ত গাছ রয়েছে সেগুলি আপনাদের লোকেরা যে কেটে নিয়ে যাচ্ছে তারজন্য আপনি কি ব্যবস্থা অবলম্বন করেছেন?

**শ্রী পরিমল মিত্র ঃ** আমি আপনাদের সকলকে অনুরোধ করছি এগুলি আপনারা

আটকান এবং মেদিনীপুরের দায়িত্ব আমি আপনাকেই দিলাম।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আপনারা এগুলি আটকাবার জন্য কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী পরিমল মিত্র ঃ** পি ডব্লিউ ডি-র গাছগুলো বড় এবং সেগুলিই কাটছে। ছোট গাছগুলো কেউ কাটছেনা। তবে আমি আশাকরি আপনারা সকলে মিলে এগুলি প্রোটেক্ট করবার জন্য উদ্যোগি হবেন।

**নিউজ প্রিন্ট সরবরাহে তথ্য দপ্তরের ভূমিকা**

*১৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩।) **শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নিউজ প্রিন্ট বরাদ্দের ব্যাপারে তথ্য ও সংস্কৃতি দপ্তরের কোনও ভূমিকা আছে কি; এবং

(খ) নিউজ প্রিন্টের দাম বৃদ্ধি ও সংবাদপত্রের মূল্যবৃদ্ধির ব্যাপারে রাজ্য সরকারের অনুমতির প্রয়োজন আছে কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

(ক) না।

(খ) না।

**Setting up of Carbonization Plant and Ship repairing yard**

*20. (Admitted question No. *277.) **Shri A.K.M. Hassan Uzzaman :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether the State Government has any information about the proposals of the Central Government to set up—

(i) a low temperature Carbonization Plant at Dankuni,

(ii) a ship repairing yard at Haldia; and

(b) if so, what is the present position?

**Dr. Kanailal Bhattacharya :**

(a) & (b) The Government of India's approval for setting up a low Temperature Carbonisation Plant at Dankuni in the District Hooghly has been received. The Coal India Ltd. has

taken up implementation of the project in the central sector.

As regards ship repairing yard at Haldia, M/S. Garden Reach Ship-builders & Engineers Ltd. have already submitted a Project Report to the Ministry of Defence production for the Government of India's approval. The final decision of the Government of India is being awaited.

### Bhagwanpur-Nandigram Master Plan

*21. (Admitted question No. *350.) **Shri Haripada Jana (Bhagwanpur) :** With reference to the reply of starred Question No.*572 (Admitted Question No.*41), dated 27th August, 1980, will the Minister-in-charge of Irrigation and Waterways Department be pleased to state—

(a) whether the scheme of Bhagwanpur-Nandigram Master plan has been finalised;

(b) if so, what is the total estimated cost towards this plan; and

(c) when it will be materialised ?

**Shri Pravas Chandra Roy :**

(a) No. But the scheme has been recast in the light of the observation of the Ganga Flood Control Commission, and will be implemented after the approval of the Planning Commission is received.

(b) Does not arise.

(c) It is not possible to say at this stage.

**শ্রী হরিপদ জানা ঃ** আপনি আগের সেসনেও বলেছিলেন ভগবানপুর নন্দীগ্রাম মাস্টার প্ল্যান তৈরি করার জন্য, রিকাস্ট করার ব্যবস্থা করছেন, এটা তাড়াতাড়ি ইমপ্লিমেন্ট করার জন্য ব্যবস্থা করবেন, কিন্তু মাস্টার প্ল্যান কি শুধু মাস্টারই করবে, ছাত্র হিসাবে আমাদের কাছে কি কখনও উপস্থিত হবেনা? আপনি আশ্চর্য হবেন আমাদের ওখানে জলে ভর্তি।

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** আপনি জানেন গঙ্গা ফ্লাড কমিশনের কাছে আমাদের এটা পাঠাতে হয়, যেহেতু এটা চার কোটি টাকার উপরে তাদের কাছে পাঠাই কিছু সাজেশন দিয়ে, তারা আবার জবাবে ফেরত পাঠান কিছু প্রশ্ন করে, এরজন্য এইরূপ ঘটছে। তবে এরজন্য টাকা অ্যালট করে রেখেছি ১৯৮১-৮২ সালে কাজটা করতে পারব।

**জলদাপাড়া অভয়ারণ্যে গন্ডারের সংখ্যা**

*২২। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬৭।) **শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলদাপাড়া অভয়ারণ্যে বর্তমানে মোট কয়টি গন্ডার আছে;

(খ) ১৯৭৯-৮০ সালে গন্ডার মৃত্যুর সংখ্যা কত ছিল; এবং

(গ) ঐ মৃত্যুর কারণ কি?

**শ্রী পরিমল মিত্র ঃ**

(ক) ১৯৮০ সালের ফেব্রুয়ারি মাসে গণনা অনুযায়ী ২২টি (সম্ভাব্য সংখ্যা) গণ্ডার আছে।

(খ) ২টি।

(গ) ১টি পুরুষ গণ্ডার চোরা শিকারি কর্তৃক এবং অপর ১টি শিশু গণ্ডার ব্যাঘ্র কর্তৃক নিহত হয়।

**কলকাতায় অপসংস্কৃতিমূলক নাটকের অভিনয়**

*২৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪২৫।) **শ্রী সন্তোষকুমার দাস ঃ** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে কতগুলি 'এ' মার্কা অপসংস্কৃতিমূলক নাটক কলকাতার বিভিন্ন মঞ্চে অভিনীত হচ্ছে; এবং

(খ) এদের বিরুদ্ধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

(ক) সাধারণভাবে পাঁচটি মঞ্চে 'এ' মার্কা বিজ্ঞাপন দিয়ে নাটক চলছে।

(খ) এই ধরনের কুরুচিপূর্ণ নাটক এক শ্রেণীর ব্যবসায়ির অর্থানুকূল্যে অনুষ্ঠিত হচ্ছে। কোনও আইনগত ব্যবস্থা এর বিরুদ্ধে নেওয়ার চেয়েও বড় কথা হল জনগণের সাংস্কৃতিক মানোন্নয়নের মাধ্যমে এর মোকাবিলা করা। আর একাজ করতে হলে সুস্থ্য ও সুরুচিপূর্ণ নাট্য প্রযোজনা আরও বৃদ্ধি করতে হবে। সরকার এই লক্ষ্য নিয়ে গ্রুপ থিয়েটারগুলিকে নানাভাবে সাহায্যদান করছেন। নাট্য উপদেষ্টা কমিটিতে আলাপ আলোচনার ভিত্তিতে কয়েকটি সুনির্দিষ্ট কর্মসূচি নেওয়া হয়েছে। এটিই বিকল্প পথ। যদিও আইনগত বা প্রশাসনিক হস্তক্ষেপের সম্ভাবনাও সম্পূর্ণভাবে বাতিল করা হচ্ছে না।

**শ্রী সন্তোষকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহশয় জানাবেন কি আইনগত যে সমস্ত ব্যবস্থা নেওয়া যায়, তাতে আমরা পিছিয়ে পড়ছি কেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমি এই সম্বন্ধে এটাই বলতে চাইছি যে আইনগত ব্যাপার আমাদের প্রাইওরিটি নয়, আমরা আইনগত ব্যাপারটা রুল আউট করছিনা, আমরা জোর দিচ্ছি নতুন নাটকগুলিকে সাহায্য করতে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আপনারা লিটল থিয়েটার গ্রুপকে সাহায্য করছেন যাতে অপসংস্কৃতির বিরুদ্ধে নতুন ধরনের নাটক অভিনীত হতে পারে, এই যে গ্রুপ থিয়েটার, তাদের বেশিরভাগই আপনাদের দলের সমর্থনপুষ্ট, আপনাদের দলের লোক, সেজন্যই কি সাহায্য করছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমরা পশ্চিম বাংলার এবং কলকাতা শহরের সমস্ত প্রতিষ্ঠিত গ্রুপ থিয়েটারকে সাহায্য করছি, আপনারা চাইলে অ্যাডভাইসরি কমিটির নামগুলি আমি পড়ে দিতে পারি, তারা যদি বেশিরভাগই প্রগতিশীল বামপন্থী মনোভাব সম্পন্ন হন, তাতে বলার কিছু নাই। গ্রুপ থিয়েটারের সবার সঙ্গেই আমরা সম্পর্ক নিয়ে চলছি, সকলকে সাহায্য করছি।

[2-00 — 2-10 p.m.]

**শ্রী নবকুমার রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে আইনগত ব্যবস্থা নেওয়াকে প্রায়রিটি কেন দিচ্ছেন না এই ব্যাপারে কেন পিছপাও হচ্ছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** এই ব্যাপারে আইনের প্রয়োজনটা খুব কম। আসল হচ্ছে মানুষের মন পাল্টানো প্রয়োজন। যদি চূড়ান্ত সমাজবিরোধী অবস্থা হয় তাহলে নিশ্চয় ব্যবস্থা নিতে হবে।

**Mr. Speaker :** Question hour is over.

## Starred Questions
## (to which written answers were laid on the Table)

### সুবর্ণরেখা বন্যা-নিয়ন্ত্রণ প্রকল্প

*২৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩১।) **শ্রী প্রবোধচন্দ্র সিংহ ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সুবর্ণরেখা বন্যা-নিয়ন্ত্রণ প্রকল্পটি রূপায়ণের কাজ কোন সময় হইতে শুরু হইবে বলিয়া আশা করা যায়;

(খ) এই প্রকল্পটির প্রথম পর্যায়ে কোন কোন কাজ হওয়ার কথা; এবং

(গ) এই প্রকল্পটি রূপায়ণে মোট কত টাকা খরচ হইবে?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বিহার, উড়িষ্যা ও পশ্চিমবঙ্গের মধ্যে ৭-৮-১৯৭৮ তারিখে একটি ত্রিপাক্ষিক চুক্তি সম্পাদিত হইয়াছে। এই চুক্তি অনুযায়ী বিহারের অন্তর্গত চাণ্ডিলে, একটি Dam তৈয়ারি করা হইবে। এই Dam এর পরিকল্পনা বিহার সরকার তৈয়ারি করিতেছেন। চাণ্ডিলের Dam তৈয়ারি হইলে সুবর্নরেখা নদীর বন্যানিয়ন্ত্রণ আংশিক সম্ভব হইবে। চাণ্ডিলের Dam এর কাজ সম্পূর্ণ হইলে সুবর্ণরেখার দুই তীরে Flood Embankment Scheme এরজন্য পশ্চিমবঙ্গ সরকার ভারত সরকারের সহিত পরামর্শ করিয়া উড়িষ্যা সরকারের সহিত আলোচনা ও পরিকল্পনা রচনা করিবে।

(খ) বিহারের অন্তর্গত চাণ্ডিলের Dam এ ৩ লক্ষ ৭৫ হাজার একর ফুট বন্যার জল ধারণের ব্যবস্থা থাকিবে। এই Dam এর তলার দিকে Barrage ব্যবস্থাও আছে। এই Dam ও Barrage এর পরিকল্পনা বিহার সরকার রচনা করিতেছেন।

(গ) এখনই তাহা বলা সম্ভব নয়।

### বীরভূম জেলায় বিস্ফোরক কারখানার জন্য জমি অধিগ্রহণ

*২৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬০।) **শ্রী সুনীল মজুমদার ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় এক্সপ্লোসিভ ফেকট্রির জন্য জমি অধিগ্রহণের কাজ সম্পূর্ণ হয়েছে কিনা; এবং

(খ) হয়ে থাকলে, কত দিনের মধ্যে উক্ত কারখানাটির নির্মাণকার্য শুরু হবে বলে আশা করা যায়?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এখনও এক্সপ্লোসিভ ফেকট্রির জন্য জমি অধিগ্রহণের কাজ সম্পূর্ণ হয় নাই।

(খ) প্রশ্ন আসে না।

### Construction of Tourist Lodges at different places

*26. (Admitted question No.706.) **Shri Habibur Rahaman and Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of Tourism Department be pleased to state the present position of the proposals for construction of Tourist Lodges at—

*(a) Kankrajhore in Midnapore district;*

(b) Mukutmanipur in Bankura district; and

(c) Ayodhya Hills in Purulia district ?

**Minister-in-charge of Tourism Department :**

(a) A site has been selected on forest land and fund has been allotted to the Divisional Forest Officer, Midnapore (West) who has been entrusted with the responsibilities of construction. Preliminary work has started.

(b) A site has been selected. Fund has been allotted to the Divisional Forest Officer Bankura (South) for construction. Work is to commence soon.

(c) A Project Report has been submitted to the Tourism Department, Govt. of India for adoption of the scheme of developing Ajodhya Hills as a tourist resort.

**হলদিয়া পেট্রো-কেমিক্যাল প্রকল্পের যোজনা-বরাদ্দ ছাঁটাই**

*২৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫১৪।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হলদিয়া পেট্রো-কেমিক্যাল প্রকল্পের জন্য ১৯৮১-৮২ সালের যোজনা বরাদ্দে কিছু টাকা ছাঁটাই করা হয়েছে;

(খ) সত্য হলে,—

(১) এই প্রকল্প বাবদ রাজ্য সরাকারের দাবি কত টাকা ছিল;

(২) যোজনা কমিশন কত টাকা মঞ্জুর করেছেন;

(৩) এ ব্যাপারে রাজ্য সরকারের পক্ষ থেকে কোনও আপত্তি জানানো হয়েছে কিনা; এবং

(৪) এ বিষয়ে সর্বশেষ পরিস্থিতির সংবাদ কি?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এবং (খ) রাজ্যের সামগ্রিক যোজনা বরাদ্দ যোজনা কমিশনের সহিত আলোচনার পর স্থিরিকৃত হয়। এই সামগ্রিক বরাদ্দ হইতে ১৪.২০ কোটি টাকা হলদিয়া

*পেট্রোকেমিক্যাল প্রকল্পের জন্য রাজ্যের ১৯৮১-৮২ সালের বাজেটে সংস্থান করা হয়েছে। প্রকৃত প্রয়োজন অনুযায়ী ১৯৮১-৮২ সালের মধ্যে ঐ সংস্থানের রদবদল করা যেতে পারে।*

## ADJOURNMENT MOTION

**মিঃ স্পিকার ঃ** আমি আজ সর্বশ্রী জন্মেজয় ওঝা, রজনীকান্ত দলুই, জয়নাল আবেদিন, প্রবোধচন্দ্র সিংহ ও কিরণময় নন্দ এবং ধীরেন্দ্রনাথ সরকার মহাশয়ের কাছ থেকে মোট পাঁচটি মূলতবি প্রস্তাবের নোটিশ পেয়েছি।

প্রথম প্রস্তাবে শ্রী ওঝা কৃষি পণ্যের মূল্য হ্রাস ও কৃষকদের দুর্গতি, দ্বিতীয় প্রস্তাবে শ্রী দোলুই বুদ্ধিজীবী, শিক্ষাবিদ ও সাহিত্যিকদের আইন অমান্য আন্দোলন, তৃতীয় এবং চতুর্থ প্রস্তাবে শ্রী আবেদিন, শ্রী সিংহ ও শ্রী নন্দ ঘেরাও-এর ফলে কলকাতার একটি কলেজের জনৈকা অধ্যক্ষার মৃত্যু এবং পঞ্চম প্রস্তাবে শ্রী সরকার পশ্চিম দিনাজপুর জেলায় আইন শৃঙ্খলার অবনতি সম্পর্কে আলোচনা করতে চেয়েছেন।

প্রথম ও দ্বিতীয় প্রস্তাবের বিষয় সম্পর্কে সদস্যরা রাজ্যপালের ভাষণের উপর বিতর্কের সময় আলোচনা করার সুযোগ পাবেন।

তৃতীয়, চতুর্থ ও পঞ্চম প্রস্তাবের বিষয়গুলি আইন ও শৃঙ্খলার প্রশ্নের সঙ্গে জড়িত। প্রচলিত আইনের মধ্যেই এর প্রতিকার আছে এবং বাজেট সেসনেও আলোচনা করতে পারেন।

তাই আমি সবগুলি প্রস্তাবেই আমার অসম্মতি জ্ঞাপন করছি। তবে সদস্যগণ ইচ্ছা করলে সংশোধিত প্রস্তাবগুলি সভায় পাঠ করতে পারেন।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবী রাখছেন।

বিষয়টি হল ঃ— কৃষি পণ্যের মূল্যহ্রাস ও কৃষকদের দুর্গতি।

### সংক্ষিপ্ত বিবরণ

একদিকে ডিজেল, সার, কৃষি যন্ত্রপাতি এবং নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্যবৃদ্ধি এবং অন্যদিকে পাট, ধানও আলুর অলাভজনক মূল্যের ফলে পশ্চিমবাংলার কৃষি অর্থনীতি বিপর্যস্ত। পাটচাষি পাটের উৎপাদনমূল্যের অর্ধেকও পাননি। বহু চাষি তাদের উৎপাদিত পাট এখনও পর্যন্ত বিক্রয় করতে পারেন নি। আলু চাষিরাও বিপর্যয়ের সম্মুখীন। ধানের উৎপাদন মূল্য প্রতি কুইন্টাল ১৪০ টাকার কম না হলেও সরকারি মূল্য মাত্র ১০৫ টাকা। ক্ষতিগ্রস্ত কৃষকদের রক্ষা করতে সরকার ব্যর্থ হয়েছে। এদিকে কর্ণাটকে এবং মহারাষ্ট্রে সি.পি.এম এই কৃষিপণ্যের মূল্য হ্রাসের জন্য আন্দোলন করছেন আর এখানে ওনারা চুপচাপ।

**শ্রী সরল দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের শ্রমমন্ত্রী এখানে উপস্থিত আছে। হুগলি জুট মিল প্রায় ৪৯ দিন লক আউট হয়ে পড়ে আছে। সেখানে প্রায় ৬ হাজার কর্মী এর আওতায় পড়েছে। তারা মিছিল করে এসে বাইরে অপেক্ষা করছে। আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব তিনি যেন একটা ট্রাইপার্টাইট মিটিং করার ব্যবস্থা করেন এবং শ্রমিকদের সমবেদনা জানান।

**Shri Rajani Kanta Doloi :** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely ?

Civil Disobedience Movement by intellectuals, educationists, literatures and other concerned with education in protect against the present Government's educational policy.

The present Government's recent decisions to abolish English at the Primary level to make the mother tongue a compulsory optional subject in the degree Courses and doing away with the study of leterature have compelled the leading intellectuals, educationists, literatures and others concerned with education to launch a programme of a week long Civil Disobedience movement commencing from the February, 1981.

The present Government of West Bengal is adopting measures to suppress this movement.

**শ্রী জয়নাল আবেদিন ঃ** স্যার, আপনার অনুমতি নিয়ে বলছি জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয় আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল কলকাতার মহিলা কলেজের অধ্যক্ষা ঘেরাও-এর ফলে মৃত্যু। গত ১১/২/৮১ তারিখে একদল ছাত্রি, অভিভাবক এবং কিছু পরিচয় না জানা লোক কলকাতার একটি মহিলা কলেজের অধ্যক্ষাকে দীর্ঘ সময় ধরে ঘেরাও করে রেখে তার উপর অমানুষিক অত্যাচার করে এবং গালি গালাজ করে। ফলে তিনি গুরুতরভাবে অসুস্থ হন এবং পরে হাসপাতালে এই অধ্যক্ষার মৃত্যু ঘটে।

স্যার, এমনভাবে এডিট করা হয়েছে যার ফলে এর আসল উদ্দেশ্যই ব্যাহত হয়ে গেছে।

## Calling Attention to Matters of Urgent Public Importance

**অধ্যক্ষ মহোদয় ঃ** আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি, যথা ঃ—

১) ২১.২.৮১ তারিখে সরকারি ডাক্তারদের পণছুটি নেওয়ার সিদ্ধান্ত - শ্রী কাশীকান্ত

মৈত্র, শ্রী বঙ্কিম বিহারী মাইতি, শ্রী স্বদেশরঞ্জন মাঝি, শ্রী রবিশঙ্কর পান্ডে এবং শ্রী জন্মেজয় ওঝা।

২) প্রহারের ফলে সুন্দরবনের বাসন্তী থানার গ্রাম প্রধানের মৃত্যুর ঘটনা - শ্রী রজনীকান্ত দলুই।

৩) ঘেরাও এর ফলে আমহার্স্ট স্ট্রীটের রামমোহন কলেজের অধ্যক্ষার মৃত্যুর অভিযোগ - শ্রী রজনীকান্ত দলুই, শ্রী কৃষ্ণদাস রায়, শ্রী সেখ ইমাজুদ্দিন, এবং শ্রী অজয় কুমার দে,

৪) ট্রাম ও বাসের ভাড়া বৃদ্ধি - শ্রী রজনীকান্ত দলুই।

৫) প্রাথমিক বিদ্যালয় সমুহে পাঠ্যপুস্তক সরবরাহ না হওয়া - শ্রী ধীরেন্দ্রনাথ সরকার।

৬) মুর্শিদাবাদ জেলায় সীমান্তরক্ষী বাহিনী ও হোমগার্ডের মৃত্যুকে কেন্দ্র করে সীমান্ত এলাকায় উত্তেজনা - শ্রী কিরণময় নন্দ, শ্রী শেখ ইমাজুদ্দিন এবং শ্রী জয়ন্ত বিশ্বাস।

7. Shortage of alchohal and molases - Shri Santasri Chattopadhyay and Shri Probir Sengupta.

8. Stoppage of Food for work at rural areas - Shri Gour Chandra Kundu.

9. Non-Supply of wheat in Modified Ration area - Shri Gour Chandra Kundu.

10. Fire in Handloom Expo opposite Rabindra Sadan - Shri Janmejay Ohja.

11. Alleged default in implementation of Palekar Tribunal's award - Shri Rajani Kanta Doloi.

12. Alleged declination of Bengalees among the non-combatants recruited in the eastern region - Shri Rajani Kanta Doloi.

13. Reported attempt to whip up communal sentiments in the border areas in Nadia district - Shri Rajani Kanta Doloi.

14. Civil disobedience movement against Govt's education policy - Shri Rajani Kanta Doloi.

15. Distress sale of paddy by the growers - Rajani Kanta Doloi.

16. Loss of Potato crops for recent rains - Rajani Kanta Doloi.

17. Alleged dropping expansion proposals of Bhaba Atomic Research Centre at Salt Lake - Shri Rajani Kanta Doloi.

18. Alleged flight of capital from West Bengal to other State - Shri Rajani Kanta Doloi.

19. Reported decision to put off Taxi from 2.3.81 - Shri Rajani Kanta Doloi.

20. Reported decision by the W.B.S.W.R Engineers to stage demonstrations against their working conditions - Shri Rajani Kanta Doloi.

21. Inconveniences of Passengers due to stoppage of work by the mini-bus employees on route 158 - Shri Rajani Kanta Doloi.

আমি ঘেরাও এর ফলে আমহার্স্ট স্ট্রীটের রামমোহন কলেজের অধ্যক্ষার মৃত্যুর অভিযোগ বিষয়ের উপর শ্রী রজনীকান্ত দলুই অ্যান্ড আদার্স কর্তৃক আনীত নোটিশ মনোনীত করেছি।

সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়, যদি সম্ভব হয় আজকে ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য** ঃ আগামি শুক্রবার দিন উত্তর দেব।

## MENTION CASES

[2-10 — 2-20 p.m.]

**শ্রী হরিপদ ভারতী** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার শিক্ষা-জগতে ধীরে ধীরে কি নৈরাজ্য নেমে আসছে তার একটি মর্মন্তুদ দৃষ্টান্তের দিকে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাইছিলাম। ডাঃ জয়নাল আবেদিন সাহেব তার মুলতুবি প্রস্তাবে তার উল্লেখ করেছেন। স্যার, বিষয়টি অত্যন্ত মর্মান্তিক কাজেই সে সম্বন্ধে বিশেষ করে একটু আলোচনা করার দরকার আছে বলে আমি মনেকরি। একটি কলেজের অধ্যক্ষা মাঝে মাঝে ছাত্রছাত্রিদের দ্বারা ঘেরাও হতে পারেন কিন্তু এ ক্ষেত্রে ঘটনাটি অন্য রকমের—সেখানে বাইরের অভিভাবক এবং ছাত্ররাও ছিলেন। একটি মহিলা কলেজে পুরুষরা সমস্ত আসেন এবং এসে তাকে ঘেরাও করেন। শুধু তাই নয়, তার নিজের ঘরে নয়, অন্য একটি ঘরে তাকে ঘেরাও করা হয় এবং তার উপর ৫ ঘন্টা ধরে অমানুষিক নির্যাতন চালানো হয়। তার অপরাধ, ৫/৬টি বিষয়ে যারা ফেল করেছে এমন ছাত্রিদের তিনি টেস্টে অ্যালাউ করেননি। স্যার, পরীক্ষা যদি পরীক্ষা হয়, তা যদি প্রহসনে পরিণত না হয় তাহলে সেই পরীক্ষায় যে ৫/৬টি বিষয়ে ফেল করেছে তাকে পাশ করিয়ে না দিলে সেটা কি প্রিন্সিপ্যালের অপরাধ হয়? এইভাবে যদি অধ্যক্ষাকে বাইরের লোক এসে ঘেরাও করে তার পদত্যাগ দাবি করতে পারে এবং তার উপর নির্যাতন করে তার মৃত্যুর কারণ ঘটাতে পারে তাহলে মাননীয় রাজ্যপালের ভাষণে শিক্ষা জগতে যে অনুকূল পরিবেশ সৃষ্টির অনেক কথা সরকারপক্ষ থেকে বলা হয়েছে এই

*কি সেই অনুকূল পরিবেশ? এইভাবে কি শিক্ষা চলতে পারে? আমি একজন শিক্ষক হিসাবে* এর প্রতিবাদ করছি এবং আমার ক্ষোভ এবং আমার বেদনা প্রকাশ করা কর্তব্য বলে আমি মনে করছি। শিক্ষা জগত এইভাবে চলতে পারে না এই কথাটা আমি সরকারকে জানিয়ে দিতে চাই।

**শ্রী নির্মলকুমার বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য অধ্যাপক হরিপদ ভারতী মহাশয় যে ঘটনাটির কথা এখানে উল্লেখ করলেন সেই ঘটনার কথা একটি সংবাদপত্রে আমরা পড়েছি। স্যার, ঘটনাটি অত্যন্ত মর্মান্তিক, আমরা নিশ্চয় এরজন্য অত্যন্ত মর্মাহত এবং আমাদের দুঃখ আমরা প্রকাশ করছি। স্যার, একটু আগেই আপনি এই বিষয়টি গ্রহণ করেছেন এবং মন্ত্রী মন্ডলির পক্ষ থেকে বলা হয়েছে একটি বিবৃতি দেওয়া হবে। প্রকৃত ঘটনাটি কি তা আমাদের জানা দরকার। যে কথা অধ্যাপক ভারতী বললেন...**(নয়েজ)**

স্যার, আমি মাননীয় সদস্যদের বলব, এই মর্মান্তিক ঘটনাটি নিয়ে কেউ যেন রাজনীতি না করেন। শিক্ষা ক্ষেত্রে শান্তিপূর্ণ পরিবেশ অব্যাহত রাখার জন্য সকলের সহযোগিতা আমি আহ্বান করছি। এটা নিয়ে বিরোধীদল দয়া করে রাজনীতি করবেন না

**(গোলমাল)**

(Several members rose in their seats)

**মিঃ স্পিকার ঃ** আমি আমার নির্দেশ দিয়েছি। কলিং অ্যাটেনশনের রিপ্লাই হবে এবং যদি দরকার হয় সেদিনই ডিবেট করা যাবে।

**(নয়েজ)**

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্যার, শুধু মিনিস্টারের স্টেটমেন্ট নয়, সমস্ত পার্টি থেকে লোক নিয়ে একটি কমিটি করে দিন, এটা প্রোব করুন।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** দৃষ্টি আকর্ষণীর জবাব দেওয়া হবে সেকথা আপনারা শুনলেন। সেই জবাব শোনার পর ওদের যদি কিছু বক্তব্য থাকে ওরা বলতে পারেন।

**(নয়েজ)**

আপনারা একটা প্রশ্ন তুলেছেন, এখন আমাদের বক্তব্য শুনবেন তো? শোনার পর যদি আপনারা বিবেচনা করেন যে এ সম্পর্কে এই ধরনের স্টেপস নেওয়া উচিত তাহলে আপনারা সাজেশনস দেবেন, সরকার নিশ্চয় বিবেচনা করবেন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্তমান সরকারের পুলিশ বিভাগ সম্পূর্ণভাবে বামফ্রন্টের বিশেষ করে সি.পি.এম-এর কথা মতো বিভিন্ন থানায় কাজ করছে এবং সেখানে এস.পিকে নির্দেশ দেওয়া হয়েছে মুখ্য সচীব থেকে। পশ্চিমবাংলায় যিনি মুখ্য সচীব, অমিয় সেন নাকি তার নাম, তিনি প্রত্যেকটি এস.পিকে নির্দেশ দিয়েছেন যে যেসমস্ত সি.পি.এম-এর লোকের বিরুদ্ধে কেস আছে আসামি হয়ে তাদের বিরুদ্ধে যেন কোনও অ্যাকশন

না নেওয়া হয়। আমার কাছে একটা চিঠি আছে। বাসন্তী থানাতে আর.এস.পি'র একজন প্রধানকে খুন করা হয়েছে এবং সেখানে সি.পি.এম-এর লোকেরা প্রত্যক্ষভাবে জড়িত। সি.পি.এম থানায় যাচ্ছে আসামিকে গ্রেপ্তার করা হচ্ছে না, কারণ মুখ্য সচিব এস.পি-কে নির্দেশ দিয়েছেন। আমি জানিনা যে মুখ্যমন্ত্রী এই কথা জানেন কিনা। যদি না জানেন তাহলে আমি বলব যে তিনি জেনে নিন। এইরকম ভাবে দলীয় লোকেদের বাঁচাবার জন্য প্রশাসন যন্ত্রকে ব্যবহার করে, প্রশাসনকে বিকল করে নিজেদের পার্টির লোকেদের বাঁচাবার জন্য চেষ্টা করবেন না। পশ্চিমবাংলায় আজকে অরাজকতা তার একটা কারণ যে পশ্চিমবাংলায় বামফ্রন্ট আসার পরে সি.পি.এম-এর লোকেদের বাঁচাবার জন্য পুলিশকে ব্যবহার করা হচ্ছে এবং তারজন্য আজকে পুলিশ বিকল হয়ে রয়ে আছে। আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী নিখিল দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এক মিনিট সময় নিচ্ছি। মাননীয় সদস্য সত্যরঞ্জন বাপুলি যে কথা বলেন বাসন্তী থানা সম্পর্কে আনন্দবাজার কাগজে বেরিয়েছে—এটা অত্যন্ত অসত্য কথা। সে সম্পর্কে মেনশন আছে, আমাদের কমরেড মতীশ রায় দিয়েছেন। ধনঞ্জয় নায়েকের হত্যা সম্পর্কে যে কথা বলা হয়েছে, এটা জোতদাররা করেছে এবং কংগ্রেসের সাপোর্টে জোতদাররা যা করেছে সে কথা আমাদের মতীশ রায় বলবেন। আনন্দ বাজারে যে কথা বেরিয়েছে সেটা অত্যন্ত মিথ্যা কথা।

**শ্রী আতাহার রহমান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে উল্লেখ করছি এবং মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৪ ফেব্রুয়ারি রাত্রে মুর্শিদাবাদ জেলার রানীনগর থানার রাজাপুর গ্রামে একটি অত্যন্ত দুঃখজনক ঘটনা ঘটে। রাজাপুর গ্রামে ঐ রাত্রে কিছু দুস্কৃতকারি অসৎ উদ্দেশ্যে জমায়েত হয়। চরবাজাপুর হইতে কিছু বি.এস.এফ এবং হোমগার্ড রাজাপুরে আসেন। ঐ দুষ্কৃতকারিরা বি.এস.এফ এবং হোমগার্ডের লোকেদের ঘিরে ফেলে এবং মারাত্মক অস্ত্রশস্ত্র নিয়ে আক্রমণ করতে থাকে। এই আক্রমণের ফলে ২ জন হোমগার্ড এবং ২ জন বি.এস.এফ-এর জওয়ান ঘটনাস্থলে প্রহারের ফলে মারা যান। একজন গুরুতর আহত অবস্থায় বি.এস.এফ-এর ক্যাম্পে উপস্থিত হন। বি.এস.এফ-এর ক্যাম্প হইতে ঘটনাস্থল প্রায় ৬/৭ কিলোমিটার দুরে। জওয়ানরা ঘটনাস্থলে পৌঁছানোর আগে দুষ্কৃতকারিরা ঐ স্থান হইতে পালাইয়া যায়। এই দুঃখজনক ঘটনার পূর্ণ তদন্ত এবং প্রকৃত অপরাধীদের এই ঘৃণ্য কাজ করার জন্য কঠোর সাজা দাবি করছি। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে এটাও জানাচ্ছি যে বি.এস.এফ-এর লোকেরা দুষ্কৃতকারিদের না পেয়ে ঐ গ্রামের নিরীহ মানুষদের প্রতি যথেষ্ট অত্যাচার করছে এবং সেই অত্যাচারের হাত থেকে শিশু, বৃদ্ধ এবং নারীরাও বাদ যান নাই। আমি এর তীব্র প্রতিবাদ করছি এবং আশু প্রতিকার চাচ্ছি এবং এই নক্কারজনক ঘটনার জন্য দায়ী প্রকৃত দোষিদের খুঁজে বের করে কঠোর সাজা দেবার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় স্পিকার মহাশয়, গ্রাম বাংলার গরিব ক্ষেতমজুররা অনাহারে এবং অর্দ্ধাহারে দিন কাটাচ্ছে। ফুড ফর ওয়ার্কের কাজ বন্ধ হয়ে গেছে এবং এন আর এপি-র মাধ্যমে যে কাজ হয় সেটাও অপর্যাপ্ত। কাজেই মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ

করে অনুরোধ করছি অবিলম্বে এই সমস্ত ক্ষেতমজুরদের কর্মসংস্থানের ব্যবস্থা করুন। বিশেষ করে মুর্শিদাবাদ জেলায় বন্যার ফলে সমস্ত ফসল নষ্ট হয়ে গেছে এবং তাতে ক্ষেতমজুররা খুবই অসহায় বোধ করছে। ফসল উঠতে এখনও দেরি আছে কাজেই অনুরোধ করছি অবিলম্বে এই সমস্ত ক্ষেতমজুরদের জন্য কর্মসংস্থানের ব্যবস্থা করুন।

[2-20 — 2-30 p.m.]

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় স্পিকার মহাশয়, শিক্ষাক্ষেত্রে নৈরাজ্য চলছে এবং তারজন্য আমরা মেনশন দিয়েছি। আমরা অনুরোধ করছি এই ব্যাপারে থরো ইনভেস্টিগেশন করার জন্য সর্বদলীয় কমিটি করা হোক। মন্ত্রী মহাশয় বলেছেন আলোচনা করা হবে।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** আলোচনা হবে কিনা সেটা আমার বলার ব্যাপার নয়। আমি বলেছি আপনারা বক্তব্য রাখবেন এবং স্পিকার মহাশয় যদি অ্যালাউ করেন তাহলে আলোচনা হবে।

**মিঃ স্পিকার ঃ** আমি চিফ হুইপ এর সঙ্গে আলোচনা করব এটা নিয়ে আলোচনা করা যায় কিনা। আলোচনা হবে কিনা সেটা মন্ত্রী মহাশয়ের ব্যাপার নয়।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** এস.এফ.আই-এর ছেলেরা সেখানে গেছে এবং অধ্যক্ষাকে ঘেরাও করে রেখেছে এবং তারপর তার মৃত্যু হয়েছে। এই ব্যাপারে আমাদের যে দায়িত্ব রয়েছে সেটা আমরা পালন করতে চাই। কাজেই অনুরোধ করছি একটা সর্বদলীয় কমিটি করে এই ব্যাপারে থরো ইনভেস্টিগেশন করুন।

**শ্রী সুনীল বসু রায় ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে কয়েকটি গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। আসানসোল মহকুমায় কয়েকটি কারখানা গত কয়েকমাস যাবৎ বন্ধ হয়ে রয়েছে এবং তারফলে শ্রমিকরা বেকার হয়ে রয়েছে। কারখানাগুলি কোথাও মালিকরা ইচ্ছা করে বন্ধ করে রেখেছে এবং কোথাও আবার খোলা রয়েছে, কিন্তু কোনও কাজ হচ্ছে না। এই যে কারখানা বন্ধ হয়ে রয়েছে তার বিরুদ্ধে আই এন টি ইউ সি সহ সমস্ত ট্রেড ইউনিয়ন প্রতিবাদ জানিয়েছে। রাণীগঞ্জে দামোদর আয়রন অ্যান্ড স্টীল বন্ধ হয়ে রয়েছে, হিন্দুস্থান পিলকিন্টন গ্লাস কারখানা বন্ধ হয়ে রয়েছে। কেন্দ্রীয় সরকারের মন্ত্রী ডঃ চানানা ইচ্ছা করলে এটা খুলতে পারতেন। কিন্তু তিনি থাপার ব্রাদার্সের প্রাক্তন কর্মচারী বলে শ্রমিকদের বিরোধিতা করছেন এবং মালিকদের সহায়তা করছেন। কেরু অ্যান্ড কোম্পানির লাইসেন্স মন্ত্রিসভা সাসপেন্ড করেছেন। কিন্তু সেই কারখানা না নিলে অসুবিধা হবে। তারপর, রূপনারায়ণপুরে বিহার পটারি এবং বেঙ্গল রিফ্যাক্টরি খোলা থাকা সত্ত্বেও সেখানকার প্রায় ৫০০ জন শ্রমিক তাদের মাইনে পাচ্ছেনা। কাজেই অনুরোধ করছি অবিলম্বে এই সমস্ত কারখানাগুলি খোলার ব্যবস্থা করুন।

**শ্রী সেখ ইমাজুদ্দিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে শিক্ষক ও অশিক্ষক কর্মী সংস্থা তাদের বিভিন্ন দাবি-দাওয়া নিয়ে বিধানসভার বাইরে উপস্থিত হয়েছেন। তাদের বিশেষ করে দাবি হচ্ছে, পূর্বে সময়ে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় তাদের যে আশ্বাস দিয়েছিলেন সেইমতো

তিনি কিছুই করেননি। সেইজন্য তারা এসেছেন। আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**Shri Dawa Narbu La :** Mr. Speaker, Sir, there is a primary school at Marchuibong at Rohini Tea Estate under Kurseong Police Station which was recognised by the District School Board in 1970. Since then it was running smoothly. On 18.12.80 one C.P.M. leader from Kurseong town along with his followers held a meeting there. They formed a School Committee and passed a resolution asking the Headmaster to close down that school. The Headmaster was forced to lockup the school and make over the key to that committee through a primary teacher of another school. As a result the school is closed and the students are suffering. I now request the Hon'ble Education Minister to intervene in the matter so that the school may open immediately. Such type of political intervention in the educational institutions should be stopped.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঘটনার গুরুত্ব এইদিক দিয়ে যে, পশ্চিমবাংলার দায়িত্বশীল ক্যাবিনেট মন্ত্রীর উপস্থিতিতে নিরীহ্ সাধারণ নাগরিক, যিনি রাজনীতি করেন না এইরকম একজন ক্ষুদ্র ব্যবসায়ী যিনি সরকারের কাছ থেকে লোন নিয়ে সাইকেল, হ্যাজাক প্রভৃতি মেরামতির ব্যবসা করেছেন সেইরকম একজন নিরীহ নাগরিকের দোকান পুলিশ সুপারইনটেনডেন্ট, ডিস্ট্রিক্ট একজিকিউটিভ অফিসারের উপস্থিতিতে লুঠ হয়ে গেল। মাননীয় বিচারমন্ত্রী মহাশয় ৪ঠা ফেব্রুয়ারি আমার এলাকা ইটাহারে গিয়েছিলেন। আমার দুর্ভাগ্য, এখানে মিটিং থাকার জন্য আমি আমার এলাকায় ছিলাম না। যাইহোক, মাননীয় মন্ত্রীকে অভিনন্দন জানাবার জন্য পুলিশ সুপারিনটেনডেন্ট, একজিকিউটিভ অফিসার এবং হাজার হাজার পুলিশ আসে এবং সেখানে সি.পি.এমের নয়া পুলিশ বাহিনীও উপস্থিত ছিলেন। এদের সামনে একজন নিরপেক্ষ মানুষের দোকান লুঠ হয়ে গেল। তিনি কেঁদে মাননীয় মন্ত্রী মহাশয়কে বললেন, আমাকে বাঁচান, পুলিশের পায়ে গিয়ে পড়লেন ভদ্রলোকের দোকানটি হচ্ছে থানা থেকে ২০ গজ থেকে ৫০ গজ দুরত্বে কিন্তু আমি দেখলাম, আজও পর্যন্ত কোনও তদন্ত হল না। পুলিশ ইন্সপেক্টর এবং জেলা কর্মকর্তাদের উপস্থিতিতে দোকান লুঠ হয়েছে, তাদের সামনে লুঠ হয়েছে অথচ কোন প্রটেকশন নেই, এনকোয়ারি পর্যন্ত হল না, ইন্সপেকশন হল না। পশ্চিমবাংলায় আজকে এই অবস্থা চলছে। আমি আপনার মাধ্যমে এই দরখাস্ত দিচ্ছি। আপনি ডিস্ট্রিক্টে পাঠান কি তদন্ত করেছে, কি ব্যবস্থা নিয়েছে সেটা আমি জানতে চাই এবং ঐ ক্ষুদ্র ব্যবসায়ী যাতে ক্ষতিপূরণ পায় তারজন্য আমি আপনার মাধ্যমে দাবি রাখছি।

**শ্রী হাসিম আব্দুল হালিম ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার একটা পার্সোনাল এক্সপ্ল্যানেশন আছে এ ব্যাপারে। আমি ইটাহার গিয়েছিলাম কথাটা ঠিক। আমার যে সময় ইটাহার যাবার কথা ছিল সেই সময় প্রায় ৪০/৫০ জন সমাজ বিরোধী এবং কিছু কিছু কংগ্রেস (আই) কর্মী তাদের কিছু কিছু প্রাক্তন জয়নাল সাহেবের লোকেরা কাল পতাকা

হাতে করে বেলা ১১টা থেকে রাস্তা অবরোধ করে। এদিকে আমাদের ৪/৫ হাজার সমর্থক যারা মিটিং করে জনসভায় যাবে যেহেতু রাস্তা অবরোধ ছিল তারা ওদের সঙ্গে সংঘর্ষ হবার ভয়ে রাস্তায় বসে পড়ে। ওদিকে ওরা এবং এদিকে এরা এবং মাঝখানে পুলিশ এই অবস্থায় ছিল। আমি সেখানে গিয়ে পুলিশকে বললাম যে এভাবে রাস্তা অবরোধ করার অধিকার কারো নেই। রাস্তা পরিষ্কার করতে হবে। পুলিশ তখন রাস্তা পরিষ্কার করার জন্য লাঠি চার্জ করে। রাস্তা পরিষ্কারের পর আমরা মাঠে গিয়ে মিটিং করি। মিটিংয়ের পর দুজন লোক আমাদের কাছে আসে, এসে বলে আমাদের দোকান ভেঙে দিয়েছে। আমি তাদের জিজ্ঞাসা করলাম যে কারা দোকান ভেঙেছে। তারা বলে যাদের উপর পুলিশ লাঠি চার্জ করেছে তারাই ভেঙেছে। তখন আমি বললাম আপনারা থানায় ডায়রি দিন, উপযুক্ত তদন্ত করে আইন মাফিক ব্যবস্থা নেওয়া হবে, ক্ষতির ফিরিস্তি দিন। পুলিশ ব্যাপারটা দেখছে, আমাদের করার কি আছে?

[2-30 — 2-40 p.m.]

**শ্রী এম. আনসার উদ্দিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল হাওড়ার বাঁকড়া অঞ্চলে পরেশ ভৌমিক বলে একজন উদ্বাস্তু মানুষ খুন হয়েছেন এবং নেপাল পাল, ননীপাল এবং নারায়ণ দাস বলে তিনজন মানুষ মারাত্মকভাবে আহত হয়েছেন। ঘটনার পরিপ্রেক্ষিতে আমি বলছি এই যে, ১৯৫৬ সালে তদানীন্তন সরকার ঐ এলাকায় উদ্বাস্তু পুনর্বাসনের জন্য কিছু জমি অধিগ্রহণ করেন। সেখানে ৬৬টি উদ্বাস্তু পরিবার পুনর্বাসন লাভ করেছিলেন এবং বর্তমান সরকার যে জমিটুকু করেছেন তাতে আরও ৪৪টি উদ্বাস্তু পরিবারকে পুনর্বাসন দেওয়ার জন্য পরিকল্পনা গ্রহণ করেছেন। সেই পরিকল্পনা অনুযায়ী গতকাল যখন সেই জমিগুলি প্লট হিসাবে ভাগ করা হচ্ছিল, আগামী কয়েকদিনের মধ্যে ৪৪টি পরিবারকে সরকারি তত্ত্বাবধানে পুনর্বাসন দেওয়ার জন্য ঠিক সেই সময় ৫-১৫ মিনিটে একদল গুন্ডা পরেশ ভৌমিক নামে একজন উদ্বাস্তুকে মারাত্মকভাবে জখম করে, এবং ঘটনাস্থলে পরেশবাবু মারা যান। তার কিছুক্ষণ পরে নারায়ণ দাসকে ছুরি মারে যিনি সেনসাসের কর্মী, কাজ করে ফিরছিলেন এবং নেপাল পাল ও ননীপালকে ছুরি মারে। দুইজনেই এখন হাসপাতালে রয়েছে। যারা খুন করেছে তারা ঐ বাঁকড়া এলাকার ইন্দিরা কংগ্রেসের কর্মী। ইন্দিরা কংগ্রেসের সহ সভাপতি শ্রী অরূপ ব্যানার্জি তার প্রত্যক্ষ নির্দেশে এই খুন সংঘটিত হয়েছে বলে বাঁকড়ার সাধারণ মানুষ মনে করেন। সবচেয়ে বড় কথা আপনার মনে আছে স্যার, এই বিধানসভায় মরিচঝাঁপিতে যখন বে-আইনিভাবে উদ্বাস্তু পুনর্বাসনের ব্যাপার নিয়ে আলোচনা হয়েছিল তখন ইন্দিরা কংগ্রেসের বন্ধুরা উন্মাদ হয়ে উঠেছিলেন, ঠিক সেইভাবে যখন আইনগত ভাবে সরকার বাঁকড়ায় উদ্বাস্তু পুনর্বাসনের ব্যবস্থা করছেন তখন তারা সেই উদ্বাস্তুদের খুন করছে। পুলিশের ভূমিকা খুবই সন্দেহজনক। পুলিশ আগে থেকে সচেতন হলে এ নারকীয় ঘটনা ঘটত না। সেজন্য আমি স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং পুলিশের শাস্তি দাবি করছি।

**শ্রী অজয় দে ঃ** স্যার, আপনার মাধ্যমে কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ে। সম্প্রতি কয়েকদিন আগে বিপুল বারিপাতের ফলে আরামবাগ মহকুমায়

আলু চাষের ভীষণ ক্ষতি হয়েছে এবং ৩৫ হাজার একর জমিতে যে আলু চাষ হয়েছে তার প্রায় ৫০ ভাগই নষ্ট হয়ে গেছে। চন্ডিকনা বলে একটা জায়গায় একজন চাষি এই ঋণের ফলে আত্মহত্যা করেছে। সরকার যখন স্টেট ট্রান্সপোর্ট ট্রাম কোম্পানিকে খেসারত দিচ্ছেন এবং গত তিন বছরে সরকারি কর্মচারিদের ১০০ কোটি টাকা যখন খেসারত দিয়েছেন সেইরকম খেসারত অবিলম্বে আলুচাষিদের দিতে হবে। সামনে বোরো মরশুম, চাষিরা মাথায় হাত দিয়ে বসেছে। ছোটবড় সব চাষিই ব্যাঙ্ক অথবা অন্যান্য জায়গা থেকে ঋণ নিয়ে আলুর চাষ করে। এই ঋণের ভারে তারা আজকে সকলেই জর্জরিত। কাজেই প্রস্তাব করছি অবিলম্বে তাদের খেসারত দিতে হবে এবং সেই সঙ্গে সঙ্গে যেসব ঋণ আছে, সেসব মুকুব করতে হবে। এছাড়া সামনের বছরে সরকার থেকে যাতে করে তাদের আলুবীজ সরবরাহ করা হয় তারজন্য বিশেষ ভাবে অনুরোধ করছি।

**শ্রী বিজয় পাল ঃ** স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মন্ত্রীমন্ডলির দৃষ্টি আকর্ষণ করছি। আসানসোল হিন্দুস্থান পিলকিন্টন গ্লাস ফ্যাক্টরির ৮ জন শ্রমিক মারা গেছেন। ৯ মাস ধরে সেখানে লক আউট চলছে। এই লক আউট চলছে ঐ কোম্পানির মালিক বা যারা নিতে যাচ্ছে সেই থাপ্পার ব্রাদার্স। এই লক আউটের কারণ হচ্ছে তারা এ বিষয়ে তা শ্রমিকদের উপর চাপাতে চেয়েছিল এবং তারা যে ত্রিদলীয় চুক্তি হয়েছিল তাও ভায়োলেট করে। সেখানে ৩টা ইউনিয়ন আই.এন.টি.ইউ.সি., এ.আই.টি.ইউ.সি. এবং সি.টু. সংঘবদ্ধভাবে প্রতিবাদ করে। শ্রমদপ্তর, লেবার মিনিস্টার এমনকি চিফ মিনিস্টারও বসে এর কোনও মীমাংসা করতে পারেননি। সেজন্য স্টেট গভর্নমেন্ট এটাকে টেক ওভার করার জন্য সেন্ট্রালের কাছে দাবি করেন। কিন্তু টেক ওভার না করে কেন্দ্রীয় সরকার নানানরকম অক্ষমতা প্রকাশ করছেন। এই অবস্থা ৯ মাস ধরে চলছে। এর ফলে ৮ জন শ্রমিক মারা গেছে এবং অনেকে অর্ধাহারে অনশনে দিন কাটাচ্ছে। তাই আপনার মাধ্যমে বলতে চাই যে এটা অবিলম্বে যাতে টেকওভার করা হয়, কেন্দ্রীয় সরকারের কাছে রাজ্য সরকারের তরফ থেকে আবার যেন অনুরোধ করা হয়।

**শ্রী কৃষ্ণধন হালদার ঃ** স্যার, ফসল তোলার মরশুমে ইন্দিরা কংগ্রেস আইনশৃঙ্খলা বিশৃঙ্খলা করবার চেষ্টা করেন কিন্তু তারা সফল হননি বলে এবার তারা অন্যভাবে চেষ্টা করছেন। আমার এলাকায় রামনগর গ্রামে ৩ জন ডাকাত ডাকাতি করতে গিয়ে ঘটনাস্থলে মারা যায় এবং যারা মেরেছে তাদের মধ্যে সি.পি.এম. ও ইন্দিরা কংগ্রেস দুই-ই ছিল। সেই ডাকাতদের নাম হচ্ছে তারিম খাঁ, জামান বৈদ্য এবং আবুল আলি বৈদ্য। কিন্তু কংগ্রেস লিডাররা বলে বেড়াচ্ছেন যে এরা মুসলমানদের মেরেছে। এইভাবে অসীম ঘোষ নামে একজন নেতা পুলিশের সঙ্গে যোগসাজস করে একটা সাম্প্রদায়িক বিদ্বেষ ছড়াবার চেষ্টা করছে। সেখানে পুলিশ পিকেট বসাবার জন্য আমরা বলেছি, কিন্তু তাও হচ্ছে না। কংগ্রেস(আই) এবং থানার একাংশ যোগসাজস করে বলছে যে মুসলমানদের মারা হয়েছে। এর ফলে সমস্ত গ্রামবাসী ভয়ে ভয়ে দিন কাটাচ্ছে। সেজন্য বলছি যে অবিলম্বে পুলিশ পিকেট বসানো হোক এবং কংগ্রেস(আই)-এর যে সমস্ত নেতারা এই কাজ করছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা হোক।

[2-40 — 2-50 p.m.]

**শ্রী নকুলচন্দ্র মাহাতো ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় এর প্রতি মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ৩১শে জানুয়ারি এবং ৯ই ফেব্রুয়ারি পুরুলিয়া জেলার বিস্তীর্ণ এলাকার প্রায় ৪০।৫০ হাজার কৃষক ভীষণ শিলাবৃষ্টির ফলে ক্ষতিগ্রস্ত হয়েছে। তাদের আলু, গম, কপি ইত্যাদির চাষ সব নষ্ট হয়েছে। গ্রামের শতকরা ৭০।৮০ ভাগ ফসল সব নষ্ট হয়ে গেছে। আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি, কৃষি দপ্তরের মাধ্যমে ক্ষতির একটা এস্টিমেট করে তাদের যাতে খয়রাতি সাহায্য দেওয়া হয় তার ব্যবস্থা যেন তিনি করেন।

**শ্রীমতী ছায়া ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মুর্শিদাবাদ জেলার চর রাজপুর এলাকার একটি ঘটনার প্রতি আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সেখানে একটি ঘটনায় ২ জন জেওয়ান ও হোমগার্ড মারা গেছে। ঘটনাটি মর্মান্তিক এবং এরজন্য আমরা সকলেই দুঃখিত। কিন্তু এই ঘটনাকে কেন্দ্র করে গ্রামের মধ্যে একটা আতঙ্কের সৃষ্টি হয়েছে এবং এর ফলে সেখানে সন্ত্রাসের সৃষ্টি হচ্ছে ও গ্রামবাসীরা সব গ্রাম ছেড়ে পালিয়ে যাচ্ছে। সেখানে যে সমস্ত বি.এস.এফ আছেন তারা সমস্ত ফিউরিয়াস হয়ে গেছেন। সেইজন্য আমার সরকারের কাছে আবেদন যে সরকার সেখানে শীঘ্র, যারা দোষী ব্যক্তি তাদের খুঁজে বার করার ব্যবস্থা করুন এবং নির্দোষ ব্যক্তির যাতে কোনও শাস্তি না হয় সে ব্যবস্থা করুন। আজকে সেখানে তারা আতঙ্কিত হয়ে উঠেছেন। আমি সরকারের কাছে অনুরোধ করছি, যাতে বিষয়টির প্রতি তারা শীঘ্র নজর দেন।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, খবরের কাগজে এবং রেডিওতে কৃষিঋণ মুকুবের কথা ঘোষণা করা হয়েছে। রেডিওর এই ঘোষণার ফলে একটা গোলমাল দেখা দিয়েছে। গোলমাল দেখা দিয়েছে ব্যাঙ্ক লোন ও কো-অপারেটিভ লোনের ক্ষেত্রে। এর ফলে ব্যাঙ্ক লোন ও কো-অপারেটিভ যে লোন তা আদায় হচ্ছে না। কো-অপারেটিভ ইন্সপেক্টররা হতাশ হয়ে পড়ছেন। তাই আপনার মাধ্যমে অনুরোধ করব যে, কোন কোন ঋণ মুকুব করা হয়েছে এবং ব্যাঙ্ক ঋণ ও কো-অপারেটিভ লোন মুকুব করা হয়েছে কিনা সেটা সুষ্টুভাবে প্রচার করা হোক।

**শ্রী ধীরেন সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় আলোচনা করছি। স্যার, সংশোধনী গণতন্ত্রে বিরোধী দলের একটা গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। সেটা আমাদের একটা গুরুত্বপূর্ণ অধিকারও বটে। সেই বিরোধী দলের অধিকার সম্বন্ধে আপনার মাধ্যমে কিছু বলতে চাই। আমাদের পশ্চিম দিনাজপুর জেলায় আমাদের দলগত কাজের অসুবিধা হচ্ছে। সেখানে আমাদের দলের লোকেরা কাজ করতে পারছে না। প্রকাশ্যভাবে সেখানে গুন্ডারা আক্রমণ করছে। তারা সেখানে রাইফেল ইত্যাদি নিয়ে আক্রমণ করছে ও নানা প্রকার আগ্নেয়াস্ত্র ব্যবহার করছে। পশ্চিম দিনাজপুর জেলায় কালিয়াচকে সেখানের কলেজের ছেলেরা মিছিল বের করেছিল তাদের উপর সি পি এম দলের সমর্থকেরা মারাত্মক অস্ত্র নিয়ে আক্রমণ করে এর ফলে সেখানে অনেক ছাত্র আহত হয়েছে। এইভাবে সি পি এম আমাদের দলীয় কাজ দিনের পর দিন ব্যাহত করবার চেষ্টা করছে। এগুলি বন্ধ করবার

কোনও প্রকার চেষ্টা হচ্ছে না। পশ্চিম দিনাজপুরে বিশেষ করে কালিয়াচকে ছাত্রদের উপর যারা আক্রমণ করেছিল গত ২৮শে নভেম্বর তার প্রতিকার চাই এবং আবেদন করব যাতে এই ধরনের ঘটনা আর না ঘটে।

**শ্রী সেখ ইমাজুদ্দিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা দুঃখজনক ঘটনা উল্লেখ করছি। গত ২৬/১/৮১ তারিখে প্রজাতন্ত্র দিবসে ঝাউবোনা হাইস্কুলে জাতীয় পতাকা তুলতে যায়। কিন্তু সেদিন সেখানে সি পি এম'র কৃষক সমিতির একটা মিটিং ছিল, তারা সেখানে মিটিং করতে যায়। সেখানে ছেলেরা যখন প্রজাতন্ত্র দিবসে জাতীয় পতাকা উত্তোলন করছিল তখন কৃষক সমিতির লোকেরা বলে আজকে আমাদের দলের পতাকা উত্তোলন করে কনফারেন্স করব। এই নিয়ে উভয় পক্ষের মধ্যে বাক-বিতন্ডা হয় এবং যারা জাতীয় পতাকা উত্তোলন করছিল তাদের হঠিয়ে বিদ্যালয়ে দলীয় পতাকা তোলা হয়। এই নিয়ে সেই অঞ্চলে দারুণ উত্তেজনার সৃষ্টি হয়। জাতীয় পতাকার চেয়ে সি পি এম-এর পতাকা কি বড় হল? আমরা চাই যে এই নিয়ে একটা তদন্ত হোক এবং এই কর্মে যারা লিপ্ত যারা জাতীয় পতাকার অবমাননা করেছে তাদের শাস্তি দেবার ব্যবস্থা করা হোক।

**श्री रवि शंकर पाण्डे** : माननीय अध्यक्ष महोदय, मैं इस सदन के सम्मुख एक महत्वपुर्ण घटना का उल्लेख करना चाहता हुँ, जो गतकाल लोक सभा में घट चुका है। इमसे देखने की मिलता है कि श्रीमती इन्दिरा गाँन्धी जनतन्त्र का गला केवल वाहर ही नही घोंट रही है वाल्कि लोक सभा के भीतर भी घोट रही है। गतकाल गुजरात के मदस्य श्री हीरा लाल पवार जो कांग्रेस आई० के सदस्य है, गुजरात में हरिजनो के हाथ पाव काटने का विरोध करते हुए स्पीकर के चेयरके पास वैठ गए तो कांग्रेस आई० के सदस्यगणही उनका गला और मुँह दवाने लगे। उनको वचाने के लिए जव यश पाल कस्यप और मनिराम वागड़ी (जनता एस० के सदस्य) गएतो उनको घुसे मरि गए - उनको पीटा गया।

अत; मैं सदन से अनुरोध करुँगा कि वचाने वालो का अभिनन्दन किया जाए और मार-पीट करने वालो की निन्दा की जाए।

**শ্রী মোতিশ রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার সামনে একটা লজ্জাজনক এবং দুঃখজনক ঘটনা উল্লেখ করছি। সুন্দরবন অঞ্চলের কৃষক নেতা এবং বাসন্তি অঞ্চল সমিতির সভাপতি ধনঞ্জয় নায়েককে গত ৮/২/৮১ তারিখে জোতদারের ভাড়াটিয়া গুন্ডারা রাত্রিবেলায় তার ঘরে প্রবেশ করে তাকে এবং তার স্ত্রীকে বেদম প্রহার করে। তার ফলে ধনঞ্জয় নায়েক গত ১৬ তারিখে নীলরতন সরকার হাসপাতালে মারা গেছে। তার মৃত্যু সংবাদ পাওয়ার পর তার আহত স্ত্রী গতকাল বেলা ২।। টার সময় মৃত্যুমুখে পতিত হয়েছেন। এই দুঃখজনক ঘটনার পিছনে রাজনৈতিক কায়েমি স্বার্থের লোকের হাত আছে এবং জোতদার মহাজন যারা ঐ এলাকায় থাকে তাদেরও ধনঞ্জয় নায়েকের মৃত্যুর পিছনে হাত

আছে এই খবর আপনার সামনে উপস্থিত করছি এবং যারা প্রকৃত দোষী তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা যাতে গ্রহণ করা হয় তার জন্য মুখ্যমন্ত্রী এবং রাজ্য সরকারের কাছে আমরা দাবি করছি। আনন্দ বাজারে যে খবর বেরিয়েছে সেটা সম্পূর্ণ অসত্য এবং স্বাস্থ্যমন্ত্রীর সাথে আমার কথা হয়েছে, তিনি আনন্দবাজারকে এই বক্তব্য দেননি এই কথা আমি আপনার মাধ্যমে জানাচ্ছি।

[2-50 — 3-00 p.m.]

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন বিগত কয়েক বছর ধরে পর পর বন্যা হওয়ায় এবং খরা হওয়ায় বহু জায়গায় চাষবাস নষ্ট হয়েছে এবং তারফলে পশ্চিমবাংলার কৃষকরা খুবই বিপদে পড়েছে। কৃষকরা চাষ আবাদ করবার জন্য সরকারের কাছ থেকে যে কৃষি ঋণ নিয়েছিল সেটা এখন সুদেআসলে তাদের কাছে একটা বোঝা স্বরূপ হয়ে দাঁড়িয়েছে। আমরা দাবি করেছিলাম কৃষি ঋণ মকুব করে দেবার জন্য। কৃষিমন্ত্রী এই ব্যাপারে একটা আশ্বাসও দিয়েছিলেন, কিন্তু দেখছি আজ পর্যন্ত এই ব্যাপারে কোনও সুস্পষ্ট নির্দেশ যায়নি। এই নির্দেশ না যাবার জন্য কৃষকদের উপর খুব চাপ সৃষ্টি করা হচ্ছে কৃষি ঋণের ব্যাপারে। আমি অনুরোধ করছি কৃষি ঋণ আদায় স্থগিত করবার জন্য অবিলম্বে সরকারের তরফ থেকে নির্দেশ পাঠানো হোক এবং কৃষকদের ন্যায় সঙ্গত মর্যাদায় প্রতিষ্ঠিত করবার জন্য বামফ্রন্ট সরকার যে বক্তব্য রেখেছিলেন সেকথা তারা বাস্তবে রূপায়িত করুন।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা ইতিপূর্বে শিক্ষাক্ষেত্রে নৈরাজ্যের কথা শুনেছি, কিন্তু আমি এখানে একটা নূতন নৈরাজ্যের কথা বলছি। আমাদের কেন্দ্রীয় সরকার দায়িত্বশীল হওয়া সত্ত্বেও দেখছি টেলিফোন ব্যবস্থায় চরম অরাজকতা চলছে। দিনের পর দিন ধরে বহু টেলিফোন বিকল হয়ে রয়েছে অথচ টেলিফোনের যারা মালিক তাদের বিলের অঙ্ক বেড়ে যাচ্ছে। স্যার, কেন্দ্রীয় সরকারের এই সংস্থা সম্বন্ধে হাইকোর্টের একটা বিশেষ রায় আমি এখানে উল্লেখ করছি। শ্রীমতী অপর্ণা সাকরেল নামে একজন ভদ্রমহিলা চাকুরির জন্য পরীক্ষা দিয়ে প্রথম স্থান অধিকার করা সত্ত্বেও এখনও পর্যন্ত কেন্দ্রীয় সরকার তাকে অ্যাপয়েন্টমেন্ট দেননি। শ্রীমতী সাকরেল তখন হাইকোর্টের শরনাপন্ন হন এবং হাইকোর্ট তার পক্ষে রায় দেন। কিন্তু দুঃখের বিষয় দায়িত্বশীল ভারত সরকার হাইকোর্টের সেই রায় মানেননি। আমি মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ রাখছি এই ব্যাপার নিয়ে কর্মচারিদের মধ্যে যে উত্তেজনা এবং চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে, অন্যায় এবং অবিচারের জন্য যে ক্ষোভের সৃষ্টি হয়েছে সেটা দুর করার জন্য তিনি যেন চেষ্টা করেন।

**শ্রী বঙ্কিমবিহারী মাইতি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আগামি ২১শে ফেব্রুয়ারি বাংলাদেশের সমস্ত ডাক্তাররা ধর্মঘট করছেন। আমি আশঙ্কা করছি ডাক্তাররা যদি এইভাবে ধর্মঘট করেন তাহলে বহু রোগী মারা যাবে। জনস্বার্থে সরকারের উচিত ডাক্তারদের সঙ্গে আলোচনা করা এবং যে দুর্ঘটনা ঘটতে চলেছে সেটা বন্ধ করা এবং যাতে এই ব্যাপারে মোকাবিলা করা যায়, নিশ্চিত সরকার

*তারজন্য বিধিব্যবস্থা অবলম্বন করবেন এই আবেদন আমি রাখছি।*

**শ্রী নীরোদ রায়চৌধুরি** ঃ মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা জরুরি বিষয়ের প্রতি কেন্দ্রীয় সরকারের রেল মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। শিয়ালদা বনগাঁ সেকশনে ট্রেন চলছেনা, এই সেকশনে নিত্য যাত্রিদের দারুণ দুর্ভোগ হচ্ছে, কখন যে ট্রেন ছাড়বে তার কোনও ঠিক নাই, ফলে যাত্রিরা যাতায়াত করতে পারছেনা, চলাফেরা করতে পারছেনা, সারা রাত শিয়ালদা স্টেশনে কাটাচ্ছে। আমি কাল আসতে পারিনি, রাস্তায় আটকে ছিলাম আড়াই ঘন্টা ধরে, আমি বিধানসভায় আসবার জন্য সাড়ে সাতটায় রওনা হয়ে আসতে পারিনি। রিক্সা করে দমদমে এসে বাস ধরে পরে চলে গেছি। বনগাঁ সেকশনে এই যে অব্যবস্থা, এর যাতে একটা সুরাহা হয়, লক্ষ লক্ষ লোক এই সেকশনে যাতায়াত করে, তাদের কষ্টের যাতে লাঘব হয়, তার একটা ব্যবস্থা যেন করা হয়।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার উল্লেখের বিষয়টা অত্যন্ত জরুরি। গত রাত্রে রাজার হাট রঘুনাথপুর গ্রামে ভি আই পি রোডের পাশে সি এম ডি এ-র ওয়াটার সাপ্লাই প্রজেক্ট-এর রিজার্ভর গত রাত্রে ভেঙে পড়ে গেছে, একজন মারা গেছে, সাথে সাথে হাজার হাজার মানুষ গিয়ে সেখানে ক্ষতিগ্রস্তদের উদ্ধার করেছে। এই ঘটনার ফলে সেখানে এলাকার মানুষের মনে যুগপত বিক্ষোভ এবং আতঙ্কের সৃষ্টি হয়েছে। আমি সংশ্লিষ্ট মাননীয় মন্ত্রীমহাশয়ের নিকট দুর্ঘটনার কারণ অনুসন্ধানের জন্য ব্যাপক তদন্ত করতে দাবি জানাচ্ছি এবং ক্ষতিগ্রস্তদের সাহায্য দেবার জন্য এবং দোষী ব্যক্তির শাস্তি দিতে আবেদন জানাচ্ছি।

**শ্রী নবকুমার রায়** ঃ মাননীয় স্পিকার মহাশয়, গত ৪ঠা ফেব্রুয়ারি, আইনমন্ত্রী আব্দুল হালিম সাহেব.....

**মিঃ স্পিকার** ঃ এটাতো একবার বলেছেন একজন, আবার বলা যায়না।

**শ্রী নবকুমার রায়** ঃ স্যার, আমাকে একটু বলতে দিন, গত ৪ঠা ফেব্রুয়ারি ইটাহারে জনসভা করতে গেছিলেন, ডি এম এবং এস পি-এর কাছে প্রতিবাদ করে প্রতিকার পাওয়া যায়না, এই কথা বলতে সেখানকার লোক মাননীয় মন্ত্রীর কাছে বিক্ষোভ প্রদর্শন করতে গেছিলেন। তারা যেটা বলতে চেয়েছিল সেটা হচ্ছে ইটাহারে আইনশৃঙ্খলা নেই, তার প্রতিকারের ব্যবস্থা করুন। মাননীয় মন্ত্রী মহাশয় কিন্তু তাদের বক্তব্য না শুনে তার পুলিশকে এবং দলের ক্যাডারকে তাদের বিরুদ্ধে লাগিয়ে দিলেন। ফলে যারা প্রতিবাদ করতে এসেছিল তাদের মেরে হাজতে ঢুকিয়ে দেওয়া হয়। যে দোকান লুট হয়েছে, সেই দোকানের মালিক কংগ্রেস(আই) এর সমর্থক, সুতরাং মাননীয় মন্ত্রী যে কথা বলছেন যে কংগ্রেস(আই) এর সমর্থকরা লুট করেছে তা সত্য নয়, ইটাহারের মানুষ প্রতিবাদ করতে গেছিল। কিন্তু তাদেরকেই মেরে হাজতে পুরে দেওয়া হয়, এই হচ্ছে ঘটনা।

[3-00 — 3-10 p.m.]

**শ্রী জন্মেজয় ওঝা** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ভূমি রাজস্বমন্ত্রী

মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকা পটাশপুর থানার বিভিন্ন এলাকায় গরিব ভাগচাষী ও নিরীহ লোকদের উপর দীর্ঘদিন যাবৎ সংঘবদ্ধ আক্রমণ দিবালোকে লুণ্ঠন জমির উপর হামলা গণ আদালতে টেনে নিয়ে গিয়ে মারপিট পাইকারি আদায় চলছে। এবং এই সবই চলছে সি.পি.এম-এর নামে। তার কারণ তারা তাদের সমিতিতে যোগ দেননি। ভাগচাষি যাদের নামে রেকর্ড আছে জমি তাদের বাড়ি থেকে জোর করে ধান কেড়ে নিয়ে যাচ্ছে মারপিট করছে হুমকি দিচ্ছে। থানায় অভিযোগ করলে তার কোনও প্রতিকার হচ্ছে না। তারা বলে সি.পি.এম করছে আমাদের কিছু করবার নেই। গত ৯ই জানুয়ারি কাকুড়িয়া ডাঙ্গা গ্রামের গরিব চিন্তামনি সী-র বাড়িতে সি.পি.এম-এর কৃষক সমিতির লোকেরা হামলা করে। কারণ তিনি তাদের সমিতিতে যোগ দেননি। তারা দাবি করে বলে তার রেকর্ড করা জমির এ বছরের সব ধান দিয়ে দিতে হবে। অন্যথায় তারা জোর করে নিয়ে চলে যাবে। খবর পেলাম তার ধান জোর করে আদায় করে নিয়ে গেছে। এবং জমিও দখল করবার ব্যবস্থা করেছে। এবং তারা একথাও বলে গেছে জমি যাবে আর জানও যাবে। কাখুরিয়া গ্রামের হেমন্ত সীট, গঙ্গাধর পাত্র মহেন্দ্র সান ও পরেশ আদক প্রভৃতি বর্গা জমির উপর তিন বছর যাবত হামলা চলছে। সরকারি আইন, নীতি, আদালতের নির্দেশ কিছুই মানছে না। তাদের উপর মারপিট চলছে ধান লুট করছে। একজন সইতে না পেরে আত্মসমর্পণ করায় তার কিছু জমি কেড়ে নিয়ে রেহাই দেওয়া হয়েছে। বাকিদের উপর আরও অত্যাচারের হুমকি দেওয়া হয়েছে। গোয়ালদা গ্রামের সি.পি.এম বিরোধীদের উপর দীর্ঘদিন যাবৎ অকথ্য অত্যাচার লুণ্ঠন ও পাইকারি জরিমানা আদায় চলছে। জনতা দলের কর্মী প্রাণকৃষ্ণ সিং প্রতিবাদ করায় তাকেও প্রহার করা হয়েছে এবং জরিমানা আদায় করা হয়েছে। এইসব অত্যাচারের নায়ক ওখানকার বর্তমান দু জন সি.পি.এম নেতা। ১৯৭৭ সালে ওরা কংগ্রেস পার্টিতে ছিল এবং তাদের নামে অনেক চুরি জোচ্চুরির টাকাকড়ি লুঠ করেছে, এখন সি.পি.এম সেজে অনেক জমিজমা ও টাকাকড়ির মালিক হয়েছেন।

[3-10 — 3-35 p.m.](including adjournment)

**Mr. Speaker :** I now take up the next business - Laying of Ordinances.

## LAYING OF ORDINANCES

### The Burdwan University (Temporary Supersession) (Second Amendment) Ordinance, 1980.

**Dr. Kanailal Bhattacharya :** With your permission, Sir, I beg to lay the Burdwan University (Temporary Supersession) (Second Amendment) Ordinance, 1980 (West Bengal Ordinance No.XI of 1980, under article 213(2)(a) of the Constitution of India.

### The North Bengal University (Temporary Supersession) (Second Amendment) Ordinance, 1980.

**Dr. Kanailal Bhattacharya :** With your permission, Sir, I beg to

*lay the North Bengal University (Temporary Supersession) (Second Amendment) Ordinance, 1980 (West Bengal Ordinance No.XII of 1980), under article 213(2)(a) of the Constitution of India.*

**The Kalyani University (Temporary Supersession (Second Amendment) Ordinance, 1980.**

**Dr. Kanailal Bhattacharya** : With your permission, Sir, I beg to lay the Kalyani University (Temporary Supersession) (Second Amendment) Ordinance, 1980 (West Bengal Ordinance No.XIII of 1980), under article 213(2)(a) of the Constitution of India.

**The Bengal Money-lenders (Amendment) Ordinance, 1981.**

**Shri Hashim Abdul Halim** : Sir, I beg to lay the Bengal Money-lenders (Amendment) Ordinance, 1981 (West Bengal Ordinance No.I of 1981), under article 213(2)(a) of the Constitution of India.

**The Berhampore Electric Supply Company Limited (Undertaking) Acquisition Ordinance, 1981.**

**Dr. Ashok Mitra** : With your permission, Sir, I beg to lay the Berhampore Electric Supply Company Limited (Undertaking) Acquisition Ordinance, 1981 (West Bengal Ordinance No.II of 1981), under article 213(2)(a) of the Constitution of India.

**The Barakar Electric Supply Installations (Acquisition) Ordinance, 1981.**

**Dr. Ashok Mitra** : With your permission, Sir, I beg to lay the Barakar Electric Supply Installations (Acquisition) Ordinance, 1981 (West Bengal Ordinance No.III of 1981), under article 213(2)(a) of the Constitution of India.

## LAYING OF REPORTS

**The Annual Report of the West Bengal Essential Commodities Supply Corporation Limited for 1978-79**

**Dr. Kanailal Bhattacharya** : Mr. Speaker, Sir, with your permission I beg to lay the Fifth Annual Report of the West Bengal Essential Commodities Supply Corporation Limited for the year 1978-79.

**The Annual Report and Accounts of the West Bengal Industrial Development Corporation Limited for 1979-80**

**Dr. Kanailal Bhattacharya** : Mr. Speaker, Sir, I beg to lay the

*Thirteenth Annual Report and Accounts of the West Bengal Industrial Development Corporation Limited for the year 1979-80.*

(At this stage the House was adjourned till 3.35 p.m.)

[3-35 — 3-40 p.m.](After adjournment)

## DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঘনায়মান সর্বভারতীয় এবং রাজ্যের সার্বিক সঙ্কটের প্রেক্ষাপটে মাননীয় রাজ্যপাল মহাশয় এই বিধানসভা কক্ষে যে ভাষণ পাঠ করেছেন এবং সেই ভাষণের যে কপি আমাদের মধ্যে বিতরণ করা হয়েছে সেই ভাষণ পাঠ করে অনেকের মতন আমিও অত্যন্ত নিরাশ হয়েছি। স্যার, এটা হচ্ছে চতুর্থ বাজেট সেশন ৩।। বছরের উপর বামফ্রন্ট সরকার পূর্ণ কর্তৃত্ব নিয়ে বিপুল সংখ্যাগরিষ্ঠতা নিয়ে দেশের শাসন চালাচ্ছেন এবং প্রভূত সুযোগ তারা পেয়েছেন তাদের প্রতিশ্রুতি রূপায়ণে তাই আশা করেছিলাম এবারের রাজ্যপালের বক্তব্যের মধ্যে একটা দৃঢ় প্রত্যয়, একটা বিশ্বাস এবং আগামী দিনের একটা উজ্জ্বল ভবিষ্যতের ইঙ্গিত, আভাষ তারা দেবেন কিন্তু আশ্চর্য হলাম এই দেখে যে এত সুযোগ থাকা সত্ত্বেও, এত পাশব সংখ্যাগরিষ্ঠতা নিয়ে দেশের শাসন পরিচালনা করা সত্ত্বেও সরকার একটি সম্পূর্ণ আত্মরক্ষামূলক বা ডিফেন্সিভ ভাষণ রাখলেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ট্রেজারি বেঞ্চের মাননীয় সদস্যদের, বামফ্রন্টের মাননীয় সদস্যদের তথা সমগ্র হাউসের মাননীয় সদস্যদের খুব সবিনয়ে স্মরণ করিয়ে দিতে চাই যে, আগামি দিনে ভারতবর্ষে দারুন একটা সঙ্কট আসছে। গণতন্ত্র দারুণ একটা অগ্নি পরীক্ষার সম্মুখীন হতে চলেছে। ভারতবর্ষে সাংবিধানিক গণতন্ত্র থাকবে কিনা, ক্যাবিনেট প্রথার শাসনব্যবস্থা থাকবে কিনা, না, তার জায়গায় এক পার্টির শাসন সর্বভারতীয় ক্ষেত্রে কি রাজ্যের ক্ষেত্রে প্রতিষ্ঠিত হবে, না সেখানে প্রেসিডেন্সিয়াল ফর্ম অব গভর্নমেন্ট হবে—ভারতবর্ষের যুক্তরাষ্ট্রীয় কাঠামোকে ভেঙে চুরমার করা হবে কিনা সেই গুরুত্বপূর্ণ প্রশ্ন সামনে রয়েছে। কিন্তু আশ্চর্য হলাম এই অবস্থায়ও রাজ্যপাল মহাশয় তার ভাষণের মধ্যে যে ভাষণ মন্ত্রিসভারই বক্তব্যের প্রতিফলন কোনও রাজনৈতিক বক্তব্য রাখলেন না। রাজ্যপালের এই ভাষণ তার ব্যক্তিগত ভাষণ নয় এটা আমরা সকলেই জানি। আমরা জানি, সরকারের বক্তব্যই তিনি বলেন, তিনি মাউথ পিস মাত্র। সুতরাং আমরা আশা করেছিলাম, সরকারপক্ষের রাজনৈতিক বক্তব্য এতে স্থান পাবে। এই ভাষণের মধ্যে দেশের যে ঘূণায়মান অর্থনৈতিক সঙ্কট তার একটু উল্লেখ আছে মাত্র। বলা হয়েছে "ডিপনিং ইকনমিক ক্রাইসিস" বলা হয়েছে "মাউনটিং আনএমপ্লয়মেন্ট"-এর কথা, বলা হয়েছে "এসকালেশন অব প্রাইসেস অব এসেনসিয়াল কমোডিটিস"-এর কথা বলা হয়েছে আইনশৃঙ্খলার কথা। কিন্তু সবকিছু বলেও যেন বলা হল না যে এই সমস্ত কিছু এমন একটা পরিবেশের মধ্যে গিয়ে পৌঁছেছে যে সরকারের আয়ত্বের মধ্যে বা নিয়ন্ত্রণের মধ্যে সবকিছু নয়। এ তো প্রকারান্তরে অ্যাবডিকেশন অব পাওয়ার, অ্যাবডিকেশন অব রেসপনসিবিলিটি হয়ে দাঁড়াচ্ছে। দায়িত্ব পরিহার করবার বা পালিয়ে যাবার একটা মনোভাব, এসকেপিস্ট মনোভাব এই ভাষণের মধ্যে ফুটে উঠেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্য সরকারের জবরদস্ত মন্ত্রীরা যেসব বড় বড় প্রতিশ্রুতি দিয়েছিলেন সেগুলি

আমরা শুনেছি গত কয়েক বছর ধরে। এখন তারা তাদের প্রতিশ্রুতি পালনে কতটা সক্ষম হয়েছেন সেটা দেখা যাক। প্রথমেই মাননীয় মুখ্যমন্ত্রীর কথায় আসি। মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বসু মহাশয় তিনি তো শুধু মুখ্যমন্ত্রী বলে পরিচিত নন বাংলাদেশের এই বিধানসভার তিনি সবচেয়ে প্রবীণ সদস্য। আমি যবে থেকে এই সভার সদস্য আছি তার বহু আগে থেকেই তিনি এই হাউসের সদস্য কিন্তু একটা জিনিস অদ্ভুত লাগছে। যিনি বিরোধী দলের নেতা হিসাবে পশ্চিমবাংলার ততকালীন প্রতিষ্ঠিত সরকারের বিরুদ্ধে আন্দোলনে বিরাট একটা ভূমিকা নিয়েছিলেন, আজকে তিনি মুখ্যমন্ত্রী। তিনি যখন বিরোধীপক্ষে ছিলেন তখন প্রত্যেকটি সমস্যা সমাধানের কথা বলতেন। when he was under of the opposition, to him, every problem had a solution; but as soon as he is voted to power, installed in the office of the Chief Minister, the leader of the House, he does not find solution to the problem, but finds problem to every solution এ একই অদ্ভুত জিনিস দেখছি। কেন্দ্রেও দেখেছি যে এই জনতা সরকারকে চক্রান্ত করে ভাঙবার পর, আজকে যিনি প্রধানমন্ত্রী, তিনি বলেছিলেন যে এমন একটা নির্বাচনের মাধ্যমে সরকার গড়তে হবে যে সরকার শাসন চালাতে পারবে। a Government that will govern, a Government that will function a Government that will work. আজকে আমরা কি দেখছি কেন্দ্রে? এখানে সরকার আছে কিন্তু কোনও প্রশাসন আছে? It is a Government without governance কেন্দ্রীয় বর্তমান শাসকের কোনও সুস্পষ্ট নীতি, আদর্শ শৃঙ্খলা আছে? কোনও প্রশাসন নেই। সমস্ত কিছু দায়-দায়িত্ব জনতা সরকারের ঘাড়ের উপর ছেড়ে দেওয়া হয়েছে। এ একটা অদ্ভুত অ্যালিবি people are fed up and sick of hearing the Janata alibi. এটা ভুলতে পারেনা জনতা সরকার দ্রুত মৌল স্বাধীনতা, ও গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠিত করেছিল। যুক্তরাষ্ট্রীয় সংবিধানিক ব্যবস্থাকে পূর্ণ মহিমায় প্রতিষ্ঠিত করেছিলেন। শাসনের মধ্যে, ২৮ মাসের শাসনের মধ্যে জনতা সরকারের শাসনের সময় ছিল ২৮ মাস। ভারতবর্ষের ৩০ বছর স্বাধীনতা প্রাপ্তির পরে এই জনতা সরকারের আমলেই প্রথম কোনওরকম "প্রিভেনটিভ ডিটেনশন" আইন না রেখে তারা সরকার-এর শাসন চালিয়েছিলেন। আজকে আমরা সিকিউরিটি অ্যাক্ট দেখছি, অভ্যন্তরীণ নিরাপত্তা আইন আমরা দেখছি যে, প্রধানমন্ত্রী বলছেন যে না, না তো আমি বলিনি যে সরকারের ধাঁচ পাল্টানো যাবে, ক্যাবিনেট প্রথা পাল্টে সেখানে রাষ্ট্রপতির শাসন কায়েম হবে। কিন্তু বিতর্ক চলুক, আলোচনা চলুক, "লেট পাবলিক ডিবেট কন্টিনিউ।" কিন্তু পরিবর্তনের প্রয়োজন যদি না থাকে তাহলে গণ বিতর্ক চলার কথা বলার অর্থ কি? এসব বিতর্ক সৃষ্টির পেছনে নিশ্চয়ই একটা বিশেষ উদ্দেশ্য আছে তাহলে। আর এক দিকে মোড় নেবার চেষ্টা হচ্ছে। সেই সঙ্কট সম্পর্কে দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে, রাজ্য সরকারের সবচেয়ে বড় শরিক বিশেষ করে যাদের উপর দায়িত্ব সব থেকে বেশি তারা ব্যর্থ হয়েছেন। এই বিষয়ে সরকারকে একজন স্বাধীন দেশের নাগরিক হিসাবে, একজন গণতন্ত্রে বিশ্বাসী মানুষ হিসাবে বারবার হুঁশিয়ার করে দেবার প্রয়োজন আছে বলে মনে করি।

মাননীয় মুখ্যমন্ত্রী বিরোধী দলের নেতা হিসাবে যত সাফল্য অর্জন করেছিলেন সেটা নিঃসন্দেহে একটা গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিলেন। কিন্তু আজকে রাজ্যের মুখ্যমন্ত্রী হিসাবে ততটা ব্যর্থতারই পরিচয় মুখ্যমন্ত্রী শ্রী বসু দিয়েছেন। আজকে এ কথা আমাকে বলতে হচ্ছে

কারণ মাননীয় মুখ্যমন্ত্রী ৩টি মূল দপ্তর নিয়েছেন - বিদ্যুৎ, সাধারণ প্রশাসন এবং পুলিশ। আমি ক্রীড়া বিভাগের কথা ছেড়ে দিচ্ছি। আমাদের সমগ্র পশ্চিমবাংলার বিদ্যুৎ কেন্দ্রগুলিতে টোটাল ইনসটলড ক্যাপাসিটি যা তার ৫০ শতাংশ বিদ্যুৎও উৎপাদন করার ব্যবস্থা ৩।। বছরে করা হয়নি। আপনি দেখুন, এই বক্তৃতার মধ্যে আছে যে আমাদের ব্যান্ডেল প্রোজেক্ট এগিয়ে যাচ্ছে, ফিফথ ইউনিট চালু হবে। আমার এখানে সন্দেহ আছে, মাননীয় মুখ্যমন্ত্রী পরে বলতে পারবেন ১৯৮২ সালেও পঞ্চম ইউনিট-টি চালু হবে কিনা-সে বিষয়ে আমার সন্দেহ আছে। যে প্ল্যান্টের ক্যাপাসিটি ৮০ মেগাওয়াট সেখানে ৬৫ মেগাওয়াটও উৎপন্ন কি করে সম্ভব হবে? যেখানে সন্ত্রাস, দলবাজি, মারামারি ইউনিয়নবাজি, চরম বিশৃঙ্খলা সেখানে কি সম্ভব? হতে পারে না। নকশালপন্থী নেতা ট্রেড ইউনিয়ন করেন তাকে শাস্তি দেওয়া হল। কিন্তু সি.আই.টি.ইউ নেতা যারা তারা যখন উৎশৃঙ্খলতা করেন তখন কিছু হয়না। এ এক চরম পক্ষপাতিত্ব, অন্য দলগুলিকে দাবিয়ে দিয়ে সি.পি.এম দলের প্রভাব বৃদ্ধি করাই উদ্দেশ্য। হলদিয়ায় যে উৎশৃঙ্খলতা হল তার জন্য কোন ব্যবস্থা নেওয়া হয়েছে? এই হলদিয়ার ব্লক উন্নয়ন প্রকল্পকে কেন্দ্র করে কতইনা আপনাদের স্বপ্ন। সেখানে অফিসাররা অ্যাসলটেড হলেন। মারধর করার ফলে আক্রান্ত অফিসাররা হাসপাতালে গেলেন। তাদের বাড়ির মেয়েরা বললেন যে আমাদের স্বামীদের অফিসে পাঠাতে সাহস হয়না। তাদের নিরাপত্তা নেই। এর চেয়ে অসহায় চিত্র আর কি হতে পারে? সাঁওতালদিতে যান সেখানে ইউনিয়নে ইউনিয়নে সংঘর্ষ দেখবেন। ব্যান্ডেলে যান সেখানে দেখবেন যে সিকিউরিটি গার্ড তার সাধ্য নেই সিকিউরিটি গার্ড হিসাবে কার্ড চেক করার। এইভাবে কি প্লান্ট চলতে পারে? অথচ ব্যান্ডেলে যে মেশিন আছে সেটা ভারতবর্ষের মধ্যে শ্রেষ্ঠ মেশিন। ব্যান্ডেল, সাঁওতালদি বিভিন্ন ইউনিটে দক্ষ ইঞ্জিনিয়ার রয়েছেন, দক্ষ অপারেটর রয়েছেন, দক্ষ মেশিনম্যান রয়েছেন, দক্ষ কর্মচারী রয়েছেন, তা সত্ত্বেও একটু একটু করে অন্ধকারের দিকে এগিয়ে যাচ্ছে। এগুলি বন্ধ করা যায় না? এখনও কি সময় নেই, এখনও কি সরকার এর বিরুদ্ধে দাঁড়াতে পারেন না এবং সকলের সহযোগিতা নিতে পারেন না? আজকে বিভিন্ন ক্ষেত্রে সরকার ব্যর্থ। দেশের মানুষের কাছে মেগাওয়াটের ধারাপাত রোজনামচা হিসাবে মুখস্ত করা ছাড়া উপায় নেই। আজকে সকাল বেলায় কাগজে দেখছিলাম যে শীতের মধ্যেও ৭৫ মেগাওয়াট ঘাটতি। গতকাল গিয়েছে ৮০ মেগাওয়াট ঘাটতি। এই মেগাওয়াটের নামতা মুখস্ত করা আর কতদিন চলবে? পশ্চিমবাংলার সাধারণ মানুষ, কৃষক, শ্রমিক, ছাত্র-ছাত্রি মেহনতি মানুষ কিভাবে এই লোড শেডিং নামক দারুণ দানবীয় শক্তির বিরুদ্ধে প্রতিদিন যুদ্ধ করে যাবে? এটা করা সম্ভব নয়। সুতরাং বিদ্যুতের ক্ষেত্রে সরকার সম্পূর্ণ ব্যর্থ হয়েছেন। ফলে শিল্প ও কৃষিজ সম্পদের উৎপাদন দারুণভাবে বিপর্যস্ত। নূতন চাকুরির সৃষ্টি হচ্ছে না। অর্থনীতি ধুকছে।

পুলিশ প্রশাসন সম্পর্কে বেশি না বলাই ভাল। অন্যান্য মাননীয় সদস্যারা বলবেন, এমন কি ট্রেজারি বেঞ্চের বহু নামি-দামি সদস্যারা পর্যন্ত বহু তথ্য ভিত্তিক বিবৃতি রাখবেন। আমি তাদের জিজ্ঞাসা করছি, এই কি পুলিশ প্রশাসন? আজকেও আর.এস.পি.-র একজন সদস্য বললেন সুন্দরবন অঞ্চলে তাদের দলের দু'জনকে খুন করা হয়েছে। কারা খুন করছে, কেন খুন করছে, সেটা বড় কথা নয়। প্রশ্ন হচ্ছে খুন হল কেন? পুলিশ কেন কিছু করতে পারছে না? স্যার, আপনি আইনবিদ হিসাবে জানেন যে, আগের কালে প্রত্যেক থানায় একটা করে

"রাফ রেজিস্টার" থাকত। তাতে সেই থানার সমস্ত অ্যান্টি সোসালদের, ক্রিমিনালদের একটা তালিকা থাকত। তাদের কাজকর্ম গতিবিধির উপর নজর রাখা যেত। কিন্তু বর্তমানে পুলিশ সেসব বাতিল করে দিয়েছে। আজকে রাজনৈতিক প্রভাবে, রাজনৈতিক নেতৃত্বের অনুপ্রবেশের ফলে, পলিটিক্যাল দাদাদের হস্তক্ষেপের ফলে পুলিশ প্রশাসন সম্পূর্ণ নিষ্ক্রিয় হয়ে গেছে। এই তো কয়েক মাস আগে ইসলামপুরে এত বড় মর্মান্তিক ঘটনা ঘটে যাবার পরে মাননীয় মুখ্যমন্ত্রী বিধান সভায় বলেছিলেন দোষি ব্যক্তিদের ওখান থেকে অন্য জায়গায় সরিয়ে দেওয়া হবে। সেদিন আমরা তার বক্তৃতাকে স্বাগত জানিয়েছিলাম। সরকার থেকে বলা হয়েছিল দোষি ব্যক্তিদের দিনাজপুর থেকে অন্য জায়গায় সরিয়ে দেওয়া হবে। কিন্তু পরবর্তীকালে আমরা কি দেখলাম? সেই সমস্ত আপাত প্রতীতি মত দোষি ব্যক্তিরা বলছে, "পাদমেকং ন গচ্ছামি", "আমরা অন্য কোনও জায়গায় সরব না" শ্রী নিরুপম সোম, যিনি একজন দক্ষ পুলিশ অফিসার, পুলিশ কমিশনার হবার পর কলকাতার পুলিশ প্রশাসনকে সক্রিয় করতে সচেষ্ট হয়েছিলেন। কিন্তু তিনিও থমকিয়ে গেলেন, বাধা এল। নিরপেক্ষভাবে কাজ করা সম্ভব নয়। দক্ষ অফিসার হিসাবে পুলিশ প্রশাসন যারা চালাতে পারেন তারা কি যোগ্য মর্যাদা পাচ্ছেন? তাদের বাদ দিয়ে আজকে আই.জি. করে এ রাজ্যে আনা হল কাকে, না যিনি ত্রিপুরায় আই.জি. ছিলেন। সম্প্রতি ত্রিপুরায় যে 'ম্যাসাকার' গণহত্যা ঘটে গেল, এত বড় যে একটা ঘটনা ঘটে গেল, বড় বড় পত্র-পত্রিকায় যে ঘটনাকে বলা হয়েছে "ওয়ান অফ দি বিগেস্ট কার্নেজিস অফ হিস্ট্রি",-সেই ঘটনা ঘটার সময়ে যিনি ত্রিপুরায় আই.জি. ছিলেন তাকে ত্রিপুরার মতো ছোট রাজ্য থেকে বাংলার মতো বড় এবং সমস্যা সঙ্কুল রাজ্যের আই.জি. করা হল। আই অ্যাম নট ভেরি মাচ অপটিমিসটিক অ্যাবাউট দিস আই.জি.। আজকে মূল কথা হচ্ছে পুলিশ প্রশাসন ব্যর্থ হয়েছে। রাস্তা-ঘাটে সমাজ-বিরোধীরা মারামারি করছে, বোমা ছোড়াছুড়ি করছে, বোমা, রিভলবার পাইপ গান নিয়ে আক্রমণ পাল্টা আক্রমণ চলছে বিভিন্ন জায়গায়। দিবালোকে থানা আক্রান্ত হচ্ছে। এই কি সভ্য দেশ? এরনাম আইনের শাখা? তাই আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে বলতে চাই যে জার্মানি, রাশিয়া, ইটালি প্রভৃতি প্রতিটি দেশ একথা মেনে নিয়েছিল যে, যদি গণতন্ত্র থাকে তবেই সাম্যের লড়াই সম্ভব। এই গণতান্ত্রিক পরিবেশ বা গণতান্ত্রিক বাতাবরণ বলতে আমরা বুঝি, with religious scrupulousness have to absorb democratic norms and values which are imperishable তিক্ত অভিজ্ঞতার পটভূমিকায় আমাকে দুঃখের সাথে বলতে হচ্ছে যে, গোটা পশ্চিমবাংলায় পুলিশ প্রশাসন ব্যর্থ হয়ে গেছে। আজকে গ্রামে গ্রামে ডাকাতি হচ্ছে এমনকি পুলিশের নামে—পুলিশের পোষাক পরে, পুলিশের পরিচয়ে ডাকাতি হচ্ছে। পুলিশের নাম করে মানুষের কাছ থেকে পয়সা নেওয়া হচ্ছে। ট্রেনে ডাকাতি হচ্ছে, রাস্তাঘাটে খুন, লুঠ ডাকাতি হচ্ছে। সর্বত্র সন্ত্রাস ভীতি ও আতঙ্কের পরিবেশ। পুলিশ দেখেও, জেনেও কিছু করছে না। অথচ দক্ষ অফিসার, কর্মচারী তো পুলিশ বিভাগে অনেক আছেন। তবে কেন এই অবস্থা? কারণ রাজনৈতিক হস্তক্ষেপ, বাইরের চাপ, রাজনৈতিক অনুপ্রবেশ ব্যাপকভাবে ঘটেছে। এটা কি এখনই দৃঢ়তার সঙ্গে বন্ধ করা যায় না? এই সেদিন চন্দননগরে ৫ জনকে পিটিয়ে মারা হল। পুলিশের সামনেই এই ঘটনা ঘটে গেছে। পুলিশকে নিষ্ক্রিয় ও অপদার্থ দেখে হতাশ ক্ষিপ্ত মানুষ আইন-শৃঙ্খলার দায়িত্ব নিজেদের হাতে নিচ্ছে। তারা বুঝেছে পুলিশ কিছু করতে পারবে না। এটা একটা ভয়াবহ অবস্থা। কোথাও ডাকাত-সমাজ বিরোধীদের চোখ অন্ধ করে দিচ্ছে,

কোনও জায়গায় জনগণ ডাকাতদের পিটিয়ে মেরে ফেলছে, দে আর বিইং হ্যাকড টু ডেথ।

কেউ যদি অপরাধ করে তাহলে পুলিশ তাকে ধরবে না। আর যদি পুলিশ ধরেও এবং ধরে যদি ফার্স্ট ইনফরমেশন রিপোর্ট দিয়ে মামলা রুজু করে তাহলেও মামলা প্রত্যাহৃত হবে। যদি মাননীয় বিচারক মামলা প্রত্যাহারের পক্ষে অনুমতি না দেন, যদি মাননীয় বিচারপতি দোষিকে শাস্তি দেন তাহলে শাস্তি মকুব করা হবে। যদি সরকার শাস্তি মকুব না করেন এবং যদি অপরাধীকে আদালতের রায়ের ভিত্তিতে জেলে পাঠান হয় তাহলে গভর্নর বা প্রেসিডেন্ট তাকে পার্ডন বা মুক্তি দেবেন এবং সে বাইরে বেরিয়ে আসবে। এই যদি আইন-শৃঙ্খলার অবস্থা হয় তাহলে গণতান্ত্রিক ব্যবস্থা কি করে বজায় থাকবে? এই সমস্ত গুরুতর প্রশ্নের কোনও উত্তর আমরা এই ভাষণের মধ্যে পাইনি। গণতন্ত্রে বিভিন্ন মতাবলম্বিকে সহ্য করতে হবে, শ্রদ্ধা করতে হবে। আমি গত সাড়ে তিন বছরের মধ্যে 'রাইটার্স' বিল্ডিংস-এ খুব কমই গিয়েছি। তথাপি এটা আমি স্বীকার করছি যে, সেখানে বা অন্যত্র যখন আমি মন্ত্রীদের সঙ্গে আলোচনা করেছি তখন অনেক মন্ত্রীই ব্যক্তিগতভাবে আমার সঙ্গে আলোচনা করেছেন এবং যখন কোনও প্রস্তাব নিয়ে গিয়েছি তখন তারা অনেকেই বলেছেন যে, "হ্যাঁ, এটা করা উচিত বা এটা করা হবে।" কিন্তু আজকে জেনারেল অ্যাডমিনিস্ট্রেশনের অবস্থা কি? সেই সমস্ত প্রতিশ্রুতির কি পরিণতি হচ্ছে? There was a sing of sincerity at the top and I felt convinced about it every time I went to writers' Buildings to discuss with Minister Health public importance But there was no followup action. স্যার, অথচ মন্ত্রীদের সিদ্ধান্তমতো অনুসারে নিচের তলার এক শ্রেণীর কর্মচারী, অফিসার আদৌ কাজ করছেন না। প্রশাসনের ওপর তলায় যারা আছেন তারা এগুলো খতিয়ে দেখছেননা। একটা আত্মসন্তুষ্টির ভাব লক্ষ্য করছি। "জনমতের ভোটে এসেছি- জনগণ আমাদের পেছনে আছেন" এই অহমিকার ভাব পেয়ে বসেছে শাসকদলের শরীকদের। বিশেষ করে বড় শরীক দলকে। আমি অনেক নাম করা আই.সি.এস অফিসারদের দেখেছি। আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে বলছি, তিনি অভিজ্ঞ ব্যক্তি, দীর্ঘদিন ধরে বহু সংগ্রামের সাথে জড়িত ছিলেন আমি জিজ্ঞাসা করছি, তার অতীত অভিজ্ঞতার সাথে বর্তমান অভিজ্ঞতার বিরাট ব্যবধান নেই? অতীতে আমরা কি দেখেছি, যেমন ধরুন রংপুরের জেলা ম্যাজিস্ট্রেট (আই.সি.এস.) তিনি রাইটার্স বিল্ডিংস-এ বদলি হয়ে এসেছেন। আর মফস্বল জেলার দায়িত্ব নিয়ে যান না। ফলে সেইসব অফিসারের প্রশাসনিক দক্ষতা গুরুত্বপূর্ণ জটিল জরুরি মোকাবিলা করার দক্ষতা কমে যায়। আবার কিছুকাল পরে তাকে অন্য জেলায় বদলি করা হয়েছে। এখন একবার কলকাতায় বদলি হয়ে এলে কোনও অফিসার এইভাবে যদি একবার মফস্বল থেকে রাইটার্স বিল্ডিংস এবং রাইটার্স বিল্ডিংস থেকে মফস্বলে ঘোরানো যায় তাহলে তারা অভিজ্ঞতা নিয়ে যেতে পারেন। এতে করে সেন্স অফ ডিসিপ্লিন আসবে, সেন্স of direction, sense of purpose, sense of dedication, sense of devotion to duty, sense of devotion to constitutional values and constitutional procedure will develop. মালিকানার অভিজ্ঞতায় সমৃদ্ধ হয়ে জেলায় জেলায় গেলে সাধারণ মানুষ অনেক আশ্বস্ত বোধ করবেন। এগুলি আসবে। এই যে সমস্ত আই.এ.এস. এবং ডব্লুবি.সি.এস অফিসাররা বিভিন্ন জেলায় নিযুক্ত হচ্ছেন এদের কতটুকুই বা অভিজ্ঞতা? আমি তাদেরকে কোনও দোষ দিই না। বেশকিছু কাল ধরে আই.এ.এস. এবং ডব্লু.বি.সি.এসদের, মধ্যে ঠান্ডা

যুদ্ধ চলছে। আজকে পজেটিভ স্টেপ নিতে হবে টু স্টপ cold-war which is going on between IAS and WBCS officers ? আজকে আমি বলতে চাই Brilliant officers are there among the WBCS. Can't we help them to scale up the ladder? Why can't we have a system where WBCS officers can become Additional Secretary or Jt. Secretary and are bracketted along with IAS officers of the state ? When other states have taken positive step in this direction why can't West Bengal Government, and particularly my esteemed friend, the Leader of the House, take a leaf out of the history of other states in India ? মাননীয় অর্থমন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি, আগে তো আপনারা যুদ্ধ ঘোষণা করেছিলেন কেন্দ্রের বিরুদ্ধে, আজকে কোথায় সেই যুদ্ধং দেহি মনোভাব? রাজ্যপালের ভাষণের মধ্যে কোনও জায়গায় তো সেন্টার-স্টেট রিলেশন, রি-অরিয়েনটেশন অফ সেন্টার-স্টেট রিলেশানস-এর নামে ওয়ার ক্রাই দেখছি না? প্রাক্তন প্রধানমন্ত্রী মোরারজী দেশাই-এর আমলে তো এই জিনিস ছিল আর এখন রনং দেহি মনোভাব কি উবে গেল? কারণ কি? কারণ হচ্ছে, কেন্দ্রে আজকে যেহেতু দশ-ভূজা বিরাজ করছেন সেইজন্য আপনারা ভাবছেন সবার উপরে গদিই সত্য, তাহার উপরে নাই। আমি সদ্য অনুষ্ঠিত আপনাদের জনতা দলের ন্যাশনাল কনফারেন্সে বলেছিলাম, কেন্দ্র যদি রাজ্যের প্রতি অগণতান্ত্রিক মনোভাব নেয় তাহলে আমরা প্রতিবাদ করব এটা আমি বলেছিলাম। আপনারা অতীতে বারবার এইসব কেন্দ্র-রাজ্য লড়াইয়ের কথা বলেছেন। ১৯৭৮ সালের এই মাননীয় রাজ্যপালের ভাষণ আমার কাছে আছে, ১৯৭৯ ও ১৯৮০ সালের ভাষণও আমার কাছে আছে। প্রত্যেকবারের ভাষণেই এইসব কথা বলা হত, কিন্তু আজ কই সেসব কথা? আমার জিজ্ঞাসা, এইসব কেন্দ্র রাজ্য বিতর্কের সমস্যার সমাধান কি তাহলে হয়ে গেছে? কেন উল্লেখ করলেন না? মোরারজী দেশাই যখন বলেছিলেন, আপনারা বন্যাত্রাণের গণবন্টনের ফুড অফার ওয়ার্কের ব্যাপারে হিসাব দিন তখন আপনারা বলেছিলেন, "না"। আপনারা সেদিন আমাদের সর্বদলীয় কমিটি গঠনেরও প্রস্তাব মানেননি। কিন্তু এখন কেন্দ্র বলছেন, "ফুড ফর রুর‍্যাল এমপ্লয়মেন্ট স্কীম আমরা দিচ্ছি।" "ফুড ফর ওয়ার্কার-এর প্রকল্পের বদলে আপনারা রাজ্যপালের ভাষণে বলছেন, "আমরা মেনে নিতে রাজি আছি কেন্দ্রীয় সরকারের নূতন প্রস্তাব। কিন্তু কাগজে পড়ছি মাননীয় মুখ্যমন্ত্রী ও অর্থমন্ত্রী মহাশয় বলছেন," এই প্রস্তাব আমরা মানতে পারি না কেননা কেন্দ্র বলছেন শতকরা ৫০ ভাগ হিসাব আগে দিতে হবে তবে তোমরা গম বা টাকা পাবে। আমরা হিসাব তো দিয়েছি। মিথ্যা অভিযোগ এসব"।

এ আমরা মানতে পারিনা। "এখন বর্তমান কেন্দ্রীয় সরকার বলেছেন" নতুন করে জেলা স্তরে সর্বদলীয় কমিটি করতে হবে। তার চেয়ারম্যান পঞ্চায়েত সদস্য হবেন না, হবেন জেলা শাসক। "আপনারা" বলছেন এ আমরা মানতে পারিনা।"

হিসাব দেবনা, খরচা করব এ হতে পারে? এই কারণেই তো আপনারা বড় বড় কলেজ স্কুলের ম্যানেজমেন্ট নিয়ে নিয়েছেন। জনতার কোন পঞ্চায়েত, কংগ্রেস বা অন্য দলের নেতৃত্বাধীন পরিচালিত কোনও পঞ্চায়েত যদি ইচ্ছামতো পার্টিবাজি, দলবাজি করে এবং

গরিবের কর্মসংস্থান, গ্রামীণ কর্মসংস্থান এবং গ্রামীন সম্পদ সৃষ্টির দিকে পদক্ষেপ না নেয় এবং তার কাছে হিসেব চাইলে যদি পঞ্চায়েত প্রধান বলেন যে না, না, হিসেব দিতে পারব না আমরা যা চাই তা দিতে হবে, আলবাত দিতে হবে,-এ তো হবে মামার বাড়ির আবদার। তার পরের দিনই মাননীয় মুখ্যমন্ত্রী এবং তার সরকার নিশ্চয় তাকে বলবেন যে "পদত্যাগ করুন।" পঞ্চায়েত সম্বন্ধে বলেছেন যে সেন্ট্রাল নূতন নূতন অজুহাত দিচ্ছেন, ফতোয়া দিচ্ছেন, দুর্নীতি হয়েছে, অপব্যায় হয়েছে। হিসেব নেই, কাজের ঠিক নেই, এগুলি ঠিক নয়। মন্ত্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় মহাশয়কে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি, অজস্র ধন্যবাদ জানাচ্ছি, He has taken the people of West Bengal into confidence, particularly the Member of the Legislative Assembly, by admitting some lapses and irregularities, mal-practices committed by large number panchayats.

পাবলিকলি তিনি বলেছেন এবং রিপোর্ট দিয়েছেন। সেই রিপোর্টে কি বলেছেন সেই রিপোর্টে দেখা যাচ্ছে যে ৪০০ গ্রাম পঞ্চায়েতে হিসাবে গরমিল হয়েছে। এক হাজার গ্রাম পঞ্চায়েতে কাজের বদলে খাদ্যের জন্য যে গম বিলি করেছে তারা বলেছেন যে তার মধ্যে ৬৫০টি পঞ্চায়েতের বিরুদ্ধে অভিযোগ রয়েছে। অনেক গ্রাম পঞ্চায়েতের প্রধানকে আপনাদের সরকার অ্যারেস্ট করেছেন। কই ভাষণের মধ্যে এ কথা তো নেই?

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবারে আসা যাক অর্থনৈতিক পরিস্থিতি সম্পর্কে। অর্থনৈতিক সঙ্কট সম্পর্কে রাজ্যপালের বক্তব্য সম্পর্কে আলোচনা করা যাক। বামফ্রন্টের শরিক যারা রয়েছেন তাদের কাছে আমি বিবেচনার জন্য আবেদন করছি, দেখুন স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনে ভাড়া বাড়ছে, এতে মানুষের বিক্ষোভ হচ্ছে। কিন্তু স্যার আপনি তো জানেন যে গত সাড়ে তিন বছরে ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট ১৮ কোটি টাকার উপর লোকসান হয়েছে। তার উপর আবার ভাড়া বেড়েছে। ট্রাম কোম্পানির শতবর্ষে ঘড়ি উপহার দিলেন পরিবহন মন্ত্রী আমি ডাঃ মিত্র অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানাই। অর্থমন্ত্রী রূপে As conscience Keeper of the tax-payers of this state he had at least raised his voice of protest against this move. তিনি বলেছিলেন "এটা হতে পারে না।" মুখ্যমন্ত্রীও বলেছিলেন "এটা করা যায় না।" শতবর্ষে ট্রাম কর্মীদের একটা করে এইচ.এম.টি. ঘড়ি দেওয়া হবে; তারজন্য ১৮ লাখ টাকা ব্যয় হবে। কিন্তু বিভাগীয় মন্ত্রী কথা দিয়েছেন। ভদ্রলোকের এক কথা, অতএব কথাটা রাখতে হবে। ১৮ লাখ টাকা ট্রাম কর্মীদের খুশি করতে দেওয়া হল। এটা সোস্যালিজম, এটা লেফটইজম? এতো নিছক নিক্রিষ্ট ধরণের পাইয়ে দেবার রাজনীতি। পাইয়ে দেবার রাজনীতির উপর ভিত্তি করে অনেকে এগিয়ে যায় ঠিকই সাময়িক অনায়াস লভ্য জনপ্রিয়তার মধ্যে এ সরকারকে গ্রাস করেছে। short term popularity and long-term popularity are two distinct and different concept. If you are after short-term popularity you are bound to lose in the end. If you are after long-term popularity, in the immediate future you may not succeed but in the ultimate analysis success is bound to come to you. আপনারা শুধু পাইয়ে দেবার দিকে যাচ্ছেন। এই সস্তায় জনপ্রিয়তা লাভের পথ চলার বিপদ অনিবার্য। প্রথমত, পাইয়ে দিলে যাদের পাইয়ে দেওয়া যায় তারা খুব খুশি হয়, আর যারা পায়না তারা অখুশি, অসন্তুষ্ট হয়। দ্বিতীয়ত, একবার পেতে আরম্ভ করলে যদি পাওয়ার পথ বন্ধ হয়ে

যায় তখন না দিলে বলবে "এই সরকার ভাল নয়।" তৃতীয়ত, এভাবে যারা পেতে থাকে - তারা আরও বেশি পাবার জন্য বায়না করে। আরও বেশি না পেলে রুষ্ট হয়। এই বন্ধ্যা রাজনীতির কোনও অর্থই নেই। এ মেয়ার ইকনমিজম। ইকনমিজমের টোপ দিতে মানুষকে বেশিদিন ধরে রাখা যায় না। পরিস্থিতি ভয়াবহ। দেখুন ম্যাচিং গ্রান্ট; সরকার সাহায্য দেন। My information is that an amount of Rs.200 crores has been spent already on the panchayet development during the last 2 years. ম্যাচিং গ্র্যান্ট, সরকারি অনুদান, পঞ্চায়েতগুলির নিজস্ব আয় সব মিলিয়ে গত ২ বছরে প্রায় (২০০) দুইশত কোটি টাকা খরচ হয়েছে পঞ্চায়েতগুলি মারফত। কিন্তু সামগ্রিকভাবে পঞ্চায়েত দপ্তরের হাতে এমন কোনও রিপোর্ট নেই যাতে গ্রামাঞ্চলে এই বিপুল পরিমাণে অর্থব্যয়ের বিনিময়ে অর্থনৈতিক উন্নয়ন বৈপ্লবিক উন্নয়নের সঠিক ছবি মেলে। এখানে বিরাট ফাঁকি ও ফাঁক রয়ে গেল। এর জবাব কে দেবে? প্রতি পঞ্চায়েত তার নিজের দলের দিক দেখছে। এদের হিসাবেতেই আমরা দেখছি যে প্রায় ২০০ কোটি টাকা পঞ্চায়েতে খরচা হয়েছে। বলতে পারেন রাজ্য সরকারের কাছে তার পূর্ণাঙ্গ রিপোর্ট কি আছে। সরকারি যা রিপোর্ট সেই রিপোর্ট অনুযায়ী এই অগণিত পঞ্চায়েতে যে টাকা খরচা হয়েছে তাতে কটা গ্রামীণ স্থায়ী উন্নয়নের কাজ হয়েছে, কটা মজা খাল সংস্কার হয়েছে। সে রিপোর্ট আমাদের কাছে আসেনি। এসব কথা মাননীয় সদস্যদের কাছে আমি জিজ্ঞাসা করতে চাই। আমি জানতে চাই কোনও কোনও জেলায় কিছু পঞ্চায়েত কিছু কিছু কাজ করেছেন ঠিকই, কিন্তু তারও একটা রিপোর্ট থাকা উচিত ছিল। ৯৩ কোটি টাকা খরচ হয়েছে; তার হিসেবের কোনও রিপোর্ট নেই। অথচ খরচ হয়েছে। ফুড ফর ওয়ার্কের জন্য যে পরিমাণ খরচ হয়েছে সে পরিমাণে রাস্তা, সে পরিমাণে উন্নয়নমূলক কাজ কিছু হয়নি। অর্থনৈতিক বুনিয়াদ দুর্বল। আপনারা ডিপনিং ক্রাইসিসের কথা তানিয়ে দায়িত্ব এড়াতে চাইছেন। কেন এই ক্রাইসিস তা বলছেন না, প্রতিকারের পথও দেখাচ্ছেন না। এ পলায়নমুখী, দায়িত্বহীন মনোভাব। আপনারা কারণকে ফল হিসেবে এবং ফলকে কারণ হিসাবে দেখান। আমি জানি একটা সঙ্কট, একটা ভিসাস সার্কেল আছে। when you are in a vicious circle you have to cut the vicious circle at a point. এই দুষ্টচক্রকে কেটে তার ভিতর থেকে বার হয়ে আসতেই হবে। কিন্তু আমরা কি দেখছি? এই vicious circle থেকে বের হবার কোনও আন্তরিক চেষ্টা নেই। আমরা দেখলাম মুখ্যমন্ত্রীর উপস্থিতিতে এ রাজ্যের বড় বড় শিল্পপতি, চেম্বার অব কমার্স কথা দিলেন যে ১৬৩ কোটি টাকা এই রাজ্যে তারা বিনিয়োগ করবেন। ডেভেলপমেন্টের জন্য। কত কোটি টাকা শিল্পপতিরা বিনিয়োগ করেছেন? কিছুদিন আগে মুখ্যমন্ত্রী আক্ষেপ করে বলেছেন যে "আপনারা তো কেউ কথা রাখলেন না"। অথচ আমরা দেখছি লোড শেডিং হচ্ছে, শিল্পে অস্থিরতা অরাজকতা হচ্ছে, ছাঁটাই হচ্ছে। আমরা ইফ ইউ check and scrutinise accounts of profit and loss of all these important industries, establishments and factories you will find huge trading profits have been earned during this period of depending crisis. এ বিষয়ে ডাঃ মিত্র নিশ্চয় আমার সঙ্গে এগ্রি করবেন যে প্রডাকশন কমছে, ছাঁটাই হচ্ছে, লে-অফ হচ্ছে। একজন বড় শিল্পপতি পশ্চিমবাংলায় রাজ্যের ও রাজ্যবাসীর স্থায়ী স্বার্থরক্ষার জন্য কিছু করেনি। তারা পশ্চিমবাংলায় কারখানার শ্রমিকদের জন্য একটাও ভাল বেসরকারি হাসপাতাল, লেখাপড়া শেখবার জন্য মডেল স্কুল

করেছিল। এখানে অনেক বড় বড় ট্রেড ইউনিয়ন নেতারা আছেন, তারা বলুন পশ্চিমবাংলায় কটা বড় কারখানায় গত ৩।। বছরে নূতন এমপ্লয়মেন্ট হয়েছে। কত হাজার নূতন শ্রমিক কর্মচারী কাজ পেয়েছেন? সত্যকে অস্বীকার করার চেষ্টা করবেন না। এ বিষয়ে একটা স্টাটিসটিক্স আমি দিচ্ছি ১৯৭৮ সালে ঘোষিত শূন্য পদ সরকারি এবং আধা সরকারি সংস্থায় ছিল ৪৬ হাজারের মত; চাকুরি পেয়েছিল ১৫,৫১৮ জন। ১৯৭৯ সালে ঘোষিত শূন্যপদ ছিল ৪৪,৫৫৮। অর্থাৎ পরের বছরে প্রগ্রেস বা ডেভেলপমেন্ট এর জন্য। ১।। হাজার চাকুরি কমে গেল। ১।৯।৭৮ সালে নথীভুক্ত বেকারের সংখ্যা ছিল ১৮ লক্ষের কিছু কম। ১৯৭৯ সালে নথীভুক্ত বেকারের সংখ্যা হল ২১ লক্ষ এবং এর মধ্যে শিক্ষিত বেকার ৯ লক্ষ। পুরুষ বেকারের সংখ্যা বেড়েছে ১৮ শতাংশ করে বছরে এবং মহিলা বেকারের সংখ্যা বেড়েছে ৩২.৩ শতাংশ হারে। এর নাম কি ইকনমিক প্রগ্রেস বা ডেভেলপমেন্ট? "ডিপনিং ক্রাইসিস" বলে পাশ কাটিয়ে চলে গেলে হবে না। ইউনিয়ন-বাজি বন্ধ না করলে এই ক্রাইসিস আরও বেড়ে যাবে। শ্রমিকরা তাদের ন্যায্য অধিকার পাক কিন্তু তাদের কাজ করতে হবে। মুখ্যমন্ত্রী বারবার বলছেন- "কাকে কাজ করতে বলব, চেয়ার টেবিলকে? কারণ সময় মতো কেউ হাজিরা দিচ্ছে না।" শ্রমমন্ত্রীও বলছেন যে "আমরা বড় বেশি অরগানাইজড সেক্টরের জন্য কথা বলছি, কিন্তু আন-অরগানাইজড সেক্টারের জন্য কিছু বলছি না।" সুতরাং দেখা যাচ্ছে এমপ্লয়মেন্ট ওপারচুনিটি কমে যাচ্ছে।

লেবার ইন ওয়েস্ট বেঙ্গল বলে যে বইটা আছে তারই রিপোর্ট থেকে আমি এই কথাগুলো বলছি। রিপোর্টে সরকার বলেছেন এই যে শূন্য পদ প্রত্যেক বছর তৈরি হচ্ছে তার $\frac{১}{৩}$ বা $\frac{১}{৪}$ অংশ পূরণ করা হচ্ছে মাত্র। অর্থাৎ যদি ১০ হাজার শূন্য পদ হয় তাহলে মাত্র তার $\frac{১}{৩}$ অংশকে চাকুরি দিতে পারছেন, বাকি পদ সব শূন্য থেকে যাচ্ছে। অথচ কেন্দ্রীয় সরকার এই শূন্যপদগুলির ৫০ ভাগ পূরণ করছেন। প্রত্যেক বারই এই সরকার বলেন "Recruitment shall be compulsorily channeled through Employment exchanges" এবারে রাজ্যপালের ভাষণে কিন্তু এ জিনিস আর দেখলাম না। নদীয়া জেলার স্কুল বোর্ডে অ্যাপয়েন্টমেন্ট হয়েছিল তাতে ১ হাজার লোকের অ্যাপয়েন্টমেন্ট হল গত বছর দূর্গাপূজার প্রাক্কালে। আমি এ বিষয়ে আইনের কোনও ব্যাপারে যাব না। কারণ বেকার ছেলে-মেয়েরা যে দলেরই হোক, তারা তো বাংলারই বেকার বিশেষ দলভুক্ত লোকেরাই না হয় চাকুরি পেয়েছেন। সুতরাং এতে আমার কোনও দুঃখ নেই। কিন্তু আপনাদের নীতি ছিল এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে লোক নেবার। আপনারা সেই নীতি অনুসরণ করলেন না কেন? আমি বিরোধীপক্ষের সদস্য হিসাবে এই ঘটনার কথা না বললে কর্তব্যে অবহেলা করা হোত। এই বিপুল সংখ্যক প্রাথমিক শিক্ষক নিয়োগের ক্ষেত্রে নীতি অমাণ্য করে দলবাজি করা হল।

সরকার হলদিয়ার কমপ্লেক্সের কথা বলেছেন এবং এর মধ্যে আত্মসন্তুষ্টির কথাও আছে। ডাঃ মিত্র একাধারে অর্থমন্ত্রী এবং ডেভেলপমেন্টেরও মন্ত্রী। হলদিয়ায় ৬০০ কোটি টাকার উপর খরচ হয়ে গেছে। কিন্তু সেখানে কি একটাও কলেজ হয়েছে, হাইস্কুল, প্রাইমারি স্কুল তৈরি হয়েছে, শ্রমিকদের থাকবার জায়গাও তৈরি হয়নি। সেখানে বিদ্যুৎ নেই, পথঘাট নেই এবং জলকষ্ট প্রচুর। হলদিয়ার সামগ্রিক উন্নয়নের ওপর গোটা রাজ্য আশা করে

অপেক্ষা করছে। কিন্তু এই শ্লথ গতিতে চললে ভবিষ্যৎ অন্ধকারময়। আপনি শুনলে অবাক হবেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের জানাচ্ছি যে কেন্দ্রীয় সরকার থেকে যে ২৩ জন শিল্পপতি লাইসেন্স পেয়েছেন হলদিয়ায় কারখানা স্থাপনের জন্য তারমধ্যে একটা কোম্পানিও কিন্তু হলদিয়াতে কারখানা খোলার জন্য যায়নি। পশ্চিমবঙ্গ সরকার ১৩টা লাইসেন্স দিয়েছেন তার মধ্যে ৮ জন আজও সেখানে যাননি। সেখানে অরাজকতা চলেছে সন্ত্রাস চলেছে। সেখানে সিটুর ইউনিয়ন যা বলবে তাই হবে। কনট্রাক্টরদের কাজ করতে গেলে আগে সিটু ইউনিয়নের কাছে গিয়ে বলতে হয় যে আসতে পারি? অনুমতি যদি মেলে তবে হবে। সিটুর কনট্রাক্টরদের লোক নিয়োগ তাই সিটুর অনুমতি দরকার। এইভাবে হলদিয়া গড়ে উঠবে? নেতা বললেই চাকুরি হবে তা না হলে নয়। আমি জিজ্ঞাসা করছি সংবিধানে রাইট টু ওয়ার্ক এই কথা সংবিধানে মৌল অধিকার রূপে সংযোজিত হোক এ কথা কয়েকবার আমরা বলেছি। পুরানো দিনের বন্ধু শ্রী অমল রায় আছেন তিনিও এই কথা অনেকবার বলেছেন এবং আমরাও বলেছি রাইট টু ওয়ার্ক সংবিধানে মৌল অধিকাররূপে সংযোজিত করা দরকার। কিন্তু বলুন "রাইট টু ওয়ার্ক" কি এ দেশে কোথাও মানা হচ্ছে আচরণের দ্বারা? গ্রামের ক্ষেত মজুর রাম বা রহিম জমিতে মাটি কাটবে কাজে যাবে কিনা সে ফসল কাটতে যাবে কিনা এগ্রিকালচারাল লেবারার হিসাবে তারজন্য যদি দলের খবরদারি থাকে যদি সেখানে কোনও দলের লোকের কাছ থেকে ছাড়পত্র না মেলে এবং কাজ না জোটে। ইউনিয়ন বা দল যদি নিয়োগ কর্তার ভূমিকা নেয় যদি কাজ না পায় তাহলে কি হবে? কলকারখানায় একজন শিক্ষিত বেকার, অর্ধ শিক্ষিত বা অশিক্ষিত বেকার তার বুদ্ধি দক্ষতার জোরে তার তারুণ্যের দাবিতে যোগ্যতার দাবিতে যদি সে বলে আই ওয়ান্ট এমপ্লয়মেন্ট আমি কাজ চাই, খাটতে চাই বাঁচতে চাই সমাজ বা রাষ্ট্র কি সে দাবি নস্যাৎ করে দেবে? সেখানে যদি বলা হয় নো তাহলে কি হয়। সে যদি আমার দলের লোকও হয় তাহলে আমি তার নিন্দা করব কারণ এই যদি হয় then right to work becomes illusory; it becomes a mere paper right এর কোনও অর্থ থাকে না। আজকে এমপ্লয়মেন্ট সিচুয়েশন হলদিয়ায় এক ভয়াবহ অবস্থার সৃষ্টি করেছে। সেখানে আমরা এই জিনিস দেখছি অথচ বলা হয়েছে যে কাজ দ্রুত গতিতে এগিয়ে চলেছে। দ্বিতীয় হুগলি ব্রিজ সম্বন্ধে আমরা দেখছি কাজ কেবলই পিছিয়ে যাচ্ছে। কেন্দ্রের সরকারের সঙ্গে অনেক বিষয় নিয়ে আলোচনা করা হচ্ছে কিন্তু কাজ এগোচ্ছে না। দ্বিতীয় হুগলি সেতুর গুরুত্ব এই রাজ্যের অর্থনীতিতে বিবেচনা করে কাজের এই শ্লথগতিতে উদ্বিগ্ন রাজ্যবাসীদের হতেই হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয় আর একটা কথা বলা বিশেষ প্রয়োজন বলে আমি মনেকরি। প্রত্যেকবারই দেখি সরকার কয়েকটা কথা বলেন, ধরুন ১৯৭৮ সালে রাজ্যপালের ভাষণে পৃষ্ঠা ৩৬, প্যারা ১৩তে বলা হয়েছে "My Government is committed to provide clean and honest administration and accordingly attach considerable importance in eradicating corruption in public service." একই জিনিস এই সরকার ঘোষনা করে বলেছেন ১৯৭৯ সালের রাজ্যপালের ভাষণে। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করছি তা তিনি যেখানেই থাকুন নিশ্চয়ই আমার এই সামান্য জিজ্ঞাসা তার কাছে গিয়ে পৌঁছাবে, প্রতিবার রাজ্যপালের ভাষণে যে কথা দৃঢ়তার

সঙ্গে বলা হয় এবারে তা বলা হল না কেন? আমি বিনয়ের সঙ্গে জিজ্ঞাসা করব কেন তা নেই, ১৯৭৮ সালে থাকল ১৯৭৯ সালে বলা হল আমরা এটা দূর করব প্রশাসনের মধ্যে ভ্রষ্টাচার দূর করতে আমরা সংকল্পবদ্ধ যা এই ভাষণেও থাকা উচিত ছিল তা নেই কেন? এই সংকল্প থাকা উচিত ছিল বলে আমি মনে করি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ভারতবর্ষে একটা জিনিস পরিষ্কার হয়ে গেছে গত ৩০ বছর ধরে। আমি সাধারণ নাগরিক হিসাবে বলছি যে ভারতবর্ষ দু'ভাগে ভাগ হয়ে গেছে। মার্কসীয় শ্রেণী বিন্যাস বলে একে আপনারা সাময়িক ভাবে ভুল করবেন না। সাময়িক ভাবে শ্রেণী বিন্যাসের জায়গায় ক্লাস ডিস্টিংশনের জায়গায় নূতন ডিভিসন হয়েছে", "আর্বান ইন্ডিয়া" - ইন্ডিয়া ভারসেস "ভারত। একদিকে "ইন্ডিয়া — ইন্ডিয়া মানে হল অর্গানাইজ সেক্টার, ইন্ডিয়া মানে হল ইন্ডাস্ট্রি অ্যালাইড ভারতবর্ষ। ভারতবর্ষ মানে হল সেই ২ লক্ষ গ্রাম যেখানে সমগ্র দেশের শতকরা ৮০ ভাগ লোক বাস করে। ভারতবর্ষ বলতে বোঝায় তাদেরই যারা কৃষক ক্ষেতমজুর কৃষি-নির্ভর মানুষ তারা হল অসংগঠিত, অসহায়, পৃষ্ঠপোষকহীন গরিব শ্রেণীভুক্ত। এর সঙ্গে অরগানাইজ সেক্টর এর মধ্যে একটা বিভাজন রেখা ৩০ বছর ধরে আমরা রেখে দিয়েছি। আজ গ্রামের কৃষক তারা উৎপন্ন কৃষি পণ্যের দাম পায় না। এক টাকা বাজারে নিয়ে গেলে যদি এক থলি আলু বেগুন, ঝিঙে ইত্যাদি নিয়ে বাড়ি ফিরে আসি ভাবি যে এক টাকায় এক থলি বাজার হচ্ছে আজকে যদি দেখা যায় ৪ আনা আলু বেগুন এর দাম হয় যদি ২ আনায় বাঁধা কপি হয় ফুল কপি হয় তাহলে ঐ গ্রামের কৃষক যারা তা তৈরি করছে তারা তো শেষ হয়ে যাবে। অতএব এই কথাটা আমাদের আজ ভাবা দরকার। আমি ভেবেছিলাম এইসব কথা রাজ্যপালের ভাষণে থাকবে। আজকে গ্রামের কৃষক তার জিনিসের দাম পায় না। এক টাকা বাজারে নিয়ে গেলে এক থলে ভর্তি আনাজ নিয়ে আসা যায়। কিন্তু ৩/৪ আনা যদি বেগুন, আলুর দাম হয়, দুই আনা যদি বাঁধা কপি, ফুল কপির দাম হয় তাহলে গ্রামের গরিব চাষী শেষ হয়ে যাবে। সেজন্য মহারাষ্ট্রে যে আন্দোলন হয়েছিল তাতে সেখানে লং মার্চ হয়েছিল, তখন ভেবেছিলাম কিছু হবে। কিন্তু প্রধানমন্ত্রী লং মার্চকে ব্যঙ্গ করে বললেন ওরা তো বাসে চড়ে যাচ্ছে। কিন্তু দিল্লিতে যে কিষাণ সমাবেশ হল সেখানে কি তারা পায় দলে গেল? সেখানে তারা স্পেশ্যাল ট্রেনে চড়ে গেল। কিন্তু এইসব করে কিছু হবে না। আজকে প্রশ্ন হল পাট, ধান, আখ, আলু, আনাজের রেমুনারেটিভ প্রাইস চাষী পাবে কিনা? হয়ত বলবেন এর দ্বারা ক্ষেতমজুরদের ক্ষতি হবে। ক্ষেতমজুরদের ন্যায্য মজুরি দিন, সরকার তাদের ডিয়ারনেস অ্যালাওয়েন্স দিন যেমন সরকারি কর্মচারিদের দিচ্ছেন তাদের সাবসিডাইজড রেশন দিন, ভর্তুকি দিয়ে ক্ষেতমজুর, ভূমিহীন মানুষ, আদিবাসীদের রেশন দিন এটা আমরা চাচ্ছি। কিন্তু রেমুনারেটিভ প্রাইসের ব্যাপারটা কোথায় চলে যাচ্ছে, কেন সরকার সেকথা বলছেন না? Today the Indian agrarian scene is to complex to admit of a division of the agrarian into kulaks and non-kulaks. কেউ কেউ বলবেন ঐ যে আন্দোলন ওটা কুলাকদের আন্দোলন। ওটা সম্পূর্ণ ভুল কথা, ইতিহাস তারা পড়েন না, অর্থনীতি তারা জানেন না। এই যে কৃষকদের আন্দোলন It is nothing but a movement for getting remunerative return on their investment and labour in there lands growers have a stake in the marketable surplus and they deserve a fair return অর্থাৎ জমিতে কৃষক যে শ্রম দিচ্ছে,

জমিতে যে টাকা ফলাচ্ছে সে তার একটা ফেয়ার রিটার্ন চাচ্ছে। এটা যদি করা যায় তাহলে মার্কেটেবল সারপ্লাস হবে, স্টেট লাভবান হবে। এতে গ্রামীণ অর্থনীতি চাঙ্গা হবে। কর্ম সংস্থান বাড়বে, ব্যবসা বাণিজ্যের পরিধি প্রসারিত হবে। অনেকদিন ধরে তাই আমরা জুট কর্পোরেশনের বিরুদ্ধে নালিশ করেছি। কেন্দ্রে যখন জনতা সরকার ছিলেন তখন জুট কর্পোরেশন একটা মনোপলি পার্চেজের দিকে গিয়েছিল, বামফ্রন্ট সরকারের কৃষিমন্ত্রী কমল গুহ সে কথা স্বীকার করেছিলেন। জনতা সরকার চলে গেল, আজকে পাটের মনোপলি প্রোকিওরমেন্ট হচ্ছে না। আজকে ধানের দাম কমে যাচ্ছে। কে বলেছে ডিসট্রেস সেল নেই? আমরা বলেছি ধানের দাম উৎসাহব্যঞ্জক করুন রেমুনারেটিভ প্রাইস কৃষকদের দিন। এতে এ রাজ্যের খাদ্যমন্ত্রী চটে গেলেন। অর্থমন্ত্রী আগে এইরকম চটে যেতেন, এখন চটেন না, আলোচনার মাধ্যমে তিনি বুঝতে পারলেন আফটার অল ম্যান is falliable-we are not infalliable. ভুল হয়ই, ভুল হচ্ছে। আর ভুলের সংশোধন হওয়া একান্ত দরকার। অর্থনীতিতে বা রাজনীতিতে অনমনীয় জিদের অর্থ হয়না। আমরা অভ্রান্ত নই, আমরা সবাই ভুল করতে পারি। কিন্তু খাদ্যমন্ত্রী বললেন আমরা বড় বড় চাষীদের কথা বলছি, তিনি গর্ব বোধ করলেন। ধানের দাম বাড়েনি বলে। সব জিনিসের দাম বাড়ল। কৃষক সমাজকে তার বোঝা বইতে হবে। কিন্তু তার উৎপন্ন পণ্যের দাম পড়বে না। মহারাষ্ট্র আন্দোলনে সি পি এম শরিক হল, পাঞ্জাবের ক্ষেতকারি আন্দোলনে শরিক হল, তামিলনাড়ুর ফারমার্স আন্দোলন তারা সমর্থন করেছেন, সেখানে বলছেন ন্যায় সঙ্গত দাম তারা পায়নি। আর পশ্চিমবঙ্গে সেই সি পি এম দলের নেতারা বলবেন এটা "কুলাকদের" আন্দোলন এটা সমর্থন করতে পারি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভাষণে এই দিকটা উপেক্ষিত রয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২৭শে নভেম্বর একটা বন্ধ ডাকা হল, ইস্যু ছিল মোটামুটি (১) ইন্টারন্যাল সিকিউরিটি অর্ডিন্যান্স বা জাতীয় নিরাপত্তা আইন। অভিযোগ ছিল (২) কেন্দ্র সস্তায় অন্তত ১৪টি নিত্য প্রয়োজনীয় দ্রব্য আমাদের সরবরাহ করুক যাতে রাজ্য সরবরাহ বন্টন করতে পারেন নিয়ন্ত্রিত দরে আর একটা দাবি ছিল (৩) তুলার দাম সব জায়গায় ইকোয়াল হোক। আজকে এই ভাষণের মধ্যে আশা করেছিলাম সেই ইস্যুগুলোর উল্লেখ থাকবে। বাংলায় এত বড় একটা বন্ধ হল, তাহলে কি সেই 'ইস্যু' চলে গেল? কেন সরকার এখানে বললেন না যেমন আগে বলেছিলেন যে তুলার দাম সব জায়গায় এক হয়ে যাক যেমন লোহা কয়লার দাম সব জায়গায় এক করে দেওয়া হয়েছিল, "ইকোয়ালাইজেশন অব স্টীল, কোল প্রাইস অ্যাট অল রেল হেডস,"। এটা রিজিওন্যাল ইমব্যালেন্স অর্থনৈতিক বৈষম্য দূর হয়ে গেলে পশ্চিমবঙ্গের স্পেশ্যাল জিওগ্রাফিক্যাল অ্যান্ড লোকেশনাল অ্যাডভান্টেজ যদি চলে যায় যাক তাতে দুঃখ নেই। কারণ এটা জাতীয় সম্পদ, সারা ভারতবর্ষ এর দ্বারা গড়ে উঠুক, সারা ভারতবর্ষের উন্নয়ন এগিয়ে চলুক। পশ্চিমবাংলা সেদিন এই ভূমিকা নিয়েছিল। "ইকুয়ালাইজেসন অফ স্টীল অ্যান্ড কোল প্রাইসেস" সম্বন্ধে অনেকেই অতীতে বলেছেন। আমিও বলেছি। পশ্চিমবাংলার মানুষও ভারতবর্ষের মানুষ। আমরা পাঞ্জাব, গুজরাট, আসাম বুঝি না। যখনই ডাক এসেছে তখনই আমরা তামিলনাড়ু, মহারাষ্ট্র, গুজরাটের জন্য এগিয়ে গিয়েছি। অথচ তেলের দাম, তুলোর দাম এক হল না। আমরা মার খাচ্ছি, আমাদের উপর অন্যায় অবিচার হচ্ছে। এই ব্যাপার দীর্ঘদিন ধরে চলে আসছে, কোনও প্রতিকারই হচ্ছে না।

আমরা এ বিষয়ে বার বার বলেছি। অথচ আজকে আমি বুঝতে পারছি না কেন এই গুরুত্বপূর্ণ বিষয়ে সরকারের বক্তব্য রাজ্যপালের ভাষণের মধ্যে বলা হল না। ডঃ মিত্র রাজ্যে একটা সরকারের নিজস্ব ব্যাঙ্ক তৈরি করার কথা বলেছিলেন। গত বছর আমি অসুস্থ থাকা সত্ত্বেও অ্যাপ্রোপ্রিয়েসন বিলের দিন তার বক্তব্য শোনবার জন্য এসেছিলাম এবং বিতর্ক অংশ নিয়ে নিজের বক্তব্য রেখেছিলাম, তাকে ধন্যবাদ জানিয়েছিলাম রাজ্যের নিজস্ব ব্যঙ্ক গঠনের প্রস্তাব আনার জন্য। আমি বুঝতে পারছিনা সে বিষয়েও এবারে রাজ্যপালের ভাষণের মধ্যে কোনও উল্লেখ নেই কেন?

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকার ১৪টি সিক ইন্ডাস্ট্রি অধিগ্রহণ করেছেন। এটা একটা ভাল পদক্ষেপ সরকার গ্রহণ করেছেন, এটা করা উচিত ছিল। আজও আমি এই কাজকে সমর্থন করছি। এই কাজ করে সরকার কেন্দ্রীয় সরকারের সাহায্যে কতকগুলি রুগ্ন শিল্পের বন্ধ কারখানার হাজার হাজার শ্রমিককে ক্ষুধার জ্বালা থেকে বাঁচিয়েছেন। ঈশ্বরে যারা বিশ্বাস করেন তাদের বলব যে, এই কাজের জন্য এই সরকারের উপর ঈশ্বরের অফুরন্ত আশীর্বাদ বর্ষিত হবে। আপনারা এটা একটা ভাল কাজ করেছেন। কিন্তু এই রুগ্ন শিল্পগুলির দিকে যদি একটু ভাল করে দৃষ্টি দেন তাহলে দেখতে পাবেন যে, ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশনের ১৮টির মধ্যে ১৪টি সূতাকল পশ্চিমবাংলায় অবস্থিত। অথচ এখানে সূতা-কলগুলি মার খাচ্ছে, কোনও মডার্নাইজেশন আধুনিকীকরণ হয়নি। এই সূতাকলগুলির পিছনে ৬০ লক্ষ টাকা প্রতি মাসে লোকসান হচ্ছে। এইভাবে লোকসান দিয়ে আর কতদিন সূতা-কলগুলি চলবে? যে দলই সরকারে থাকুক না কেন, এবিষয়ে তাদের চিন্তা করতে হবে। আজকে জ্যোতিবাবুকে যেমন দায়-দায়িত্ব নিতে হবে, তেমনি ভবিষ্যতে যারা সরকারে আসবেন তাদেরও এবিষয়ে ভাবতে হবে এবং অতীতে যারা সরকারে ছিলেন তাদেরও এবিষয়ে ভাবা উচিত ছিল। ৬০ লক্ষ টাকা মাসে মাসে ভরতুকি লোকসান দিয়ে কতদিন চলবে? আজকে যে সমস্ত শ্রমিকরা সূতাকলগুলিতে বসে বসে মাইনে পাচ্ছেন তাদের একটা ইউনিট থেকে আর একটা ইউনিটে নিয়ে যাওয়া সম্ভব হচ্ছে না ইউনিয়নবাজির জন্য। আমি আজকে কমলবাবু, রবীনবাবু, গোপালবাবু, প্রভৃতি সিটুর ট্রেড ইউনিয়ন নেতাদের জিজ্ঞাসা করছি যে, আপনারা আপনাদের সি.আই.টি.ইউ-র মাধ্যমে — সি.পি.এম.-এর ট্রেড ইউনিয়ন ফ্রন্টের মাধ্যমে — একথা কি বলতে পারেন না যে, যে-২।। হাজার শ্রমিক সারপ্লাস হয়ে বসে আছে, কাজ নেই মাঝে মাঝে অথচ মাইনে পাচ্ছে, তাদের মাইনে দিতে হচ্ছে, সুতরাং তাদের এক ইউনিট থেকে অপর ইউনিটে পাঠিয়ে দেওয়া হোক, let there be proper utilisation of their services and labour. আজকে আমাদের প্রডাকশন বাড়ছে না, আমরা অন্যান্য সুতাকলের সঙ্গে প্রতিযোগিতায় মার খেয়ে মরছি, because of want of modernisation. তার উপর আমাদের এখানে সূতার দাম বেশি। ওষুধের ক্ষেত্রেও আমরা বিরাট মার খাচ্ছি। এখানে দেখুন সরকার প্রতিষ্ঠান গ্লুকোনেটের একচেটিয়া করবার। সেখানে দেখছি ইউনিয়নে ইউনিয়নে মারা-মারি হচ্ছে। ডঃ ভট্টাচার্য বললেন শ্রমিকরা কাজ ফেলে মহাকরণে মিছিল নিয়ে এসেছিল এবং তিনি বললেন, সরকার এক দিনের বেতন কাজ না করার জন্য কাটবে। আসলে কাটবেন কিনা জানি না। আমি দৃঢ়তার সঙ্গে বলছি আরও একটি রুগ্ন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ওয়েস্টিং হাউস স্যাকসবি ফার্মারস-এ বছরে ২।। কোটি টাকা লোকসান হচ্ছে। ব্রিটানিয়া

ইঞ্জিনিয়ারিং-এর ১০০-র উপর শ্রমিক ভাই মারা গিয়েছেন অনশনে। বর্তমানে এই ব্রিটানিয়া ইঞ্জিনিয়ারিং একটি রাষ্ট্রায়ত্ত শিল্প, ওখানে প্রত্যেক মাসে ৭ থেকে ৮ লক্ষ টাকা লোকসান হচ্ছে। কিন্তু তবু আমি এটা বলব যে, এই কারখানায় ক্রমশ উন্নতির সম্ভাবনা দেখা যাচ্ছে। এটা সত্যিই অভিনন্দন যোগ্য যে এখানকার শ্রমিকরা কর্মবিমুখ না হয়ে এই প্রতিষ্ঠানকে বাঁচাবার জন্য চেষ্টা করছেন। ব্রিটানিয়া ইঞ্জিনিয়ারিং-এর প্রডাক্টের সেন্ট্রাল গভর্নমেন্ট মোনোপলি বায়য়ার, এই কারখানার উৎপন্ন দ্রব্যাদির একটা অ্যাসিয়োর্ড মার্কেট রয়েছে, উৎপন্ন দ্রব্যাদির বিরাট চাহিদা আছে। তবু মার খাচ্ছে, কিছু করতে পারা যাচ্ছেনা, লোকসান হচ্ছে। সুতরাং শুধু রুগ্ন শিল্পকে হাতে নিলেই চলবেনা, তাকে লাভজনক করতে হবে। সেইজন্য দক্ষ প্রশাসক দরকার, এফিসিয়েন্ট অ্যাডমিনিস্ট্রেশন দরকার। শ্রমিকদের উৎপাদন বৃদ্ধিতে আগ্রহী হতে হবে, সর্বতোভাবে শান্তি শৃঙ্খলা রক্ষা করতে হবে। তা যদি করা যায় তাহলেই এগিয়ে যাওয়া যাবে। এ ব্যাপারে সরকারের বিশেষ দায়িত্ব রয়েছে। উৎপাদন বৃদ্ধি ও শিল্পে শান্তি আনতে সরকারকে উদ্যোগী হতে হবে। আপনাদের কর্মীদের সকলের উপর এই দায়িত্ব রয়েছে।

শেষ করার আগে ভাষা এবং শিক্ষানীতি সম্পর্কে বলা বিশেষ প্রয়োজন। সরকারের শিক্ষানীতি এবং ভাষানীতি যেটা, সেটা মর্মান্তিক। আমি ব্যক্তিগতভাবে কারও বিরুদ্ধে বলিনা, আমি ১৯৬২ সাল থেকে এখানে আছি, আমি জীবনে কখনও বিধানসভার ভিতরে এবং বাইরে কারও বিরুদ্ধে, আমার বন্ধুকেও ব্যক্তিগত নালিশ করিনি। এটা আমার নীতি। আমি যখন কোনও অভিযোগ তুলি তা তথ্যের ভিত্তিতে করে থাকি। আমি বিশেষ করে এই প্রশ্ন করি কে এই ফর্মান জারি করার নির্দেশ দিল যে নিচের তলার শিক্ষা জগতে ইংরাজি শিক্ষার প্রয়োজন নেই? ব্রিটিশ শাসনের যুগে, ভারতবর্ষের স্বাধীনতার আন্দোলনের যুগে এই ভাষা ভারতবর্ষের বিভিন্ন প্রান্তের মানুষকে কাছে এনে দিয়েছিল, বিভেদ অনৈক্যের গহ্বরের উপর একটা যোগসূত্র সৃষ্টি করেছিল। ইংরাজি ভাষা আজকে আন্তর্জাতিক ভাষা হয়ে গেছে, বিদেশের সঙ্গে এমন কি রাজ্যের সঙ্গে রাজ্যের যোগাযোগের একটা অ্যাসোসিয়েট ল্যাঙ্গুয়েজ হয়ে গেছে এবং ইংরাজি ভাষা যদি তাই থাকে তবে ক্ষতি কি? আমি জিজ্ঞাসা করি বামপন্থী নেতাদের, তারা বুকে হাত দিয়ে বলুনতো এই রেজোলিউশন পাস হবার পরে, তাঁদের বাড়ির মেয়েদের, ছেলেদের কি কর্পোরেশন পৌর এলাকার ওখানের প্রাথমিক স্কুলে বেঙ্গলি মিডিয়ামে পঠন পাঠনের জন্য কি তারা পাঠাবেন? ক'জনের ছেলে মেয়েরা ইংলিশ মিডিয়ামে পড়বে? ওপর তলার এক শ্রেণীর লোকের ছেলে মেয়েরা বলা হবে ইংলিশ মিডিয়ামে যাবে, আর গ্রামে যারা আছে, সেই কোয়াক ডাক্তার, গ্রামে যারা চিকিৎসা করে তাদের বেলায় বলা হবে গ্রামে যাও, পঞ্চায়েত গণ-কমিটি শাসনে আর শহরে যারা তারা ম্যাজিস্ট্রেট এবং জজের শাসনে। গ্রামে যাই, কি দেখি, সেখানে রাস্তা নাই পানীয় জল নাই, আমরা বড়াই করি পানীয় জল দিয়েছি ৩০ বছর পরে, অথচ শহরে বহুতল বিশিষ্ট বাড়ি তুলব, বহুতল বিশিষ্ট মার্কেটের কথা বলি, সরকারি ভাষানীতির বিরুদ্ধে সোচ্চার হতে চাই। আমি মনেকরি বাংলা সরকারের এই যে ভাষা নীতি, এই শিক্ষা নীতি দুটি কাজ করবে। একটি হল মগজ ধোলাই। যা কিছু সুন্দর, যা কিছু স্বচ্ছ, যা কিছু ভব্য শালীন, যা কিছু চিরন্তন তাকে নির্বাসনে দেওয়া। দ্বিতীয়টি হল ভারতবর্ষে নতুন বর্ণ বৈষম্য, নতুন জাতিভেদ সৃষ্টি করা — ব্রাহ্মণ আর শূদ্র এই বর্ণ

বৈষম্য চিরস্থায়ী করা। এতে করে নয়া ব্রাহ্মণ্যবাদ, ডঃ বিনয় সরকারের কথায় ব্রাহ্মনোক্রেসি তৈরি হবে, যারা ইংলিশ মিডিয়ামে পড়বে তারা আই এ এস হতে যাবে, অল ইন্ডিয়া কমপিটিটিভ সার্ভিসে যাবে, বড় ইঞ্জিনিয়ার, ডাক্তার হবে ইংরাজি শিক্ষার মাধ্যমে আর যারা সরল কৃষক গরিব মানুষের দল, তাদের ছেলেমেয়েদের ওপর গিনিপিগের মতো পরীক্ষা নীরিক্ষা করা হবে। তাদের উপর পরীক্ষা চলবে। দুঃখ লাগে আজকে ডঃ নীহার রায়ের মতো শিক্ষাবিদ যিনি ভোটে দাঁড়াতে আসবেন না, সত্যই ডঃ নীহার রায়ের কাছে ব্যক্তিগতভাবে আমি যাইনি, আমি যখন ছাত্র ছিলাম তখন তিনি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ছিলেন, ব্যক্তিগত পরিচয় নেই আমার সঙ্গে, ডঃ সুকুমার সেনের মতো বিখ্যাত পন্ডিত, প্রথিতযশা যাকে সবাই শ্রদ্ধা করে, প্রেমেন্দ্র মিত্রের মতো এত বড় সাহিত্যিক, যাদের ব্যাপারে আমরা গর্ববোধ করি, মনোজ বসুর মতো সাহিত্যিক — যাদের সকল লোকে শ্রদ্ধা করেন এইসব সাহিত্যিকদের প্রতি বামফ্রন্টের আয়োজিত সভায় ১৪ তারিখে একজন বক্তা উক্তি করলেন "এইসব জীব," — আমি জিজ্ঞাসা করি শচীনবাবুর মতো প্রবীণ নেতার কাছে, আচ্ছা বলুনতো এভাবে মানুষকে ছোট করে কি আপনারা বড় হবেন? হতে পারে আপনারা তাদের মতামত মানবেন না, তাই বলে ডক্টর নীহার রায়ের, ডঃ সুকুমার সেনের, প্রেমেন্দ্র মিত্রের মতো ডঃ প্রতুল ভক্ত প্রখ্যাত বুদ্ধিজীবিদের শিক্ষাবিদকে বলবেন "জীব?" আমি প্রফেসার নির্মল বসু মহাশয়কে এটা জিজ্ঞাসা করি, তিনি বলুন প্রেমেন্দ্র মিত্রের মতো সাহিত্যিক, অন্নদা শঙ্করের মতো সাহিত্যিক, অম্লান দত্তের মতো বুদ্ধিজীবী এদের কি আমরা এই বলে ছোট করব। এতে আমরা নিজেরাই নিজেদের অপমানিত করব। সুতরাং এই যারা বলছেন আমরা সাম্যবাদি ব্যবস্থা চাই, নতুন শিক্ষানীতির মধ্য দিয়ে তারা একটা অসাম্য নতুন বর্ণ বৈষম্য আনতে চাইছেন। এটা বন্ধ করা দরকার। আপনারা সহজ পাঠের বিকল্প কি ব্যবস্থা করেছেন আমি জানিনা। আমি বলতে চাইছি, একজন নাগরিক হিসাবে জিজ্ঞাসা করি একথা কি বাংলার মানুষ জানতে পারেনা, তারা এটা জানবার হকদার নন! আপনারা কাদের দিয়ে নতুন প্রকল্প, আনন্দপাঠ, নতুন শিশু সাহিত্য রচনা কাদের দিয়ে সৃষ্টি করেছেন? সহজ পাঠের বিকল্প হিসাবে যা সৃষ্টি করছেন যাদের দিয়ে করছেন তারা কারা সেই ইন্টেলেকচুয়াল, শিশু সাহিত্যবিদ এবং মনীষী যারা এই শিশু পাঠ্য পুস্তক রচনার কমিটিতে আছেন? তাদের নাম আমি জানতে চাই। কেন তা বলতে পারবেন না কেন তা ঘোষণা করবেন না? সুতরাং আত্মঘাতী নীতি, এই বৈপরীত্য দূর করা দরকার। তাই সরকারের কাছে আবেদন করছি, কিছু বদলান, ইংরাজি ভাষাকে নির্বাসন দেবেন না প্রাথমিক স্তর থেকে। এই ভাষানীতি উচ্চ পর্যায়ে এবং প্রাথমিক স্তরের সম্বন্ধে বামফ্রন্ট-এর নেতারা বলেছেন, আমি মাননীয় প্রমোদবাবুর সমালোচনা করছিনা, বাইরে যদি হয় করব — যেহেতু তিনি এই সভার সভ্য নন— তিনি একজন পার্টির বর্ষিয়ান নেতা তিনি বহু বাম গণতান্ত্রিক আন্দোলনে নেতৃত্ব দিয়েছেন। তিনি বলেছেন "অন্যান্য প্রদেশ ইংরাজি পরিহার করে এগিয়ে যাচ্ছে আমরা পারব না কেন?" এ সম্বন্ধে আলাপ আলোচনা দরকার। জোর করে সংখ্যাগরিষ্ঠের শাসনের জোরে কিছু চাপিয়ে দেওয়া অন্যায়। স্যার, আমি বলছি যে ক্লাস ফাইভ পর্যন্ত যদি ইংরাজি শিক্ষা বন্ধ করে দেওয়া হয় তাহলে উচ্চশিক্ষা ক্ষেত্রে বিজ্ঞান, সাহিত্য, দর্শন, প্রযুক্তি বিদ্যা, ডাক্তারি শিক্ষা আরও অন্যান্য উচ্চ শিক্ষা ক্ষেত্রে একটা বিরাট অসুবিধার সৃষ্টি হবে। It is an adventurism on the part of the left front government to embark upon this policy on study of

languages. সুতরাং এটা হওয়া উচিত নয়। এই সর্বনাশা নীতি থেকে সরে আসতে হবে। আমরা মনেকরি এই ভাষা নীতি এই শিক্ষা নীতি গোটা বাংলার ভবিষ্যতের উপর একটা কুঠারাঘাতের সমতুল্য হয়ে দাঁড়াবে এবং এরজন্য ইতিহাস কোনওদিন ক্ষমা করবে না। আগামি দিনে দেশের ছেলেরা প্রতিযোগিতায় পিছিয়ে আসতে বাধ্য হবে। আর তারজন্য এই শিক্ষা নীতিই হবে দায়ী। সরকার পক্ষের যে বক্তব্য রাজ্যপালের ভাষণের মধ্যে রেখেছেন তাতে রাজ্যের প্রকৃত চিত্র উদ্‌ঘাটিত হয়নি এবং তাতে অনেক জিনিস গোপন করা হয়েছে। অধ্যাপক হরিপদ ভারতী, শ্রী প্রবোধ সিংহ, শ্রীমতী সাধনা সরকারের মৃত্যু সম্বন্ধে বললেন। আজকে যদি শিক্ষা ক্ষেত্রে এই জিনিস চলে তাহলে আমাদের অবস্থা কোথায় গিয়ে দাঁড়াবে? অথচ আমরা দেখছি কেরালার মুখ্যমন্ত্রী শ্রী নায়ার বলেছেন ঘেরাও অপরাধ। তিনিও সি.পি.এম নেতা, তার মুখে এই কথা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাই বলছি। আমরা দেখছি বিভিন্ন প্রতিষ্ঠানে এমন কি এই সেদিন রহড়ার রামকৃষ্ণ মিশনে বাইরের লোক নিয়ে গিয়ে ঘেরাও করা হয়েছে। এই জিনিস করবেন? আমি বলতে পারি এই ভাষণ নৈরাশ্যজনক। পরিশেষে আমি গণতন্ত্রের কথা বলব। আজকে গণতন্ত্র একটা ভীষণ অগ্নি পরীক্ষার মধ্যে দিয়ে রয়েছে। কেউ কেউ রাষ্ট্রপতি শাসন আনতে চাচ্ছেন। আমি বলতে চাচ্ছি শ্রীমতী ইন্দিরা গান্ধী কি সমস্ত বিরোধী শক্তিগুলিকে স্তব্ধ করতে চান? তিনি কি চান সমস্ত অপোজিসন বন্ধ হয়ে যাক। তাহলে গণতন্ত্র পরিষদীয় গণতন্ত্র তো একটা প্রহসনে পরিণত হবে। তাহলে কি মানুষ বেকারির সম্বন্ধে কিছু বলবে না, অরাজকতার বিরুদ্ধে মানুষ কথা বলবে না গণতান্ত্রিক মানবিক অধিকার ভুলুণ্ঠিত হতে দেখলেও, প্রতিবাদ করা যাবেনা? আমরা জনতা পার্টি এই ভাষা নীতির বিরুদ্ধে নিশ্চয় সজাগ থাকব। আর একটা কথা বলবো শিক্ষার যেখানে অগ্রগতি নেই সেখানে গণতন্ত্র দুর্বল তা আমরা যতই বলি না কেন পৃথিবীর বৃহত্তর গণতন্ত্র। Democracy without education is hypocracy without limitation. যেখানে অরাজকতা, হানাহানি হিংসা আছে সেখানে গণতন্ত্রের স্থান নেই। যেখানে শান্তি নেই, সাম্য নেই, ন্যায় বিচার নেই, শৃঙ্খলা নেই আইনের মর্যাদা নেই, অপরের অধিকারের প্রতি শ্রদ্ধা নেই সেখানে গণতন্ত্র থাকতে পারে না, যেখানে ভয়, সন্ত্রাস, খুনোখুনি বিরাজ করে সেখানে গণতন্ত্র থাকতে পারে না। আমি শেষ করার আগে মাননীয় সদস্যদের ধন্যবাদ জানাই তারা ধৈর্য সহকারে আমার বক্তৃতা শুনেছেন সেজন্য। আমি তাদের আশ্বাস দিতে পারি আমাদের জনতা পার্টির তরফ থেকে যে আপনারাও যখন বক্তৃতা দেবেন আমাদের দলের সদস্যরাও আপনাদের কোনওরকম ডিসটার্ব করবেন না। অতীতেও এই গণতান্ত্রিক ট্রাডিশন নিষ্ঠার সঙ্গে মেনে এসেছি ভবিষ্যতেও মানব। এরমতো সহিষ্ণুতা গণতন্ত্রের অন্যতম মূল ভিত্তি। আমি রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব তার বিরোধিতা করছি। এবং পরিশেষে আমি বিশ্বকবি রবীন্দ্রনাথের একটি কবিতা পাঠ করে শেষ করব। এই কবিতা হচ্ছে ভারতবর্ষের কথা এবং এই কথা চিরকাল অম্লান হয়ে থাকবে।

...where the mind is without fear and the head is held high

where knowledge is free, where the world is not fragmented by narrow domestic walls

where the stream of reason has not lost its way in the dreary desert sand of dead habits,

where words come from the depth of truth, where tireless striving stretches its arm towards perfection,

in that heaven of freedom, my Father, let my country awaks.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার একটি অধিকারের প্রশ্ন আছে। রাজ্যপালের ভাষণ নিয়ে আলোচনার সময় এই ভাষণের ধন্যবাদসূচক প্রস্তাবের উপর আমরা যে সংশোধনী দিই, সেটা পাওয়ার আমরা অধিকারী। এই আলোচনা শুরুর আগে এই হাউসের নিয়ম মেম্বারদের মধ্যে অ্যামেন্ডমেন্টগুলি সারকুলেট করার কথা। স্যার, সেদিন এই হাউসে আপনার মাধ্যমে লিডার অব দি হাউসের কাছে এই প্রশ্ন তুলেছিলাম এত তাড়াতাড়ি করবেন না। কার কি সংশোধনী আছে আমরা সেটা জানতে পারছি না।

**মিঃ স্পিকার ঃ** আপনি নিজেই তো ১৮ তারিখ করেছিলেন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার, আমার আবেদন ছিল ১৮ তারিখ হবে না, ১৯ তারিখ করুন। স্যার, আপনি ফরম্যালি বলে থাকেন অল অ্যামেন্ডমেন্টস আর টেকেন অ্যাজ মুভড, এই কথা আপনি বলেননি।

[4-35 — 4-45 p.m.]

**শ্রী ভোলানাথ সেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণ যখন পড়ছিলাম তখন এই বিপ্লবি সরকারের নেতাদের অভিনন্দন জানাবার ইচ্ছা আমার হয়েছিল। তারা ১৯৭৭ সাল থেকে চিৎকার করে এসেছেন, সারা ভারতবর্ষে যখন একটা দুর্বল কেন্দ্রীয় সরকার ছিল। সুতরাং এই দুর্বলতার সুযোগ নিয়ে অনেক আস্ফালন, চিৎকার করতে আমরা দেখেছি। ১৯৮১ সালের পর এই প্রথম বাজেট সেসান। ১৯৮১ সালে সারা ভারতবর্ষের মানুষ রায় দিতে শ্রীমতী ইন্দিরা গান্ধীকে আবার ক্ষমতায় এনেছেন এবং জনতা সরকারকে প্রত্যাখ্যান করেছেন। তারপর থেকে এদের এই বিপ্লববাদ বন্ধ হয়ে গেছে এবং তারা সঠিক পথ বেছে নিয়েছেন বলে আমি তাদের অভ্যর্থনা জানাচ্ছি। কেন্দ্রীয় সরকার শক্ত হবার ফলে এই সমস্ত বিপ্লববাদের উক্তি - কেন্দ্র, রাজ্য - ইত্যাদি কথাতে যে সময় নষ্ট হচ্ছিল সেই সময় আর নষ্ট হবে না। তারা বুঝতে পেরেছেন যে আর প্রয়োজন নেই এবং তারা পারবেনও না। আমার প্রথম বক্তব্য ল অ্যান্ড অর্ডার সম্বন্ধে কাশীবাবু এটা নিয়ে বিশদভাবে বলেছেন। আমি আপনার কাছে শুধু একটি তথ্য তুলে ধরতে চাই। ল অ্যান্ড অর্ডার-এর অবস্থা কি সেটা সবাই জানেন। হাওড়া, ২৪ পরগনা, নদীয়া, মুর্শিদাবাদ এই ৪টি রেঞ্জে ১৯৮০ সালে যখন আস্ফালন চলছিল তখন ৪৮০ জন মানুষ খুন হয়েছে, যা পশ্চিমবঙ্গের ইতিহাসে কখনও হয়নি। পুলিশ দপ্তর থেকে জানিয়েছিল ১৯৭৯ সালে ২৪১টি খুন হয়েছিল ১৯৮০ সালে শুধু ৪টি রেঞ্জে ৪৮০টি খুন হয়েছে। সারা পশ্চিমবঙ্গে অন্তত ১২০০ জন অর্থাৎ গড়ে প্রতিদিন ৪ জন করে খুন হয়েছে, এই ভদ্রলোকদের এই কৃতিত্ব।

*গড়ে দিনে ৪টি করে খুন হচ্ছে যেই খুন করুক। যদি না পারেন এসব রুখতে তাহলে পদত্যাগ করুন, বড় বড় কথা আর বলবেন না। এরপর স্যার, আমি হাইকোর্টের আজকের* কজ লিস্টটা একটু উল্লেখ করতে চাই। পুলিশ এবং প্রশাসনকে নাকি বলা হয়েছে আইন অনুসারে কাজ করার জন্য। জাস্টিস সব্যসাচী মুখার্জির আজকের যে লিস্ট তাতে ১৮৫টি নথিভুক্ত মামলার মধ্যে ১২৭টি আদালত অবমাননার দায়ে পুলিশের বিরুদ্ধে। কিভাবে চলছে—এটা কি আইনমাফিক চলছে? কে এই আদালত অবমাননা করেছে সরকারের পুলিশ।

(নয়েজ)

**শ্রী হাসিম আব্দুল হালিম ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার, মিঃ ডেপুটি স্পিকার স্যার, ভোলাবাবু তার ভাষণের মধ্যে বলেছেন, ১৮৫টি মামলা কনটেম্পট অব কোর্টের হাইকোর্টে আছে। এইভাবে উনি বলতে পারেন না কারণ মামলাগুলি বিচারাধীন। কনটেম্পট হয়েছে কি হয়নি সেটা বিচারের অপেক্ষায় সেগুলি রয়েছে। উনি এটা বলতে পারেন না।

(নয়েজ)

**Mr. Deputy Speaker :** There is no point of order, you please take your seat.

[4-45 — 4-55 p.m.]

**শ্রী ভোলানাথ সেন ঃ** স্যার, আইনমন্ত্রী মহাশয় হাইকোর্টের ব্যাপার জানেন না, যদিও হাইকোর্টের জুরিসডিকশন কমাতে উনি বদ্ধপরিকর ওর সিটি কোর্টের বন্ধুদের জন্য। প্রত্যেকটি ম্যাটারের ব্যাপারে এখানে লেখা আছে—আন্ডার দি হেডিং "কনটেম্পট অব কোর্ট।" আমি বলেছি আদালত অবমাননার দায়ে এতগুলি মামলা ঝুলছে। যাইহোক, স্যার, আমি একটি অদ্ভুত জিনিস লক্ষ্য করছি অপসৃয়মান জনতা দলের বেলায় একটি গোলমালও হল না আর যেই আমি সত্য কথা কিছু বলবার জন্য উঠে দাঁড়িয়েছি অমনি সবাই জ্বলে উঠলেন। স্যার, কাগজে বেরিয়েছে রামমোহন কলেজের অবিবাহিতা, বয়স্কা অধ্যক্ষার কথা। শুধু এখানে নয়, ইউনিভার্সিটিতে 'ল' পড়ান, এম.এল. পাশ, তার উপর অত্যাচার করল এস.এফ.আই-এর ছেলেমেয়েরা। আমরা এদের কাছ থেকে কিছু আশা করিনা। এরা যে সভ্যদের প্রবর্তক, সেই সভ্যতায় এসব হবে। আমি শুধু বলতে চাই যে ৫ ঘন্টা বাদে পুলিশ যায় কেন? কোথায় পুলিশ, কোথায় মন্ত্রী যে একজন মহিলার প্রাণ বাঁচাতে পারল না? গুন্ডা তৈরি হচ্ছে, এস.এফ.আই গুন্ডা তৈরি করছে। একজন মহিলা অপমানিত হল, মারধোর চলল, জল পর্যন্ত দেওয়া হলনা, আর আমাদের আইন রক্ষক, আমাদের কমিশনার অফ পুলিশ কেউ গেল না। এই হচ্ছে আমাদের পুলিশ। অ্যাডমিনিস্ট্রেশনের কথা আমি আর কি বলব, এই সম্পর্কে আমার বলার কিছু নেই। কারণ এরা নিজেরাই এই সম্পর্কে বলেছেন। 'ভক্তিবাবু সরকারের মুখ হাসাচ্ছেন;- এ কথা বলছেন কেন? প্রমোদ দাসগুপ্ত মহাশয় বলেছেন এবং খবরের কাগজে দেখেছি। ননী ভট্টাচার্য মহাশয়কে হুমকি দিয়ে বললেন যে চলে এস, তোমার কাজে আমরা খুশি নই। যতীনবাবুকে চিফ মিনিস্টার বললেন - যতীনবাবুর কন্সটিটিউয়েন্সিতে গুলি চলল, যতীনবাবু বললেন বিচার বিভাগীয় তদন্ত চাই - জ্যোতিবাবু বললেন যে ও. কে, যা

*করবার আমি করব। ডঃ কানাইলাল ভট্টাচার্য বলে দিলেন যে ডি.পি.এল-এ কোনও প্রশাসন নেই কিন্তু তবু পদে আছেন।* নিজের ব্যাপারে যেখানে একেবারে প্রশাসন নেই, বিদ্যুৎ দপ্তরে, সে কথা কেউ বললেন না, সে কথা প্রমোদ দাসগুপ্তও বললেন না। সুধীন কুমার মহাশয় আরও ভাল কথা বলেছেন যে খাদ্য দপ্তরে বহু কোটি কোটি টাকা খরচ হয়, আমি জানি আমাদের মন্ত্রিসভার অনেকের ঐ দপ্তরের প্রতি লোভ আছে। এ কথা আমি বলিনি, তাদের এই চরিত্রের কথা আমি বলিনি, সুধীনবাবু বলেছেন। তিনি ভাল করে জানেন যে তাদের কিসের প্রতি লোভ হয়। কমল গুহ ময়দানে চড়ুইভাতি করে একটা মিটিং করলেন। তিনি বলেছিলেন যে গ্রাস রুট লেভেলে আমাদের উন্নতি করা দরকার। সেখানে প্রমোদবাবু বলেছিলেন যে গ্রাস আছে কিন্তু রুট কোথায়? তারপরেও এই লজ্জাহীন ফরোয়ার্ড ব্লক বসে আছে। কাজেই অ্যাডমিনিস্ট্রেশন সম্পর্কে আমি বলতে চাইনা। একের পর এক মানুষকে ট্রান্সফার করা হয়েছে। কোঅর্ডিনেশন কমিটির দয়ায়, অমৃতেন্দু বাবু ৩/৪ শত ডাক্তারকে ট্রান্সফার্ড করে দিলেন এবং পরবর্তীকালে সুপ্রিম কোর্টে গিয়ে স্টে হয়ে গেল। কোঅর্ডিনেশন কমিটির অর্ডারে ৩/৪ শত লোককে ট্রান্সফার করেছেন। এটা শুধু একটা বলেছি। প্রতিদিন এ জিনিস হচ্ছে। সবচেয়ে দুঃখের ব্যাপার হচ্ছে যে পঞ্চায়েতের কারাপশন। আবার তারাই বলছেন যে আমরা গরিব দরদী পার্টি, আমরা সর্বহারার পার্টি। যারা মরিচ ঝাঁপির মানুষগুলিকে, কাশীপুরের মানুষগুলিকে, উদ্বাস্তু মানুষগুলিকে তাড়িয়েছেন, তারাই আবার এবারে পঞ্চায়েতের ব্যবস্থা করছেন। তারা চুরি করছেন, বারে বারে বলা হচ্ছে হিসাব দেবার জন্য কিন্তু হিসাব দিচ্ছেন না। শতকরা ৪৫ ভাগেরও হিসাব দিতে পারছেন না। কার মুখের গ্রাস কে নিয়ে যাচ্ছে? দরিদ্র মানুষের মুখের গ্রাস কে নিয়ে যাচ্ছে? সি.পি.এম-এর দালালরা নিয়ে যাচ্ছে। আজকে দরিদ্র মানুষের মুখের গ্রাস নিয়ে তাদের সঙ্গে কুকুরের মতো ব্যবহার করা হচ্ছে। এই পঞ্চায়েত আজ পর্যন্ত কোনও হিসাব দিতে পারেনি। শুধু আজ নয়, দিনের পর দিন মোরারজী ভাইয়ের সময় থেকে আজ পর্যন্ত কোনও হিসাব দিতে পারেননি। গঙ্গার প্লাবনে বাড়ি ভেসে গেল তার কোনও হিসাব পাওয়া গেলনা। তবু এদের প্রশ্রয় দেওয়া হচ্ছে। তবু বলা হচ্ছে না যে সমস্ত ডিজলভ করে দেওয়া হোক। যে চুরি করছে শুধু সে নয়, যে চুরি করতে সাহায্য করছে, যারা গরিব মানুষের মুখের গ্রাস কেড়ে নিচ্ছে, তারাই আবার ইন্দিরা গান্ধীর কাছে টাকা চাইছে, গম চাইছে। তাদের ক্যাডারদের খাওয়াবার জন্য তারা দিতে রাজি নয়, তারা গরিব মানুষের জন্য দিচ্ছেন। আর যখন গম আর টাকা দেওয়া হবে তখন বলা হবে যে আমরা সি.পি.এম, আমরা তোমাদের দিচ্ছি। আর যখন বলা হবে যে চুরি বন্ধ না করলে দেওয়া হবেনা তখন কেন্দ্র দিচ্ছেনা বলে চিৎকার করবেন। তারপর এখানে বর্গা রেকর্ডিং-এর ব্যাপার নিয়ে রোজই হাঙ্গামা চলছে। প্রকৃত বর্গাদারের নামে বর্গা রেকর্ড হচ্ছে না। পার্টির লোক দিয়ে বর্গা রেকর্ডিং করানো হচ্ছে। যে জমি এবং বর্গাদার সম্বন্ধে কিছুই জানে না সে ঠিক করে দেবে! এর ফলে চাষ হচ্ছে না, ধান হচ্ছে না, উৎপাদন কমে যাচ্ছে। আর আপনারা বলছেন ১৯৭৮ সালের প্লাবন এবং ১৯৭৯ সালের খরার জন্য উৎপাদন কমেছে। অথচ সত্যি কথাটা এখানে লেখা হয়নি।

আন এমপ্লয়মেন্টের ব্যাপারে ইন্দিরা গান্ধীকে দায়ী করে অনেক কিছু বলেছেন। আপনারা তো ওসব কথা বলবেনই, না বললে আপনাদের চাকুরি থাকবে না। কিন্তু আমি বলতে চাই

যে, ইমার্জেন্সি টাইমে ১৯৭৬ সালের জানুয়ারি মাস পর্যন্ত রেজিস্টার্ড আনএমপ্লয়েড ছিল ১২ লক্ষ্য-র উপর, আর ৩১শে ডিসেম্বর, ১৯৭৬ সেই সংখ্যাটা কমে দাঁড়িয়েছিল ৬ লক্ষ-র কিছু বেশিতে এবং ২ লক্ষ্য করে বছরে যেটা বাড়ছিল সেটা আর বাড়েনি এবং সাধারণভাবে যে সংখ্যক বছরে চাকরি হয় সেটাও হয়েছিল। অর্থাৎ ১০ লক্ষ বেকারের চাকরি হয়েছিল। আমরা যখন ক্ষমতা থেকে চলে আসি তখন ৬ লক্ষের কম বেকার ছিল। আর আজকে ২৫ লক্ষের উপর বেকার হয়েছে। এর ফলে ডাকাতি হচ্ছে, রাহাজানি হচ্ছে। আপনারা বেকারদের জন্য কি করেছেন? ৫০ টাকা করে ভাতা দেওয়ার ব্যবস্থা করেছেন। ৫০ টাকায় একটা কুকুরেরও খাওয়া হয়না। আমার অবশ্য কুকুর নেই, আমি আমেরিকায় লেখা-পড়া করিনি, আমেরিকায় চাকরি করিনি, আমি ঢাকার পোলাও নই। আমি জানিনা, তবে শুনেছি ৫০ টাকায় কুকুরেরও খাওয়া হয়না। আজকেই শুনলাম যে, ইন্ডাস্ট্রিতে লক-আউটের জন্য, ঘেরাও-এর জন্য চাকরি হচ্ছে না, কাজ হচ্ছে না, মানুষ বেকার হয়ে যাচ্ছে। অথচ এর কোনও প্রতিকার নেই ব্যবস্থা নেই।

আমাদের মুখ্যমন্ত্রী নিজেই পাওয়ার মিনিস্টার, আমি আর পাওয়ার সম্বন্ধে বিশেষ কিছু বলব না, সে সম্বন্ধে দেশের জনগণ জানেন। খালি আমি একটা কথা বলব যে, মুখ্যমন্ত্রীর ধারণা বোর্ড বদল করলেই পাওয়ার ক্রাইসিস চলে যাবে, উৎপাদন বেড়ে যাবে এবং তিনি বোর্ড বদল-ও করেছেন। কিছুদিন আগে বোর্ড বদল করেও কিন্তু তাতে কোনও উন্নতি হয়নি। তাহলে আসল গোলমাল যেখানে সেখানে বদল হওয়া দরকার। অতএব জ্যোতিবাবুর মধ্যেই গোলমাল, জ্যোতিবাবুর বদল হওয়া উচিত। তাকে এই দফতর থেকে বদলি করা উচিত, শুধু বোর্ড বদলালেই হবে না। জ্যোতিবাবুকে এই দফতর ছেড়ে দিতে হবে। যে লোক কাজ করতে পারবেন তাকে এই দফতর দিতে হবে দেশের স্বার্থে, দরিদ্র মানুষের স্বার্থে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আজকের দিনে ভাষা সম্পর্কে দু'একটি কথা বলতে চাই। আমি শুনলাম ১৯৬৯ সালে নাকি এরা ক্ষমতায় এসে 'সহজ-পাঠ' চালু করেছিলেন। সে সম্পর্কে গভর্নমেন্ট পাবলিকেশন থেকেই আমি একটু পড়ে শোনাচ্ছি। "কেন্দ্রীয় শিক্ষামন্ত্রকের পরিকল্পনা অনুসারে পশ্চিমবঙ্গ শিক্ষা অধিকার এক বৎসরের মধ্যে তৃতীয়, চতুর্থ ও ৫ম শ্রেণীর উপযোগী পাঠ্যপুস্তক রচনা ও প্রকাশনের দায়িত্ব গ্রহণ করেন। অপেক্ষাকৃত স্বল্প মূল্যে সেসব পাঠ্যপুস্তক পরিবেশন ছিল পরিকল্পনার অন্যতম উদ্দেশ্য। পশ্চিমবঙ্গ সরকার এই পরিকল্পনার পরিপূরক হিসাবে ১৯৬৯ সালের জানুয়ারি মাস থেকে প্রথম ও দ্বিতীয় শ্রেণীর বাংলা বই বিনামূল্যে প্রত্যেক ছাত্র-ছাত্রিকে দেওয়ার ব্যবস্থা করেছেন। বিশ্বভারতী কর্তৃপক্ষের অনুকূল্যে গুরুদেব রবীন্দ্রনাথ রচিত 'সহজ-পাঠ' প্রথম ও দ্বিতীয় ভাগ এই উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হল। এ বিষয়ে আন্তরিক সহযোগিতার জন্য বিশ্বভারতী কর্তৃপক্ষের ধন্যবাদ জ্ঞাপন করছি।" সুতরাং আমরা দেখতে পাচ্ছি যে, ১৯৬৯ সালের জানুয়ারি মাসে ওরা এই জিনিস করেছিলেন। আরও আশ্চর্যের ব্যাপার আমি আজকে এখানে দেখলাম যে, যারা ছাত্র-ছাত্রিদের ইংরাজি পড়তে দিতে চাইছেন না তাদের একজন বুদ্ধদেববাবু প্রশ্নোত্তরের সময়ে প্রথম প্রশ্নের জবাবে ৪টি ইংরাজি শব্দ ব্যবহার করেছেন। জনতা হল, মডারেট, সাবসিডি, লোন এই সমস্ত ইংরাজি শব্দের আমরা বাংলা জানি। জনতা হলের আমরা বাংলা জানি। প্রভাস রায় মহাশয় বাংলা বলেন বলে আমার ধারণা ছিল কিন্তু তিনি

বললেন ওয়ান টু ফাইভ ডিসটান্স। তিনি বারে বারে কেন্দ্রীয় গভর্নমেন্ট বলে গেলেন। কেন কেন্দ্রীয় সরকার বললেন না তিনি সোল ফরমেসন বললেন। কিন্তু ওটা সয়েল ফরমেসন হবে।

**(শ্রী অমলেন্দ্র রায় ঃ— উনি ঠিকই বলেছেন। এর বানান হবে এস.এইচ.ও.এ.এল. সোল)**

[4-55 — 5-05 p.m.]

তারপর উনি ৮০ফিট ডিপ এবং ৯০ ফিট ডিপ বললেন। তারপর টেকনিক্যাল কমিটির রেকোমেনডেসন অর্থাৎ কিনা একের পর এক ইংরাজি শব্দ ব্যবহার করে গেলেন। বাংলা ভাষা এমন এক ভাষা যে ভাষায় সমস্ত শব্দের ভাব প্রকাশ করা চলে না। তাই মানুষ মাঝে মাঝে বিদেশি ভাষা বা অন্য ভাষা ব্যবহার করেন। একজন মন্ত্রী বললেন, রবীন্দ্রনাথ বেঁচে থাকলে নিজেই সহজ পাঠ সংশোধন করতেন। কে বললেন ওনাকে এ কথা? ওরা চলবে না চলবে না, দিতে হবে, দিতে হবে করে সব কিছু ভুলে গেছেন। তাই রবীন্দ্রনাথের উপর খবরদারি করতে গেছেন। উনি মন্ত্রী না হলে আমি ওনাকে অর্বাচীন বলতাম। রবীন্দ্রনাথ বিশ্ববন্দিত হয়েছেন আর উনি বিশ্ববন্দিত তো দূরের কথা পাড়া বন্দিতও হতে পারেন নি। আমি বলছি, যে সমস্ত বাংলা বই ইংরাজিতে ট্রানস্লেশন হচ্ছে এবং ইংরাজি থেকে যে সমস্ত বই বাংলাতে ট্রানস্লেশন হচ্ছে তার কোনওটাই রবীন্দ্রনাথের সহজপাঠকে এগিয়ে যেতে পারে না। রবীন্দ্রনাথের সহজ পাঠ এখনও অনেক উপরে। আর এই বইতে ছবি এঁকেছেন কে? নন্দলাল বসু কেন আঁকা হয়েছে? ছেলেরা পড়তে পড়তে বুঝতে পারে। শব্দগুলি কেন করা হয়েছে? কেষ্ট, সৃষ্টি, বৃষ্টি শিষ্ট অর্থাৎ এই সমস্ত শব্দগুলির বিভিন্ন মানে প্রকাশ করা হয়েছে। এখানে গল্পে কি দেখানো হয়েছে? একজন কবিরাজকে ডাকাতরা মারধোর করল। সেই ডাকাতরাই যখন আহত হলেন তখন কবিরাজ বলল, আমাকে ব্যাগটি দাও, আমি ডাক্তার, আমাকে বাঁচাতে হবে। আপনারা সমস্ত দেশের সর্বনাশ করছেন। আপনারা খালি কার্ল মার্কস জানেন, স্টালিনকে চেনেন, ইউক্রেনকে লুঠ করে যেভাবে মস্কোকে খাওয়ানো হয়েছিল আপনারা সেইভাবে গ্রামবাংলাকে ধ্বংস করছেন। আপনারা সমাজকে ধ্বংস করার পথে নেমেছেন।

কারো বোঝবার ক্ষমতা নেই। কি হবে আমরা জানিনা। কোনও ছেলে বই পায় না। গত বছরে ১৯৮০ সালের সিলেবাসের বই অক্টোবর মাসে দেওয়া হয়েছে। অথচ সেই বই ব্ল্যাক মার্কেটে, কলেজস্ট্রিটে বিক্রি হয়েছে। জানুয়ারি, ফেব্রুয়ারি, মার্চ, এপ্রিল মাসের মধ্যে কেউ কি চেষ্টা করেছেন যাতে বইগুলি ঠিক সময়ে দেওয়া যায়? সেপ্টেম্বর, অক্টোবর মাসে দেওয়া হয়েছে, এটা কার দোষ এটা কি সরকারের দোষ নয়? বিনা পয়সায় বই দেওয়া হচ্ছে অথচ ওদিকে ২ টাকার বই ২০ টাকায় বিক্রি হচ্ছে মাস্টার মহাশয়রা চুপ করে বসে রয়েছেন। আবার আর একটা নতুন নিয়ম হয়েছে, প্রাইমারি ক্লাস ওয়ান থেকে ফোর পর্যন্ত কোনও পরীক্ষাই হবেনা, গ্রেড ফোর, গ্রেড থ্রি এই নিয়মে চলবে। সেখানে কি ব্যাপার, না শুধু সিনিয়ারিটির উপর নির্ভর করে চলবে, মেরিটের কোনও প্রশ্ন প্রয়োজন নেই। ক্লাস ফাইভ পর্যন্ত কোনও পরীক্ষার প্রয়োজন নেই। কেউ যদি ১৬ বছর বয়সে ক্লাস ওয়ান থেকে ক্লাস ৫ এ ওঠে সে হবে ফার্স্ট, আর যদি কেউ ৫ বছর বয়সে ওঠে তাহলে তাকে বলা হবে

*লাস্ট, কারণ সে সবচেয়ে বয়সে ছোট। কমপিটিশনের কোনও প্রয়োজন নেই। কি শিখল দেখার প্রয়োজন নেই। এগুলো করা হচ্ছে কেন, আসলে ক্যাডারদের জন্য এটা করা হচ্ছে। ক্যাডাররা ইংরাজি বলতে পারছে না, তাদের চাকরি হবে না। অথচ ক্যাডাররা না বাঁচলে ভোট পাওয়া যাবে না। তাদের বাঁচাবার জন্য এই সমস্ত ব্যবস্থা হয়েছে যে ইংরাজি পড়ানো হবে না। রবীন্দ্রনাথের একটা কোটেশন দিয়েছেন 'মাতৃদুগ্ধ' কথাটা ঠিক, কিন্তু রবীন্দ্রনাথ* একথা বলেননি যে ইংরাজি ভাষাকে পরিত্যাগ করতে হবে। তিনি বলেছিলেন যে কোনও ভাষাই ছেলেদের শিক্ষার মাধ্যম হতে পারে। অথচ আমরা দেখছি আমাদের শিক্ষা জগতে ইংরাজি দেওয়া হবেনা। কিন্তু কেন দেওয়া হবেনা এটা আমরা জানতে চাই? এই যে ভদ্রলোক উৎপল দত্ত, ১৯৬৮ সালে যিনি নকশালি কারণে বোম্বেতে অ্যারেস্ট হয়েছিলেন, মুচলেখা দিয়েছিলেন যে আমি আর রাজনীতি করব না, যিনি ইংরাজি ছাড়া বলতে পারেন না, ইংরাজি ছাড়া চলতে পারেন না।..........।

**শ্রী শচীন সেন ঃ** ডেপুটি স্পিকার স্যার, ভোলাবাবু তার বক্তব্যের মধ্যে এমন এক ব্যক্তি সম্পর্কে উল্লেখ করেছেন যিনি এই হাউসে নেই এবং তার বলার কোনও সুযোগ নেই। তিনি এইভাবে বক্তব্য রাখতে পারেন কিনা এবং যদি না পারেন তাহলে তার বক্তব্য এক্সপাঞ্জ করা হোক।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** স্যার, আমাদের লিডার যখন বক্তৃতা দিচ্ছেন তখন এইভাবে পয়েন্ট অফ অর্ডার তোলা যায় কিনা সেটা আপনি বিবেচনা করুন।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** যে পয়েন্ট অফ অর্ডার শচীনবাবু তুলেছেন তাতে এটা ঠিক যে হাউসে এইরকম লোকের নাম উল্লেখ করা উচিত নয় যিনি হাউসের সদস্য নন। আমি আশা করব, ইনফিউচার, ভোলাবাবু অভিজ্ঞ লোক, বাইরের লোকের নাম এখানে উল্লেখ করবেন না যেহেতু তিনি এখানে নেই এবং উত্তর দিতে পারবেন না।

[5-05 — 5-15 p.m.]

**শ্রী ভোলানাথ সেন ঃ** তাহলে আমরা ধরে নেব যে ইন্দিরা গান্ধী, গনিখান, প্রনব মুখার্জির নাম হবে না। কথা হল যে, ইংরাজি আর ব্যবহার করা হবে না ক্লাস ফাইভ পর্যন্ত। কেননা ক্লাস ফাইভ পর্যন্ত পড়াশুনার বালাই নেই। পরীক্ষা দিতে হবে না। সেইজন্য আর ইংরাজি পড়ানো হবে না। এখানে কত মিথ্যার অবতারনা করা হল। চায়নায় একটা ভাষায় শিক্ষা দেওয়া হয় না, রাশিয়ায় একটা ভাষায় শিক্ষা দেওয়া হয়না। আমি বলব আপনারা কি চিরকাল পরের পথযাত্রি হয়ে অন্য লোকের অনুকরণ করবেন? বাংলাদেশ চিরকাল ভারতবর্ষকে নেতৃত্ব দিয়ে এসেছে। এক সময় মানুষ বলত বাংলা আজ যা ভাবে, ভারতবর্ষ কাল তা ভাবে, কিন্তু আপনারা ঠিক তার উল্টোটা করছেন। কেরালায় ইংরাজি শেখানো হয় না, বহু প্রদেশেই ইংরাজি শেখানো হয় না। কোথায় হচ্ছে - যেখানে হিন্দি ভাষা ভাষি থাকে.....

**(গোলমাল)**

[5-15 — 5-25 p.m.]

আপনারা এইভাবে চিৎকার করছেন কেন? বাংলাদেশের মানুষ চিরকালই সংস্কৃতির ক্ষেত্রে ভারতবর্ষকে নেতৃত্ব দিয়ে এসেছেন। বাংলাদেশে যে যুগে রেনেশাঁ হয়েছিল সেই যুগে মাইকেল, রাজা রামমোহন, রবীন্দ্রনাথ ইত্যাদির জন্ম হয়েছিল। তাদের কারোর কিছু অসুবিধা হয়নি। আমি জানি এখানে মন্ত্রী যারা বসে আছেন তারা কেউই খনজন্মা পুরুষ নন অতি সাধারণ মানুষ। ওরা কি ওয়ান থেকে ফাইফ পর্যন্ত ইংরাজি পড়তে অসুবিধা বোধ করেছিলেন? জ্যোতিবাবু কি অসুবিধা বোধ করেছিলেন? অন্যান্য যারা লরেটো, সেন্টজেভিয়ার্স, লামার্টিনাতে পড়ছে তারা কি অসুবিধা বোধ করছে? ওদের কোথা থেকে এই জ্ঞান হল যে তারা অসুবিধা ভোগ করছে? কারা বলছে তাদের আপত্তি আছে? পশ্চিমবাংলায় যেখানে নেপালি ভাষা আছে সেখানে তারা নেপালি ভাষায় শিখবে, ব্যারাকপুরের বেশি লোক হিন্দি ভাষায় কথা বলে ওরা হিন্দিতে শিখবে, যেখানে সাঁওতালি ভাষা ভাষি আছে সেখানে তারা আলচিকি ভাষায় শিখবে, মেদিনীপুরের কাঁথিতে উড়িয়া ভাষায় তারা কথা বলে বলে সেখানে কি উড়িয়া ভাষায় শিক্ষা দেওয়া হবে? সারা ভারতবর্ষে যেখানে জাতীয় সংহতি প্রতিষ্ঠার চেষ্টা করা হচ্ছে সেখানে এই জিনিস চলবে না। এটা কারখানার ব্যাপার নয়। সুভাষচন্দ্রের কথা যারা বলেন তারা জানেন কি না জানি না যে তিনি আই, এন, সৈন্যদের মধ্যে ইংরাজি ইসক্রিপটে যে ভাষা ব্যবহার করেছিলেন সেটা হল হিন্দি ভাষা। নেতাজি সুভাষচন্দ্র বসু সৈন্যদের মধ্যে আই এন এর মধ্যে যে ভাষা করেছিলেন সেটা হচ্ছে হিন্দি। হিন্দি ভাষা ছিল কিন্তু ইংলিশ স্ক্রীপট ছিল। তিনি ইংলিশ স্ক্রিপ্ট এর মাধ্যমে হিন্দি চালিয়েছিলেন। ইংলিশ স্ক্রিপট এর দোষ কোথায়? আমি জানি না, জ্ঞান বাড়ানোর দোষ কোথায় আমি তা জানি না। আমাদের ভারতবর্ষ কত ভাষাভাষির দেশ। বিভিন্ন ভাষাভাষির লোকেরা জায়গা বদলাচ্ছে কর্মস্থান বদলাচ্ছে। আমাদের শিশুদেরও যেতে হচ্ছে এরজন্য নানা জায়গায়। সেই শিশুকে বাইরে যেতে হচ্ছে কিন্তু সে ইংরাজি এক অক্ষরও জানলো না। সে উঠলো ক্লাস ৬ এতে। সে কি করে ভর্তি হবে কি করে সে কথা বলবে? আজকে এই যে শত শত ভাষা ভাষির মানুষ রয়েছে যেখানে আমাদের ভারতবর্ষ চাইছে বলছে জাতীয় সংহতির কথা সেই জাতীয় সংহতি আসুক। আমাদের জাতীয় সংহতির জন্য আমাদের কনস্টিটিউশনে আছে যে ১৫ বছর পর্যন্ত ইংরাজি ব্যবহার করা হবে তারপর হিন্দি এবং যদি পার্লামেন্ট আইন না করে। পার্লামেন্ট আইন করেছিল ১৫ বছর আগে, যে ইংরাজি ভাষা অফিসিয়াল ল্যাঙ্গুয়েজ হিসাবে চলবে। যে ভাষা ছোট বেলা থেকে যদি আমরা পড়ি তাহলে অন্যায় কোথায়? আমি প্রশ্ন করতে চাই-এরূপ বহু মানুষ আছেন যিনি নিজে বাঙালি কিন্তু তার স্ত্রী হয়তো ইংলিশ লেডি এবং তাদের সন্তান দু ভাষাই বলে কারণ ঐ বয়সের ছেলেদের স্মরণশক্তি খুব বেশি। ছোট বয়সে সে যা পারে বেশি বয়সে তা পারে না। সে মার ভাষা শুনে বলে ওয়াটার আর বাবার ভাষা শুনে বলে জল। এই ওয়াটার আর জল সে একই সঙ্গে দু ভাষাতে কথা বলে। এই যে স্মরণশক্তি এটা ১২।১৫ বছর হলে আর থাকে না। তা যদি হত তাহলে হিন্দির বিরোধিতা পশ্চিমবাংলাতে হত না তামিলনাড়ুতে হত না। এর কারণ বেশি বয়সে কেউ ভাষা শিখতে পারে না যা পারে নাকি সে কম বয়সে। আর একটা কথা বলব যে শতকরা ৭০ জন লোক যেখানে ইললিটারেট। বলা হচ্ছে তারাই প্রাইমারি স্কুলে পড়তে যাবে। তা যদি

হয় তাহলে অসম্ভব বলতে হবে। আমি যে সব মাননীয় সদস্য বাধা দিচ্ছেন তাদের বলি আপনাদের নেতারা বিপ্লব বন্ধ করে দিয়েছেন আপনারা ওখানে বসে আর বিপ্লব করবেন না। আমি ঐসব সদস্যদের বলি আপনাদের সি পি এম তাড়িয়ে দেবে। আপনাদের গ্রাসরুট নেই। যদি আপনাদের সাহস থাকে তাহলে প্রমোদ দাশগুপ্তের কাছে যান। আমরা বুঝতে পারতাম যদি দেখতাম যে প্রাইমারিতে হিন্দি পড়ানো হচ্ছে মাধ্যমিকে হিন্দি শেখানো হচ্ছে তাহলে আমরা বুঝতে পারতাম। যদি গ্রাজুয়েট কোর্সে হিন্দি শেখানো হত কিন্তু তাও নয়। হিন্দি জানবো না ইংরাজি দুর্বল হয়ে যাবে তাহলে আমরা যাব কোথায়? আমাদের কোনও জায়গা নেই আপনাদের নিজেদের কোনও সত্ত্বা নেই। আমাদের কি কোনও নিজস্ব সত্ত্বা নেই? কেবল বলবেন মস্কো, বেজিং? একবার বলছেন এখানে কি হল, আবার বলছেন ওখানে কি হল, নিজস্ব কোনও সত্ত্বা নেই। নেতৃত্ব দেবার যাদের ক্ষমতা নেই তারা যেন নেতৃস্থানে বসবার চেষ্টা না করেন, তারা যেন মনীষীদের সম্বন্ধে কোনও কথা না বলেন। যারা কোথাও কোনও শিশুদের জন্য কোনও বই লেখেননি তারা যেন রবীন্দ্রনাথের উপর খবরদারি না করেন। গ্রামের মানুষকে সমস্যায় জর্জরিত করতে হবে, তাহলে গ্রামের মানুষ বিপ্লব করবে। গ্রামের মানুষের এম বি বি এস ডাক্তার পাবার অধিকার থাকবে না। ননীবাবু ওষুধ দেবেন না। রোগির চিকিৎসার জন্য যদি প্রেসক্রিপসন হয় তাহলে লোকে ওষুধ পাবে না। কিন্তু ৩ বছরের হেতুড়ে ডাক্তার থাকবে, তাও ননীবাবুর নিজের জন্য নয়, পি.জি. হাসপাতালের জন্য নয়, মেডিক্যাল কলেজের জন্য নয়, ন্যাশনাল মেডিক্যাল কলেজের জন্য নয়, গ্রাম বাংলার দরিদ্র মানুষের জন্য যারা বেশি দূরে যেতে পারে না, যারা জেলা শহরে যেতে পারবে না। ৭শো ডাক্তার বছরে বেরুচ্ছে, সেই ডাক্তাররা চাকরি পাচ্ছে না। আর এখানে বলা হচ্ছে যে আমাদের দরকার ৩ বছরের হাতুড়ে ডাক্তার। ননীবাবু ৩ বছরের ডাক্তার দিয়ে অপারেশন বা চিকিৎসা করাবেন না, আমাদের মন্ত্রীদের কেউ-ই তাদের দিয়ে চিকিৎসা করাবেন না, কিন্তু গ্রামের দরিদ্র মানুষের জীবন মরণ নির্ভর করবে ৩ বছরের হাতুড়ে ডাক্তারদের উপর। জ্যোতিবাবু বা অন্যান্য মন্ত্রীদের ছেলেমেয়েরা বিলেতে যাচ্ছে পড়াশুনা করার জন্য, তাদের ছেলেমেয়েরা ইংলিশ মিডিয়াম স্কুলে পড়ার সুযোগ পাবে, গ্রামের দরিদ্র মানুষের কোনও সুযোগ থাকবে না। দেখতে পান না লাইন পড়ে যায় ইংলিশ মিডিয়াম স্কুলে ভর্তি করার জন্য? হাজার হাজার মানুষ লাইনে দাঁড়িয়ে থাকে। তারা সবাই কি আপনাদের থেকে বোকা? আপনারা কি সকলের চেয়ে চালাক? হতে পারে জাল-জোচ্চুরি করে ভোট পেয়ে গদীতে বসেছেন, কিন্তু যে জিনিসে হাত দিচ্ছেন তাতে বাংলাদেশের মানুষ আপনাদের ক্ষমা করবে না। আপনারা ইউনিভার্সিটির উপর হাত দিয়েছিলেন, সেকেন্ডারি বোর্ড টেক ওভার করেছিলেন, কলেজ অন্যায় করে টেক ওভার করেছিলেন, আমরা, জনতা, এস ইউ সি সবাই মিলে তার প্রতিবাদে ওয়াক আউট করেছিলাম। আজকে শুধু হাউসে নয়, হাউসের বাইরে সবাই মিলে আপনাদের সঙ্গে অসহযোগিতা করব। আপনাদের জানা উচিত বাঙালিরা ইনটেলেকচুয়াল, ইনটেলেকচুয়াল ওয়ার্ল্ডে লিডারশিপ আপনারা দেননি, যারা দিয়েছেন তারা ইংরাজি পড়েছেন। যারা ইংরাজি পড়ে ইংরাজি শিক্ষায় শিক্ষিত হয়েছিলেন তারাই বাঙালির ইতিহাসকে গৌরবান্বিত করেছেন, আপনারা করেননি, আপনাদের পার্টির লোক করেননি। এই সমস্ত মানুষদের অবহেলা করবেন না। আমাদের পশ্চিমবঙ্গের মানুষ ব্যবসা করতে জানে না, শিল্প কারখানা নেই, তারা গর্ব বোধ করে তাদের সংস্কৃতির উপর, সেই সংস্কৃতির মূলে কুঠারাঘাত করতে পারবেন না।

শিশু মন নিয়ে আপনারা জানবার চেষ্টা করুন সে কি জানতে চায়। আপনারা ৩।। বছর হয়ে গেল এসেছেন, উন্নয়নের ক্ষেত্রে আপনাদের কি দান জিরো, একটা উন্নয়ন প্রকল্প আজ পর্যন্ত হয়নি। একটা নতুন হাসপাতাল হয়নি, একটা নতুন রাস্তা নেই, নতুন কোনও কিছু উন্নয়ন খাতে হয়নি, চাকরি হবে কি করে। উনি খালি ফিতে কেটে বেড়াচ্ছেন। বর্ধমানের সদরঘাটে দু'বার ফিতে কেটে এলেন। একবার সেতু শেষ হবার পর ফিতে কাটলেন এবং আরও একবার ফিতে কাটলেন। বালুরঘাটেও তাই হল, একবার বাড়ি যাবার পথের ফিতে কাটলেন, আবার পায়-হাঁটা পথে ফিতে কাটলেন। অথচ গত ৩/৪ বছর ধরে কোনও নতুন পরিকল্পনা, স্বপ্ন নেই, চিন্তা নেই। খালি আছে দলবাজি। পরিকল্পনা হচ্ছে কি করে ধান লুঠ করব, চুরির সুযোগ নেব, দেশের মানুষের টাকা হরির লুঠ দেব, আর কি করে আগামি দিনে আবার ক্ষমতায় আসতে পারব। তারজন্য চোরেদের সাহায্য পর্যন্ত করছেন। ওদের দলের লোকেরা চুরিতে সাহায্য করছে। আমি জানি সি.এম.ডি.এ.-তে চুরি হচ্ছে, পি.ডব্লু.ডি.-তে চুরি হচ্ছে। আমি এগুলি জানি এবং দরকার হলে আমি কাগজ-পত্র দিয়ে প্রমাণ করে দেব। প্রয়োজন হলে ঠিক সময়ে কাগজ-পত্র দেখাব। এ ছাড়াও চুরির বিভিন্ন জায়গায় সুযোগ দিচ্ছেন, কারণ তারা পার্টি ফান্ডে চুরির টাকা দিচ্ছে। পার্টি ফান্ড আপনারা অন্যভাবে করুন। গরিব মানুষের টাকা পঞ্চায়েতের মাধ্যমে কেন চুরি হতে দিচ্ছেন? আপনাদের পার্টির যার কিছু ছিল না সেও আজকে মিডল ক্লাস হয়ে গেছে। যার কিছু ছিল না তারও কুঁড়ে ঘর হয়েছে। আর যার কুঁড়ে ঘর ছিল তার তিন-তলা বাড়ি হয়েছে। আপনারা জ্ঞান-পাপী, আপনারা প্রত্যেকেই এসব জানেন। আর যদি প্রমান চান তাহলে আমি নিজের পয়সায় আপনাদের নিয়ে গিয়ে দেখিয়ে দেব যে, কে কি রকম বাড়ি করেছে। আজকে তাদের মোটর-সাইকেল চাই, রেডিও চাই এবং এক একজনের চেহারা কুমড়োপটাশের মতো হয়ে যাচ্ছে। আর সেই কুমড়োপটাশরা নিজেরাই নিজেদের বাহবা দিচ্ছে। জ্যোতিবাবু এক জায়গায় বললেন, আমি তিন বছরের মধ্যে ইংরাজি উঠিয়ে দেব, আমার পিছনে জনগণ আছে। আমি তাকে বলব জনগণ পিছনে নেই, পিছনে শুধু পুলিশ আছে, আর কেউ নেই। প্রমোদবাবুও বললেন, জনগণ আছে। তা উনি কি করে জানলেন? উনি তো বাইরে বেরোন না? হয়ত জ্যোতিবাবুর কাছ থেকে শোনা কথা উনি বলছেন। আপনাদের কাছে আমার বক্তব্য হচ্ছে যে দেশে এখনো পর্যন্ত একটি মাত্র সম্পদ আজও বজায় আছে, সেটা হচ্ছে শিক্ষা নীতি। সেটাই আমাদের সকলের গর্ব। আমরা বলি বিশ্বকবি আমাদের কবি। আমরা বলি বঙ্কিমচন্দ্র আমাদের কবি। বিশ্বকবির গান আমাদের ন্যাশনাল সং। আমরা বলি রাজা রামমোহন রায় আমাদের মানুষ। সুতরাং এসব জিনিস ধ্বংস করবেন না। যদি ধ্বংস করেন তাহলে বাংলার মানুষ আপনাদের ক্ষমা করবে না। আপনারা বিপ্লব বন্ধ করেছেন, খুব ভাল কথা। আপনারা চাইছেন মিডল ক্লাস হতে, আপনারা চাইছেন রিচ হতে, এতে আমাদের আপত্তি নেই। আপনাদের সে অধিকার আছে, প্রত্যেকেরই নিজের অবস্থা ফেরাবার অধিকার আছে। আপনাদের সুযোগ এসেছে, আপনারা অবস্থা ফেরাচ্ছেন, বিপ্লব বন্ধ করেছেন। কিন্তু বাংলার সব চেয়ে বড় ভরসার স্থল, বাংলার সবচেয়ে বড় সম্পদ শিক্ষা, সেই শিক্ষাকে বন্ধ করবেন না। রিমেম্বার, আজকে নয় বহুদিন আগে মনীষী বলেছিলেন, what Bengal thinks today, India thinks tomorrow. Let us not follow others. Let us lead others.

[18th February, 1981]

স্যার, এই কয়টি কথা বলেই আমি রাজ্যপালের ভাষণের বিরোধিতা করছি এবং আমি আশা করছি যে, আমাদের অ্যামেন্ডমেন্টগুলি গ্রহণ করা হবে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, মাননীয় অধ্যক্ষ মহাশয়, যখন আমাদের দল থেকে বক্তৃতা হচ্ছিল তখন আপনি দেখেছেন, মন্ত্রী থেকে আরম্ভ করে ভীষণ বাধা দিচ্ছিলেন, ওরা চিৎকার করছেন, কিন্তু আমার গলা ধরে গেছে, নইলে আমিও চিৎকার করতে পারতাম। মুখ্যমন্ত্রী বলেন বিরোধী দলকে মর্যাদা দিতে হবে, আমাদের বিরোধী দলকে মর্যাদা দেওয়া হবে। আমাদের বক্তব্য যদি ঠিকমতো রাখতে না দেওয়া হয়, তাহলে বিধানসভায় কাল থেকে আমরা থাকব কিনা ভাবব, দ্বিতীয় কথা যে কোনও মন্ত্রী মুখ্যমন্ত্রী থেকে আরম্ভ করে, যখন বক্তৃতা দেবেন আমরা প্রত্যেকে বাধা দেব, বলতে দেবনা, এটা পরিষ্কার বলে দিচ্ছি।

**শ্রী হাসিম আব্দুল হালিম ঃ** মাননীয় সদস্য শ্রী ভোলা সেন যখন বলছিলেন তখন আমি পয়েন্ট অব অর্ডার তুলেছিলাম, আপনার দৃষ্টি আকর্ষণ করে, আপনি আউট অব অর্ডার করলেন, আমি স্যার, আপনার দৃষ্টি আকর্ষণ করি রুল ৩২৮ এর প্রতি, আপনি দেখবেন লেখা আছে A member while speaking shall not refer to any matter of fact on which a judicial decision is pending. উনি বলেছেন এখানে ১৭৭টি কনটেমপ্টের মামলা পেন্ডিং আছে, সরকারি লোকেরা কনটেমপ্ট করছে, এইভাবে তিনি ব্যাখ্যা করেছেন, উনার বলার মূল উদ্দেশ্য ছিল সরকার হাইকোর্টের নির্দেশ মানছেনা, এর দ্বারা তিনি ম্যাটার অব ফ্যাক্ট ডিল করছে, এভাবে বলবার উদ্দেশ্য ছিল হাউসে।

**শ্রী ভোলানাথ সেন ঃ** উনি কনটেমপ্ট ল জানেননা, সিভিল ল' ও জানেননা, কনটেমপ্ট রুল ইসু করা হয় to show cause why he should not be punished for contempt of the court and that is the prima-facie decision. কনটেমপ্ট ম্যাটার বলেছি, অবমাননার দায়ে, এই রুলের মধ্যে আছে।

**শ্রী হাসিম আব্দুল হালিম ঃ** এটা হতে পারেনা।

**শ্রী ভোলানাথ সেন ঃ** উনি কিছু জানেন না, হাইকোর্টের লিস্টে বলা আছে কনটেমপ্ট।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আইনমন্ত্রী যে পয়েন্ট রেইজ করেছেন A member while speaking shall not refer so any matter of fact on which a judicial decision is pending. আমি যতদূর জানি, রেকর্ডে কি আছে জানিনা, দেখিনি, যদি রেকর্ডে থাকে তো বলতে পারিনা, কিন্তু আমি যা শুনেছি, বক্তৃতার মধ্যে ভোলাবাবু ম্যাটার অব ফ্যাক্ট বলেননি, যা বলবার অধিকার ছিল, ঠিকই বলেছেন।

[5-25 — 5-35 p.m.]

**শ্রী গোপাল বসু ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব আনা হয়েছে আমি তাকে সমর্থন করছি। আমি এর আগে কাশীবাবুর

বক্তৃতা শুনলাম, ভোলাবাবুর বক্তৃতা ভালভাবে শুনলাম। এখন আমি কোন কথার জবাব দেব? কাশীবাবুর কথার বেশি জবাব দেবার প্রয়োজন নেই। ভোলাবাবু অনেক কথা বলেছেন; সে সম্বন্ধে আমি দু-চার কথা বলব। রাজ্যপালের যে ভাষণ সেটা হচ্ছে বিগত দিনের বামফ্রন্ট সরকারের যে অ্যাচিভমেন্ট সেই অ্যাচিভমেন্টের একটা রূপরেখা বামফ্রন্ট সরকারের কার্যাবলির একটা রূপরেখা এবং আগামি দিনের একটা পথ নির্দেশ। একথা না বুঝে আপনারা সমস্ত জিনিসটা চান। তা পাবেন এখানে কি করে। আপনারা সমস্ত জিনিস যেটা চাচ্ছেন সেটা পাবেন যখন দফাওয়ারি আলোচনা হবে এবং সেখানে মিনিস্টার তার সমস্ত উত্তর দেবেন। রাজ্যপালের ভাষণে সেই ফিরিস্তি সেই মহাভারত পাবেন না। কাজেই এটাকে সেইভাবে দেখতে হবে। রাজ্যপাল বলেছেন আমাদের দেশে আমাদের সমাজে যে বৈষম্য রয়েছে সেই বৈষম্য দূর করার প্রচেষ্টা করতে হবে। যারা দারিদ্র সীমার নিচে আছে যারা খেতে পায় না যারা ফুটপাত রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াচ্ছে তাদের সম্মানের আসনে নিয়ে আসা, দুটো অন্ন জোগাড় করে দেওয়া। তাদের দারিদ্রতা ঘোচাতে এই অবস্থার মধ্যে আমাদের যতটুকু করা যায় এইসব মানুষদের এই অবস্থার মধ্যে যতটুকু সমাজের উচ্চ স্থানে তুলে ধরা যায় তার চেষ্টা করা, এই হচ্ছে বামফ্রন্ট সরকারের প্রচেষ্টা। এটা যদি তারা না বোঝেন তাহলে অরণ্যে রোদন করবেন। সোস্যালিজমের কথা বলেছেন যে এখানে সোস্যালিজম হচ্ছে না। যে পার্লামেন্টারি সিস্টেমের মধ্যে আমরা আছি সেই পার্লামেন্টারি সিস্টেমের মধ্যে সোস্যালিজম হয় না। তাহলে অন্য ব্যবস্থার মধ্যে যেতে হবে। আমরা যেটুকু চাইছি সরকার যেটুকু করতে চাচ্ছে সেটা হচ্ছে যারা এই বৈষম্যের মধ্যে রয়েছে তাদের কিছু রিলিফ দেওয়া তাদের দ্বার উন্মুক্ত করে দেওয়া। অনেক কথা বলেছেন ল অ্যান্ড অর্ডারের কথা বলেছেন শিক্ষা সম্পর্কে বলেছেন ভূমি সংস্কারের কথা বলেছেন। ভূমি সংস্কারের ব্যাপারে বামফ্রন্ট সরকার কি কি কাজ করেছে কেমনভাবে চলেছে, আমার কথা নয়, আই এল ও-র কথা বলছি। তাদের একটা টিম একটা অংশ আমাদের এখানে এসেছিলেন overcoming of rural under-development. তারা এখানে এসে যা স্টাডি করেছিলেন সেটা Economic and political weekly, Bombay. একটা রিভিউ বের করেছিলেন। সেই আই এল ও টিম কি বলেছে সেটা বলছি।

Above-mentioned ILO study has devoted seven pages (pp.45-52) to implementation of land reforms programme in West Bengal under the Left-Front Government. The conclusion reached by the authors of the study team may be summarised as follows: West Bengal experiment, on the other hand, has been more meaningfull. The experiment may not look ambitious, for it does not aim at abolition of tenancy or at expropriation of big farmers without compensation or at communal farming, but having recognised the basic fact of differentiated peasantry, the State Government acted decisively in favour of the mass of peasantry, bargadars and agricultural workers as against landlords and rich farmers.

The Land Reforms consisted mainly of identification of land in

[18th February, 1981]

excess of ceilings, whether **benami** or otherwise and its distribution, and formal recognition of share croppers to secure their rights. The distinction of West Bengal lies not in its Land Reforms legislation but in its implementation. The Left Front Govt. in West Bengal relied on political mobilisation of masses and direct communication with them in a way that instilled confidence in the poor. The feature of West Bengal has given inteesting details of how the Government of West Bengal managed to decisively make the agrarian structure more egalitarian in a country where otherwise the rural poor live under constant terror of the rich.''

ভোলাবাবু এখানে বসে আছেন। তিনি ল অ্যান্ড অর্ডারের কথা তুলেছেন। আই.এল.ও. বলছেন আন্ডার কন্সট্যান্ট টেরর অব দি রিচ রয়েছে এবং সেই মানুষগুলিকে তুলতে হচ্ছে। সেই মানুষগুলিকে ভয়ের বিরুদ্ধে দাঁড় করিয়ে নিজেদের সম্মানের জায়গায় বসানোর চেষ্টা হচ্ছে। কাজেই এই সরকার তো পুলিশকে বলবেই যারা টেরর অব দি রিচ সৃষ্টি করেছে তারা টেরর যাতে সৃষ্টি করতে না পারে যারা অবহেলিত, নির্যাতিত হয়েছে, শতাব্দির পর শতাব্দি যারা লাঞ্ছিত হয়েছে, সেই লাঞ্ছিত, অপমানিত মানুষগুলিকে তুলে ধরার কথা তো বলতেই হবে। সেইজন্যই ওদের আতঙ্ক, ল অ্যান্ড, অর্ডারের এই তো কনসেপসন এই কনসেপসন লেফট ফ্রন্ট গভর্নমেন্ট ভেঙে দিয়েছে। সেইজন্য ওদের এত ক্রন্দন, এত আক্রোশ, এত বিলাপ শুরু হয়েছে। এটা আই.এল.ও.র কথা। এখানে কি হয়েছে? বর্গাদাররা জমির উপর কোনও অধিকার পেত না। বর্গা অপারেশনের ভিতর দিয়ে ১০ লক্ষ বর্গাদার নথিভুক্ত হয়েছে, এতে লেখা আছে। এটা তো ওরা দেখতে পান না ১০ লক্ষ ভাগচাষি বর্গাদারদের নাম নথিভুক্ত করা হয়েছে। যাদের জমি নেই, ক্ষেত মজুর সেইরকম লোকের মধ্যে ৬ লক্ষ ৫০ হাজার ৮০৩ একর জমি তাদের মধ্যে বিলি হয়েছে এবং যারা জমি পেয়েছে তাদের মধ্যে ৫৬ শতাংশ হচ্ছে আদিবাসী এবং তফসিলি সম্প্রদায়ভুক্ত লোক। তলাকার মানুষ আদিবাসী, তফসিলি সম্প্রদায়ভুক্ত, যাদের ওরা পায়ের তলায় পিষে ফেলতেন তারা জমির মালিক হবেন, সম্মানের আসনে বসবেন এতে ওদের লাগবে না? এই ভাগচাষি, ক্ষেত মজুর, গরিব কৃষকদের সমাজে কোনও নিরাপত্তা ছিল না। বামফ্রন্ট সরকার তাদের সামাজিক নিরাপত্তা দিয়েছে। তাদের পেনসনের বন্দোবস্ত করেছে। তুমি দেশকে অনেক কিছু দিয়েছ, দেশের জন্য আপ্রাণ খেটেছ, দেশের জন্য সম্পদ গড়ে তুলেছ, সুতরাং তোমার বার্দ্ধক্যে সরকার পিছনে আছে, এই বিশ্বাস তাদের মধ্যে উৎপাদিত হয়েছে। তাকে সেই জায়গায় নিয়ে যাওয়া হয়েছে। ভোলাবাবুর তো এটা ভাল লাগবে না। এটা বাস্তব সত্য যে বামফ্রন্ট সরকার সেইদিকে চলেছে। একটা নতুন সামাজিক চেতনা সৃষ্টি হয়েছে। অবহেলিত মানুষ আজকে মাথা তুলে দাঁড়িয়েছে, এটাই তো বামফ্রন্ট সরকারের কৃতিত্ব। এই সরকার কৃষি ঋণ মকুব করেছে। দিল্লি থেকে ওরা বললেন এ হবে না, কৃষি ঋণ কেন মকুব করবে? খরা, বন্যা, হাজা, মজা হয়েছে, দারিদ্রতার ভারে কৃষকরা জর্জরিত। তারা কৃষি ঋণ দিতে পারেননি, তখনই মকুব করা হয়েছে। দিল্লি থেকে ওরা বলছেন প্ল্যান থেকে এগুলি কেটে নেওয়া হবে। কেন কেটে নেওয়া হবে? চটকল মালিকদের যখন ২০০ কোটি টাকা মকুব করে দেওয়া হল

তখন তো তারা কেউ ইতস্তত করলেন না?

[5-35 — 5-45 p.m.]

মালিকদের তোষণ করা যাবে কিন্তু ভাগচাষি বা গরিব কৃষকদের জন্য কিছু যদি করা হয় বা তাদের যদি কিছু দেওয়া হয় তাহলেই ওদের প্রানে লাগে। চিনিকলের মালিকদের ওরা তোয়াজ করেন, কালোবাজারিদের ওরা তোয়াজ করেন, যত কালো টাকা আছে তা সাদা করার জন্য ওরা বন্ডের ব্যবস্থা করলেন কিন্তু তাতেও কিছু হচ্ছে না। কালোবাজারিরা ওদের পৌছেওনা। সেখানে ৫০ হাজার কোটি না কত হাজার কোটি কালো টাকা আছে ভোলাবাবু জানেন কিন্তু আমরা দেখছি একটা সমান্তরাল অর্থনীতি এখানে চলেছে। যত প্রতিশ্রুতি ইন্দিরা গান্ধীর সরকার বা কংগ্রেস(ই) দিয়েছিলেন সেই সমস্ত প্রতিশ্রুতি তারা ভঙ্গ করেছেন। জিনিসপত্রের দাম কমাবেন বলে ওরা প্রতিশ্রুতি দিয়েছিলেন, বেকার সমস্যার সমাধান করবেন বলে প্রতিশ্রুতি দিয়েছিলেন এবং এইসব কথা বলে ভোট নিয়েছিলেন কিন্তু ভোট হয়ে যাবার পর আমরা দেখলাম সেই সমস্ত প্রতিশ্রুতি কোনওটাই তারা পালন করলেন না। আজকে একটা বেসামাল অবস্থা, জিনিসপত্রের দাম আকাশছোঁয়া। ডেপুটি স্পিকার মহাশয়, ভোলাবাবু পঞ্চায়েতের কথা বলেছেন। আমি বলব, পঞ্চায়েত গ্রামে একটা কর্মচাঞ্চল্য এনে দিয়েছে, একটা নতুন জীবন এনে দিয়েছে। আজকে গ্রামের মানুষরা নিজেদের পায়ে দাঁড়িয়ে গ্রামকে তথা দেশকে গড়ে তুলছে। উনি বলেছেন, হিসাব নেই। পার্লামেন্টে বিভিন্ন রাজ্যে পঞ্চায়েতের মাধ্যমে যেসব কাজকর্ম হয়েছে — ফুড ফর ওয়ার্কের কাজ হয়েছে পঞ্চায়েতের মাধ্যমে, তার যে হিসাব দেওয়া হয়েছে তাতে দেখা যাচ্ছে পশ্চিমবাংলায় গত তিন বছরে ফুড ফর ওয়ার্কের ভেতর দিয়ে ১২ কোটি ৯২ লক্ষ শ্রম দিবসের সৃষ্টি হয়েছে। এই শ্রম দিবস সৃষ্টি হয়েছে গ্রামের মানুষদের জন্যই। যখন গ্রামের মানুষদের কোনও কাজ থাকে না সেই অসময়ে বা লিন পিরিয়ডে তাদের এই কাজ দেওয়া হয়েছে। সুতরাং আজকে একথা বলা চলে যে পশ্চিমবাংলায় এমন কোনও গ্রাম নেই বা বাড়ি নেই যেখানে কৃষকদের ঘরে দু মুঠো অন্ন নেই বা একটা টাকা নেই। এতেই মুশকিল হয়ে গিয়েছে ভোলাবাবুদের। আগে যেমন বাড়িতে কাজ করার জন্য ঝি পেতেন এবং কথায় কথায় তাদের তাড়িয়ে দিতেন এখন আর সেইরকম ঝি পাচ্ছেন না। আজকে আর ঐ ২৪ পরগনার গ্রামের গরিব কৃষকের ঘরের মেয়েরা ভিক্ষার ঝুলি নিয়ে ওদের ঘরে এসে কাজ দাও, খেতে দাও বলে আকুল আবেদন করছে না। আজকে গ্রামের চেহারা পাল্টাচ্ছে তাই ভোলাবাবুদের চিন্তা বাড়ছে, কষ্ট বাড়ছে, কারণ বাড়িতে বউমাদের কাজ করতে হবে, কষ্ট হবে। আজকে ওরা বলেন লেফ্ট ফ্রন্ট গ্রামের গরিব লোকদের, ছোটলোকদের মাথায় তুলছে। রাগের মাথায় ওরা এইসব কথা বলেন। আমি ওদের বলি, যতদিন এই সরকার আছে ততদিন এমনিভাবেই গ্রামের ঐ গরিব ক্ষেতমজুর এবং দরিদ্র মানুষদের অগ্রগতি ঘটবে এবং এই সরকার তাদের তুলে ধরবে। The dog may bark but the caravan will go on. সুতরাং ওদের বলি, আজ দেশের সাধারণ মানুষের মধ্যে, অবহেলিত মানুষদের মধ্যে যে চাঞ্চল্য এসেছে তাকে রোধ করবেন কি করে? উনি বললেন, ফুড ফর ওয়ার্কের হিসাব নাকি পাওয়া যায়নি। ফুড ফর ওয়ার্কে পঞ্চায়েতের হিসাব দেখার জন্য কেন্দ্র থেকে একটি সমীক্ষকদল এসেছিল ভোলাবাবু তা জানেন। তারা কি বললেন? তারা বললেন যে পশ্চিমবাংলায় সেইরকম কোনও ইরেগুলারিটি নেই। এটা

জেনে রাখুন। ফুড ফর ওয়ার্কের ৫০ ভাগ টাকার হিসাব দেওয়া হয়নি বলে ওখান থেকে আপনাদের বন্ধুরা চিৎকার করেছিলেন। ঐ পঞ্চায়েতের হিসাবের জন্য এই সরকারের জ্যোতিবাবু প্রেসিডেন্টকে বলেছিলেন যে আপনি সুপ্রিম কোর্টকে দিয়ে এটা অনুসন্ধান করান। সাহস আছে ইন্দিরা গান্ধীর, সাহস আছে কংগ্রেস(আই)-এর? আপনারা পারলেন না। We stand by this I tell you, we stand by this. যদি বিন্দুমাত্র আপনাদের ক্ষমতা থাকে তাহলে ঐ সুপ্রিম কোর্টকে দিয়ে অনুসন্ধান করান যে হিসাব দেওয়া হয়েছে কি না। আমি এখানে কাশীবাবুর একটা কথার জবাব দিতে চাই। উনি বলেছেন যে পঞ্চায়েত-টঞ্চায়েত সবই হল কিন্তু এখনও ডিসট্রেস সেল হচ্ছে। উনি জেনে রাখুন যে প্রায় ৯১ পঞ্চায়েত ধান সংগ্রহের কাজে লেগে গেছে যাতে ডিসট্রেস সেল না হয় তারজন্য ব্যবস্থা তারা করছেন। এইভাবে ডিসট্রেস সেল বন্ধ করে কৃষকের ঘরে রেমুনারেটিভ প্রাইস দেওয়া হবে এবং সেই কর্মযজ্ঞ শুরু হয়েছে। শিক্ষা সম্পর্কে ভোলাবাবু অনেক কথা বলেছেন। উনি বোধ হয় জানেন না যে ইতিমধ্যে পশ্চিমবাংলায় ১২ শত প্রাথমিক স্কুল এবং ৩৮টা ননফরম্যাল স্কুল ৫ হাজার স্কুল হয়েছে এবং তারমধ্যে হিন্দি, উর্দু, হাই মাদ্রাসা, জুনিয়র মাদ্রাসা, হাই স্কুল, জুনিয়র হাই স্কুল ইত্যাদি আছে এবং এইরকম আরও কত হয়েছে। এই স্কুলগুলি তারা করেছেন এবং জ্ঞানের আলো, শিক্ষার আলো গ্রামে পৌঁছে দেবার জন্য তারা চেষ্টা করছেন। গ্রামের গরিবদের শিক্ষিত করে তোলার জন্য তারা চেষ্টা করছেন। বামফ্রন্ট সরকার মনে করে যে শিক্ষাকে গণমুখি করতে হবে এবং শিক্ষাকে গ্রামের গরিব মানুষের মধ্যে পৌঁছে দিতে হবে। যাদের শিক্ষার আলো জোটেনি, যাদের শোষণ করে জোতদার, কায়েমি স্বার্থের লোকেরা এবং তাদের জুলুম অত্যাচারের মধ্যে রেখে দেয়, সেই সমস্ত গরিব মানুষকে আজকে বুঝতে দিতে হবে সমাজকে, তাদের শিক্ষিত করে তুলতে হবে। তার মাধ্যমে কি হবে? এটা নিয়েই হয়েছে মুশকিল। এই মাধ্যম সম্পর্কে ভোলাবাবু বললেন যে কে কাকে বিয়ে করেছে, কে কার ভাষা দু'রকম সুতরাং ইংরাজি হবে তার মাতৃভাষা। গ্রামেতো আর ঐরকম নেই। শতকরা ৮০ জন লোক গ্রামে থাকে এবং সেখানে তারা বাংলা ভাষায় কথা বলে। সেখানে ইংরাজি ভাষায় কথা বলেনা, সেখানে এ/বি/সি/ডি বলেনা, সেখানে হামটি ডামটি করেনা, তারা সেখানে বাংলা ভাষায় কথা বলে। **(শ্রী ভোলানাথ সেন ঃ আপনি সেই স্কুলে পড়েন নি?)** শুনুন তাহলে আমার নিজের কথাই বলি। আমি যখন প্রথম পড়া শুরু করি, আমি ক্লাস ওয়ান থেকে ইংরাজি মিডিয়ামে পড়ি এবং বি.এ. পর্যন্ত ইংরাজি মিডিয়ামে পড়েছি। কিন্তু ইংরাজি পড়ার সঙ্গে সঙ্গে হিসটোরি, জিওগ্রাফি ইত্যাদি সবই পড়েছি। আমি কোনও পন্ডিত হয়েছি? আর কয়জন আছে ইংরাজিতে পন্ডিত? আপনি কয়টা ইংরাজি লাইন কারেক্ট করে লিখতে পারেন? আপনাকে আমি বলছি, আমি এমন স্কুলের টিচার দেখেছি, প্রফেসর দেখেছি যারা চার লাইন ইংরাজি ভাল করে লিখতে পারেনা।

[5-45 — 5-55 p.m.]

কাজেই ওকথা বলবেন না, এক পাতা, দু'পাতা ইংরাজি শিখলেই ইংরাজিতে পন্ডিত হওয়া যায় না। সুতরাং ওকথা বলবেন না। এমনই আপনারা ইংরাজি শিখেছেন যে, ১০ লাইন কারেক্টলি ইংরাজি লিখতে পারেন না। সুতরাং বড় বড় লম্বা লম্বা কথা বলবেন না। শিক্ষার বাহন কি হবে, এ নিয়ে চিরকালই কথা উঠেছে। যখন আমাদের দেশে ইংরাজি

শিক্ষার প্রবর্তন হয়, যখন মেকলে কমিশন হয়েছিল তখন পার্লামেন্টে একথা উঠেছিল এবং মেকলে সাহেব বলেছিলেন যে, তোমাদের ভাববার কিছু নেই, এমন শিক্ষা দেব ওরা জাতীয়তাবাদ ভুলে যাবে, এমন শিক্ষা দেব যে, ওরা চাকর-বাকরে পরিণত হবে। আজকে আমাদের বিরোধী পক্ষ রবীন্দ্রনাথের কথা বলছেন, অথচ রবীন্দ্রনাথ বলেছিলেন our universities have been making so many serews and bolts to feed the British imperialism. এটা রবীন্দ্রনাথের কথা। কাজেই ইংরাজি শিক্ষার উপর এত মায়া করবেন না, এত মমতা দেখাবেন না। ইংরাজি শিক্ষা আমাদের মানুষ করেনি, আমাদের অমানুষ করেছে। কাজেই সেই শিক্ষার পরিবর্তন করতে হবে। রবীন্দ্রনাথের কথাই বলছি, রবীন্দ্রনাথ বলেছিলেন মাতৃভাষা হল মাতৃস্তন্য। আর অন্য ভাষা হল ধাত্রি-স্তন্য। যে শিশুর মাতৃস্তন্যে পেট ভরে না তার ধাত্রি-স্তন্যে পুষ্টি হতে পারে না। সুতরাং অন্য ভাষা হল ধাত্রি-স্তন্যের মতো, অন্য ভাষায় শিক্ষা লাভ করে কখনই কেউ শিক্ষিত হতে পারে না। মাতৃভাষাকে বাদ দিয়ে যদি শিক্ষাকে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা আমরা করি তাহলে সে শিক্ষা কখনই এগোবে না, পিছবে। একটা গল্প আছে ভুতের পা পিছনের দিকে চলে। তেমনি আমাদের শিক্ষা ব্যবস্থা চলছে। মাতৃভাষাকে বাদ দিয়ে কখনই সে এগিয়ে যেতে পারবে না, ভুতের মতো সে পিছনের দিকে চলবে। সেইভাবেই আমাদের এতদিন চলেছে। ১৯৩০ সালে যখন আমরা স্বাধীনতার সংকল্প বাক্য পাঠ করি তখন আমরা শুধু ইংরাজের কবল থেকে মুক্তি চাইনি, আমরা সাংস্কৃতিক মুক্তিও চেয়েছিলাম, কিন্তু ৩০ বছরের কংগ্রেসি শাসনে সেই মুক্তি আসেনি। ৩০ বছরের মধ্যে ওরা আমাদের মাতৃভাষাকে সেই জায়গায় নিয়ে যেতে পারেননি। অথচ আজকে অনেক বড় বড় কথা বললেন, সহজপাঠ সম্পর্কেও অনেক কথা বললেন। অথচ ওরা যখন মন্ত্রী ছিলেন তখন ওরা কি বলেছিলেন? এটা ঠিক যে, ১৯৬৯ সালেই প্রথম সত্যপ্রিয় রায় মহাশয় সহজপাঠ চালু করেছিলেন। এটা ওরা জেনে রাখুন যে, ১৯৩১ সালে সহজপাঠ লেখা হয়েছিল। ১৯৪১ সালে রবীন্দ্রনাথ মারা যান তারপর ১৫ বছর পরে সহজপাঠ ছেপে বেরিয়েছিল এবং তারপর ১৪ বছরে ১৫ থেকে ২০ হাজারের বেশি ছাপা হয়নি বা প্রকাশিত হয়নি। এই তো হল ওদের রবীন্দ্র ভক্তি। ওরা এব্যাপারে কিছুই করেননি। সত্যপ্রিয়বাবু আসার পর থেকে বছরে ১০ লক্ষ করে কপি ছাপানো হয়েছে এবং জনসাধারণের মধ্যে বিনা পয়সায় দেওয়া হয়েছে। ওরাই আবার আমাদের রবীন্দ্রনাথ সম্পর্কে পিতৃদোহি বলছেন, এই পিতৃদোহিরাই রবীন্দ্র রচনাবলি বের করছে। এই সহজ পাঠ করার ফলে গ্রামের শিক্ষকরা কিন্তু এই বই গ্রহণ করলেন না। তারা বিদ্যাসাগরের বই এবং গ্রামীণ সরকারের বই সঙ্গে সঙ্গে পড়াতে লাগলেন। শুধু ঐ বই ছাত্রদের চাহিদা মেটাতে পারল না। কাজেই ঐ বইতে নিশ্চয়ই কিছু ত্রুটি আছে এবং এই ত্রুটিকে দূর করার জন্য তখন আপনাদের সরকার, রাষ্ট্রপতির শাসনকাল সিদ্ধার্থশঙ্কর রায় তখন কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী, সহজ পাঠের এই ত্রুটি ও অসম্পূর্ণতার প্রতি দৃষ্টি আকর্ষণ করে একটি নোট প্রচার করলেন। তাতে তারা লিখেছিলেন "(১নং টি বি ২৫শে জানুয়ারি ১৯৭১) সরকারকে জানানো হয় যে রবীন্দ্রনাথ ঠাকুরের সহজ পাঠ প্রথম ও দ্বিতীয় ভাগ ছাড়া প্রথম ও দ্বিতীয় শ্রেণীর জন্য অন্যান্য সমস্ত বাংলা ছবি ও ছড়ার বইয়ের অনুমোদন শিক্ষা দপ্তরের ১৯৬৯ সালের ২০শে নভেম্বরের ২নং টি বি ঘোষণার দ্বারা তুলে নেওয়া হলে বাংলা বর্ণ সম্পর্কে অপর্যাপ্ত জ্ঞানসম্পন্ন অনেক ছাত্রছাত্রি সহজপাঠ অনুসরণ করতে অসুবিধা ভোগ করছে। এই ফাঁক

পূরণের জন্য বৈজ্ঞানিক উপায়ে ও পর্যায়ক্রমে বর্ণপরিচয় এবং বিশেষ করে যুক্তাক্ষর শিক্ষা দেওয়ার সহায়ক পাঠ হিসাবে অন্য পাঠ্যপুস্তক সুপারিশ করা শ্রেয় বিবেচিত হয়। ছোট ছোট শিক্ষার্থিদের বাংলা বানানের জটিলতার সঙ্গে প্রথম পরিচয় ঘটানোর জন্য ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের প্রথম ও দ্বিতীয়ভাগ বিশেষ উপযোগি বলে মনে করা হয়। এই সমস্ত বিষয় বিবেচনা করে সরকার সহজ পাঠ প্রথম ও দ্বিতীয় ভাগের সহায়ক পাঠ্যপুস্তক হিসাবে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের প্রথম ও দ্বিতীয় ভাগ যথাক্রমে প্রথম ও দ্বিতীয় শ্রেণীতে পাঠ্য হিসাবে সুপারিশ করার জন্য সিদ্ধান্ত নেন। পশ্চিমবঙ্গের সমস্ত প্রাথমিক বিদ্যালয়ের প্রধানরা এখন থেকে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত প্রথম ও দ্বিতীয় শ্রেণীতে এই বই দুইটি পাঠ্য করতে পারেন। এই হচ্ছে গেজেটের তর্জমা। এই সিদ্ধান্ত হিসাবে ১৯৭৪ সালে ঐ কংগ্রেসি আমলে প্রাথমিক শিক্ষাক্রম পরিবর্তন করার জন্য সিলেবাস কমিটি করলেন। ঐ সহজপাঠ পরিবর্তন করার জন্য সিলেবাস কমিটি করলেন। সেই সিলেবাস কমিটিতে বামফ্রন্ট সরকার আরও কিছু প্রাইমারি শিক্ষককে এবং বিদগ্ধ ব্যক্তিকে নিলেন। তারপর তারা এখন সুপারিশ করেছেন এবং গেজেট নোটিফিকেশন করেছেন। কই তখন তা নীহাররঞ্জন রায়, সুকুমার সেন এবং ভোলা সেন মহাশয়ের টনক নড়েনি?

[5-55 — 6-05 p.m.]

কেউ তার প্রতিবাদ করেননি। তখন কারো টনক নড়েনি, কিন্তু অনেক লোক তখন মতামত প্রকাশ করেছেন এবং তারা সিলেবাস কমিটির যে প্রতিবেদন দিয়েছেন তাতে সহজপাঠ পড়বার সম্পর্কে কোনও কথা এখানে বলেননি। এটা হচ্ছে অন্যরকম একটা বই সহায়ক পুস্তক। বাঙালি বুদ্ধিজীবিদের রবীন্দ্রনাথ সম্পর্কে যে শ্রদ্ধা ও ভালবাসা আছে সেটা ভাঙিয়ে কি করে বামফ্রন্ট সরকারের পিছনে লাগানো যাবে এটা তারই প্রচেষ্টা। এখানে হরিপদ বাবু নেই, কালকে দেখলাম একটা মৌন মিছিল বেরিয়েছে, তারমধ্যে যে ছবি আমার মনে হল তাতে হরিপদবাবু আছেন, মুখ বেঁধে আছেন বলতে চাইছেন যে প্রাইমারি থেকে ইংরাজি উঠে যাচ্ছে মুখ কি করে দেখাব? আমি আশ্চর্য হয়ে যাচ্ছি যে নীহাররঞ্জন রায় একজন শিক্ষিত ব্যক্তি এবং আমার মাস্টার মহাশয় পর্যায় ভুক্ত এখানে তিনিও এই সুযোগ নিয়েছেন। যখন এই সহজপাঠের ব্যাপার নিয়ে ট্রাম, বাস পোড়ানো হয় তখন দেশের মানুষ ক্ষিপ্ত হয়ে ওঠে, তখন তারা বুঝতে পেরেছিলেন যে রবীন্দ্রনাথের নামে ট্রাম বাস পোড়ানো হলে দেশের মানুষ সহ্য করবে না। তখন ওরা থেমেছিলেন। এই সরকার থ্রি ইয়ার্স মেডিক্যাল কোর্স যখন করেছিলেন তখন রব উঠেছিল কি সাংঘাতিক ব্যাপার হয়েছে। এটা তাদের জানা দরকার। আমাদের দেশে গ্রামে দশ হাজার লোকের মধ্যে একজন ভাল ডাক্তার নাই এবং অন্তত প্রায় ৪০ হাজার কোয়াক আমাদের গ্রামে প্র্যাকটিশ করছেন। মেডিক্যাল প্রফেশনের কাজ হল কিউরেটিভ, প্রোফাইল্যাকটিক নয়। আমাদের গ্রামে যাতে বসন্ত বা কলেরা না হয় তারজন্য প্যারা মেডিক্যাল যেটা অন্য জিনিস তার ব্যবস্থা করা দরকার। গ্রামের মানুষ একটু চিকিৎসার সুযোগ পাবে সে জিনিসটাও এদের সমালোচনার মধ্যে এসে গেল, এটা খুবই পরিতাপের বিষয়। আই.এম.এ. এটা নিয়ে কেন গোলমাল করছেন জানিনা। তারপর ল্য অ্যান্ড অর্ডার সম্পর্কে বলেছেন। এ সম্পর্কে আমি দু-চারটি কথা বলেই শেষ করব। ডেকান হেরাল্ড ল্য অ্যান্ড অর্ডার সম্পর্কে যে কথা বলেছেন সেটা আমি বলতে চাই। এ বিষয়ে সেন্ট্রাল থেকে

বার বার লোক পাঠাচ্ছে, কৈফিয়ত তলব করছে তখনই তারা বলছেন, Mr. Jyoti Basu has good reasons to resent frequent central inquiries about law and order situation in West Bengal. The situation there is certainly not worse than in some States now under Congress(I) Rules. What about the conditions in Delhi right under the nose of these inquirying authorities ? Strangely enough, these presumptuous questions coincide with a deliberate attempt by the West Bengal Congress(I) and its youth and students front organisations to whip up regional passion and disturb the peace. এটা ওয়েস্ট বেঙ্গলের বা সি.পি.এম.এর কোনও কাগজ নয়। এটা বাঙ্গালোর থেকে বের হয়। আমি জিজ্ঞাসা করি ভোলাবাবু যখন মন্ত্রী ছিলেন তখন আমাদের ১২০০ লোক মারা গেল তার সম্বন্ধে একটিও কথা তিনি তখন বলেননি। কাশীবাবুও ল্যা অ্যান্ড অর্ডারের প্রশ্ন তুললেন, কিন্তু তখন তিনি মন্ত্রী ছিলেন কিনা বলতে পারি না। আজকে সবাই নিরাপদে ঘোরাফেরা করতে পারেন। এটা সকলেই জানেন যে মন্ত্রী অমৃতেন্দু বাবুকে কৃষ্ণনগরের রাস্তায় ছুরি মারা হয়েছিল যখন তখন তারা কোথায় ছিলেন। অথচ, আজকে তারাই যেন ল্যা অ্যান্ড অর্ডারের ধারক। জ্যোতিবাবু ইন্দিরা গান্ধীকে একটা চিঠি লিখে জানিয়েছেন যে রায়গঞ্জে কংগ্রেসের দুই তরফের লড়াইয়ে ৮।১০ বছরের শিশু জখম হয়েছে। কে তার জবাব দেবে? সেদিন লক্ষ্মীকান্ত বসুর বাড়িতে একটি ছেলে যাচ্ছিল, তখন তারই দলের আর একটি ছেলে তাকে গাড়ি থেকে টেনে মেরেছে। আনওয়ার শা রোডেও এই জিনিস ঘটেছে। অথচ, এরাই আজকে ওয়েস্ট বেঙ্গলে ল্যা অ্যান্ড অর্ডারের কথা বলছেন। বিহারের একটা গ্রামে ১৭ জন মার্ডার হল এক প্রেমিকার প্রেমিককে খুন করা হয়েছে বলে। এই হচ্ছে পশ্চিমবাংলার বাইরে ল্যা অ্যান্ড অর্ডারের অবস্থা। আমরা এই কথা বলি না যে পশ্চিমবাংলায় ল্যা অ্যান্ড অর্ডার অত্যন্ত আদর্শ স্থানীয়। যে পাপ আপনারা সৃষ্টি করেছেন তা ধুয়ে মুছে ফেলা যায় না। এরজন্য আপনাদের লজ্জা করা উচিত। একজন মহিলাকে ঘেরাও করে রাখা খুব অন্যায় হয়েছে এবং ঘেরাও করে তাকে যদি অপমান করা হয়ে থাকে নিশ্চয়ই তার নিন্দা করা উচিত। ঐ দিকে যারা আছেন তারা এক সময়ে ঘেরাও পছন্দ করতেন। আমরা ঘেরাওকে সংগ্রামের একটা পদ্ধতি বলে মনেকরি না। আমি জিজ্ঞাসা করি যাদবপুরে যখন গোপাল সেনকে মার্ডার করা হল তখন আপনারা কোথায় ছিলেন? ক্যালকাটা ইউনিভার্সিটিতে যখন গুন্ডারা আশ্রয় নিয়েছিল তখন আপনারা কোথায় ছিলেন? অতএব, মুখে বড় বড় কথা বলা উচিত নয়। আপনারা সব নির্লজ্জ বেহায়া। আমরা এটাকে আইডিয়াল কন্ডিশন বলি না। কারণ যে অর্থনৈতিক অবস্থা তার সঙ্গে মিলিয়ে আমাদের চলতে হবে। এই অবস্থা থেকেও যদি আমরা কিছু ভাল করতে চাই তাহলে সেদিক থেকে আপনাদের যদি কিছু সাহায্য করার থাকে তাহলে করবেন কিন্তু আপনারা তো অন্তর্দ্বন্দ্বে বিদীর্ন সেইজন্য আপনারা ল্যা অ্যান্ড অর্ডারের প্রশ্নটিকে এত জটিল করে তুলেছেন।

[6-05 — 6-15 p.m.]

কিন্তু অন্য জায়গায় যে সাম্প্রদায়িকতার বীজ আছে আমাদের পশ্চিমবাংলায় তা নেই। হরিজন সংখ্যালঘুদের উপর যে অত্যাচার তা আমাদের পশ্চিমবাংলায় নেই। আমরা অন্য জায়গায় দেখেছি যে বিচ্ছিন্নতাবাদী শক্তি আছে যা নাকি আমাদের পশ্চিমবাংলায় নেই। সেই

বিচ্ছিন্নতাবাদী শক্তিকে এখানে অঙ্কুরে বিনষ্ট করা হয়েছে। আমাদের এখানে বিচ্ছিন্নতাবাদী নেই ও সাম্প্রদায়িকতা নেই। আমাদের এখানে পুলিশ বিক্ষোভ নেই, সংখ্যালঘুদের উপর অত্যাচার নেই। এটা হচ্ছে এখানের স্টেট অফ অ্যাফেয়ার্স। কাজেই এরজন্য সরকারকে ধন্যবাদ দেওয়া উচিত এবং বলা উচিত যে আমরা এরূপ একটা জায়গায় বাস করি যেখানে ফিসি ফেরাস কন্ডিশন নেই। আমি শুধু একটা কথা বলবো যে খুব খারাপ দিন আসছে এবং এরজন্য আক্রমণ শানানো হচ্ছে। আমরা পার্লামেন্টারি ডেমোক্রেসিতে বাস করি। এই পরিস্থিতিতে এটাই এখনকার রেওয়াজ। এখন এটাই চলবে। কিন্তু এটা একটা আইডিয়াল নয়। একটা স্তর পর্যন্ত এটাই প্রোগ্রেসিভ। এটাকেই একটা স্তর পর্যন্ত প্রগ্রেসিভ বলা হয় সর্ব অবস্থায় নয়। এটাকেও ভাঙতে হবে প্রয়োজন হলে, তবে এটা ভেঙে প্রেসিডেন্সিয়াল রুল নয় পেছনে ক্ষমতা নয়। আপনারা গণতন্ত্রের কথা বলেন। আপনারা বলেন এটাই পৃথিবীর সবচেয়ে বড় গণতন্ত্র। কিন্তু সেই গণতন্ত্রকে আপনারা উচ্ছেদ করবার চেষ্টা করছেন। ১৯৫৮ সালে কেরলে আপনারা করেছিলেন নামুদ্রিপদকে উচ্ছেদ করে। আপনারাই এর ঘন্টার ধ্বনি বাজিয়েছেন। পার্লামেন্টারি ডেমোক্রাসির পেছনে যা চলেছে তাতে বড় লোকের তোষণ চলেছে। তাই বলে কিন্তু স্বৈরাচারির দিকে নয় আপনারা প্রেসিডেন্সিয়াল রুলের দিকে এগিয়ে নিয়ে যেতে চাইছেন। সেইদিকে আজ আমরা এগিয়ে যেতে চাই না। আজ আমরা দেখছি যে লোকো কর্মীদের উপর আক্রমণ করা হচ্ছে। আমরা জানি যে একজন কর্মী ১০ ঘন্টা কাজ করবে। তারজন্য চুক্তি হচ্ছে সে চুক্তি প্রতিপালিত হচ্ছে না। আপনারা প্রগ্রেসিভ অবস্থার কথা বলেন। কিন্তু এরূপ অবস্থা ভারতবর্ষ ছাড়া আর কোথাও নেই। এইরূপ অমানুষিক অবস্থা কোথাও নেই। আজকে দলন দমন নিষ্পেশন সব চলেছে যা নাকি কোথাও নেই। একজন কর্মীকে ১২।১৪।১৬ ঘন্টা কাজ করতে হচ্ছে। অথচ ১০ ঘন্টার যে চুক্তি তা মানা হচ্ছে না। এল আই সির যেটা প্রাপ্য যেটা সুপ্রিম কোর্ট দিল তা প্রেসিডেন্ট অর্ডিনান্স করে রদ করে দিলেন। বাঙ্গালোরে সমস্ত রাষ্ট্রীয় কারখানার শ্রমিকরা আজ লড়াই করছে। সেখানে ১ লক্ষের উপর শ্রমিক লড়াই করছে। তাদের উপর দলন দমন চলছে। আজকে সারা ভারতের কৃষক জেগে উঠেছে। আমি কাশীবাবুর সঙ্গে একমত যে কৃষক তার রেমুনারেটিভ প্রাইস পাচ্ছে না। এরজন্য ব্যাপক কৃষক আন্দোলন হচ্ছে ও তাতে সমস্ত পার্টি অংশ গ্রহণ করছে। আজকে কৃষকদের দাম দিতে হবে। রেমুনারেটিভ প্রাইস দিতে হবে। রেমুনারেটিভ প্রাইস করতে গিয়ে এমন করতে হবে যাতে সাধারণ মানুষের জন্য জিনিস কিনতে গিয়ে না কষ্ট হয়। আমাদের ধানের দাম বাঁধতে হবে ও অন্য জিনিসের দাম বাঁধতে হবে। এ ব্যাপারে আমরা পশ্চিমবাংলা থেকে আওয়াজ তুলেছি যে নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম বাঁধতে হবে এবং একই দামে তাকে সব জায়গায় জিনিস দিতে হবে। যদি কয়লা এক দামে বিক্রি হয় তাহলে লোহা এক দামে বিক্রি হবে না কেন? তুলা এক দামে এখানে পাওয়া যাবে না কেন? আমরা যদি পাট দিয়ে বৈদেশিক মুদ্রা অর্জন করি তা যদি সমস্ত ভারতে ভাগ বাটোয়ারা হয় তাহলে আমরা কেন এক দামে তেলের বীজ পাব না। অন্য জায়গায় যে ফসল হয় তা কেন আমরা পাব না এটাই আমাদের পশ্চিমবাংলার ন্যায্য দাবি। এটা পশ্চিমবঙ্গের ন্যায্য দাবি, সারা ভারতবর্ষের মানুষের এই দাবি হবে। কিন্তু এই বিচ্ছিন্নতাবাদকে বৈষম্যকে কেন্দ্রীয় সরকার উস্কানি দিচ্ছে। এই জিনিস বেশি দিন চলবে না, আন্দোলন শুরু হয়েছে। আমি শুধু ওদের নিজেদের লোকদের বলব নিজেরা আত্মঘাতি হয়ে নিজেদের পায়ে কুড়ুল মারছেন। যে ধ্বনি উঠেছে তাতে সমস্ত

মানুষকে ঐক্যবদ্ধ হয়ে এই অনাচারের বিরুদ্ধে স্বৈরাচারের বিরুদ্ধে, কংগ্রেস(আই) কেন্দ্রীয় সরকারের নীতির বিরুদ্ধে আমাদের দাঁড়াতে হবে, তারই সূচনা হবে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের জনমুখী কার্যকলাপ এর মাধ্যমে। সেজন্য আমি এই সরকারের কার্যকলাপের যে রূপরেখা যা রাজ্যপাল এখানে পেশ করেছেন তাকে সমর্থন করছি।

[6-15 — 6-25 p.m.]

**শ্রী অনিল মুখার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের এই ভাষণকে সমর্থন করতে গিয়ে আমি দু'একটা কথা আপনার মাধ্যমে বলতে চাই। আমাদের বিরোধী দলের বন্ধুরা এবং বিশেষ করে ইন্দিরা কংগ্রেসের নেতা সেন মহাশয় তার নামের সার্থকতার সঙ্গে তিনি আজকে কাজ করেছেন। তিনি যেসব তথ্য এখানে দিয়েছেন সেগুলি উনি আশা করেছিলেন বিপ্লবীদের নাকি উনি ধন্যবাদ দেবেন এটা দিয়ে শুরু করবেন, কিন্তু সেটা উনি দিতে পারেননি। সবচেয়ে বড় কথা উনি হাইকোর্টের একটা লিস্ট এখানে দেখালেন। উনি ব্যারিস্টার সকলেই জানেন, কিন্তু এমন ডিসটোরসান অব ফ্যাক্টস করলেন অর্থাৎ তিনি দেখালেন ১৮৫টা মামলা তারমধ্যে ১২৭ টাই কনটেমপ্ট অব কোর্ট, কিন্তু কোন বছরের মামলা, কত বছরের জমা মামলা সেইসব বললেন না। একদিনে এক হাজার লোক মামলা করতে পারে। এই বর্গাদারের বিষয়ে জমির উপর হাজার হাজার মামলা হয়েছে, প্রায় ৫০/৬০ হাজার মামলা হয়েছে। সেই ৬০ হাজার মামলার মধ্যে ১৮৫টা মামলার ব্যাপারে কনটেমপ্ট অ্যাপ্লিকেশন আছে, সেই অ্যাপ্লিকেশন মামলার রুল ডিসচার্জ হয়েছে কিনা তাও তিনি বলতে পারলেন না। হাইকোর্টের লিস্ট দেখিয়ে উনি অনেক কিছু বলে গেলেন, অবশ্য ওনার কথার মধ্যে অনেক জড়তা ছিল, কারণ কি সেটা জানি। একজন ব্যারিস্টার বললেন, কিন্তু রাজ্যপালের ভাষণের একটা অক্ষরও এখানে পড়ে বললেন না যে এটা হয়নি, এটা হতে পারল না কেন। বিরোধী দলের নেতা বা সদস্যর কাছ থেকে আমরা এইরকম বক্তব্য আশা করিনি। কাশীবাবু জ্যোতিবাবু সম্পর্কে বলেছেন যে, জ্যোতিবাবু যখন বিরোধী দলের নেতা ছিলেন তখন তিনি অনেক সমস্যার কথা বলেছিলেন এবং সমস্যার সমাধান কিভাবে হতে পারে সেকথাও বিরোধী নেতা হিসাবে বলেছিলেন। অর্থাৎ বিরোধী দলের নেতা হলে তাকে সরকারের ব্যর্থতাগুলি তুলে ধরতে হয় এবং সঙ্গে সঙ্গে সেগুলি সমাধানের পথও বলে দিতে হয়। আজকে ভোলা সেন মহাশয় আইন-শৃঙ্খলার কথা বলে গেলেন। তার কথা শুনে আমার মনে হল, কি কথা, কে বলছে! বর্তমানে এখানে যতটুকু আইন-শৃঙ্খলার প্রশ্ন দেখা দিয়েছে তা ওদেরই উপদলীয় কোন্দলের ফলে। ওদের উপদলীয় দ্বন্দ্বর ফলেই এখানে কিছু কিছু মারামারি হচ্ছে, খুন হচ্ছে। এন.এল.সি.সি. অফিসে পুলিশ মোতায়েন করতে হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওরা আজকে আইন-শৃঙ্খলার প্রশ্ন তুলছেন। ওরাই '৭২ সালে নিজেদের এম.এল.এ চন্ডি মিত্রকে খুন করেছেন। ওদেরই নিজেদের দলের লোকেরা বর্ধমান বিশ্ববিদ্যালয়ের মধ্যে অখিলেশকে খুন করেছে। ওদের সেই পুরোনো অভ্যাস আজও চালিয়ে যাচ্ছেন। সেইজন্যই পশ্চিমবাংলায় আজকে যতটুকু আইন-শৃঙ্খলার সমস্যা দেখা দিয়েছে ততটুকুই হচ্ছে ইন্দিরা কংগ্রেসের উপদলীয় দ্বন্দ্বের ফলে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওরা আজকে সারা ভারতবর্ষের আইন-শৃঙ্খলার চিত্রের সঙ্গে পশ্চিমবাংলার চিত্রের তুলনামূলক আলোচনা করেননি। ওরা হাউসের সামনে দেখাতে পারলেন না যে, ভারতবর্ষের এই এই

প্রদেশে ইন্দিরা কংগ্রেসের রাজত্ব আছে এবং সেখানে এই এইভাবে আইন-শৃঙ্খলা বজায় আছে এবং পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলার এই এই ভাবে অধঃপতন হয়েছে। এইসব তথ্য সেন সাহেব দিতে পারলেন না। অথচ উনি এমন সব কথাবার্তা বললেন, যার সঙ্গে রাজ্যপালের ভাষণের কোনও সম্পর্ক নেই। ইন্দিরা নেতৃত্বের ইন্দিরা কংগ্রেসের এই হল রাজনীতি। তিনি উৎপল দত্ত, প্রমোদবাবু ইত্যাদির নাম করে কতগুলি কথা বলে গেলেন। এমন কি উনি ইন্দিরা গান্ধী ১৯৮০ সালে, না '৮১ সালে ক্ষমতায় এসেছেন তাও ঠিকমতো বলতে পারলেন না। উনি '৮১ সাল বললেন। আর কমল গুহ, না অশোক ঘোষ বক্তৃতা করেছেন তাও ঠিকমত বলতে পারলেন না। উনি বললেন কমল গুহ বক্তৃতা করেছেন। অর্থাৎ ওর কথার মধ্যে কোনও সঙ্গতি নেই, অথচ উনি পশ্চিমবাংলার বিরোধী নেতা হিসাবে ভূমিকা পালন করতে এসেছেন এবং বক্তৃতা রাখছেন। পশ্চিমবাংলার দুর্ভাগ্য যে পশ্চিমবাংলা এইরকম একজন বিরোধী নেতা পেয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভাষা নিয়ে অনেক কথাই সেন সাহেব বলে গেলেন, অথচ ভাষা নিয়ে সরকারি নীতির কথা কিছুই বললেন না। সরকারি নীতি পরিষ্কার ভাবে রাজ্যপালের ভাষণের মধ্যে উল্লেখ করা আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বলতে চাই যে, গভর্নমেন্টের এডুকেশন পলিসি রিগার্ডিং ল্যাঙ্গুয়েজ, সেটার সম্বন্ধে বিধানসভার ভিতরে এবং বাইরে কেউ কিছুই বলছে না। এই একটা অদ্ভুত ব্যাপার চলছে। আমরা জানি বড় বড় স্বাধিকার কমিটিতে অনেক পন্ডিত ব্যক্তিরা আছেন, কিন্তু তারা ভাষা নিয়ে রাজনীতি চালাচ্ছেন। অথচ আমাদের রাজ্যপালের ভাষণের মধ্যে গভর্নমেন্টের শিক্ষানীতি নিয়ে পুঙ্খানুপুঙ্খভাবে আলোচনা করা হয়েছে। এখানে বলা আছে, "My Government has, as a matter of policy, decided that students of primary classes shall be taught only one language, viz., their mother toungue. Introduction of a second language at this stage is considered to be an unnecessary burden for them and also not helpful in fulfilling the basic need of getting the students acquainted with their natural and social environs. English as a second language will, however, be taught compulsorily at the secondary stage." অর্থাৎ বামফ্রন্ট সরকার শিক্ষানীতিতে মাধ্যমিক স্তর পর্যন্ত মাতৃভাষায় শিক্ষা দেওয়া হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সেকেন্ডারি স্টেজ থেকে ইংরাজি বাধ্যতামূলকভাবে শেখানো হবে, ইংরাজি দেশ থেকে তুলে দিয়েছে, একেবারে উঠে গেছে, তা নয়। পৃথিবীর চারটি দেশ বাদ দিলে বাকি সমস্ত দেশেই প্রাথমিক স্তরে মাতৃভাষায় শিক্ষা দেওয়া হয়। সুইডেন, বাংলাদেশ, পাকিস্তান, সাউথ আফ্রিকা, এই চারটি কান্ট্রি বাদ দিলে, পৃথিবীর আর সব দেশেই প্রাথমিক স্তরে মাদার টাঙে শিক্ষা দেওয়া হয়। গান্ধীজীর কথা বলেন, অবশ্য ইন্দিরা কংগ্রেসতো গান্ধীজীকে বরবাদ করেই দিয়েছে, তিনি আমাদের জাতির জনক, কার্ল মার্কস লেনিন, স্ট্যালিন এদেরকে ওরা বিদেশি বলেন কিন্তু হল্যান্ডের জুরিসপ্রুডেন্সে কি আছে, হল্যান্ড সম্বন্ধে ভোলাবাবুর আপত্তি নেই, সেখানেও তো এ ব্যবস্থা নেই। আমাদের জাতির জনক মহাত্মা গান্ধী কি বলেছেন, আমি তার কথাই কোটেশন দিচ্ছি, বেশ চিন্তা করেই মহাত্মা গান্ধীর মতো নেতা ল্যাঙ্গুয়েজ সম্বন্ধে বলেছেন। Gandhiji recommended that instruction is imparted in mother tongue—Hindi in Hindi speaking areas and in regional languages in other parts of the country. মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গান্ধীজী বলেছেন প্রাথমিক স্টেজে

মাতৃভাষায় পড়ানো হবে, হিন্দি ইন হিন্দি এরিয়াজ এবং অন্য অংশে রিজিওনাল ল্যাঙ্গুয়েজ, আর এডুকেশন কমিশন কি রিকমেন্ডেশন করেছেন, সেটা কি উনি পড়েননি? এডুকেশন কমিশনও প্রাইমারি স্টেজে মাদার টাঙের কথাই বলেছেন, এডুকেশন কমিশন যা বলেছেন ল্যাঙ্গুয়েজে প্রবলেম কোন দেশে কোন জায়গায় হয়েছে এইরকম বলেননি, তাই কেন এই ব্রিটিশ লিগেসি, কেন এই হীন মনোভাব এই দীর্ঘ ৩০ বছর যাবৎ চলেছে? নেহেরু থেকে আরম্ভ করে গান্ধীজী পর্যন্ত ভারতবর্ষের নেতারা এটা বলেছেন যে প্রাথমিক স্টেজে ফ্রি এডুকেশন দেওয়া হোক। স্বাধীনতার পর প্রথম দিকে ছিল থার্টিন পারসেন্ট, সেটা টুয়েন্টি নাইন পারসেন্ট ৩০ বছরে এসে দাঁড়ায়, এই যে অবস্থা ভারতবর্ষের বিভিন্ন প্রদেশে, এটা অত্যন্ত দুর্ভাগ্যের কথা। এটা আমার কথা নয়, এটা কেন্দ্রীয় সরকারের বই, ইন্দিরা কংগ্রেসের নিযুক্ত কমিশনের স্বীকারোক্তি থেকে পড়ে শোনাচ্ছি। তারা বলেছেন ভেরি ইমপ্রেসিভ ইনক্রিজ, যখন নূরুল ইসলাম মন্ত্রী ছিলেন, তিনি বলেছিলেন, প্রাইমারি এডুকেশন অনেক এনরোলমেন্ট হয়েছে, কিন্তু কত তারপরে ড্রপ আউট করেছে, সেকেন্ড ইয়ারে, থার্ড ইয়ারে কত হয়েছে এবং ক্লাস ফাইভে কত হয়েছে এবং শেষ পর্যন্ত ম্যাট্রিক গিয়ে কোথায় দাঁড়িয়েছে, সেটা কি দেখেছেন? ভোলাবাবু গ্রাম বাংলার দিকে তাকাচ্ছেন না, উনি বলেছেন ইংলিশ মিডিয়ামে পড়ার জন্য লাইন দিয়ে লোকে দাঁড়িয়ে আছে, এটা অত্যন্ত ঘৃণার কথা, লজ্জার কথা।

[6-25 — 6-35 p.m.]

গ্রাম বাংলার প্রাথমিক স্কুলগুলির এমনই অবস্থা যে তাদের গৃহ নেই। আর ঐ সমস্ত গরিব মানুষদের ছেলেমেয়েরা দুলে বাউড়ি বাগদীদের ছেলে মেয়েরা রাস্তায় যে ঘুরে বেড়াচ্ছে তাদের শিক্ষা দেবার কথা তো ইন্দিরা কংগ্রেসের মনে ছিল না। তারা বিদেশি শিক্ষায় শিক্ষাপ্রাপ্ত হয়ে বিদেশে মানুষ হয়ে বিদেশি ভাবধারায় অনুপ্রাণিত হয়ে পড়েছে। এদের রক্তের মধ্যে চিন্তার মধ্যে সেই সাম্রাজ্যবাদের প্রতিফলন দেখতে পাওয়া যাচ্ছে। তারা ইংল্যান্ডে থেকে ব্যারিস্টারি পড়েছেন তাই ইংরাজিকে আর ভুলতে পারছেন না। আবার এখানে তারা বলছেন Marx, Angel, Stalin. আবার মাঝে মাঝে দেখি গরিবদের কথা বলেন ভুতের মুখে রাম নাম। এটা অবশ্য স্বাভাবিক। আর এদিকে লক্ষ লক্ষ ছেলে মেয়ে যাদের পেটে অন্ন নেই পরনে বস্ত্র নেই যাদের পয়সা নেই শিক্ষা দেবার এইরকম শতকরা ৮০ জন গ্রাম বাংলায় রয়েছে তারা ক্লাস ফাইভ পর্যন্ত যদি পড়ে তাহলে তাদের ইংরাজি শিখে কি করবে। যাদের ২।৩ ক্লাস পড়ে অন্য লোকের বাড়িতে চাকুরিতে চলে যেতে হয় এই করুণ দৃশ্য তিনি কি দেখেননি? আজকে তারা ইংলিশ মিডিয়ামের কথা ভাবছেন। ভাববেনই তো বিলিতি শিক্ষায় তারা শিক্ষিত। এরসঙ্গে আবার প্রোডাকশ-এর কথা ঢুকিয়ে দিলেন। শিক্ষার সঙ্গে প্রোডাকশনের কি সম্পর্ক আছে? গরিব ছেলেমেয়েরা যাতে মাতৃভাষার মাধ্যমে শিক্ষাকে আয়ও করতে পারে তারই ব্যবস্থা করা হয়েছে। এবং বিশ্ববিখ্যাত পন্ডিতরা এই ওপিনিয়নই দিয়েছেন। তারা বলেছেন মাতৃস্তন্যের মাধ্যমে যে শিক্ষা পায় পৃথিবী আর কোনও শিক্ষাবিদ সেই শিক্ষা দিতে পারে না। আমরা চাই শিক্ষার প্রসার এবং সেইজন্যই আমরা এই জিনিস করেছি। আজকে প্রতিটি গ্রামে গ্রামে স্কুল করা হয়েছে। ওদের সময় একটি গ্রামেই ২।৩।৪টি স্কুল হয়ে গেল আর অন্য গ্রামে স্কুল হলই না। এই তো ওদের কর্তব্য। মাতৃভাষার মাধ্যমে শিক্ষা করে বই পড়ে তারা বুঝতে পারবে যে কোনও ফসলে কোনও সময় কি ঔষধ দিলে ফসলে পোকা

ধরবে না। গরিব ছেলেরা কিছু লেখাপড়া শিখে বই পড়ে বুঝতে পারবে কিভাবে শস্য বাড়ানো যায়। আমি মনেকরি এটা জনমুখি গরিব মুখি সাধারণ মানুষ মুখি এবং আমি মনেকরি এই সরকার ভালই করেছেন। উনি বললেন জিও - তা ওদের বলা অভ্যাস আছে ইন্দিরা গান্ধী যুগ যুগ জিও, যুগ যুগ জিও। তাই সেইভাবে আজকে এই অ্যাসেম্বলিতেও এটা বলে ফেললেন। ১৯৪৭ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত দু এক বছর ছাড়া ওরা সরকারে ছিলেন। কিন্তু একটা সর্বভারতীয় শিক্ষা নীতি চালু করতে পারেননি। আমাদের সংবিধানের কি ডাইরেক্টিভ প্রিন্সিপ্যাল যে ১৪ বছর বয়স পর্যন্ত ফ্রি অ্যান্ড কমপালসারি এডুকেশন করতে হবে। সেটা করেছেন কি? আর এই বামফ্রন্ট সরকার মাত্র সাড়ে তিন বছরের মধ্যে ১০ম শ্রেণী পর্যন্ত এডুকেশন ফ্রি করে দিয়েছেন। আপনারা করেননি কেন? আপনাদের সময় প্রাইমারি স্কুলের শিক্ষক ৫।৬ মাস পর্যন্ত মাহিনা পেত না এমন কি আমি জানি কলেজের শিক্ষকরা ১ বছর পর্যন্ত মাহিনা পেত না। কিন্তু আজকে কলেজের অধ্যাপকরা স্কুলের টিচাররা মাসের প্রথম তারিখে মাইনে ড্র করছেন ব্যাঙ্কের মাধ্যমে। এটা তো আপনারা করে দিতে পারতেন।

এই ব্যবস্থা এই সরকার করেছেন। এইগুলি তো ওরা বললেন না। এই সরকারের ভাল কাজগুলির কথা কোনওদিন উল্লেখ করবেন না। ভাল কাজের উল্লেখ করুন, খারাপ কাজেরও উল্লেখ করুন। নিশ্চয় পার্লামেন্টারি সিস্টেমে অপোজিসনের কাজ শুধু নট টু অপোজ নয়, তাদেরও কিছু রেসপনসিবিলিটি আছে। কনস্ট্রাকটিভ অপোজিসন দিন। উনি হাউস অব কমনসের ব্যাপারে ইংরাজিতে অনেক কথা বললেন। নিজে পড়াশুনা করেছেন, জানেন ইভলিউশন অব দি পার্লামেন্টারি সিস্টেম ইন ইংল্যান্ড এবং সেখানে কনজারভেটিভ এবং লেবার পার্টির যে রিয়্যাল অপোজিসন সেটা নিশ্চয় তিনি জানেন এবং সেখানে হাউস গণতন্ত্রকে রক্ষা করে সেই কথা তো বললেন না। অপোজিসন লিডার হিসাবে কনস্ট্রাকটিভ ক্রিটিসিজমের একটি কথাও তো বললেন না। এইভাবে চললে পশ্চিমবাংলা বাঁচবে, এইদিকে পশ্চিমবাংলা যাচ্ছে, এ সম্বন্ধে তো একটি কথাও বললেন না। উনি শুধু কতকগুলি অত্যন্ত খারাপ লজ্জাজনক কথা বললেন। অপোজিসন লিডারের এইরকম ভাষণ ইতিহাসে লেখা থাকবে। আগামিদিনে ছেলেরা যখন গবেষণা করবে - "জিও জিও" এইরকম একটি কথা অপোজিসন লিডার হাউসের মধ্যে প্রোনাউন্স করে যাচ্ছেন, যেন আর কিছু হয়নি, তিনি কিছু দেখতে পাননি, কেবল এই কথাগুলি বলে যাচ্ছেন আগামিদিনে ভবিষ্যত বংশধরেরা যখন রিসার্চ করবে তখন তারা দেখবে অপোজিসন লিডারের অ্যাসেম্বলি স্পিচ কেবল একটি জোলো বক্তৃতা উইদাউট এনি সাবস্ট্যান্স, উইদাউট এনি মেটিরিয়াল। এই ধরনের বক্তৃতা আমরা তার কাছ থেকে আশা করিনি অনেক কিছু আশাকরি। অপোজিসন পার্টির সদস্য কাশীবাবু যে কথা বলেছেন সেটা ভাবতে হবে। তিনি বলেছেন জ্যোতি বসু মুখ্যমন্ত্রী বিধান রায়কে সমস্যার কথা বলতেন এবং সমাধানের কথাও বলে দিতেন। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এফ.এফ.ডব্লিউ. স্কীম সম্পর্কে কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গের প্রতি বিমাতৃসুলভ আচরণ করছেন। সে সম্পর্কে তিনি তো একটি কথাও বললেন না। গরিব মানুষের কথা বললেন। ইন্দিরা কংগ্রেসের নেতা তো একবারও বললেন না কৃষি ঋণ মকুব করা হোক। তার কারণ কি? ওরা বলবেন কি করে? ওদের নেত্রি ইন্দিরা গান্ধী বলছেন এই কথা বলা চলবে না, কৃষি ঋণ মকুব বলা

চলবে না। ওদের নেত্রি বলছেন এইরকম ইরেসপনসিবল স্টেটমেন্ট করতে পারবেন না। কংগ্রেসি মুখ্যমন্ত্রীদের ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিল মিটিং-এ ধমক দিয়ে বলে দিয়েছেন, গরিবের কথা যতটুকু বলার বলবেন, আসল কথা বলবেন না, কৃষি ঋণ মকুবের কথা বলবেন না। এই সরকার কৃষি ঋণ মকুবের কথা ঘোষণা করেছেন। এই সরকার ৪ একর ৬ একর সেচ, অসেচ এলাকার মানুষদের কর মুক্ত করেছেন। মানুষের এক্সপেকটেশন অনেক, মানুষ অনেক কিছুই চায়, আমরাও চাই, কিন্তু করতে পারছি না। আমরা সমাজতন্ত্রে বিশ্বাস করি, শোষণহীন সমাজের কথা বিশ্বাস করি। আনএমপ্লয়মেন্ট কি করে সলভ করব? প্রাইস লেভেল কিভাবে বেড়েছে, মনোপলি ট্রেড কিভাবে বেড়েছে। কানাইবাবুর ইন্ডাস্ট্রিজ ডিপার্টমেন্ট দেখিয়ে দিয়ে বলবেন সলভ করে দিন। আসল করণীয় কাজ হল কেন্দ্রীয় সরকারের। কয়লার দাম কেন্দ্রীয় সরকার বাড়ালেন। ইন্দিরা কংগ্রেস কয়লা, পেট্রোল, ডিজেলের দাম বাড়ালেন কেন? পোস্ট অফিস পোস্টাল ডিপার্টমেন্টে স্ট্যাম্পের দাম বাড়ালেন কেন? এখানে গুন্ডা দিয়ে ট্রাম বাস পুড়িয়ে বললেন ১৯৫২ সালে পুড়িয়েছিলেন আমরাও পোড়াব। ১৯৫২ সালে সমস্ত জিনিসের দাম এক তরফাভাবে বাড়ানো হয়েছিল। ওয়ান ম্যান'স ফুড ইজ আদার ম্যান'স পয়জন এই কথা আমরা সকলেই জানি। আমরা এও জানি ১৯৫২ সালের পরিস্থিতি আজকে আর নেই। কেন্দ্রীয় সরকার কোনও আলোচনা না করে একতরফা ভাবে জিনিসের দাম বাড়িয়ে যাবেন, আর উল্টো দিকে রাজ্যকে কোনও ট্যাক্স করতে দেব না — এই ধরনের আচরণের কথা আপনারা সকলেই জানেন। এই রাজ্যের হাতে কতকগুলি ক্ষমতা দেওয়া আছে। স্টেট লিষ্ট অনুসারে কিভাবে রেভিনিউ আদায় করা হবে তাও বলা আছে। কেন্দ্র টাকা দিচ্ছে না এই কথা বললে ওরা গোলমাল করে উপদলীয় মারামারি খুনোখুনি করবেন ইন্দিরা কংগ্রেসের পশ্চিমবাংলার প্রেসিডেন্ট বলবেন বামপন্থীরা খুনোখুনি করছেন, সি.পি.এম. খুন করছেন। ওদের লোকদের দিয়ে ট্রাম বাসে আগুন ধরিয়ে বলবেন সি.পি.এম. এই কাজ করছেন, বামপন্থীরা এই কাজ করছেন। 'যত দোষ নন্দ ঘোষ'—

[6-35 — 6-45 p.m.]

সব ওরা করছে, ইন্দিরা কংগ্রেসের রাজ্য প্রেসিডেন্ট একথা ঘরে বসে বলে ফতোয়া জারি করে দিলেন। একদিকে ওরা এইসব কথা বললেন আর অন্যদিকে সমাজবিরোধীদের পাঠিয়ে দিলেন এই বলে যে, যাও ট্রাম, বাস পোড়াও, খুন কর, আগুন লাগাও, দেশের আইনশৃঙ্খলাকে বিঘ্নিত কর। আমি ওদের বলব, এইভাবে হয়না। গত ৩০ বছর ধরে কংগ্রেস ও ইন্দিরা কংগ্রেস যে পাপ করে গিয়েছে এই সরকার তার প্রায়শ্চিত্ত করছে। ওরা লোককে শিক্ষা দেননি, কলকারখানাগুলি পঙ্গু করে দিয়েছেন, বিদ্যুৎ ব্যবস্থা অচল করে দিয়েছেন আর তার সমস্ত দায় দায়িত্ব আজকে এই সরকারের ঘাড়ে এসে পড়েছে। গত ৩০ বছর ধরে ওরা যে সমস্ত অপকর্ম করে গিয়েছেন এবং অফিসার ও কর্মচারিদের নিয়োগ করে গিয়েছেন বেআইনিভাবে তার ফল এই সরকারকে ভোগ করতে হচ্ছে এবং সেইসব পাপের প্রায়শ্চিত্ত করতে হচ্ছে। ডাঃ জয়নাল আবেদিন সাহেব একজন হাতকাটা লোককে টাইপিস্ট পদে নিয়োগ করে গিয়েছেন। বর্ধমান বিশ্ববিদ্যালয়ে একজন পরীক্ষা দিয়ে গিয়েছে আর অন্য আর একজনকে নিয়োগ করা হয়েছে। এইরকম হাজার হাজার অপকর্ম ওরা দিনের পর দিন ধরে করে গিয়েছেন। স্যার, যারা দীর্ঘদিন ধরে এইসব আবর্জনার সৃষ্টি করে গিয়েছেন তারাই

আজকে দেখছি এই সরকার সেই আবর্জনা পরিষ্কার করে কোনও ভাল কাজ করে একটা সুষ্ঠু ব্যবস্থা গড়ে তুলতে গেলেই তার বিরোধিতা করে যাচ্ছেন। আমরা জানি ওদের ভয় কোথায়—আজকে যদি গ্রামের গরিব লোকদের ছেলেমেয়েরা শিক্ষিত হয়ে ওঠে তাহলে ওরা জানে ওদের সমূহ বিপদ, ওরা আর কোনওদিন ক্ষমতায় ফিরে আসতে পারবেন না, যারজন্যই দেখছি ওরা আর্তনাদ শুরু করেছেন। তাই আজকে দেখছি প্রাক্তন একজন প্রধান বিচারপতি পর্যন্ত রাস্তায় নেমে পড়েছেন। কিরকম বিচারপতি আমাদের দেশে ছিলেন বুঝুন—রাজনৈতিক বিচারপতি। আজকে আমরা দেখছি, তিনি হাঁটুর উপর কাপড় তুলে রাস্তায় মার্চ করতে নেমে পড়েছেন। তিনি আবার ভবিষ্যতে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী হবার স্বপ্ন দেখছেন। ভোলাবাবু জেনে রাখুন উনি ভবিষ্যতে একজন প্রতিদ্বন্দ্বী হবেন— ex-chief justice is a contestant for the post of chief Minister sin West Bengal. তারপর স্যার, ওরা বললেন, ফুড ফর ওয়ার্কের কর্মসূচির মাধ্যমে গ্রামে কোনও কাজ হয়নি। আমার কাছে রিপোর্ট আছে, আমি সমস্ত তথ্য এখানে দিতে পারি। রাজ্যপালের ভাষণ তো রামায়ণ, মহাভারত হতে পারে না, বাজেটের যখন দফাওয়ারি আলোচনা হবে তখন ডিটেলসে সমস্ত তথ্য দেওয়া হবে। রাজ্যপালের ভাষণ হচ্ছে একটা গাইডিং আউটলাইন—গতদিনে কি হয়েছে, আগামিদিনে কি হবে তারই একটা আভাষমাত্র এতে থাক, কাজেই এটা রামায়ণ, মহাভারত হতে পারে না। বাজেট যখন আসবে তখন কোন খাতে কি ব্যয় হবে, কি কাজ হবে সেগুলি থাকবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ১০০ কোটি টাকা খরচ করে কৃষাণ সম্মেলন করা হয়েছে। আজকে দেশের আপামর জনসাধারণ যেখানে খেতে পাচ্ছেনা, গ্রামের কৃষকের জন্য টাকা দেওয়া হচ্ছে না, সেখানে ১০০ কোটি টাকা খরচ করে ট্রেনে করে নিয়ে গিয়ে কৃষাণ সম্মেলন করে খরচ করা হচ্ছে। অতএব মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন, সেই ভাষণকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের মাধ্যমে বামফ্রন্ট সরকার যে বক্তব্য এখানে উপস্থাপিত করেছেন, তার বিরুদ্ধে আমার বিভিন্ন বিষয়ের উপর আলোচনা করার ইচ্ছা আছে। আমার যে সময় তাতে সমস্ত বিষয়ের উপর আলোচনা করার সুযোগ হবে কিনা জানিনা। সেজন্য আমি প্রায়োরিটির উপর ভিত্তি করে গুরুত্বপূর্ণ বিষয়গুলি আলোচনা করতে চাই এবং সেজন্য অর্ডারটা একটু চেঞ্জ করছি। আজকে বামফ্রন্ট সরকার নানাদিক থেকে সমস্যা সৃষ্টি করেছেন। তবে আমি মনেকরি বিভিন্ন সমস্যার মধ্যে আজকে তারা শিক্ষার ক্ষেত্রে যে নীতি গ্রহণ করেছেন বা গ্রহণ করতে যাচ্ছেন সেটা পশ্চিমবাংলার জনজীবনে একটা মারাত্মক পরিণতি নিয়ে আসবে। প্রথম কথা হচ্ছে, মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে সরকারের যে নীতি সেটা এখানে ব্যক্ত করা হয়েছে। তিনি মনে করেছেন যে প্রাথমিক স্তরে একটা মাত্র ভাষা অর্থাৎ মাতৃভাষা শেখানো উচিত। সেখানে দ্বিতীয় ভাষা শেখানো হলে অহেতুক শিশুর মনের উপর বোঝার সৃষ্টি হবে এবং তাতে অসুবিধা হবে এইসব কথা বলা হয়েছে। আজকে রাজ্যপালের ভাষণের মধ্যে শুধু নয়, বামফ্রন্ট সরকারের বক্তব্য বিভিন্ন সময়ে তাদের নেতৃবৃন্দের বক্তব্যের মধ্যে দিয়েও তারা বলে এসেছেন এবং স্বয়ং মুখ্যমন্ত্রীও অনেক সময়ে বলেছেন। এই সম্পর্কে বামফ্রন্টের চেয়ারম্যানের বক্তব্যও কাগজে দেখেছি। প্রমোদ দাসগুপ্ত মহাশয়, সি.পি.এম-এর নেতা হিসাবেও এই বিষয়ে

বক্তব্য রেখেছেন। সেই বক্তব্যগুলি যদি এক, দুই, তিন, চার হিসাবে ব্যাখ্যা করা যায় তাহলে যা দাঁড়ায় সেটা আমি বলছি। তাদের বক্তব্য হচ্ছে, পৃথিবীর কোনও দেশে প্রাথমিক স্তরে বিদেশি ভাষা শেখানো হয়না। তারপর বলা হয়েছে যে ভারতবর্ষের বেশির ভাগ রাজ্যে প্রাথমিক স্তরে ইংরাজি শেখানো হয়না। আজকে বুদ্ধিজীবী যারা বিরোধিতা করছেন, আন্দোলন করছেন, তারা যে সমালোচনা করছেন প্রাথমিক স্তরে ইংরাজি তুলে দেবার বিরুদ্ধে, তারা এই সমালোচনা করছেন কেন? প্রশ্ন এসেছে যে প্রাথমিক স্তরে ইংরাজি তুলে দিলে, ইংরাজির ভিত্তি তুলে দিলে পশ্চিমবাংলার ছেলেমেয়েদের ভবিষ্যত কি হবে এই প্রশ্নও অমূলক। জ্যোতিবাবু বলেছেন যে কাদের সঙ্গে কমপিটিশন করবে, সাহেবদের সঙ্গে? ভারতবর্ষের বেশির ভাগ জায়গায় প্রাথমিক স্তরে ইংরাজি শেখানো হয়না। আমি এক একটা করে এখানে বিষয়গুলির স্বপক্ষে আমার বক্তব্য উপস্থাপিত করছি। তারা বলেছেন যে কোনও দেশে বিদেশি ভাষা শেখানো হয়না। —

**শ্রী গোপাল বসু ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, আলোচনা হচ্ছে রাজ্যপালের ভাষণের উপর। কিন্তু দেবপ্রসাদবাবু আলোচনা করছেন লেফ্ট ফ্রন্টের চেয়ারম্যানের বক্তব্যের উপর। এটাই কি বিষয়বস্তু হবে যে প্রমোদ দাসগুপ্ত কি বলেছেন, না বলেছেন? প্রথম কথা হচ্ছে তার সম্পর্কে বলার কোনও রাইট নেই এবং বিষয়বস্তুও নয়।

[6-45 — 6-55 p.m.]

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মাননীয় সদস্যদের আমি বলছি যে বাইরের কোনও লোকের নাম এখানে উল্লেখ করবেননা যার কোনও রিপ্লাই দেবার রাইট নেই। কাজেই আমি অনারেবল মেম্বারদের অনুরোধ করব যে তারা যখন বক্তব্য রাখবেন তখন এটা মনে রেখে তাদের বক্তব্য রাখবেন।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে আর্গুমেন্টগুলি আসছে তাতে বলা হচ্ছে যে, বিশ্বের কোথাও প্রাথমিক স্তরে বিদেশি ভাষা-শিক্ষা দেওয়া হয়না। এই সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে, গত ৩রা ফেব্রুয়ারি সুনন্দ সান্যাল স্টেটসম্যান পত্রিকায় লিখেছেন ১৯৬২ সালে ইউনেসকো ইন্সটিটিউট অফ এডুকেশনের তত্ত্বাবধানে একটি ইন্টারন্যাশনাল কনফারেন্স হয়েছিল প্রাথমিক স্তরে বিদেশি ভাষা শিক্ষার উপর। সেই কনফারেন্সের লিখিত তথ্যের ভিত্তিতে তিনি যে ইনফরমেশন সংগ্রহ করেছিলেন তাতে তিনি বলছেন, তার কাছে মোট ৪০টি দেশের বা অঞ্চলের ইনফরমেশন ছিল এবং তার মধ্যে ৩২টি দেশে প্রাথমিক স্তরে বিদেশি ভাষা শিক্ষা দেওয়া হয়। এটা হচ্ছে এক নম্বর কথা। দু' নম্বর কথা হচ্ছে, এখানে বলা হচ্ছে বিশ্বের আর কোথাও প্রাথমিক স্তরে বিদেশি ভাষা শিক্ষা দেওয়া হয় না বা ইংরাজি শেখানো হয় না। এবিষয়ে আমি সুনন্দ বাবুর ঐ লেখাটির একটি অংশ উল্লেখ করতে চাই। তাতে আছে যে, ওয়েস্টার্ন ইউরোপিয়ান কান্ট্রিগুলির মধ্যে যে দেশগুলির মাতৃভাষা আন্তর্জাতিক মান অর্জন করতে পারেনি সেই দেশগুলিতে বিদেশি ভাষা শেখানো হয়, অর্থাৎ ইংরাজি শেখানো হয়। যেমন লুকসেমবার্গে জার্মান ভাষা আইডিস ভাষা এবং ইংরাজি ভাষা শেখানো হয়। নেদারল্যোন্ডেও একাধিক ভাষা শেখানো হয়, সেখানে জার্মান,

*ফ্রেঞ্চ এবং ইংরাজি ভাষা শেখানো হয়। সুইজারল্যান্ডে ফরাসি ভাষাভাষি এবং ইতালি ভাষাভাষি অঞ্চল আছে এবং সেখানে যথাক্রমে জার্মান এবং ফরাসি ভাষা শেখানো হয়* ফেডারেল রিপাবলিক অফ জার্মানি, সেখানে জার্মান ভাষার সঙ্গে রুশ ভাষা আবশ্যিকভাবে শেখানো হয়। এছাড়াও ফ্রান্স, ওয়েস্ট জার্মানি, রাশিয়া প্রভৃতি দেশগুলিতে প্রাথমিক স্তরেই শুধু নয় এমন কি নার্সারি স্টেজে পর্যন্ত পরীক্ষামূলক ভাবে বিদেশি ভাষা শিক্ষা দেওয়া হচ্ছে তাই এখানে ওরা যেসব কথা বলছেন সেগুলি আমি ঠিক বুঝতে পারছি না। আমি ৩রা ফেব্রুয়ারির সুনন্দবাবুর ফিচার পড়েছি। যদি সুনন্দবাবুর বক্তব্য সত্য নির্ভর না হত তাহলে নিশ্চয়ই গভর্নমেন্টের তরফ থেকে বা যারা এখানে বলছেন তারা কনট্রাডিক্ট করে ঐ বক্তব্য অসত্য বলতেন। কিন্তু আমরা এখনো পর্যন্ত সেরকম কোনও কনট্রাডিক্টরি স্টেটমেন্ট পাইনি। যারা আজকে ঐসব কথা বলছেন তাদের আমি বলব যে, তারা ইতিপূর্বে অনেক সময়েই চিন দেশ থেকে ডাটা তুলে ধরেছেন, কিন্তু আমি তাদের বলব যে, সেখানেও প্রাথমিক স্তরে বিদেশি ভাষা আবশ্যিক ভাষা হিসাবে শেখানো হয় এবং প্রধানত ইংরাজি ভাষা। উদাহরণ হিসাবে আমি বলব যে, পিকিং রিভিউ-র ৭ই ফেব্রুয়ারির যে ইস্যু তাতে দেখতে পাবেন যে, সেখানে বিদেশি ভাষা শেখানো হয় কিনা। অথচ আজকে এই হাউসে অনিলবাবু এবং আরও অনেক সদস্য বললেন, বিশ্বের কোথাও নাকি প্রাথমিক স্তরে বিদেশি ভাষা শেখানো হয় না এবং ভারতবর্ষের বেশিরভাগ রাজ্যেই নাকি প্রাথমিক স্তরে ইংরাজি পড়ানো হয় না এবং সেই কারণেই নাকি জ্যোতিবাবু বলছেন, প্রতিযোগিতা কার সঙ্গে, সাহেবদের সঙ্গে! এসব অদ্ভুত কথা। বামফ্রন্ট সরকার ২রা ফেব্রুয়ারি যুগান্তর কাগজে যে বিজ্ঞাপন দিয়েছেন তাতে ভারতবর্ষের সিকিম বাদে ২১টি রাজ্যে ভাষা শিক্ষা কিভাবে হয়, তার একটা ডেসক্রিপশন দিয়েছেন। সেটা কি সত্য নির্ভর? দেখা যাচ্ছে, আউট অফ ২১ স্টেটস এবং ৯টি কেন্দ্র শাসিত অঞ্চলের মধ্যে ১৪টি রাজ্যে প্রাথমিক স্তরে অর্থাৎ ক্লাস ওয়ান টু ফাইভ পর্যন্ত ইংরাজি শিক্ষা দেওয়া হয়, দু নম্বর হচ্ছে, ৯টি কেন্দ্র শাসিত অঞ্চলের মধ্যে সব কটি অঞ্চলে প্রাথমিক স্তরে ইংরাজি শিক্ষা দেওয়া হয় অথচ আপনারা বলছেন ভারতবর্ষের বেশিরভাগ রাজ্যে প্রাথমিক স্তরে ইংরাজি শিক্ষা দেওয়া হয় না। আপনাদের শিক্ষানীতি চালু হলে পশ্চিমবাংলার মানুষের বুদ্ধি যখন লোপ পেয়ে যাবে তখন তারা এইসব কথা বুঝবে। তৃতীয় কথা, ওরা বলছেন, মাতৃভাষার বিকাশ চাই। মাতৃভাষাকে শিক্ষার মাধ্যম করতে চান। অসুবিধা কি আছে? কে ডিফার করছে? হু ডিফারস উইথ ইউ? মাতৃভাষাকে শিক্ষার মাধ্যম করতে হবে, মাতৃভাষার মাধ্যমে শিক্ষা দিতে হবে এটা কে ডিফার করছে? যারা ভাষা নীতির সমালোচনা করছেন তারা যে কথা বলছেন না সেইকথা আপনারা তাদের মুখে গুঁজে দিচ্ছেন কেন? যাই হোক, এই ব্যাপারে আমি পরে আসব। আমি জিজ্ঞাসা করছি, আপনারা মাতৃভাষার মাধ্যমে শিক্ষা দেওয়ার যে কথা বলছেন তারমধ্যে কি যথেষ্ট আন্তরিকতা আছে? যদি থাকতো তাহলে এতকাল যেখানে কলেজ স্তরে ছিল বাংলা ভাষা কমপালসারি সেখানে কলেজ স্তরে মাতৃভাষাকে অপশোন্যাল করলেন কেন? তাহলে কি মাতৃভাষার চর্চা পূর্বাপেক্ষা কমিয়ে দিয়ে মাতৃভাষার উন্নতিসাধন করবেন? কাজের সঙ্গে কথার মিল থাকা চাই। আপনারা সাহিত্য তুলে দিয়েছেন কলেজ স্তর থেকে। আপনারা বাংলা ভাষার বিকাশ করতে চাইছেন কিন্তু বাংলা ভাষা বিকাশের ক্ষেত্রে বাংলা সাহিত্যের কি কোনও অবদান নেই? রবীন্দ্রনাথ, বঙ্কিমচন্দ্র, শরৎচন্দ্র প্রভৃতি লেখকেরা যে সমস্ত সাহিত্য লিখে গেছেন বাংলাভাষায় সেইসব সাহিত্য আমাদের

দেশের ছাত্র-ছাত্রীদের বাংলা ভাষায় ব্যুৎপত্তি অর্জনে সাহায্য করবে না কি? সুতরাং সেই সাহিত্য পাঠ তুলে দিয়ে বাংলা ভাষা বিকাশের ক্ষেত্রে অন্তরায় সৃষ্টি হবে না কি?

[6-55 — 7-05 p.m.]

তাই প্রশ্নটি রাখা হয়েছে। মাতৃভাষার জন্য যে দরদের পরাকাষ্ঠা প্রকাশ করেছেন, আসলে মাতৃভাষা বিকাশের জন্য আপনাদের যে আন্তরিকতা সেটা কতটুকু? দ্বিতীয়ত মাতৃভাষার বিকাশে ইংরাজি শিক্ষা কি অন্তরায় সৃষ্টি করে। মাতৃভাষাকে শিক্ষার সর্বোচ্চ স্তর পর্যন্ত নিয়ে যেতে হলে, তাকে শিক্ষার মাধ্যম করতে হলে তাকে সমৃদ্ধিশালী করে গড়ে তোলবার জন্য ইংরাজি ভাষা কি অন্তরায়? দিস ইজ মাই স্ট্রেট কোয়েশ্চেন। ভালটাকে পরস্পর বিরোধী বিষয় হিসাবে দেখেছেন, কারণ মাতৃভাষায় মানুষের যে আবেগ সেই আবেগের সুযোগ নিয়ে এইভাবে বিফুল - কনফিউস করতে চাইছেন। ইতিহাস কি এইকথা বলে যে ইংরাজি ভাষা মাতৃভাষার উন্নতিতে, অগ্রগতিতে অন্তরায় সৃষ্টি করেছে? করেছে কি? তাহলে আমি জানতে চাই, আমাদের দেশের যারা মনীষি আধুনিক বাংলা ভাষার যারা জনক রামমোহন, বিদ্যাসাগর, বঙ্কিমচন্দ্র, রবীন্দ্রনাথ, শরৎচন্দ্র বাংলাভাষার বিকাশে এদের অবদান কি সামান্য, কিন্তু এরা কি ইংরাজি ভাষায় পন্ডিত ছিলেন না? ইংরাজি শিক্ষার প্রয়োজনীয়তার কথা কি তারা উপলব্ধি করতেন না? এখানে প্রশ্ন তুলেছেন যে ইংরাজি শিখিয়ে করণিক তৈয়ারি হতে পারে না। ব্রিটিশ সাম্রাজ্যবাদ আমাদের দেশে ইংরাজি শিক্ষার প্রবর্তন করে তাদের প্রশাসনিক কাজকর্ম করার সুবিধার জন্য কিছু করণিক সৃষ্টি করেছিলেন, ঠিক কথা তাদের ঔপনিবেশিক শাসনে কিছু করণিক সৃষ্টি হয়েছিল কিন্তু তার পাশাপাশি আর একটা ইতিহাস কি সৃষ্টি হয়নি? ইংরাজি শিক্ষার মধ্যে দিয়ে রেনেসাঁ মানবতাবোধ এর চিন্তাভাবনা দেশাত্মবোধে মানুষ উদ্বুদ্ধ হয়নি? পাশ্চাত্য শিক্ষার আদর্শে, ইংরাজি শিক্ষার আদর্শে মানুষ উদ্বুদ্ধ হয়নি, ভারতবর্ষের বুকে ইংরাজ শাসন বিরোধী আন্দোলন সৃষ্টি কি হয়নি? ভারতবর্ষে জাতীয়তাবাদি লালা লাজপত, সি.আর.দাস এরা সবাই বিদেশী দ্রব্য বর্জনের জন্য শ্লোগান দিয়েছিলেনে, ইংরাজি শিক্ষা বর্জনের শ্লোগান তো দেননি। দেশের সার্বভৌমত্ব, স্বাধীনতা এইগুলির ক্ষেত্রে ইংরাজি শিক্ষা তো কোনও অন্তরায় সৃষ্টি করেনি। জ্ঞান, বিজ্ঞানের ক্ষেত্রে, শুধু জাতীয় চিন্তা ভাবনা কেন মার্কসবাদ, লেলিনবাদের কথা আপনারা পর্যালোচনা করেন সেই সর্বহারার রাজনীতি মার্কসবাদি আন্দোলনও ইংরাজি শিক্ষার পথ দিয়ে এসেছে। ফলে এখানে ইংরাজি ভাষা শিক্ষার উন্নত চিন্তা ভাবনা আয়ত্ত করবার বাধা সৃষ্টি করে না। দ্বিতীয় কথা হচ্ছে যে নব জাগরণের আন্দোলনের যুগে, জাতীয় স্বাধীনতা আন্দোলনের যুগের যে অধ্যায় এই অধ্যায়কে স্বীকৃতি দিতে বোধ হয় তাদের বাধা আছে। কারণ নিজেদের অবয়বকে তারা নিজেরা দেখতে চান না। এই সময় আপনাদের যে ভূমিকা তখন সি.পি.আই. ছিল, সি.পি.এম. ছিল না তা সকলেরই জানা আছে। সেই সময়ে আপনারা জাতীয় আন্দোলনের বিরোধিতা করেছিলেন। ফলে এই যে মসীলিপ্ত কলঙ্কময় ইতিহাস তা থেকে আপনারা নিজেদের দূরে সরিয়ে রাখবার জন্য অর্থাৎ নিজেরা যাতে ধরা না পড়েন সেই চেষ্টা করছেন। শুধু তাই নয়, আজকে ইংরাজি শিক্ষা মাতৃভাষায় শিক্ষার যে অন্তরায় নয় একথা আমাদের দেশের মণীষীরা সকলেই বলে গেছেন। রবীন্দ্রনাথ তার শিক্ষার বাহনে নিজেই বলেছেন ইংরাজি এবং বাংলা যদি গঙ্গা যমুনার মতো বয়ে যায় তাহলে আমাদের দেশে শিক্ষার উন্নতি হবে, জ্ঞানের উন্নতি হবে।

বঙ্কিমচন্দ্র বলেছেন "ইংরাজি হইতে এই দেশের লোক যত উপকার হইয়াছে তাতে ইংরাজি ভাষার অনুশীলন আরও বেশি প্রয়োজন।" এইগুলি সকলেরই জানা আছে। এরই জন্য বিদ্যাসাগরের সময় থেকেই ইংরাজি শিক্ষার প্রয়োজনীয়তা সকলেই উপলব্ধি করেছিলেন। এর দ্বারা কি এটাই বলতে হবে যে বঙ্কিমচন্দ্র, বিদ্যাসাগর, রবীন্দ্রনাথ মাতৃভাষার বিকাশ বা অগ্রগতি চাননি? ইতিহাস একথা বলে না। ফলে বাংলা ভাষার পাশাপাশি ইংরাজি শিক্ষা, বাংলা ভাষা বিন্যাসের অন্তরায় নয়। ভাষার একটা অগ্রগতি আছে, তার একটা স্টেজ আছে। ভাষা মনের ভাব ব্যক্ত করে। মনের ভাব ব্যক্ত করা হয় যে ভাষার মাধ্যমে সেটা একটা স্টেজে থাকে না। ইংরাজি একটা উন্নত ভাষা এটা সকলেই স্বীকার করেন এবং এটা একটা আন্তর্জাতিক মানের ভাষা। এইরকম একটা ভাষার সংস্পর্শে আমাদের বিভিন্ন মাতৃভাষার অগ্রগতি হয়েছে। এটাকে তুলে দিয়ে কিছু ট্রানস্লেটার দিয়ে ট্রানস্লেট করে দিলেই যে ভাষার উন্নতি হবে তা নয়। সেইজন্য ভাষার অগ্রগতি কিভাবে হচ্ছে তা জানা দরকার। আমাদের দেশের সমস্ত ভাষার যেটুকু বিকাশ তা কিভাবে হয়েছে? আমাদের দেশে যারা শিক্ষিত মানুষ বিদ্যাসাগর, বঙ্কিমচন্দ্র, রবীন্দ্রনাথ ইত্যাদি মণীষীরা ইংরাজি ভাষার মাধ্যমেই তারা তাদের জ্ঞান-বিজ্ঞানকে আয়ও করেছেন এবং সেই জ্ঞ ন-বিজ্ঞানকে আয়ত্ব করেই তারা দেশের অগণিত মানুষের মধ্যে সেই জ্ঞানের আলোকে ছড়িয়ে দেবার চেষ্টা করেছেন। এরমধ্যে থেকেই সৃষ্টি হয়েছিল একটা আকৃতি যা থেকে নিজেদের মাতৃভাষায় সেই আকৃতিকে তারা প্রকাশ করবার চেষ্টা করেছিলেন এই যেভাবে এবং ভাষা এবং তার যে দ্বন্দ্ব এবং সমন্বয় তার মধ্য দিয়েই ভাষার উন্নতি ঘটেছে। এটা কি সোজা বিষয়। এইভাবেই ইংরাজির মতন ভাষার সংস্পর্শে এসে ভারতবর্ষের বিভিন্ন ভাষা উন্নত হয়েছে। ভাষার অগ্রগতি এবং প্রক্রিয়া আমাদের মণীষিদের জানা ছিল বলেই তারা ইংরাজি ভাষা মাতৃভাষার অন্তরায় হবে বলে স্লোগান তোলেননি। দ্বিতীয় কথা, ওরা বলেছেন, শিশু বয়সে দুটো ভাষা শিখলে চাপ সৃষ্টি হবে।

[7-05 — 7-15 p.m.]

আমাদের দেশে বাংলা ভাষা বলুন সমস্ত আঞ্চলিক ভাষা মাতৃ ভাষার যতটুকু বিকাশ হয়েছে, তা কিভাবে হয়েছে? আমাদের দেশের যারা শিক্ষিত পন্ডিত যেমন বিদ্যাসাগর, বঙ্কিমচন্দ্র, রবীন্দ্রনাথ প্রমুখ মণীষিরা তারা ইংরাজি ভাষার মাধ্যমেই উন্নত জ্ঞান বিজ্ঞানকে আয়ত্ত করেছিলেন। সেই উন্নত জ্ঞান বিজ্ঞানকে আয়ত্ব করে তারা দেশের অগণিত মানুষকে সেই জ্ঞানের আলোকে সবার মধ্যে ছড়িয়ে দেবার চেষ্টা করেছিলেন যে আকৃতি করেছিলেন, সেই আকৃতি থেকেই তারা তাদের ভাষাকে তাদের বক্তব্যকে নিজেদের মাতৃভাষায় প্রকাশ করার চেষ্টা করেছিলেন। মাতৃভাষার মাধ্যমে জ্ঞান বিজ্ঞানকে তারা প্রকাশ করার চেষ্টা করেছেন। এই যে ভাবে এবং ভাষা তার যে দ্বন্দ্ব সংঘাত এই দ্বন্দ্ব সংঘাত এবং সমন্বয়ের মধ্যে দিয়েই ভাষার বিকাশ ঘটেছে। ভাষা বিকাশের পথ আছে। সেটা এত সোজা জিনিস নয়। ইংরাজির মতো উন্নত ভাষার সংস্পর্শে ভারতবর্ষের বিভিন্ন ভাষাগুলি যেমন উর্দু, বাংলা ইত্যাদি সমস্ত ভাষার বিকাশ ঘটেছে। আর ভাষার অগ্রগতির এই প্রক্রিয়াটি আমাদের দেশের মণীষিদের জানা ছিল বলেই তারা আমাদের মতন ইংরাজি ভাষা মাতৃভাষা বিকাশের অন্তরায় হবে এই স্লোগান তোলেন নি। তারা মাতৃভাষা বিকাশের প্রয়োজনে মাতৃভাষার পাশাপাশি ইংরাজি শিক্ষার প্রয়োজনীয়তা অনুভব করেছিলেন। এই জিনিস তারা করেছিলেন। আপনারা বলবেন

শিশু বয়সে চাপ সৃষ্টি হয় দুটো ভাষা শিখলে। একাধিক ভাষা শেখার ব্যাপারে বলছেন যে আমরা তো তুলব বলিনি। কিন্তু প্রাথমিক স্তরে না করে একটু মেচিওরিটি আসলে তারপরে ইংরাজি ভাষা দ্বিতীয় ভাষা শেখা। এখন এই যে কনসেপ্ট এই ধারনা তারা কোথা থেকে পেলেন? কোনও শিশু মনস্তাত্ত্বিক কি এইরূপ কথা বলেছেন বলে আমাদের জানা নেই, রেফারেন্স দিলে তা থেকে নিশ্চই শিক্ষা নেব। কিন্তু আমরা যতটুকু জানি আমাদের জ্ঞান বুদ্ধি বা ইনফরমেশন যতটুকু আছে শুধু আমাদের দেশেরই নয় বিদেশের মণীষিরাও এই কথা বলেছেন। যেমন বার্নেট রাসেল এর মতো একজন মানুষ তিনি বলেছেন some people seem to fear that knowledge of one's own language suffers if others are learnt too soon. I do not believe this. Tolstoy and Turgeneu were quite competent in Russion though they learnt English, French and Germany in infancy. টলষ্টয়-টুরগেনিন তারা যদিও তাদের শৈশব অবস্থায় ইংরাজি, জার্মান, ফরাসি ভাষা শেখেন, তার দ্বারা কিন্তু তাদের রাশিয়ান ভাষায় দক্ষতা বা পারদর্শিতা কোনও অংশে কম হয়নি বা কম ছিল না। একজন বায়লজিস্ট বলেছেন যে, A child can, without effort, learn to speak two or three languages fluently, without an accent, but this becomes almost impossible when he is over 10 years of age, এটা তো স্বাভাবিক। শিশু বয়সে ভাষা শেখার বা গ্রহণ করার ক্ষমতা তার অ্যাডপটিবিলিটি যা থাকে তা দশ বছর পার হয়ে গেলে তা আর থাকে না। এটা দুনিয়ার সমস্ত মণীষিরা বলেছেন। কিন্তু এখানে সে যুক্তি থাকছে না। এখানে আমাদের নূতন যুক্তি শুনতে হচ্ছে। গোড়ায় মাতৃভাষা শিখে মেচিওরিটি হলে তারপরে দুটা ভাষা শেখা। দ্বিতীয় কথা ওরা বলেছেন ইংরাজি ভাষায় যারা কথা বলেন তারা অর্থাৎ এটা সুবিধা শ্রেণীর ভাষা। ইংরাজি ভাষা নাকি সমস্ত প্রিভিলেজ ক্লাসের ভাষা সুবিধা ভোগির ভাষা। ওরা তো মার্কসিজিমের চর্চা করেন সেই মার্কসিজিমের কোথাও কি লেখা আছে যে ভাষা তার আবার ক্লাস কারেক্টার আছে? লেখা আছে? আপনারা তা পেয়েছেন ভাষার ক্লাস কারেক্টার কালচারের ক্লাস কারেক্টার হতে পারে। ভাষার ক্লাস কারেক্টার বুর্জোয়া কালচারে, সোসালিস্ট কালচারে, কমিউনিস্ট কালচারে, কমিউনিস্ট (মার্কসিস্ট) কালচারে কোনও ল্যাঙ্গোয়েজে কার ক্লাস কারেক্টার? এইরকম ক্লাস যাতে না হয় সেজন্য স্তালিন এক সময় মার্কসিজম অ্যান্ড দি প্রবলেম অব লিঙ্গুয়াসটিক এই বইএ লিখেছেন "culture and language are two different things. Culture may be bourgois or socialist, but language as a means of intercourse is always a language common to the whole people and can serve both bourjois and socialist culture. যেমন লাইফ সেভিং ড্রাগের আবার কি ক্লাস কারেক্টার? এ বুর্জোয়া রোগিকে, মার্কসিস্ট রোগিকে, কমিউনিস্ট রোগিকে, সকল রোগিকেই বাঁচাবে। তাই যেকথা বলছিলাম যে তারা ভাষার প্রশ্নে এইভাবে ক্লাস কারেক্টার সৃষ্টি করছেন, তারা প্রিভিলেজড ক্লাসের যে শিক্ষা নীতি সেটা তৈরি করছেন। মুষ্টিমেয় মানুষদের জন্য ইংলিশ মিডিয়াম স্কুল চালু রাখছেন, সিনিয়ার কেমব্রিজ, জুনিয়ার কেমব্রিজ থাকছে যেখানে প্রিভিলেজড ক্লাসের ছেলেমেয়েরা ইংরাজি শিখছে, আর যারা সাধারণ ঘরের ছেলেমেয়ে তাদের এইভাবে ইংরাজি শিক্ষাটা তুলে দিচ্ছেন। আমি আর একটা কথা বলে শেষ করতে চাই সেটা হচ্ছে আজকে গোটা পশ্চিমবঙ্গের বুকে যে সর্বনাশা শিক্ষানীতি নিয়ে জ্ঞান-বিজ্ঞানের মূলে কুঠারাঘাত করতে চাইছেন তার বিরুদ্ধে বর্ষিয়ান বুদ্ধিজীবি, সাহিত্যিকরা আন্দোলনে নেতৃত্ব দিয়েছেন।

তাদের সম্পর্কে যে অপমানজনক উক্তি, ঔদ্ধত্যপূর্ণ উক্তি এটা খুব দুঃখজনক। ডঃ সুকুমার সেন, জাতীয় অধ্যাপক ডঃ নীহাররঞ্জন রায়, প্রেমেন মিত্র, মনোজ বসু, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, এই সমস্ত বর্ষীয়ান শিক্ষাবিদ সাহিত্যিকদের মতামতকে আপনারা পদদলিত করতে চেয়েছেন। তাই আজকে একথা বলব এটাকে পলিটিক্যাল ইস্যু করবেন না। আপনারা ভাষণে বলেছেন প্রাথমিক স্তরে ইংরাজি থাকবে কি থাকবেনা এটা সরকারি নীতি। অথচ গতকালের দৈনিক বসুমতিতে দেখছি ইংরাজি থাকবে। ফলে কোনটা আপনাদের নীতি সেটা পুনর্বিবেচনা করবেন, এই কথা বলে আবার রাজ্যপালের ভাষণের বিরোধিতা জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[7-15 — 7-25 p.m.]

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণকে ধন্যবাদ জানিয়ে যে প্রস্তাব এখানে এসেছে আমি সেই প্রস্তাব সমর্থন করার জন্য দাঁড়িয়েছি। রাজ্যপাল কি বললেন যারজন্য আমরা তাকে ধন্যবাদ জানাচ্ছি সেটা কিছুটা আবার হয়ত বলার প্রয়োজন আছে। কারণ, বিরোধী দলের বড় বড় নেতারা যেসব কথাগুলি বলে গেছেন, আমাদের বন্ধুবর অনিলবাবু বিরোধী দলের নেতার যে উক্তির কথা বললেন কোথাও কিছু হয়নি, সব জিরো, সেজন্য তাকে ধন্যবাদ দেওয়ার কারণ আছে কিনা সেটা বলা প্রয়োজন। প্রথমে আমি শিক্ষা দিয়ে আরম্ভ করছি। আমি এখানে দেখছি রাজ্যপাল বলেছেন সরকার ১৯৮১ সালের জানুয়ারি মাস থেকে ১২শো নতুন প্রাথমিক বিদ্যালয় খোলার জন্য অনুমোদন দিয়েছেন এবং সেগুলিতে আরও ৩ হাজার ৮শো শিক্ষককে নিযুক্ত করা হবে। তারপর বলেছেন রাজ্যে ১৫৯০টি অপ্রাতিষ্ঠানিক (আংশিক সময়ের জন্য) কেন্দ্র খোলার ব্যাপারেও অনুমোদন দেওয়া হয়েছে। তারপর বলেছেন ১৯৮১ সালের ১লা জানুয়ারি থেকে উচ্চমাধ্যমিক স্তর পর্যন্ত (একাদশ ও দ্বাদশ শ্রেণী) শিক্ষাকে অবৈতনিক করে দেওয়া হয়েছে। তারপর বলেছেন চলতি আর্থিক বছরে আমার সরকার ১০০টি নতুন বেসরকারি উচ্চ বিদ্যালয়, উচ্চ মাদ্রাসা এবং ২০০টি নতুন বেসরকারি জুনিয়ার হাই স্কুল, জুনিয়ার হাই মাদ্রাসা স্থাপনের জন্য অনুমোদন দিয়েছেন। কলেজি শিক্ষার ক্ষেত্রে আমার সরকারের নীতি হল, যেসব অনুন্নত অঞ্চল প্রধানত তফসিলভুক্ত জাতি ও আদিবাসী অধ্যুষিত এবং যেসব অঞ্চলে মেয়েদের শিক্ষার কোনও ব্যবস্থা নেই সেইসব অঞ্চলে নতুন নতুন ডিগরি কলেজ খোলা। বিগত তিন বছরে আমার সরকার ভদ্রকালি, সিউড়ি, রাণীগঞ্জ, ধনিয়াখালি ও খাতড়াতে পাঁচটি নতুন কলেজ স্থাপনের জন্য অনুমোদন দিয়েছেন। এর মধ্যে প্রথম তিনটি মেয়েদের কলেজ এবং বাকি দুটি হচ্ছে সহশিক্ষামূলক। ১৯৮০-৮১ এবং ১৯৮১-৮২ সালে আরও তেরটি ডিগ্রি কলেজ খোলার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। কল্যাণী বিশ্ববিদ্যালয় বিল, ১৯৮১ এবং রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় বিল, ১৯৮১ চলতি অধিবেশনেই বিধানসভায় আনা হতে পারে। মেদিনীপুর বিশ্ববিদ্যালয় বিলটিও অনতিবিলম্বে বিধানসভায় উপস্থাপিত করা হবে। ১৯৭৮-৭৯ সালে যে উর্দু অ্যাকাডেমি স্থাপন করা হয়েছিল সেটি ১৯৭৯ সালের ডিসেম্বর মাস থেকে কাজ করতে শুরু করেছে। এটি এখন শিক্ষা বিভাগের প্রত্যক্ষ নিয়ন্ত্রণাধীন একটি সরকারি প্রতিষ্ঠান এবং এই অ্যাকাডেমির উন্নয়নের জন্য আমার সরকার বিভিন্ন পরিকল্প অনুমোদন করেছেন। স্থির করা হয়েছে, ১৯৮০ সালের ১লা জানুয়ারি থেকে ১৮টি নতুন সিনিয়র মাদ্রাসাকে স্বীকৃতি দেওয়া হবে।"

অথচ আমাদের বিরোধী দলের অন্যতম নেতা, কংগ্রেস(ই) নেতা বললেন কিছু হয়নি, 'জিরো'। তাকে আর কি জবাব দেব?

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে রাজ্যপাল ঘোষণা করেছেন যে, "আমাদের সরকার নীতিগতভাবে সিদ্ধান্ত নিয়েছেন যে প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের কেবল একটি ভাষা অর্থাৎ তাদের মাতৃভাষা শেখানো হবে। এই পর্যায়ে দ্বিতীয় কোনও ভাষাশিক্ষা ব্যবস্থার প্রবর্তন তাদের পক্ষে অনাবশ্যক একটি বোঝার মত হয়ে দাঁড়াবে বলে মনে করা হচ্ছে এবং তা প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের সঙ্গে ছাত্রদের পরিচয় সাধনের মৌল প্রয়োজনীয়তা মেটানোর ব্যাপারেও সহায়ক হবে না। তবে মাধ্যমিক স্তর থেকে দ্বিতীয় ভাষা হিসাবে ইংরাজি বাধ্যতামূলকভাবে শেখানো হবে।"

এই যদি অবস্থা হয়, তাহলে আজকে ওরা কি নিয়ে লড়াই করছেন? ওদের লড়াই-এর মানে আমরা বুঝতে পারছি না। ডঃ নীহাররঞ্জন রায়কে আমরা গুণী-জ্ঞাণী পন্ডিত ব্যক্তি বলে জানি। তার প্রতি আমাদের বা আমাদের প্রতি তার কোনও ব্যক্তিগত আক্রোশ নেই। তবু উনি কেন আজ রাস্তায় বেরিয়েছেন? দেবপ্রসাদ বাবু স্টেটসম্যান পত্রিকায় সুনন্দ সান্যালের যে আর্টিকেলটি বেরিয়েছে সেটি এনে পড়লেন, কিন্তু আমাদের পুরোনো সহকর্মী গৌতম চট্টোপাধ্যায় ও বিষয়ে যে উত্তর দিয়েছেন সেবিষয়ে উনি কিছু বললেন না। সেখানে অধ্যাপক গৌতম চট্টোপাধ্যায় পরিষ্কার ভাষায় বলেছেন যে, "Sunanda Sanyal's article is misleading and inaccurate. UNESCO source materials show that in the U.K. France, West Germany, USSR and Poland only the mother tongue is taught as a language at the primary level upto ClassV; and in the USA only English is taught as a language right through the primary and secondary levels. আসল কথা হচ্ছে সংখ্যা তথ্য দিয়ে নীতিগত প্রশ্নের মীমাংসা হতে পারে না, সাংস্কৃতিক প্রশ্নের মীমাংসা হতে পারে না। এর কতগুলি দিক নিয়ে আলোচনা করতে হবে। এখানে নীতিগত প্রশ্নটাকে দেখতে হবে। আজকে ভারতবর্ষের অনেকগুলি রাজ্যেই এই জিনিস চালু হয়েছে। একটাও রাজ্য যদি এই জিনিস করে থাকে, তাহলেও তো একটা জায়গায় হয়েছে। আজকে আমাদের দেখতে হবে যে, একটি দুটি রাজ্যেও যদি করে থাকে তাহলে তাদের অভিজ্ঞতা কি? দেবপ্রসাদ বাবুকে আমি বলব যে, অনিলবাবু ইতিমধ্যেই এডুকেশন কমিশন সম্বন্ধে উল্লেখ করেছেন এবং গৌতম চট্টোপাধ্যায় মহাশয়ও তার আর্টিকেলে সেটা কোট করে দিয়েছেন। আমি এখানে বলব যে, ১৯৬৪-৬৬ সালের এডুকেশন কমিশন পরিষ্কার করে বলেছে যে, "At the primary stage, the pupil will study only one language - the mother tongue. The teaching of English should not begin earlier than ClassV, after adequate command has been acquired over the mother tongue. The introduction of the study of English earlier than Class V is educationally unsound.

[7-25 — 7-35 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি সবিনয়ে এটা বলতে চাই যে, আমি কারো নিন্দা করতে চাইছি না, সমালোচনা করতে চাইছি না, আমি বলছি যে, ১৯৬৪-৬৬ সালের

এডুকেশন কমিশন কন্সটিটিউটেড বাই দি গভর্নমেন্ট অফ ইন্ডিয়া এবং সারা ভারতবর্ষের ব্যাপারেই এটা গঠন করা হয়েছিল। যখন কমিশনের রেকমেনডেশন বেরুল তখন ওরা কোথায় ছিলেন? তখন প্রতিবাদ ধ্বনিত হলনা কেন? আজকে পশ্চিমবাংলায় প্রতিবাদ কেন সংগঠিত হচ্ছে? এডুকেশন কমিশনের যে রেকমেন্ডেশন, তাতে কি আছে? কে কমিশন বসিয়েছিল? তাহলে গো টু দি সেন্টার, টেল দেম, এডুকেশন কমিশনের সুপারিশ গ্রহণ করা হয়ে থাকবে না থাকবেনা, যদি গ্রহণ না করতে হয়, তাহলে স্ক্র্যাপ ইট, এটা তো অল ইন্ডিয়া বেসিসে হয়েছে, এই জায়গায় সেইভাবে সেপ দিন, এটাতো ন্যাশনাল কোয়েশ্চেন, ইজ ইট এ স্টেট কোয়েশ্চেন? তাহলে এভাবে কেন দেখছেন? আমি বুঝলাম না আমার পূর্ববর্তী বক্তা কি বলতে চাইলেন। যাইহোক আমি মনেকরি শিক্ষা সম্বন্ধে রাজ্যপাল যে কথা বলেছেন ঠিকই বলেছেন। গোলমেলে কথা কিছু নেই। ইংরাজি যে শিখবে সে শিখবে, তার রাস্তা আটকাচ্ছে না। আজকে দয়া করে দেখবেন ইংরেজির স্টান্ডার্ড কোথায় গিয়ে দাঁড়িয়েছে? কোথায় নেমেছে? বিভিন্ন একজামিনেশনগুলিতে ইংরাজির স্টান্ডার্ড কোথায় গিয়েছে? কোন সাবজেক্ট ছাত্র ছাত্রীরা শিখছে, গো অ্যান্ড সী, কেন বিহারে তুলে দিয়েছে? অন্য রাজ্যে কেন তুলে দিয়েছে? বিদেশি ভাষা নিয়ে মাথা কুঁটছেন, কিন্তু বছরের পর বছর কত ফেঁইল করে? আমরা কোন জায়গায় এসেছি সেটা দেখা দরকার। এক কালে সুনাম করেছিলেন এটা কে ডিসপিউট করবে, এতো সত্য কথা। কিন্তু সেই কাল পেরিয়ে এসেছি। ইংরাজি শিক্ষার প্রচলন হয়েছিল হিসটোরিক্যালি, ট্রাডিশনালি, পলিটিক্যালি, সেটা ছিল ইমপেরিয়ালিস্টিক পলিসি অব এক্সপ্লয়টেশন, সেজন্য ইংরাজি ভাষার প্রচলন করা হয়েছিল এবং সেটা শিক্ষা বাধ্যতামূলক করা হয়েছিল, সেই শিক্ষা তখন নিতে হয়েছে। আজকে সেটার পরিবর্তন প্রয়োজন কিনা, এটা ভাবতে হবে। ইমোশন এবং সেন্টিমেন্টে সুড়সুড়ি দিয়ে বলে গেলেন কাশীবাবু। মন্ত্রীর ছেলে ইংলিশ মিডিয়ামে পড়তে যাবে আর গ্রামের ছেলে বাংলা মিডিয়ামে পড়তে যাবে। ভোলাবাবু সেই কথা বলে গেলেন। কিন্তু তা বলে লাভ হবেনা ইট ইজ এ ন্যাশনাল কোয়েশ্চেন, আর ইংরাজি তো তুলে দেওয়া হয়নি? এটা একটা এক্সপেরিমেন্ট ভোলাবাবু ব্যারিস্টারি পাশ করেছেন, আমি জানিনা তিনি ইংলিশ মিডিয়ামে না বাংলা মিডিয়ামে পাশ করেছেন, তিনি এখানে আমাদের একজন মন্ত্রীর নাম উল্লেখ করেছেন, তিনি বলেছেন এই তো মন্ত্রীরা ইংরাজি ব্যবহার করছেন, অশুদ্ধ ইংরাজি ব্যবহার করছেন, বামপন্থী প্রবীণ নেতা প্রভাস রায় সম্পর্কে তিনি বলে গেলেন। কি বললেন তিনি? সয়েল ফর্মেশন যেটা হবে, ব্যঙ্গ করে তিনি বললেন এস এইচ ও এল সোল ফর্মেশন। তিনি ভুল ইংরাজি বলেছেন এটাই ভোলাবাবু বলতে চেয়েছেন। কিন্তু উনি যেটা বলেছেন সেটা ঠিকই বলেছেন, তিনি ইরিগেশন ইঞ্জিনিয়ার না হতে পারেন, কিন্তু ইরিগেশন কিভাবে হয় তিনি ভালই জানেন। 'সোল' ব্যারিস্টারি ভাষা নয়, এটা উনি জানেন। কিন্তু দু পাতা ইংরাজি শিখে এসেছি বলেই যে দিগগজ পন্ডিত হয়ে গেছি সবাই বিদ্যাসাগর, বঙ্কিমচন্দ্র, রবীন্দ্রনাথ হয়ে গেছি, তা নয়। তিনি (ভোলাবাবু) বলে গেলেন কিছু উন্নতি হয়নি, যা হয়েছে জিরো, জিরো, একথা কে বলতে পারেন, মেহের আলি ছাড়া আর কেউ বলতে পারেননা।

তারপরে যেটা বলা দরকার সেটা সংখ্যার কথা। কংগ্রেস(আই) নেতা বলে গেলেন দৈনিক গড়ে চারটি করে খুন হচ্ছে, ওর যে স্ট্যাটিসটিক্স কি আর বলব, এক সময়ে প্রশান্ত

মহালানবীশের নাম ভারতবর্ষে স্ট্যাটিস্টিশিয়ান হিসাবে বিখ্যাত ছিল, তার সুখ্যাতি ছিল সারা দেশব্যাপি কিন্তু এদের যে স্ট্যাটিস্টিক্স এক এক নেতা এক এক রকম স্ট্যাটিস্টিক্স দেন এবং তারা নিজেরা আজকে যা বলেন, কাল তা বলেন না, কাল যা বলেন, পরশু সেটা বলেননা, এটাই হচ্ছে তাদের কথা। ভোলাবাবু যেটা বললেন I have challenged it to substantiate this case. যে গড়ে দৈনিক চারটি করে খুন হয় এই স্ট্যাটিস্টিক্স কোথা থেকে পেলেন? আমি যদি মেনে নিই ভোলাবাবু যা বলেছেন সেটা ঠিক দৈনিক গড়ে ৪টি খুন হচ্ছে কিংবা ১০/১২টা খুন হচ্ছে তাহলে সেই তর্ক করবার সময় কি এইটা? পশ্চিমবাংলার এই যে criminal situation whether it is better or not. It is a relative question. There is a curative aspect of the problem and there is a preventive aspect of the problem also. What is your positive programme. আজকে দিল্লির এই ব্যাপারে অবস্থা খারাপ, বম্বের অবস্থা খারাপ। ১৯/২০ হয়তো হচ্ছে কোথায়ও কম হচ্ছে কোথায়ও বেশি হচ্ছে। ভোলাবাবু বললেন যে স্টেটসম্যান পত্রিকায় আছে যে বেকার সংখ্যা হু হু করে বেড়ে যাচ্ছে। তারজন্য ওরা কি করেছেন? It has been recorded. উনি বলেছেন যে এক বছরে ওরা নাকি ১০ লক্ষ বেকারের চাকুরি দিয়েছেন। আপনারা কি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের ফিগারটাও পড়তে জানেন না? স্ট্যাটিস্টক্সের মাস্টার এবং প্লানিং কমিশনের মেম্বার এম.এস স্বামীনাথন তার কথা কোট করে স্টেটসম্যান-এ যেটা বেরিয়েছিল সেটা অনুগ্রহ করে একটু পড়ে দেখবেন। আমি মনেকরি You are not a statistician. আপনি ব্যারিস্টার হতে পারেন। যা হোক আমি যে কথা বলতে চাচ্ছি আপনি শান্তি শৃঙ্খলার কথা বলেছেন। আপনি কি মনে করেন I do not know whether you are a student of Economics or not. কিন্তু এম.এস. স্বামীনাথন বলেছেন যে ১৯৮৫ সালে ৩ কোটি ৮৫ লক্ষ বেকারের সংখ্যা গিয়ে দাঁড়াবে। আজকে যদি পজিটিভ প্রোগ্রাম ইন্দিরা গান্ধী না নিতে পারেন তাহলে কি অবস্থা হবে সেটা নিশ্চয় তার বোঝা দরকার। আমি জানি না কবে আপনি দেশের কাজ করেছেন। আমরা জানি যারা দেশের জন্য জেল খেটেছেন, যারা দেশের জন্য আত্মত্যাগ করেছেন। কিন্তু আপনাকে আমরা ঠিক চিনি না হঠাৎ উদয় হলেন। আজকে ভারতবর্ষের শান্তিশৃঙ্খলা বিপন্ন হচ্ছে এবং বিপন্ন হবে এ কারও ক্ষমতা নেই রোধ করতে পারে আপনি তো ছার। ২০% থেকে ২৬% লোকের মান্থলি ইনকাম নেই তারা পভার্টি লাইনের নিচে পড়ে আছে। এ সম্বন্ধে আপনাদের ইন্দিরা গান্ধী কি চিন্তা করেন?

**শ্রী গোপাল বসু ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, এখানে একজন স্পিকার যখন বক্তৃতা করছেন তখন অন্য জায়গায় যে কোনও বক্তা উঠে যদি বলেন সেখানেও কি মাইক দেওয়া হবে। এটা কি করে হয়। এ জিনিস কখনও চলতে পারে না। এটা আমরা নিশ্চয়ই বন্ধ করব।

(গোলমাল)

**Mr. Deputy Speaker :** Please take your seat.

**শ্রী গোপাল বসু ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমার একটি পয়েন্ট অব অর্ডার

আছে। পয়েন্ট হচ্ছে এই, একজন স্পিকার মাইকে বলবেন অথচ উপর থেকে ওখানে মাইক চালানো হবে কোন রাইটে?

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** ঠিক আছে, আমি ওটা পরে দেখব।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এইসব বলে কোনও লাভ হবে না। আমাদের এইভাবে দমানো যাবে না, এটা অসম্ভব ব্যাপার। কাজেই সেই চেষ্টা করবেন না। আমি যে কথা বলছিলাম সেটা হচ্ছে এই ভোলাবাবু এই পরিসংখ্যান কোথা থেকে পেলেন দয়া করে সেটা একটু ভাল করে বুঝিয়ে দিন।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** অমলবাবু একটু বসুন। ব্যাপারটা হল এই, আজকে গভর্নরস স্পিচের উপর আলোচনার জন্য ৪ ঘন্টা টাইম ফিক্স করা ছিল। ৭.৩৫ মিনিটে সেই টাইম শেষ হয়ে যাচ্ছে। দেখা যাচ্ছে আরও একজন বক্তা আছেন, এই সময়ের মধ্যে আলোচনা শেষ হবে না। তাই রুল ২৯০ অনুসারে হাউসের টাইম আরও ২৫ মিনিট বাড়িয়ে দিলাম। **(হাউসের টাইম আরও ২৫ মিনিট বাড়ানো হল)।**

[7-35 — 7-39 p.m.]

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি যা বলছিলাম সেটা হল এই কাশীবাবু বেকার সমস্যার কথা তুলে একটি প্রশ্ন করেছিলেন। আইন শৃঙ্খলার ক্ষেত্রে উনি একটি প্রশ্ন তুলেছিলেন যে অপরাধ ঘটছে কেন দেশের সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিক অবস্থা যা দাঁড়িয়েছে তাতে একটা আইডিয়াল স্টেট কল্পনা করে নিয়ে যদি আমরা মনেকরি শান্তি শৃঙ্খলা বজায় রাখব তাহলে সেটা থাকবে না, থাকা সম্ভব নয়। আজকে ওদের ভাগ্য ভাল যে দিল্লিতে বসে রাজত্ব চালাচ্ছেন। প্ল্যানিং কমিশন বসে আছেন। শিক্ষিত বেকারের সংখ্যা হচ্ছে ১ কোটি ২০ লক্ষ, আর ৩ কোটি ৫০ লক্ষ হচ্ছে গ্রামের অশিক্ষিত বেকার। কাজেই এই বিরাট বেকার বাহিনীর জন্য কি পজিটিভ প্রোগ্রাম নেওয়া হয়েছে? কাজেই আজকে ওরা যদি ডাকাতি করে, ছিনতাই করে, খুন করে তাহলে কাদের দোষ দেবেন? এই সিচুয়েশন হল কেন? তার মানে এই নয় যে একজন খুন করেছে তাকে ছেড়ে দেওয়া হবে খুন করতে উদ্বুদ্ধ করা হবে, তা নয়। নিশ্চয় ফার্মলি ট্যাকল করতে হবে। রাজ্যপাল সেইজন্য বলেছেন চেষ্টা করছি। কিন্তু এটা খুব কঠিন কাজ, তিনি তার বক্তব্যের মধ্যে সেই কথা উল্লেখ করেছেন। কাজেই এই অবস্থায় যারা মনে করেন শান্তি শৃঙ্খলা থাকবে, তারা কবরের শান্তি শৃঙ্খলা রাখতে পারবেন, তার বেশি কোনও শান্তি শৃঙ্খলা রাখা সম্ভব হবে না। ২৬ কোটি লোক আজকে পভার্টি লাইনের নিচে। উনি বললেন, প্রভার্টি লাইনের মানে কি? ওকে বলি, অর্থনীতি নিয়ে কিছু পড়াশুনা করেছি, অর্থনীতি সম্বন্ধে কিছু জানা আছে। পভার্টি লাইনের নিচে কারা সেটা আপনাদের ব্যাখ্যায় কি বোঝায় তা এর পরে যখন বক্তৃতা করবেন সেটা আমাদের বোঝাবেন কিন্তু আমরা যেটা বুঝি সেটা হচ্ছে এই যে যারা মিনিমাম কনজামশন লেভেলের নিচে আছেন—যাদের জন্য খাবারের ব্যবস্থা করতে পারেননি, কাপড়ের ব্যবস্থা করতে পারেননি, চিকিৎসার ব্যবস্থা করতে পারেননি, শিক্ষার ব্যবস্থা করতে পারেননি তারাই পভার্টি লাইনের নিচে আছে। আপনারা কি মনে করেন ২৬ কোটি লোক পভার্টি লাইনের

নিচে থাকবেন আর আপনারা শান্তিশৃঙ্খলা বজায় রাখবেন? পৃথিবীর কোথাও এটা হয়েছে কি? পৃথিবীর কোথাও এটা হয়নি কাজেই এখানেও এটা হবে না। আপনাদের চরম ব্যর্থতার পরিণতি হচ্ছে এই। অন্য কাগজ নয় স্টেটসম্যানও সেই কথাই বলেছে। স্টেটসম্যান বলেছে প্ল্যানিং কমিশনের চূড়ান্ত ব্যর্থতার কথা। তারা বেকার সমস্যার সমাধানে কোনও কাজ করতে পারেননি। এরপর স্যার, বিদ্যুৎ সম্বন্ধে কয়েকটি কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করব। ওরা বলেছেন, বিদ্যুৎ ব্যবস্থা সব অচল হয়ে গিয়েছে। কে অচল করেছে? ৩০ বছর ধরে কি করেছেন আপনারা? আমার কাছে কাগজপত্র আছে, এটা কোনও গলাবাজির ব্যাপার নয়, আমি সমস্ত তথ্য দিয়ে দিতে পারি। আর ভোলাবাবুর তো এ সম্বন্ধে কোনও কথা বলাই সাজে না। তার কারণ, ভোলাবাবুরা যখন ১৯৭২/৭৭ সাল পর্যন্ত পশ্চিমবাংলায় বহাল তবিয়তে গদিতে বসেছিলেন তখন সমস্ত জিনিসটাকে যেভাবে মেসের মধ্যে নিয়ে গিয়ে ফেলেছেন সেটা সবাই জানেন। আজকের যিনি কেন্দ্রীয় মন্ত্রী সেদিন তিনি পশ্চিমবঙ্গের বিদ্যুতের ভারপ্রাপ্ত মন্ত্রী ছিলেন। তার চরম অপদার্থতা এবং ব্যর্থতার জন্য পশ্চিমবঙ্গে বিদ্যুতের এই অবস্থা হয়েছে। কিন্তু তবুও রাজ্যপাল বলেছেন, অপেক্ষা করুন, চাকা ঘুরছে, ঘুরবে। আর ভোলাবাবুকে বলি, আগে আপনারা ডি.ভি.সি'র ঘর সামলান তারপর কথা বলবেন। সেখানে তো লাঠি নিয়ে নেমেছেন শ্রমিক, কর্মচারিদের পেটাবেন বলে। ওরা আইনের শাসনের কথা বলেন। আপনারা কি জানেন না শ্রমিক, কর্মচারিদের ব্যাপারে কিছু আইন কানুন আছে?

**(ভয়েস ঃ— সেখানে উৎপাদন অনেক বেড়েছে।)**

অসত্য কথা। উৎপাদন বাড়ার যেসব ফিগার দেওয়া হয়েছে আমার কাছে কাগজপত্র আছে বিদ্যুৎ দপ্তরের আলোচনা যেদিন হবে সেদিন আমি সমস্ত তথ্য দেব। ডি.ভি.সি থেকে কলকাতাকে ৯৫ মেগাওয়াট বিদ্যুৎ দেবার কথা। যতদিন পর্যন্ত না কংগ্রেস(ই) সরকার ডি.ভি.সি থেকে পশ্চিমবাংলাকে বা সি.ই.এস.সিকে ৯৫ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ করতে পারছেন ততদিন পর্যন্ত আপনাদের কোনও নৈতিক অধিকার নেই এ সম্বন্ধে কিছু বলার। আগে বিদ্যুৎ এনে দিন তারপর কথা বলবেন। স্যার, আরও ভুরি ভুরি প্রমাণ আমি দিতে পারতাম কিন্তু আমার সময় নেই তাই এখনই সবকিছু বলতে পারলাম না। তারপর ওরা বললেন, সব জিরো, জিরো, জিরো। কিছু না পড়লে জিরোই হয়। এখানে এত পজিটিভ প্রোগ্রামের কথা বলা সত্ত্বেও ওরা বলে দিলেন কিছুই হয়নি, সব জিরো। রবীন্দ্র ভক্ত তো, তাই বলি; পাগলা মেহের আলি বিধানসভায় প্রবেশ করেছেন।'

## Adjournment

The House was then adjourned at 7.39 p.m. till 1 p.m. on Thursday, the 19th February, 1981, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Thursday, the 19th February 1981 at 1-00 p.m.

### PRESENT

Mr. Speaker (Shri Syed Abul Monsur Habibullah) in the Chair, 14 Ministers, 3 Ministers of State, and 155 Members.

[1-00 – 1-10 p.m.]

### Starred Questions
### (to which oral Answers were given)

**বিষ্ণুপুর মহকুমায় পানীয় জলের নলকূপ বসানোর জন্য রিগবোর মেশিন ব্যবহার**

*২৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫।) **শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় ঃ** মাননীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় বিষ্ণুপুর মহকুমায় পানীয় জলের নলকূপ বসানোর জন্য রিগবোর মেশিন ব্যবহার করার কোনও পরিকল্পনা আছে কি ;

(খ) থাকলে, কবে নাগাদ উহা কার্যকর করা হবে ; এবং

(গ) বাঁকুড়া জেলায় মোট কয়টি উক্ত মেশিন চালু আছে?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ**

(ক) বর্তমানে নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) দশটি।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ১০টি মেশিন চালু আছে। এগুলি কি বাঁকুড়া জেলায়?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** হ্যাঁ।

**শ্রী বিনোদবিহারী মাজি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে বিষ্ণুপুরে রিগবোর মেশিন কেন হবেনা?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** রিগবোর মেশিন সেই সমস্ত জায়গায় ব্যবহার করা হয়, যেখানে হাতে টিউবওয়েল করা খুব কঠিন। কাজেই যেখানে অন্য ভাবে করা যায় সেখানে সাধারণত

রিগবোর মেশিন ব্যবহার করা হয়না। প্রসঙ্গক্রমে এই কথা বলতে চাই যে রিগবোর মেসিনে খরচ অনেক বেশি হয়।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই রিগবোর মেশিন তাহলে কোথাও ব্যবহার করছেন না?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** মাননীয় সদস্য ঠিক বলেননি। যেখানে অন্য ভাবে টিউবওয়েল খোঁড়া যায় সেখানে করা হচ্ছে না। পুরুলিয়ায় করা হচ্ছে, বাঁকুড়ার অনেক জায়গায় করা হচ্ছে, মেদিনীপুরের ঝাড়গ্রাম সাব-ডিভিসনে করা হচ্ছে, বীরভূমের যেখানে পাথর এলাকা সেখানে করা হচ্ছে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে বাঁকুড়া জেলায় কোনও মেশিন ব্যবহার করছেন এবং কি ভাবে টিউবওয়েল বসানো হচ্ছে?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** বাকুড়া জেলায় যেখানে পাথুরে এলাকা সেখানে রিগবোর মেশিন বসিয়ে টিউবওয়েল করা হচ্ছে। মাননীয় সদস্যকে আমি আরো জানাচ্ছি যে অনেকগুলি কূপ খোড়া হয়েছে। পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুরের ঝাড়গ্রাম মহকুমা, বীরভূমের এক অংশ নিয়ে প্রায় ৩।। হাজার ঐ ধরনের রিগবোর মেসিনের সাহায্যে টিউবওয়েল চালু করা হয়েছে।

## ট্রলার ও ফিশিং হারবার

*৩০। (অনুমোদিত প্রশ্ন নং *১৮।) **শ্রী জন্মেজয় ওঝা ঃ** মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে কত সংখ্যক বেসরকারি মাছধরা ট্রলার আছে,

(খ) পশ্চিমবঙ্গে ফিশিং হারবার-এর সংখ্যা কয়টি; এবং

(গ) নূতন কোনও ফিশিং হারবার নির্মাণের পরিকল্পনা আছে কি না?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ**

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে মাছ ধরা ট্রলার-এর সংখ্যা নিম্নরূপ ঃ-

সরকারি - ৪

বেসরকারি - ১১

(খ) একটি।

(গ) হ্যাঁ।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মন্ত্রী মহাশয় বললেন ৪টি সরকারি ট্রলার আছে। একথা কি সত্য যে, ইতিমধ্যে কয়েকটি ট্রলার সরকার বিক্রি করেছেন এবং যদি বিক্রি ক'রে থাকেন তাহলে কেন বিক্রি করেছেন জানাবেন কি?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** কোনওটিই বিক্রি করা হয়নি, বরং এবারে ট্রলার সেল্‌ফ-সাপোর্টেড হয়েছে।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মন্ত্রী মহাশয় বললেন একটি মাত্র ফিশিং হার্বার রয়েছে। আমার প্রশ্ন হচ্ছে, এটি কোথায় রয়েছে এবং আর কোথায় কোথায় করার পরিকল্পনা আছে?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** রাইচকে একটি রয়েছে এবং আরও ৩টি হবার কথা আছে। একটি দীঘার কাছে শংকরপুরে হবার কথা ছিল কিন্তু টেকনিসিয়ানরা সেটা রিজেক্ট করেন। তখন আমরা সেন্টারের কাছে মুভ করি এবং টেকনিক্যাল দিক থেকে এনকোয়ারি করিয়ে আবার সেটাকে ঠিক করেছি এবং সেটা এখন আরম্ভ হয়েছে। বাকি দুটির একটি ২৪ পরগনার ফ্রেজারগঞ্জে এবং আর একটি বাসন্তির কাছে হবে। তবে বাসন্তির কাছে জায়গাটি এখনও স্পেসিফাই করা হয়নি।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** দীঘা এবং ফ্রেজারগঞ্জ কতদিনের মধ্যে শেষ হবে মনে করেন।

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** ফিজিবিলিটি রিপোর্টে অলরেডি কমপ্লিট হয়ে গেছে। আমার মনে হয় ২/১।। বছরের মধ্যেই হয়ে যাবে।

**Piped Water Supply Scheme in Bhagwanpur Block-I**

*31. (Admitted question No. *347.) **Shri Haripada Jana (Bhagawanpur) :** Will the Minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to state—

(a) if it is a fact that the piped water supply scheme in Bhagwanpur Block-I In the district of Midnapur has not materialised ,

(b) if so, reason thereof ; and

(c) the steps taken by the Government to overcome the difficulty, if any ?

**Shri Nani Bhattacharya :**

(a) Yes, it is a fact.

(b) Necessary land for the scheme could not yet be acquired.

(c) The District Magistrate, Midnapore has been requested to acquire the land expeditiously.

**শ্রী হরিপদ জানা ঃ** আপনি বললেন জমি অ্যাকোয়ার করবার জন্য ডি.এম-কে বলেছেন। আমার প্রশ্ন হল, তাহলে এই স্কীমে অসুবিধার সৃষ্টি হল কেন?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের সঙ্গে পাবলিক হেল্‌থ ইঞ্জিনিয়ারের মত বিরোধ হয়েছে। এই বিরোধ মীমাংসার জন্য চেষ্টা করা হচ্ছে।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** ভাগবানপুরের জে.এল.আর. ও অ্যাপ্রুভ করে পাঠালেন কিন্তু তমলুকের এ.ডি.এম. ওটা না দেবার জন্য ফরমান জারি করেছেন একথা কি সত্য?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** এটা ফয়সালা করবার চেষ্টা করা হচ্ছে।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** কতদিন লাগবে বলতে পারেন?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** কতদিনে মীমাংসা হবে বলতে পারিনা, তবে এক্সপিডিয়াসলি চেষ্টা করা হচ্ছে।

## রাষ্ট্রপতির সম্মতির অপেক্ষায় বিধানসভার বিল

*৩২। (অনুমোদিত প্রশ্ন নং *৪০।) **শ্রী সুমন্তকুমার হীরা ঃ** স্বরাষ্ট্র (সংসদ বিষয়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ বিধানসভা কর্তৃক অনুমোদিত কতগুলি বিল রাষ্ট্রপতির সম্মতির অপেক্ষায় পড়ে আছে ;

(খ) কলকাতা পৌরসভা আইনটি কত মাস আগে রাষ্ট্রপতির সম্মতির জন্য প্রেরিত হয়েছে ; এবং

(গ) এই বিষয়ে কেন্দ্রীয় সরকারের কোনও মতামত জানা গিয়েছে কি?

**শ্রী ভবানী মুখার্জি ঃ**

(ক) পাঁচটি বিল।

(খ) গত ২৪শে ডিসেম্বর ১৯৮০তে প্রেরিত হয়েছে।

(গ) এ বিষয় কেন্দ্রীয় সরকারের চূড়ান্ত মতামত এখনো জানা যায়নি।

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** কলকাতা পৌরসভার নির্বাচন আসন্ন কাজেই আপনাদের দিক থেকে এই ব্যাপারে তাড়া দেবার ব্যবস্থা করেছেন কি?

**শ্রী ভবানী মুখার্জি ঃ** কেন্দ্রীয় সরকার কতগুলি প্রশ্নের ক্ল্যারিফিকেশন চেয়ে পাঠিয়েছেন এবং তার উত্তর তাড়াতাড়ি পাঠানো হচ্ছে।

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক অনুমোদিত কি কি বিল এখনও পড়ে রয়েছে জানাবেন কি?

**শ্রী ভবানী মুখার্জি ঃ** রাষ্ট্রপতির সম্মতির অপেক্ষায় পড়ে আছে The West Bengal Restoration of alienated land (Amendment) Bill, 1980. The City Civil Court (Amendment) Bill, 1980, the Industrial Disputes (West Bengal Second Amendment) Bill, 1980. The Murshidabad Estates Management of Properties and Miscellaneous Provision Bill, 1980, and The Calcutta Municipal Corporation Bill, 1980.

[1-10—1-20 p.m.]

**শ্রী শচীন সেন ঃ** কলকাতা পৌরসভার যে আইন আমরা এখানে পাস করেছি সেটা অতীতের আইনের সমস্তগুলিকে আমরা সরিয়ে দিয়ে ব্যাপক গণতন্ত্রীকরণ করা হয়েছে বলে সেইজন্য কেন্দ্রীয় সরকারের তরফ থেকে এটা আসতে কি দেরি হচ্ছে?

**শ্রী ভবানী মুখার্জি ঃ** আমি আগেই বলেছি, কতকগুলি পয়েন্ট সম্বন্ধে ওরা ক্লারিফিকেশন চেয়েছে, সেই ক্লারিফিকেশনের উত্তর আমরা পাঠিয়ে দিয়েছি তবে দু-একটি ক্লারিফিকেশনের উত্তর শীঘ্রই পাঠানো হচ্ছে।

**শ্রী যামিনীভূষণ সাহা ঃ** কলকাতা কর্পোরেশন ছাড়া অন্যান্য বিলের ক্ষেত্রে কি ক্ল্যারিফিকেসন আপনাদের কাছে এসেছে যেমন, ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউটস অ্যাক্ট-এর যে অ্যামেন্ডমেন্ট করা হয়েছে সেই ব্যাপারে কি কোনও ক্লারিফিকেশন চাওয়া হয়েছে?

**শ্রী ভবানী মুখার্জি ঃ** এ সম্বন্ধে এখনই কিছু বলতে পারব না। কলকাতা কর্পোরেশন সম্বন্ধে প্রশ্ন ছিল কিন্তু এ ব্যাপারটা না দেখে বলতে পারব না।

## প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের চিকিৎসা ব্যবস্থা

*৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭৮।) **শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** মাননীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলার প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা ও প্রাথমিক চিকিৎসার কোনও পরিকল্পনা বর্তমান সরকারের আছে কি ;

(খ) এই পরিকল্পনা রূপায়ণের জন্য জেলাভিত্তিক কোনও চিকিৎসক নিযুক্ত আছেন কি ; এবং

(গ) থাকলে, কোন কোন জেলায় আছেন?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ**

(ক) এরূপ ব্যবস্থা আগে থেকেই এই রাজ্যে চালু আছে।

(খ) ও (গ) চিকিৎসকের পদ সব জেলাতেই আছে। কিন্তু কয়েকটি পদ বর্তমানে খালি আছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস** ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষার ব্যবস্থা আছে কিন্তু বাস্তবে কোথাও কার্যকর হচ্ছে না—এই সম্পর্কে কিছু জানেন কি?

**শ্রী ননী ভট্টাচার্য** ঃ যে সমস্ত জায়গা থেকে স্পেসিফিক কমপ্লেন বা রিপোর্ট পাই, সঙ্গে সঙ্গে আমরা নজর দিই। কিন্তু কোনও কমপ্লেন পাইনি।

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা** ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, জেলা স্তরে কোনও পদাধিকারী ডাক্তার এই চিকিৎসার দায়িত্বভারে আছেন— সি.এম.এইচ.ও না ডি.এইচ.ও ?

**শ্রী ননী ভট্টাচার্য** ঃ স্কুল হেল্‌থের ব্যাপারে দেখাশুনা করে মেডিক্যাল অফিসার।

**শ্রী অমলেন্দ্র রায়** ঃ এই যে চিকিৎসা ব্যবস্থার কথা বললেন—এটা কি সাপ্তাহিক, মাসিক না বাৎসরিক?

**শ্রী ননী ভট্টাচার্য** ঃ বাৎসরিক তবে কোথাও প্রাইমারী হেল্‌থ সেন্টারকে কেন্দ্র করে স্টুডেন্টদের হেলথ মান্থলিও চেক-আপ করা হয়। কোথাও মাঝেমাঝে চেক-আপের ব্যবস্থা আছে। যেসব জায়গায় ডাক্তারের পদ খালি পড়ে আছে সেইসব জায়গায় কাজ হচ্ছে না।

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা** ঃ আমার অভিজ্ঞতায় জানি, এই রকম ধরনের চিকিৎসা ব্যবস্থা গ্রামাঞ্চলে হয়না। আমার প্রশ্ন হচ্ছে এই যে সমস্ত ডাক্তাররা প্রাইমারী স্কুলে স্বাস্থ্য পরীক্ষা করছেন তাঁদের কোনও রিপোর্ট হেল্‌থ ডায়রেক্টরেট পায় কি?

**শ্রী ননী ভট্টাচার্য** ঃ পরীক্ষিত বিদ্যালয়ের সংখ্যা ১৯৭৭ সালে হচ্ছে ৫ হাজার ৮৬ আর পরীক্ষিত ছাত্র-ছাত্রীর সংখ্যা হচ্ছে ২লক্ষ ৬৪ হাজার ৮৭৬ জন। ১৯৭৮ সালে ৫৩৪২টি স্কুল পরিদর্শন করা হয় আর ২লক্ষ ৮১ হাজার ছাত্র ছাত্রীকে পরীক্ষা করা হয়। ১৯৭৯ সালে ৩৬৭২টি স্কুল পরিদর্শন করা হয় এবং ২ লক্ষ ৬৩ হাজার ৭৪১টি ছাত্র ছাত্রীকে পরীক্ষা করা হয়।

**শ্রী সরল দেব** ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি দয়া করে জানাবেন যে এগুলি পরিদর্শন করা হচ্ছে কি হচ্ছে না সেটা কে নির্ণয় করেন? আমরা যতদূর জানি এ ধরনের কোনও পরিদর্শন হয় না।

**শ্রী ননী ভট্টাচার্য** ঃ এনি চীফ মেডিক্যাল অফিসার অর এ.সি.এম.ও. তাঁরা এগুলি পরিদর্শন করে থাকেন, সেখান থেকেই আমরা রিপোর্ট পেয়ে থাকি, যখন কোনও স্পেসিফিক কেস পাই যে অমুক জায়গায় হচ্ছে না সেখানে স্পেশাল তদন্তের ব্যবস্থা করি। আমি আগেই বলেছি যে সমস্ত জায়গায় চিকিৎসকের পদ খালি আছে সেই সমস্ত জায়গায় কাজ ভাল হচ্ছে না।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি দয়া করে জানাবেন যে মাননীয় সদস্য শ্রী রজনীকান্ত দলুই মহাশয়ের কাছ থেকে এ সম্পর্কে তিনি কোনও অভিযোগ পেয়েছেন কিনা?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** না, কোনও অভিযোগ পাইনি।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** এই রকম ধরনের প্রোগ্রাম আছে বলে আমরা জানিনা। মাননীয় অধ্যক্ষ মহাশয় এই প্রোগ্রামের কোনও কাজই হচ্ছে না পশ্চিমবঙ্গের কোনও জায়গায়, এ খবর আমাদের কাছে আছে।

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রজনী বাবু বলছেন এ ধরনের কাজ চলছে না, আমি বলছি এ রাজ্যে এ কাজ অনেক দিন ধরেই চলে আসছে।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ৮১ হাজার ছাত্র-ছাত্রীকে পরীক্ষা করা হয়েছে, তা তিনি কি বলবেন যে তিনি ব্যক্তিগতভাবে এনকোয়ারী করে দেখবেন যে এই কাজ ঠিক ঠিক হচ্ছে কিনা?

**মিঃ স্পিকার ঃ** আই ডিসঅ্যালাউ দি কোয়েশ্চন।

**শ্রী জনমেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন মেদিনীপুর জেলায় এই রকম কয়টি পড়ে আছে। তার নাম কি?

**মিঃ স্পিকার ঃ** The Minister has already given his reply on this issue.

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মন্ত্রী মহাশয় বললেন যে কমপ্লেন করলে উনি দেখবেন অতীতে অনেক করা হয়েছে কোনও অ্যাকশন হয়নি।

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** এই তিন বছরে মাননীয় রজনীকান্ত দলুই মহাশয়ের কাছ থেকে এ সম্পর্কে কোনও কমপ্লেন পাইনি।

### District level Employment Generation Council

*34. (Admitted question No. *197.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state that—

(a) if it is a fact that the Government of India has asked the State Government to set up at the district level an Employment Generation council consisting of people's representatives, concerned Government functionaries, and representatives of credit institutions and of professional and academic bodies in the district for promotion of employment among the educated unemployed;

(b) if so :

(i) what are the functions and responsibilities which are proposed to be assigned to the Employment Generation Council ; and

(ii) what action has been taken by the State Government in the matter?

**Shri Krishna Pada Ghosh :**

(a) No formal recommendation has yet been received from the Government of India.

(b) Does not arise.

[1-20—1-30 p.m.]

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** ডিস্ট্রিক্ট এমপ্লয়মেন্ট কাউন্সিল পিপলস রিপ্রেজেনটেশন নিয়ে Consisting of people's representatives, concerned Government functionaries, and representatives of credit institutions and professional and academic bodies. বডি তৈরি করা হয়েছিল এই সম্বন্ধে প্লানিং কমিশন কি আপনাদের কিছু বলেছিলেন?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** আমার কাছে সেই রকম কোনও ইনফরমেশন বা রেকমেন্ডেশন আসেনি যে প্লানিং কমিশন এই রকম ধরনের আলোচনা করছেন। ভুবনেশ্বরে এই রকম ধরনের একটা মিটিং হয়েছিল। তবে আমার কাছে ফরমাল কোনও রেকমেন্ডেশন না এলে আই ক্যান নট টেক এনি স্টেপ।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** এই ব্যাপারে কি স্টেট গভর্নমেন্ট কোনও চিন্তা করছেন?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** এটা কোনও ফ্যাক্ট নয়-এই বিষয়ে আপনিও একটা মন্তব্য করতে পারেন, আমিও একটা মন্তব্য করতে পারি। তবে করব কি করব না সেটা ফ্যাক্ট থাকলে বিবেচনা করা যাবে।

## সংক্ষিপ্ত ডাক্তারী শিক্ষাক্রম

*৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৮।) **শ্রী সন্তোষকুমার দাস ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে এ পর্যন্ত মোট কয়টি শর্ট কোর্স মেডিক্যাল কলেজ স্থাপন করা হয়েছে ;

(খ) বর্তমানে উহাতে ছাত্র-ছাত্রীর সংখ্যা কত ;

(গ) শর্ট কোর্স ডিগ্রিপ্রাপ্ত ডাক্তারদের ডিগ্রি পাওয়ার পর গ্রামে স্বাস্থ্যকেন্দ্র নিয়োগ বাধ্যতামূলক করা হয়েছে কি না; এবং

(ঘ) উক্ত ডাক্তাররা পরে এম.বি.বি.এস. পড়ার সুযোগ পাবেন কি না?

**শ্রী ননী ভট্টাচার্য :**

(ক) পশ্চিমবঙ্গে এ বছর ছয়টি 'ইনস্টিটিউট অফ কমিউনিটি মেডিক্যাল সার্ভিস' খোলা হয়েছে।

(খ) এখন, ১২৮ জন।

(গ) বর্তমান পরিকল্পনা অনুযায়ী যেসব প্রার্থী উপরোক্ত 'ইনস্টিটিউট অফ্ কমিউনিটি মেডিক্যাল সার্ভিস' থেকে পাশ করে বেরোবেন তাঁদের সংশ্লিষ্ট অঞ্চলের গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রে অথবা অনুরূপ সরকারি প্রতিষ্ঠানে সরকার চাহিলে কম পক্ষে পাঁচ বছর বাধ্যতামূলকভাবে কাজ করতে হবে।

(ঘ) এই প্রশ্ন বর্তমানে বিবেচনাধীন নাই।

**শ্রী সন্তোষকুমার দাস :** আপনার কাছে এমন কোনও সংবাদ আছে কি যে এই সব ইন্সটিটিউট পরিচালনার ভার যাঁদের উপর আছে তাঁরা অনেকই অসহযোগিতা করছেন এবং তাঁদের বিরুদ্ধে কি কোনও ব্যবস্থা অবলম্বন করেছেন?

**শ্রী ননী ভট্টাচার্য :** এমন কোনও রিপোর্ট নেই—বরং ক্লাস ঠিকমতো চলছে এবং সকলেই পড়াচ্ছেন।

**শ্রী সন্তোষকুমার দাস :** যে সব ছাত্র-ছাত্রী এই সব ইন্সটিটিউশনে ভর্তি হয়েছে তাদের মধ্যে অনেকেই থাকা খাওয়ার ভাল ব্যবস্থা না থাকার জন্য অসুবিধা ভোগ করছে—এটা কি সত্য?

**শ্রী ননী ভট্টাচার্য :** এটা এখন বলা খুব মুশকিল। সমস্ত জায়গায় হোস্টেল অ্যাকোমডেশনের ব্যবস্থা করতে পারিনি। ছাত্র-ছাত্রী এবং তাদের অভিভাবকদের এই সব আমরা জানিয়েছি। তবে কিছু কিছু প্রাইমারি হেলথসেন্টারে অ্যাকোমডেশনের ব্যবস্থা করা হয়েছে।

**ডাঃ বিনোদবিহারী মাজি :** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে আই এম কাউন্সিল কি পারমিশন দিয়েছে?

**শ্রী ননী ভট্টাচার্য :** এ প্রশ্ন আসে না।

**ডাঃ বিনোদবিহারী মাজি :** অনুমতি না দিলে তাদের প্রাকটিসের কোনও অসুবিধা হবে না তো?

***শ্রী ননী ভট্টাচার্য ঃ** প্র্যাকটিসের উদ্দেশ্যর প্রশ্ন আসে না কারণ আসল উদ্দেশ্য রোগ নিবারণ-রোগ প্রতিষেধক মূলক ব্যবস্থা করা—অর্থাৎ ইংরাজীতে যাকে বলে প্রমোটিভ হেল্‌থ* কেয়ার তারই উপর গুরুত্ব দেওয়া হয়েছে। শতকরা ৭৫ ভাগ মামুলী রোগের যাতে তারা ট্রিটমেন্ট করতে পারেন তার ব্যবস্থা করা হয়েছে। সুতরাং এগুলির ক্ষেত্রে প্রাইমারি অ্যাটেনডেন্স এর ব্যবস্থা করে কোর্স তৈরি করা হয়েছে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** কলকাতা বাদ দিয়ে যে সেন্টারগুলি ৬টা জেলাতে করা হয়েছে সে ক্ষেত্রে বাকি জেলাগুলিতে সিলেকশন কি ভাবে হবে? অর্থাৎ ১২৮টা ছাত্র ছাত্রী যে নিয়েছেন তাদের কি বেসিসে সিলেক্ট করেছেন এবং এদের শিক্ষাগত মান কোন পরীক্ষার কোন ডিভিসন হবে?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** সমস্ত পঃ বাংলাকে ৬টা জোনে ভাগ করা হয়েছে এবং ঐ ৬টা জোনে ৬টা স্কুল হয়েছে। দার্জিলিং জোন দার্জিলিংকে নিয়েই হয়েছে। জলপাইগুড়ি জোন এর মধ্যে জলপাইগুড়ি এবং কুচবিহার দুটা জেলা পড়েছে। দার্জিলিং জোনে জেনারেল সিট ১২২টা এবং শিডিউল কাস্ট ও ট্রাইবস্‌ ৩। জলপাইগুড়ি জোনে জেনারেল সিট ১৬টা, এবং এস সি, এস টি ৬টা। বালুরঘাটে- বালুরঘাট জোনের মধ্যে ওয়েস্ট দিনাজপুর এবং মালদা আছে। এখানে ১টা সিটের মধ্যে জেনারেল সিট ৬টা আর এস সি কাস্ট, এস ট্রাইবস ৭টা। বহরমপুর এ যেটা হয়েছে মুর্শিদাবাদ নদীয়া এবং ২৪ পরগনাকে নিয়ে করা হয়েছে। এখানে ৩৩টার মধ্যে ২৮টা জেনারেল আর ৫টা এস সি এস টি। পুরুলিয়ার মধ্যে পুরুলিয়া, বাঁকুড়া বীরভূম এবং বর্ধমান এখানে ৩২টা সিটের মধ্যে জেনারেল ২৬টা আর এস সি এস টি ৬টা। মেদিনীপুর জোনের মধ্যে মেদিনীপুর, হাওড়া, হুগলি এবং কলকাতাকে যুক্ত করে একটা বড় জোন করা হয়েছে। এখানে ৩৬ টার মধ্যে ৩০টা জেনারেল আর ৬টা এস সি এস টি ন্যুনতম যোগ্যতা হায়ার সেকেন্ডারী— অর্থাৎ হায়ার সেকেন্ডারী পাশ হলে তারা দরখাস্ত করতে এলিজেবল হবেন। মেরিটের ভিত্তিতে ডিস্ট্রিক্ট এর পাশ করা ছাত্র ছাত্রী হতে হবে এবং সেই ভাবে সিলেকসন করা হবে। এই সিলেকশন কমিটির মধ্যে আছে সি এম ও এইচ, ডি এম বা ডি সি এবং ডি এমকে নিয়ে ট্যাবুলেশন কমিটি করা হয়েছে।

**শ্রী তারকবন্ধু রায় ঃ** এই কোর্সে ডাক্তার তৈরি হলে কি বেকারত্ব বাড়বে না?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** প্রথম কথা এটা ঠিক নয়। যদিও এই নিয়ে অনেক অপপ্রচার চলছে। সরকারের যে শূন্য পদ আছে তা হলো প্রায় ১৫০০মতো। সুতরাং বেকারি যে বাড়বে সেটা ঠিক নয়। আমাদের প্রচুর ডাঃ দরকার বিশেষ করে গ্রামীণ ডাক্তার যারা প্রিভেনটিভ হেল্‌থের উপর গুরুত্ব আরোপ করে মাইনর কেসগুলিকে ট্রিট করতে পারবেন। সেইজন্যই গ্রামীণ ডাক্তারবাহিনী তৈরি করা হচ্ছে। এর সঙ্গে মেডিক্যাল গ্রাজুয়েটদের প্রতিযোগিতার কোনও ব্যাপার নেই। they will be qualified adjuncts to the medical graduates. সুতরাং অসুবিধা কোনও ক্ষেত্রেই নেই এবং বেকারি বাড়বে এটা ঠিক নয়।

[1-30—1-40 p.m.]

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি ছাত্র-ছাত্রীদের শিক্ষা দানের জন্য এগজিসটিং হেল্‌থ সার্ভিসে যাঁরা ডিস্ট্রিক্টে আছেন কিংবা ঐ এলাকায় আছেন তাঁরাই টিচার নিযুক্ত হয়েছেন both for clinical and pre-clinical subjects or exclusively P.S.M.-preventive and social medicine. এই রকম নিয়োগ কারোর হয়েছে কিনা?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** ফুল টাইম টিচার নিযুক্ত হয়নি, নিয়োগ সাপেক্ষে পার্ট-টাইম টিচার নিযুক্ত হয়েছে ইন অ্যাডিশন টু দেয়ার ডিউটিজ, সেই ব্যবস্থা করা হয়েছে।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি প্রায়ই একটা কথা বলা হচ্ছে সি.এম.এস. কোর্স থেকে যেসব ডাক্তার বেরিয়ে আসবে তারা হেতুড়ে ডাক্তার হবে, সেজন্য জানতে চাই এর সিলেবাস কে রচনা করেছে?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** তাঁরা হেতুড়ে ডাক্তার হবেন না। স্টেট মেডিক্যাল ফ্যাকাল্টি থেকে সিলেবাস তৈরি করা হয়েছে। সেখানে এমন ডাক্তার আছেন যাঁরা অনেক ডাক্তারকে পড়িয়েছেন। সেই স্টেট মেডিক্যাল ফ্যাকাল্টির বাইরে ২২/২৩ জন বিশেষজ্ঞদের পরামর্শ নিয়ে মাসের পর মাস খেটে ঐ সিলেবাস তৈরি করা হয়েছে। সুতরাং যাঁরা একথা বলছেন তাঁরা অবমাননা করছেন এইসব শিক্ষকদের।

## সরকারি সাহায্যপ্রাপ্ত পঞ্চায়েত হোমিওপ্যাথি চিকিৎসাকেন্দ্র

*৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩৬।) **শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের মোট কয়টি গ্রাম পঞ্চায়েতে সরকারি সাহায্যপ্রাপ্ত পঞ্চায়েত হোমিওপ্যাথিক চিকিৎসাকেন্দ্র আছে;

(খ) ১৯৭৯-৮০ এবং ১৯৮০-৮১ সালে মোট কয়টি অনুরূপ চিকিৎসাকেন্দ্রকে অনুমোদন দেওয়া হয়েছে; এবং

(গ) ১৯৮০-৮১ সালে ঐরূপ কয়টি চিকিৎসাকেন্দ্রকে অনুমোদন দেওয়ার পরিকল্পনা দেওয়া আছে?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ**

(ক) ১৯০ টি।

(খ) ১৯৭৯-৮০ সালে ৭০টি অনুরূপ চিকিৎসা কেন্দ্রকে অনুমোদন দেওয়া হয়েছে। ১৯৮০-৮১ সালে এ পর্যন্ত কোনও অনুরূপ চিকিৎসা কেন্দ্রকে অনুমোদন দেওয়া হয়নি।

(গ) ১৯৮০-৮১ সালে ২৭১টি অনুরূপ চিকিৎসা কেন্দ্রকে অনুমোদন দেওয়ার একটি প্রস্তাব স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের বিবেচনাধীন আছে।

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি প্রত্যেকটি গ্রাম পঞ্চায়েতে এই হোমিওপ্যাথিক চিকিৎসা কেন্দ্রগুলি স্থাপনের জন্য সরকার পক্ষ থেকে কোনও দৃঢ় সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে, না এই সম্পর্কে টাল-বাহানা চলছে?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** আমাদের সরকারের সিদ্ধান্ত হচ্ছে পঞ্চায়েত এলাকাগুলিতে হোমিওপ্যাথিক চিকিৎসা কেন্দ্র খোলা। কিন্তু একসঙ্গে সমস্ত পঞ্চায়েত এলাকা ধরতে পারছি না, ইন ফেজেস সেগুলি কভার করবার ইচ্ছা আছে।

**শ্রী তারকবন্ধু রায় ঃ** এই যে হোমিওপ্যাথি ডিসপেন্সারি হবে এতে যে ডাক্তার হবে ডি.এম.এস. পাশ করা ছাড়া অন্যরা সেই সুযোগ পাবে কিনা?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** এখনও ডি.এম.এস. ছাড়া ডাক্তার বেরুচ্ছে না, যখন বেরুবে তখন চিন্তা করা হবে। এখন সরকারিভাবে যেসব হোমিওপ্যাথিক ডিসপেন্সারি আছে সেখানে ডি.এম.এস. পাশ করা ডাক্তার চান্স পাবে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, গ্রামাঞ্চলে ডাক্তার সঙ্কটের পরিপ্রেক্ষিতে ডাক্তার নিয়োগের যে কর্মসূচি পঞ্চায়েতের মাধ্যমে তাতে হোমিওপ্যাথিক যে সমস্ত চিকিৎসক পাশ করে বসে রয়েছেন তাঁদের অ্যাডহক ভিত্তিতে নিয়োগ করবার কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** পরিকল্পনা আছে। তাঁদের যোগ্যতা থাকলে হবে এবং তাঁদের পি.এস.সি-র মাধ্যমে আসতে হবে।

**শ্রী নানুরাম রায় ঃ** মন্ত্রী মহাশয় জানেন কি, গ্রাম প্রধানের অধীনে যে কমপাউন্ডাররা রয়েছেন তাঁরা ৫মাস ধরে বেতন পাচ্ছেননা?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** হোমিও প্যাথিক কমপাউন্ডাররা কোথাও কোথাও বেতন পাননি এরকম অভিযোগ এসেছে। এই ব্যাপারে তদন্ত করা হচ্ছে এবং কোথাও কোথাও ব্যবস্থা করা হয়েছে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আপনি বললেন ১৯৭৯-৮০ সালে ৭০জন ডাক্তার নিয়োগ করেছেন এবং চিকিৎসাকেন্দ্র খুলেছেন। আপনি জানাবেন কি, ১৯৮০-৮১ সালে একটা চিকিৎসা কেন্দ্রও কেন খুলতে পারেননি?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** ১৯৮০-৮১ সালে ২৭১টি ওই ধরনের চিকিৎসা কেন্দ্রকে অনুমোদন দেবার প্রস্তাব বিবেচনাধীন রয়েছে। এখনও সেগুলো করে উঠতে পারিনি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** এই যে হোমিওপ্যাথিক ডাক্তারদের নেওয়া হচ্ছে তাঁদের

শিক্ষাগত মান কি এবং তাঁদের অ্যানাটমি, ফিজিওলজি সম্বন্ধে কোনও জ্ঞান আছে কিনা?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** রেজিস্টার্ড হোমিওপ্যাথিক ডাক্তারদের শিক্ষাগত যোগ্যতার মান সম্বন্ধে বলতে পারি তাঁদের নিশ্চয়ই চিকিৎসাগত যোগ্যতা আছে এবং সেইভাবেই তাঁরা প্র্যাকটিস্ করছেন।

**বাঁকুড়া জেলার জগন্নাথপুর অঞ্চলের এস.কে.ইউ.এস-এর সম্পাদকের বিরুদ্ধে অভিযোগ**

*৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭৮।) **শ্রী গুণধর চৌধুরি ঃ** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার জয়পুর থানার অন্তর্গত জগন্নাথপুর অঞ্চল এস.কে.ইউ.এস. (সংযুক্ত কৃষক উন্নয়ন সমিতি)-এর সম্পাদকের বিরুদ্ধে তহবিল তছরূপের কোনও অভিযোগ সরকারের গোচরে আসিয়াছে কি ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ**

(ক) হ্যাঁ।

(খ) সমবায় সমিতির পরিদর্শক মহাশয়কে এ ব্যাপারে অনুসন্ধানের পর বিস্তৃত বিবরণ দিতে এবং স্থানীয় থানায় এবং এফ.আই.আর. নথিভুক্ত করতে অনুরোধ করা হয়েছে।

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** তবে স্পেসিফিক কমপ্লেন কেউ লজ করেনি। অডিট রিপোর্টে কতগুলি মিস্ অ্যাপ্রোপ্রিয়েশন ধরা পড়েছে এবং অ্যাস্ পার প্রভিসন অব দি কো-অপারেটিভ অ্যাক্ট অ্যান্ড রুলস্ সেটা সি.আই.ডি.-কে দিয়ে এনকোয়ারি করানো হচ্ছে।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** এখানে প্রশ্নোত্তরে লেখা রয়েছে এস.কে.ইউ. (সংযুক্ত কৃষক উন্নয়ন সমিতি) এর মানে কি?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** ওটা সমবায় কৃষি উন্নয়ন সমিতি হবে।

**বীরভূমে মুরারই হাসপাতালের নিকট যক্ষ্মা হাসপাতাল স্থাপন**

*৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *৬০৪।) **ডাঃ মোতাহার হোসেন ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলার মুরারই গ্রামীণ হাসপাতালের সন্নিকটে ২০-শয্যা বিশিষ্ট একটি যক্ষ্মা হাসপাতাল নির্মাণের জন্য সরকার অনুমোদন দিয়াছেন ;

(খ) সত্য হইলে, সরকার উক্ত অনুমোদন কবে দিয়াছেন ; এবং

(গ) উক্ত নির্মাণকার্য বর্তমানে কোন পর্যায়ে আছে?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ**

(ক) না, ইহা সত্য নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

[1-40—1-50 p.m.]

সরকার ১৯৭৮ সালের ৬ই মার্চ একটি চেস্ট ক্লিনিক অনুমোদন করেন এবং পূর্ত বিভাগের যে রিপোর্ট তাতে দেখছি উক্ত কার্যের শতকরা ৬০ ভাগ সম্পন্ন হয়েছে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** এর পূরো কাজ কবে শেষ হবে এবং এটা কমিশন কবে হবে?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** আমি আশা করছি ১৯৮১ সালের মার্চ মাসে হবে যদি প্রভাইডেড লোহা লক্কর ইত্যাদি জিনিসপত্র দুষ্প্রাপ্য না হয় এবং বাইরে থেকে আমদানি করা কঠিন না হয়ে পড়ে।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মুরারই চেস্ট ক্লিনিক কোন স্কীমে হয়েছে? এই রকম চেস্ট ক্লিনিক অন্যান্য ব্লকে দরকার হলে করার কোনও স্কীম আছে কি?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** জাতীয় পরিকল্পনার অঙ্গ হিসাবে হচ্ছে কিনা বলতে পারিনা, তবে এই রকম ধরনের স্কীম কিছু কিছু আছে।

## গোড়াবাড়ি-বিষ্ণুপুর কৃষ্ণবাঁধ মৎস্য প্রকল্প

*৪০। (অনুমোদিত প্রশ্ন নং *৬।) **শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় ঃ** মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার মৎস্য প্রকল্পের অন্তর্গত গোড়াবাড়ি-বিষ্ণুপুর কৃষ্ণবাঁধ প্রকল্প হইতে ১৯৮০ সনে কত মাছ ধরা হয়েছে ও কত টাকার মাছ বিক্রি হয়েছে ; এবং

(খ) ১৯৭৯-৮০ এবং ১৯৮০-৮১ সালে মোট কয়টি অনুরূপ চিকিৎসাকেন্দ্রকে অনুমোদন দেওয়া হয়েছে ; এবং

(গ) উক্ত জেলার বিভিন্ন মৎস্য প্রকল্পে কত টাকার লগ্নি বর্তমান আর্থিক বৎসরে দেওয়া হয়েছে?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ**

(ক) স্টেট ফিশারিজ ডেভেলপমেন্ট কর্পোরেশনের অধীনস্থ গোরাবাড়ি (কংসাবতী) প্রকল্প হইতে ১৯৮০ সনে ২৮, ৯৬৫ কেজি মাছ ধরা হয়েছে এবং ১,৩২,০৩৩ টাকার মাছ বিক্রি হয়েছে।

বিষ্ণুপুর কৃষ্ণবাঁধ প্রকল্পের অধীনস্থ মজুত পুকুর (stocking tank)-গুলি মাছ চাষের জন্য স্টেট ফিশারিজ ডেভেলপমেন্ট কর্পোরেশনকে ১৯৮০ সনে হস্তান্তর করা হয়েছে। উহা এখনও প্রস্তুতির পর্যায়ে আছে।

(খ) বর্তমান আর্থিক বৎসরে বাঁকুড়া জেলার বিভিন্ন মৎস্য প্রকল্পে প্রায় ২০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। উক্ত টাকা প্রয়োজনানুসারে পর্যায়ক্রমে লগ্নি করা হইতেছে।

**শ্রী অচিন্তকৃষ্ণ রায় ঃ** গোড়াবাড়ি বিষ্ণুপুর প্রকল্পে আপনার লক্ষ্যমাত্রা কত?

**(কোনও উত্তর দেওয়া হয়নি।)**

**ডাঃ বিনোদবিহারী মাজি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন ২৮৯৬৫ কেজি মাছ বিক্রি হয়েছে, আপনার এই প্রকল্পে লাভ হয়েছে না লোকসান হয়েছে?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** লাভ হয়েছে, আগে লোকসান হত, গত বছর থেকে লাভ হচ্ছে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আপনি এত এত প্রকল্পে মাছ পাচ্ছেন, তাহলে মাছের দাম কবে কমবে।

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** মাছের দাম অনেক কমে গিয়েছে, প্রাইস লেভেলটা একটু দেখুন, অন্যান্য কমোডিটিজ-এর দাম কি সেটাও দেখুন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** এই যে ২৮ হাজার কেজি ধৃত মৎস্য এটা কার মারফৎ এবং কোথায় বিক্রি করেছেন।

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** কিছু মাছ আমরা বাঁকুড়ায় বিষ্ণুপুরে বিক্রি করি আর কিছু মাছ যদি কেউ বিয়ে বা এই ব্যাপারে আমাদের কাছে দরখাস্ত করে তাদের দেই।

**Conversion of Bhagwanpur Primary Health Centre into Rural Hospital**

*41. (Admitted question No. *357.) **Shri Haripada Jana (Bhagawanpur) :** Will the Minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to state—

(a) *if it is a fact that the Government of West Bengal has taken a scheme for the conversion of Bhagwanpur Primary Health Centre into a Rural Hospital ;*

(b) if so, the total estimated costs towards its construction ; and

(c) when its construction is expected to be completed ?

**Shri Nani Bhattacharjee :**

(a) Yes ;

(b) & (c) The estimated cost is not known; the construction Board has been requested to prepare the estimate. On receipt of the estimate further steps will be taken.

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি যে এই কাজটি সম্পূর্ণ করতে কত সময় লাগবে?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** এটা এখনই আমি বলতে পারব না।

**আসাম হইতে আগত উদ্বাস্তু**

*৪২। (অনুমোদিত প্রশ্ন নং *২০।) **শ্রী জন্মেজয় ওঝা ঃ** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসাম হইতে আগত উদ্বাস্তুদের কতজন এখন পশ্চিমবঙ্গে আছেন ;

(খ) ডিসেম্বর ১৯৮০ পর্যন্ত রাজ্য সরকার এই বাবদ কত অর্থ ব্যয় করেছেন ; এবং

(গ) আসাম ও বাংলাদেশ হইতে উদ্বাস্তু আগমন রোধের জন্য রাজ্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি ঃ**

(ক) জেলা শাসকদের নিকট হইতে প্রাপ্ত সর্বশেষ তথ্য অনুযায়ী পশ্চিমবঙ্গের সরকারি ত্রাণ শিবিরে নিম্নসংখ্যক আসাম আগত উদ্বাস্তু অবস্থান করিতেছেন—

| | পরিবারের সংখ্যা | লোকের সংখ্যা |
|---|---|---|
| ডাঙ্গি (২/২/৮১ পর্যন্ত) | ১,৯৩৭ | ৬,৮৬৪ |
| যশোডাঙ্গা (২/২/৮১) | ৪২৫ | ১,৭৮৪ |
| জোরাই (২০/১০/৮০) | ৭৬৯ | ৩,১৯৮ |
| | ৩,১৩১ | ১১,৮৪৬ |

ইহা ছাড়া ২/২/৮১ তারিখে ৪৯টি পরিবারের ১৮১জন উদ্বাস্তু আলিপুরদুয়ার জং স্টেশনে অবস্থান করিতেছিলেন। তবে যে সকল উদ্বাস্তু পঃ বঙ্গের বিভিন্ন স্থানে জাতীয় স্বজন ও বন্ধুবান্ধবদের সহিত অবস্থান করিতেছেন তাহাদের সংখ্যা সঠিকভাবে জানা নাই।

(খ) ২৭/১২/৮০ পর্যন্ত ডাঙ্গি ও যশোডাঙ্গা শিবিরে অবস্থানরত উদ্বাস্তুদের জন্য ব্যয় হইয়াছে মোট ২৪,১৬,৩২৯টাঃ ৫০পঃ এবং ৩/১/৮১ পর্যন্ত জোরাই শিবিরে অবস্থানরত উদ্বাস্তুদের জন্য ব্যয় হইয়াছে ৫,৮৭, ১৮৬টাঃ ১৮পঃ সর্বমোট ৩০,০৩,৫৫১টাঃ ৬৮পঃ।

এই হিসাবের মধ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ব্যয়ের হিসাব ধরা হয় নাই।

(গ) বিষয়টি পঃ বঙ্গ রাজ্য সরকারের এক্তিয়ারভুক্ত নয়।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে এই জন্য কেন্দ্রীয় সরকারের কাছে চাওয়া হয়েছিল কিনা এবং এ পর্যন্ত কত টাকা পেয়েছেন?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি ঃ** আমি দুঃখের সঙ্গে বলছি যে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে জানিয়েছি—কিন্তু একটি পয়সাও তারা দেয়নি। তবে সম্প্রতি ও.এস.ডি. মিনিস্ট্রি অব হোম অ্যাফেয়ার্স আমাদের জানিয়েছে যে তারা আসাম সরকারের চীফ মিনিস্টারের সঙ্গে যোগাযোগ করছে, টাকা পয়সার কোনও কথা নেই।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই সম্পর্কে আসাম সরকারের সঙ্গে কোনও যোগাযোগ করতে পেরেছিলেন কিনা?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি ঃ** আমরা আসাম সরকারের সঙ্গে যোগাযোগ করার জন্য বহুবার চেষ্টা করেছি। তারা বলেছে কেন্দ্রীয় সরকারের সরাসরি নির্দেশ ছাড়া আমাদের রিকোয়েস্টের কোনও কিছু করতে পারবেন না।

[1-50—2-00 p.m.]

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন— ইতিমধ্যে বাংলাদেশ থেকে কি উদ্বাস্তু আসা শুরু হয়েছে?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি ঃ** আমি তো বলে দিয়েছি এটা পশ্চিমবঙ্গ রাজ্যসরকারের এক্তিয়ারভুক্ত নয়। বাংলাদেশ থেকে রিফিউজি এলে সেটা কেন্দ্রীয় সরকারের এক্তিয়ারভুক্ত। আমাদের এক্তিয়ারভুক্ত যেটা নয় সেটা আমরা কি করে জানাব? গোপনে অন্য কোনও একজনের বাড়িতে যদি আসে সেটা পশ্চিমবঙ্গ সরকারকে জানিয়ে আসে না। এটা আমরা কি করে জানব? কেন্দ্রীয় সরকার বলতে পারেন বাংলাদেশ থেকে কে এল, কে গেল।

### নার্সিং ট্রেনিং

*৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৩।) **শ্রী সন্তোষকুমার দাস ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৭৯ সালের জুলাই হইতে ১৯৮০ সালের ডিসেম্বর পর্যন্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গে মোট কতজন মহিলা নার্সিং ট্রেনিং-এর সুযোগ পেয়েছেন ;

(খ) হাওড়া জেলায় উহাদের সংখ্যা কত ; এবং

(গ) শিক্ষার্থিনীদের সংখ্যা বৃদ্ধির কোনও প্রস্তাব বর্তমানে আছে কি না?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ**

(ক) ৪৯৮৯ জন।

(খ) ২৩৬ জন।

(গ) আছে।

**শ্রী সন্তোষকুমার দাস ঃ** বর্তমানে এই ট্রেনি নার্সরা মাসিক কত টাকা ভাতা পান এবং এই ভাতা বাড়াবার প্রস্তাব আপনি বিবেচনা করছেন কিনা?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** প্রত্যেকটি ট্রেনি নার্স মাসিক ২০০ টাকা করে ভাতা পান। এখন এই ভাতা বৃদ্ধির প্রস্তাব বা দাবি ট্রেনি নার্সদের তরফ থেকে পেয়েছি। গত বছর আমরা কিছু করতে পারিনি আর্থিক দূরবস্থার জন্য। তবে এটা এখনো বিবেচনাধীন আছে।

### মুরারই গ্রামীণ হাসপাতাল

*৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *৬০৫।) **ডাঃ মোতাহার হোসেন ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলার মুরারই গ্রামীণ হাসপাতালের নির্মাণকার্য বন্ধ আছে ;

(খ) সত্য হইলে, বন্ধের কারণ কি ; এবং

(গ) কবে নাগাদ উক্ত হাসপাতাল নির্মাণের কাজ আরম্ভ ও সমাপ্ত হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ**

(ক) হ্যাঁ।

(খ) অনুমোদিত ঠিকাদার কাজ শুরু করে আংশিক কাজ করার পর মালমশলার দাম বৃদ্ধির জন্য কাজ বন্ধ করে দেন। খরচের টাকা বাড়ানোর অনুরোধ রক্ষা করা যায়নি। পুনরায় টেন্ডার আহ্বান করেও কোনও সাড়া পাওয়া যায়নি। এই জন্য কাজ বন্ধ আছে।

(গ) পুনরায় প্রাক্কলন প্রস্তুত করে এবং টেন্ডার আহ্বান করে কাজ শুরু করা এবং কাজ শেষ করার সঠিক তারিখ বলা সম্ভব নয়।

**পঞ্চায়েত সমিতি স্তরে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ**

৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *৭।) **শ্রী অচিন্তকৃষ্ণ রায় ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পঞ্চায়েত সমিতি স্তরে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ চালু করার কোনও প্রস্তাব রাজ্য সরকারের আছে কি ;

(খ) থাকিলে কবে নাগাদ ঐ সিদ্ধান্ত কার্যকর হইবে ; এবং

(গ) পশ্চিমবঙ্গে ১৯৭৭ থেকে ১৯৮০ সালের মধ্যে নতুন কয়টি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ চালু হয়েছে?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ**

(ক) নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) ২৫ টি (১৯৭৭-৭৮ হইতে ১৯৮০-৮১ পর্যন্ত)

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আপনি ২৫টি নতুন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ কোথায় কোথায় চালু করেছেন, বলবেন?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** এখানে যা লেখা আছে পড়ে দিচ্ছি, ভুল হয়ে গেলে মাফ করে নেবেন। কার্শিয়াং, মেনলি ফর শিডিউল কাস্ট অ্যান্ড শিডিউল ট্রাইবস, ১৯৭৭/৭৮/৭৯ সালে বালুরঘাট, মেখলিগঞ্জ, কনটাই, ঝাড়গ্রাম, বিষ্ণুপুর, কাটোয়া, মাথাভাঙ্গা, ১৯৭৯/৮০ সালে কালনা, বোলপুর না সেলিমপুর ঠিক বুঝতে পারছি না, চন্দননগর, চন্ডীপুর, বনগাঁ, ঘাটাল, বারাসাত, ১৯৮০/৮১ সালে তুফানগঞ্জ, দীনহাটা, লালবাগ, মেদিনীপুর সাউথ, মেদিনীপুর নর্থ, রাণাঘাট ও আলিপুর।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলির সাইজ, এরিয়া, ফাংশন স্টাফিং প্যার্টান কি সব জায়গায় একই না কোনও ভেরিয়েশন আছে?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** আমার যতদূর জানা আছে, তাতে বলতে পারি স্টাফিং প্যাটার্ন একই রকমের।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আপনি যে স্কীম নিয়েছেন পঞ্চায়েত সমিতি স্তর পর্যন্ত এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ চালু করা, মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এরজন্য কত সময় লাগবে?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** আপনি আমার কথাটাই বোঝেন নি। আমি বলেছি, পঞ্চায়েত স্তরে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ চালু করার কোনও প্রস্তাব বর্তমানে আমাদের নেই।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** এই এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলিতে টোট্যাল রেজিস্টার্ড জব সিকারসের সংখ্যা কত মাননীয় মন্ত্রী মহাশয় কি তা বলতে পারেন?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** এটা বলা এখন সম্ভব নয়।

### জাজিগ্রাম ও কাঠিয়া-এদরাকপুর উপস্বাস্থ্যকেন্দ্র

*৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬০৬।) **ডাঃ মোতাহার হোসেন ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বীরভূম জেলায় (১) জাজিগ্রাম এবং (২) কাঠিয়া-এদরাকপুরে দুইটি উপস্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য সরকার মঞ্জুরি দিয়াছেন ;

(খ) সত্য হইলে, সরকার কোন্ কোন্ তারিখে উক্ত স্বাস্থ্যকেন্দ্র দুইটির মঞ্জুরি দিয়াছেন ; এবং

(গ) উক্ত স্বাস্থ্যকেন্দ্রগুলির নির্মাণের কাজ কতদূর অগ্রসর হইয়াছে?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ**

(ক) সত্য।

(খ) জাজিগ্রাম — ১৭-৯-৭৫ (পুনঃ নির্মাণের জন্য)

কঠিয়া এদরাকপুর — ৯-৭-৭৬

(গ) জাজিগ্রাম ১০ শয্যা বিশিষ্ট উপস্বাস্থ্যকেন্দ্রের পুনঃ নির্মাণের জন্য ৭ বার টেন্ডার আহ্বান করেও কোনও সাড়া পাওয়া যায়নি। ঐ জন্য কাজ শুরু হয়নি। নতুন estimate করা হচ্ছে এবং পুনরায় টেন্ডার আহ্বান করা হয়েছে।

কাঠিয়া-এদরাকপুরে ৬ শয্যা বিশিষ্ট উপ-স্বাস্থ্যকেন্দ্রের কাজ অনুরূপ কারণে আরম্ভ করা যায়নি। এখন কাজ শুরু হয়েছে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যা বললেন তাতে বোধহয় জিনিসপত্রের দাম বাড়ার জন্য বা ট্রান্সপোর্টের অসুবিধার জন্য অনেকগুলি স্বাস্থ্যকেন্দ্রের ব্যাপারে দেখা যাচ্ছে টেন্ডার অ্যাকসেপ্ট করেও ছেড়ে দিচ্ছে বা টেন্ডার দিচ্ছে না। এই অবস্থায় আপনারা কোনও ইনসেনটিভ দেবার কথা ভাবছেন কি অথবা এনহ্যানসড স্কেলে এস্টিমেট করার কথা চিন্তা করছেন কি?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** টেন্ডার রুল আপনি জানেন। কিছু অসুবিধা অনেক সময় হয়। জরুরি প্রয়োজন হলে টেন্ডার রুল নিয়মমাফিক খানিকটা ওয়েভ করা হয় বা রিলাক্স করার চেষ্টা করা হয়। ট্রান্সপোর্টের যে অসুবিধা, কাঁচা রাস্তা থাকলে এলাকার কনট্রাক্টার বা ঠিকাদাররা ঐ জায়গায় টেন্ডার ডাকছেন না। আমরা সব দিক বিবেচনা করার চেষ্টা করছি।

## POINT OF INFORMATION

[2-00—2-10 p.m.]

**শ্রী নির্মলকুমার বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে একটা বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আজকে যে মৌখিক তালিকা আমাদের সামনে দেওয়া হয়েছে তাতে ২টি বড় রকমের ভুল রয়েছে। একটা হচ্ছে, অনুমোদিত ৪০৮-তে যেখানে ইন্সটিটিউট অব কমিউনিটি মেডিক্যাল সার্ভিস হবে, সেখানে শর্ট কোর্স মেডিক্যাল কলেজ আছে। আর অনুমোদিত ৫৭৮-তে যেখানে হবে সমবায় কৃষি উন্নয়ন সমিতি, সেখানে লেখা আছে সৌযুক্ত কৃষক উন্নয়ন সমিতি। এই ভাবে ভুল প্রশ্ন ছাপা হয়ে যদি আমাদের কাছে আসে তাহলে আমাদের অসুবিধা হয় এবং উত্তর দিতেও অসুবিধা হয়, অতিরিক্ত প্রশ্ন করতে অসুবিধা হয়। তাছাড়া এটা সম্মানজনকও নয়—সদস্যদের পক্ষেও নয় এবং বিধানসভার পক্ষেও নয়। এর প্রতিকারের জন্য আমি প্রস্তাব করছি যে সদস্যরা যখন প্রশ্ন করে পাঠান তাতে ভুল থাকতে পারে কারণ তারা সব হয়ত জানেন না, খবরের কাগজ থেকে দ্যাখেন এবং বিধানসভার দপ্তরের পক্ষেও জানা সম্ভব হয়না যে কোনটা কি। কিন্তু দপ্তরে গিয়ে যখন এটা পৌঁছায় তখন তারা সেটা ঠিক করে দিতে পারে যে এটা ইন্সটিটিউট অব কমিউনিটি মেডিক্যাল সার্ভিস কিনা, তারা জানেন যে এটা সমবায় কৃষি উন্নয়ন সমিতি কিনা। সুতরাং বিধানসভার দপ্তর থেকে যখন সংশ্লিষ্ট সরকারের দপ্তরে নোটিশটা যাবে তারা যদি সঙ্গে সঙ্গে জানিয়ে দেন যে এটা ভুল আছে তাহলে সঠিক প্রশ্নের তালিকা আমরা পেতে পারি। কাজেই আপনি অনুগ্রহ করে এই দিকে লক্ষ্য রাখবেন।

**শ্রী রামনারায়ণ গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এই মাত্র খবর পেলাম যে কেন্দ্রীয় রেল বাজেট কেন্দ্রীয় সরকার ১৫ পারসেন্ট যাত্রী ভাড়া বাড়িয়েছেন এবং পারসোনাল লাগেজের উপর ১০ পারসেন্ট ভাড়া বাড়িয়েছেন। এই ভাবে কেন্দ্রীয় সরকার সাধারণ মানুষের উপর একের পর এক আক্রমণ করছেন। এই বিষয়টির উপর আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

## Adjournment Motions

**মিঃ স্পিকার ঃ** আমি আজ সর্বশ্রী রজনীকান্ত দলুই, প্রদ্যোতকুমার মহান্তি, প্রবোধ চন্দ্র সিংহ ও ধীরেন্দ্রনাথ সরকার মহাশয়ের কাছ থেকে চারটি মূলতুবি প্রস্তাবের নোটিশ পেয়েছি।

প্রথম প্রস্তাবে শ্রী দলুই এশিয়ান গেমস কোচিং ক্যাম্প থেকে বাংলার ১১ জন ফুটবল খেলোয়াড়ের ক্যাম্প ত্যাগ, দ্বিতীয় প্রস্তাবে শ্রী মহান্তি আলু চাষিদের দুর্দশা, তৃতীয় প্রস্তাবে শ্রী সিংহ সরকারি হাসপাতালের চিকিৎসকগণের প্রস্তাবিত গণছুটি ও চতুর্থ প্রস্তাবে শ্রী সরকার সহজপাঠ সরবরাহ বন্ধ সম্পর্কে আলোচনা করতে চেয়েছেন। রাজ্যপালের ভাষণের ওপর বিতর্কে উপরিউক্ত বিষয়গুলি সম্পর্কে সদস্যগণ আলোচনা করার যথেষ্ট সুযোগ পাবেন। আমি তাই সব কটি মূলতুবি প্রস্তাবেই আমার অসম্মতি জ্ঞাপন করছি। তবে সদস্যগণ ইচ্ছা করলে সংশোধিত প্রস্তাবগুলি সভায় পাঠ করতে পারেন।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল- এশিয়ান গেমস কোচিং ক্যাম্প থেকে ১৯ জন ফুটবল খেলোয়াড়ের পদত্যাগ।

১৭ই ফেব্রুয়ারি এশিয়ান গেমস কোচিং ক্যাম্প থেকে বাংলার খেলোয়াড়রা ভারতীয় দলে খেলবে না এই মুচলেকা দিয়ে চলে গিয়ে শুধু বাংলার মান সম্মান নয়, ভারতের মান সম্মান ক্ষুণ্ণ করেছে। জাতীয় দল গঠন এবং এশিয়ান গেমসে ভারতের মান সন্মান এদের কাছে মূল্যহীন। নিছক কিছু অর্থ প্রাপ্তির জন্য এদের এই জাতীয়তা বিরোধী কার্যকলাপ শুধু আমাদের দেশের খেলোয়াড়দের বিপর্যাপ্ত মূল্যবোধের দিকেই অঙ্গুলি সংকেত করছে। খেলোয়াড়দের ভারতীয় দলে না খেলার জন্য বড় ফুটবল ক্লাবের কর্তারা ইন্ধন জুগিয়েছে।

যেহেতু এই ঘটনা বাংলা তথা ভারতের জাতীয় ভাবমূর্তিকে কলংকিত করেছে তাই এই গুরুত্বপূর্ণ ব্যাপারে বিধানসভার কাজ বন্ধ রেখে অবিলম্বে একটি আলোচনা হোক।

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—সরকারি হাসপাতালের চিকিৎসকগণের প্রস্তাবিত গণছুটি।

পশ্চিমবঙ্গের হাসপাতালগুলিতে চরম অব্যবস্থা চলছে। ডাক্তার, নার্স, ঔষধ, প্রয়োজনীয় যন্ত্রপাতির অভাবে বহুক্ষেত্রে জনসাধারণের চিকিৎসার সুযোগ থেকে বঞ্চিত। সম্প্রতি আবার পশ্চিমবঙ্গের সরকারি হাসপাতালের চিকিৎসকগণ আগামী ২১শে ফেব্রুয়ারি গণছুটি নেবার সিদ্ধান্ত নিয়েছেন। এই সংবাদে জনসাধারণ উদ্বিগ্ন। এই সিদ্ধান্ত যদি কার্যকর হয় তাহলে হাসপাতালগুলিতে যেসব রোগী ভর্তি হয়ে আছেন এবং যাঁরা বহির্বিভাগে চিকিৎসা গ্রহণে ইচ্ছুক, তাদের চরম অসুবিধার সম্মুখীন হতে হবে। চিকিৎসকগণের এই আন্দোলন যদি আরও বৃহৎ আকার ধারণ করে তাহলে সরকারি চিকিৎসা ব্যবস্থার ক্ষেত্রে নৈরাজ্য দেখা দেবে। চিকিৎসা ব্যবস্থার সাথে যেখানে জনসাধারণের জীবনমরণের প্রশ্ন জড়িত, সেখানে

চিকিৎসকগণের যদি কিছু ন্যায়সংগত দাবি থেকে থাকে তাহলে তার সত্বর মীমাংসা হওয়া প্রয়োজন। সরকারি চিকিৎসকগণের প্রস্তাবিত আন্দোলন এবং দাবি দাওয়া এবং এই সম্পর্কে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করে চিকিৎসা ক্ষেত্রে যাতে সুস্থ পরিবেশ প্রতিষ্ঠিত হয় তার আলোচনার জন্য আজকের সভার কাজ আপাতত মুলতুবি রাখা হোক।

**মিঃ স্পিকার ঃ** আমি এই মুলতুবি প্রস্তাব যদিও অ্যালাউ করিনি তবুও গভর্নমেন্টকে বলছি এ সম্বন্ধে একটা স্টেটমেন্ট দেওয়ার একটা ব্যবস্থা করুন এবং পার্লামেন্টারী অ্যাফেয়ার্স মিনিস্টারকে অনুরোধ করছি যদি সম্ভব হয় তাহলে কালকেই বক্তব্য রাখার ব্যবস্থা করুন।

## Calling Attention to Matters of Urgent Public Importance

**মিঃ স্পিকার ঃ** আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি, যথা-

(১) হুগলি জেলার আলুচাষির আত্মহত্যার ঘটনা - ডাঃ বিনোদবিহারী মাজি, সদস্য।

(২) ৬টি বিশ্ববিদ্যালয়ে গ্রন্থাগারিকের পদশূন্য থাকার ঘটনা - শ্রী রজনীকান্ত দলুই।

(৩) 'সহজ পাঠ' এর প্রিন্ট অর্ডার বন্ধ - শ্রী রজনীকান্ত দলুই।

(৪) ১৯ জন ফুটবলারের এশিয়ান গেম্‌স কোচিং ক্যাম্প ত্যাগ - শ্রী রজনীকান্ত দলুই।

(৫) মুর্শিদাবাদ জেলায় সীমান্তরক্ষী বাহিনী ও হোমগার্ড খুন হওয়ার সংবাদ - শ্রী সেখ ইমাজুদ্দিন এবং শ্রী ধীরেন্দ্রনাথ সরকার।

(6) Strike in Hindusthan Cables, Rupnarayanpur – Shri Sunil Basu Ray.

(7) Alleged murder of Basanti Panchayat Samiti Savapati – Shri Subhas Goswami, Shri Biswanath Chowdhury, Shri Matish Ray, Shri Manohar Tirkey and Shri Sushil Kujur.

(8) Dead–Lock at Ranaghat Govt. Sponasred College – Shri Gour Chandra Kundu.

(9) Reported Court arrest of women writers on 18.2.81 – Shri Rajani Kanta Doloi.

আমি Dead–lock at Ranaghat Government Sponsored College বিষয়ের উপর শ্রী Gour Chandra Kundu. কর্তৃক আনীত নোটিশ মনোনীত করেছি।

সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয় যদি সম্ভব হয় আজকে ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

**শ্রী ভবানী মুখার্জি ঃ** সোমবার এ সম্বন্ধে বক্তব্য রাখা হবে।

## *Mention Cases*

**শ্রী তিমিরবরণ ভাদুড়ী ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি একটা সাংঘাতিক ব্যাপার আপনার সামনে তুলে ধরছি। লালাগোলা প্যাসেঞ্জার ট্রেনটিকে বেলঘরিয়া এবং দমদম স্টেশনের মধ্যে আগুন লাগিয়ে দেয় এবং দুর্বৃত্তরা প্যাসেঞ্জারদের গাড়ি থেকে নামতে দেয়নি। সেখানে গুলি চলেছে এবং একজন অফিসার নিহত হয়েছেন। আমি মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ রাখছি যাঁরা নিহত হয়েছেন এবং আহত হয়েছেন তাদের নামগুলি তিনি যেন ঘোষণা করেন।

[2-10—2-20 p.m.]

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুর্শিদাবাদের লোকেরা লালগোলা প্যাসেঞ্জারে আসে। এই লালগোলা প্যাসেঞ্জার মাঝেমাঝে বেলঘরিয়া এবং দমদম স্টেশনে দীর্ঘ সময় ধরে পড়ে থাকে। সুতরাং ট্রেন বিলম্বে আসবে, তারপর আগুন লাগবে এবং সাধারণ মানুষের নিরাপত্তা থাকবে না এটা হতে পারে না। সেইজন্য মাননীয় মুখ্যমন্ত্রীর বিবৃতি দাবি করছি এবং এই সম্পর্কে সুষ্ঠু ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করছি। যারা ফিরে এসেছে তারা নিরাপত্তার অভাব বোধ করছে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আমি খবর পেয়েছি ৪ জন মারা গেছে এবং স্টেশন মাস্টারের ঘরে আগুন ধরিয়ে দেওয়া হয়েছে। বহু ঘরবাড়ি পুড়ে গেছে। বহু লোক সিরিয়াসলি ইনজিয়োর্ড হয়েছে। আমি অবিলম্বে এই সরকারের পদত্যাগ চাইছি। আমি অবিলম্বে মুখ্যমন্ত্রীর পদত্যাগ চাইছি।

**মিঃ স্পিকার ঃ** এইভাবে দাবি করতে পারেন না। এই নিয়ম বহির্ভূত কাজ আমি চলতে দিতে পারি না। এই আলোচনা করতে গেলে আপনাকে অ্যাডজর্নমেন্ট মোশন দিতে হবে। প্লিজ সীট ডাউন। ইউ কান্ট ডু লাইক দিজ।

**শ্রী যামিনীভূষণ সাহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বেলঘরিয়ায় আজ সকালে যে ঘটনা ঘটেছে সেই সম্পর্কে আমি কিছু বলতে চাই। একটা রেলওয়ে টিম ওখানে সার্ভে করতে যায়। সার্ভে করার সময়ে স্টেশনে যখন জিজ্ঞাসাবাদ করেন তখন এদের সাথে আর.পি.এফ. বাহিনীর কথা কাটাকাটি হয়। তখন আর.পি.এফ. ঘুষি মারে। আর.পি.এফ. ঘুষি মারার পর কিছু পাবলিক উত্তেজিত হয়। তারপর আর.পি.এফের পক্ষ থেকে গুলি করা হয়। যারা সার্ভে করতে গিয়েছিল তাদের একজনকে গুলি করে এবং তাকে পাবলিকের সামনে দিয়ে টেনে ঘরে নিয়ে গিয়ে পেটাতে আরম্ভ করে। তখন বেলঘরিয়া স্টেশনে হাজার হাজার প্যাসেঞ্জার দাঁড়িয়ে আছে। তখন তারা উত্তেজিত হয়। এরপর আর.পি.এফের পক্ষ থেকে আরও গুলি করা হয় এবং এই গুলি করার সময় প্রায় ৫।৬ জন সিরিয়াসলি উনডেড হয়। এই বেলঘরিয়া স্টেশন থেকে কিছুটা দূরে লালগোলা প্যাসেঞ্জার দাঁড়িয়ে ছিল। তখন কিছু দুস্কৃতকারী এই ট্রেনে আগুন লাগায়। সুতরাং এই যে সমস্ত দুস্কৃতকারী তথা সমাজবিরোধী

এবং আর.পি.এফ ফোর্স উত্তেজনা সৃষ্টি করছে এর পিছনে গভীর ষড়যন্ত্র আছে এবং পশ্চিমবঙ্গের সুনাম নষ্ট করার জন্য এইসব করা হচ্ছে।

**শ্রী বারীন্দ্রনাথ কোলে ঃ** মিঃ স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। বিষয়টি হচ্ছে হাওড়া জেলার আমতায় এক নং ব্লকে ২নং গ্রাম পঞ্চায়েতে রাণাপাড়া স্বাস্থ্যকেন্দ্র আছে। সেখানে আশেপাশের ৩/৪টি অঞ্চলের হাজার হাজার মানুষ চিকিৎসিত হয়। গত জানুয়ারি মাসের সাত তারিখে হঠাৎ দেখা গেল ওটা বন্ধ করে দেওয়া হয়েছে এবং শোনা যাচ্ছে ওটা একেবারেই বন্ধ করে দেওয়া হয়েছে। হাওড়ার সি.এম.ও.এইচের নির্দেশ সত্ত্বেও আজ এক মাসের বেশি হয়ে গেল স্বাস্থ্য কেন্দ্রটি খোলার কোনও ব্যবস্থা করা হচ্ছে না এবং কেন যে বন্ধ আছে সে ব্যাপারটাও জনসাধারণের কাছে বেশ পরিষ্কার নয়। সেজন্য আমি অবিলম্বে স্বাস্থ্য কেন্দ্রটি খোলবার জন্য এবং যারা বন্ধ করেছে সেইসব অফিসারদের শাস্তি দেওয়ার ব্যবস্থা করার জন্য মন্ত্রী মহাশয়ের কাছে দাবি করছি।

**ডাঃ বিনোদবিহারী মাজি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়ায় ইন্দপুর মানবাজার অঞ্চলের একটি বহু পুরাতন রাস্তা, এটি পুরুলিয়ার সঙ্গে বাঁকুড়ার সংযোগ রক্ষা করে, মাত্র ১৪ মাইল রাস্তা। এটি যদি পিচ করা হয় তাহলে এই রাস্তাটির দ্বারা বহু লোকের উপকার হবে। এখানে বল্বার এই কথা তুলে এবং প্রায় ১০ হাজার লোকের স্বাক্ষর সহ আবেদন পূর্ত মন্ত্রীকে দেওয়া হয়েছে, কিন্তু আজ পর্যন্ত কোনও ব্যবস্থা হয়নি। আমি অনুরোধ করছি ঐ রাস্তাটি যাতে পিচ করা হয় তার জন্য ব্যবস্থা করা হোক।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিগত বিধানসভায় আমি আপনার মাধ্যমে পূর্তদপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছিলাম। এন.এইচ.৩৪, দি সেগমেন্ট বিট্‌ইন গাজোল টু মালদা ইজ নট নেগোসিয়েবল। তিনি আমাকে ঘরে ডেকেছিলেন এবং বলেছিলেন যে একটা চলবার মতো অবস্থা করে দেবেন। আমাদের দূর্ভাগ্য স্যার, আজ পর্যন্ত ঐ রাস্তাটাকে নেগসিয়েবল বলা চলেনা। বহু যানবাহন চলাচল করে এনটায়ার উত্তরবঙ্গ এবং ইস্টার্ন ইন্ডিয়ার সঙ্গে লিঙ্ক। আমরা দেখতে পাচ্ছি ঐ রাস্তাটির দ্বারা যোগাযোগই করা যায় না। এখন বিধানসবার সেসন, সামান্য কিছু প্যাচ ওয়ার্ক হচ্ছে, কিন্তু দ্যাট উইল নট লাস্ট, দ্যাট উইল নট হেল্প নেগোসিয়েশন। আবার এন.এইচ.৩১ স্যার, ডালখোলা টু ইসলামপুর- আমার জেলার নতুন সাবডিভিসন ইসলামপুর সেখানে যাওয়াই যায় না। এর কিছু অংশ বিহারে এবং কিছু অংশ বাংলায় ওখানে যাওয়াই যায় না, এমন অবস্থা। নো ভিহিকল ক্যান পাস। আপনি সমন দিয়েছেন, বিধান সভায় আমি আসব কি করে? উই হ্যাভ নো প্যাসেজ। রেলওয়ে লাইন নেই, একমাত্র লিঙ্ক হচ্ছে এন.এইচ ৩৪। আসতে পারছি না। তাই আপনার মাধ্যমে পূর্তমন্ত্রী মহাশয় ছিলেন নিশ্চয় ঘরে আছেন উই প্রিজিউম তিনি শুনছেন—একটু এ বিষয়ে দৃষ্টি দেবেন। অসম্ভব দুর্বিসহ অবস্থা। রিপেয়ার হচ্ছে কিন্তু তাও আসা যাচ্ছে না। দুরুহ ব্যাপার। আমাদের রেলওয়ে লাইন নেই, একমাত্র লিঙ্ক ঐ

*এন.এইচ ৩১ দি সেগমেন্ট বিটুইন গাজোল অ্যান্ড মালদা। তিনি যেন একটু দৃষ্টি দেন। থ্যাংকিং ইউ।*

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই রাজ্যে হায়ার সেকেন্ডারী স্কুলে যে সমস্ত ছাত্র ছাত্রী এগ্রিকালচার বিষয় নিয়ে পাশ করে তারা অনেকে কলেজে ঢুকতে পারছে না। ডিগ্রি কোর্সে ভর্তির সুযোগ পাচ্ছে না। পিওর সায়েন্স নিয়ে যারা পাশ করেছে তারাই বি.এস.সি এগ্রিতে শতকরা ৮০ শতাংশ আসন দখল করে নিচ্ছে। এর ফলে প্রথমোক্তদের উচ্চ শিক্ষার পথ রুদ্ধ হয়ে যাচ্ছে। আমি আপনার মাধ্যমে কৃষিমন্ত্রী এবং উচ্চ শিক্ষা মন্ত্রীকে অনুরোধ করছি যে ২য় এগ্রিকালচারাল ভোকেশনাল কোর্সে হায়ার সেকেন্ডারী পাশ যারা করেছে, ভর্তির ক্ষেত্রে তাদের যেন অগ্রাধিকার দেওয়া হয়, অথবা নূতন ভাবে কৃষি কলেজ করে এদের যেন ভর্তির সুযোগ করে দেওয়া হয়।

[2-20—2-30 p.m.]

**শ্রী মনোহর টিরকী ঃ** স্যার, কালচিনি, হাসিমারা চা বাগান অঞ্চলে ভীষণ বসন্ত রোগ দেখা দিয়েছে। এ বিষয়ে ডিস্ট্রিক্ট লেবেলে যোগাযোগ করেও কিছু হয়নি। ওঁরা বলছেন কলকাতা থেকে কোনও ঔষুধপত্র আসছে না। আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে অবিলম্বে টীকার ব্যবস্থা করা হোক এবং ঔষধপত্র পাঠানোর ব্যবস্থা করা হোক।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** স্যার, আপনি যদিও বলেছেন মন্ত্রী মহাশয় একটা বিবৃতি দেবেন তবুও আমি বলছি যে এশিয়ান গেমস্'এ পশ্চিমবঙ্গের কৃতি খেলোয়াড়রা যে ভাবে ক্যাম্প ত্যাগ করেছেন এবং খবরের কাগজে যে ঘটনা প্রকাশিত হয়েছে, তা অত্যন্ত দুঃখজনক। বাংলার খেলোয়াড়রা শুধু ক্যাম্প ত্যাগ করেন নি, ক্ষুদিরাম সম্পর্কে অবমাননাকর কথা বলেছেন যে, উনি গ্যাস খেয়ে মরতে পারেন তার জন্য আমরা কি করতে পারি। এই কথা যদি সত্যি হয়, তবে এই সমস্ত খেলোয়াড়দের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করতে হবে। এঁরা দেশের প্রতিনিধিত্ব করবেন না, শুধু ক্লাবের হয়েই খেলতে চান। এঁরা পশ্চিমবাংলাকে সন্তোষ ট্রফিতে হারিয়েছেন অথচ বলছেন ভারতের প্রতিনিধিত্ব করবেন না। আমার দাবি হচ্ছে এই সমস্ত খেলোয়াড়দের রেজিস্ট্রেশন বাতিল করা হোক যাতে কোনও ট্রফিতে অংশগ্রহণ না করতে পারেন এবং লীগে যাতে প্রতিনিধিত্ব করতে না পারেন তার ব্যবস্থা রাজ্য সরকার গ্রহণ করুন।

**মিঃ স্পিকার ঃ** আপনি এটা রেফার করতে পারেন কিন্তু পশ্চিমবঙ্গ সরকারের কি করা উচিত সে বিষয়ে আপনার কি কিছু বলা উচিত।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** ক্ষুদিরাম সম্পর্কে বলেছেন যে উনি গ্যাস খেয়ে আত্মহত্যা করেছেন।

**মিঃ স্পিকার ঃ** খবরের কাগজে যা বের হয় তার সবটা সত্যি নয়।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের উল্লেখ করছি পশ্চিমদিনাজপুর জেলার আইন শৃংখলা বলতে কিছু নেই। সেখানে দিনের বেলা ৬।। টার সময় গ্রামের নিরীহ মানুষকে সমাজ বিরোধীরা মেরে ফেলছে, তাদের গলা কাটা হচ্ছে। ফেব্রুয়ারি মাসের ৩ তারিখে স্থানীয় একটা হাইস্কুলের ম্যানেজিং কমিটির নির্বাচনের ব্যাপার নিয়ে নমিনেশন পেপার দাখিল করার সময়ে মণিমোহন বিশ্বাস নামে একজন স্থানীয় ডাক্তার নমিনেশন পেপার সাবমিট করেন এবং তিনি উইদাউট কনটেস্টে জয়ী হন। তিনি যখন সন্ধ্যাবেলা বাড়ি ফিরেছেন তখন তাঁকে ডাক্তারী কাজে কল্ দিয়ে নিয়ে গিয়ে তাঁকে মারা হয় এবং তাঁকে গলা ও পেট কেটে দেওয়া হয়। কুশমুন্ডি এলাকায় বেড়ইল গ্রামে রাজেন্দ্র সরকারের বাড়িতে নবান্ন ছিল, সেখানে সন্ধ্যা বেলা গিয়ে দুষ্কৃতকারীরা তাঁর গলা কেটে দিয়ে এসেছে। ওরই পার্শ্ববর্তী মুরলী পুকুর গ্রামে বাপ-ছেলের গলা কেটে ফেলা হয়েছে। এই ভাবে নভেম্বর মাস থেকে দিনের পর দিন কুশমুন্ডী, ইটাহার থানার একের পর এক জায়গায় খুন চলছে। অর্থাৎ পশ্চিমদিনাজপুরে আইন-শৃংখলা একেবারে নেই এবং স্থানীয় প্রশাসন এ বিষয়ে একেবারে নীরব। মুখ্যমন্ত্রীর এ বিষয়ে দৃষ্টিপাত করার দাবি করছি।

**শ্রী সেখ ইমাজুদ্দিন ঃ** স্যার, মুর্শিদাবাদ জেলার রাইনগর থানার অন্তর্গত রজবাজার'এর খবর রোজই বের হচ্ছে। এ বিষয়ে আমি একটা কলিং অ্যাটেনশন দিয়েছিলাম বিবৃতি দেবার জন্য। দুজন সীমান্ত রক্ষী বাহিনী এবং ২ জন হোমগার্ড মারা গেছে, আগ্নেয়াস্ত্র ছিনতাই হয়েছে— এই ঘটনা সম্পর্কে সরকার একেবারে নীরব আছেন। গতকাল সি.পি.এম.এর সদস্য আতাউর রহমান সাহেব এ সম্পর্কে একটা অসত্য বিবৃতি দিয়েছেন। শ্রীমতী ছায়া ঘোষ সি.পি.এম. এর ভয়ে সত্য কথা বলতে পারেননি। আমি সত্যি কথা বলছি যে, রাইনগর থানার গ্রামপঞ্চায়েতের প্রধান সামসুদ্দিন সেখের নেতৃত্বে চারজনকে খুন করা হয়েছে এবং তিনি খুন করে বহরমপুরের সি.পি.এম.এর পার্টি অফিসে বসবাস করছেন। পুলিশ সমস্ত কিছু জানে, কিন্তু কিছুই করতে পারছে না।। এইজন্য যে, আরও খুন হতে পারে। এইরকম অরাজক অবস্থা সেখানে চলছে। সেইজন্য বলছি যে, মুখ্যমন্ত্রী মহাশয়ের এই ব্যাপারে একটা বিবৃতি দিলে ভাল হয়।

**শ্রী মহাদেব মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি জরুরি বিষয়ে মাননীয় পূর্তমন্ত্রী ও মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং আমি এই সম্পর্কে বলতে চাই যে পুরুলিয়া শহরে পুরুলিয়া হুড়া রাস্তার উপর দিয়া যে রেল লাইন পুরুলিয়া স্টেশন হইতে আদরা গিয়াছে তাহার উপর উড়াল পুল নির্মাণ পরিকল্পনা বহু বছর পূর্বে গ্রহণ করা হইয়াছে। কিন্তু তাহা আজও ঠান্ডা হয়ে পড়িয়া আছে। ঐ রাস্তার উপর রেল গুমটি থাকায় প্রায়ই রাস্তা বন্ধ থাকে। সেই কারণে শহরবাসীকে বিশেষ অসুবিধা ভোগ করিতে হয়। এই পরিকল্পনা অবিলম্বে কার্যকর করা আবশ্যক। পুরুলিয়াবাসীর বহুদিনের এই দাবির প্রতি বিগত কংগ্রেস সরকারগুলি বরাবর উপেক্ষা করে এসেছেন। রেল গেট প্রায়ই বন্ধ থাকায় কোনও গাড়ি যাতায়াত করতে পারে না। এমন কি মুমূর্ষু রুগীকে দেখার

জন্য ডাক্তার নিয়ে যেতে আধ ঘন্টার উপর দেরি হয়ে যায়। এই বিষয়টি রেল মন্ত্রক- রাজ্য সরকার যুক্ত ভাবে ৫০ পারসেন্ট খরচা দিতে চুক্তি বদ্ধ এবং বর্তমানে প্ল্যান, এস্টিমেট তৈরি হয়ে সম্ভবত রোডস সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ার মহাশয় এর ঠান্ডা ঘরে তা পড়ে আছে। যাতে ঐ ফাইলটি জমি অধিগ্রহণের জন্য যায় এবং জমি অধিগ্রহণ তরান্বিত হয় সেইজন্য আমি উভয় বিভাগের মন্ত্রী মহোদয়গণের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী নানুরাম রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বেলঘরিয়া স্টেশনে যাত্রী ভাড়া বৃদ্ধি এবং ট্রেন লেটের ব্যাপার নিয়ে যে গোলমাল হয়েছে তাতে অনেক কিছু ভাঙচুর হয়েছে- চেয়ার টেবিল ইত্যাদি। মুখ্যমন্ত্রীকে আগামী কাল এ বিষয়ে একটি বিবৃতি দিতে অনুরোধ করছি।

[2-30—2-40 p.m.]

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যেটা উল্লেখ করতে চাই সেটা অনেক আগেই আলোচিত হয়েছে, সেজন্য অল্প কথায় বলে দিচ্ছি। এই ফুট বলের ব্যাপারে যে অপমানজনক লজ্জাজনক ব্যবহার করেছে সেজন্য আমরা সকলেই অনুতপ্ত। অবিলম্বে আমরা এর প্রতিকার দাবি করছি এবং ক্লাবগুলির বিরুদ্ধে, খেলোয়াড়দের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেবার দাবি করছি। আমার মনে হয় আমাদের বিধানসভায় একটা কনসেনসাস ওপিনিয়ান নেওয়া উচিত।

**শ্রী বলাই বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন গত ৯/১০ই ফেব্রুয়ারি হুগলি, বর্ধমান জেলার আলু চাষ অধ্যুষিত এলাকায় শিলা বৃষ্টিতে ব্যাপকভাবে আলুর ক্ষতি হয়েছে, অর্ধেক অংশ নষ্ট হয়ে গেছে, আলু এখনই তোলার প্রয়োজন হয়ে পড়েছে। অপরদিকে মহাজন, কোল্ড স্টোরেজের মালিকরা আলুর দাম ফেলে দিচ্ছে। সরকার থেকে আলু কেনার কোনও ব্যবস্থা নেই। কোল্ড স্টোরেজের মালিকরা এবং মহাজনরা আলু চাষিদের মেরে কোল্ড স্টোরেজ জাত করার চেষ্টা করছে যাতে আগামী বছরে ৩/৪ টাকা কে.জি. আলু কিনতে লোককে বাধ্য করা যায়। সেজন্য অবিলম্বে সরকার থেকে পঞ্চায়েতকে দিয়ে হোক বা যেভাবে হোক বাজার দরে আলু কেনার ব্যবস্থা করুন, তা না হলে চাষিরা মার খাবে এবং ক্রেতাসাধারণও মার খাবে। সেজন্য বিষয়টা গুরুত্ব সহকারে বিবেচনা করতে সরকারকে অনুরোধ করছি।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জানাতে চাই গত ১৭/২/৮১ তারিখে গরিফা রেলওয়ে স্টেশনের কাছে কতকগুলি দুর্বৃত্ত লোহার বিম সরাচ্ছিল, সেখানে রেলওয়ে পুলিশ দাঁড়িয়েছিল। সাধারণ মানুষ এই ব্যাপারে পুলিশের দৃষ্টি আকর্ষণ করার পরও পুলিশ কিছু করেনি। পরে সেই দুর্বৃত্তরা লোকেদের উপর পাথর ছুঁড়তে থাকায় যাত্রীরা তখন ক্লাস ফোর স্টাফের ঘরের ভেতর আশ্রয় নেয়। তখন সেই দুর্বৃত্তরা সেই ক্লাস ফোর স্টাফের ঘর ভেঙ্গে বিম বের করে নিয়ে যায়। রেলওয়ে পুলিশ সেখানে নিরপেক্ষ থাকে। এইভাবে দুর্বৃত্তরা রেল লাইনে গোলমাল সৃষ্টি করছে পুলিশের

যোগসাজসে। সেজন্য আমি আপনার মাধ্যমে জানাতে চাই রেলওয়ে কর্তৃপক্ষ পুলিশ যাতে ঠিক ঠিক কাজ করে, সাধারণ মানুষের সম্পত্তি জীবন যাতে রক্ষা করে তার ব্যবস্থা যেন নেন।

**শ্রী যামিনীভূষণ সাহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ৮ই জানুয়ারি তারিখে রাত্রিতে এশিয়ার অন্যতম একটা বৃহৎ কারখানা বেঙ্গল অ্যানামেল ফ্যাক্টরীর মালিক কারখানাটি ক্লোজার করে দেয়। শ্রমিকরা কোনও ধর্মঘট করেনি, ঘেরাও করেনি, কিছুই নেই, রাত্রি ২টার সময় হঠাৎ নোটিশ টাঙিয়ে দেয় যে কারখানা বন্ধ করে দেওয়া হল। এর ফলে ২ হাজার শ্রমিক কর্মচারী এবং তাদের পরিবারবর্গ বেকার অবস্থায় রয়েছে। গত ১/২ মাস যাবত বেতন তারা দেয়নি। আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করছি কারখানাটি অবিলম্বে যে কোনও ভাবে খোলার ব্যবস্থা করার জন্য।

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সংবাদপত্রে আপনি দেখেছেন হাইকোর্টে জাজ নিয়োগের ব্যাপারে বিভ্রান্তি সৃষ্টি হয়েছে। এতে পশ্চিমবঙ্গে সাধারণভাবে বিচার ব্যবস্থার সুনাম নষ্ট হচ্ছে। আমি অবিলম্বে এই সম্পর্কে অনুসন্ধান করে একটা তথ্য এই হাউসে দেবার জন্য আইনমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি। কারণ, এই সম্পর্কে যদি প্রতিবাদ না হয় তাহলে আমি মনে করি পশ্চিমবঙ্গের পক্ষে এটা অপমানজনক ব্যাপার। সেজন্য এর প্রতিবাদ হওয়া উচিত।

**মিঃ স্পিকার ঃ** আমি আপনাকে সংবাদ দিচ্ছি জুডিসিয়াল মিনিস্টার এখানে এসে আমার কাছে টাইম চেয়েছেন। As soon as he is ready he will make a statement either tomorrow or Monday next.

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বামফ্রন্টের সভায় এবং তাদের শরিক যারা আছে তাদের দলীয় সভায় গভর্নমেন্টের গাড়ি ব্যবহার করা হচ্ছে। ১৫ই ফেব্রুয়ারি শহীদ মিনারের সভায় ডব্লু.এম.ডি. ৪৮০৫, ডব্লু.এম.বি. ৪৪৯, ডব্লু.এম.সি., ডব্লু.এম.ই. ইত্যাদি সরকারি গাড়ি এই কাজে ব্যবহার করা হয়েছে। গত ৬ই এপ্রিল তারিখে আর.এস.পি-র সমাবেশে সরকারি গাড়ি এবং লরি ব্যবহার করা হয়েছে। ওই লরিগুলির নম্বর হচ্ছে, ডব্লু.এ.কে. ৬৮, ডব্লু.আর.এন. ৬৩৩, ডব্লু.বি.কিউ. ১০৮৮। ২৩শে নভেম্বর ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে ফরওয়ার্ড ব্লকের দলীয় সভায় সরকারের গাড়ি ব্যবহার করা হয়েছে। ওই গাড়িগুলির নম্বর হচ্ছে যথাক্রমে, ডব্লু.এম.সি. ৬৬, ডব্লু.এম.সি.৬৯২৩, ডব্লু.এম.ডি.৭৬৫, ডব্লু.এম.ই.২১১৩। আপনাদের দলীয় সভায় এই যে সরকারের গাড়ি ব্যবহার করা হচ্ছে এতে সরকারি পয়সার অপব্যবহার হচ্ছে। আমি স্পিকার মহাশয়ের মাধ্যমে এই জিনিসগুলি সরকারের দৃষ্টিতে আনছি।

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাকে বলার সুযোগ দিয়েছেন বলে আমি আপনাকে ধন্যবাদ দিচ্ছি। আমি আমার জেলার একটা বিশেষ ঘটনা এখানে উল্লেখ করতে চাই। গত সরস্বতী পূজার দিন বাঁকুড়া জেলার বিভিন্ন ব্লকে বিশেষকরে ওঁদা ব্লকে

প্রচুর শিলাবৃষ্টি হয় এবং তার ফলে ওঁদা সহ অন্যান্য ব্লকে প্রচুর পরিমাণে ক্ষতি হয়েছে। ওখানে বিভিন্ন রকম শস্য এবং রবিশস্য যা ছিল সেগুলি নষ্ট হয়ে গেছে এবং তার ফলে সেখানকার গরিব মানুষ এবং সাধারণ মানুষ অশেষ দুর্গতির মধ্যে পড়েছে। আমি ত্রাণমন্ত্রীর কাছে অনুরোধ রাখছি তিনি যেন এই সমস্ত দুর্গত মানুষদের জন্য কৃষি ঋণ এবং অন্যান্য সাহায্য দেবার ব্যবস্থা করেন।

## AMENDMENT TO GOVERNOR'S ADDRESS

1. **শ্রী শিবনাথ দাস ঃ** Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় এই যে—

বর্তমান সরকারের সমর্থক একটি শ্রমিক সংস্থার বে-পরোয়া বে-আইনি জুলুমবাজির ফলে হলদিয়া প্রভৃতি শিল্পকেন্দ্রে শিল্পগুলি বিপর্যস্ত হচ্ছে, বিশেষ করে হলদিয়া পোর্টে জাহাজ মাল খালাস করতে না পেরে ফিরে যাচ্ছে, তার প্রতিকারের কোনও প্রতিশ্রুতি রাজ্যপালের ভাষণে নেই ;

2. বর্তমান সরকারের একটি শরিক দল হাইকোর্টের নির্দেশকে অমান্য করছে তা প্রতিরোধের জন্য কোনও বক্তব্য রাজ্যপালের ভাষণে নেই ;

3. গ্রামাঞ্চলে ক্ষুদ্র ও কুটির শিল্প স্থাপনের জন্য টাকা দেওয়া হলেও প্রকৃতপক্ষে সেই শিল্প স্থাপিত হয় নাই, সে সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই ; এবং

4. হলদিয়ায় পেট্রোকেমিকালস্ স্থাপনের ব্যাপারে রাজ্যপালের ভাষণে কোনও প্রতিশ্রুতি নেই।"

5. **শ্রী কৃষ্ণদাস রায় ঃ** Sir, I beg to move that উক্ত ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় এই যে—

পশ্চিমবঙ্গে যে আইন-শৃঙ্খলার অভাব দেখা দিয়াছে এবং খুনী আসামীদের কোনও রকম বিচার হচ্ছে না সে সম্বন্ধে কোনও প্রতিকারের আশ্বাস রাজ্যপালের ভাষণে নাই ; এবং

6. বর্তমানে বর্তমান সরকারের একটি শরিকদল প্রভাবান্বিত গ্রাম পঞ্চায়েতে যেভাবে পক্ষপাতিত্ব ও দুর্নীতি চলছে তাহা রোধ করার কোনও পরিকল্পনার কথা রাজ্যপালের ভাষণে নেই।"

7. **মোঃ সোহরাব ঃ** Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় এই যে—

পশ্চিমবঙ্গ সরকার প্রাথমিক স্তরে ইংরাজি পঠন-পাঠন বন্ধ করায় শিক্ষাক্ষেত্রে যে নৈরাজ্য সৃষ্টি হইয়াছে সে সম্বন্ধে রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই ;

8. পশ্চিমবঙ্গে আইন শৃঙ্খলার অবনতি হওয়া সত্ত্বেও এর উন্নতি করার কোনও পরিকল্পনার কথা রাজ্যপালের ভাষণে নেই ;

9. বর্তমান সরকারের সমর্থক রাজ্য সরকারি কর্মচারিদের একটি সংস্থার সদস্যরা যেভাবে বর্তমান সরকারের একটি শরিকদলের দলীয় কর্মী হিসাবে কাজ করছেন তা বন্ধ করার কোনও পরিকল্পনার উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

10. সরকারি কর্মচারিদের 'পে কমিশন'-এর রিপোর্ট কার্যকর করা সম্বন্ধে কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ; এবং

11. বর্তমান সরকার ক্ষমতায় আসার পর বিভিন্ন বিশ্ববিদ্যালয়, মধ্যশিক্ষা পর্ষদ, উচ্চতর শিক্ষা সংসদ বাতিল করলেও অদ্যবধি ঐ সমস্ত শিক্ষাপ্রতিষ্ঠানে নির্বাচন করার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই।"

12. **শ্রী অতীশচন্দ্র সিন্‌হা :** Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় এই যে,

আইন-শৃঙ্খলার চরম অবনতি, বর্তমান সরকারের একটি শরিক দলভুক্ত খুনের আসামীদের প্রতি পুলিশের নরম মনোভাব এবং প্রকাশ্যে ঘুরে বেড়ানো সত্ত্বেও তাহাদের গ্রেপ্তার করার প্রয়াসের অভাব—গ্রামবাংলার এই সাধারণ চিত্রের কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

13. গ্রাম পঞ্চায়েতে বামফ্রন্টের শরিক দলভুক্ত সদস্যদের বেপরোয়া চুরি ও স্বজন পোষণ এবং এই ব্যাপক অর্থ অপচয়ের ঘটনার কথার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ; এবং

14. ভুয়া বর্গাদারের বিরুদ্ধে মহামান্য হাইকোর্টের রায় থাকা সত্ত্বেও সরকারি প্রশাসনের সাহায্যে বর্তমান সরকারের একটি শরিকদলের কর্মীরা উক্ত রায়কে মানছেন না—সে সম্বন্ধে কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই।"

15. **ডাঃ মোতাহার হোসেন :** Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় এই যে,

তিন বৎসরের কমিউনিটি মেডিক্যাল স্কীম চালু করে গ্রামবাংলার মানুষকে নিম্নমানের চিকিৎসা দেবার যে পরিকল্পনা সরকার গ্রহণ করেছেন তাহা বন্ধ করার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ; এবং

16. গ্রামবাংলায় বর্তমান সরকারের একটি শরিকদলের ক্যাডারদের গুন্ডাবাজি ও দুর্নীতি বন্ধ করা সম্বন্ধে কোনও বক্তব্যের উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই।"

17. **শ্রী সুনীতি চট্টরাজ :** Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় এই যে,

বিভিন্ন শিল্পে বামফ্রন্ট সরকারের শ্রমিক বিরোধী নীতির বিরুদ্ধে কোনও বক্তব্যের উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ,

18. পশ্চিমবঙ্গে বিদ্যুৎ চলনা ব্যবস্থার অচলাবস্থা দূরীকরণের ব্যাপারে কোনও বক্তব্যের উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ; এবং

19. বর্তমানে পশ্চিমবঙ্গে নিম্নমধ্যবিত্ত ও মধ্যবিত্ত চাষিরা তাদের চাষের ফসল ঘরে তুলতে পারছে না এ সম্পর্কে এবং তার প্রতিকারের ব্যাপারে কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই।

20. **শ্রী কাজি হাফিজুর রহমান :** Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক-

"কিন্তু দুঃখের বিষয় এই যে,

বর্তমানে পশ্চিমবঙ্গে সত্যিকারের ভাগচাষিদের বর্গা রেকর্ড না করিয়া বর্তমান সরকারের একটি শরিকদল সমর্থিত ব্যক্তিদের নামে বর্গা রেকর্ড করা হচ্ছে এ সম্পর্কে এবং তার প্রতিকারের সম্বন্ধে কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই"।

21. **শ্রী নবকুমার রায় :** Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় এই যে,

বর্তমানে পশ্চিমবঙ্গে সরকারের একটি শরিকদলের কর্মীরা যেভাবে একটি বিরোধী দলের কর্মীদের বাড়ি চড়াও হয়ে নির্যাতন করিতেছে তার প্রতিকারের কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

22. বর্তমানে পশ্চিমবঙ্গে যে হারে বিদ্যুৎ উৎপাদনে ঘাটতি হচ্ছে তার প্রতিকারের কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

**23.** বর্তমানে পশ্চিমবঙ্গে যে হারে চুরি ডাকাতির ঘটনা ঘটছে তার প্রতিকারের কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

**24.** বর্তমানে পশ্চিমবঙ্গে যে হারে রাজনৈতিক খুন বেড়েছে তা প্রতিরোধ করার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ; এবং

**25.** বর্তমানে পশ্চিমবঙ্গে গ্রাম পঞ্চায়েতের প্রধানরা যেভাবে সরকারি অর্থ অপচয় করছে তাঁর সমাধানের কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই"।

**26.** **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় এই যে—

কেন্দ্রীয় সরকারের সাথে হাতমিলিয়ে রাজ্যসরকার তার জনবিরোধী ভাষা ও শিক্ষানীতি আরোপ ক'রে দেশের জ্ঞান-বিজ্ঞান, সভ্যতা ও মনুষ্যত্বকে যে ধ্বংস করে দিতে চাইছে তার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ; এবং

**27.** বাস ও ট্রামের ভাড়া বৃদ্ধি করে রাজ্যসরকার যে অর্থনৈতিক শোষণে জর্জরিত সাধারণ মানুষের স্বার্থ অপেক্ষা মালিক শ্রেণীর স্বার্থটিকেই বড় ক'রে দেখেছেন সেকথার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই।"

**28.** **শ্রী প্রবোধ পুরকাইত ঃ** Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় এই যে—

কংগ্রেস সরকারের অনুরূপ বর্তমান বামফ্রন্ট সরকারের আমলেও গরিব চাষী, ক্ষেতমজুর ও ভূমিহীনদের উপর জোতদার ও পুলিশ প্রশাসনের আক্রমণ ও অত্যাচারের কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

**29.** ফসলের সংগ্রহমূল্য বৃদ্ধি ক'রে চাষির ফসলের ন্যায্য দাম বেঁধে দেওয়া এবং মূল্যবৃদ্ধির অনুপাতে ক্ষেতমজুরদের ন্যূনতম মজুরি বৃদ্ধি করতে সরকারের ব্যর্থতার কথা রাজ্যপালের ভাষণে নাই ;

**30.** শ্রমিক ছাঁটাই প্রতিরোধে রাজ্যসরকারের ব্যর্থতার কথা রাজ্যপালের ভাষণে নাই ;

**31.** গ্রামাঞ্চলের হাসপাতালগুলিতে ডাক্তার এবং ওষুধের অভাবে চিকিৎসা প্রায় বন্ধ হতে চলেছে তার উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই।"

**32.** **শ্রী রেণুপদ হালদার ঃ** Sir, I beg to move that উক্ত ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় এই যে-

শিক্ষার স্বাধীকার হরণে রাজ্যসরকার যে নজিরহীন ইতিহাস সৃষ্টি করেছেন তার উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

33. পৌর নির্বাচন অনুষ্ঠানে রাজ্যসরকারের ব্যর্থতার উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

34. বামফ্রন্ট সরকারের আমলে পঞ্চায়েতে চরম দুর্নীতি ও পক্ষপাতিত্বের কথা রাজ্যপালের ভাষণে নাই ;

35. পানীয় জল সরবরাহে সরকারি ব্যর্থতার উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ; এবং

36. গ্রামীণ হাসপাতালগুলিতে ঔষধাদি সরবরাহে ব্যর্থতার বিষয়ে কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই"।

37. **শ্রী বিজয় বাউরী ঃ** Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় এই যে-

কালোবাজারি ও মজুতদারদের শাস্তি বিধানে রাজ্যসরকারের ব্যর্থতার উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

38. মূল্যবৃদ্ধি প্রতিরোধের উদ্দেশ্যে খাদ্যশস্য ও নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের সামগ্রিক রাষ্ট্রীয় বাণিজ্য প্রবর্তনে সরকারের ব্যর্থতার কথা রাজ্যপালের ভাষণে নাই ; এবং

39. বিদ্যুৎ সংকট নিরসনে রাজ্যসরকারের চরম ব্যর্থতার বিষয়ে কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই"।

40. **Shri Janmejoy Ojha :** Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.—

"But regret that—

it does not refer to the acute distress of the farmers, mostly marginal and small, on account of failure to secure remunerative price of their produce, unprecedented turmoil in the field of industry and agriculture brought about by shortage of power, danger of life in Calcutta and suburbs caused by combined armed attacks by supporters of a constituent party of the present Government on opponents in rural areas and pitched battles between groups of anti social elements and gangsters, and further aggravation of the situation caused by transport disruption, inaction and indiscipline among personnels."

41. **শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় এই যে—

নিত্য ব্যবহার্য দ্রব্যের অস্বাভাবিক মূল্যবৃদ্ধি এবং অনিয়মিত সরবরাহের ফলে গ্রাম-বাংলায় যে অসহনীয় অবস্থার সৃষ্টি হইয়াছে এবং প্রকৃতপক্ষে গ্রামবাংলার আর্থিক কাঠামো ভাঙ্গিয়া পড়ার উপক্রম হইয়াছে তাহার যথোচিত উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই;

42. খাদ্যশস্য সাহায্যে 'খাদ্যের বদলে কাজ' পরিকল্পনাগুলি কার্যকর করিতে না পারায় বহু ভূমিহীন কৃষক অনাহারে, অর্ধাহারে বৎসরের অধিকাংশ সময় কাটাইতে বাধ্য হইয়াছেন এবং যখন কাজ চালু ছিল তখনও পঞ্চায়েতের শাসক শ্রেণীর সদস্যগণের পক্ষপাতিত্বের ফলে ভূমিহীন কৃষি শ্রমিকদের অধিকাংশ কাজ পায় নাই,-এ বিষয়ে কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

43. খাদ্যাভাবে বর্তমান আর্থিক বৎসরে অন্তত কয়েক শত ব্যক্তি প্রাণ হারাইয়াছেন,-এ বিষয়ে কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

44. বেকারদের এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জসমূহে রেজিস্ট্রেশনের সংখ্যা বৃদ্ধি এবং অপরদিকে চাকুরি দিতে না পারায় যে অসহনীয় অবস্থার সৃষ্টি হইয়াছে এবং যুব সমাজে যে হতাশা দেখা দিয়াছে,—তাহার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

45. মালদহ জেলায় বামনগোলা এবং হবিবপুর থানায় তথাকথিত নকশালপন্থীদের আক্রমণে ক্রমাগত যে হত্যাকান্ড সংঘটিত হইতেছে এবং সরকার জনগণের ধনসম্পত্তি এবং প্রাণ রক্ষা করিতে এবং জনমনে আস্থা এবং সাহস সঞ্চার করিতে ব্যর্থ হইয়াছেন—তাহার কিছুমাত্র উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

46. মুখ্যমন্ত্রীর ব্যক্তিগত প্রচেষ্টা থাকিলেও থানাগুলিতে শাসকদলের স্থানীয় নেতৃবৃন্দের সম্মতি ব্যতীত অধিকাংশ ক্ষেত্রে ডায়রি পর্যন্ত করা সম্ভব হয় না,—এ বিষয়ে কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

47. রাজ্যে ট্রেন ও বাসে ডাকাতির সংখ্যা বৃদ্ধি হেতু ট্রেন-বাসে যাতায়াত বিপজ্জনক হইয়া পড়িয়াছে,—রাজ্যপালের ভাষণে ইহার কোনও উল্লেখ নাই ;

48. রাজ্যে ব্যাঙ্ক ডাকাতির সংখ্যা কি কারণে বৃদ্ধি পাইয়াছে তাহার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

49. রাজ্যে মিনিকীট বিলির ব্যাপারে নানা প্রকার দুর্নীতির উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

**50.** সরকার প্রত্যক্ষভাবে অথবা মাইনর ইরিগেশন কর্পোরেশনকে দিয়া একটিও নূতন 'ডীপ টিউবওয়েল' বসাতে না পারার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

**51.** সাম্প্রতিক অসময়ের বৃষ্টির ফলে আলুচাষিদের যে ভীষণ সঙ্কটের মধ্যে পড়িতে হইয়াছে এবং আলুচাষিদের এই বিপদে সরকার কিভাবে তাঁহাদের সাহায্য করিতে চান সে বিষয়ে কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

**52.** কৃষি বিভাগেব 'উত্তরবঙ্গ উন্নয়ন প্রকল্প' হইতে উত্তরবঙ্গের মালদহ ও পশ্চিম দিনাজপুর জেলাকে বাদ দেওয়ার কারণ সম্পর্কে কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

**53.** কৃষিপণ্যের মূল্যসূচি প্রয়োজনভিত্তিক চাষের ব্যয়ের সহিত সঙ্গতিপূর্ণভাবে বৃদ্ধি না করার কারণ সম্পর্কে কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

**54.** ডিজেল ও বিদ্যুৎ সরবরাহের অব্যবস্থার ফলে বিশেষভাবে উত্তরবঙ্গে গত মরসুমে চাষিগণ যে ভীষণ বিপদের মধ্যে পড়িয়া ক্ষতিগ্রস্ত হইয়াছেন সে বিষয়ে সামান্যতম উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ,

**55.** সরকারি নীতির ফলে সমবায় ব্যাঙ্কসমূহের বক্রি টাকা আদায়ে বিঘ্ন এবং তাহার ফলে চাষের জন্য দাদন বন্ধ থাকায় এবং সমবায় সমিতির পুরাতন-নূতন সকল সদস্য ঋণ না পাওয়ায় গ্রামের কৃষি অর্থনীতি যে বিপর্যয়ের মুখে আসিয়া দাঁড়াইয়াছে এবং এই সমস্যা সরকার কিভাবে মোকাবিলা করিতে চান সে বিষয়ে কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

**56.** প্রান্তিক চাষি, ভাগচাষি ও ভূমিহীন কৃষকদের সামাজিক নিরাপত্তা ব্যবস্থা হিসাবে বার্ধক্য পেনশনের জন্য এক কোটি টাকা বরাদ্দের কথা উল্লেখ করা হইলেও কত চাষি এই বৎসর এই সুযোগ লাভ করিতে সমর্থ হইয়াছেন এবং বার্ধক্য পেনশন বন্টনের জন্য যে দলীয় কমিটি নিয়োগ করা হইয়াছে এবং কেবল স্বদলীয় লোকদের এই পেনশন দেওয়ার যে গোপন চক্রান্ত করা হইয়াছে তাহার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

**57.** আলোচ্য বৎসরে পাটের মরসুমে গরিব চাষিগণ পাট বিক্রি করিতে না পারিয়া যে ক্ষতিগ্রস্ত হইয়াছেন এবং সরকার তাঁহাদের কোনপ্রকার সাহায্য করিতে পারেন নাইও— এই কথা স্বীকার করা তো হয় নাই বরং রাজ্য বিপণন ফেডারেশনকে দেড় কোটি টাকা দেওয়া হইয়াছে বলিয়া উল্লেখ করা হইয়াছে। কিন্তু ইহা দ্বারা বিপণন ফেডারেশন উৎপন্ন পাটের কত শতাংশ খরিদ করিতে সমর্থ হইয়াছেন তাহার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

**58.** জুট কর্পোরেশন অব ইন্ডিয়ার প্রতিটি কাজে পঞ্চায়েতকে খবরদারি করার অধিকার প্রদান করার ফলে যে দুর্নীতি চক্রের সৃষ্টি হইয়াছিল এবং জুট কর্পোরেশন অব

ইন্ডিয়া যে সহজভাবে তাহাদের কাজ-কারবার চালাইতে পারে নাই-সে বিষয়ে সামান্যতম উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

**59.** ভূমিসংস্কারের নামে 'অপারেশন বর্গা' নামক ব্যবস্থায় যেভাবে আসল বর্গাদারকে উচ্ছেদ করিয়া দলীয় লোকদের বর্গাদার নিযুক্ত করা হইয়াছে এই ধরনের কয়েক হাজার অভিযোগ সরকার পাইয়াছেন এবং যথারীতি জোতদারের ষড়যন্ত্র ঘোষণা করিয়া বিচারব্যবস্থার প্রতি সামান্যতম শ্রদ্ধা প্রদর্শন করা হয় নাই এবং অধিকাংশ ক্ষেত্রে গরিব বর্গাদার অর্থাভাবে উচ্চতর আদালতের আশ্রয় গ্রহণ করিতে না পারায় বংশপরম্পরায় চাষ করা বর্গা জমি হইতে উচ্ছেদ হইয়াছেন- এই সকল বিষয়ের কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

**60.** ভাগচাষের মামলাগুলি সত্বর ফয়সালা করার কোনও ব্যবস্থা করিতে সরকার ব্যর্থ হওয়ায় বর্গাদাররা যে হয়রানি হইতেছেন, তাহার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

**61.** গ্রামাঞ্চলে বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা সম্পূর্ণরূপে অনিশ্চিত এবং ভাঙ্গিয়া পড়িয়াছে এবং বিদ্যুৎবিভাগের কর্মীগণকে সক্রিয় ও কর্তব্যপরায়ণ এবং দায়িত্বশীল করিতে সরকার সম্পূর্ণ ব্যর্থ হইয়াছেন,—এই সকল বিষয়ের সামান্যতম উল্লেখও রাজ্যপালের ভাষণে নাই ,

**62.** পেট্রোলিয়ামজাত দ্রব্যের মূল্যবৃদ্ধির ফলে ট্রামের ভাড়াবৃদ্ধির যুক্তিকে প্রতিষ্ঠিত করার মতো কোনও সংখ্যাতত্ত্ব রাজ্যপালের ভাষণে উপস্থাপিত করা হয় নাই ;

**63.** 'এখনও এই রাজ্যে ট্রাম ও বাস ভাড়া ভারতে সর্বনিম্ন' এই বক্তব্য সমর্থন করার মতো কোনও পরিসংখ্যান রাজ্যপালের ভাষণে দেওয়া হয় নাই

**64.** পঞ্চায়েত সমিতি ও সমবায় সমিতিগুলির মাধ্যমে মূল্য পরিপোষক পরিকল্প অনুসারে ধান সংগ্রহ ব্যবস্থা সম্পূর্ণ ব্যর্থ হইয়াছে এবং তাহার ফলে এই সংস্থাগুলি ভীষণভাবে আর্থিক ক্ষতির সম্মুখীন হইয়াছেন, এই সকল বিষয়ে কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

**65.** গ্রামাঞ্চলে অধিকাংশ টিউবওয়েলগুলি অকেজো হইয়া পড়িয়াছে—অধিকাংশ ক্ষেত্রে পঞ্চায়েত বা সরকার তাহা মেরামতে ব্যর্থ হইয়াছেন। অনেক ক্ষেত্রে পঞ্চায়েত প্রধান পুরাতন টিউবওয়েলকে তুলিয়া ঐ পুরাতন পাইপগুলি দিয়া কয়েকটি লোক দেখানো টিউবওয়েল বসাইয়াছেন, এই দুর্নীতি প্রতিরোধে সরকারি ব্যর্থতার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

**66.** পানীয় জল সরবরাহ সরকারের নৈতিক দায়িত্ব-গ্রামবাসীর ন্যূনতম দাবি এবং স্বীকৃত সাংবিধানিক অধিকার। কিন্তু সরকার এই দায়িত্ব পঞ্চায়েতের উপর চাপাইয়াছেন,

অথচ প্রয়োজনীয় অর্থ সরবরাহে অক্ষমতা দেখাইয়াছেন,-এই ঘটনার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

**67.** পানীয় জলের ব্যাপারেও গ্রামাঞ্চলে যে দুর্নীতি চলিতেছে তাহার সামান্যতম উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

**68.** আলোচ্য বর্ষে অধিকাংশ প্রাইমারী স্বাস্থ্যকেন্দ্র বা সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্র যেখানেই ডাক্তারের পদ শূন্য হইয়াছে বা পূর্ব হইতে শূন্য ছিল সেখানে কোনও ডাক্তার নিয়োগ করা সম্ভব হয় নাই—এই কথাটিও রাজ্যপালের ভাষণে উল্লেখ করা হয় নাই ;

**69.** যক্ষ্মারোগীদের গ্রামাঞ্চলে চিকিৎসার ব্যবস্থা সম্প্রসারণের কোনও নূতন ব্যবস্থার অভাবের কথা রাজ্যপালের ভাষণে নাই ;

**70.** মালদহ জেলায় রাজা শরৎচন্দ্র রেড ক্রশ টিবি হাসপাতালটি বহুদিন পূর্বে গ্রহণ করা হইয়াছে অথচ অদ্যাপি সেই হাসপাতালের গৃহটি পি.ডব্লিউ.ডি-র অধীনে যায় নাই, ফলে জল সরবরাহ ব্যবস্থা সহ সকল বিষয়ে হাসপাতাল বিল্ডিংটি ব্যবহারের অনুপযুক্ত হইয়া পড়িয়াছে—এই ঘটনার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

**71.** রাজা শরৎচন্দ্র রেড ক্রশ টিবি হাসপাতালের দায়িত্ব সরকার গ্রহণ করিলেও আজও দশ বৎসর পূর্বে অবসরপ্রাপ্ত জনৈক রেডিওলজিস্ট ঐ হাসপাতালের কার্য পরিচালনা করিতেছেন এবং ঐ হাসপাতালের জন্য কোনও পৃথক মেডিক্যাল অফিসার নাই—এ কথার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

**72.** সরকারি অধিগ্রহণের পর যক্ষ্মারোগীদের জন্য মালদহ জেলার কোনও হাসপাতালে শয্যাসংখ্যা বৃদ্ধি না করার এবং সমগ্র পশ্চিমবঙ্গে যক্ষ্মারোগ বৃদ্ধি প্রতিরোধের বা চিকিৎসার ব্যবস্থায় সরকারি ব্যর্থতার কারণ সম্পর্কে কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

**73.** পশ্চিমবাংলার শিক্ষাজগতে যে বিশৃঙ্খলা গত এক বৎসরে দেখা গিয়াছে তাহার কারণ এবং এ ব্যাপারে সরকার কি করিয়াছেন বা কি করিতে চান তাহার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

**74.** প্রাথমিক স্তরের নূতন শিক্ষাব্যবস্থায় ইংরেজী অপসারণ সম্বন্ধে বিশিষ্ট শিক্ষাবিদগণ যে রাজনীতিবর্জিত আন্দোলন আরম্ভ করিয়াছেন সে সম্বন্ধে সরকারের মনোভাবের কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ; এবং

**75.** ৩৪ নং ন্যাশনাল হাইওয়ের মতো প্রয়োজনীয় রাস্তা দিনের পর দিন মেরামতের অভাবে বন্ধ হইয়া থাকিয়াছে। হাজার হাজার লরি-চালক, বাস-চালক যাত্রী সাধারণ হয়রান হইয়াছেন। সরকার নূতন রাস্তা তৈয়ারি, পুরাতন রাস্তা মেরামত, রাস্তার উপর জবরদখল বন্ধের ব্যাপারে সম্পূর্ণ ব্যর্থ হইয়াছেন। কিভাবে সরকার এই সমস্যাগুলির

মোকাবিলা করিতে চান সে বিষয়ে কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই"।

76. **ডাঃ জয়নাল আবেদিন ঃ** Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় এই যে—

এই রাজ্যে শিক্ষিত, অল্প শিক্ষিত এবং অশিক্ষিত বেকারের সংখ্যা সর্বাধিক। বর্তমান সরকারের ক্ষমতা লাভের পূর্বে বেকারদের বিশেষ করিয়া দুর্বল শ্রেণীর কর্মপ্রার্থীদের কিছু কিছু কর্মসংস্থানের ব্যবস্থা থাকিলেও বর্তমানে কর্মপ্রার্থীদের পক্ষে দল বিশেষের সমর্থক কিংবা সহযোগী না হইলে কাজের সংস্থান প্রায় অসম্ভব। এই অবস্থায় পুলিশ এবং মিলিটারী চাকুরি ছাড়া চাকুরি প্রাপ্তির বয়ঃসীমা শিথিল করা যেমন প্রয়োজন অন্য দিকে সমস্ত রাজ্য জুড়িয়া ব্যাপক উৎপাদনমুখী কর্মসংস্থান সৃষ্টির প্রয়োজন এবং নিয়োগব্যবস্থা নিরপেক্ষ হওয়া দরকার। কিন্তু মাননীয় রাজ্যপালের ভাষণে এই বিষয়ে কোনও উল্লেখ নাই ;

77. এই রাজ্যের বিদ্যুৎ ব্যবস্থা এমনই শোচনীয় পর্যায়ে পৌঁছিয়াছে যে সমগ্র পশ্চিমবঙ্গ এখন অন্ধকার বাংলায় পরিণত হইয়াছে। এর ফলে একদিকে যেমন শিল্পের সম্প্রসারণ আশানুরূপ হয় নাই অন্যদিকে বিদ্যুৎচালিত সেচ প্রকল্পগুলিও ফলপ্রসূ হয় নাই। বহু জায়গায় বোরো ও রবি চাষ বন্ধ। সুতরাং কি শহরাঞ্চলে কি গ্রামাঞ্চলে বেকার ও বসিয়া-থাকা মানুষের কাজের সংস্থান বৃদ্ধি হয় নাই। গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজে রাজ্যসরকারের ব্যর্থতা আরও বেশি। অথচ মাননীয় রাজ্যপালের ভাষণে এই বিষয়ে কোনও উল্লেখ নাই ;

78. এই রাজ্যের পরিবহন ব্যবস্থা এখন শুধু মন্দই নয় বরং অনিশ্চিত এবং নিরাপত্তাবিহীন, যাতায়াত বাসযোগে এবং ট্রেনযোগে কিংবা জলপথে একদিকে যেমন অনিশ্চিত অন্যদিকে তেমনই বিপদশঙ্কুল। সরকারি উদাসীনতা এবং ব্যর্থতা সর্বক্ষেত্রে সর্বসময়ে প্রকট। আবার জ্বালানী তেলের মূল্যবৃদ্ধির অজুহাতে সরকার বিনা দ্বিধায় অযৌক্তিকভাবে ট্রাম-বাসের ভাড়া এমনভাবে বাড়াইয়াছেন যাহাতে বেসরকারি মালিকদের সুবিধা হইয়াছে সবচেয়ে বেশি আর সাধারণ মানুষকে গুনিতে হইতেছে এই অতিরিক্ত ভাড়া। এই বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে যে উল্লেখ আছে তাহা অসম্পূর্ণ ;

79. রাজ্য সরকারের শিক্ষানীতির ফলে এই রাজ্যের শিক্ষাব্যবস্থা সর্বস্তরে প্রায় বিপর্যস্ত। রাজ্যসরকারের ভাষানীতিও পশ্চিমবঙ্গের পক্ষে মঙ্গলজনক নহে। বিশিষ্ট বুদ্ধিজীবী এবং বিদগ্ধ সমাজ রাজ্যসরকারের এই শিক্ষানীতির বিরুদ্ধে এবং জনবিরোধী ভাষানীতির বিরুদ্ধে শুধু যে সোচ্চার এবং প্রতিবাদমুখর তাহাই নহে, তাহারা কলকাতা হাইকোর্টের প্রাক্তন প্রধান বিচারপতির নেতৃত্বে এক সুবৃহৎ এবং সুসংগঠিত ও সুশৃঙ্খল আন্দোলনের পথে নামিয়াছেন রাজ্যসরকারের সুবুদ্ধি এবং শুভ চেতনা উদ্রেক করিয়া রাজ্যের

অধিবাসীদের পক্ষে কল্যাণকর শিক্ষানীতি এবং ভাষানীতি গ্রহণ করিবার জন্য। কিন্তু মাননীয় রাজ্যপালের ভাষণে এই বিষয়ে কোনও উল্লেখ নাই ;

**80.** কলকাতার সঙ্গে সমগ্র উত্তরবঙ্গ সহ পূর্বাঞ্চলের সমস্ত রাজ্যগুলির সড়ক পথে যোগাযোগ রক্ষিত হয় একমাত্র ন্যাশনাল হাইওয়ে ৩৪ দ্বারা। এই রাস্তার কোনও বিকল্প নাই। কিন্তু বহু স্থানে এই রাস্তা এমনভাবে নষ্ট হইয়াছে যাহা চলাচলের অনুপযুক্ত। বিধানসভায় বিগত অধিবেশনে এই রাস্তার আবশ্যকীয় মেরামতের জন্য উল্লেখ ও অনুরোধ করা হইলেও স্থানবিশেষে এই রাস্তায় কোনও মেরামত করা হয় নাই। বিশেষ করিয়া মালদহ হইতে গাজোল পর্যন্ত এই রাস্তার অংশটি যানবাহন চলাচলের পক্ষে প্রায় অযোগ্য। রাজ্যের প্রায় সর্বত্র রাস্তাঘাটের রক্ষণাবেক্ষণে সরকারের উদাসীনতা লক্ষ্যণীয়। যেমন ন্যাশনাল হাইওয়ে ৩১। এর ডালখোলা হইতে ইসলামপুর পর্যন্ত অংশবিশেষ যাহা বিহার এবং পশ্চিমবঙ্গের সীমান্ত অঞ্চলে অবস্থিত তাহারও কোনও মেরামত হইতেছে না, ফলে পশ্চিম দিনাজপুর জেলা সদর বালুরঘাট হইতে ইসলামপুর মহকুমার যোগাযোগ সাধন করা দুঃসাধ্য হইয়া পড়িয়াছে। এর ফলে এই সমস্ত এলাকায় গুরুতর অপরাধসমূহ উত্তরোত্তর বৃদ্ধি পাইতেছে। ইহার উদাহরণ ইসলামপুরের ঘটনাসমূহ। এই বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নাই ;

**81.** অত্যাবশ্যক পণ্যদ্রব্যাদির মূল্য বৃদ্ধির কারণসমূহের মধ্যে কেন্দ্রীয় সরকারের উপর দোষারোপ করা হইয়াছে কিন্তু রাজ্য সরকার স্বীয় কর্তব্যপালনে যে সম্পূর্ণভাবে ব্যর্থ হইয়াছে তাহার উল্লেখ নাই এই ভাষণে। অপরদিকে রাজ্যসরকারের নীতির ফলে বড় ব্যবসায়ী মজুতদার, মুনাফাখোর, কালোবাজারিরা যে এই রাজ্যকে স্বর্গরাজ্য ভাবিতেছে মহামান্য রাজ্যপালের ভাষণে তাহারও কোনও উল্লেখ নাই ;

**82.** পশ্চিমবঙ্গ সরকারের পরিবার কল্যাণ পরিকল্পনা অনুসরণ করা হইতেছে, না পরিত্যক্ত হইয়াছে মাননীয় রাজ্যপালের ভাষণে তাহার কোনও উল্লেখ নাই ;

**83.** সমগ্র পশ্চিমবঙ্গে আইনশৃঙ্খলার গুরুতর অবনতির বিষয়ে রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নাই ;

**84.** পশ্চিমদিনাজপুর জেলার বংশীহারী, কুশমন্ডি, ইটাহার এবং কালিয়াগঞ্জ থানাসমূহের পরস্পর সংলগ্ন এলাকাসমূহে খুন, ডাকাতি, লুঠ ও আগ্নেয়াস্ত্র সহ অবাধে আক্রমণ এমনভাবে বৃদ্ধি পাইয়াছে যে মানুষ অসহায় বোধ করিতেছে। বহু নৃশংস হত্যাকান্ড সংঘটিত হইয়াছে। এর ফলে মানুষ ভীত-সন্ত্রস্ত এবং নিরুপায় হইয়া মুক্তিপণ প্রদান করিয়া কোনওক্রমে দিনযাপন করিতেছে। এই সমস্ত অপরাধ দমনে সরকার এবং স্থানীয় প্রশাসন শুধু ব্যর্থই নহে, উদাসীনও বলা চলে। মাননীয় রাজ্যপালের ভাষণে এই বিষয় কোনও উল্লেখ নাই ;

**85.** এই রাজ্যে পশু-চিকিৎসালয়গুলিতে বিশেষ ক'রে মফস্বলে অবস্থিত পশু-চিকিৎসালয়সমূহে প্রায় সর্বত্রই প্রয়োজনীয় ঔষধপত্র নাই এবং নিয়মিত সরবরাহও করা হয় না। ডাক্তারবাবুরা প্রায় থাকেন না। পশু-পক্ষীর এপিডেমিক দেখা দিলে প্রতিষেধক টীকা দেওয়ার ব্যবস্থা নাই। সমগ্র বিষয়টি তদারকী করার কোনও প্রশাসনিক কাঠামো থাকিলেও তাহা উদাসীন এবং উদ্দেশ্যহীন ও নিষ্ক্রিয়—মাননীয় রাজ্যপালের ভাষণে এই বিষয়ে কোনও উল্লেখ নাই ;

**86.** এই রাজ্যে সমবায় আন্দোলন ক্রমশ ক্ষীয়মাণ। আমানত আন্দোলন কিঞ্চিৎ ফলপ্রসূ হইলেও কৃষিঋণদান ব্যবস্থা প্রায় বন্ধ হতে চলেছে। একই সরকার দায়িত্বে থাকিলেও বিভিন্ন দলের বিভিন্ন নেতা এবং মন্ত্রী মহোদয়গণের বক্তব্য ও ঘোষণার ফলে কৃষিঋণ আদায় বহুলাংশে বিঘ্নিত। কংগ্রেস প্রবর্তীত সর্বজনীন সদস্যকরণ অভিযান পরিত্যক্ত না হইলে আশানুরূপ অগ্রগতি হয় নাই। ক্রেতাস্বার্থে সমবায় বিপণন ব্যবস্থাও আশানুরূপভাবে অগ্রসর হয় নাই। সমবায় কর্মচারিদের অসন্তোষ ও আন্দোলন বিভিন্ন সময়ে বিভিন্ন ক্ষেত্রে পরিলক্ষিত হইতেছে। সামগ্রিকভাবে সমবায়ের অগ্রগতি এই রাজ্যে হতাশাব্যঞ্জক—মাননীয় রাজ্যপালের ভাষণে এই বিষয়ে উল্লেখ নাই ;

**87.** এই সরকারের কার্যকালে সমস্ত নিত্যব্যবহার্য জিনিষপত্রের অস্বাভাবিক মূল্যবৃদ্ধি তো ঘটিয়াছেই কিন্তু তদুপরি কিছু বস্তু দুষ্প্রাপ্যও হইয়াছে। মৎস্য উৎপাদনে উৎসাহ প্রদানে এবং সামুদ্রিক মাছের নিয়মিত সরবরাহ নিশ্চিত করিতে রাজ্যসরকার সম্পূর্ণরূপে ব্যর্থ হইয়াছেন। অথচ বৈজ্ঞানিক গবেষণালব্ধ জ্ঞান ও পদ্ধতি প্রয়োগে এই রাজ্যে ১১ লক্ষ পুষ্করিণী এবং অপরিসীম জলাভূমিতে অ্যাকোয়াপ্লোসন সম্ভব। সামুদ্রিক মাছের যোগান বৃদ্ধিও সম্ভব। তবুও আজ মাছের আকাল। মূল্যও চরম-মাননীয় রাজ্যপালের ভাষণে এই সকল বিষয়ের কোনও উল্লেখ নাই ;

**88.** এই রাজ্যে স্বাস্থ্যকেন্দ্রসমূহে কোথাও ডাক্তার নাই, কোথাও নার্স কিম্বা কম্পাউন্ডার নাই আর ঔষধ প্রায় সর্বত্রই নাই। বড় বড় হাসপাতালগুলিতে অব্যবস্থা চরম। অতিরিক্ত পয়সা ব্যয় না করিলে চিকিৎসা কিম্বা ঔষধ দুইই দুষ্প্রাপ্য এবং সুচিকিৎসা পাইতে হইলে অস্বাভাবিক হারে প্রাইভেট প্র্যাকটিস ফি প্রদান করিতে সাধারণ মানুষ পর্যন্ত বাধ্য হইতেছে। রোগীদের পথ্যের ব্যয় বৃদ্ধি হইতে থাকিলেও খাদ্যের গুণ ও পরিমাণ দুইই ক্রমশ কমিতেছে। তত্ত্বাবধান নাই বলিলেও চলে—মাননীয় রাজ্যপালের ভাষণে এই বিষয়ে কোনও উল্লেখ নাই ;

**89.** রাজ্যসরকারের বিঘোষিত নীতি এই যে, গণতান্ত্রিক আন্দোলনে পুলিশ হস্তক্ষেপ করিবে না অথচ বিরোধী দলসমূহের দ্বারা সংগঠিত প্রতিটি গণতান্ত্রিক আন্দোলনে পুলিশকে এমনভাবে কাজে লাগানো হইয়াছে যে শান্তিপ্রিয় আন্দোলনকারীদের উপর পুলিশ বিনা প্ররোচনায় বলপ্রয়োগ করিয়াছে এবং বহু লোককে আহত এমন কি গুরুতরভাবে আহত এবং নিহত পর্যন্ত করিয়াছে। রাজ্যসরকারের এই কাজের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই ;

**90.** আইনশৃঙ্খলার রক্ষক পুলিশবাহিনীর মধ্যে নিয়োগ-বদলী ব্যবস্থা এমনভাবে পরিচালিত হইতেছে যে, দল বিশেষের প্রভাব যেন স্থানীয় হয়। আবার পুলিশের মধ্যে দলীয় সংগঠন তৈয়ার করিবার জন্য একটি দলের প্রচেষ্টা পশ্চিমবঙ্গে পরিলক্ষ্যিত হইতেছে। এর ফলে পুলিশের মধ্যে নিরপেক্ষ ও নির্ভীক কর্মচারিদের মনোবল ভাঙ্গিয়া পড়িতেছে অপরদিকে সাধারণ মানুষও পুলিশের সাহায্য হইতে বঞ্চিত হইতেছে—এ বিষয়ে রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নাই ;

**91.** এই রাজ্যে সংখ্যালঘু সম্প্রদায়ের জন্য মাদ্রাসা শিক্ষাব্যবস্থার সামান্য কিছু উল্লেখ থাকিলেও তাহাদের ধর্মীয় স্থান যেমন কবরস্থান, মসজিদ, ওয়াকফ্ সম্পত্তিসমূহ যাহা বেদখল হইয়া আছে কিম্বা ক্রমশ বেদখল হইতেছে সে সমুদয় উদ্ধার করিবার কিম্বা সুরক্ষিত রাখিবার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই ;

**92.** কংগ্রেস প্রবর্তিত ভূমিসংস্কার আইন অনুসরণ করিলেও বর্তমান রাজ্যসরকার প্রশাসনকে দলীয় স্বার্থে ব্যবহার করিয়া পশ্চিমবঙ্গে একটি 'তাঁবেদার স্থায়ী কৃষকশ্রেণী' গঠন করিবার অবিরাম প্রচেষ্টা করিয়া চলিয়াছেন ফলে একদিকে যেমন কৃষিতে অনিশ্চয়তা বিদ্যমান অন্যদিকে গ্রামাঞ্চলে বিরোধ তেমনই ব্যাপক আকার ধারণ করিতেছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এই বিষয় এমনভাবে উল্লেখ করা হইয়াছে যে, রাজ্যসরকার ভূমিসংস্কার ব্যবস্থায় সফল হইয়াছে। সরকারে ন্যস্ত দশ লক্ষাধিক একর কৃষিজমির মধ্যে এ পর্যন্ত ছয় লক্ষ একরের কিঞ্চিৎ অধিক জমি কৃষিজমিহীনদের মধ্যে বিলি করা হইয়াছে! এই জমির অধিকাংশ বন্টন করা হইয়াছে কংগ্রেস সরকারের আমলে। বাকি ন্যস্ত জমি যাহা আদালতে নিষেধাজ্ঞার আওতায় নাই তাহাও এ পর্যন্ত বিতরণ করা হইতেছে না। ইহার কারণের কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে করা হয় নাই ;

**93.** রাজ্যসরকারের পক্ষে আঞ্চলিক বৈষম্য দূর করিবার ঘোষণা থাকিলেও এই সরকারের কার্যকালে এই বৈষম্য আরও প্রকট-রূপ ধারণ করিয়াছে। বিশেষ, করে যোগাযোগ রক্ষাকারী সড়ক নির্মাণ, সেতু নির্মাণ, আবাস প্রস্তুত, বিদ্যুৎ সরবরাহ, ইনফ্রাস্ট্রাক্‌চার প্রস্তুত এবং বন্যানিয়ন্ত্রণ ও সেচব্যবস্থা সম্প্রসারণের ক্ষেত্রে রাজ্যসরকারের স্থানবিশেষে উদাসীনতা এবং স্থানবিশেষে কোথাও কোথাও কিঞ্চিৎ তৎপরতা পরিলক্ষ্যিত হইতেছে— মাননীয় রাজ্যপালের ভাষণে এই বিষয়ে উল্লেখ নাই ;

**94.** এই রাজ্যে চিকিৎসা শিক্ষা ব্যবস্থায় তিন বছরের সংক্ষিপ্ত শিক্ষা ব্যবস্থা চালু করিয়া রাজ্যসরকার গ্রামের মানুষের জন্য এক রকম নিকৃষ্টমানের চিকিৎসা পদ্ধতি চালু করার চেষ্টা শুধু করিতেছেন না চিকিৎসা শিক্ষামানের স্থায়ী অধঃপতন এই রাজ্যে সুনিশ্চিত করিতেছেন। সরকারের ঘোষিত সৎ উদ্দেশ্য ও কৈফিয়ৎ যাহাই হোক আই.এম.এ. কিম্বা আই.এম.সি. কিম্বা সাধারণ শিক্ষিত মানুষ কিম্বা চিকিৎসা বিষয়ে সামান্য জানাশোনা আছে এমন ব্যক্তিও কদাপি এই সংক্ষিপ্ত মেডিক্যাল শিক্ষাক্রম সমর্থন করেন নাই সম্ভবত করিতে পারেন না। সবক্ষেত্রে পশ্চিমবঙ্গ দ্রুত অনুন্নত

হইতে চলিয়াছে সুতরাং মেডিক্যাল শিক্ষাক্ষেত্রে এই অধঃপতন এই সরকারের আমলে আদৌ অসম্ভব নহে। কিন্তু শহরের লোকদের জন্য উচ্চমানের শিক্ষা ও চিকিৎসা ব্যবস্থা এবং গ্রামের লোকদের জন্য নিকৃষ্টমানের চিকিৎসা ব্যবস্থা প্রণয়নের প্রয়াস একটি মানবিক অপরাধের সমান— মাননীয় রাজ্যপালের ভাষণে এই বিষয়ে সংক্ষিপ্ত উল্লেখ থাকিলেও সমগ্র বিষয়টি আলোচিত হয় নাই ;

95. এই রাজ্যে পাটচাষিদের উৎপাদিত ফসলের ন্যায্য মূল্য কিম্বা অন্তত সহায়ক মূল্য নিশ্চিত করিবার কোনও পরিকল্পনা রাজ্য সরকার উপস্থাপিত করিতে ব্যর্থ হইয়াছেন। ফসলের ন্যায্য মূল্য কিম্বা সহায়ক মূল্য অনিশ্চিত হওয়ায় চাষিদের বিকল্প অন্য কোনও ফসল চাষে উৎসাহী ও অনুপ্রাণিত করিবার কোনও পরিকল্পনা রাজ্যসরকার এখনও ঘোষণা করেন নাই। সুতরাং পাটচাষ ও পাটচাষিদের অবস্থা অপরিবর্তিত— এই বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নাই ;

96. এই রাজ্যে রেশম উৎপাদনকারী চাষিদের উৎপাদিত রেশমগুলি কিম্বা রেশন সূতা সহায়কমূল্যে ক্রয় করিয়া বৃহৎ ব্যবসায়ী ও মহাজন ও দাদনকারী ব্যবসায়ীদের হাত হইতে চাষিদের রক্ষা করিবার কোনও পরিকল্পনা রাজ্যসরকারের নাই ফলে রেশম উৎপাদনকারীরা নিয়মিতভাবে মহাজন ও বৃহৎ ব্যবসায়ীদের নিকট আত্মসমর্পণ করিয়া আসিতেছে। এর ফলে রেশম চাষে যেমন আশানুরূপ উন্নয়ন সম্ভব হইতেছে না অন্যদিকে চাষিরাও শোষণমুক্ত হইতেছে না—মাননীয় রাজ্যপালের ভাষণে এই বিষয়ে কোনও উল্লেখ নাই ;

97. এই রাজ্যের রাজকোষ হইতে পঞ্চায়েতের মাধ্যমে যথারীতি তদারকী ব্যতিরেকে বহু অর্থ ব্যয়িত হইয়াছে ইহার ফলে জনগণের স্বার্থে উন্নয়নমূলক কাজ এবং প্রকল্পসমূহ কতখানি রূপায়িত হইয়াছে কিম্বা গ্রামাঞ্চলে জনগণের কল্যাণে কি কি স্থায়ী প্রকল্পস্বরূপ সম্পদ সৃষ্টি হইয়াছে তাহার উল্লেখ মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণে নাই ;

98. সমাজের দুর্বল শ্রেণীর মানুষ যেন আদালতে সুবিচার পায় তার জন্য রাজ্যসরকার-এর লিগাল এইড প্রকল্প ঘোষিত হইলেও বহু আবেদন নিবেদন করিয়াও সাধারণ মানুষ এখনও কোনও সরকারি সাহায্য পাইতেছে না। নির্দিষ্ট দল বিশেষ ছাড়া অন্য কেহ এই লিগাল এইড্ পাইবার অধিকারী কিনা এই বিষয়ে মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণে কোনও উল্লেখ নাই ;

99. পশ্চিমবঙ্গ সরকার একদিকে যেমন সরকারি উদ্যোগ সৃষ্টি ও সম্প্রসারণে ব্যর্থ হইয়াছে অন্যদিকে তেমনই বেসরকারি মালিকানা এবং বৃহৎ পুঁজিপতিদের স্থায়ীভাবে সন্তুষ্ট রাখিবার জন্য সর্বদা সচেষ্ট আছে। তাই তাহারা অবাধে মুনাফা লুটিতেছে—এই বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নাই ; এবং

100. রাজ্য সরকার অভাবের সময় উৎপাদনকারী কৃষকদের উৎপাদিত কৃষিপণ্যের সহায়কমূল্য

পর্যন্ত বহু জায়গায় সুনিশ্চিত করিতে সম্পূর্ণ ব্যর্থ হইয়াছেন—মাননীয় রাজ্যপালের ভাষণে এই বিষয়ে উল্লেখ নাই"।

**101. শ্রী কিরণময় নন্দ :** Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় এই যে—

কাজকর্মে গতিশীলতার অভাবের জন্য রাজ্যে সর্বপ্রকার উন্নয়নমূলক কাজ বন্ধ হয়ে গেছে। কিন্তু লুঠতরাজ, খুন, রাহাজানি প্রভৃতি কার্যকলাপে সরকারের প্রত্যক্ষ সহযোগিতার ফলে দুষ্কৃতকারীরা অত্যন্ত গতিশীল ও সক্রিয়—রাজ্যপালের ভাষণে এ বিষয়ের কোনও উল্লেখ নাই ;

**102.** গ্রাম বাংলাতে কোনও আইনের শাসন নেই। প্রকাশ্য দিবালোকে খুন ডাকাতি প্রভৃতি ঘটনা ব্যাপকভাবে ঘটে চলেছে। শান্তিপ্রিয় নাগরিকদের বিনিদ্র রজনী কাটাতে হচ্ছে। এই বিষয়ে পুলিশি সক্রিয়তার পরিবর্তে প্রশাসনকে সম্পূর্ণ নিষ্ক্রিয় করে রেখে এই সরকার দেশে খুনী ও লুঠেরার সংখ্যা বাড়িয়ে জনগণের মনে ভীতির সঞ্চার গড়ে তুলতে সাহায্য করছে—রাজ্যপালের ভাষণে এ বিষয়ের কোনও উল্লেখ নাই ;

**103.** পঞ্চায়েতে পক্ষপাতিত্বের মাধ্যমে পঞ্চায়েতি ব্যবস্থার মহৎ উদ্দেশ্যকে জলাঞ্জলি দিয়ে পঞ্চায়েতগুলিকে পক্ষপাতিত্ব ও দুর্নীতির আখড়ায় পরিণত করা হয়েছে—এ বিষয়ে রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নাই ;

**104.** নতুন শিল্প স্থাপনে এই সরকার সম্পূর্ণ ব্যর্থ হয়েছে এবং রাজ্যে নতুন কর্মসংস্থান প্রায় বন্ধ হয়ে গেছে। শুধু তাই নয় রাজ্যের বর্তমান সরকারের অসহযোগিতার জন্য পূর্বতন কেন্দ্রীয় সরকারের কাঁথিতে লবণ কারখানা স্থাপনের প্রকল্প বানচাল হয়ে গেছে এবং বেকার সমস্যা সমাধানে অন্তরায় সৃষ্টি করেছে—রাজ্যপালের ভাষণে এ বিষয়ের কোনও উল্লেখ নাই ;

**105.** নিত্য প্রয়োজনীয় দ্রব্য সুষ্ঠু সরবরাহের পরিবর্তে সরকারি মদতে কালোবাজারিদের হাতে দরিদ্র মেহনতি মানুষদের সমর্পণ করা হয়েছে—এ বিষয়ে রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নাই ;

**106.** শিক্ষাক্ষেত্রের স্বাধিকার নষ্ট ক'রে শিক্ষাপ্রতিষ্ঠানগুলিকে দলীয় আখড়ায় পরিণত করা হয়েছে, প্রাথমিক স্কুল বোর্ডের নির্বাচন না করে দলীয় অ্যাড হকের মাধ্যমে স্কুল বোর্ডগুলিতে অবৈধ কাজকর্ম চালানো হচ্ছে—রাজ্যপালের ভাষণে এ বিষয়ের কোনও উল্লেখ নাই ;

**107.** সরকারি সিদ্ধান্ত অনুযায়ী কর্মবিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে চাকুরি দেওয়ার কথা ঘোষণা করা হ'লেও কর্মবিনিয়োগ কেন্দ্র ছাড়াই চাকুরিতে নিয়োগ করা হয়েছে—এ বিষয়ে

রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নাই ;

**108.** কো-অর্ডিনেশন কমিটি ও জয়েন্ট কাউন্সিলের ঝগড়ার ফলে হাসপাতালগুলিতে অব্যবস্থা হচ্ছে—এ বিষয়ে রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নাই ; এবং

**109.** সরকারের ভাষানীতির ফলে সর্বত্র বিক্ষোভ সৃষ্টি হয়েছে। প্রাথমিক স্তরে ইংরাজি তুলে দেওয়ার কথা ঘোষণা করা সত্ত্বেও মন্ত্রী ও বড় বড় লোকেদের বাড়ির ছেলেদের ইংলিশমিডিয়ম স্কুল খোলা রেখে সেখানে পড়ানোর পাকা বন্দোবস্ত রাখা হয়েছে—রাজ্যপালের ভাষণে এই বিষয়বস্তুর কোনও উল্লেখ নাই।"

**110.** **শ্রী প্রবোধচন্দ্র সিংহ ঃ** Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় এই যে—

নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য ক্রমাগত বৃদ্ধি পাওয়ার ফলে জনসাধারণ যে চরম আর্থিক সঙ্কটের মধ্যে পড়েছেন তার থেকে রেহাই দেওয়ার জন্য নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্যমান নিয়ন্ত্রণের কোনও উল্লেখ নাই এবং মজুতদারি ও কালোবাজারি দমনে ও অতি মুনাফাকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

**111.** বিগত কয়েক বছরের বন্যা ও খরার ফলে ফসল হানি হওয়ার জন্য পশ্চিমবঙ্গের কৃষক সাধারণ চরম দুর্গতির মধ্যে পড়েছেন। অথচ চাষআবাদ করার জন্য তাঁরা সরকারের নিকট হতে বীজ, সার ও কৃষিলোন ইত্যাদি যেসব ঋণ গ্রহণ করেছিলেন তার সুদ ও আসল কৃষকদের ঘাড়ে এখন এক বিরাট বোঝা হয়ে দাঁড়িয়েছে। কৃষকদের ঋণ মুক্ত করার জন্য কৃষিঋণ মকুব করার একান্ত প্রয়োজন। অথচ এই কৃষিঋণ মকুব করার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ; এবং

**112.** পশ্চিমবঙ্গের বিপুল সংখ্যক বেকার যুবক-যুবতীদের দ্রুত কর্মসংস্থানের জন্য কোনও পরিকল্পনার কথা রাজ্যপালের ভাষণে নেই"।

**113.** **শ্রী এ কে এম হাসানুজ্জামান ঃ** Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় এই যে—

বর্তমানে নিত্যব্যবহার্য দ্রব্যসামগ্রীর মূল্যবৃদ্ধি এবং বন্টনজনিত অব্যবস্থার জন্যে জনসাধারণের অপরিসীম দুঃখকষ্টের কথার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

**114.** কৃষকের দুরবস্থা, কৃষিঋণ মকুব, কৃষকের প্রয়োজনীয় সার, বীজ প্রভৃতি সস্তায় দেওয়ার কথা, কৃষিতে ভরতুকি দেওয়ার কথা এবং কৃষিজাত পণ্যের ন্যায্য মূল্যের কথার

কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

**115.** বামফ্রন্টের ৩৬ দফা কর্মসূচির ৩৩(ক) ধারার কর্মসূচি কতটা কার্যকর হয়েছে, তার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

**116.** সংখ্যানুপাতে চাকরির কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

**117.** জবরদখলীকৃত মসজিদ প্রভৃতি উদ্ধারের কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

**118.** মালদহ, বারাসাত থানার আমিনপুর এলাকায় পুলিশের গুলি চালানোর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

**119.** আরবী ও মাদ্রাসা শিক্ষার সম্প্রসারণ ব্যবস্থার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

**120.** রাজ্যসরকার কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠানসমূহের স্বাধিকার হরণ সংক্রান্ত অগণতান্ত্রিক পদক্ষেপ সমূহের কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

## DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

**শ্রী স্বদেশরঞ্জন মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল এখানে যে ভাষণ দিয়েছেন সেটি ইংরেজীতে ২০ পৃষ্ঠা এবং বাংলায় ১৬ পৃষ্ঠা এবং এই ভাষণটি তাঁর পড়তে সময় লেগেছে ৪৮ মিনিট। গতকাল থেকে এই ভাষণের উপর এখানে আলোচনা শুরু হয়েছে। এই ভাষণের মধ্যে রাজ্যপাল যে কথাগুলো বলেছেন বা তিনি যে বক্তব্য রেখেছেন সেগুলো পশ্চিমবাংলার অধিকাংশ মানুষের কাছে ব্যঙ্গের মতো মনে হচ্ছে এবং সরকার পক্ষের সদস্যদের আত্মপ্রসাদের সুযোগ হয়েছে। মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণের মধ্যে ১১/১২টি দিকের কথা উল্লেখ করেছেন এবং তার মধ্যে প্রথম যেকথাটি বলেছেন সেটা হল, 'শান্তি ও শৃংখলা রক্ষার ক্ষেত্রে এবং সর্বশ্রেণীর মানুষের প্রতি সুবিচার সুনিশ্চিত করার জন্য আমার সরকার নিরন্তর প্রয়াস চালিয়ে যাচ্ছেন। স্যার, রাজ্যপাল শান্তি শৃংখলার সম্বন্ধে যেকথা বলেছেন সেটা খুবই কনট্রাডিকটরি। অশান্তি এবং বিশৃংখলা সৃষ্টি করতে না পারলে বামফ্রন্ট সরকার তাদের বিপ্লব কিভাবে এগিয়ে নিয়ে যাবে? আমরা তো দেখেছি মানুষের উপর নিষ্পেষণের পথ ধরে তাঁরা চলেছেন। কাজেই বলছি, শান্তির ললিত বাণী শুনাইছে ব্যর্থ পরিহাস। আজকে গ্রামে এই যে বিভিন্ন ব্যাপারে গোলমাল, মারপিঠ হচ্ছে তাতে থানায় গেলে পয়সার ব্যাপার রয়েছে। কোর্টে কেস্ রয়েছে এমন সব লোককে থ্রেট করে পুলিশ পয়সা আদায় করছে। পুলিশের চরিত্র যদি এই হয় তাহলে তারা কি করে শান্তি শৃংখলা রক্ষা করবে? তাহলে শান্তি শৃঙ্খলার কথা এই পরিপ্রেক্ষিতে বলা সমীচীন কিনা সেটা ভাববার সময় এসেছে। পশ্চিম বাংলার মানুষ বামফ্রন্ট সরকারকে অকুণ্ঠ আশীর্বাদ করে এই পর্যায়ে এনেছিল কিন্তু তাঁরা যে ব্যর্থতার পরিচয় দিলেন। তাতে তার ফলে জনগণ দ্বিতীয়বার তাঁদের এই আশীর্বাদ করবে কিনা কিংবা জনগণের আশীর্বাদ তাঁরা দ্বিতীয়বার পাবেন কিনা যথেষ্ট সন্দেহ আছে। কেননা মানুষ যে আশা করেছিল, মানুষের

[2-40—2-50 p.m.]

সেই আশাকে উপেক্ষা করে যদি এইভাবে চলেন, যেকথা এখানে বিধানসভায় অনেকবার বলা হয়েছে, কিন্তু আমি একবারও বলিনি, সেই কথাই বলতে হয় যে, তাঁরা দলবাজি শুরু করেছেন, পলিটিক্সকে তাঁরা দলের স্বার্থেই ব্যবহার করছেন, পলিটিক্সকে তারা ফর দি বেনিফিট অব অল্ পিপল্ এর জন্য নিতে পারছেন না। এটাই আজকে প্রমাণিত হচ্ছে। যদি পলিটিক্সকে তাঁরা ফর দি বেনিফিট অব অল্ পিপল্ নিতে পারতেন, তাহলে মানুষের অনেক শুভেচ্ছাও সমর্থন পেতেন, কিন্তু তা না করায় তাঁরা আজকে জনগণ থেকে অনেক দূরে সরে যাচ্ছেন। প্রশাসন হচ্ছে শান্তি শৃঙ্খলা রক্ষার জন্য। আমি একটা ছোট্ট উদাহরণ দিচ্ছি, সমস্ত তথ্য আমার কাছে আছে যদি প্রয়োজন হয় তো আমি সেই প্রমাণ দেব। কোলাঘাট থার্মাল পাওয়ার প্রজেক্টে একজন নতুন অফিসার নিয়োগ করা হল, তিনি ছিলেন কন্টাইয়ের এস.ডি.ও। যদিও মুখ্যমন্ত্রী মহাশয়-এর সঙ্গে কথাবার্ত্তা হয়েছিল এবং তিনি আমাদের সহযোগিতা চেয়েছিলেন এই থার্মাল প্রজেক্টের অগ্রগতির ব্যাপারে, দেখা গেল এই ভদ্রলোক ধূমকেতুর মতো আবির্ভূত হয়ে সব নস্যাৎ করে দিলেন মাননীয় মুখ্যমন্ত্রীর যে কথা বলেননি, এত বড় স্পর্ধা যে, এই ভদ্রলোক প্রশাসনের হয়ে হাজার হাজার মানুষকে ভয় দেখাচ্ছেন রক্তের গঙ্গা বইয়ে দিয়ে থার্মাল পাওয়ার প্রজেক্ট এখানে করতে চাই— কোনও ডাউন ট্রডেন পিপলের কাছে এই রকম কথা রাখতে পারে? অথচ প্রশাসনের অফিসার হয়ে সেকথা রেখেছেন, এর চেয়ে লজ্জাজনক এবং দুঃখজনক ঘটনা আর কি হতে পারে?

আর একটা ঘটনা, গত ২১শে ডিসেম্বর আমার পিতৃ বিয়োগ হয়, ৫ই জানুয়ারি শ্রাদ্ধ, শ্রাদ্ধের দিন সন্ধ্যাবেলায় আমার এলাকায় এম.পি. তিনি সি.পি.এম. দলের, আমার বন্ধু নেমন্তন্ন করেছিলাম, তিনি এসেছিলেন, তারপর তিনি চলে গেলে পর, পরের দিন একটা ঘটনা ঘটল। এল.এ. মিটিং-এ যে ১৫০ জন লোককে নেওয়া স্থির হয়, সেই লিস্ট আমি সই করেছি বলে এই অফিসার ভদ্রলোক দেখান, অথচ আমার পিতৃ শ্রাদ্ধ সেদিন এবং মিটিংএ যাইওনি। পরের দিন যারা ক্ষতিগ্রস্ত হল সেই সব লোকেরা আমার উপর হামলা করতে এল এবং বলল মিটিং-এ বসে সমস্ত কাগজপত্র দেখিয়েছে যে এম.এল.এ. স্বদেশবাবু এই তো সই করে দিয়েছে। ফল্স সিগনেচার দিয়ে দেখিয়েছে— এই হচ্ছে স্বদেশবাবুর সই। এর পরে আমি পরের মিটিং-এ তাঁকে আমি ধরলাম, তখন তিনি এটা অস্বীকার করলেন। ফরওয়ার্ড ব্লকেরও একজন ছিলেন, তিনিও এই অবস্থাটা প্রচার করেছেন। আমি একথা বলছি—এই যদি প্রশাসনের নমুনা হয় প্রশাসনের অফিসার যদি এইরূপ করেন তাহলে দয়া করে ভাবুন, অবস্থাটা কি। এই যে ব্যর্থতা সেটা ঢাকবারই প্রচেষ্টা সেটাই ভাষণে প্রকাশ পেয়েছে, অন্য কিছু নয়। শান্তি শৃঙ্খলার ব্যাপারে বিটার এক্সপেরিয়েন্স আমরা পেয়েছি।

দ্বিতীয় কথা হচ্ছে কৃষিসমিতির বিষয় রাজ্যপালের ভাষণে আছে, কৃষিশ্রমিকদের পেন্সন দেওয়ার কথা, বার্ধক্য ভাতা দেওয়ার কথা, কিন্তু এটা কিভাবে ইম্পলিমেন্ট হচ্ছে জানিনা। গত বছর নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে এ সম্বন্ধে উদ্বোধনী হয়েছিল। কথা হচ্ছে

মানুষের জন্য যেটা করতে পারবেননা সেই প্রতিশ্রুতি কেন দেন, দিয়ে কেন বিভ্রান্ত করেন। দুঃস্থা বিধবারা দিনের পর দিন আসছে লাঠি ভর দিয়ে এসে জিজ্ঞাসা করছে— আমাদের বিধবা ভাতার কি হল। আমি বলেছি— সরকারই জানেন, সরকার দেবেন বলেছেন, কিন্তু দিতে পেরেছেন কিনা সেটা আমার জানা নাই। এই হচ্ছে তাদের তরফের অভিযোগ, তারা প্রত্যেকে এই সব কথা বলছেন। কুটির শিল্প ক্ষুদ্র শিল্পের মাধ্যমে বেকারীর কথা রাজ্যপাল বলেছেন। কিন্তু এ সম্বন্ধে কি প্ল্যান আছে? আমি মাননীয় মন্ত্রী চিত্তব্রতবাবুকে বলেছিলাম যে মেদিনীপুরে যে মাদুরের শিল্প, সিংয়ের শিল্প রয়েছে তাতে ফরেন এক্সচেঞ্জ আর্ন করা যায়। আমরা এই সব জিনিস এক্সপোর্ট করতে পারি। এই শিল্পকে যদি এগিয়ে নিয়ে যাওয়া যায় তাহলে অনেক উপকার হবে এবং কিছু কিছু বেকার সমস্যাও সমাধান হবে। কিন্তু এগুলির একটিও উন্নতি হয় নি। তাহলে কেন এই সব কথা রাজ্যপাল বলেছেন? বিদ্যুৎ সম্বন্ধে গতকাল কাগজে যা দেখলাম তাতে ওনারা যা এক্সপেক্টেশন করেছেন তা কখনই কার্যকর হবে না কারণ ওঁর দলের লোকরাই ওনাকে চিট করছে। তারা যথাযথ রিপোর্ট পাঠাচ্ছেন না। সমস্ত কাজই দলীয় ভিত্তিতে হচ্ছে। শুনা গেল ১৫০ জনের চাকুরি হবে। গত ১৯৮০ সালে মিটিং হয়েছে এবং সেই মিটিংয়ে সিলেকশন হয়েছে এবং দেখা গেছে কোনও দলের লোক সিলেকশন হয়নি কেবল সি.পি.এম. দলের লোক। আজকে ১৯৮১ সালের ফেব্রুয়ারি শেষ হতে চলেছে একটি লোকেরও চাকুরি হয় নি। চাকুরি হোক সে যে দলের লোকই হোক— আজকে যাদের জমি বাড়ি গেছে তাদের চাকুরি দিলে হয়তো সেই ফ্যামিলিটা বাঁচতো- কিন্তু তা হয়নি। তাই বলছি আপনারা যা এক্সপেক্টেশন করছেন তা কখনই কার্যকর হবে না। আবার দেখছি কাজ বন্ধ টাকা নাই। তাহলে কোলাঘাট থারম্যাল পাওয়ার স্টেশনের জন্য কেন্দ্রীয় সরকার যে টাকা দিয়েছে সেই টাকা গেল কোথায়? সেই টাকা যদি অন্য খাতে ব্যয় করেন তাহলে কাজ হবে কি করে। যেখানে এত বিদ্যুতের অভাব এত অন্ধকার বিরাজ করছে আবার সামনেই গরম আসছে সেখানে এই অবস্থা? এই রকমভাবে কতদিন চলবে? তাই বলছি যে এই কাজের প্রোগ্রেসের কোনও আশা নেই। গভর্নমেন্ট বলেছেন যে ১৯৮২ সালের মধ্যেই তিনটি ইউনিট চালু করে দেবেন। কিন্তু আমি বলছি যে ১৯৮৫ সালের একদিন আগে আপনারা কোনও ইউনিট চালু করতে পারবেন না। কারণ কাজকর্ম যেভাবে চলছে তাতে দেখছি যে উপরতলার নেতারা যে নির্দেশ দিচ্ছে সেই নির্দেশ নিচের তলার কর্মীরা মানছে না। আপনাদের লোকরাই আপনাদের কথা শুনছে না। সব সুবিধাবাদী লোক এবং তারা এখন আপনাদের দলের লোক জেনারেল সেক্রেটারি তারা কাস্তে হাতুড়ি তারা ব্যানার নিয়ে বলছে এই চিহ্নে ভোট দিন— বন্দেমাতরম, জয় হিন্দ। তারা সে কথা ভুলতে পারছে না এবং আপনারা তাদেরই রিক্রুট করেছেন। জয় হিন্দ, বন্দেমাতরম্ ছাড়তে তারা পারে না। এরা সব সুবিধাবাদী লোক। কাজেই এই অবস্থা হয়েছে। এই সব লোকদের নিলে দল ভারী হতে পারে, কিন্তু এরা সব সুখের পায়রা ঠিক সময় উড়ে চলে যাবে। পাওয়ার যেদিন থাকবে না সংখ্যাটা হিসাব করে দেখবেন কটা লোক আছে। পাওয়ারের জন্য লোকে যাচ্ছে। এই জিনিস আপনারা বাড়িয়ে দিয়েছেন। পাইয়ে দেওয়ার রাজনীতিই হচ্ছে এই। এখন সে কথা মর্মে মর্মে উপলব্ধি করছেন। ফুড ফর ওয়ার্কের গম বন্ধ হয়েছে, লোকও কাটতে আরম্ভ হয়েছে।

[2-50—3-30 p.m.] (including adjournment)

অন্যান্য দিনের অবস্থাও ঐ বীরেনবাবুর মতো হয়েছে। আপনি রাজপুত্র হয়ে সি.পি.এম. করছেন। আগে ডিকল্যাস্ড হন তারপর হবেন। **(ভয়েস ঃ বীরেন্দ্র নারায়াণ রায় ঃ- আপনি এখনো হননি?)** আমি হইনি বলেই বলছি। মুখে বুলি বলা এক জিনিস, কাজে অন্য জিনিস হচ্ছে। আপনারা মার্কসবাদ পড়েছেন। তাতে যেসমস্ত ক্রাইটেরিয়া আছে মার্কসবাদী ক্যাডাররা ক'জন সেটা মেনে চলছেন? বিদ্যুৎ-এর অবস্থাটা একবার দেখুন। ১৯৮২ সালে ওখানে বিদ্যুৎ উৎপাদন হবে না। পরিবহন সমস্যাটা একবার ভাবুন। যাত্রী ভাড়া বৃদ্ধি করা হয়েছে। কেন্দ্র পেট্রল, ডিজেলের দাম বাড়িয়েছে, স্বাভাবিক ভাবে বাসের ভাড়া বাড়িয়েছেন। কিন্তু ট্রামের ভাড়াটা বাড়ল কেন? ট্রাম তো আর ডিজেলে চলে না, এটা বিদ্যুতে চলে। বাড়াতে হবে তো সবের ভাড়া বাড়াতে হবে? ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থা চালু হল। একটা বৃহৎ কর্মযজ্ঞ শুরু হল। আসতে আসতে দেশ জাতি একটা প্রগতির পথে চলে যাচ্ছে। গ্রামে গ্রামে আজকে নাভিশ্বাস উঠেছে। আমি একটা স্ট্যাটিসটিক্স দিয়ে যাব, তার অ্যাভারেজ কষে দেখুন— আপনাদের পঞ্চায়েত মন্ত্রীর কাছে নাম লিখে অভিযোগ দেওয়া আছে। আমার এলাকার ১৩ টি গ্রাম পঞ্চায়েত প্রধান তার ৮ জনের নাম দেওয়া আছে। তারা বেকার লোক। আজকে দল করে প্রধান হয়ে পাকা বাড়ি করে ফেলল। **(ভয়েস ঃ শ্বশুরের টাকায় করেছে।)** ১৫ বছর আগে বিয়ে করেছে শ্বশুরের টাকা পেল কোথায়? যাই হোক, যে আউটলুক নিয়ে পঞ্চায়েত ব্যবস্থা চালু করা হয়েছিল আপনাদের উচিত ছিল লোকগুলি যাতে যোগ্যতা সহকারে কাজ করতে পারে সেটা দেখা। এই রকম ঢালাও ভাবে পঞ্চায়েত প্রধান করে দেওয়া উচিত হয়নি। টাকা যে এই ভাবে ড্রেন আউট হচ্ছে, নষ্ট হচ্ছে, এটা কাদের টাকা? আপনার, আমার, পশ্চিমবাংলার সমস্ত লোকের টাকা। এই টাকা কাক, বকে সব খেয়ে গেল। এটা একটা আনফরচুনেট জিনিস। সত্যি কথা বলতে, স্বীকার করতে এত ভয় পান কেন? রাজ্যপালের ভাষণে যে ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থার কথা উল্লেখ করা হয়েছে সেই পঞ্চায়েত কাজ করছে না। স্বাস্থ্য ও জল সরবরাহের কথা বলছেন। পাইপ ওয়াটার সম্বন্ধে আমি এসটিমেটস কমিটিতে ক্যাটাগোরিক্যালি প্রশ্ন তুলেছিলাম পাবলিক হেল্‌থ ডিপার্টমেন্ট থেকে সাক্ষী দেবার সময়, বীরেনবাবুও সেখানে ছিলেন। তারা এটা খোঁজ রাখেনি যে কয়েক বছরের মধ্যে গোটা মেদিনীপুর জেলার ওয়াটার লেভেল নেমে যাবে। সেখান থেকে নোনা জল উঠবে। ১৯৭৮ সালে এই নিয়ে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের চেম্বারে আলোচনা হয়েছিল। তারপর খবরটা সরকারের কাছে জানানো উচিত ছিল। কিন্তু জানান নি। সেদিন এসটিমেটস্ কমিটির মিটিং-এ বলা হল হোয়াট ইজ দি ওয়ে আউট? গোটা জেলার লোক যদি এই রকম একটা দুরবস্থার সম্মুখীন হয় তাহলে কি করে এই সমস্যার সমাধান করা যাবে সেই বিষয়ে কি চিন্তা ভাবনা করছেন, বলা উচিত ছিল। কাদের বসিয়েছেন আপনারা? আপনারা বলছেন আমলা তান্ত্রিক শাসন শেষ করে দিচ্ছেন। কিন্তু আপনারা তাদেরই ভজনা করছেন। মানুষের প্রতি জনগণের প্রতি বেঈমানি হচ্ছে। শিক্ষা একটি বার্ণিং প্রবলেম। আপনারা প্রাথমিক স্তর থেকে ইংরাজী তুলে দিচ্ছেন, ভাল কথা। ক্লাশ ৫ পর্যন্ত তুলে দিলেন, ভাল কথা। তাহলে একই অবস্থা করুন, কে.জি. স্কুল, কিন্ডারগার্ডেন স্কুলগুলি

থেকেও ইংবাজী অফ্ করে দিন। এখানে অফ করলে একই লেভেলে প্রাথমিক স্তরে শিক্ষা হবে। নিশ্চয় মাতৃভাষার জন্য আমরা গর্বিত, তার উন্নতিসাধন হোক এটা আমরা সকলেই চাই। কারণ জাতীয় জীবন তখনই রূপ পায়, অব্যাহত গতিতে চলে যখন তার সাহিত্য তাকে সাপোর্ট করে। মানবজীবনের সুখ, দুঃখ, আশা, আনন্দ, ব্যাথা বেদনা, হতাশার কথা সাহিত্যের মধ্যে দিয়ে ফুটে ওঠে এবং সাহিত্য অগ্রগতির পথ দেখায়। এখানে মাতৃভাষাকে গুরুত্ব দিচ্ছেন আর ডিগ্রিকোর্সে গিয়ে দেখা যাচ্ছে লিটেরাচারের কোনও সিলেবাস রাখছেন না, তুলে দিয়ে বসে আছেন। আপনারা নিজেরাই জানেন, আজকে যদি ডিগ্রিকোর্সে সুকান্তের ঐ কবিতাটা রাখা হয়—

"আদিম হিংস্র মানবিকতার
যদি আমি কেউ হই,
স্বজন হারানো শ্মশানে তোদের
চিতা আমি তুলবোই।"

তাহলে এতে বামপন্থী আন্দোলন গতিশীলতা পাবে। অথবা নজরুলের ঐ কবিতাটি যদি রাখা হয়—

"তুমি শুয়ে রবে তেতলার পরে
আমরা রহিব নিচে,
অথচ তোমাদের দেবতা বলিব
সে ভরসা আজ মিছে।"

বামপন্থী আন্দোলনকে এগিয়ে নিয়ে যাবে। কিন্তু আজকে আপনারা এসব ভুলে গিয়েছেন, এসবের ধার দিয়েও আপনারা যাননি। আজকে আপনাদের কাছে আমার জিজ্ঞাস্য, সোনার পাথরবাটি হয় কি? এই যে এখানে লেখা আছে বাংলাভাষা "আবশ্যিক ঐচ্ছিক" এর মানেটা কি? ডিগ্রি কোর্সে যদি এটা কমপালসারি হয় তাহলে আবার ঐচ্ছিক হয় কি করে? এই টার্মটা কোথা থেকে জোগাড় করলেন বা কে দিলেন আমরা জানি না। এই অবস্থায় মাননীয় রাজ্যপাল মহাশয় এখানে যে ভাষন রেখেছেন সেই ভাষণ সম্পর্কে আমি বলব, এটা পশ্চিমবঙ্গের মানুষের কাছে একটা ব্যঙ্গ। হয়ত এর মাধ্যমে কিঞ্চিত আত্মপ্রসাদ লাভের সুযোগ সরকারপক্ষের লোকরা পাবেন কিন্তু আমরা বুঝতে পারছি না এইভাবে চললে সরকার কোথায় গিয়ে শেষ হবে। এই প্রসঙ্গে স্যার, শেক্সপিয়ারের একটি কবিতার কয়েকটি লাইন বলি,

Tomorrow and tomorrow and Tomorrow
Creeps in this petty face from day to day
To the last syllable of recorded time.

সেই টাইম আপ হয়ে যাচ্ছে এবং সেই দিকেই আপনারা যাচ্ছেন। সময় এখনও যা আছে তার কথা চিন্তা করে আপনারা কাজ করুন এ কথা আমি আপনাদের বলব। পরিশেষে আমি আবার বলব, এই ভাষন পশ্চিমবঙ্গের মানুষের কাছে একটি ব্যঙ্গমাত্র এবং সরকারি দল-এর লোকেদের কাছে এবং সমর্থকদের কাছে এই ভাষণ সাময়িক আত্মপ্রসাদ লাভের সুযোগ মাত্র।

**শ্রী মহম্মদ আমিন ঃ** মিঃ স্পিকার স্যার, অন এ পয়েন্ট অব পারসোনেল এক্সপ্লানেসন, কিছুক্ষণ আগে মাননীয় সদস্য শ্রী রজনীকান্ত দলুই মহাশয় মন্ত্রীদের সরকারি গাড়ি ব্যবহার করা সম্পর্কে একটি অভিযোগ এনেছেন এবং তা আনতে গিয়ে কয়েকটি গাড়ির কথা বলেছেন যারমধ্যে আমার গাড়িটির কথাও আছে। আমি স্যার, সেইজন্য পারসোনেল এক্সপ্লানেসন দিতে উঠে বলছি যে ডব্লু.এম.সি-ওয়ান এই গাড়িটি সরকার আমাকে দিয়েছেন, এটা ঠিক ১৫ই ফেব্রুয়ারি আমাদের পার্টির একটি মিটিং ছিল মনুমেন্ট ময়দানে আমি সেখানে গিয়েছিলাম সেই গাড়িটি নিয়ে। রজনীবাবুর এটা জানা উচিত যে মন্ত্রীরা যেখানেই যাবেন ইনক্লুডিং পার্টি মিটিং— সেখানেই তাঁরা সরকারি গাড়ি নিয়ে যেতে পারেন, আইনে সে ব্যবস্থা আছে। যত মন্ত্রী সম্পর্কে উনি বলেছেন, তাঁরা এনটাইটেলড। গাড়ির কখনও অপব্যবহার হয়নি। সরকারের যা নিয়ম আছে সেই নিয়ম আমরা স্ট্রিক্টলি মেনে চলি।

**শ্রী গোপালকৃষ্ণ ভট্টাচার্য ঃ** স্যার, মেনশনের সময় আমি উপস্থিত ছিলাম না তাই আপনার অনুমতি নিয়ে এখন আমি একটি মেনশন করছি। স্যার, আজকে আমার এলাকায় বেঙ্গল ওয়াটারপ্রুফ কারখানাতে একটি জঘন্য কাজ কংগ্রেস (ই) সংগঠিত করেছে সেটাই আমি উল্লেখ করছি। স্যার, কারখানায় কাজের দাবিতে প্রায় ৪০ জন ছেলে রবি দত্ত বলে যুব কংগ্রেসের সম্পাদকের নেতৃত্বে কারখানায় ঢোকে এবং সেখানে অফিসার এবং স্টাফ মিলে ২৬ জনকে রড দিয়ে মারে ও সমস্ত অফিসটাকে তছনছ করে দেয়। তারপর ওয়ার্কাররা যখন কাউনটার করে তখন তারা পালিয়ে যায়। সেখানে ৫ জন লোককে ধরে পুলিশে হ্যান্ড ওভার করা হয়েছে। এ সম্পর্কে অবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করার জন্য স্যার, আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

(At this stage the House was adjourned till 3.30 p.m.)

(After recess)

[3-30—3-40 p.m.]

**শ্রী নকুলচন্দ্র মাহাতো ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিগত ১৬ ফেব্রুয়ারি মাননীয় রাজ্যপাল মহোদয় এই বিধানসভায় যে রিপোর্ট পেশ করেছেন এবং তার জন্য যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব মাননীয় সদস্য অশোকবাবু এনেছেন, সেই প্রস্তাবকে আমি সম্পূর্ণ ভাবে সমর্থন করছি। মহামান্য রাজ্যপাল মহোদয় তাঁর বক্তব্য বিগত দিনের পশ্চিমবাংলার যে অভিজ্ঞতা, সেই অভিজ্ঞতাগুলি তুলে ধরেছেন।

***ডাঃ জয়নাল আবেদিন ঃ*** *মাননীয় অধ্যক্ষ মহাশয়, একজন মন্ত্রী এখানে নেই। এই জিনিস চলতে পারেনা, এই অবস্থায় বক্তৃতা হতে পারেনা।* They may recruit further, they may appoint further, aspirants are there, এ জিনিস হতে পারেনা।

**মিঃ স্পিকার ঃ** আমি খবর দিচ্ছি, নকুলবাবুকে বলতে দিন।

**শ্রী নকুলচন্দ্র মাহাতো ঃ** মাননীয় রাজ্যপাল মহোদয় যে চিত্র এখানে তুলে ধরেছেন তাঁর বক্তব্যের মধ্য দিয়ে আমি সেটা সমর্থন করছি। এখানে বিরোধী দলের বিভিন্ন বক্তা যে বক্তব্য তুলে ধরেছেন আমি সেটা সমর্থন করতে পারছি না। মাননীয় কাশীকান্তবাবু ভারতবর্ষের সার্বিক বিপদের দিকটা এখানে বারে বারে তুলে ধরেছেন। তিনি এই বিপদকে প্রতিরোধ করার জন্য যে বক্তব্য রেখেছেন, আমি তাকে বলব, আমি তার কাছে আবেদন করব যে তিনি বিষয়টি পুনর্বার বিবেচনা করবেন। কেননা, মাননীয় রাজ্যপাল মহোদয় যে চিত্র এখানে তুলে ধরেছেন তাতে কাশীবাবু কোনও সুরাহা দেখতে পাচ্ছেন না। তিনি আইনশৃংখলার যে বক্তব্য এখানে রেখেছেন, আমি ভেবেছিলাম বিরোধী দলের একজন মাননীয় সদস্য হিসাবে তিনি তুলে ধরবেন গোটা ভারতবর্ষের ল' অ্যান্ড অর্ডারের প্রবলেম এবং তারই পরিপ্রেক্ষিতে পশ্চিমবাংলার বিষয় তুলনা করবেন। কিন্তু তা করলেন না। তিনি দুটোকে সমান ভাবে দেখেছেন।

কিন্তু ভারতবর্ষের অবস্থা কি? আমরা যদি ভারতবর্ষের বিভিন্ন প্রদেশের দিকে তাকাই তাহলে সেখানকার ল অ্যান্ড অর্ডারের অবস্থা কি দেখি? এই কয়েকদিন আগে পূর্বাঞ্চলের সেনা বাহিনীর যিনি প্রধান তিনি বলেছেন একমাত্র পশ্চিমবাংলাতেই ল অ্যান্ড অর্ডারের প্রশ্নে সেনা বাহিনী তলব করা হয়নি। বিহার, উড়িষ্যা, ইউ.পি. গুজরাট এবং আসামে সেনা বাহিনী তলব করা হয়েছে। এল.আই.সি. তে যে সমস্ত আন্দোলন হচ্ছে সেখানে সৈন্যদের তলব করা হচ্ছে এবং কোথাও বা তাদের সতর্ক করা হচ্ছে। জামশেদপুর থেকে শুরু করে ভারতবর্ষের বিভিন্ন জায়গায় সৈন্য তলব করা হচ্ছে, কিন্তু আমাদের পশ্চিমবাংলায় সেই অবস্থা ঘটেনি। যদিও কংগ্রেস (আই)-এর তরফ থেকে নানা রকমভাবে দলবাজি করা হচ্ছে রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত হয়ে, কিন্তু তবুও এখানে ওই অবস্থা হয়নি। কয়েকদিন আগে কি ঘটনা ঘটল? রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত হয়ে প্রচুর লোককে রেলওয়ে লাইনের উপর বসিয়ে দেওয়া হল এবং এই খবর আনন্দবাজার পত্রিকায় বেরিয়েছে। রেলওয়ে লাইনের উপর এই যে মানুষদের বসানো হল এর উদ্দেশ্য হচ্ছে পশ্চিমবঙ্গ সরকারকে হেয় প্রতিপন্ন করা। ওখানে কেদার পান্ডে রাস্তা উন্মুক্ত করার চেষ্টা করছেন, কিন্তু কংগ্রেস (আই) বলছে রাস্তা অবরোধ কর। আজকে গোটা ভারতবর্ষের দিকে তাকিয়ে দেখুন সেখানে কি ঘটনা ঘটছে। কিন্তু সেই তুলনায় পশ্চিমবাংলার অবস্থা আমরা সংখ্যাতত্ব দিয়ে দেখিয়ে দিতে পারি। দিল্লি থেকে যদিও তাঁরা নানা কথা বলছেন, কিন্তু সঙ্গে সঙ্গে একথাও তাঁরা জানেন যে, পশ্চিমবাংলায় শান্তি শৃংখলা যেভাবে রয়েছে সেটা আর কোথাও নেই। পশ্চিমবাংলার গ্রামাঞ্চল থেকে শুরু করে সর্বত্র শান্তি শৃংখলার অবস্থা অন্য রাজ্য থেকে যে অপেক্ষাকৃত ভাল একথা অস্বীকার করবার উপায় নেই। মাননীয় কাশীবাবু এবং বিরোধীদলের

অন্যান্য সদস্যদের আক্রমণের আর একটা বিষয় হচ্ছে গ্রামের পঞ্চায়েত। যখন থেকে এই পঞ্চায়েত সৃষ্টি হয়েছে তখন থেকেই আমরা লক্ষ্য করছি গ্রামপঞ্চায়েতগুলি হচ্ছে তাঁদের আক্রমণের একটা লক্ষ্যবস্তু। কিন্তু আমরা দেখেছি গ্রামে এই যে ফুড ফর ওয়ার্কের কাজ হয়েছে এবং আরও বিভিন্ন রকম উন্নয়নমূলক কাজ যা হয়েছে তাতে গ্রামাঞ্চলের ক্ষেতমজুররা বেশি কাজ পেয়েছে, বেশি মজুরি পেয়েছে। অবশ্য এতে গ্রামাঞ্চলের বড়বড় জমিদার, মালিক এবং ধনী কৃষকদের আঁতে ঘা পড়েছে কারণ গ্রামাঞ্চলের ক্ষেতমজুরদের কাজের জন্য হন্যে হয়ে আর তাদের কাছে যেতে হয়নি। তারা হয়ত তাদের প্রয়োজনের তুলনায় কাজ পায়নি কিন্তু তাদের এইটুকু ভরসা আছে যে বামফ্রন্ট সরকার আমাদের বিপদের দিনে আমাদের কাজ দিতে পারবে। কাজেই গ্রামাঞ্চলে চক্রান্ত হচ্ছিল কি করে এটা বন্ধ করা যায়।

[3-40—3-50 p.m.]

আমি অন্তত পুরুলিয়া, বাঁকুড়া জেলার দুঃস্থ মানুষের অবস্থার কথা বলতে পারি। এই হিসাব-নিকাশের কারচুপি দেখিয়ে যদি বন্ধ করা হয়ে থাকে তাহলে আমি বলব এটা রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিতভাবে বন্ধ করা হয়েছে। গ্রামাঞ্চলের ক্ষেতমজুরদের পেট মারার জন্য এটা করা হয়েছে এবং এই কাজ খুবই অমানবিক কাজ হয়েছে। আমি আশা করব, কেন্দ্রীয় সরকার এই ব্যাপারে পুর্নবিবেচনা করবেন। আমি মাননীয় কাশীকান্ত বাবু এবং আমাদের মাননীয় সদস্যদের কাছে অনুরোধ করব তাঁরা যেন কেন্দ্রীয় সরকারের কাছে দাবি নিয়ে যাবেন এবং দাবি আদায় করবেন। পশ্চিমবাংলার গ্রামাঞ্চলের সর্বহারা ক্ষেত-মজুররা যাতে কাজ পায়, তাদের মনে যে টুকু আশা-ভরসা জেগেছিল সেইটুকু পাওয়ার জন্য আমাদের ঐক্যবদ্ধভাবে কেন্দ্রের কাছে দাবি জানাতে হবে। আমি গ্রাম পঞ্চায়েত সর্ম্পকে বেশি কিছু বলতে চাই না। ওনারা বলছেন সব নাকি চুরি হয়ে গেছে। কিন্তু অবস্থাটা কি? পশ্চিমবাংলার ৩২৪২টি গ্রাম পঞ্চায়েতের মধ্যে ৩১৩৭টি গ্রাম পঞ্চায়েত অডিট রিপোর্ট দাখিল করেছেন। আমি স্বীকার করছি, কিছু ভুল-ত্রুটি আছে। কিন্তু সবই কি এক পার্টির লোক আছেন? অনেক ক্ষেত্রে জনতা পার্টি আছে, অনেক ক্ষেত্রে কংগ্রেস আই আছে এবং এ ছাড়া বামফ্রন্টের অন্যান্য শরিকদলের পঞ্চায়েত আছে। হিসাব-নিকাশ করার ক্ষেত্রে ত্রুটি দুর্বলতা থাকতে পারে কিন্তু এটা আলোচিত হওয়া ভাল, আলোচনা করে সংশোধন করার প্রয়োজনীয়তা আছে। ত্রুটি দুর্বলতা আমরা ঢাকতে চাই না, প্রকাশ্যে আলোচনা হওয়া দরকার, যেখানে ত্রুটি আছে নিশ্চয়ই সংশোধন হওয়া দরকার। তহবিল তছরুপের যদি প্রশ্ন থাকে তাহলে আইনগত ব্যবস্থা নিশ্চয়ই নিতে হবে এবং তারজন্য আইন তৈরি করতে হবে। আমি অনেক ক্ষেত্রে দেখেছি, কিছু ত্রুটি হয়েছে এবং অনেক ব্যাপারে আইন নেই। বি.ডি.ও. বলছেন কি করব, বিভিন্ন অফিসাররা বলছেন কি করব? সুতরাং এইসব প্রশ্ন আছে এবং এইগুলি আমাদের দেখতে হবে। আমি কৃষকদের ব্যাপারে দেখেছি, তারা গ্রাম পঞ্চায়েতের অফিসে ধান রেখে দিচ্ছে, তারা বলছে আমাদের পয়সা নেই, যখন পয়সা হবে তখন নেব। এই দেখেই বোঝা যায় পঞ্চায়েতের উপর কি রকম সাধারণ মানুষের আস্থা। তারা ১০।১৫ কেজি থেকে ১ মন ধান রেখে দিয়ে আসছে গ্রাম পঞ্চায়েতের অফিসে। গ্রামের গরিব চাষি ডিসট্রেস সেল করবার জন্য পঞ্চায়েতের কাছে গেছে এবং পঞ্চায়েতের কাছে বিক্রি করেছে।

তবে ভুলত্রুটি নেই এটা আমি বলিনি, মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণেও সেকথা বলেননি। কিন্তু সেইসব ভুলত্রুটি সংশোধন করতে হবে। তবে একথা ঠিক, আপনারা যে হিসাবের কথা বলেছেন আপনারা যে কোনও গ্রামে যান, গেলে দেখবেন গ্রামের ক্ষেতমজুরদের কাছে হিসাব আছে, গ্রামের ক্ষেত-মজুররা বলে দেবে কত কুইন্টাল ধান কোন গ্রামে গেছে, কোন পাড়ায়, কোন বাড়িতে কত গেছে তার হিসাব তারা রাখে।

গ্রামের ক্ষেত মজুর, তাদের মনের জোর অনেক বেড়েছে। পুরনো দিন আর নেই। তারই ভয়েতে আমাদের মাননীয় ভোলাবাবু জিরো দেখছেন। আমি জানিনা তিনি মাইনাস জিরো দেখছেন কিনা। গ্রামাঞ্চলে জিরো কোথায় দেখছেন, কারা জিরো আমি বুঝিনা। আমি তাঁদের কাছে আবেদন করব গ্রামাঞ্চলের ক্ষেতমজুরদের সম্বন্ধে এ ধারণা রাখবেন না। ওঁরা বলেছিলেন জ্যোতিবাবুর পাড়ায় জনগণ নেই, আছে একমাত্র পুলিশ। গ্রামাঞ্চলের ক্ষেতমজুর বর্গাচাষি মার্জিনাল ফার্মার, স্মল ফার্মার এদের দিকে তাকান আজকে তারা কত আত্মসচেতন, কত আত্মবিশ্বাসী, আজকে তারা দাঁড়িয়েছে বামফ্রন্ট সরকারের সমস্ত বিষয়গুলিকে কার্যকর করতে। গ্রামাঞ্চলের এগুলিকে সমর্থন করুন। সেখানে আজ হতাশা কেটে গিয়ে মানুষ মনোবল ফিরে পেয়েছে, নিজের পায়ে জোর দিয়ে দাঁড়াবার চেষ্টা করছে। তাদের ছোট করে দেখবেন না, ছোট করে দেখলে ভুল করা হবে। আমি মাননীয় কাশীবাবুকে আবেদন করব গ্রামাঞ্চলের মানুষের চেতনা, এই যে মানুষের মর্যাদাবোধ একে ছোট করে দেখবেন না। এই শক্তির বিরোধিতা করবেন না। ঐ বন্ধুদের বলছি যে আমও খাব আবার দুধও খাব এ দুদিক চলবে না, একদিক নিতে হবে। বামফ্রন্টের বিরোধিতা করে স্বৈরাচারী শক্তিকে সমর্থন করলে তার ফল ভাল হবেনা। সাধারণ মানুষের জন্য বামফ্রন্ট সরকার যা করছেন সেগুলিকে সমর্থন করুন, সহযোগিতার হস্ত প্রসারিত করুন। জিরো কোথায় আমি বুঝিনা। মেডিক্যাল স্কুল হবে, কলেজ না হয়ে স্কুল হলে বিপদ হবে, আমি বুঝতে পারিনা— গ্রামাঞ্চলের মানুষ আমরা, যারা একটু ঔষধ পাব, ডাক্তার গেলে চিকিৎসা পাব। এরজন্য গ্রামের মানুষেরা অজস্র অভিনন্দন জানাবে বামফ্রন্ট সরকারকে। কিছু লোক সে কাজে বাধাসৃষ্টি করার চেষ্টা করছেন। আমরা লক্ষ্য করছি বড় বড় উকিল সবাই বিক্ষোভ জানাচ্ছে, কেন জানাচ্ছে, না গ্রাম পঞ্চায়েত হয়ে গ্রামের সমস্ত গন্ডোগোল পঞ্চায়েত মীমাংসা করে দিচ্ছে, বিশেষ মামলা আর কোর্টে উঠছে না। গ্রামাঞ্চলের মানুষ কাজকর্ম পাচ্ছে। যদি এক বছরের হিসাব নেওয়া যায় তাহলে দেখা যাবে বহু সংকট দূর হয়ে গেছে। সেজন্য বামফ্রন্ট সরকার গরিব মানুষের গ্রামের ক্ষেতমজুর এদের জন্য যেটুকু করতে চান তার চেষ্টা করছেন, এইগুলিতে বাধাসৃষ্টি করার জন্য অনেকে তৎপর হয়েছেন। আমি আবেদন করব আপনাদের কাছে মাননীয় বিরোধী সদস্যদের কাছে যে বামফ্রন্ট সরকার যেটুকু সুযোগ সুবিধা গ্রামের চাষি, ক্ষেতমজুর এদের দেবার জন্য চেষ্টা করছেন তার সঙ্গে সর্বতোভাবে সহযোগিতা করুন। ভুলত্রুটি নিশ্চয় থাকবে, এবং সেগুলি নিশ্চয় সংশোধন যোগ্য। আমি আশা করব আজকে পশ্চিমবঙ্গের শিক্ষার ক্ষেত্রে আমি দেখলাম যে আমাদের ভোলাবাবু তিনি রাজ্যপালের ভাষণের উপর গঠনমূলক সমালোচনা করবেন। কোন ক্ষেত্রে কি করা উচিত, কি করা যায়। তা না করে উনি আমাদের সহজপাঠ পড়ালেন। মাননীয়

দেবব্রত বাবু আমাদের ইংরাজি পড়ালেন। পাশ্চাত্য দেশে কোথায় ইংরাজি ভাষায় শিক্ষা দেওয়া হয় সে সম্বন্ধে জ্ঞান বিতরণ করলেন।

[3-50—4-00 P.M.]

আমরা গাঁয়ের মানুষ সাঁওতালীতে কথা বলি। আমাদের বিভিন্ন অঞ্চলে বিভিন্ন ভাষাভাষি মানুষ বাস করেন পশ্চিমবঙ্গের ২০ লক্ষ সাঁওতাল, তারা এখন থেকে তাদের নিজেদের হরপে শিক্ষার সুযোগ পেল। এরজন্য সরকারকে তাঁরা অভিনন্দন দিলেন না। ২০ লক্ষের মধ্যে ১৫ লক্ষ সাঁওতাল ক্ষেতমজুর। এই ক্ষেতমজুররা তাদের নিজস্ব হরপে লেখাপড়ার সুযোগ পাচ্ছে। সাঁওতালী ভাষায় আজকে সিলেবাস তৈরি হচ্ছে— এইসব জিনিস আগে ছিল না। হিন্দু, উর্দু, এবং সাঁওতালী এইসব বিভিন্ন ভাষাভাষীর মানুষ তারা মাতৃভাষায় প্রথম এবং ২য় শ্রেণী পর্যন্ত লেখাপড়া শিখবে তারজন্য সরকার এই বছরে ১ কোটি টাকার বই ছাপছেন। রাজ্যপাল তাঁর বক্তৃতায় ৩য় প্যারায় বলেছেন— ভারতবর্ষের পক্ষে সবচেয়ে বড় বিপদ হচ্ছে জাতীয় সংহতির প্রশ্ন। জাতীয় সংহতি যদি রক্ষা করতে হয় তাহলে বিভিন্ন ভাষাভাষী এবং শিক্ষার প্রতি সমান দরদ দেখাতে হবে। আমাদের জেলায় একটাও হিন্দী হাইস্কুল ছিল না, পরবর্তীকালে সেটা হয়েছে। এবং সেখানে বহু ছাত্রছাত্রী নিজেদের মাতৃভাষায় লেখাপড়া শিখবে। সরকার থেকে তাদের বই দেওয়া হয়েছে। এইসব কথা তাঁরা বলছেন না। অর্থাৎ মাতৃভাষায় পড়বার যে সুযোগ সেই সুযোগ পশ্চিমবাংলার এই সরকার মানুষের কাছে পৌঁছে দিতে চায়। কিছু বুদ্ধিজীবী সাময়িক ভাবে মানুষকে বিভ্রান্ত করতে পারে তা আমরা জানি। কিন্তু রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন যে, তাঁর সরকার দৃঢ়ভাবে মাতৃভাষায় প্রাথমিক স্তর পর্যন্ত শিক্ষা ব্যবস্থার চেষ্টা করছেন। আমি একে পূর্ণ সমর্থন জানাচ্ছি। দেব বাবু যা বললেন তাতে মনে হচ্ছে যে, বাংলাকে যেন ছোট করা হচ্ছে। কিন্তু তা নয়। যে কেউ ইচ্ছা করলে এম.এ. পর্যন্ত পড়াশুনা করতে পারেন কিন্তু বাধ্যতামূলক নয়। অর্থাৎ সেকেন্ডারী স্টেজের পর বা ১২ ক্লাসের পর যার যা খুশি সে তাই পড়তে পারবে সাইনস বা টেকনিক্যালে যেতে পারে, কিন্তু যদি কেউ মনে করে যে, আমি ভাষা শিখবো, তাহলে তার সে সুযোগ আছে। সরকার এই ব্যবস্থা তুলে দিচ্ছেন না। গ্রাজুয়েশন স্তরে শিক্ষার সুযোগ আছে এবং সেটা যে কোনও ভাষাই হতে পারে। সেই অনুযায়ী সিলেবাসও আছে। এ বিষয়ে সিলেবাস কমিটি কাউকে বাধ্য করছেন না যে, একটি বিশেষ ভাষাই শিখতে হবে। গ্রামাঞ্চলের ৭০ ভাগ মানুষ বাস করে সেখানে আমরা দেখেছি যে শিক্ষাকে গণমুখী করার প্রচেষ্টা হচ্ছে সেইজন্য প্রতি বছরে ১ হাজার করে প্রাইমারী স্কুল করা হচ্ছে। এই ভাবে প্রতি বছর জুনিয়ার হাইস্কুল এবং হাইস্কুল মিলিয়ে ২০০ থেকে ৩০০টি করে করা হচ্ছে। আমাদের পিছিয়ে পড়া এলাকায় যেখানে ২০।২২ টা করে ছেলে আসতো, আজকে সেসব জায়গায় ৭০।৮০।১০০।১৫০ ছেলে হচ্ছে। অর্থাৎ প্রচন্ড উৎসাহ গ্রামাঞ্চলের মানুষের মধ্যে সৃষ্টি হয়েছে। ত্রুটি নিশ্চয়ই আছে সময় মতো বই বিলি হচ্ছে পোযাক যাচ্ছে না, টিফিন যাচ্ছে না, সেগুলিকে সংশোধন আমাদের করতেই হবে। কিন্তু এটা ঠিক যে পশ্চিম বাংলার গ্রামাঞ্চলে শতকরা ৭০ ভাগ ঘরের ছেলেমেয়ে আজকে স্কুলে যাচ্ছে এবং অধিক

সংখ্যায় যাচ্ছে। এই ভাবেই শিক্ষার দিকে মানুষের ব্যাপক আগ্রহ দেখা দিয়েছে। সেইজন্য বলছি পশ্চিমবাংলায় আরও স্কুলের দরকার আছে, মিডিয়াম দরকার আছে, শিক্ষকেরও দরকার আছে। হোষ্টেলের দরকার আছে আরো বড় হোস্টেলের দরকার আছে। বিভিন্ন ধরনের যে সমস্ত সমস্যা আছে তা সমাধান করতে হবে এবং সরকার এরজন্য চিন্তা করছেন। শিক্ষা ক্ষেত্রে যে নৈরাজ্য ছিলো আজকে আর তা নেই। আগে যেখানে জুন মাসে পরীক্ষা হত এখন সেকেন্ডারী পরীক্ষা মার্চে এগিয়ে এসেছে। অনেক উন্নতি হয়েছে, আরো করা উচিত। মার্চের ৩-৪-৫-এ যদি পরীক্ষা হয় মে-জুন মাসের চেয়ে নিশ্চয়ই এগিয়ে যাচ্ছে। ত্রুটি বিচ্যুতি বোর্ড কাউন্সিলে থাকতে পারে কিন্তু সামগ্রিক ভাবে সরকার চিন্তা করছেন যাতে শিক্ষাকে গনমুখি করা যায়। গ্রামাঞ্চলে কৃষক বিশেষ করে ক্ষেতমজুর বর্গাচাষি বিগত ৩ বছরের মধ্যে একটা নূতন উৎসাহ উদ্দীপনা নিয়ে কর্মযজ্ঞে নেমেছে পঞ্চায়েতে কি হচ্ছে সেটা গ্রামে গিয়ে দেখুন। এক বছরের মধ্যে এক একটা গ্রাম পঞ্চায়েতে ত অন্ততপক্ষে ২০।২৫টা করে নূতন পুকুর তারা করেছেন, রাস্তা করেছেন, কালভার্ট করেছেন স্কুল করেছেন। কিন্তু এই সব তাঁরা দেখবেন না। এই ভাবেই গ্রাম পঞ্চায়েতগুলি মানুষের মধ্যে উৎসাহ ম্যান পাওয়ারকে জেনারেট করেছে। গ্রামে যে নূতন কর্ম উদ্দিপনা সৃষ্টি হয়েছে তাকে কাজে লাগাবার জন্য এই সরকার চেষ্টা করছেন। চিকিৎসা ক্ষেত্রে দেখছি কমিউনিটি হেল্‌থ কেয়ার, মেডিক্যাল স্কুল হতে চলেছে। এগুলি যাতে না হতে পারে তারজন্য যড়যন্ত্র হচ্ছে। সরকারের এই যে শুভ প্রচেষ্টা তাকে রূপায়িত করবার জন্য প্রত্যেক সদস্যের দায়িত্ব কর্তব্য আছে। রাজনৈতিক উদ্দেশ্যে যা ইচ্ছা বলতে পারেন কিন্তু কার্য ক্ষেত্রে রূপায়িত করার প্রচেষ্টাকে তাঁরা সাহায্য করবেন এই বিশ্বাস আছে সঙ্গে সঙ্গে এই কথা বলতে চাই যে সারা পশ্চিম বাংলায় মানুষ একটা দৃঢ় পদক্ষেপ নিয়ে এগিয়ে যাচ্ছে এবং শতকরা ৮০।৮৫ ভাগ মানুষ উৎসাহ উদ্দীপনা নিয়ে এগিয়ে যাচ্ছে এবং যাবে। এই আশা নিয়ে রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ সূচক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমি শেষ করছি।

[4-00—4-10 p.m.]

**ডাঃ বিনোদবিহারী মাজি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল এখানে যে ভাষণ দিয়েছেন এবং তাকে সমর্থন করে যে প্রস্তাব এসেছে আমি তার বিরোধিতা করছি। কারণ, আপনারা জানেন যে একটা রেকর্ড আছে, সেটার নাম হচ্ছে ভুলে ভরা কলকাতা, আর এই যে ভাষণ রাজ্যপাল দিয়েছেন এটা ভুলে ভরা ভাষণ, যত রকমের মিথ্যা কথা আছে সেই সমস্ত কথা এতে লিখিত আছে। আপনারা একটু আগেই শুনলেন, স্বাস্থ্যমন্ত্রী মহাশয় বললেন যে আমাদের প্রাইমারী স্কুলের ছাত্র-ছাত্রীদের স্বাস্থ্য পরীক্ষা করবার জন্য ব্যবস্থা আছে, ডাক্তার নিযুক্ত আছে। কিন্তু প্রত্যেক সদস্য বললেন এইরকম ব্যবস্থার কথা কোনওদিন শুনিনি, আমরা দেখিনি যে তাদের স্বাস্থ্য পরীক্ষা করা হয়। ইলেকট্রিক লাইট আছে, জেনারেটার আছে কিন্তু আলো জ্বলে না। রোগী আছে, ওযুধ মেলে না। হাসপাতাল আছে, ডাক্তার মেলে না। এত ভুলে ভরা এই ভাষণ। আজকে বামফ্রন্ট সরকারের অনেক

গুনগান করেছেন মাননীয় রাজ্যপাল। কিন্তু প্রকৃতপক্ষে কেউ যদি গ্রামে যান তাহলে দেখবেন বিভিন্ন যেসব প্রকল্প গ্রহণ করেছেন, যেসমস্ত পরিসংখ্যান দিয়েছেন সমস্ত ভুল। বামফ্রন্ট সরকারকে বাঁকুড়ার লোক বলে দলবাজি সরকার, সরকারের প্রত্যেকটি দপ্তরে দলবাজি হচ্ছে। মাননীয় রাজ্যপালের ভাষণে দেখলাম যে স্বাস্থ্য দপ্তর সম্বন্ধে তিনি বিশেষ কিছু বলেননি, খালি বলেছেন স্বাস্থ্য দপ্তরের প্রভূত উন্নতি করা হচ্ছে। সব থেকে বেশি জোর দেওয়া হয়েছে ৩ বছরের ডিপ্লোমা কোর্সের উপর। এই ডিপ্লোমা কোর্সের উদ্বোধন করবার জন্য মাননীয় স্বাস্থ্য মন্ত্রী, মুখ্যমন্ত্রী, উচ্চ শিক্ষা মন্ত্রী, প্রত্যেক মন্ত্রীরা সেখানে যাচ্ছেন, বহু টাকা খরচ হচ্ছে। এই খরচ কমিয়ে উদ্বোধন সাড়ম্বর না করে সেই টাকাটায় যদি ওষুধ কিনে দেওয়া হত তাহলে জন স্বাস্থ্যের উন্নতি হত। আপনারা বলেন প্রত্যেকটা খবরের কাগজের ত্রুটি আছে, আনন্দবাজারের ত্রুটি আছে, গণশক্তি কাগজ সত্য কথা লেখে। সেখানে খবরের কাগজে জনস্বাস্থ্যের কি অবস্থা হয়েছে লিখেছে। আপনাদেরই প্রধান বলেন স্বাস্থ্য দপ্তর আছে বলে মনে হয় না। আজকে বাঁকুড়া হাসপাতালে আমরা দেখছি একটা বেডে ২ জন পেসেন্ট আছে বিশেষ করে ডেলিভারি কেসে। একটা বেড কতটা চওড়া সেটা আপনারা জানেন, সেখানে কি করে দু'জন রোগী থাকতে পারে। সেখানে ওষুধ নেই। প্রাইমারী হেল্‌থ সেন্টার থেকে ১ হাজার টাকা রিকুইজিসন করছে, পাচ্ছে ২০০ টাকা, তাও চুরি হচ্ছে। আমি জানি বাঁকুড়া জেলা হাসপাতালের আশেপাশে এবং প্রাইমারী হেল্‌থ সেন্টারের আশেপাশে বহু কোয়াকের সৃষ্টি হয়েছে। এই কোয়াকরা হাসপাতাল থেকে যে ওষুধ চুরি হয় সেই ওষুধ সস্তা দরে কিনে নেয়। এইভাবে কোয়াকদের দিন চলে। আপনারা এই চুরি বন্ধ করতে পারছেন না কেন? আপনাদের সেই ক্ষমতা নেই, আপনারা চুরি বন্ধ করতে পারবেন না। আজকে ৩ বছরের যে ডিপ্লোমা কোর্স করেছেন তাতে আপনারা বলছেন ৩ বছর পরে ডাক্তার গ্রামে যাবে এবং ৫ বছর চিকিৎসা করবে।

আপনাদের অধীনে যে সমস্ত ডাক্তাররা চাকুরি করছেন তাঁদের যদি আপনারা অন্য কোথাও ট্রান্সফার করেন বা তাঁদের যদি গ্রামে গিয়ে ৪/৫ বছর কাজ করতে বলেন তাহলে তাঁরা সেটা মানেননা এবং আমরা দেখেছি আপনাদের কোনও ক্ষমতা নেই তাঁদের দিয়ে সেকথা শোনাতে পারেন। হাউস সার্জন হিসেবে যদি প্রাকটিক্যাল এক্সপেরিয়ান্স না থাকে তাহলে সে ভাল ডাক্তার হতে পারেনা। কিন্তু আপনারা কি করছেন? ৩ বছরের ডিপ্লোমায় ডাক্তারী পাশ করবার পর তাদের গ্রামে পাঠিয়ে দেবেন এবং আমরা দেখব তাঁরা একজন এক্সপেরিয়ান্সড কোয়াক হবেন, খারাপ চিকিৎসা করবেন। কাজেই আমি মনে করি এই ৩ বছরের ডিপ্লোমা কোর্স ভাল ফল দেবেনা। যদি কারুর জ্বর হয় তাহলে সেখানে ক্লোরাম ফেনিকল দেবে, না এনট্রামাইসিটিন দেবে, না ক্লোরোমাইসিটিন দেবে সেটা লেখা থাকেনা। কোনটা ভাল ঔষধ, কোন ঔষধে ভাল কাজ করে সেটা ডাক্তারবাবু-রা তাঁদের অভিজ্ঞতা থেকে জেনে নেন। কাজেই আপনাদের এই ৩ বছরের কোর্সে যাঁরা পাশ করছেন তাঁরা যদি হাউস সার্জন হিসেবে বা ইনটার্নী হিসেবে না থাকেন তাহলে আপনারা তাঁদের দিয়ে যে আশা পোষণ করছেন সেটা পূর্ণ হবেনা। আপনাদের আশা শুধু দুরাশাই হবে। তারপর বহু হৈ চৈ করে আপনারা অপারেশন বর্গা করলেন এবং বললেন ১০ লক্ষ একর জমি নথিভুক্ত

করা হয়েছে এবং একথাও বললেন ৫৬ পারসেন্ট জমি শিডিউল কাস্ট এবং শিডিউল ট্রাইবসদের দেওয়া হয়েছে। কিন্তু আপনারা জানেন না আমাদের দলের লোক না হলে প্রকৃত বর্গাদার হলেও শিডিউল কাস্ট হলেও তাদের উচ্ছেদ করা হচ্ছে। আমরা দেখেছি হাইকোর্টের ইনজাংশন বর্গাদারের পক্ষে থাকা সত্ত্বেও তাকে উচ্ছেদ করা হয়েছে। গতকাল ভোলা বাবু এ সম্পর্কে অনেক কথ্য দিয়েছেন। কাজেই বলা যায় আপনারা আইনকে অমান্য করছেন। কিছুদিন আগে প্রাক্তন এম.পি. শ্রী বিজয় মন্ডল হাইকোর্ট থেকে ইনজাংশন পেলেন। কিন্তু তারপর তিনি যখন তাঁর নিজের জমিতে ধান কাটতে গেলেন তখন লাঠি, সোটা নিয়ে তাকে আক্রমণ করা হল। এবং তার মাথায় আঘাত করা হল। তিনি মুখ থুবড়ে পড়ে গেলেন, এবং দেখে মনে হয়েছিল তিনি মৃত। বিজয় বাবুকে যে মেরেছিল সে যাতে জামিন না পায় তার জন্য চেষ্টা করা হয়েছিল কিন্তু দেখা গেল সে জামিন পেল এবং তার গলায় ফুলের মালা দিয়ে তাকে নিয়ে যাওয়া হল। প্রসেসনের দৃশ্য দেখে মনে হচ্ছিল যেন কতবড় একটা বিজয় করে এসেছে। স্যার, আইন শৃংখলার প্রশ্ন যখনই আসে তখনই মুখ্যমন্ত্রী বলেন আমাদের এখানকার আইন শৃংখলার অবস্থা অপেক্ষাকৃত ভাল।

[4-10—4-20 p.m.]

খারাপ নিশ্চয়ই, অপেক্ষাকৃত কিছু ভাল আইনশৃঙ্খলা কি করে বলব? আজকে আপনি কি ওয়েস্ট দিনাজপুরে ইসলামপুরের ঘটনা ভুলে গেছেন? সেখানে প্রকাশ্য দিবালোকে গ্রামে পুলিশ পেট্রোল দিয়ে জ্বলিয়ে দিল, প্রকাশ্য দিবালোকে লোকদের মারধোর করল? বাঁকুড়ার গঙ্গা ঘাঁটিতে একজন লোককে প্রকাশ্যে রাত্রিবেলায় খুন করল, কোর্টে নাম করা হল, অ্যাসেম্বলিতে বলা হল, কিন্তু আজ পর্যন্ত সেই খুনীদের কিছু হয়নি। প্রতিদিন খবরের কাগজে দেখবেন কোথাও চুরি হচ্ছে, কত জায়গায় হচ্ছে, এই কলকাতার বুকে প্রকাশ্য দিবালোকে ছিনতাই হচ্ছে, ট্রেনে ডাকাতি হচ্ছে, আইন শৃঙ্খলা এর পরেও কি বলতে হবে সুন্দর আছে, অটুট আছে? আজকে যে এই অবস্থা চলছে একথা কি অস্বীকার করতে পারেন? পারেননা। গ্রামে গঞ্জে সর্বত্র মানুষের মনে সন্ত্রাসের ভাব সৃষ্টি হয়েছে। আজকে উনি বলেছেন আইন শৃঙ্খলা সুন্দর আছে। কোনও কিছু বললে চীফ মিনিস্টার বলেন স্পেসিফিক কেস দিন, কেস্ অনেক দেওয়া হয়েছে, কোনও তদন্ত হয়নি, কোনও দিন হবেনা, সবাই জানে যে কোনও দিন তদন্ত হবেনা। তবুও বলতে হবে, উপায় নাই, কিছু হবেনা, শাস্তি হবেনা। পুলিশ এদের কথায় চলছে। পুলিশ সম্বন্ধে অনেক রকম প্রবাদ আছে পুলিশ, তুমি কার, টাকা যে দেয় তার, ঘুস যে দেয় তার, আর সরকারের। এই দুটি দিকেই কাজ করছে। আপনাদের কথায় উঠছে বসছে। আইন শৃঙ্খলার কথা বলেও কিছু হবেনা, তবু বলতে হচ্ছে। মুখ্যমন্ত্রীর তিনটি দপ্তরই সমান, বিদ্যুত দপ্তরে কি অবস্থা। সকালবেলায় কত ঘাটতি, সন্ধ্যা বেলায় কত ঘাটতি। পল্লী গ্রামে লাইট কখনও সন্ধ্যা বেলায় যায়না, রাত্রি ছাড়া কোনও দিন সেখানে লাইট পাওয়া যায়না। লজ্জার কথা, লোড শেডিং শাড়ি, লোড শেডিং জামা পর্যন্ত বেরিয়ে গেল। লজ্জার বালাই নেই এতে করেও। পঞ্চায়েতের গুনগান

করলে উনি খুব গর্ব করেন। একেবারে গ্রামে গ্রামে আলোড়নের সৃষ্টি করে দিয়েছেন, সেখানে কর্ম যজ্ঞ আরম্ভ হয়ে গেছে। পঞ্চায়েতে কি হচ্ছে জানেন? জানেননা। বাঁকুড়াতে যেখানে এত মাটি কাটলে এত গম ইত্যাদি দেওয়া হবে, সেখানে বলে চাঁচাছুলা প্রকল্প আর বর্ধমানে বলে পার্টি প্রকল্প। এই নাম কেন হল? বাঁকুড়াতে যেখানে মাটি কাটার কথা নির্দিষ্ট পরিমাণে সেখানে যদি ঘাস তুলে দেয়, তাহলেই হল, সেজন্য হল চাঁচাছুলা প্রকল্প। আর বর্ধমানে যা কিছু দেবার সবই পার্টিকে দিয়ে দিচ্ছে, সেজন্য সেখানে নাম হয়েছে পার্টি প্রকল্প, গম ইত্যাদি সবই পার্টির লোককেই দেওয়া হচ্ছে। দলবাজি হচ্ছে সর্বত্র। মিনিকীট চালু হয়েছে কিন্তু সেসব পাচ্ছে কারা? মিনিকীট সম্বন্ধে সার্কুলার গেছে, আমি পঞ্চায়েত সমিতিতে উপস্থিত ছিলাম, প্রশ্ন করেছিলাম, এই সব পাচ্ছে কারা, কিভাবে বিলি হচ্ছে? সভাপতি মহাশয় উত্তরে বললেন আইন অনুযায়ী হচ্ছে, আমাকে দেখালেন। আমি দেখেছি সমস্তই ওদের দলের লোক পাচ্ছে, যে পঞ্চায়েতে ওদের দলের লোক নাই, সেখানে গ্রাম পঞ্চায়েত প্রধানেরা জানতে পারছেনা, তাদের তালিকা অনুযায়ী ঘর নির্মাণ হচ্ছেনা, মিনিকীট বিলি হচ্ছেনা। যেখানে ওঁদের দলের লোক সেখানে মিনিকীট বিলি করছে। ভুরি ভুরি কমপ্লেন আছে যা কমপ্লেন করেও তার কোনও সুরাহা পাওয়া যায় না। সার্কুলার কি ছিল? Agricultural Extension Officer will prepare the list of the beneficiaries and it will be placed before the Panchayat Samity for approval. আমি যখন অফিসারের কাছে গিয়ে বললাম আপনার তো এই অর্ডার আপনি লিস্ট করছেন না কেন? তিনি বললেন কি লাভ হবে আমি অনেকবার লিস্ট করেছি কিন্তু ওনারা তা কেটে দিয়ে সম্পূর্ণ নিজেদের ইচ্ছামতো লিস্ট করছে। এইভাবে কাজ চলছে। আমাদের সময়ে কি হয়েছে আমরা একটা নীতি নিয়ে চলেছি। পরিষ্কার গভর্নমেন্টের অর্ডার ছিল যে গ্রাম পঞ্চায়েতের সভ্য বা তাঁর আত্মীয় পে মাস্টার হতে পারবেন না। ওনারা তার উল্টো নীতি অবলম্বন করেছেন। গ্রাম পঞ্চায়েতের সদস্য বা তাঁর আত্মীয় বা দলের ক্যাডার ছাড়া অন্য কেউ হতে পারবেন না। যদি একটা গ্রামের হাজার লোকের মধ্যে ৯৯৯ জন লোক বলে যে কাজটা ওকে দেওয়া হোক তাতে কাজ হবে না বাকি যে একজন ক্যাডার তিনি সেই কাজ পাবেন। আপনারা হয়তো জানেন যে বাঁকুড়া জেলায় তিন জন গ্রাম পঞ্চায়েতের প্রধান অ্যারেস্টেড হয়েছে এবং তা আমাদের কমপ্লেনে নয় তাদেরই অন্তর্দ্বন্দের জন্য তিন জন গ্রাম পঞ্চায়েতের প্রধান কারাবরণ করেছেন। এই রকম দুর্নীতি সর্বত্র হচ্ছে। আপনারা হেসে উড়িয়ে দিতে পারেন কিন্তু এটাই হল বাস্তব ঘটনা। আমি পল্লীগ্রামে গ্রাম পঞ্চায়েতে কি রকম দুর্নীতি দলবাজি হচ্ছে সে সম্বন্ধে একটি গল্প আপনাদের শোনাচ্ছি। এফ.এফ.ডবলিউ-এর কাজে দুর্নীতি এবং দলবাজি হচ্ছে তাই দেখে গ্রামের ছেলেরা বি.ডি.ও-র কাছে কমপ্লেন করলেন। বি.ডি.ও. বললেন এমন কোনও আইন নেই যে আমি তদন্ত করতে পারি। তখন তারা এস.ডি.ও-র কাছে গেলেন এস.ডি.ও. বললেন আমি অসহায় তারপর তারা ডি.এম-এর কাছে গেলেন ডি.এম বললেন আমি নিরুপায়। তখন গ্রামের এক বৃদ্ধ বললেন যে গ্রামপঞ্চায়েতের বাবাকে বলে দেখ দেখি। গ্রাম পঞ্চায়েতের বাবা পঞ্চায়েত সমিতিকে বলায় পঞ্চায়েত সমিতি বললেন আমার ছেলে দুর্নীতি দলবাজি করছে আচ্ছা আমি ধমকে দেবো আর যাতে এ কাজ না করে। পরে দেখা গেল সেই দলবাজি দুর্নীতি চলছে। তখন

পঞ্চায়েত সমিতির বাপের কাছে গেল। সভাধিপতি জেলা পরিষদ তার নাতি গ্রাম পঞ্চায়েতকে ডেকে বললেন ভাই এ কি সব শুনছি। তুমি নাকি এফ.এফ.ডবলিউতে দলবাজি দুর্নীতি করছো। গ্রাম পঞ্চায়েত, নাতি বললো তাই কি হয় দাদু আমি একটু খেয়ে দেয়ে মোটা হয়েছি টেরিলিন টেরিকট জামা পরছি তাই না দেখে শত্রুপক্ষ কুৎসা রটাচ্ছে। ঠিক আছে তুমি এই রকম কোরো না। দলবাজি দুর্নীতি চলতেই লাগলো। তখন তারা জেলা পরিষদের বাবা অর্থাৎ বামফ্রন্ট সরকারের কাছে গেল। অনেক বয়স হয়েছে পক্ষাঘাতগ্রস্ত বিছানাগত বিছানাতেই পাইখানা করে প্রশ্রাব করছে চোখে কম দেখে কানে কম শোনে, খুব চিৎকার করে লাউড স্পিকার দিয়ে কানের কাছে গিয়ে ছেলেরা বলল যে আপনার ছেলের নাতি গ্রামপঞ্চায়েতে দুর্নীতি দলবাজি করছে। বহুক্ষণ পরে বলল যে কে আবার চক্রান্ত করছে সেন্টারের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করো। তখন আরও চীৎকার করে বলার পর উনি বললেন যে এও কি হয় আমার বংশে দুর্নীতিপরায়ণ দলবাজ লোক জন্মগ্রহণ করতে পারে না।

[4-20—4-30 p.m.]

**শ্রী অরবিন্দ ঘোষাল ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, বিনোদবাবুর বক্তৃতা শুনে মনে হল সেক্সপিয়ারিয়ান ট্রাজেডিতে মাঝে মাঝে ইন্টারলিউড দিতেন কিছু কমিক কারেকটার যাতে করে দর্শকদের উত্তেজনা কিছুটা শিথিল হয়ে যায়— সেই জন্য গুরুত্বপূর্ণ বিষয় সম্বন্ধে মাঝে মাঝে এই রকম কমিক বক্তৃতা দরকার। মাননীয় অধ্যক্ষ মহোদয়, রাজ্যপালের ভাষণের মধ্যে আমাদের ৩।। বছরের কাজের তথ্যবহুল চিত্র আঁকা হয়েছে, এর আগে কোনও রাজ্যপালের ভাষণে এই রকম চিত্র পাওয়া যায়নি। সমস্ত বিভাগের তথ্যগুলিই আঙ্গিক হিসাবে দেওয়া হয়েছে, যাতে করে আমাদের নীতির সমর্থক এবং বিরোধীরা প্রত্যেকেই কাজের মূল্যায়ন করতে পারেন। সেইজন্য যেসব মাননীয় সদস্যরা বক্তৃতা দিয়েছেন তাদের এই রাজ্যপালের ভাষণটি ভাল করে পড়া উচিত ছিল। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের এই স্বল্প শাসনকালের মধ্যে আমরা যেটুকু করতে পেরেছি তার ইতিহাস এবং ভবিষ্যতে আমরা যা করার বাসনা রাখি তারই ইঙ্গিত রাজ্যপালের ভাষণের মধ্যে আছে। একটি কথা আমাদের চিন্তা করতে হবে যে পশ্চিমবঙ্গকে কি আমরা সারা ভারতবর্ষের প্রেক্ষাপট থেকে আলাদা করে নিতে পারি? সারা ভারতবর্ষের অন্য রাজ্যে, কেন্দ্রে যে ঘটনা ঘটছে প'শ্চিমবঙ্গ সরকারের নীতি যতই উন্নত মানের হোক না কেন, তাদের পরিচালকবর্গ যতই অনেস্ট হোক না কেন, সারা ভারতবর্ষের যা অবস্থা তার থেকে তারা কি আলাদা নতুন অবস্থা সৃষ্টি করতে পারেন এই কথা নতুন করে চিন্তা করার প্রয়োজন হয়েছে। আমরা যদি সারা ভারতবর্ষের দিকে তাকিয়ে দেখি তাহলে কি দেখব? ১৯৭১ সালে শতকরা ৫০ ভাগ লোক দারিদ্র সীমার নিচে ছিল, ১৯৭৭ সালে সেটা ৬০ ভাগ দাঁড়িয়েছে, ১৯৭৯ সালে সেটা ৭০ ভাগে দাঁড়িয়েছে। দারিদ্র সীমার নিচে বাস করা মানুষের পরিধি ক্রমশ বেড়েই চলেছে। ১৯৭৭ সালে মালিক শ্রেণী, শিল্পপতি শ্রেণীর সম্পদের পরিমাণ ৩ হাজার কোটি টাকা থেকে বেড়ে ৪ হাজার কোটি টাকার উপর দাঁড়িয়েছে। তাহলে কি বলব যে

কংগ্রেস সরকার সমাজতন্ত্রের কথা বলেন সেই নীতিতেই আমরা চলেছি? ১৯২৯ সালে লাহোর কংগ্রেসে পন্ডিত জহরলাল নেহেরু বলেছিলেন India is to go to the socialist way if she wants to do or away with inequality and poverty. ১৯৪৭ সালের ১৫ই আগস্ট তিনি বললেন time has to redeem our sacred pledge. কিন্তু পরে কি দেখছি? তারই উত্তরাধিকারীর রাজত্বকালে তিনি কি বললেন? 'গরিবী হঠাও'- তার মধ্যে দেখলাম দারিদ্র সীমার পরিধি বেড়েছে। অন্য দিকে মুষ্টিমেয় কয়েকজন সম্পদশালীর সম্পদের পরিমাণ বেড়েছে। এটাই কি সমাজতন্ত্র, এই কি সমাজতন্ত্রের পথ? আর উন্নতি মূলক কাজ কোনও হয়নি. এই নিয়ে বহু অভিযোগ করা হয়েছে। উন্নতিরমূলক কাজ কি এমনি করা যায়? তার জন্য অর্থ চাই। আমাদের অর্থ নেই। কেন্দ্রের হাতে সমস্ত সম্পদ কেন্দ্রীভূত হয়েছে। তাছাড়া অর্থ সংগ্রহ করার কোনও আইন আমাদের হাতে নেই। সেইজন্যই আমরা বারবার একথা বলে এসেছি যে রাজ্যের হাতে অধিক ক্ষমতা চাই— হয় অর্থ দেওয়া হোক আর না হয় অর্থ সংগ্রহ করতে দেওয়া হোক। এটা না করা হলে আমাদের উপর অন্যায় করা হবে, আমাদের রাজ্যের উন্নতিকে আটকে দেওয়া হবে, রাজ্যের সমস্যার সুরাহা হবে না। এই প্রসঙ্গে আমরা বলি, ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমরা ৪ হাজার ৯১৭ কোটি টাকা চেয়েছিলাম এবং বার্ষিক যোজনায় ৭৬৭ কোটি টাকা চেয়েছিলাম যদিও এটা আমাদের প্রকৃত চাহিদার তুলনায় কম কিন্তু তবুও আমরা দেখলাম আমাদের দেওয়া হল ৩ হাজার ৬৬০ কোটি টাকা এবং বার্ষিক যোজনার জন্য দেওয়া হ'ল ৬৭০ কোটি টাকা। শুধু আমাদের নয়, আমরা দেখছি সমস্ত পূর্বাঞ্চলকেই অবহেলা করা হয়েছে। কিন্তু তবুও আমরা আমাদের মতন বিচ্ছিন্নতাবাদ প্রশ্রয় দিইনি, দেবনা। তারপর ওঁরা পঞ্চায়েতে দুর্নীতির কথা বলেছিল। কে বলেছে পঞ্চায়েত একেবারে দুর্নীতিমুক্ত? যেখানে দুর্নীতির অভিযোগ পাওয়া গিয়েছে সেখানেই ব্যবস্থা নেওয়া হয়েছে। আমরা বক্তৃতার মাধ্যমে জানতে পারলাম অমুক পঞ্চায়েতের অমুককে ধরিয়ে দেওয়া হয়েছে—নিশ্চয় ধরিয়ে দেওয়া হবে যদি অন্যায় করে থাকে, এটাকে আমরা সমর্থন করি। কিন্তু এসব সত্ত্বেও এটা আপনারা জানবেন, সমীক্ষায় জানা গিয়েছে পঞ্চায়েত সদস্যের মধ্যে ৮০ ভাগ মানুষ হচ্ছেন সাধারণ কৃষিজীবী. জেলে, ছোট দর্জি ইত্যাদি। আজকে তারা নিজেদের ভাগ্য তথা গ্রামের ভাগ্য গড়ে তোলার সুযোগ পেয়েছেন, তাকে নিয়ন্ত্রন করার সুযোগ পেয়েছেন। আজকে যে সুযোগ তারা পেয়েছেন সেই সুযোগ পাবার জন্য নিশ্চয় ঐ উপরতলায় যারা বসে আছেন তাদের গায়ে তা লাগছে। আজকে আমি এই প্রসঙ্গে একথাটা বলতে চাই যে দেশের ঐ সর্বনিম্ন স্তরের লক্ষ লক্ষ কোটি কোটি মানুষের স্বার্থে আমরা যে নীতি পরিচালনা করছি সেই নীতির জয় একদিন হবেই। এতবড় কাজে দু/চারটি দুর্নীতি হতে পারে কারণ এই সমাজ দুর্নীতিমুক্ত নয়। গত ৩৩ বছর ধরে কংগ্রেসি সরকার দেশের শাসন ব্যবস্থা যেভাবে পরিচালিত করে এসেছেন এবং দুর্নীতিকে যেভাবে প্রশ্রয় দিয়ে এসেছেন সেই সমাজ ব্যবস্থাকে কি একদিন/দুদিনে পাল্টানো যায়। আমরা দেখেছি, গত ৩৩ বছর ধরে কংগ্রেসি সরকার দুর্নীতিকে প্রশ্রয় দিয়ে, গুন্ডামী, রাহাজানিকে প্রশ্রয় দিয়ে সমাজের মেরুদন্ডকে ভেঙ্গে দিয়েছেন, সেই অবস্থার পর মাত্র তিন বছরের রাজ্য শাসনের মধ্যে দিয়ে কোনও

একটি রাজ্যের সরকারের পক্ষে সেই ভাঙ্গা মেরুদন্ডকে আবার খাড়া করে দেওয়া কি সম্ভব? কিন্তু তবুও আমরা চেষ্টা করে যাচ্ছি এবং আশা করছি আমরা আমাদের কাজকে চালিয়ে নিয়ে যেতে পারব। এরা বলেছেন শিল্পে বা কলকারখানায় শান্তি নেই, কারখানা বন্ধ হয়ে যাচ্ছে। কারা বন্ধ করছে? তাদের অভিভাবক কে? কারা শিল্পপতিদের বা মালিকদের প্রশ্রয় দিয়ে মাথায় তুলেছে? এই যে চটকল, সুতাকলে লক আউট করা হচ্ছে এখানে আইন থাকা সত্ত্বেও পশ্চিমবঙ্গ সরকারকে নোটিশ দেওয়া হয়না কিন্তু তারজন্য তাদের কিছু করাও যায়না। কাদের প্রশ্রয়ে তারা এসব করে যাচ্ছে সেটা আপনারা ভালোই জানেন। ঐ কেন্দ্রের কংগ্রেসি নেতারা, যারা উপরতলায় বসে আছেন তাদের কাছ থেকে এরা প্রশ্রয় পাচ্ছে যারজন্য পশ্চিমবঙ্গ সরকারকে তোয়াক্কা না করে যা ইচ্ছা করে যাচ্ছে। সি.বি.আই-এর এমপ্লয়ীদের ক্ষেত্রে আমরা কি দেখলাম? যে ভাবে কেন্দ্রীয় সরকার তাদের ছাঁটাই করেছেন তাতে গত সপ্তাহে আমরা শুনেছি সুপ্রীমকোর্টের প্রধান বিচারপতি বলেছেন, যেভাবে কেন্দ্রীয় সরকার বিনা কারণে, বিনা নোটিশে এইসব এমপ্লয়ীদের ছাঁটাই করেছেন সেখানে তাদের পরিবারের লোকরা কি অনাহারে মরবে, তাদের স্ত্রীরা কি বেশ্যাবৃত্তি করতে বেরুবে? এইসব কথা একজন প্রধান বিচারপতি কেন্দ্রীয় সরকারকে বলেছেন। এইভাবে আমরা দেখেছি, ঐ শিল্পপতিরা, মালিকরা যারা শ্রমিকদের উপর অত্যাচার করে তারা প্রশ্রয় পায় ঐ কেন্দ্র থেকে। কাজেই এরজন্য শুধুমাত্র পশ্চিমবঙ্গ সরকারকে দায়ী করলে চলবে না।

[4-30—4-40 p.m.]

তাছাড়া দাম বাড়া সম্পর্কে খুব অভিযোগ ট্রামে-বাসে শুনা যায়। এর জন্য কে দায়ী? যে কালো টাকার বাজার আজকে চলছে, যে কালো টাকার ব্যবসা চলছে, আমরা বলেছিলাম যে ঐ বন্ড কিনে এবং সেই বন্ড বিক্রয় করে কালো টাকা বন্ধ করা যাবেনা। কালো টাকার বাজারে এত ইনকাম এবং সেই কালো টাকার বাজারে কেন্দ্রীয় সরকার হস্তক্ষেপ করেন নি এবং তার ফলে সেই বাজারের যে মুনাফা সেটা বন্ধ করা যাবেনা ঐ বন্ডের কয়েক পারসেন্ট সুদ নিয়ে। সে জন্য আজকে কালো টাকার বাজার বন্ধ হয়নি এবং কালো টাকার বন্ডও বিক্রয় হয়নি। চরণ সিং বলেছিলেন, আমরা যে বাজেট করেছি তাতে দাম টাকায় ৮ পয়সা বাড়বে। অথচ আমরা দেখছি যে শত টাকায় ২০ টাকা বাড়ছে এবং আজকে তার পরিমাণ আরো বাড়ছে, কারণ সেই একই নীতি। চরণ সিংয়ের নীতির পরিবর্তন আজও ঘটেনি এবং যার ফলে কোনদিন জিনিস পত্রের দাম কমবে না। আমরা যে পলিসি দিয়েছি, সেটা হচ্ছে সমস্ত নিত্য প্রয়োজনীয় জিনিস পত্রের সর্ব ভারতীয় ভিত্তিতে সংগ্রহ এবং বন্টন করতে না পারলে দাম বাড়ার কোনও রকম সুরাহা কোনওদিন করা যাবেনা। কিন্তু সে কথা কেন্দ্রীয় সরকার মানতে রাজি নয়। সর্বশেষে এই কথা বলব যে ভাষা নিয়ে নানা রকম কথা উঠেছে। প্রাথমিক স্তর থেকে ইংরাজি তুলে দেওয়া হচ্ছে। আমার মনে আছে ১৯৩০ সালে আমরা জেলে গেছি 'আ মরি বাংলা ভাষা' বলে গান গাইতে গাইতে। আজকে অদ্ভুত ব্যাপার দেখছি। বুদ্ধিজীবীদের এক অংশ এর পরিবর্তন চাইছেন। আমি জানি কিছু বুদ্ধিজীবী আছেন, যারা হয়ত প্রধান বিচারপতির পদ থেকে অবসর গ্রহণ করে কংগ্রেসের তখতে

যেতে চান, তারা এটা করতে পারেন। কিন্তু যারা সত্যিকারের সাহিত্যিক, সত্যিকারের বুদ্ধিজীবী, ডঃ নিহাররঞ্জন রায়, ডঃ সুকুমার সেন, যাঁরা আমাদের মাস্টার মশাই, তাদের আমরা শ্রদ্ধা করেছি, তাঁদের কাছে দিনের পর দিন শিখেছি; তাঁরা বলতেন বাংলা সাহিত্য, বাংলা চলন, বাঙালির মতো জীবন যাপন কর, আজকে তাঁরা ইংরাজির জন্য আন্দোলন করছেন কেন আমি বুঝতে পারছি না। বুদ্ধদেব বসু, তিনিও বলতেন, তাঁরও আমি ছাত্র ছিলাম, তাঁর বাড়িতে বহুবার গেছি। তিনি বলতেন, আমি কেন ইংরাজি ভাল জানি জানিস, কারণ আমি বাংলা ভাল জানতাম। ঢাকায় যখন পড়তাম তখন থেকে ইংরাজি ভাল জানি। কিন্তু আজকে আশ্চর্য হয়ে গেলাম সেই গুরুপত্নী, আশা দেবীকে আন্দোলনে অংশ গ্রহণ করতে দেখে। আমি মনে করি তাঁরা বুঝতে পারেন নি। এই জিনিস আমরা বুঝব, আমরা যারা রাজনীতি করি। এই আন্দোলনের পিছনে মুসলীম লীগ, জনতা পার্টি, কংগ্রেস (আই), কংগ্রেস (ইউ) ইত্যাদি সকলের একটা মিলিত অদ্ভুত সংযোগ রয়েছে এবং তার যে চক্রান্ত চলেছে, সেই চক্রান্তে তাঁরা শিকার হয়েছেন। আমি তাদের এই বিষয়ে অবহিত হতে বলি। আমি মনে করি এইসব বুদ্ধিজীবী, যাঁরা সত্যিকারের সাহিত্যিক, যাঁরা সারা জীবন ধরে সাহিত্যের সাধনা করেছেন, রবীন্দ্রনাথ— স্যার আশুতোষ কি বলেছিলেন? স্যার আশুতোষের সময় বাংলা ভাষা নিয়ে বহু বাধার সৃষ্টি হয়েছিল এবং তাঁর ভাইস চ্যান্সেলর পদে থাকা কালীন যে সব গ্রাজুয়েট হয়েছিল তাদের সম্পর্কে বহুবিধ আলোচনা হয়েছিল। কিন্তু তিনি সাহস দেখিয়েছিলেন। এই সমস্ত সত্ত্বেও বাংলা ভাষাকে এম.এ পর্যন্ত নিয়ে গিয়েছিলেন। কাজেই স্যার আশুতোষ, এমন কি সত্যেন্দ্রনাথ বোস গর্জে উঠতেন যে কেন বাংলায় হবেনা। তাঁদের বক্তৃতায় তাঁরা বলতেন যে বাংলা ভাষায় কেন বিজ্ঞান বই লেখা হয়নি, কেন সম্ভব নয়, কেন হবেনা। অন্য ভাষায় যদি বিজ্ঞান হতে পারে তাহলে বাংলা ভাষায় কেন বিজ্ঞান হবেনা। অতএব সেই বাংলায় বিজ্ঞান অনুদিত হওয়া উচিত। এই সব মানুষ তাঁরা বলবেন যে যদি প্রাথমিক জ্ঞান না হয়, যদি বাংলা ভাল করে না শেখে তাহলে অন্য ভাষা আমাদের ভাল করে দখল হবেনা। রবীন্দ্রনাথ বিলেতে এক ভদ্রলোকের সঙ্গে কথা বলছিলেন। রবীন্দ্রনাথ বাংলায় বলছিলেন এবং সেই ভদ্রলোক ইংরাজিতে বলছিলেন। রবীন্দ্রনাথ সেই ভদ্রলোকের কথা শুনে বললেন উনি ভাল ইংরাজি বলতে পারলেন না, কারণ উনি ভাল বাংলা জানেন না। কাজেই দেখা যাচ্ছে যদি মাতৃভাষায় ভাল জ্ঞান না থাকে তাহলে একটা বিদেশি ভাষায় সে কি করে দক্ষ হবে কেউ হয়ত আই.সি.এস. বা আই.এ.এস. পরীক্ষায় বাই চান্স ভাল রেজাল্ট করতে পারেন কিন্তু সেটাই তাঁর ইংরাজি ভাষার দক্ষতার একমাত্র ক্রাইটেরিয়ান নয় এবং তার জন্য ইংরাজি ভাষার ক্ষেত্রে আমাদের মদত দিতে হবে এর কোনও মানে নেই। এই কথা বলে রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপরে আমার বক্তব্য, মন্তব্য, এবং বিচার আপনার মাধ্যমে হাউসের সামনে উপস্থিত করছি। স্যার, একটা সরাসরি প্রশ্ন করছি, আজকে আমরা এখানে এবং ওঁরা ওখানে কেন? অনেক জায়গায়, অনেক বিষয়ে, অনেক মানুষের আশা, আকাঙ্খা আমরা পূরণ করতে পারিনি এবং সে

ক্ষেত্রে ওঁরা যে প্রতিশ্রুতি দিয়েছে সেটা বিশ্বাস করে মানুষ তাঁদের ক্ষমতায় এনেছে। সংবিধানের নিয়ম অনুযায়ী তাদের আর এক বছর সময় বাকি। কাজেই এবারে তাঁদের হিসেব নিকেশ করতে হবে যে মানুষের আশা আকাঙ্খা তাঁরা কতটুকু পূর্ণ করতে পেরেছেন। তবে আমরা দেখছি যে অবস্থায় তাঁরা পশ্চিমবঙ্গের দায়িত্ব নিয়েছিলেন আজকের পশ্চিমবঙ্গ সেই অবস্থায় রয়েছে তা নয়, বরং তারচেয়ে অধঃপতিত এবং অধঃনমিত হয়েছে এবং সেই জাতীয় প্রশ্ন আমি এখানে রাখতে চাই। স্যার, ভারতবর্ষের প্রতিটি নাগরিক দ্বৈত শাসনে বাস করছে অর্থাত একদিকে কেন্দ্রীয় শাসন এবং আর একদিকে রাজ্যের শাসন। এবারে দেখলাম শলা পরামর্শ করে একই দিনে ওখানে মহামান্য রাষ্ট্রপতি পার্লামেন্টের উদ্বোধন করলেন এবং এখানে মহামান্য রাজ্যপাল বিধানসভায় ভাষণ দিলেন। রাষ্ট্রপতি এবং রাজ্যপাল এই যে ভাষণ দিলেন তাতে আমরা দেখলাম দুজায়গাতেই একটি সুর ধ্বনিত হয়েছে এবং সেটা হচ্ছে ডিপেনিং ইকনমিক ক্রাইসিস্। একথাটা রাষ্ট্রপতি ওখানে বলেছেন এবং রাজ্যপাল এখানে বলেছেন। পশ্চিমবাংলায় বর্তমানে যে দায়িত্বশীল সরকার রয়েছে তাদের আজ হিসেব নিকেশ করতে হবে কারণ এই রাজ্যে তাঁরা সুশাসনের প্রতিশ্রুতি দিয়েছিলেন। আমরা কিন্তু লক্ষ্য করেছি আপনারা পশ্চিমবঙ্গকে আইসোলেট করতে পারেননি বাই বেটার পারফর্মেন্স। ক্রাইসিস্ পশ্চিমবঙ্গে রয়েছে, ভারতবর্ষের অন্যান্য রাজ্যেও রয়েছে। কিন্তু রাজ্যপালের ভাষণের মারফত আপনাদের স্বীকারোক্তি রয়েছে যে, পশ্চিমবঙ্গের ক্রাইসিস্ ডিপেনিং। কাজেই আজকে বিচারের সময় এসেছে। আমরা যে কাজ করতে পারিনি আপনারা সেই দায়িত্ব নেবেন মানুষ আশা করেছিল। কিন্তু আপনারা বুকে হাত দিয়ে বলুন তো, পশ্চিমবাংলায় যে ইকনমিক ক্রাইসিস্ ছিল তাতে আপনারা ফিফ্‌ত প্ল্যানের এবং সিক্সথ প্ল্যানের সুযোগ পেয়ে, ৬৮০ কোটি টাকা হাতে নিয়ে কি কাজ করেছেন? You have not been able to reduce poverty, you have not been able to reduce people's suffering below poverty line, you have not been able. পশ্চিমবাংলার অবস্থা কি?

[4-40—4-50 p.m.]

৮১ পারসেন্ট অফ দি পপুলেশন লিভ্ ইন দি ভিলেজেস, এরা জমির উপর নির্ভরশীল, Some how or other they are connected with land and they are dependent on land. বামফ্রন্ট সরকারের ভূমি ও ভূমি রাজস্ব দপ্তরের যিনি দায়িত্বে আছে তাঁকে আমি শ্রদ্ধা করি, তিনি প্রবীণতম ব্যক্তি আমি আশা করেছিলাম ভূমি সংস্কারের ব্যবস্থা হবে কিন্তু দেখলাম বিরাট ব্যর্থতা রাজ্যপাল মহাশয় ঘোষনা করেছেন। আপনারা বলছেন আমাদের ১১ লক্ষ একর কৃষি জমি ন্যস্ত হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে, কত একর জমি কোর্ট ইনজাংশনের আওতায় আছে? আমি যদি ধরে নিই ৬০ হাজার একর জমি আছে তাহলে ৫ লক্ষ একর হচ্ছে ফ্রি ফর ডিস্ট্রিবিউশন অ্যান্ড ফ্রি ফর্ম ইনজাংশন। কি বাধা আপনাদের ছিল। এই ৫ লক্ষ কর্ষণযোগ্য জমি যেটা সরকারে ন্যস্ত হয়েছে সেটা কৃষকদের মধ্যে বিতরণ করতে? আপনারা করবেন ভূমি সংস্কার? আরো জিজ্ঞাসা করি— আমাদের কাছে যে রাজ্যপালের ভাষণের কপি দিয়েছেন তাতে দেখতে পাচ্ছি— আরোও ৫ লক্ষ একর

অকৃষি জমি এবং কিছু ফরেস্ট সরকারের উপর বর্তেছে। আপনারা কি ভূমির সদ্ব্যবহার করেছেন? Are you going to utilise it? You have failed so far land distribution is concerned. এই ৫ লক্ষ একর জমি আপনারা কিছুই করেননি। কেন করেননি? যেহেতু মনোমতো সি.পি.এম রেসিপিয়েন্ট পাওয়া যাচ্ছে না। আপনারা কি করতে চান? ইউ ওয়ান্ট টু বিল্ড-আপ একটা তাঁবেদার কৃষকগোষ্ঠী। ভূমির ডিস্ট্রিবিউশনের নামে কৃষিতে অনিশ্চয়তা সৃষ্টি করে গ্রামাঞ্চলে ত্রাস সৃষ্টি করছেন। এর ফেট্ কি? Failure uncertainty to distribute land properly will certainly reduce production in some form or other. আজকে ৯৩ লক্ষ টনের কথা বলছেন That is the cumulative product of infrastructure built up in the erstwhile Congress regime. অস্বীকার করতে পারেন? সেচে কত একর বাড়িয়েছেন? বন্যা নিয়ন্ত্রনের ব্যাপারে আপনারা কি করেছেন? আগামী বছর বন্যায় যে ভাসবে না কোথায় তার গ্যারান্টি? আপনারা বলছেন দি ওয়ার্ক অফ তিস্তা প্রজেক্ট ইজ ইন প্রগ্রেস। কিন্তু কতটুকু প্রগ্রেস হয়েছে? হ্যাভ ইউ বিন অ্যাবেল টু ডেসক্রাইব ইট?

**(ভয়েস ফ্রম গভর্নমেন্ট বেঞ্চ ঃ- হ্যাঁ, হয়েছে)**

Please be silent. You will have your rat holes to enter in the later part of 1981. মাননীয় অধ্যক্ষ মহাশয়, বহু বিতর্কিত বিষয় এখানে উল্লেখিত হয়েছে, আমি শিক্ষাবিদ নই, মাননীয় সদস্য হরিপদ ভারতী মহাশয় এ ব্যাপারে বলবেন- আমি এই সরকারের কাছে কৃতজ্ঞ যে তাঁরা শিক্ষা সংস্কার করতে গিয়ে মাইনোরিটি শিক্ষা, মাদ্রাসার কিছু উল্লেখ করেছেন। আমি ওনাদের কাছে আবেদন করব বিজ্ঞান সম্মত করার জন্য। আজকে প্রাইমারি স্তরে যদি শিক্ষা ব্যবস্থা করতে চান— আজকে প্রাইমারী রাইট, ফান্ডামেন্টাল রাইট, কনস্টিটিউশনে আছে প্রত্যেককে শিক্ষার সুযোগ দিতে হবে। আজকে হায়ার সেকেন্ডারী স্টেজে ফ্রি এডুকেশন আপনারা ইনট্রোডিউস করেছেন কিন্তু মিলিয়নস অফ ইললিটারেটস এখন রয়েছে। বয়স্ক শিক্ষা কার্যক্রম করেন নি কেন? Two out of every three are still illiterates. Two out of every three are still below the poverty line. আপনাদের চার বছরের ইতিহাস দেখুন। A National cannot be a political dictator আমি আজকে জিজ্ঞাসা করি প্রাইমারী স্তরে যে একটা স্টেজ ছিল অ্যাট দি এনড অফ প্রাইমারী স্টেজ চতুর্থ শ্রেণীতে তাদের একটা ফাইনাল পরীক্ষা দিতে হত, আমার সহকর্মী দিয়েছেন, আমি প্রাইমারী স্কুলে পড়িনি, সহকর্মীরা জানেন যে তার একটা হিসেব নিকেশ ছিল। গার্জেনরা জানতে পারত মাস্টার মশাইরা পড়ান কিনা, আপনারা সেই পরীক্ষা তুলে দিয়েছেন। কেন? আপনাদের ডজন ডজন কমরেড লাগিয়েছেন প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে, তারা কাজ করেনা, পার্টির কাজ করে তাই পরীক্ষা পর্যন্ত তুলে দিয়েছেন। কোন ইতিহাসে আছে প্রাথমিক পরীক্ষা তুলে দেওয়ার কথা? এখানে আজকে যে প্রবলেম, মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেই প্রবলেম মূলত শিক্ষিত বেকারের প্রবলেম। আজকে চার বছর আপনারা দায়িত্বে আছেন, এনারমাস রিসোর্সেস, ফিফ্থ এবং সিক্সথ প্ল্যান যৌথভাবে আপনাদের তাঁবেদারে। আপনারা কেন আজকে ভোকেশন্যাল এডুকেশন অ্যান্ড ট্রেনিংয়ের সম্প্রসারণ

ঘটাতে পারেন নি? রাজ্যপালের ভাষণে আমি তা কোথাও দেখতে পেলাম না। আপনারা জব ওরিয়েনটেড ভোকেশন্যাল ট্রেনিংয়ের কোনও সুযোগ দিতে পেরেছেন? আপনারা কি কি ট্রেনিং এর এডুকেশনের জব ওরিয়েনটেড এডুকেশনের সম্প্রসারণ ঘটাতে পেরেছেন? তা যদি না হয় তাহলে আপনাদের এমপ্লয়মেন্ট রেজিস্টার কি বলে? কংগ্রেস আমলে যেখানে আনএমপ্লয়মেন্ট ছিল ৬ লক্ষ আজকে সেখানে দাঁড়িয়েছে ২৩ লক্ষ। আপনাদের ল্যাংগোয়েজ পলিসির কথা না হয় নাই বললাম। আরও দৃষ্টান্ত আরও যাঁরা বিতর্ক করবেন তাঁরা বলবেন কিন্তু ল্যাংগোয়েজের দাবিতে একটা রাজ্যে যেখানে প্রাক্তন বিচারপতি, হাইকোর্টের, খ্যাতনামা ঐতিহাসিক, সাহিত্যিক আজকে যদি আন্দোলনে নামেন তাহলে বুঝতে হবে সরকারের বিবেচনা করার সময় এসেছে। প্রেস্টিজের কোয়েশ্চন নয়। ইট ইজ নট এ কোয়েশ্চন অফ প্রেস্টিজ। আপনাদের ল্যাংগোয়েজ পলিসির ব্যাপারে কাজ করবে। গভর্নমেন্টের প্রেস্টিজ ইস্যুর কোনও কারণ থাকেনা। আজ দেখতে হবে এডুকেশন এবং ল্যাংগোয়েজ পলিসির ত্রুটি কোথায়? আজকে কারা বিচার করবে তা তো বলছেন না, কারণ তা নাহলে মার্কসের ক্ষতি হবে, মার্কসইজমের ক্ষতি হবে। সেজন্য সেদিন কেউ কেউ বলেছেন যে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী এক কালে মার্কসইজম তথ্যে তথ্যবান থাকতে পারেন কিন্তু আজকে তিনি ভাবনা ঠিক রাখতে ভুলে গেছেন। আজকে অনুরোধ করব যে প্রেস্টিজ ইস্যু ছেড়ে দিন। এটা জাতীয় শিক্ষানীতি তার খারাপটাকে You cannot isolate West Bengal. আজকে বুদ্ধদেব বাবু বলেছেন আমার সঙ্গে নাকি বসবেন। এই গভর্নমেন্টটাকে চ্যালেঞ্জ করি, আই পিটি অ্যান্ড সিমপ্যাথাইজ উইথ দিজ গভর্নমেন্ট। আজ পর্যন্ত কোন দিক থেকে আইদার ইন ইকনমিক্যাল পলিটিক্যাল অর সোস্যাল অপোজিশনকে কোনদিন এই সরকার কনফিডেনস নেয়নি। এদের মধ্যে আবার সুপার্ব নেতা আছেন যাঁরা নাকি অপোজিশনকে দেখতে পারেনা। আমার মনে হয় চোখে পড়ে না। আজকে জিজ্ঞাসা করি, কোনদিন অপোজিশনের একটা মেজর ডিপারচার ইন এডুকেশন কনভেনশন্যাল অ্যান্ড ইনসটিটিউশন্যাল এডুকেশন অপোজিসনের সঙ্গে আলোচনা করেন নি। তবুও, আপনাদের কাছে অনুরোধ করব প্রেস্টিজ ইস্যু করবেন না। আজকে শিক্ষা এবং আইনের জগতে যুগপৎ কি অবস্থা বিদ্যমান? অধ্যক্ষা সাধনা সরকারের মৃত্যুও আপনাদের লজ্জার, সুবুদ্ধির উদ্রেক যদি না করে তাহলে ভারতবর্ষে এমন দিন আসছে যে আপনারা সেদিন লজ্জার আর অবকাশ পাবেন না। এই ধিক্কার আপনাদের কাছে জানাই। মাননীয় অধ্যক্ষ মহোদয়, নেক্সট কাম ইন্ডাস্ট্রিজ। ইন্ডাস্ট্রিজের ২/৩টি সেক্টর। মেজর লার্জ ইন্ডাস্ট্রিজ, মিডিয়াম অ্যান্ড স্মল স্কেল কটেজ ইন্ডাস্ট্রিজ। পাবলিক সেক্টর এক্সপ্যানসন, আপনারা সোস্যালিজমের ধারক আর বাহক। আপনাদের মনোপলি। আমি জিজ্ঞাসা করি, রাজ্যপালের এই ভাষণে কোথায় উল্লিখিত আছে পাবলিক সেক্টর এক্সপ্যান্ড উন্নয়নের জন্য এই সরকার ৬০০ কোটি টাকার মধ্যে কত টাকা প্ল্যান আউটলে পাবলিক সেক্টর এক্সপ্যান্ড এর জন্য ব্যবহার করেছেন। করতে পারেন নি, কারণ মনোপলি অ্যান্ড মালটিন্যাশন্যালস এঁরা ক্ষুব্ধ হবেন বলে। পাবলিক সেক্টর এক্সপ্যানসন আপনাদের আমলে ঘটেনি। বিকল্প কি দেখতে পাচ্ছি, না পার্কস্ট্রীটের ইন্ডাস্ট্রিয়ালিস্ট পার্ক ষ্ট্রীটের অর্ধেকটাই কিনে নিয়েছেন, উত্তরবঙ্গের ১৫টি চা বাগান কিনে নিয়েছেন, লেফট ফ্রন্ট সরকারের আশীর্বাদ আছে তো। সরকার দুহাত তুলে আশীর্বাদ

করছে, দু বছরে ইন্ডাস্ট্রি গড়ে তুলে, এক বছরের মধ্যে ১৫টা চা বাগানের মালিক। বেসরকারি উদ্যোগকে কিছু এনকারেজ করুন। সরকারি উদ্যোগে এমপ্লয়মেন্ট জেনারেশনের প্রতিশ্রুতি নীল, even in key sector you are giving it to the private sector. টিটাগড়ে আজকে আপনাদের স্মল স্কেল অ্যান্ড কটেজ ইন্ডাস্ট্রির অবস্থাটা কি?

[4-50—5-00 p.m.]

আজকে তাই জিজ্ঞাসা করি স্মল স্কেল কটেজ ইন্ডাষ্ট্রির অবস্থা কি? ভারতবর্ষের ২০০ কোটি টাকার কুটির শিল্পের জিনিস বাইরে রপ্তানি হয়, এতে ইউ.পি'র শেয়ার ৪০ কোটি টাকা, বাংলাদেশের শেয়ার ছিল ১০ কোটি টাকা। কিন্তু মার্কসীয় দর্শনে দক্ষ পরিচালনায় আজকে বাংলার শেয়ার ৫-৬ কোটি টাকায় দাঁড়িয়েছে। কোথায় গেল শান্তিনিকেতনের সেই চামড়ার মনোপলির কাজ, মুর্শিদাবাদের হাতীর দাঁতের কাজ, মাদুর শিল্প ইত্যাদি? এই ভাবে কুটির শিল্পকে আপনারা মেরে ফেলছেন। আজকে আপনারা কি করছেন? আমাদের তো ফেডারেল স্ট্রাকচার, আজকে মাদ্রাজ এসে পূজার সময় তারা বাজার ছেয়ে নিচ্ছে। আমরা একে রিভাইজ করবার চেষ্টা করেছিলাম কিন্তু আপনারা তাঁতীদের সেইরকম কিছু ইনসেনটিভ্ দিচ্ছেন না। সেইজন্য মাদ্রাজ বাংলাদেশের মার্কেট ছেয়ে ফেলেছে বিশেষ করে শাড়ীর মার্কেট। অথচ এইটেই আমাদের মনোপলি ছিল— টাঙ্গাঁইল, ধনেখালি ইত্যাদি। ইন্ডাস্ট্রির যদি এই অবস্থা হয় তাহলে এমপ্লয়মেন্টের কি অবস্থা হবে? প্রাইভেট সেক্টর আপনাদের নিয়ন্ত্রণে নেই, পাবলিক সেকটরের কোনও মা-বাপই নেই। আজকে দেখছেন, ট্রেড ইউনিয়নের কোথাও কোথাও এমন দৌরাত্ম চলছে যার ফলে সমস্ত কিছু ব্যাহত হয়ে যাচ্ছে এবং বিশেষ করে কোনও একটি বিশেষ রাজনৈতিক দলের ধারক এবং বাহক যারা—তাদের সাতখুন মাপ। পাওয়ার জেনারেশন ফল্, ইন্ডাস্ট্রিয়াল প্রডাকশন ফল্— এইভাবেই সমস্ত জায়গায়ই একটা নৈরাজ্য চলছে। ইন্ডাস্ট্রিয়াল মিনিস্টার বলছেন— দুর্গাপুরে নৈরাজ্য চলছে, আমাদের কন্ট্রোলে নেই, এই ভাবেই পরস্পর বিরোধী অভিযান আমরা দেখছি। মূখ্যমন্ত্রী বলেছেন, দুর্গাপুরে গিয়ে আমার সঙ্গে যোগাযোগ করবেন। আমরা জানি, কি জন্য উনি বলছেন। অন্য দলের মন্ত্রী তো একজন আছেন। যদি সংবাদপত্রের এই সংবাদ মিথ্যা হয়, তাহলে তার কন্ট্রাডিকশন কোথায়? আজকে এই অবস্থায় আমরা পৌঁছেছি। তারপর স্বাস্থ্যই হচ্ছে সব সুখের মূল। স্যার আপনার স্বাস্থ্য ভাল, আপনার কল্যাণে বিধানসভার স্বাস্থ্য ভাল। কিন্তু দেশের মানুষের স্বাস্থ্য—যে দেশের মানুষের শতকরা ৮০ ভাগ গ্রামে বাস করে? স্বাস্থ্যমন্ত্রী দীপ্তকণ্ঠে ঘোষণা করলেন ৬টা মেডিক্যাল স্কুল থেকে ১২৮ জন ডাক্তার বেরোবে। থ্রি ইয়ার্স ডিপ্লোমা কোর্স তাঁরা চালু করছেন। অর্থাৎ শহরের মানুষের জন্য এক রকম চিকিৎসার ব্যবস্থা আর গ্রামের মানুষের জন্য মেডিক্যাল স্কুলের পাশ করা চিকিৎসক। এই সমস্ত মেডিক্যাল স্কুলগুলিকে অ্যাবানডান্ড করেছিলেন ডাঃ রায়। এবং সেই সমস্ত মেডিক্যাল স্কুলগুলিকে তিনি কলেজে উন্নীত করেছিলেন। You are determined to drag and pull it down to abysmal ground. আমি জিজ্ঞাসা করি, আই.এম.এ., আই.এম.সি. বা বিখ্যাত সর্বজনশ্রদ্ধেয় ডাক্তারদের মধ্যে তাঁরা কি কেউ আপনাদের

এই স্কীমকে সমর্থন করেছেন? এটা করতে আপনাদের বিবেকে কি বিট্‌ করল না? আমি জিজ্ঞাসা করি— এর জন্য কি পাঠ্যপুস্তক দেওয়া হবে, কতখানি ট্রেনিং দেওয়া হবে? আমি নিজে মেডিক্যাল ছাত্র ছিলাম, কিন্তু যতটুকু শিখেছিলাম তাতে সাহস করিনি প্রতিযোগিতায় নামতে— চলে এসেছি আপনার আশ্রয়ে। কিন্তু ওঁরা সেই ৮০ ভাগ মানুষের জন্য এই ব্যবস্থা করছেন জনদরদী বলে। আজকে এই যে ব্যবস্থা এর জন্য কুম্ভীরাশ্রু বর্ষণ করা ছাড়া আর কোনও উপায় নেই। আপনারা বলছেন সমস্ত কিছুর সমাধান করেছেন, কিন্তু গ্রামের মানুষের তরফ থেকে আমি বলছি, I represent a village and I condemned the measures adopted by the left front government. It is a repressive measure. It is detrimental to the health and health conception of West Bengal. ভারতবর্ষের একটা সমস্যা হল জনবহুল সমস্যা। পৃথিবীর ১৩২টা দেশের মধ্যে ভারতবর্ষ একটা দেশ যেখানে ফ্যামিলি ওয়েলফেয়ার প্লানিং'এর চেষ্টা করে আসছে। রাজ্যপালের ভাষণে একটি কথাও এ বিষয়ে নেই। রাজ্য সরকার নীতি হিসাবে ফ্যামিলি ওয়েলফেয়ার ট্রেণিং গ্রহণ করেছেন না পরিত্যাগ করেছেন? স্যার ভারতবর্ষের একটা সমস্যা জনবহুল সমস্যা। ১৩২টা দেশের মধ্যে পৃথিবীর—ভারতবর্ষ একটা দেশ যে ফ্যামিলি ওয়েলফেয়ার প্ল্যানিং এর জন্য সংগ্রাম করে আসছে। মানুষকে অবহিত করে আসছে ফ্যামিলি ওয়েলফেয়ারের জন্য। রাজ্যপালের ভাষণে তার একটা কথাও দেখলাম না। রাজ্য সরকারের নীতি হিসাবে ফ্যামিলি ওয়েলফেয়ার প্ল্যানিং গ্রহণ করেছেন না বর্জন করেছেন সে ব্যাপারে সাইলেন্ট গভঃ ইজ ইনডিফারেন্ট। আজকে আমাদের জানতে ইচ্ছা করে যে কি আমাদের টার্গেট ছিলো কি লক্ষ্য ছিলো বা কি পদ্ধতি আছে হোয়াট আর দি কনটেন্ট? কারণ আমাদের প্ল্যানের পরিকল্পনার সুফল যতই হোক জন সংখ্যা যদি আমরা নিয়ন্ত্রণ করতে না পারি বোধ করি আমাদের স্বাস্থ্য মন্ত্রী মহাশয় এই তথ্যে বিশ্বাস করেন না তাহলে আমাদের পরিকল্পনার সুফল, পার ক্যাপিটা ইনকাম কখনই বাড়তে পারে না— যদি না আমরা পরিবার পরিকল্পনা বা পরিবার কল্যাণ পরিকল্পনা সার্থক ভাবে রূপায়িত করতে পারি। কিন্তু কোথায় সে উল্লেখ? আপনাদের কি ভাষার অভাব হয়েছিলো? ১৯ পাতার জায়গায় না হয় আরো এক পাতা বেশি লাগতো I also protest against this omission. If it is a fair omission then certainly the Health Minister will add in his budget speech of his grant. স্যার, আজ হসপিটাল ছাড়া অন্য সব দেখুন, বোর্ডস এর ব্যাপারে দেখুন। আপনি আমাদের বলবার সুযোগ দিয়েছেন এটা আপনার দয়া। স্যার, সমন পেয়েছি আসায় কিন্তু কি করে আসবো? ওয়েস্ট বেঙ্গলের পেরিফেরি থেকে কলকাতায় আসব কি করে? কোথাও আসা যাচ্ছে না। এন.এস.৩৪, এন.এস ৩১ নট নেগোশিএবল্‌। আমি ৬ মাস আগে বলেছি যে এন.এস. ৩৪ মালদা গাজল ইজ নট নেগোটিএবল্‌। বিধান সভার নোটিশ গেছে তারপর কিছু কাজ কর্ম শুরু হয়েছে। কিন্তু আমরা পৌঁছাবো কি করে? সেন্ট্রাল সেক্টারের কথা বলা হয়েছে উই ফাইট এগেনস্ট সেন্টার কিন্তু হেয়ার আই পিটি, আই সিমপ্যাথাইজ দি গভঃ। এবারে রাজ্যপালের যে ভাষণ আছে সেটার দুটা মেজর ডিপারচার-একটা সোপ্রাইজিং ল্যাংগুয়েজ এবং What inglorious defeat of the Left Front Government sustained at the hands of

Centre over what it professes to be its legitimate claims for adequate financial and fiscal allocation from the Centre. এন এস ৩৪ তো সেন্ট্রাল সেক্টারের রাস্তা। কোথায় সে ধ্বনি আপনাদের? আপনাদের কেন এই সারেন্ডার? কেন আই কমপ্রোমাইজ? গদি রাখার জন্য? গদি আপনারা রাখতে চান তারজন্য? আজকে আপনারা বলছেন বাজেট আসবে। হাঁ, সে তো আসবেই। কিন্তু এখানে পূর্বাভাষ কি আমরা দেখতে পাচ্ছি? কেন্দ্রের কাছে the thunder of authority reigns in Delhi and the revolutionary government here with its liberal spirit and language becomes silent in its claim and becomes silent in its contention and surrenders abjectively before the authority. কিন্তু তাতেও কি অবস্থা পরিবর্তন হয়েছে? আমরা কাগজে দেখে অত্যন্ত বিচলিত হয়েছি যে পাওয়ার মিনিস্টার ঘোষণা করেছেন যে রুর‍্যাল ইলেক্ট্রিফিকসন কর্পোরেশনকে নির্দেশ দেওয়া হয়েছে পশ্চিমবঙ্গের যেব্বারে কোনও অর্থ রিলিজ করা হবে না— অর্থাৎ রিসোর্স অ্যালোকেশন করা হবে না। কিন্তু কেন? গ্রামে এঁরা বিদ্যুৎ দিচ্ছেন না— চাষের জন্য বিদ্যুৎ দিচ্ছেন না। আজকে হোয়ার ইজ দি পোটেস্ট। আপনাদের ফেলিওর যদি থাকে ইট ইজ হাই টাইম ইউ কারেক্ট ইওরসেল্‌ফ অ্যান্ড ইউ শুড আমেন্ড ইওরসেল্‌ফ। কিন্তু বাংলা বঞ্চিত হবে রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশনে। এই রুর‍্যাল ইলেক্ট্রিকাল কর্পোরেশন যা নাকি টারগেট নিয়েছে এই ৬ষ্ঠ পরিকল্পনায় অ্যাডিশনাল ৯২ থাউজেন্ড ভিলেজ ফারদার ইলেক্ট্রিফিকেশন হবে— আমাদের পূর্বাঞ্চলের জন্য অ্যাডিশনাল ওয়েজেস দেওয়া হবে সুপার পাওয়ার থার্মাল স্টেশন হবে। আর ফরাক্কা— আর বাংলার ৩৮ হাজার গ্রাম যার ২০ পারসেন্ট আপনারা কভার করতে পারেন নি আমরা যা ৬ হাজারে পৌছে ছিলাম। আজ আপনারা কতটুকুতে পৌছেছেন? আপনারা এ ব্যাপারে সাইলেন্ট কেন। ইলেক্ট্রিফিকেশন সম্পর্কে আমাদের আর একটা কথা আপনাদের জেনারেশন কমেছে। আমি সম্পূর্ণ দায় দায়িত্ব নিয়ে একটা প্রশ্ন কি করতে পারি না যারা ডিস্ট্রিবিউশন করেন why cannot you rationalise the distribution. আমরা এই ডিস্ট্রিবিউশন দেখেছি। সব জায়গায় লোড শেডিং সমান ভাবে হচ্ছে না- আনুপাতিক ভাবে হচ্ছে না। আপনাদের আশীর্বাদপুষ্ট কিছু বৃহৎ পুঁজিপতি ব্যবসায়ী তাদের কারখানায় দিনরাত বিদ্যুতের আলো আজকে হাসপাতালে বিদ্যুৎ নেই, নিউজ পেপার তা পড়তেও পারি না, সেখানেও বিদ্যুৎ নেই- কাগজ সব লেপটে যাচ্ছে। হাসপাতালে বিদ্যুৎ নেই ও আজ স্কুলে পরীক্ষার সময় বিদ্যুৎ নেই। অথচ বড় বড় কল কারখানায় বিদ্যুৎ আছে। আপনারা রেসানালাইজেসন অফ দি ডিস্ট্রিবিউশন এটা কেন করতে পারেন নি?

[5-00—5-10 p.m.]

নেক্সট, অনেকেই যেটা উচ্চারণ করেছেন, সাধনা সরকারের শুধু মৃত্যু নয়, আমি অ্যামেন্ডমেন্ট দিয়েছি, অ্যামেন্ডমেন্টগুলি আসেনি, আমি যে জেলা থেকে এসেছি নর্থ বেঙ্গলের ওয়েস্ট দিনাজপুর জেলা সেই জেলা বুদ্ধদেব বাবু সম্প্রতি ঘুরে এসেছেন, আপনি কি জানেন বুদ্ধদেব বাবু ওয়েস্ট দিনাজপুর জেলার ইটাহার, কালিয়াগঞ্জ, কুশমন্ডী, বংশীহারী, এর সংলগ্ন যে স্থান সেই স্থান ফ্রি জোনে পরিণত হয়েছে? এখানে মার্ডার

র‍্যাম্প্যান্ট, লুটিং অ্যান্ড র‍্যানস্যাক চলেছে। ব্রুটালিটির নিদর্শন মানুষকে মেরে গাছে মস্তক টাঙিয়ে রাখা হচ্ছে, পুলিশ নির্বিকার। আপনারা কন্ট্রাডিক্ট করতে পারেন করবেন। আরো লজ্জার কথা যেসমস্ত পুলিশ অফিসার তৎপর এগুলি দেখার জন্য To my surprise I find all those officers were transferred only six months ago, since 1st August. বংশীহারী থানার যে স্টাফ, দারোগা তৎপর হয়েছিলেন এগুলি দমনের জন্য তাঁদের হোল লক স্টক অ্যান্ড ব্যারেল বদলি করে দেওয়া হয়েছে এবং যাদের ধরা হল এবং যার কাছে মিলিটারী গ্রেনেড পাওয়া গেল তাদের জন্য আপনাদের দলের দায়িত্বশীল কর্মী কোর্টে তদ্বির করতে চলে যাচ্ছে। বুঝতে কি বাকি আছে এই ফ্রি জোনে এই র‍্যাম্প্যান্ট, এতগুলি আগ্নেয়াস্ত্র এগুলি আজকে কিসের জন্য ব্যবহার হচ্ছে। সাধারণ নাগরিককে বলছে মুক্তি পণ দাও ১০ হাজার টাকা। আদালত নেই। গণআদালত। বিচার নেই, গণবিচার। পুলিশের আইন নেই, পুলিশ নেই। পুলিশ তৎপর হয় না, হলে আইদার পানিশ অর ট্রান্সফার। আমি কমপ্লেন করেছি, ডেপুটেশন দিয়েছি, কি প্রতিকার হয়েছে? বুদ্ধদেব বাবু এটা অস্বীকার করতে পারেন? সে যে কেউ অপরাধী হোক অপরাধী অপরাধীই। কি দায়িত্ব নিয়েছেন? মুর্শিদাবাদের যে ঘটনা কাগজে পর পর দু'দিন বেরুচ্ছে সেকথা নাই-ই উল্লেখ করলাম, এতে বুঝতে কি বাকি থাকছে আইনের শাসন আছে? আপনারা পুলিশকে ভাগ করেছেন, জুনিয়ার অ্যাশোসিয়েশন করে দু'ভাগে ভাগ করেছেন— একদল হবে পার্টির তাঁবেদার, আর একদল হবে ওদের টার্গেট, ওদের শাস্তির শিকার। বামফ্রন্টের বিজয়ী রথ এগিয়ে যাবে এই পুলিশ বাহিনীকে সঙ্গে নিয়ে। পিছনে পুলিশ থাকবে, মানুষ আর থাকবে না যখন বিচারের দিন আসবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েত সম্বন্ধে আমার দুটো প্রশ্ন আছে। আপনারা ২শো কোটি টাকা পঞ্চায়েতে ব্যয় করেছেন। আজকে সেই স্টেটমেন্ট কোথায় যেটা নকুল বাবু উল্লেখ করেছিলেন যে পঞ্চায়েতের লক্ষ্য স্থায়ী সম্পদ করা পার্মানেন্ট অ্যাসেট করা তার খতিয়ান কোথায়? ২ কোটি টাকা ব্যয় ১/২ বছরে এটা সাধারণ কথা নয়। পশ্চিমবঙ্গে প্রথম পরিকল্পনায় ৫ বছরে ব্যয় ছিল ৭২ কোটি টাকা আর পঞ্চায়েতের মাধ্যমে ব্যয় হল ২শো কোটি টাকা। কিন্তু পার্মানেন্ট অ্যাসেট কতখানি হল, পার্মানেন্ট সুপারভিসনের কি ব্যবস্থা হল, প্ল্যানিংএর কি ব্যবস্থা হল তার খতিয়ান কোথায়? টাকা খরচ করে দিলেন, হিসাব পরীক্ষা করিয়ে দিলেন, তাতে মুক্তি পাওয়া যায় না। সেজন্য আপনাদের অনুরোধ করব এই দিকটায় একটু দৃষ্টি দেবেন। স্যার, জুডিসিয়াল মিনিস্টার ঠিক সময়ে নেই, তিনি তো বহুল ঘোষণা করে লিগ্যাল এড কমিটি করেছেন, লিগ্যাল এড দেওয়া হবে পুওরদের মধ্যে। আজ পর্যন্ত দেখলাম না নিপীড়িত হয়ে এদের কাছে দরখাস্ত করে কেউ লিগ্যাল এড পেয়েছেন। তাহলে কি এই ব্যবস্থাটা তুলে রেখেছেন? যারা আপনাদের দলের সমর্থক নয়, যারা আপনাদের দ্বারা অত্যাচারিত হবে তারা কি লিগ্যাল এড পেতে পারে না? অন্যদিকে আপনাদের সেই প্রোটেস্ট দেখলাম না ইন্টারফিয়ারেন্স ইন জুডিসিয়ারী, এটা তো থাকার কথা ছিল। আমাদের ফেমাস অর্থ মন্ত্রী মহাশয় এখানে আছেন, ফিসক্যাল অ্যালোকেশনের ব্যাপারে আজকে আপনি টিমিড। I pity you and sympathise you-you have become insipid, you have become timid, you have become sober-possibly for the sake of power. কিন্তু I appreciate the

declaration of the Governor that regional inequality will be removed. রিজিওন্যাল ইম্ব্যালেন্সের উপর এঁরা গুরুত্ব দেবেন, রিজিওন্যাল ইম্ব্যালেন্স দূর করবেন। কিন্তু আমি জিজ্ঞাসা করি আপনাদের কি প্রিপারেশন আছে, কি ডকুমেন্ট আছে যে নিরিখে আপনারা বুঝতে পারবেন পশ্চিমবঙ্গের এই অঞ্চলটা উন্নত, এই অঞ্চলটা অনুন্নত? তাই যদি হয় what are the projects you have so far taken for the underdeveloped areas? Possibly insignificant. You have followed the path laid by the Congress. You have not shown any new approach. আপনারা কি ব্যবস্থা নিয়েছেন? আপনাদের সেই তৎপরতা কোথায়? উন্নয়নের ভারসাম্য শুধু রাজ্য সরকার বজায় রাখতে পারেনা, সুতরাং কেন্দ্রের কাছে সেই দীপ্ত ভাষণ কোথায়? এই রাজ্যের জন্য রেলওয়ে বরাদ্দ নেই, রেল বরাদ্দ বৃদ্ধি করতে হবে। রেল বাজেটে আজকে কি হয়েছে জানি না। সুতরাং the tall talks are weak. I wish all success for the tall talks. কিন্তু সব কিছুই যেন শুধু টল্ টকস-এ পরিনত না হয়। ইতিপূর্বে আপনারা অনেক প্রতিশ্রুতি দিয়েছেন, কিন্তু পালন করেননি। তবুও আমি বলছি যে লাস্ট বাট নট্ দি লিস্ট, আমি ক্যালকাটা সম্পর্কে দু' একটি কথা বলতে চাই। স্যার, আপনি অনেক সময় আমাদের ডাকেন, কিন্তু আমরা বুঝতে পারিনা কোন পথ দিয়ে আপনার কাছে আসব এবং সময় মতো আসতে পারিনা। অলটারনেট কোনও পথ দিয়ে আসতে গিয়ে দেখি সেখানে লেখা আছে নো-এন্ট্রি। তার পরে জানতে পারিনা কোন পথে কখন অন্ধকার নেমে আসবে। ক্যালকাটার চারি-দিকে আজকে ত্রাহি-ত্রাহি রব। আজকে ক্যালকাটার এই অবস্থা, অথচ ইউ হ্যাভ বিকাম ডিক্টেটর অফ্ ক্যালকাটা। আমরা যখন ক্যালকাটা কর্পোরেশনকে সুপারসিড করেছিলাম তখন আমরা নাকি অত্যন্ত অন্যায় কাজ করেছিলাম। অথচ আজকে চতুর্থ বৎসর শেষ হয়ে পঞ্চম বৎসর আসতে চলেছে, শহরের মানুষ ক্ষিপ্ত হয়ে উঠছে আর সেই জন্য মৃদুভাবে নির্বাচনের কথা বলছেন। আপনারা বলছেন সামনেই মিউনিসিপ্যাল নির্বাচন করব। এখনো পর্যন্ত সেই নির্বাচন করেননি। এমন কি আমরা যে অবস্থায় রেখে গিয়েছিলাম সেই অবস্থা থেকে কোনও উন্নতিই আপনারা করতে পারেননি। বরঞ্চ পৌরশাসনের আরো অবনতি হয়েছে। তার পরে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন করেছেন। অথচ আজও পে-কমিশনের বিষয়ে সরকার রাজ্যপালের ভাষণের মধ্যে কোনও কিছুই উল্লেখ করলেন না। আমাদের কাছে পে-কমিশনের রিপোর্ট-এর একটা বিরাট ভল্যুম বিলি হয়েছে। আমরা রাজ্যপালের ভাষণের মধ্যে থেকে জানতে পারিনি যে, এই রিপোর্ট পরীক্ষা করার পর কত দিন বাদে এর ইম্পলিমেন্টেশন হবে। অথচ আমরা জানি এ পর্যন্ত রেভিনিউ-এর ২৬% কর্মচারিদের বেতন দিতেই ব্যয় হয়ে যায়। সেই জন্য আমি আজকে বলতে চাই যে, এই রেকমেনডেশনের উপর সরকারের কি বক্তব্য এবং রেকমেনডেশন ইম্পলিমেনটেশন করার ব্যাপারেও সরকারের কি বক্তব্য তা আমাদের পরিষ্কারভাবে জানা দরকার।

তারপর আমার শেষ কথা হচ্ছে, আমি গ্রামে থাকি, মাঠে থাকি, আমি দেখলাম গ্রামের মাঠে ইঁদুরে অনেক গর্ত করেছে। আমি মনে মনে ভেবেছিলাম যে, ইঁদুরে সব খাদ্য শস্য নিয়ে চলে যাবে। কিন্তু আজকে ইঁদুরেও মানুষের ইঙ্গিত বোঝে, গতি-প্রকৃতি বোঝে।

সেদিন আর দূরে নয় যেদিন ইঁদুরের গর্তে এঁরা ঢুকবেন, সেই জন্য ইঁদুর ওঁদের আবাস তৈরি করে রেখেছে। পরিশেষে গভর্নরের ভাষণের যে জায়গাকে সমর্থন করা দরকার সে জায়গায় আই লেন্ড মাই সাপোর্ট অ্যান্ড আই অপোস দি সেক্টরস আই মেনশন্ড। এই কথা বলে আপনাকে এবং আমার বন্ধুদের আমার বক্তব্য ধৈর্য্য ধরে শোনার জন্য ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নিখিল দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ-সূচক প্রস্তাব এসেছে তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শুরু করছি।

একটা কথা প্রথমেই বোঝা দরকার যে ভারতবর্ষ একটা দেশ এবং পশ্চিমবঙ্গ তার একটা অঙ্গ রাজ্য। সেই সঙ্গে আরো একটা কথা বোঝা দরকার যে, একটি অঙ্গ রাজ্যের আইন করার ক্ষমতা, টাকা পয়সা তোলার ক্ষমতা সংবিধানে অত্যন্ত সীমিত। সুতরাং একটি অঙ্গ রাজ্যের ক্ষমতা অত্যন্ত সীমিত। কেন্দ্রীয় অর্থনৈতিক ব্যবস্থার দ্বারাই অঙ্গ রাজ্যের অর্থনীতি প্রভাবিত হয় এবং হতে বাধ্য হয়। এই মূল কথাটা আজকে আমাদের বুঝে নেওয়া দরকার। আমি এবিষয়ে দু' একটি উদাহরণ আপনার সামনে রাখব। একটি উদাহরণ হচ্ছে বর্তমান লোকসভার অধিবেশনের ঠিক আগেই একটি নতুন অর্ডিন্যান্স আমাদের সামনে এসেছে, কালো টাকা-কে সাদা করে দেওয়া হ'ল বলে। এর ফলে কালো ব্যবসায়ীদের উৎসাহীত করা হ'ল। কালো-ব্যবসায়ীদের কার্যকলাপে কেন্দ্রীয় সরকার হস্তক্ষেপ করবে না এবং তাদের কালো টাকা-কে সাদা করে দেবে। এতে ভোলাবাবু খুশি হতে পারেন, কিন্তু গ্রামের গরিব মানুষ, যাদের রক্ত মাংস ঐ টাকা তাদের চোখ দিয়ে জল ঝরবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন গত বছর কংগ্রেস (ইং) যে বাজেট পাশ করেছিল, তাতে ডেফিসিট ফিনান্সিং ছিল প্রায় ৫ হাজার কোটি টাকা। যদি ৫ হাজার কোটি টাকার মুদ্রাস্ফীতি হয় তাহলে টাকার দাম কমে যায়, জিনিসপত্রের দাম বেড়ে যায়। একথা ভোলাবাবু নিশ্চয়ই জানেন। দ্বিতীয় কথা হচ্ছে, পার্লামেন্টের অধিবেশন সামনে থাকা সত্ত্বেও অ্যাডমিনিস্ট্রেটিভ অর্ডারের মাধ্যমে আমরা দেখলাম কতগুলি জিনিসের দাম বেড়ে গেল। ডিজেল, কেরোসিন, পেট্রোল, কয়লা, স্টিল, ইলেক্ট্রিক সার্চাজ ইত্যাদি বেড়ে গেল। এর উপর আবার আজকের কাগজে দেখলাম ট্রেনের ভাড়া শতকরা ১৫ ভাগ বাড়ছে। সুতরাং কেন্দ্রীয় অর্থনীতির এই যে চাপ, এই চাপ সমস্ত অঙ্গ রাজ্যের উপর আসতে বাধ্য।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, জয়নাল আবেদিন সাহেব জিজ্ঞাসা করলেন কেন্দ্রীয় অর্থনৈতিক নীতির বিরুদ্ধে পশ্চিমবাংলা থেকে কোনও প্রতিবাদ জানানো হয়েছে কিনা। আমি তাঁকে বলব যে, ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিলের কাছে পশ্চিমবাংলার তরফ থেকে যে বক্তব্য রাখা হয়েছে সেই বক্তব্যের পুস্তিকা আমাদের কাছেও দেওয়া হয়েছে। সেই পুস্তিকায় পরিষ্কারভাবে একথা বলা হয়েছে যে, কেন্দ্র ১০,০০০ কোটি টাকা বিভিন্ন রাজ্যে বিনিয়োগ করেন এবং সেই বিনিয়োগের ক্ষেত্রে তারতম্য দেখা যায় এবং পূর্বাঞ্চলের রাজ্যগুলির ভাগে অত্যন্ত কম পড়ে এবং পশ্চিমবাংলার ভাগে আরো কম পড়ে। অর্থাৎ পশ্চিম বাংলা কেন্দ্রের কাছ থেকে বিমাতৃসুলভ ব্যবহার পেয়ে আসছে। স্যার, আপনি জানেন এবং একথা সবাই

জানেন যে কেন্দ্রের যে অর্থনীতি সেটা বিদেশি সাম্রাজ্যবাদের অর্থনীতিতে বেচে দেওয়া হয়েছে। এবং আপনারা একথা জানেন যে প্ল্যানে আছে ১০ হাজার কোটি টাকা দেওয়া হয়েছে অর্থাৎ যেটুকু বাকি ছিল আমাদের দেশে সবটুকু সাম্রাজ্যবাদী দেশগুলির কাছে বিক্রি করা হয়েছে। এই হোল ভারতবর্ষের অর্থনৈতিক অবস্থা। এই যে মুদ্রাস্ফীতির অবস্থা তার প্রতিফলন জিনিসপত্রের দাম বাড়ছে এবং তারই প্রতিফলন পশ্চিমবাংলার বিভিন্ন

[5-10—5-20 p.m.]

ক্ষেত্রে দেখা যাচ্ছে। আমি দু-একটি কথা যা আবেদিন সাহেব বলেছেন তার জবাব দিয়ে আমার বক্তব্য রাখব। উনি বলেছেন যে পশ্চিমবাংলায় কটেজ ইন্ডাষ্ট্রির কোনও উন্নতি হয়নি সব শেষ হয়ে গেল। এই তিন সপ্তাহ ধরে যা হচ্ছে তা যদি একটু লক্ষ্য করেন তাহলে দেখবেন তন্তুজ জিনিস পশ্চিমবাংলার যে পাট শিল্প এবং তার যে মার্কেট সেখানে সবচেয়ে বেশি বিক্রি করা হয়েছে ৫০ লক্ষ টাকার মাল তারা বিক্রি করেছে। এবং তা বিভিন্ন জায়গায় বিক্রি করেছে। পশ্চিমবঙ্গ সরকার পাট শিল্পকে উৎসাহ দিয়েছে এবং এটা সম্ভব হয়েছে। এবার পূজার বাজারে আপনারা দেখবেন মাদ্রাজের তাঁতের কাপড় পূজার বাজারে কোনও পাত্তা পায়নি। পশ্চিমবাংলার তাঁতের কাপড় সেই জায়গা অধিকার করে বসে আছে। উনি বলেছেন যে পশ্চিমবাংলার কটেজ ইন্ডাষ্ট্রির কোনও উন্নতি হয়নি। তিন সপ্তাহ ধরে ন্যাশনাল এক্সপো চলেছে এবং তাতে বিক্রির যে খতিয়ান সেই বিক্রির খতিয়ান যদি দেখেন তাহলে দেখবেন তন্তুশ্রী এবং তন্তুজ এই দুটি পশ্চিমবাংলার যে তাঁত শিল্প সেই তাঁত শিল্পের মাল বিক্রি হয়েছে সব চেয়ে বেশি। প্রায় ৫০ লক্ষ টাকার মাল বিক্রি করেছে মাদ্রাজ পাঞ্জাবের চেয়ে বেশি বিক্রি হয়েছে। এটা সম্ভব হয়েছে। আর একটা কথা বলেছেন ফ্যামিলি ওয়েলফেয়ার প্ল্যানিং-এর কোনও প্ল্যান নেই। তফাত আছে কংগ্রেস সরকার জোর করে যে কাজটা করতো বামফ্রন্ট সরকার সেই কাজ করেননি লোকের প্রয়োজনীয়তা বুঝে তারা সেই কাজ করছে এবং এটা স্বাস্থ্য মন্ত্রী তাঁর বাজেটে বলবেন কতটা সাফল্য লাভ করেছে। পাবলিক সেক্টরে আমাদের বিনিয়োগ কম হয়েছে। কোথা থেকে তিনি এই তথ্য পেলেন। প্রাইভেট সেক্টরে যে কারখানাগুলি জোর করে বন্ধ করে রাখা হয়েছিল সেই কারখানাগুলিকে খোলা হয়েছে এবং এটা করা হয়েছে পশ্চিমবঙ্গ সরকারের প্রচেষ্টায় কেন্দ্রীয় সরকারের কাছ থেকে জোর করে টাকা পয়সা এনে পাবলিক সেক্টরে আমরা বিনিয়োগ বাড়িয়েছি। নিশ্চয়ই আমাদের অর্থমন্ত্রী তাঁর যে বাজেট পেশ করবেন এর জবাব তিনি দিয়ে দেবেন। আর একটা কথা উঠেছে কমিউনিস্ট ডেভেলপমেন্ট সার্ভিস— গ্রামের লোককে নাকি আমরা কোয়াকের হাতে তুলে দিয়েছি। ভোলাবাবু কলকাতায় থাকেন বড় ডাক্তার ডাকার সুযোগ আছে নার্সিং হোমে যাবার সুযোগ তাঁর আছে— কিন্তু গ্রাম বাংলার মানুষ কোয়াকের হাতেই পড়ে আছে। পশ্চিমবাংলার সরকার কি করেছেন? পাবলিক হেল্থ ওরিয়েনটেড কমিউনিটি মেডিক্যাল সার্ভিস কোর্স চালু করেছেন, কি উদ্দেশ্য নিয়ে? এই যে পাবলিক হেল্থ ওরিয়েন্টেড কোর্স এটা মডার্ন মেডিসিন কোর্সের অল্টারনেটিভ কোর্স নয়, এটা তারই পরিপূরক হিসাবে শর্ট কোর্স পড়িয়ে তাতে শিক্ষিত করে তাদের প্র্যাক্টিস করতে দিচ্ছেন। তাঁদের দিয়ে গ্রামের লোকের স্বাস্থ্য রক্ষার কাজ করাবেন শহরের লোকের

স্বাস্থ্য রক্ষার কাজ করাবেন না। শহরের লোকে রোগে যেভাবে ভোগে সে তুলনায় গ্রামের পরিবেশ আলাদা, সেখানকার অর্থনৈতিক পরিবেশ আলাদা, আবহাওয়া আলাদা, আকাশ পাতাল তফাৎ আছে। এই গ্রামের মানুষের চিকিৎসার জন্য এই কমিউনিটি মেডিক্যাল সার্ভিস কোর্স তৈরি হয়েছে। এই কোর্সকে গ্রামের মানুষেরা আশীর্বাদ করছে, ভোলাবাবু হাইকোর্টে বসে সেটা বুঝতে পারছেননা। গ্রামের মানুষের আশীর্বাদ পেলে কি হবে, এদের জ্বালা হচ্ছে, হবেইতো। কেন? আমরা জানি যারা বড় বড় ডাক্তার তাদের টাউট আছে, কোয়াক্ ডাক্তার আছে, তাদের মাধ্যমে এই বড় ডাক্তাররা হাজার হাজার টাকা উপার্জন করে। এই কোর্স চালু হওয়াতে তাঁরা ভীত হয়ে পড়ছেন। যদি এই রুর‍্যাল ওরিয়েনটেড কোর্স চালু হয় এবং এর মাধ্যমে গ্রাম বাংলার মানুষ চিকিৎসা পায়, তাহলে যে সমস্ত গরিব মানুষের এই সমস্ত এজেন্টের মাধ্যমে বড় ডাক্তারদের কাছে আসত, তা আসবেনা, ফলে তাঁদের আয় বন্ধ হয়ে যাবে, সেই উপার্জন বন্ধ হয়ে যাবে এবং নার্সিং হোমের মালিকেরা যারা তাদের আয় কমে যাবে। এই সরকার কি এদের মুখ চেয়ে নীতি রচনা করবেন না, গ্রামের গরিব মানুষদের মুখ চেয়ে নীতি রচনা করবেন, এই প্রশ্নটাই আমি আপনার মাধ্যমে রাখতে চাই।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা অত্যন্ত কঠিন অবস্থার মধ্য দিয়ে চলেছি। ১৯৭২ সাল থেকে ১৯৭৬ সাল পর্যন্ত দেখেছি কি সন্ত্রাসের অবস্থা। আইন বলে কোনও কিছু ছিলনা, ইমার্জেন্সী চালু হয়েছিল এবং সেই ইমার্জেন্সীর মাধ্যমে হত্যা ও সন্ত্রাসের অবস্থা সৃষ্টি হয়েছিল। সেটা আমরা জানি, আজ তারই পদধ্বনি শুনতে পাচ্ছি। কংগ্রেস (আই) এর যারা, তাদের বাদ দিয়ে বিরোধী পক্ষের যারা বলতে উঠেছেন, তাঁরা যতই চিৎকার করুননা কেন, তাঁরা কি কালো দিনের আভাস, সেই কালো দিনের ইঙ্গিত দেখতে পাচ্ছেননা? তাঁরা কি দেখছেননা অর্ডিন্যান্স করে কিভাবে এই আই.সি. কর্মীদের সঙ্গে যে ডেমোক্রেটিক এগ্রিমেন্ট হয়েছিল, সেটা নষ্ট করে দিল, তাঁরা কি দেখতে পাচ্ছেন না রেলওয়ে কর্মীরা যে ন্যায়সঙ্গত দাবি নিয়ে স্ট্রাইক করেছিল, কিভাবে তাদের ছাঁটাই করা হচ্ছে এবং কিভাবে তাদের গণতান্ত্রিক অধিকার কেড়ে নেওয়া হচ্ছে? তাঁরা কি দেখতে পাচ্ছেননা ডি.ভি.সি. স্টাফ অ্যাসোসিয়েশনকে কিভাবে লুথারকে দিয়ে ভেঙে দেবার চেষ্টা হচ্ছে? এটাতো তাঁরা জানেন যে এই অ্যাসোসিয়েশন শতকরা ৮০ ভাগ কর্মীদের প্রতিনিধিত্ব করে? এই নিয়ে পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রের সঙ্গে কথা বলতে গেলে, কিভাবে অপমান করা হয়েছে, সেটা কি তাঁরা জানেননা? এই যে অগণতান্ত্রিকভাবে তাঁরা চলেছেন, তাতে কি ওঁরা সেই কালো দিনের ইঙ্গিত এবং আভাস পাচ্ছেননা? কংগ্রেস (আই) এর লোকেরা কি রকম গণতান্ত্রিক পদ্ধতিতে চলবেন? প্রেসিডেন্টের হাতে তারা সমস্ত ক্ষমতা দিতে চাইছে এবং সেই প্রেসিডেন্ট আমেরিকার টাইপের নয়, কিভাবে ক্ষমতা প্রেসিডেন্টের হাতে দেবে? স্বৈরতন্ত্রী এবং পুরোপুরি ফ্যাসিবাদী প্রেসিডেন্সিয়েল শাসন চাইছে। এই কংগ্রেস (আই) এর লোকেরা যারা সেই সঙ্কট আনতে চাইছে, তাদের সঙ্গে গলার সুর মিলিয়ে বামফ্রন্ট এর বিরোধিতা করবার জন্য তাদের সঙ্গে হাত মেলাবেন? এই হাত মেলানো কলঙ্ক, এটা কল্পনাও করতে পারিনা। আমি একথাই বলব মাননীয় অধ্যক্ষ মহাশয়। আর একটা কথা। এবার ওরা কায়দাটা একটু

পাল্টেছে, আগে খোলা জায়গায় দাঁড়িয়ে দিনের বেলায় হত্যা করত, এবারে কায়দা পাল্টে ডাকাতির নাম করে রাতের অন্ধকারে গরিব নেতাদের হত্যা করছে। গত ডিসেম্বর মাসে ময়নাগুড়ির উপেন দাস পঞ্চায়েত সমিতির নির্বাচিত প্রতিনিধি, তার বাড়িতে রাত সাড়ে বারটার পরে ১৫/২০ জন লোক যায়।

[5-20—5-30 p.m.]

গরিব মানুষ, দরজা খোলা ঘরে ঢুকে পড়ে। তার স্ত্রী বলে যা আছে আমার নিয়ে যাও। আমার কিছুই নেই, শুধু কিছু ধান আছে, তোমরা নিয়ে যাও। তারা বলে আমরা ধান নিতে আসিনি, টাকা নিতেও আসিনি, উপেন দাসের প্রাণ নিতে এসেছি। উপেন দাসের উপর গুলি চালিয়ে হত্যা করা হয়েছে। অপরাধ কি? উপেন দাস ক্ষেত মজুর, গরিব জেলেদের দাবি নিয়ে লড়াই করেছে। উপেন দাস বর্গা অপারেশনে বর্গাদারদের পাশে ছিল। ননীবাবু আর আমি মিটিং করতে গিয়েছিলাম। ১৫ হাজার লোক সেখানে ছিল। লোকেরা বলছে আমাদের হুকুম দিন, কারা এই কাজ করেছে আমরা জানি, বাড়ি পুড়িয়ে জ্বালিয়ে দেব। একটি জবাব দিয়ে এসেছি ব্যক্তি হত্যায় আমরা বিশ্বাস করি না, যে বড়লোকী ব্যবস্থা ইন্দিরা কংগ্রেস এনেছে তার বিরুদ্ধে যে লড়াই সেই লড়াই কাঁধে কাঁধ মিলিয়ে চালিয়ে যাও, তাহলেই এই অবস্থার প্রতিশোধ নেওয়া হবে। এখানে যারা আইন শৃঙ্খলার প্রশ্ন তুলেছেন তাদের বলতে চাই বামফ্রন্ট সরকার কিভাবে আইন শৃঙ্খলা রাখতে হয় জানে। দ্বিতীয় ঘটনা ফেব্রুয়ারি মাসের ৯ তারিখে ঘটল। ধনঞ্জয় নায়েক, বাসন্তী থানা, পঞ্চায়েত সমিতির সভাপতি— দুর্যোগের রাত্রি। রাত্রি তখন ১২।। টা ঠিক একই টাইম, একই কায়দায় তার বাড়িতে ঢুকল। তাকে ঘর থেকে বের করে আনল। তার বুকের উপর নাচল, গুলি করল না। কারণ গুলি করলে শব্দ হবে, গ্রামের লোকেরা বেরিয়ে আসবে। তার বুকের পাঁজরা ভেঙ্গে গেল। ধনঞ্জয় নায়েক একটি জবাব দিয়ে গিয়েছিল। আমি তোমাদের কাছে প্রাণ ভিক্ষা চাই না। আমি জানি তোমরা নতুন পদ্ধতি গ্রহণ করেছো। ইমার্জেন্সী আমলে কংগ্রেসি জোতদারদের যে পদ্ধতি ছিল সেটা আমরা দেখেছি। কারণ সাহস করছে না দিনের আলোয় আমাদের বিরুদ্ধে লড়াই করতে। কেন না গ্রামের মানুষ আমাদের পক্ষে আছে। রাতের অন্ধকারে ডাকাতির নাম করে প্রাণ নিচ্ছে। প্রাণ ভিক্ষা চাই না। ধনঞ্জয়ের রক্ত পড়বে, তবু এই আন্দোলন কমবে না, দিনের পর দিন আন্দোলন বেড়ে চলবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ধনঞ্জয়ের মৃত দেহ গত ১৭ তারিখে যখন নিয়ে যাওয়া হল গ্রামে তখন রাত ১২টা হাজার হাজার লোক জমায়েত হয়েছে। আমাদের নেতাদের কাছে হুকুম চাইছে। কারা করেছে তাদের আমরা জানি, আপনারা শুধু একবার বলুন, তাদের দেখে নিই। আমাদের নেতারা বলেছেন আমরা ব্যক্তি হত্যায় বিশ্বাস করি না। যে জন্য ধনঞ্জয় নায়েকের প্রাণ গেছে সেই লড়াই তোমরা চালিয়ে যাও। তাই যে কথা আজকে বলে যেতে চাই সেই কথা হচ্ছে এই, কংগ্রেস (ই) সদস্যরা কিছু নতুন কায়দা নিয়েছে। তারা গ্রামে গ্রামে দুর্বৃত্তদের অর্গানাইজ করছে, জোতদারদের নেতৃত্বে দুর্বৃত্তদের অর্গানাইজ করছে। আমি একটি কথা আপনার মাধ্যমে বলতে চাই রক্ত দেব, আমরা রক্ত দিতে জানি এবং রক্ত দিতে হবে।

কারণ যে ব্যবস্থা আজ কেন্দ্রে চলেছে, যে ব্যবস্থা কংগ্রেস সরকার চালিয়েছে সেটা হল গরিবের রক্ত চুষে নেওয়ার ব্যবস্থা, তাকে পাল্টাতে হলে রক্ত দিতে হবে। আরো রক্ত যাবে। লড়াই আমাদের ততদিন চলবে যতদিন পর্যন্ত এই ব্যবস্থা ভেঙ্গে ফেলতে না পারি। আর আমি এই কথা বলে যেতে চাই ব্যক্তি হত্যায় আমরা বিশ্বাস করি না, ভোলাবাবু। **(ভয়েস ঃ শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ এটা কি রাজ্যপালের ভাষণের উপর বক্তৃতা হচ্ছে?)** রাজ্যপালের ভাষণের উপর বক্তব্য রাখছি এই জন্য— রাজ্যপালের ভাষণে দুটি কথা আছে। ডিপেনডিং ইকনমিক ক্রাইসিস— সেই ডিপেনডিং ইকনমিক ক্রাইসিস কেন? কেন্দ্রীয় সরকারের অর্থনৈতিক নীতির জন্যই এটা হয়েছে। ল অ্যান্ড অর্ডারের প্রশ্ন ল অ্যান্ড অর্ডার বামফ্রন্টের বিভিন্ন শরিক দলগুলি কিভাবে রক্ষা করার চেষ্টা করছে তার উদাহরণ দিচ্ছি। কংগ্রেসের শত চেষ্টা সত্ত্বেও, আইন শৃঙ্খলা ভাঙ্গার প্রচেষ্টা সত্ত্বেও পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার জান দিয়ে চেষ্টা করছে যাতে ব্যক্তি হত্যার রাজনীতি বন্ধ করা যায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ট্রাম বাসের ভাড়া নিয়ে চিৎকার করছেন, কেন বাসের ভাড়া বাড়ল- রেলের ভাড়া ১৫% কেন বাড়ল? কয়লার দাম কেন বাড়ল, স্টিল, পেট্রোলের দাম কেন বাড়ল? হ্যাঁ, এটা ঠিক বাসের ভাড়া বেড়েছে, আমরা তারজন্য দুঃখিত। কিন্তু এই প্রসঙ্গে একথাটাও বলতে চাই যে কেন্দ্রীয় সরকার আমাদের যা প্রাপ্য সেই পাওনা টাকা যদি দিতেন তাহলে নিশ্চয় আমরা সাবসিডি দিতাম, কিন্তু সেই টাকা তারা দিচ্ছেন না। প্ল্যান খাতে আমরা দেখছি দিনের পর দিন আমাদের টাকা কমে যাচ্ছে। স্যার, আপনি শুনলে অবাক হয়ে যাবেন কংগ্রেস আমলে প্ল্যানখাতে যেখানে ২০০ কোটিতে কেন্দ্রীয় সরকার দিতেন ১২০ কোটি টাকা সেখানে আমাদের আমলে প্ল্যানখাতে ৫০০ কোটি টাকার উপরে যেখানে প্ল্যান সেখানে কেন্দ্রীয় সাহায্য মাত্র ১০৯ কোটি টাকা। তাই পার্থক্যটা সহজেই অনুমেয়। এই অবস্থায় কি করে পশ্চিমবঙ্গ সরকার সাবসিডি দেবেন, কোথা থেকে দেবেন? যদি উপায় থাকত তাহলে নিশ্চয় আমরা তা দিতাম। এই ক্ষেত্রে আমরা দেখলাম বাসের ভাড়া বাড়ানোর ব্যাপারে কংগ্রেস (ই)-এর সুব্রত মুখার্জি বললেন, আন্দোলন হবে না অথচ দেখা গেল কংগ্রেস (ই)'র ঝান্ডা নিয়ে ট্রাম, বাস পোড়ানো হ'ল। এরা এইভাবে আইন-শৃংখলা ভাঙ্গতে চাইছেন এবং এইসব করে দেখাতে চাইছেন পশ্চিমবাংলায় আইনশৃংখলা নেই। আমি ভোলাবাবুকে বলতে চাই, বামফ্রন্ট সরকার যতদিন থাকবে ততদিন এই সরকার গরিবদের পক্ষেই থাকবে এবং সেখানে বড়লোকরা আইনশৃংখলা ভেঙ্গে যদি গরিবকে শোষন করতে চায় তাহলে সেখানে তাকে সাহায্য করবে কিনা সেকথা বলা আমার পক্ষে খুব অসুবিধার জায়গা আছে। তারপর স্যার, পঞ্চায়েত সম্পর্কে এখানে প্রশ্ন তোলা হয়েছে। পঞ্চায়েত সম্পর্কে বামফ্রন্ট সরকার কি করেছেন—সেখানে সরকার ক্ষমতার বিকেন্দ্রীকরণ করতে চেয়েছেন, গ্রামের মানুষের হাতে ক্ষমতা দিতে চেয়েছেন, গরিব মানুষদের হাতে ক্ষমতা দিতে চেয়েছেন। সেখানে গ্রামের গরিব মানুষরা যাতে প্রশাসনের সঙ্গে যুক্ত হয়ে যে বিরাট কর্মযজ্ঞ চলেছে তার অংশীদার হতে পারে তার চেষ্টা চলেছে। তবে লক্ষ লক্ষ মানুষ যেখানে জড়িত, যেখানে এত লোক গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচিত হয়ে এসেছেন সেখানে সবকিছু পারফেক্ট একথা আমি বলিনা বরং একথাই বলি হ্যাঁ, কিছু ত্রুটিবিচ্যুতি সেখানে আছে এবং তার সংশোধনের চেষ্টা হচ্ছে। কিন্তু তার অর্থ কি এই যে গণতান্ত্রিক পদ্ধতিতে

কোথাও যদি কোনও ত্রুটিবিচ্যুতি হয় তাহলে গণতান্ত্রকে ত্যাগ করে স্বৈরতন্ত্রের পথে যেতে হবে? নিশ্চয় এটা অলটারনেটিভ নয়, অলটারনেটিভ হচ্ছে, পঞ্চায়েতকে আরো শক্তিশালী করা এবং সে যাতে ক্ষমতা পাওয়ার যোগ্য হয়ে উঠতে পারে তারজন্য চেষ্টা করা। ভাষা সম্পর্কে প্রশ্ন উঠেছে। কি করেছি বা কি বলেছি আমরা ভাষা সম্পর্কে? আমরা বলেছি, প্রাথমিক স্তরে ছাত্ররা মাতৃভাষায় শিক্ষা পাবে। এতে অন্যায়টা কোথায়? এতে ভোলাবাবুরা চটছেন কেন জানি না। ইংরাজিকে তো অ্যাসোসিয়েট ল্যাংগুয়েজ হিসাবে রাখা হয়েছে প্রাইমারীর উপরে। এই প্রসঙ্গে এডুকেশন কমিশনের যে রিপোর্ট সেটা একটু উল্লেখ করতে চাই। সেই রিপোর্টে তাঁরা বলছেন, অল্প বয়সে শিক্ষার জন্য যারা আসবে তাদের যদি শিক্ষিত করতে হয় তাহলে মাতৃভাষার মাধ্যমে তাদের শিক্ষিত করা উচিত। তারপর ইংরাজি ভাষা বা অন্য ভাষা পড়তে পারে, সেখানে কোনও বাধা নেই। কিন্তু মাতৃভাষার মাধ্যমে প্রাথমিক শিক্ষাদানে ভোলাবাবুদের আপত্তি কেন জানি না। তবে ওঁদের অসুবিধার কারণ একটু বুঝি, সেটা হচ্ছে, ইংরাজিবাগীশ যারা, বৃটিশের পদলেহন করেছে যারা, স্বাধীনতার পরও সেই ব্রিটিশ মনোভাবাপন্ন ব্যক্তি যারা রয়েছে এতে তাদের আঁতে ঘা লাগছে। কিন্তু আমরা অবাক হয়ে যাই যখন দেখি কোনও বামপন্থী দল এইসব ব্যাপারে কংগ্রেসের সাথে মিলে আন্দোলন করছেন, লড়াই করছেন। তাঁরা কি দেশের রাজনৈতিক অবস্থাটা বুঝছেন না? আজ কংগ্রেস (ই) চায় যে কোনও ইস্যুতে পশ্চিমবাংলায় বিশৃংখলা সৃষ্টি করতে—সে ভাষা নিয়ে হোক, বাসের ভাড়া নিয়ে হোক, কমিউনিটি মেডিক্যাল সার্ভিস কোর্স নিয়ে হোক বা পঞ্চায়েত নিয়ে হোক, যে কোনও ব্যাপার নিয়ে গন্ডগোল করতে পারলেই হ'ল।

[5-30—5-40 p.m.]

কিন্তু বামপন্থী বলে যারা পরিচিত, তারা কি আজকে বামপন্থীর চেহারাটা রাখতে পারছেন? তাদের চেহারাটা কি কালো হয়ে যাচ্ছে না? ওদের সঙ্গে মিশে এক ঝান্ডায় দাঁড়িয়ে বিরোধিতা করছেন। আজকে অবাক হয়ে যেতে হচ্ছে যে ডঃ নিহাররঞ্জন রায় সম্পর্কে সুবোধ ব্যানার্জির যে লেখা তারপরেও এক ঝান্ডায় কি করে চলেছেন? এই ঘটনাগুলি যখন দেখি তখন আমার মনে হয় যে রাজনীতির কোনও নীতি নেই, কোনও জায়গা নেই। এখানে বামফ্রন্ট সরকার বলে একটা সরকার আছে, সেই সরকারকে যে কোনও উপায়ে পর্যুদস্ত কর। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শেষে এই কথা বলতে চাই যে বামফ্রন্ট সরকার কি করেছে। আমরা গ্রামের মানুষকে কাজ দেবার চেষ্টা করেছি ফুড ফর ওয়ার্কের মাধ্যমে। আপনি অবাক হয়ে যাবেন ইন্দিরা কংগ্রেস ক্ষমতায় আসবার পরে তারা ফুড ফর ওয়ার্কের যে টাকা, সেই টাকা এবং খাদ্যশস্য কেটে দিয়েছে। কারণ গ্রামের মানুষ যদি চাকুরি পায়, কাজ পায়, গ্রামের মানুষ যদি সুখে থাকে তাতে ওরা মনে করে যে সেটা বড় লোকের বুকে ব্যাথা লাগে, বড় লোকের স্বার্থ রক্ষা করা যাবেনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা চেষ্টা করছি সেই টাকা প্রত্যেকটি গ্রামের মানুষের কাছে পৌঁছে দিতে। আমরা প্রাইমারী এডুকেশনের জন্য চেষ্টা করছি এবং যাতে প্রতিটি গ্রামে একটা করে স্কুল হতে পারে তার জন্য চেষ্টা করেছি এবং সেই প্রচেষ্টা আমরা চালিয়ে যাচ্ছি। ১২

ক্লাশ পর্যন্ত অবৈতনিক করার কাজ আমরা করেছি। শিক্ষার ক্ষেত্রে সাধারণ মানুষ যাতে শিক্ষা পায় সেই চেষ্টাও আমরা করেছি। কটেজ ইন্ডাস্ট্রিজ সম্পর্কে আবেদিন সাহেব খবর রাখেন না। এবারে যে ন্যাশনল এক্সপো হয়ে গেল সেখানে যে মাল বিক্রয় হয়েছে তার মধ্যে পশ্চিমবাংলার তন্তুজ-এর মাল সব চেয়ে বেশি বিক্রয় হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটা কথা বলে আমার বক্তব্য শেষ করছি। পশ্চিমবাংলায় বামফ্রন্টের যে সরকার সেটা বিভিন্ন দলের মিলিত সরকার। কাজেই সেখানে নিশ্চয়ই কিছু কিছু মত পার্থক্য থাকতে পারে। কিন্তু একটা জায়গায় আমাদের মিল আছে। সেই মিল হচ্ছে গরিব মানুষের শোষণের যে ব্যবস্থা চলেছে, গরিব মানুষকে হত্যা করার যে ব্যবস্থা চলেছে, গরিবের রক্ত মাখা টাকা নিয়ে বড়লোক বানানোর যে ব্যবস্থা চলেছে সেই নীতির বিরুদ্ধে লড়াই করার জায়গায় আমরা ঐক্যবদ্ধ। ভোলাবাবু জেনে রাখুন যে ইনডাইরেক্ট ট্যাক্স বাড়ছে। এবারে ১২ হাজার কোটি টাকা ইনডাইরেক্ট ট্যাক্স হবে। ডাইরেক্ট ট্যাক্স কমে যাচ্ছে। ওখানে ট্যাক্স করার ক্ষমতা নেই। সরকার টাকা দেবেনা, তাদের প্রাপ্য কেন্দ্র দেবেনা। সেলস ট্যাক্স করে যেটুকু টাকা পেতাম সেটাও কেটে দেবার জন্য চেষ্টা চলছে যাতে পশ্চিমবঙ্গ সরকারের হাতে কোনও টাকা না আসে এবং পশ্চিমবঙ্গ সরকার যাতে কোনও কাজ না করতে পারে। আজকে কেন্দ্রীয় সরকার যতই চক্রান্ত করুন না কেন পশ্চিমবঙ্গের মানুষ এই সরকারের পিছন থেকে এই সরকারের যে কাজগুলি তারা শুরু করেছেন তাকে সাফল্যতায় পৌঁছে দেবার জন্য চেষ্টা করবে। আর একটা কথা হচ্ছে যে স্বৈরতন্ত্র দিয়ে, ফ্যাসিবাদ দিয়ে মানুষের গলা টিপে রাখা যাবেনা। খুন দিয়ে, হত্যা দিয়ে সন্ত্রাস সৃষ্টি করে পশ্চিমবঙ্গের মানুষের মনোভাবকে আপনারা থামিয়ে দিতে পারেননা। মানুষ জিতবে, মানুষের জয় হবেই। বামফ্রন্ট সরকারকে এই ভাবে ফেলে দেওয়া যাবেনা। আজকে বামফ্রন্ট সরকার সাধারণ মানুষের মনের ভিতরে গেঁথে আছে। গরিব মানুষের মনের ভিতরে যে আছে সেই বামফ্রন্ট সরকারকে হঠানো যাবেনা। রাজ্যপালের ভাষণে যে কথাটুকু বলা যেত এবং যে কথা বলা হয়েছে এবং এই রাজনীতিক জবাবটা দিতে হল কারণ ভোলাবাবু, জয়নাল আবেদিন সাহেব যদি আবোল-তাবোল না বলতেন তাহলে এই সব কথা বলতাম না। আর অন্যান্য যারা বিরোধী পক্ষে আছেন তারা অবস্থাটা চিন্তা করে দেখবেন, বিহারের অবস্থাটা চিন্তা করে দেখবেন, উত্তরপ্রদেশের অবস্থা, মহারাষ্ট্রের কথা চিন্তা করে দেখবেন। সেখানে আপনাদের সঙ্গে ইন্দিরা কংগ্রেসের সম্পর্ক কি? সেখানে আপনাদের গলা কি ভাবে কাটছে সেটা চিন্তা করে দেখবেন। এখানে এই হাতকে পুড়িয়ে যদি কালো হাতকে সমর্থন করেন তাহলে সেই হাত আপনাদের গলা টিপে ধরবে, এই কথাটা আপনাদের বলে দিতে চাই। সারা ভারতবর্ষের রাজনীতির দিকে চেয়ে দেখুন। এই কথা বলে রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদজ্ঞাপক যে প্রস্তাব সেই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

## PRESENTATION OF REPORT

### 74th Report of the Business Advisory Committee

**মিঃ স্পিকার ঃ** কার্য উপদেষ্টা কমিটির ৭৪-তম প্রতিবেদন পেশ করছি। এই কমিটির

বৈঠক আজ ১৯শে ফেব্রুয়ারি, ১৯৮১ তারিখে আমার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। এই বৈঠকে ২৪ এবং ২৫শে ফেব্রুয়ারির বিধানসভার কার্যসূচি নিম্নলিখিত-ভাবে সূচিত করা হয়েছে।

| | | | |
|---|---|---|---|
| Tuesday, 24.2.81 | ... | (i) | Motion under rule 185 regarding rise in price of essential commodities and measures to check the same— Notice given by Shri Amalendra Ray and others ... $1\frac{1}{2}$ hrs. |
| | | (ii) | Motion under rule 185 regarding Government decision to abolish English in the Primary Education stage— Notice given by Shri Suniti Chattraj and others ... $1\frac{1}{2}$ hrs. |
| Wednesday, 25.2.81 | ... | (i) | The West Bengal Agricultural Produce Marketing (Regulation) (Amendment) Bill, 1981 (Introduction, Consideration and Passing) ... 2 hrs. |
| Wednesday, 25.2.81 | ... | (ii) | The West Bengal Shops and Establishments (Amendment) Bill, 1981 (Introduction, Consideration and Passing) ... 1 hrs. |

এখন আমি ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়কে এই প্রস্তাব হাউসের সামনে রাখবার জন্য অনুরোধ করছি।

**শ্রী ভবানী মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধান সভার কার্য উপদেষ্টা কমিটির ৭৪-তম প্রতিবেদনে যা সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য আমি সভায় প্রস্তাব উত্থাপন করছি।

**অধ্যক্ষ মহোদয় ঃ** আমি ধরে নিচ্ছি যে, এই প্রস্তাবে কারো আপত্তি নেই, সুতরাং প্রস্তাবটি গৃহীত হ'ল।

## DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

**শ্রী সন্তোষ রাণা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই অধিবেশন বর্তমান বিধানসভার সর্বশেষ অধিবেশন কিনা আমি জানি না। অনেক সময় জল্পনাকল্পনা অনেক রকম গুজব শোনা যাচ্ছে। তবে একটা ব্যাপারে মোটামুটি সুনিশ্চিতভাবে বলা যায় যে, সারা ভারতবর্ষে স্বৈরতন্ত্রের বিপদ দেখা দিয়েছে এবং সেই বিপদ সর্বগ্রাসী আকারে ব্যাপকভাবে সমগ্র দেশের উপর নেমে আসছে। গণতন্ত্রের উপর সর্বব্যাপী যে বিপদের আশংকা সেই

আশংকার পরিপ্রেক্ষিতেই আমি এই সরকারের ভূমিকা এবং কার্যকলাপ সম্পর্কে কয়েকটি কথা এই সুযোগে বলতে চাই।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এই সরকারের দুটি কাজ খুব ভাল লেগেছে। অবশ্য সে দুটি কাজের উল্লেখ রাজ্যপালের ভাষণের মধ্যে নেই। একটা হ'ল জাতীয় নিরাপত্তা আইন নামক যে আইনটি কেন্দ্রীয় সরকার পাশ করেছেন সেই আইন এই রাজ্যে ব্যবহার করা হবে না, একথা ঘোষণা করেছেন। আর দ্বিতীয় ব্যাপারটি হ'ল ইতিমধ্যে ভারতবর্ষের অনেক রাজ্যেই সংবাদপত্রের অফিসের উপর আক্রমণ হয়েছে, হামলা হয়েছে। যেমন কর্নাটকে ঘটেছে, কেরলায় ঘটেছে। অর্থাৎ প্রেস ফ্রিডম-কে কার্য করার প্রচেষ্টা এখনো পশ্চিম বাংলায় হয়নি। এই দুটি কারণের জন্য আমি এই সরকারকে সাধুবাদ জানাচ্ছি।

অন্যান্য যেসমস্ত প্রশ্ন আছে সেগুলির প্রত্যেকটির ব্যাপারেই আমি সুনিশ্চিতভাবে আমার বক্তব্য বলতে চাই। তবে সার্বিকভাবে আমি একথা বলতে পারি যে, এই সরকারের অনেক কার্যকলাপ এই রাজ্যে ফ্যাসিবাদী শক্তিকে আরো শক্তিশালী হতে সাহায্য করেছে এবং গণতান্ত্রিক শক্তিগুলিকে বিভক্ত করতে সাহায্য করেছে।

[5-40—5-50 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৮০ সালের মার্চ মাসে এই বিধানসভার মধ্যে আমি একটি অভিযোগ করেছিলাম যে, ভারতের কমিউনিস্ট পার্টির (মার্কসবাদী-লেনিনবাদি) নদীয়া জেলা কমিটির সম্পাদক শ্রী সমর পাল চৌধুরি ট্রেনের মধ্যে খুন হলেন। যেদিন খুন হলেন তার পরের দিন আমি এই বিধানসভায় অভিযোগ করি। কিন্তু আজও পর্যন্ত সেই অপরাধের সঙ্গে যারা যুক্ত তাদের কাউকে গ্রেপ্তার করা হয়নি। প্রত্যক্ষদর্শী পুলিশের কাছে বিবৃতি দিয়েছে এবং নাম বলা হয়েছে, অমুক অমুক লোক মার্ডার করেছে কিন্তু এখনও গ্রেপ্তার করা হয়নি। যারা মার্ডার করেছে তারা কংগ্রেস (আই) এর শেল্টারে আছে। পুলিশ সব জানে। কেন গ্রেপ্তার করা হয়নি। এটা থেকে এই সিদ্ধান্ত বেরিয়ে আসে যে, ইন্দিরা কংগ্রেসের সঙ্গে সহবস্থানের চেষ্টা মানে তাদের না ঘাটানো। পুলিশ বলে কোথায় আছে আমরা জানি না। কিন্তু আমি বলব, তারা খুব ভালভাবেই জানে। প্রকাশ্য দিবালোকে তারা ঘুরে বেড়াচ্ছে, না জানার কারণ নেই। জরুরি অবস্থার সময়ে অনেক শ্রমিক কর্মচারী ছাঁটাই হয়েছিলেন যেমন, সরকারি কর্মচারিরা ছাঁটাই হয়েছিলেন তেমনি প্রাইভেট সংস্থার কিছু কর্মচারী ছাঁটাই হয়েছিলেন। সরকারি কর্মচারী যারা তাঁরা প্রায়ই কাজ ফিরে পেয়েছেন কিন্তু প্রাইভেট সংস্থাগুলির অনেক কর্মচারী এখনও কাজ ফিরে পাননি। যারা কাজ ফিরে পাননি সেই ব্যাপারে অন্তত কয়েকটি ক্ষেত্রে এই সরকারের ভূমিকা খুব খারাপ। মেটাল বক্সে ৮ জন শ্রমিককে যে ছাঁটাই করা হয়েছিল তাদের এখনও কাজে ফেরত নেওয়া হয়নি। ব্রিটানিয়ার ৭জন কর্মচারীকে নেওয়া হয়নি। মন্ত্রী মহাশয় আশ্বাস দিয়েছিলেন, ঠিক আছে, আমরা দেখব কিন্তু কিছুই হয়নি। আমি জানি, এই সরকারের যারা অংশীদার আছেন, ঐ শরিকদলের পক্ষ থেকে বাধা আসে যেন না নেওয়া হয় সেইজন্য এই অবস্থা, যদিও

সরকারের নীতি ছিল ছাঁটাই কর্মচারিদের ফেরৎ নেওয়া হবে। এখানে পঞ্চায়েত সম্পর্কে অনেক কথা বলা হচ্ছে, পঞ্চায়েতে কিছু দুর্নীতি হতে পারে, এটা আমরা ঠিক ধরি না, অনেক নতুন লোক নির্বাচিত হয়েছে। সুতরাং কিছু দুর্নীতি হতে পারে। কিছু পঞ্চায়েতকে এ ব্যাপারে শাস্তি দেওয়া হয়েছে। কিন্তু যেটা খুব গুরুত্বপূর্ণ ব্যাপার সেটা সকলের ভেবে দেখা উচিত— সেটা হল, এমন কিছু গ্রাম পঞ্চায়েত আছে যার প্রধানরা যারা বর্তমানে ক্ষমতায় আছেন তাদের পার্টির লোক নয়— কিছু, কিছু গ্রাম পঞ্চায়েতে অন্যান্য বিরোধীদলের সংখ্যাগরিষ্ঠতা আছে সেই গ্রাম পঞ্চায়েতগুলিকে সম্পূর্ণভাবে সুপারসিড করা হয়েছে। যে সমস্ত কাজ যেমন, ফুড ফর ওয়ার্ক বলুন আর যাই বলুন যে সমস্ত কাজ সরাসরি পঞ্চায়েত সমিতির মাধ্যমে ব্যবস্থা ছিল যারা পঞ্চায়েত ইলেকশন হেরে গেছে তাদের মাধ্যমে এই কাজ করা হচ্ছে। এর বিরুদ্ধে হাইকোর্ট করা যায়। যদি কেউ হাইকোর্ট করার চেষ্টা করে যেমন আমাদের মেদিনীপুর জেলার কমিউনিস্ট পার্টির শ্রী সত্য পাল তিনি ১৯৬৭ সাল পর্যন্ত ওখানে সি.পি.এমের জেলা কমিটির সদস্য ছিলেন তাকে সকলেই চেনেন। না চেনার কারণ নেই। তিনি চেষ্টা করেছিলেন, হাইকোর্টে গিয়েছিলেন, ফল হল কি, ফিরছেন রাত্রের বেলায়, রাতের অন্ধকারে তিনি খুন হলেন। হি ওয়াজ মার্ডারড। ঠিক আছে, কে মার্ডার করেছেন আমি নাম করছি না কিন্তু সত্যপাল যে এলাকার লোক ছিলেন সেই এলাকার সমস্ত গরিব মানুষ তাঁকে চেনে। এবার আমি আসছি ভূমি সংস্কারের ব্যাপারে। ভূমি সংস্কারের ক্ষেত্রে জমি অনেক বন্টন করা হয়েছে, আবার অনেক জমি এখন বন্টন করা হয়নি। এটা আমি আমার অভিজ্ঞতা থেকে জানি যে জমি বন্টন করার ব্যাপারেও একটা ব্যাপার আছে। এই সরকার ঘোষণা করেছিলেন যে কংগ্রেস আমলে জমির পাট্টা পেতে পারে না এমন সমস্ত লোকও পাট্টা পেয়েছিল, আমরা সেগুলিকে বাতিল করব। গোপীবল্লভপুর এক নম্বর ব্লকে ভূমিসংস্কার মন্ত্রী এবং ভূমিসংস্কার কমিশনার গিয়েছিলেন, আমি তাঁদের সামনে অভিযোগ করেছিলাম এবং ৬৩০ খানা দরখাস্ত দিয়েছিলাম। যাদের ১০/১৫ বিঘা জমি আছে, জমি পেতে পারে না, কিন্তু ৬৩০ খানা দরখাস্তের একটারও প্রসেসিং হয়নি। পাট্টা বাতিল করা হয়নি, কেন হয়নি, হয়নি তার কারণ তারা যখন পাট্টা পেয়েছিল তখন তিনরঙা ঝান্ডা ধরে পাট্টা পেয়েছিল কিন্তু অবস্থার পরিবর্তনের সঙ্গে সঙ্গে তারাই আবার লাল ঝান্ডা ধরেছে। কাজেই পাট্টা বাতিল করা হবে না। ভূমিহীনদের জমি থেকে উচ্ছেদ করেছে, এখনও করছে। কুচবিহারে এই ঘটনা ঘটেছে, কংগ্রেস করে জমির পাট্টা পেয়েছে, ভূমিহীনদের উচ্ছেদ করেছে সেই উচ্ছেদ বজায় রাখার জন্য ভূমিহীনদের চোখ অন্ধ করে দেওয়া হয়েছে, এই ঘটনা। জমি বন্টনের একটা কমিটি করা হয়েছে, পঞ্চায়েত সমিতির স্থায়ী কমিটি। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি বলেছিলাম যে একটা কাজ করুন সমস্ত গ্রাম পঞ্চায়েত প্রধান থেকে কংগ্রেস সংগঠন এবং অন্যান্য সব সংগঠন থেকে সদস্যদের নিয়ে তাতে বিপুল সংখ্যাগরিষ্ঠতা থাকবে পঞ্চায়েত সমিতির সদস্যরা থাকবেন, গ্রাম পঞ্চায়েত প্রধানরা থাকতে পারেন, এইভাবে যদি করা হয় তাহলে অন্তত পাট্টা কাকে দেওয়া হবে সেইসব বিচার করবে, তারা অবজেকশন দিতে পারে, এইরকমভাবে করলে অসুবিধা হবেনা। জমি দেওয়ার ক্ষেত্রে কোনও অসন্তোষ হবেনা। ভূমিহীনদের যে তালিকা

তৈরি হয়েছে সেইভাবে জমি বন্টন হচ্ছে। এবার শিক্ষা সম্পর্কে আমি দু-একটি কথা বলছি। শিক্ষা সম্পর্কে আমার কথা হচ্ছে যে সর্বজনীন বাধ্যতামূলক অবৈতনিক শিক্ষা, ঐ বাধ্যতামূলক কথাটা এখন উঠে গেছে। শিক্ষা সম্পর্কে রিয়্যাল ইস্যুটাকে বাদ দিয়ে অন্য বিষয়ে ডিবেট চলছে। যেটা সবথেকে বেশি বলা প্রয়োজন সেটা হচ্ছে বাধ্যতামূলক শিক্ষা যেটা সত্য সত্যই সরকারকে গ্রহণ করতে হবে।

প্রাইমারী, সেকেন্ডারী স্কুল ফ্রি করে দিয়ে কি হবে? আমার কাছে অভিযোগ এসেছে আমার এলাকা-সাঁকরাইল রোহিনীর একটা স্কুলে ক্ষেত মজুরের ছেলে ভর্তি করার সময়ে তাকে চার্জ করা হয়েছে এডমিশন ফিঃ ৪ টাকা, ডেভেলপমেন্ট ফিঃ ৬ টাকা, গেম ফিঃ

[5-50—6-00 p.m.]

২ টাকা বিল্ডিং ফিঃ ৩ টাকা, সর্বমোট প্রায় ১৫ টাকা চার্জ করা হয়েছে। এদিকে বলছেন, ফ্রি এডুকেশন। ক্ষেতমজুরের ছেলে সে ১৫ টাকা কোথা থেকে দেবে। কয়েকজন প্রতিবাদ করতে গিয়েছিল যে, কেন এইরকম ভাবে টাকা নিচ্ছেন? তার ফলে তার ছেলেকে আর ভর্তি করা হচ্ছে না। আমার কথা হচ্ছে— বাধ্যতামূলক ভাবে ফ্রি শিক্ষা দেবার ব্যবস্থা রাজ্যসরকারকে গ্রহণ করতে হবে। ভাষা সম্বন্ধে অনেক কথা বলা হয়েছে— প্রাথমিক শিক্ষা থেকে যে ইংরাজি তুলে দেওয়া হয়েছে আমি তার বিরোধী নই। কিন্তু সেকেন্ডাবী স্তরে কেন ইংরাজি বাধ্যতামূলক থাকবে— এটাই হচ্ছে আমার কথা। যদি শিখতেই হয় তাহলে দ্বিতীয় ভাষা হিসাবে হিন্দী শেখানোই দরকার। বাঙালির ছেলেরা যদি হিন্দী শেখে তাহলে তারা অনেক ভালই শিখবে এবং জাতীয় প্রতিযোগিতার ক্ষেত্রে তারা দাঁড়াতে পারবে। প্রশ্ন উঠেছে; সহজ পাঠের জায়গায় অন্য একটা বই আমদানি করা হবে। কিন্তু কি যে সেই বই সেটা আমরা এখনও পর্যন্ত জানি না। সুতরাং সেটা না জেনে ভাল হবে না খারাপ হবে এইরকম মতামত প্রকাশ করা সমিচীন নয়। বইটি যখন আসবে তারপর বলতে পারব এইটা ভাল হয়েছে না ঠিক হয়েছে। আর একটি কথা হচ্ছে সরকার আলুর দাম বেঁধেছেন ৭০, ৭৫ এবং ৮০ টাকা, কোন হিসাবের ভিত্তিতে? কোন হিসাবের ভিত্তিতে আলুর দাম তাঁরা এই রকম বাঁধলেন ; আমি জানি না। এটা নিয়ে যদি বিতর্ক হয় তাহলে আমি দেখাব আলু চাষের উৎপাদন মূল্য প্রতি কুইন্ট্যাল ১০০ টাকার কম নয়। সুতরাং ১০০ টাকা কুইন্ট্যাল ন্যূনতম দাম বাঁধা উচিত। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রী শিবনাথ দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণ মনোযোগ দিয়ে পড়ে মনে হল বামফ্রন্ট ময়দানে যে বক্তৃতা দেন তারই অনুলিপি এখানে ছাপিয়ে আমাদের দেওয়া হয়েছে। তবে আমি মাননীয় রাজ্যপালকে ধন্যবাদ দিচ্ছি এই জন্য যে, তিনি স্বীকার করেছেন, ক্রমবর্ধমান অর্থনৈতিক সঙ্কট, পুঞ্জীয়মান বেকার সমস্যা, অত্যাবশ্যক সামগ্রীর দুষ্প্রাপ্যতা, পণ্যসামগ্রীর তীব্র মূল্যবৃদ্ধি এ সবগুলির মূল কারণ আমাদের সরকারের নিয়ন্ত্রণের বাইরে। অর্থাৎ তিনি তাঁর সরকারের অযোগ্যতার কথা স্বীকার করেছেন। এর মূল

কারণ হল ; নিরাপত্তার অভাব এবং শিল্প প্রসারের অনীহা। শিল্প এবং কৃষিক্ষেত্রে উৎপাদন বৃদ্ধিতে সরকারের অনীহা আছে। সর্বোপরি, সরকারের অযোগ্যতাই হচ্ছে মূল কারণ। এই মূল কারণকে বিশ্লেষণ করতে সরকার অক্ষম। তাঁর সরকার এই অক্ষমতা স্বীকার করে নিয়েছেন। নিরাপত্তার অভাব সর্বত্র— মানুষের জীবনে নিরাপত্তা নেই, কৃষিক্ষেত্রে যে উৎপাদন সেখানেও নিরাপত্তা নেই। অর্থাৎ লোকে উৎপাদন করে সে তার নিজের ঘরে ফসল তুলতে পারে না। সুতরাং, শিল্পক্ষেত্রে দেখা গেছে ধর্মঘট আন্দোলন চলছে অন্যায় এবং অযৌক্তিক ভাবে। এর পরিপ্রেক্ষিতে যে ক্ষতি হচ্ছে তাতে শিল্পপতিরা নূতন নূতন শিল্পপ্রতিষ্ঠায় অনিচ্ছা প্রকাশ করছে। হলদিয়ার ক্ষেত্রে আমি এটা বিশেষ ভাবে দেখেছি। হলদিয়ায় কেন্দ্রীয় সরকারের যে শিল্পপ্রতিষ্ঠান আছে এফ.সি.আই., আই.ও.সি. এবং সি.পি.টি.— এই সমস্ত প্রতিষ্ঠানে বামপন্থী একটা বৃহৎ দল— সি.পি.এম., তার যে ইউনিয়ন সি.টু., তারা প্রচন্ড ভাবে উৎপাদনে বাধা দিচ্ছে। সি.পি.টি.র জাহাজ ঢুকতে পারছে না, কোনও মাল খালাস করতে পারছে না, সেখানকার শ্রমিক ১ ঘন্টা কাজ করে ৮ ঘন্টার পারিশ্রমিক দাবি করে। তারা বিভিন্ন জায়গায় ঘুরবে, আন্দোলন করবে, কৃষির ক্ষেত্রে দলবদ্ধ ভাবে যাবে— অথচ তাদের পুরো বেতন দিতে হবে। এই পরিপ্রেক্ষিতে জাহাজের মাল তারা খালাস করবে না। এর জন্য তারা কতকগুলো অযৌক্তিক দাবি রেখেছে, ফলে জাহাজ ভিড়তে পারছে না। সি.পি.টি.'র কোনও শিল্প রক্ষা করার প্রচেষ্টা এই সরকারের নেই। বরং আমি জানি, শ্রমমন্ত্রী ওখানে গিয়ে মাঝে মাঝে শ্রমিকদের অনুপ্রাণিত করেন আরও ধর্মঘট করার জন্য। আই.ও.সি.'র ম্যানেজার বলেছেন যে, কিছুদিন যদি এই অবস্থা চলতে থাকে তাহলে আই.ও.সি.'র চিমনি নিভে যাবে। এফ.সি.আই.তে উৎপাদন হবার কথা, কিন্তু সি.টু. ইউনিয়ন থাকার ফলে সেখানে কাজ হচ্ছে না। যেটুকু তাঁরা করেছিলেন সেটুকু চালু করতে গিয়ে দেখা গেল নানা রকম অসুবিধার সৃষ্টি হচ্ছে। অথচ, এই সমস্ত শ্রমিকদের নিয়ে সেখানে কাজ করতে হবে এবং তাদের পুরো বেতন দিতে হবে। অর্থাৎ তারা ১ ঘন্টা কাজ করবে আর ৭ ঘন্টা কাজ করবে না এবং তাদের বেতন ছাড়া আরও উপরি পাওনা দিতে হবে। এই ভাবে কোনও শিল্প কিছুতেই বেড়ে উঠতে পারে না।

রাজ্য সরকার বলছেন কেন্দ্র, আমাদের কিছুই দিচ্ছে না। কেন্দ্র আপনাদের যেটা দিচ্ছে সেটা যদি ঠিক ঠিক ভাবে কাজে না লাগাতে পারেন, যে শিল্প এখানে প্রতিষ্ঠিত হয়েছে তাতে যদি ক্ষতি হয় তাহলে সেখানে কেন্দ্রের দোষ কেন দেবেন। সেই শিল্প যদি যথা সময়ে চালু না হয় তাহলে কেন্দ্র কেন অকারণে টাকা দেবে? এফ.সি.আই.এর কাজ যে টাকা নিয়ে আরম্ভ হয়েছিলো এখন তার ডবল টাকা প্রয়োজন। এই সব কারণে এই সরকারের কাজ হল চৌকিদারীর কাজ। এরা গৃহস্বামীকে সজাগ করেছেন এই বলে যে, জিনিস পত্রের দাম বেড়ে গেল। কিন্তু কি কারণে জিনিস পত্রের দাম বাড়ছে। সেই যে চোরাকারবারি ও কালোবাজারিদের জন্যই বাড়ছে যাদের তাঁরা প্ররোচিত করছেন। এই সরকার তাদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা গ্রহণ করতে রাজি নন। কেন্দ্রীয় সরকার নির্দেশ দিয়েছেন যে এদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হোক। কিন্তু সরকার তাদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা গ্রহণ করতে রাজি নন কারণ তাদের কাছ থেকে মোটা টাকা নিচ্ছেন। এই

সরকারই একদিন শিল্পপতিদের বিরুদ্ধে অভিযোগ করতেন, আজকে তাঁরাই তাদের ত্রাণ-কর্তা হয়ে দাঁড়িয়েছেন। রাজ্যপাল একটা জায়গায় স্বীকৃতি দিয়েছেন যে অপরাধ ডাকাতি হত্যা কিছুটা বেড়েছে। একটা সরকার যদি সক্রিয় থাকে তাহলে এই সব জিনিস বাড়তে পারে না। এখানে যদি সুষ্ঠু প্রশাসন থাকে তাহলে এই সব জিনিস বাড়তে পারে না। এর মূল কারণ হল সমস্ত সমাজ বিরোধী চোর ডাকাতদের সরকার ছেড়ে দিয়েছেন— তাদের উপরি পাওনার জন্য। তারা কংগ্রেসকে হত্যা করছে— কংগ্রেসের বাড়িতে ডাকাতি করে তারা তাদের উপরি পাওনা দিয়ে দেবে। সুতরাং তাদের শাস্তি বিধানের কোনও ব্যবস্থা নেই। পুলিশ যদি তাদের ধরে নিয়ে যায় থানায় তাহলে থানায় গিয়ে তাদের ক্যাডাররা তদ্বির করে ছেড়ে দেওয়ার জন্য, এমনকি মন্ত্রীদের কাছে পর্যন্ত ধর্না দেয়, মন্ত্রীরা পুলিশকে বলে তাদের ছেড়ে দেওয়ার জন্য। এইভাবে তাদের ছেড়ে দেওয়া হচ্ছে। এই দুটি ক্ষেত্রে অন্তত

[6-00—6-10 p.m.]

তিনি স্বীকার করেছেন, এটুকু তাঁকে ধন্যবাদ দেব। আর একটা জায়গায় বলা আছে যে ১৯৮০ সালের ডিসেম্বরের শেষ নাগাদ ১০ লক্ষাধিক বর্গাদারের নাম নথিভুক্ত হল এর মধ্যে ৩ লক্ষ পুরানো বর্গাদার ছিল, তাদের উচ্ছেদ করতে হয়েছে এবং যারা ১ থেকে ১০ একর জমির মালিক এই রকম ১ লক্ষ যারা জমির মালিক যারা নিজেদের জমিতে চাষ করত তাদের চাষের অধিকার হরণ করা হয়েছে। এইভাবে ১০ লক্ষ ভূমিহীনকে ভূমি দেওয়া সম্ভব হয়েছে। এই যে ৩ লক্ষ পুরান বর্গাদারকে জমি থেকে উচ্ছেদ করা হয়েছে সে ক্ষেত্রে নির্দেশ দেওয়া হয়েছে যে পঞ্চায়েতের সদস্য কৃষক সমিতি যাদের বলবে তাদের বর্গাদার করা হবে, কিন্তু এই জমির চারপাশে যারা চাষ করে তারা বললে হবে না। সেজন্য এই জমি থেকে ৪ মাইল দূরের লোক হল বর্গাদার। এইভাবে পুরানো চাষিদের উৎখাত করে নতুন চাষিদের প্রতিষ্ঠিত করা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এঁরা বলেছেন যে গ্রামাঞ্চলে ক্ষুদ্র কুটির শিল্প প্রতিষ্ঠা করার জন্য এঁরা উঠে পড়ে লেগেছেন। আমরা জানি প্রকৃতপক্ষে গ্রামে গঞ্জে শতকরা ৫ পারসেন্টও কুটির শিল্পের প্রতিষ্ঠা হয়নি। এই টাকাটা তাঁরা দিয়েছেন ঠিকই, কিন্তু এই টাকাটা শিল্প প্রতিষ্ঠার কাজে লাগেনি, এই টাকাটা সম্পূর্ণরূপে পার্টির ক্যাডাররা তাদের ভোগে লাগিয়েছে। আপনারা যদি অনুসন্ধান করেন তাহলে আমার কথা সত্য বলে প্রমাণিত হবে। আমি গ্রামের মানুষ গ্রামের খবর আমি রাখি, এই কুটির শিল্প প্রতিষ্ঠার ক্ষেত্রে আমরা দেখেছি সরকারের অনীহা। কারণ, এই সরকার জানে লোকের দুঃখ দুর্দশা যদি দূর হয় তাহলে তারা ওদের কাছে থাকবে না, তারা আন্দোলনে মেতে উঠবে না, তারা তখন নিজেদের সম্পত্তি রক্ষার কাজে ব্যাপৃত থাকবে। সেজন্য তাদের দুঃখ দুর্দশার মধ্যে রাখতে হবে, তাহলে আবার তারা ওদের কাছে আসবে, তখন তাদের ত্রাণকর্তা হিসাবে ওরা এগিয়ে যাবে যাতে তারা নিজেদের জীবন বিপন্ন করে বিপ্লবের পথে এগিয়ে যায়। এইভাবে ওরা লড়াই করছে এবং এই লড়াইএ জীবনহানি ঘটছে যারা ক্ষেতে খামারে কাজ করে তাদের, কোনও লিডারের নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এঁরা বলেন যে কেন্দ্র আমাদের কিছু দেন না। হ্যাঁ কেন্দ্র কিছু দেন না, কিন্তু যে জিনিসগুলি তাঁরা দিয়েছেন

তার পরিণতি কি? তার পরিণতি হল রেলে যখন মাল আসছে তখন সেই মাল ওখানে পচছে, চিনি গলে জল হচ্ছে, গম, চাল, ডাল এই সমস্ত জিনিসে ছাতা ফুটে যাচ্ছে, লক্ষ লক্ষ বস্তা সিমেন্ট জমে পাথর হয়ে যাচ্ছে। মাল এসে ফাঁকা মাঠে পড়ে আছে, সেগুলির প্রটেকশনের কোনও ব্যবস্থা নেই। ফলে জল লেগে পচে যাচ্ছে। অথচ এদিকে সরকারের নজর নেই, নজর দেন না। কারণ সকলের অভাব যদি মিটে যায় তাহলে ওঁরা পার্টি করবেন কাকে নিয়ে? পার্টি করতে অসুবিধা হবে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ক্ষুদ্র শিল্পগুলিকে রক্ষা করার এই সরকারের যদি বিন্দুমাত্র মানসিকতা থাকত, প্রবণতা থাকত, প্রচেষ্টা থাকত তাহলে তাদের কাঁচা মাল সরবরাহ করার দিকে সরকার দৃষ্টি দিতেন। আজকে বৃহৎ শিল্পগুলিকে যে পরিমাণ কাঁচা মাল দেওয়া হয় তা তাদের প্রয়োজনের চেয়ে অনেক বেশি এবং সেগুলি নিয়ে তারা চোরাকারবার করছে। অথচ ক্ষুদ্র শিল্পগুলিকে কাঁচা মালের জন্য দৈনিক হণ্যে হয়ে ঘুরতে হচ্ছে। তাদের একটুও মাল দেওয়া হচ্ছে না। এই যদি অবস্থা হয়, তাহলে ক্ষুদ্র শিল্প বাঁচবে কি করে? ক্ষুদ্র শিল্পকে বিভিন্ন ভাবে টাকা পয়সা দিয়ে সাহায্য করে আজকে বাঁচিয়ে রাখতে হবে। অথচ এই সরকারের সেই প্রচেষ্টা নেই। অথচ তাদের কাছ থেকে একটা মাসিক মুনাফা নেওয়া হচ্ছে। যে দিতে পারছে না, তাকে উচ্ছেদ করা হচ্ছে। আমাদের হলদিয়াতে জুট লেমিনটেড ব্যাগস-এর একটা ছোট কারখানা হয়েছে, সেখানে অল্প কিছু লোক কাজ করে। তারা যে মাল উৎপাদন করে সেই মাল সি.পি.টি-র জাহাজে যায়, কারখানা থেকে ট্রাকে করে মালগুলি নিয়ে যাওয়া হয়। যারা ট্রাকে করে মাল নিয়ে যায় তারা সেখানে গিয়ে মাল খালাস করতে পারে না, ওখানে ওদের পার্টির লোকেরা আছে, তাদের সেই মাল খালাস করতে দিতে হবে এবং তাদের ট্রাক প্রতি ৬০ টাকা করে দিতে হবে। যে মাল খালাস করতে ২ মিনিট সময় লাগে তার জন্য ৬০ টাকা করে দিতে হয় এবং সেই সঙ্গে আলাদা ১০ টাকা করে চা খাবার জন্য দিতে হয়। এর পরেও তাদের আরো ৫০ টাকা করে আলাদা দিতে হয়, তার কোনও কারণ নেই, হিসাব নেই। জিজ্ঞাসা করলে কোনও কৈফিয়ত পাওয়া যাবে না। ওদের কথা হচ্ছে, আমাদের টাকা দিতে হবে, না দিলে ট্রাক ফেরত নিয়ে যেতে হবে। এই তো হচ্ছে ছোট শিল্পের অবস্থা। আজকে আমাদের ওখানে স্থানীয় বেকার ছেলেরা শিল্প গঠন করেও আবার উচ্ছেদ হয়ে যাচ্ছে, কারণ ওদের পার্টির লোকেরা তাদের কাছ থেকে টাকা চাইছে। এই ভাবে ক্ষুদ্র শিল্পের উপর চাপ সৃষ্টি করা হচ্ছে। আপনারা হলদিয়া ক্লোরাইডের ব্যাপারটা পত্রিকায় নিশ্চয়ই দেখেছেন সিটু ইউনিয়নের অত্যাচারের ফলে দীর্ঘ দিন ধরে সেখানে কাজ বন্ধ ছিল, সেখানকার শ্রমিকরা কাজ করতে চায়নি। অথচ এখন সেখানে সিটুর ইউনিয়ন নেই, এখন সেই একই শ্রমিকরা আবার কাজ করছে। অর্থাৎ যখন ঐ শ্রমিকরা সিটুর ব্যানারের তলায় ছিল তখন ওদের কাজ করতে দেওয়া হয়নি। অর্থাৎ ওদের প্রবণতাই হচ্ছে কাউকে কাজ করতে দেওয়া হবে না। কেবল পার্টির ঝান্ডা নিয়ে ঘুরতে হবে। এর ফলে আজকে সারা পশ্চিমবাংলা শিল্পে পিছিয়ে পড়ছে। যেসমস্ত জায়গায় শিল্প গড়ে ওঠার কথা ছিল, আজকে সেই সমস্ত জায়গায় শিল্প গড়ে উঠছেনা। কেবল মাত্র যেসমস্ত জায়গায় কংগ্রেসি ইউনিয়ন আছে সেই সমস্ত জায়গায় শুধু

শিল্প গড়ে উঠছে, শিল্প করবার জন্য সকলে এগিয়ে যাচ্ছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণে আমি বুঝলামনা কেন পেট্রোক্যামিক্যালের কথার উল্লেখ নেই। তাহলে কি এই সরকার পেট্রোকেমিক্যালের প্রতিষ্ঠা করা থেকে পিছিয়ে এসেছেন? আমার মনে হয় তাই। তা না হলে পেট্রোক্যামিক্যালের জন্য জায়গা নেওয়া হয়েছে, প্রতিষ্ঠা করবেন বলে, বহু প্রচার দেখতে পেয়েছি, কিন্তু আজকে রাজ্যপালের ভাষণের মধ্যে কেন এটা নেই, বুঝতে পারলামনা। আমার বিশ্বাস এই সরকার কেন্দ্রীয় সরকারের কাছ থেকে লাইসেন্স পারমিট নেওয়ার জন্য এটা বলেছিলেন। এবং যেহেতু সেটা পেয়ে গেছেন, এখন তাঁদের সামর্থের বাইরে বলে পিছিয়ে যাচ্ছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের মধ্যে এগুলি থাকা উচিত ছিল। শ্রমিকরা আজকে নানাভাবে নির্যাতিত হচ্ছে, কৃষকরা নানাভাবে নির্যাতিত হচ্ছে, তাদের নির্যাতন থেকে অব্যাহতি দেবার

[6-10—6-20 p.m.]

কোনও কথা এই ভাষণের মধ্যে নাই। শিল্প কিভাবে পুষ্ট হবে, কিভাবে প্রসার ঘটবে, তার নিরাপত্তার কোনও প্রতিশ্রুতি কোনও কিছু যেহেতু এই ভাষণের মধ্যে নাই সেজন্য আমি রাজ্যপালের ভাষণের চরম বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবীপ্রসাদ বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে, তাকে সমর্থন করতে উঠে, আমি ইন্দিরা কংগ্রেসের পরিষদীয় দলের নেতা ভোলা সেন মহাশয়ের কয়েকটি বক্তব্যের উপর, আমার বক্তব্য রাখতে চাই। তিনি যে বিষয়গুলি বেশি জোর দিয়েছেন, তার প্রধান হচ্ছে আইন শৃঙ্খলার পরিস্থিতি। উনি বলেছেন ১৯৮০ সনে চারশটি খুন হয়েছে। স্বরাষ্ট্র বিভাগের সঠিক হিসাব আমার কাছে নাই, ৪০০টি হতে পারে, কমও হতে পারে, কিন্তু সেটা কবে থেকে শুরু হয়েছে, সেটা তিনি বলেননি। আমি জানি কবে থেকে। সেটা হচ্ছে ১৯৮০ সনে লোকসভার নির্বাচনের শেষ খবরটি যেই বেরুল, ঝুলপিওয়ালা, হাতে সিন্দুর বালাওয়ালা বাহিনী বার হল। পূর্বে ইংরেজ আমলে আমার প্রথম জীবনে দেখেছি কলকাতার অন্ধকারে এই রকম জীবেরা বসে থাকত। বম্‌কালী কলকাত্তাওয়ালী, জয় মা ছিন্নমস্তা বলে তারা বেরোল, ঝালা ঝালা ধান্যেস্বরী কাবার হয়ে গেল, সেদিন অন্ততঃ ৩০টি নরবলি হয়ে গেল, যদি স্বরাষ্ট্র বিভাগের রেকর্ড দেখেন তো দেখবেন, তারপর থেকেই এ জিনিস বেড়ে চলেছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই আলিপুর আবহাওয়া দপ্তরের সতর্কবাণী ঘোষণা শুনে থাকবেন তাঁরা বলেন ঘন্টায় ১০০ কিঃ মিঃ বেগে ঘূর্ণি ঝড় আসছে, মেদিনীপুরে আছড়ে পড়বে, নৌকার মাঝি মাল্লারা সাবধান। ১৪ই এবং ১৫ই ফেব্রুয়ারি তারিখে কলকাতা শিয়ালদা রেলওয়ে নিয়ন্ত্রণ কেন্দ্র থেকে বর্ধমানে সংবাদ গেল যে দিল্লিগামী আইন শৃঙ্খলা স্পেশাল ঘন্টায় ৭০ কিঃ মিঃ বেগ বর্ধমানের দিকে ধাবিত হচ্ছে, সাবধান। এই সংবাদ পাওয়া মাত্র, আমি জোর করে বলছি, বর্ধমান স্টেশন প্ল্যাটফর্মে যত খাবারের দোকান ছিল, পান বিড়ি সিগারেটের দোকান থেকে আরম্ভ করে, সবাই উর্ধ্বশ্বাসে পালিয়ে গেল। বর্ধমান

থেকে আইন শৃঙ্খলা স্পেশ্যাল দুর্গাপুরে ধাবিত হল তার পর দুর্গাপুর থেকে আসানসোল এবং ১৪।১৫ তারিখে আইন শৃঙ্খলা স্পেশ্যাল দিল্লি গিয়ে ঝাঁপিয়ে পড়ে ৪টি সন্ডিলালয়ে যা কিছু সোমরস ছিল তা লুটপাট করে দিয়ে গেল এবং দিল্লি প্রশাসন ৫ দিনের জন্য দিল্লিতে বিশ্বকে ঘোষণা করলেন। ইংরাজীওয়ালা ভোলাবাবুদের ভাষায় ড্রাই ঘোষণা করলেন। আমার মনে হয় যদি ঐ ১ হাজার শান্তি শৃঙ্খলা স্পেশ্যাল দিল্লিতে পাঠানো হত এবং সাত দিন ধরে যদি ঐ ছিন্নমস্তার মজলিস চলত তাহলে পশ্চিমবাংলায় ঐ সাত দিন শান্তি শৃঙ্খলার উন্নতি প্রভূত পরিমাণে হত সে বিষয়ে কোনও সন্দেহ নেই। উনি দ্বিতীয় বক্তব্যে যেটা বলেছেন সেটা হচ্ছে প্রাথমিক স্তরে ইংরাজী তুলে দেওয়ার কথা। আমি ইংরাজী জানি না ইংরাজী শিখিনি আমি চিন্তা করি মাতৃভাষায় কথা বলি মাতৃভাষায় আমি উদ্বুদ্ধ হয়েছি মাতৃভাষায় বিকশিত হয়েছি মাতৃভাষায় এবং জীবনের শেষ মুহূর্তে শেষ পর্বে আমি বলব শেষ শব্দ বলব মাতৃভাষায়। পরে এ সম্বন্ধে বিস্তারিত আলোচনা হবে আপনারা হয়তো সোমবারেই সেটা শুনতে পাবেন। কিন্তু আমি এই কথা বলতে চাই যে মানুষ চিন্তা করে ভাবে মাতৃভাষার সাহায্যে। মাতৃভাষার সাহায্যে মানুষ যতটুকু বিকশিত হয় অন্য ভাষা সেই রকম বিকশিত হতে পারে না। শিক্ষা এবং কথা বলা দুটি আলাদা জিনিস। আমি জানি ফ্রি স্কুল স্ট্রীটে একটা বাঙালি পরিবার সেই পরিবারের একটি ছেলে সে হকারী করে অ্যাঙ্গলো ইন্ডিয়ান পাড়ায় থাকে সে অনরগল ইংরাজি হিন্দী বাংলা বলতে পারে কিন্তু নাম সহি করতে পারে না। তার কারণ কখনও শেখেনি শুনে বলাটা শিখেছে। আমাদের বামফ্রন্ট সরকার মুষ্টিমেয় মধ্যবিত্ত ঘরের ছেলেদের কথা ভাবেনি। তারা ভেবেছে লক্ষ লক্ষ গ্রাম বাংলার মানুষের কথা। যারা নিরক্ষর একটা দরখাস্ত করতে পারে না। কিসে টিপ সহি দিল বুঝতে পারে না আয় ব্যয়ের হিসাব বুঝতে পারে না। তাদের মাথার উপর আর একটা বিদেশি ভাষা চাপিয়ে দেওয়া বি এ ডি ব্যাড সি এ ডি ক্যাড এই জিনিস যাতে চাপিয়ে দেওয়া না হয় সেই কথা তারা চিন্তা করেছেন। ঘর থেকে বেরিয়ে যার সঙ্গে কোনও সম্পর্ক নেই যে শব্দ সে দ্বিতীয় বার শুনতে পারে না তার মাথায় এই ভাষা জোর করে যাতে চাপিয়ে দেওয়া না হয় সেই কথা ভেবেছেন। তারা যাতে একটা দরখাস্ত করতে পারে নিজের হাতে একটা দরখাস্ত লিখে নিয়ে যেতে পারে এবং নিজের হিসাব নিজে বুঝে নেয় তার জন্য ব্যবস্থা করেছেন। মধ্যবিত্ত ঘরের ছেলেরা ইংরাজী মাধ্যম স্কুলে পড়াবেন যারা চাকুরি বাকুরির আশা রাখে তারা বাপ মায়ের কাছ থেকে আলাদা পড়ে ইংরাজি শিখে নিতে পারেন তাতে কোনও বাধা নেই এবং সে আর্থিক স্বাচ্ছল্য তাদের আছে। অগনিত নিম্নমধ্যবিত্ত ছেলেরা যাতে একটা দরখাস্ত করতে পারেন তার ব্যবস্থা করা হয়েছে বলে কি অন্যায় হয়েছে? আমরা এটা করতে এত বছর আগে পর্যন্ত যারা সব ইরাজি শিখেছেন তাদের ইংরাজীতে লেখা দরখাস্ত আমার কাছে আসে অনুমোদনের। আমি সেই সব দরখাস্তে লাল কালিতে ঢেরা দিয়ে বাংলা ভাষায় খসড়া লিখে দিই এবং বলি যে বাবা বাঙালির ছেলে বাংলা সরকার বাংলা ভাষায় দরখাস্ত করো ইংরাজী আর লিখো না।

[6-20—6-30 p.m.]

এত বছর ধরে ইন্‌জিরির তো এই হাল হয়েছে! এবার না হয় প্রাথমিক স্তর থেকে বাংলা ভাষায় ভাল করে কথা বলতে শিখুক। আমাকে ট্রেনে করে যাতায়াত করতে হয়। আমি দেখেছি অনেক টাই বাঁধা অফিসারকে— কোথাও কোনও দুর্ঘটনা ঘটলে তাদের বলতে শুনেছি অমুক জায়গায় দুর্ঘটনা ঘটেছে, ৫ খানা মানুষ মারা গেছে,— ৫ জন নয়। এই তো ভাষার এত বড় উন্নতি হয়েছে। কাজেই ভাষার বিষয় পরে আলোচনা হবে, আমি শুধু একটু ছুঁয়ে গেলাম। পঞ্চায়েত সম্পর্কে সমালোচনা করা হয়েছে। আমি মনে করি বামফ্রন্ট সরকার যা করেছে তার মধ্যে সব চেয়ে গর্বের বিষয় হল এই পঞ্চায়েত। আমি একটি প্রশ্ন করি বুকে হাত দিয়ে বলুন— আমি সমস্ত গ্রাম ঘুরেছি পায়ে হেঁটে, আমার এলাকা নয়, গোটা বাংলা— আমি যা বলছি শুনুন। ইংরেজ আমলে ২০০ বছর এবং স্বাধীনতার ৩০ বছরেও খাবার নয়, শিক্ষা নয়, চিকিৎসা নয়, পিপাসার একটু জলও মিটিয়ে দেওয়া যায়নি। শুধু নির্বাচনের সময় এক আধটা টিউব-ওয়েল পোঁতা হয়েছে। গ্রামের পর গ্রাম জ্বলে গেছে, বিরাট গ্রাম। আমি বলেছি এই গ্রামে কি পুরুষ মানুষ ছিল না, যারা আগুন নেভাতে পারে? তারা বলেছে অনেক মরদ ছিল, পানি নেই, একটা টিউব-ওয়েল তাই দাঁড়িয়ে দাঁড়িয়ে পুড়ে গেল, আমরা নেভাতে পারিনি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মনে আছে, এই বেঞ্চে দাঁড়িয়ে আপনি একদিন বলেছিলেন, তখন ১৯ বছর চলছে, ১৯ বছরেও পানীয় জলের সমস্যার সমাধান করতে পারেন নি। সেদিন প্রফুল্লচন্দ্র সেন মুখ্যমন্ত্রী, আপনাকে শাসিয়েছিলেন আজকে আমরা গর্ব করে বলতে পারি, চিৎকার করে বলতে পারি, যে এলাকায় মাটির নিচে পাথর আছে সেগুলিকে বাদ দিয়ে, সারা বাংলার কোথাও এমন গ্রাম নেই যেখানে পানীয় জলের কষ্ট আছে- পানীয় জলের কষ্ট সম্পূর্ণভাবে দূরীভূত হয়েছে। আপনারা একটা উদাহারণও দিতে পারবেন না যেখানে পানীয় জলের কষ্ট আছে। ১৯৭৪ সালে বিধ্বংসী বন্যা হল। ১২টি জেলা ভেসে গেল। আমরা গ্রামবাসীদের বলিনি যে খাবার নেই, কি দিয়ে চাষ করবে। কংগ্রেসি মন্ত্রিসভার মুখ্যমন্ত্রীর মতো গ্রামবাসীদের আমরা বলিনি যে কাঁচকলা খাও। আমরা আমাদের যুব শক্তিকে, সমস্ত দেশের মানুষকে চিৎকার করে বলেছি এই প্রাকৃতিক দুর্যোগের সঙ্গে পাঞ্জা লড়বার জন্য, প্রকৃতিকে চ্যালেঞ্জ জানাবার জন্য। তার ফলে কি দাঁড়াল? মহামারি হল না। আর আলু, গম এবং সব্জি সর্বকালের সর্ব রেকর্ড অতিক্রম করে এত উৎপাদন হল যে লোকে বলল আলু এবার গরুতে খাবে, রাখবার জায়গা নেই।

পঞ্চায়েতের কথা এখানে বলা হয়েছে। অনেক গ্রাম যা দুর্গম ছিল আজকে সেখানে প্রত্যেকটি গ্রাম এলাকায় যাবার সুন্দর রাস্তা হয়েছে। যে পাকা রাস্তার মুখ গ্রামবাসীরা কোনওদিন দেখেন নি আজকে সেখানে অজস্র পাকা রাস্তা হয়েছে। তা ছাড়া পঞ্চায়েতের মাধ্যমে জলনিকাশি নালা, বাঁধ ইত্যাদির কাজও হয়েছে। পঞ্চায়েত এই সামান্য সময়ের মধ্যে যা করেছে সেটা আজকে সমস্ত দেশের কাছে দৃষ্টান্তস্বরূপ হয়ে থাকবে। তারপর বিদ্যুতের কথা বলা হয়েছে, আমার সময় বেশি নেই তাই বিদ্যুৎ নিয়ে ওঁদের কথার জবাবে

অনেক কিছু বলার থাকলেও বলতে পারছি না, শুধু এইটুকু বলছি, উত্তরবঙ্গে গ্যাস টারবাইন বসাবার কথা হয়েছিল কিন্তু কেন্দ্র থেকে অনুমোদন পাওয়া যায়নি। স্যার, একটা কথা বলতে চাই যে এককালে এখানের ব্রিটিশ গভর্নর ভাইসরয়কে লিখেছিলেন যে বাংলা থেকে রেভিনিউ টেনে নিয়ে গিয়ে বম্বে প্রেসিডেন্সী অ্যান্ড মাদ্রাজ প্রেসিডেন্সীকে গড়ে তোলা হচ্ছে বাংলাকে ডিপ্রাইভ করে, এটা বন্ধ হওয়া উচিত। কিন্তু আমরা দেখতে পাচ্ছি আজও সেই ধারা অব্যাহত আজও বাংলাকে উপেক্ষা করা হচ্ছে। বাংলাকে উপেক্ষা করে যে দল এখান থেকে সম্পদ নিয়ে যাচ্ছে সেই দলের এই রাজ্যপালের ভাষণে আপত্তি করবার কোনও অধিকার নেই বলেই আমি করি। স্যার, রাজ্যপালের ভাষণকে ইন্দিরা কংগ্রেসের পক্ষ থেকে যে ভাবে বিরোধিতা করা হয়েছে তা দেখে আমি হতাশ হয়েছি। হতাশ হয়েছি এটা দেখে যে এটা বিরোধিতা হয়নি। ভোলা সেন মহাশয় পরিষদীয় দলের নেতা হয়ে যেটা সত্য বাপুলি বা সুনীতি চট্টরাজের করা সাজতো সেটা করে সুনীতি চট্টরাজ, সত্য বাপুলির ভূমিকায় অবতীর্ণ হয়ে পড়লেন। উনি পরিষদীয় বিতর্ক দেখেন নি। এই বিধানসভায় ১৯৭১ সালে জ্যোতিবাবু এবং সুবোধবাবু— অন্য কোনও লোক একটা

[6-30—6-40 p.m.]

কথাও বলেন নি, এক ঘন্টা ধরে বিধানসভার কাজকে স্তব্ধ করে দিয়েছিলেন। আশু মল্লিক মহাশয়, যিনি দীর্ঘদিন ধরে ডেপুটি স্পিকার ছিলেন, তিনি আমাকে একদিন বলেছিলেন, ১৯৬৪ সালে একা জ্যোতিবাবু এখানে সব্যসাচীর ভূমিকা নিয়েছিলেন। একা তিনি তীর ছুঁড়ে বিধানসভাকে অচল করে দিতেন। সেই পরিষদীয় বিতর্ক উনি দেখেন নি তাই এখানে শুধু চিৎকার, গালাগালি করে যাচ্ছেন। স্যার, পরিশেষে বলি, রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তা আমি সমর্থন করছি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর আজকে দ্বিতীয় দিনের আলোচনা চলছে এবং বামফ্রন্টের সদস্যারা সমর্থন করে বক্তৃতা করেছেন। কিন্তু সরকার এতে কি বিশেষ কিছু গুরুত্ব দিয়েছেন? আমার মনে হয় কোনও গুরুত্ব দেননি এবং তার প্রমাণ হচ্ছে এখানে মন্ত্রীদের অনুপস্থিতি। শুধু তাই নয়, আজকে দ্বিতীয় দিন, আমরা অনেকগুলি সংশোধনী প্রস্তাব দিয়েছি, তার সমর্থনে আমরা বক্তৃতাও করব কিন্তু সেই সংশোধনী প্রস্তাবের কি হল, সেগুলি আমাদের কাছে পৌছায়নি এবং স্পিকার মহাশয়ও এখনও পর্যন্ত কিছু বলেননি যে সেগুলি মুভ হয়েছে কিনা। কাজেই এর দ্বারা বোঝা যায় যে সেই গুরুত্ব দেওয়া হয়নি। নিখিলবাবু বলছিলেন যে কালো মেঘ দেখা দিয়েছে অর্থাৎ ঝড় আসবে। এদের সকলেরই মুখে একই কথা শুনছি যে ওখানে ছিন্নমস্তার আবির্ভাব ঘটেছে, এখনই বোধ হয় হানাহানি শুরু হয়ে যাবে, এখনই হয়ত বামফ্রন্ট সরকারকে তুলে দেবে ইত্যাদি নানা আশংকার কথা শুনা যাচ্ছে এবং আরো শুনা যাচ্ছে যে ওখানে এমপ্লয়ীদের মাইনা সংকুচিত করা হচ্ছে, কালা কানুন জারি করা হচ্ছে ইত্যাদি কথা। এর আগেও দেখেছি যে মন্ত্রী মহাশয়রা জেহাদ ঘোষণা করেছিলেন এবং যুদ্ধং দেহি

ভাব দেখাতেন। এই রাজ্যপালের ভাষণে কি আছে? এর মধ্যে সেই রকম কিছু নেই। এর জন্য ভোলাবাবু বলেছেন যে, এই যে বিপ্লব, এটা মাঠে মারা গেছে। তিনি বলেছেন বোধ হয় শক্তের ভক্ত— ইন্দিরার ভয়ে বোধ হয় জুজু হয়ে গেছে এবং হয়ত এরা নিজেদের ক্ষমতায় রাখবার জন্য তোষামোদ করা শুরু করেছেন। আমরা অবশ্য ঐ মতের সঙ্গে এক মত নই। তার কারণ আমরা জানি যে অদৃশ্য বৈদেশিক শক্তি জনতা সরকারকে ওখান থেকে উত্থান করেছে, যে অদৃশ্য বৈদেশিক শক্তির ইঙ্গিতে আপনারা নেতাজীকে কুইসলিং বলেছিলেন, অদৃশ্য বৈদেশিক শক্তির ইঙ্গিতের আপনারা আজকে যতই সমালোচনা করুন না কেন, ইন্দিরা গান্ধীকে আপনারা সইবেন এবং ইন্দিরা গান্ধীও আপনাদের সইবেন। এইসব বাইরে লোক দেখান কাজিয়া আর ভিতরে ভিতরে গা চুলকানি, পিঠ চুলকানি ঠিক আছে, এই সব আমরা জানি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপাল মহোদয় তাঁর ভাষণে যেটা সর্ব শেষে বলেছেন, আমি সেটা দিয়ে শুরু করছি। তিনি বলেছেন যে তাঁর সরকার যে সব প্রতিশ্রুতি দিয়েছেন তা পালন করার চেষ্ট করেছেন, জনগণের দুর্দশা মোচন করেছেন। সত্যি কি তাই? সাফল্য কোথায়? তাঁর এই সাফল্যের কথা শুনে গ্রামের কৃষক যে পাট চাষ করতে গিয়ে সর্বস্বান্ত হয়েছে সে কি মনে করবে? গ্রামের কৃষক যারা ধান, আলু চাষ করে উৎপণ্য মূল্যের অর্ধেকও পায়না তারা কি ভাববে? বেকাররা লক্ষ লক্ষ বাড়ছে, চাকুরি পাচ্ছে না তারা কি বলবে? যে সমস্ত কুটির শিল্প এবং ক্ষুদ্র শিল্প, যারা ত্রাহি ত্রাহি ডাক দিচ্ছে, বাংলার তাঁত শিল্পের আজকে নাভিশ্বাস উপস্থিত হয়েছে, বীরভূমের তসর শিল্পী তাদের নাভিশ্বাস উঠেছে, স্বয়ং চিত্তব্রতবাবু রয়েছেন যে পশ্চিমবাংলার কুটির শিল্প শেষ হতে চলেছে, এই দুমুখো নীতির ফলে তারা কি বলবে? তবু সাফল্যের দাবি করা হয়েছে। এই সাফল্যের দাবির সঙ্গে বলা হয়েছে, এই ভাষণে আছে যে ডাকাতির সংখ্যা বেড়েছে, খুনোখুনির সংখ্যা বেড়েছে, গ্রামাঞ্চলে সংঘর্ষের সংখ্যা বেড়েছে তাহলে কি এগুলি সাফল্য? এগুলি যদি সাফল্য হয় তাহলে সাফল্য। আর কি বলেছেন? আর বলেছেন রাজ্যসরকার পুলিশ সংগঠনকে জোরদার করেছেন। পুলিশ সংগঠন জোরদার করার ফলে কি হয়েছে? আজকে পেপারে আছে আমি সেটা পড়ে দিচ্ছি। আজকের কাগজে বেরিয়েছে, "একদল সশস্ত্র পুলিশ টালিগঞ্জ থানা ঘেরাও করেছিল। এই ঘটনা নিয়ে লালবাজারে কর্তারা উদ্বিগ্ন। বুধবার কমিশনার নিরুপম সোম এসম্পর্কে দফায় দফায় বৈঠকে বসেন। থানা ঘেরাও-এর ঘটনা ঘটে গেছে মঙ্গলবার। সশস্ত্র পুলিশের এক কনস্টেবলের ভাইকে চুরির দায়ে গ্রেপ্তারের প্রতিবাদে এই ঘেরাও। সশস্ত্র পুলিশের একদল লোক ধৃত ব্যক্তির মুক্তির দাবিতে থানায় বিক্ষোভ দেখায়। ঘেরাও চলে কয়েক ঘন্টা, দু'দল পুলিশের হাতাহাতির উপক্রম হয়। থানার কাজকর্ম কয়েক ঘন্টার জন্য বন্ধ হয়ে যায়। অবস্থা বাগে আনতে কমিশনার ডি.সি. সাউথ এবং সশস্ত্র পুলিশের এক নং ব্যাটেলিয়নের ডি.সি.-কে টালিগঞ্জে পাঠান। শেষে ঘেরাও তুলে নেওয়া হয়। ইদানিং সশস্ত্র পুলিশে উচ্ছৃংখলা দেখা দিয়েছে। কয়েক মাস আগে মানিকতলায় সশস্ত্র পুলিশের পিকেটের উপর বোমা পড়লে, তারা ঐ জায়গায় বেঁকে দাঁড়ায়। তাদের বক্তব্য- স্টেট নেবে থানা, আর তারা খাবে মার, তাতো হয়না।" আজকে এই হচ্ছে পুলিশ প্রশাসন।

এই যদি অবস্থা হয়, তাহলে পশ্চিম বাংলায় আর কি আছে?

এখানে সরকার পক্ষ থেকে বলা হচ্ছে যে, রাজ্যপালের ভাষণের মধ্যে পল্লী উন্নয়নের কথা আছে। অথচ আমরা আজকে দেখছি গ্রামাঞ্চলে সংঘর্ষের সংখ্যা বেড়েছে এবং এর পরে বলছেন, এই সংঘর্ষ কারা বাড়াচ্ছেন, না জোতদারেরা। তা আমি ওঁদের জিজ্ঞাসা করতে চাই যে পশ্চিম বাংলায় কতজন জোতদার আছে? অবশ্য ওঁদের ভাষায় বড়লোক আর জোতদার হ'ল বিরোধী পক্ষের লোক। সুতরাং বিরোধী পক্ষের লোক যারা তাদের জমি কেড়ে নাও। আর তাতে তারা যদি বাধা দেয় তাহলেই সংঘর্ষ হয়। এবং তখনই ওঁরা বলেন জোতদারদের সঙ্গে সংঘর্ষ। আমি বলব এটা হচ্ছে নিজেদের অপকর্মকে ঢাকা দেবার অপকৌশল। এই কিছু আগে পর্যন্ত যারা কংগ্রেস (আই) করত এবং চুরি করত, এখন তারা সি.পি.এম-এর নামে এক একটি চেঙ্গিস খাঁ হয়ে গিয়েছে। তারা এখন সি.পি.এম-এর লোক হয়ে গেছে এবং দিনের পর দিন সাধারণ মানুষের ঘর-বাড়ি লুঠ করছে, ধান লুঠ করছে, গরিব ভাগচাষির জমি কেড়ে নিচ্ছে। আমার এলাকায় চিন্তামনি নামে একজন গরিব ভাগচাষির বাড়ি লুঠ করা হয়েছে, তার ধান কেড়ে নেওয়া হয়েছে। একাজ কৃষক সমিতির পক্ষ থেকেই করা হয়েছে। তার অপরাধ সে ওঁদের বিরোধী। সুতরাং সে জোতদার। আর আপনারা সকলে সর্বহারা। আপনারা সবাই প্রগতিবাদী। এই হচ্ছে আপনাদের পল্লী উন্নয়ন। পল্লীতে কারা থাকে? কৃষকরা। সেই কৃষকরা আজকে তাদের নির্বাচিত ধানের মূল্য পেলনা, পাটের মূল্য পেলনা, আলুর মূল্য পেলনা। এর জন্য আপনারা কি করেছেন? অথচ আপনারাই কর্নাটকে, মহারাষ্ট্রে জনতা পার্টির সঙ্গে হাত মিলিয়ে আন্দোলন করছেন। আর এখানে ক্ষমতায় থেকেও এদের জন্য কিছুই করছেন না। পশ্চিম বাংলার ৭০ ভাগ মানুষই হচ্ছে গ্রামের মানুষ, তাদের কথা এখানে কিছুই নেই।

আপনারা বলছেন কুটির শিল্পের উন্নয়ন করেছেন। আমি জিজ্ঞাসা করছি, কোন কোন কুটির শিল্পের উন্নয়ন করেছেন? পশ্চিম বাংলার কুটির শিল্পের বড় অংশ হচ্ছে তাঁত শিল্প। সেই তাঁত শিল্পের নাভিশ্বাস শুরু হয়েছে। তাঁত শিল্পীরা সুতো পাচ্ছেনা। যাও পাচ্ছে তাও অন্যান্য প্রদেশের তুলনায় অনেক বেশি দামে। বেশি দামে সুতো কিনে তারা যে কাপড় তৈরি করছে সেই কাপড় দক্ষিণ ভারতের কাপড়ের সঙ্গে প্রতিযোগিতায় দাঁড়াতে পারছে না। আজকে পশ্চিম বাংলায় তাঁত শিল্পের নাভিশ্বাস উঠেছে। আপনারা কিছুই করতে পারেননি। চিত্তব্রতবাবু বক্তৃতায় বলেছেন কেন্দ্রীয় সরকারের দুমুখো নীতির ফলে পশ্চিম বাংলার ক্ষুদ্র ও কুটির শিল্প শেষ হয়ে যাচ্ছে।

আপনারা বলেছেন, আপনারা কিছু রুগ্ন ও দুর্বল শিল্প হাতে নিয়েছেন এবং সেখানকার শ্রমিকদের উন্নতি করেছেন, বাঁচিয়েছেন। তার জন্য আমি আপনাদের সাধুবাদ জানাচ্ছি, কিন্তু আপনারা কি এই শিল্পগুলিকে চিরকাল দুর্বল ও রুগ্ন রাখবেন, তাদের সবল করবার চেষ্টা করবেন না, রুগ্নতা দূর করবার চেষ্টা করবেন না? এই শিল্পগুলির রোগ তো প্রতি বছর বেড়ে চলেছে, এবং প্রতি বছর ভরতুকির পরিমাণও বেড়ে চলেছে। রুগ্ন শিল্পগুলিকে সবল করবার চেষ্টা যদি না করেন, তাহলে রুগ্ন শিল্প পুষতে পুষতে পশ্চিম বাংলার অর্থনীতি ধ্বংস হয়ে যাবে।

[6-40—6-50 p.m.]

অন্যান্য শিল্পের ক্ষেত্রে কিছু বলি। অন্যান্য শিল্পে আপনারা নাকি ভাল কাজ করেছেন, ধর্মঘট হতে দিচ্ছেন না, সব মিটমাট করে দিচ্ছেন। এই বলে আপনারা আত্মপ্রসাদ লাভ করছেন কিন্তু বিপরীত চিত্রটা কি? এর বিপরীত চিত্র হচ্ছে অসংখ্য বড় বড় কারখানা এবং অসংখ্য ছোট ছোট কারখানা নয় লে-অফ নয় লকআউটের দরুন বন্ধ হয়ে আছে এবং এর ফলে ৬০ হাজার মানুষ কর্মহীন অবস্থায় বসে আছে। এদের জন্য আপনারা কি করেছেন? সেইসব শিল্পগুলি খোলবার কোনও ব্যবস্থা আপনারা করেননি। তারপর বিদ্যুতের কথায় আসি, অবশ্য বিদ্যুতের কথা না বলাই ভাল, এই ব্যাপারে বলতে বলতে গা সয়ে গেছে, যেমন, লোডশেডিং-এ গা সয়ে গেছে তেমনি বিদ্যুতের ব্যাপারে সকলের গা সয়ে গেছে। তবু ও দু-একটি কথা না বলে পারছি না। সাঁওতালডিহি এবং ব্যান্ডেল থেকে যে বিদ্যুৎ পাওয়ার কথা তার ৩ভাগের ১ ভাগও পাওয়া যাচ্ছে না। তার কারণ কি? তার কারণ হচ্ছে, বিভিন্ন শ্রমিক ইউনিয়নের সঙ্গে মারামারি। কে দখল করবেন তাই নিয়ে মারামারি। সেখানে সিটুকে শক্তিশালী করবার জন্য গোলমাল চলছে, অন্তর্ঘাতমূলক কাজ চলছে। একথা মাননীয় মন্ত্রী মহাশয় স্বীকার করেছেন। আজকে আমরা কি দেখতে পাচ্ছি, আপনাদের লোকেরা শিল্প কলকারখানায় অন্তর্ঘাতমূলক কাজ করছে। গ্রামাঞ্চলে সংঘবদ্ধভাবে কৃষক সমিতির নাম করে অন্য লোকেদের উপর অত্যাচার করছে। মুর্শিদাবাদে যে ৪জন জোয়ান খুন হয়ে গেল সেটা সি.পি.এমের লোকেরাই করেছে। পুলিশ একথা স্বীকার করেছে। আজকে ওখানকার গ্রাম পঞ্চায়েত প্রধান সেখান থেকে পালিয়েছে। তিনিই ছিলেন নায়ক। আপনাদের কি উদ্দেশ্য? আপনাদের উদ্দেশ্য হচ্ছে বোধ হয়— মারদাঙ্গা করে সংগঠিত করে দিল্লির মসনদ দখল করবার অভিপ্রায়। কিন্তু অতদূর যেতে পারবেন না। এইসব না করে গ্রামের মানুষের ভালবাসা আপনাদের নেওয়া উচিত ছিল কিন্তু তা না নিয়ে আপনারা গ্রামাঞ্চলে রক্তের বন্যা বইয়ে দিয়েছেন, গ্রামের পর গ্রাম আপনারা জ্বালিয়ে দিচ্ছেন। যারা গ্রামে বসবাস করে তারা এইসব জানে। গ্রামে যে সব কান্ড ঘটছে— আসুন না— আপনাদের লোক থাকবে আর আমাদের লোক থাকবে আমরা সবাই মিলে তদন্ত করে দেখি। কিন্তু তা হবার নয়। এই অভিযোগ শুধু আমার নয়, আমাদের সহযোগী যারা আছেন তাদেরও এই অভিযোগ। যাইহোক, এরপর পরিবহন সম্বন্ধে কিছু বলি। পরিবহন ব্যবস্থা একেবারে বিপর্যস্ত হয়ে পড়েছে যারফলে ভরতুকি দিতে হচ্ছে। তারপর আপনারা বলছেন ৫০০ মতন নতুন বাস এবং ৭০টি মতন নতুন ট্রাম নামাবেন এবং এই ব্যাপারে বিশ্বব্যাঙ্ক সাহায্য করবেন। কিন্তু বিশ্বব্যাঙ্ক সাহায্য করবেন কোন শর্তে? শর্তটা নিশ্চয়ই জানেন না, পরিবহন ব্যবস্থাকে স্বনির্ভর করতে হবে, ভরতুকি দিয়ে চালালে টাকা দেবে না। প্রতি বছর ১৮ থেকে ২০ কোটি টাকার মতন ভরতুকি দিয়ে চালাতে হচ্ছে। কি করে চালাবেন? এক একটা বাস পিছু ৩০জন করে আছে যদি ওয়ান থার্ড বাস চলে তাহলে প্রকৃতপক্ষে এক-একটি বাসে ৯০ জন করে লোক আছে। এটা কি কমানো যায় না? প্রতিদিন চুরি হচ্ছে। বাসেতে নতুন নতুন পার্টস লাগানো হবে বলে দেখানো হচ্ছে কিন্তু আসলে কি লাগানো হচ্ছে? সব ব্ল্যাক মার্কেটে চলে যাচ্ছে।

পুরনো পার্টসগুলো দিয়ে চালানো হচ্ছে, তাতে ক্লাসটা আরও খারাপ হয়ে যাচ্ছে সেগুলো ধরা হচ্ছে না, পার্টি কমে যাবে, দল কমে যাবে, ইউনিয়নের কর্তারা চটে যাবে। আজকে হাসপাতালগুলোর কি অবস্থা হয়েছে, এখানে বলা হয়েছে চিকিৎসকের ভাল ব্যবস্থা করা হয়েছে, আপনারা জানেন কোনও হাসপাতালে ঔষধ নেই, কোনও হাসপাতালে ডাক্তার নেই, কোনও হাসপাতালে রোগীর উপর মমতাবোধ নেই, সেখানে জুয়া খেলা হয়, মদ খাওয়া হয় আর কি হয় যা শুনলে রাজ্যের লোকের মাথা কাটা যাবে। মন্ত্রী মহাশয়ের এতে বিবৃতি দেওয়া উচিত, প্রতিবাদ করা উচিত, পদত্যাগ করা উচিত। কলকাতার একটা বড় হাসপাতাল—মেডিক্যাল কলেজ হাসপাতাল সেখানে একটা ১৪ বছরের রোগিনীর উপর বলাৎকার হল প্রকাশ্য দিবালোকে, তার কোনও প্রতিকার হল না, সেটা বন্ধ করার কোনও ব্যবস্থা হল না। গ্রামাঞ্চলের কথা ছেড়ে দিন, কলকাতার বিভিন্ন হাসপাতালের অভিজ্ঞতা তো আপনাদের আছে সেগুলো কিভাবে চলছে, ঔষধ আছে, ভাল চিকিৎসক আছে ডাক্তারদের মধ্যে মমতাবোধ আছে? চুরি করছে জেনেও ধরতে পারছে না ডাক্তার কাজ করছে না জেনেও প্রতিকার হচ্ছে না, রোগিনীর উপর পাশবিক অত্যাচার বন্ধ করা যাচ্ছে না, কারণ ইউনিয়ন যদি চলে যায়, এইভাবে রাজ্য চলতে পারে? এতে পার্শ্ব রাষ্ট্র হতে পারে, কল্যাণ রাষ্ট্র হতে পারে না। তারপর উদ্বাস্তুদের কথা, তাদের জন্য অনেক কাজ করবেন বলেছিলেন, কিন্তু জিজ্ঞাসা করি মরিচঝাঁপি থেকে যাদের ঝেঁটিয়ে বিদায় করেছিলেন তারা এখন কিরকম আছে, পুনর্বাসিত হয়েছে কিনা খোঁজ নিয়েছেন? আমি মাননীয় ত্রাণ মন্ত্রী মহাশয়কে প্রশ্ন দিয়েছিলাম তিনি বলেছেন যে না, একজন অফিসারকেও পাঠানো হয়নি তাদের খোঁজ খবর নেবার জন্য। দিল্লিতে তো যান- দেখেছেন তারা যমুনা নদীর তীরে ঝুপড়ি বেঁধে বাস করছে। অন্যান্য জায়গায় তারা কিরকম জীবন যাপন করছে। এখানে রাস্তার ধারে, লাইনের ধারে কি রকম ঝুপড়ি করে রয়েছে। তাদের উপর দরদ আপনাদের নেই। তারপর শিক্ষার কথা, শিক্ষক হিসাবে আমার একটু বলা উচিত, সকলেই বলেছেন। যখন বিরোধী পক্ষ কিম্বা সমস্ত বুদ্ধিজীবিরা আন্দোলন করেছেন কারাবরণ করেছেন— বলেছেন যে ইংরাজী কে রাখতে হবে তখন আপনারা কি বলেছেন— রবীন্দ্রনাথের কথায় বলেছেন মাতৃভাষা মাতৃদুগ্ধের মতো তার মাধ্যমে পড়ান উচিত, বুদ্ধিজীবিরা কি তা করতে নিষেধ করেছেন, আমরা বলি না মাতৃভাষায় পড়ানো চালু করুন কিন্তু তার সাথে সাথে ইংরাজিও রাখুন। কারণ তা না হলে সর্বভারতীয় পরীক্ষায় আমাদের ছেলেরা হটে আসবে। যাতে আন্তর্জাতিক পরীক্ষার ক্ষেত্রে পশ্চিমবঙ্গের ছেলেরা সুযোগ পেতে পারে তার জন্য ইংরাজিকে সহযোগী ভাষা করুন। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি জিজ্ঞাসা করেছিলাম যে এখানে ইংলিশ মিডিয়াম স্কুল কতগুলি আছে, তিনি বলেছিলেন যে অনেকগুলিই আছে।

[6-50—7-00 p.m.]

সেগুলো তো বন্ধ করতে পারেন নি। সেখানে গিয়ে দেখতে পাবেন যে, সেখানে লাইনের পর লাইন দিয়ে ছাত্র ভর্তি হচ্ছে, তাদের সংখ্যা বেড়েই চলেছে। আরও ইংলিশ মিডিয়াম স্কুল ক্রমাগত বেড়েই যাচ্ছে এবং বাংলা স্কুলের ছাত্র সংখ্যা কমে যাচ্ছে। সুতরাং

জনসাধারণ কি চাইছে সেটা বোঝা উচিত। সেইজন্য অনুরোধ করব, জিদ না রেখে ইংরাজিকে সহযোগী ভাষা হিসাবে রাখুন এবং তাঁদের কথা শুনুন। এবং যে কাজ করা উচিত সেই কাজ করুন। রাজ্যপালের ভাষণে ইন্দিরা গান্ধীর বিরুদ্ধে বহু কালো মেঘ উঠেছে, সাবধান বাণী থাকলে আমরা একে সমর্থন করতে পারতাম, কিন্তু সে সব নেই। সর্বত্রই আপনারা ব্যর্থ হয়েছেন। সেইজন্য একদিনের বন্ধু আপনারা, আমাদের পিঠে ছুরি বসিয়ে দিয়েছেন দিল্লিতে। এইসব কারণে রাজ্যপালের ভাষণকে সমর্থন করতে পারলাম না বলে দুঃখিত। এই কথা বলে আমি শেষ করছি।

**শ্রী গৌরাঙ্গ সামন্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, রাজ্যপালের ভাষণের উপর মাননীয় সদস্য অশোক বসু মহাশয় যে ধন্যবাদ সূচক প্রস্তাব নিয়ে এসেছেন তাঁকে সমর্থন করে বলতে চাই যে, বিচ্ছিন্নতাবাদী শক্তি সারা ভারতবর্ষে মাথা চাড়া দিয়ে উঠলেও, অন্য জায়গায় তার কার্যকলাপ খুব জোর ভাবে চালালেও এখানে তা কার্যকর হতে পারেনি। এর সঙ্গে সঙ্গে এই সরকার গত বছরে যে সমস্ত কাজ করেছেন তার কথা বলেছেন, এবং এই বছরে যে কাজ করবেন, তার কথাও বলেছেন। তিনি পরিষ্কার ভাবে তাঁর ভাষণে আরও বলেছেন যে, খাদ্যশষ্য ৯৩ লক্ষ টন হতে পারে। অর্থাৎ খাদ্যশস্য গত বছরের তুলনায় আরও বেড়েছে। এবং সারফেস্ ওয়াটারকে কাজে লাগিয়ে চাষের জমি বাড়ানো হয়েছে। আলুকে শস্য বিমার মধ্যে তাঁরা নিয়ে এসেছেন, এবং ভূমিহীন কৃষকদের জন্য কৃষি পেনশনের ব্যবস্থা করেছেন। স্বাস্থ্যের ক্ষেত্রে লক্ষ্য করবেন ; পরিকল্পনা স[illegible] প্রত্যেক ব্লকে ১ হাজার লোক পিছু একজন লোককে কাজে লাগিয়ে তাদেব শিক্ষা দেবার জন্য যারা কাজ করছেন তাঁরা হচ্ছে ; কমিউনিটি হেলথ ভলেনটিয়ার নিয়োগ করেছেন। তিন বছরের মেডিক্যাল কোর্স চালু করেছেন। যাঁরা এম.বি.বি.এস., আই.এম.এ. তাঁরা প্রচার করছেন এটা করা উচিত নয় অর্থাৎ মধ্যবিত্ত সমাজের যে মানসিকতা সেটাই এখানে কাজ করছে যে, গরিব লোককে কোয়াক্ ডাক্তারদের হাতে ছেড়ে দেওয়া হচ্ছে। কিন্তু যাঁরা ভাল ডাক্তার তাঁরা কেউ গ্রামে যাবেন না বলে সরকার এই কাজ করছেন। হেল্‌থ দপ্তর থেকে রুরাল ওয়াটার সার্ভিসের তরফ থেকে সমস্ত জায়গায় চাষের জন্য টিউবওয়েল দেওয়া হচ্ছে এবং এই কাজ হচ্ছে পি.এইচ.ই. দ্বারা-এইসব রাজ্যপালের ভাষণে আছে। মেডিক্যাল সংক্রান্ত এই ব্যাপারে একটা ভেস্টেড্ ইনটারেস্ট এই চক্রান্ত করছে, মধ্যবিত্ত সমাজের মনোভাবের মতো তাঁরা কথা বলছেন। পঞ্চায়েতের বিরুদ্ধেও তাঁরা অনেক কথা বলেছেন, কিন্তু পঞ্চায়েত দেশের কি সম্পদ সৃষ্টি করেছেন সেটা বলুন। ৩০ বছরে গ্রামে যেখানে কোনও রাস্তা হয়নি— পঞ্চায়েতের দ্বারা সেখানে রাস্তা হয়েছে, টিউবওয়েল করা হয়েছে। অর্থাৎ ২ বছরের মধ্যে পঞ্চায়েৎ কি ভাবে দেশের অবস্থার পরিবর্তন করে দিয়েছেন সেটা তাঁরা বললেন না। তাঁদের বিরুদ্ধে অভিযোগই হল তাঁদের মূল কারণ। তারপর বর্গা অপারেশনের দ্বারা ১০ লক্ষ ভূমিহীন কৃষকের নাম বর্গা হিসাবে রেকর্ড হয়েছে। ৬ লক্ষ ন্যস্ত জমি ১২ লক্ষ কৃষককে দেওয়া হয়েছে। শিক্ষার ক্ষেত্রে দেখা যাচ্ছে গ্রামে যে সমস্ত স্কুল হয়েছে তাতে ১২০০ টীচারকে চাকুরি দেওয়া হয়েছে, ছেলেদের টিফিন, জামা, কাপড় পর্যন্ত দেওয়া হয়েছে। জুনিয়র স্কুল ২০০টা হয়েছে, ১০০ টা হাইস্কুল হয়েছে। ননফরম্যাল স্কুল

দেওয়া হয়েছে ১৫০০ হাজারের মতন। এই ভাবে শিক্ষার ক্ষেত্রে আমরা এগিয়ে যাচ্ছি। অর্থাৎ একদিকে যেমন এমপ্লয়মেন্ট পোটেনশিয়ালিটি বাড়ছে অন্যদিকে নিরক্ষরতা ও দূর হচ্ছে। মাতৃভাষায় যদি প্রাইমারী শিক্ষা দেওয়া হয় তাহলে তাদের জ্ঞানের প্রসার নিশ্চয়ই হবে। এই কথা বলে রাজ্য পালের ভাষণের উপর যে ধন্যবাদ সূচক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করছি।

**শ্রী মনোরঞ্জন রায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের শুরুতে যে কথাটা আমাদের সামনে উপস্থিত করা হয়েছে তা হলো আমাদের সরকারের ৩৬ দফা কর্মসূচি। এই ৩৬ দফায় তিনি বিভিন্ন স্তরে বিভিন্ন বিভাগের সুপারিশ করেছেন। এটা যেন স্কুলের ছেলেদের রচনা লেখার মতো। যেমন স্কুলের ছেলেরা সমস্ত পয়েন্ট টাচ করে— তিনি সেই রকম ভাবেই সমস্ত কিছু স্পর্শ করে গেছেন কিন্তু কোনও কিছুর গভীরে প্রবেশ করেন নি। এই ভাষণে যে সাফল্যের ফিরিস্তি দেখানো হয়েছে তা আত্ম সমালোচনামূলক ব্যর্থতা। সেটা সামনে রেখে আগামী দিনে কি পদক্ষেপ গ্রহণ করা হবে সে কথা বলা হয়নি। সাধারণ মানুষ সেদিক থেকে অনেক কিছু আশা করেছিলো কিন্তু তারা হতাশ হয়েছে। আমরা এই ভাষণে দেখব যে, এক চেটিয়া পুঁজিবাদী-সাম্রাজ্যবাদী-এবং সামন্তবাদী শক্তিগুলির যাঁতাকলে ভারতবর্ষে যে পুঁজিবাদী সামন্তবাদী ব্যবস্থা চলেছে তার কাঠামোর মধ্যে দাঁড়িয়ে বামফ্রন্ট সরকার মৌলিক সমস্যার সমাধান করতে পারেননি। ৩৬ দফা কর্মসূচি রূপায়ণের মধ্য দিয়ে মানুষ কিছু কিছু দুঃসহ যন্ত্রনা লাঘব করার জন্য একটু স্বস্তির নিঃশ্বাস ফেলবার জন্য মানুষকে সে দিকে কতটা এগিয়ে নিয়ে যাওয়া গেছে এবং সংগ্রামের রাস্তায় সাধারণ মানুষকে নামানোর জন্য কতটা এগিয়ে নিয়ে যাওয়া গেছে, তার মূল্যায়নে আমাদের এই রাজ্যপালের ভাষণ দেখতে হবে।

[7-00—7-10 p.m.]

দেখা যাচ্ছে যে খাদ্যের বিনিময়ে কাজ এই প্রকল্পের মধ্য দিয়ে গ্রামাঞ্চলে ক্ষেত মজুরদের সামনে কাজের কিছু সংস্থান হাজির করা সম্ভব হলেও এখন পর্যন্ত অনেক জায়গায় ক্ষেত মজুররা ৪।। টাকা রোজ পায় এবং সরকার সেখানে ৯.১ পয়সা তাদের দৈনিক মজুরি ধার্য করেছেন। গত ৩ বছর আগে যেখানে বাঁচার মতো প্রয়োজনে মাসিক ৮।। শো টাকা প্রয়োজন হয় এবং যেখানে সংগঠিত শিল্প শ্রমিকরা ৪।। শো টাকা মাসে পায় সেখানে সরকার গ্রামাঞ্চলে ক্ষেত মজুরদের যে ৯.১ পয়সা দৈনন্দিন মজুরি ধার্য করেছেন এতে জীবন যাত্রার সূচক অনুসারে তারা কি পদক্ষেপ এগিয়ে যেতে পারবে? গ্রামাঞ্চলের গরিব কৃষক, মাঝারী কৃষক এবং বর্গাচাষীদের ঐক্য করে তাঁরা সংগ্রামে নেতৃত্ব দিয়ে এগিয়ে যাবেন। আমরা দেখেছি গ্রামাঞ্চলে ১/২/৩ বিঘা জমির মালিকরা ধান কাটার জন্য মজুরি দিতে পারছে না, সেই জিনিসটা তাদের বোঝান হচ্ছে না। উৎপাদনের যে খরচ তার সঙ্গে সমতা রেখে দাম নির্ধারণ করা হচ্ছে না। এখানে লেখা হয়েছে ৭টি বিপণন কেন্দ্র করা হয়েছে সমবায়গুলির মধ্য দিয়ে যেখান থেকে কৃষকের ফসল কিনে তাকে ন্যায্য মূল্য দেওয়া হবে। ৪২ লক্ষ গাঁট পাট উৎপন্ন হল, সেখানে ৩ লক্ষ গাঁট পাট কেনার

ব্যবস্থা হল। যেখানে ৩ শো টাকা কুইন্টাল দাবি করা হয় উৎপাদন খরচ সেখানে উৎপাদন খরচের সঙ্গে সমতা রেখে কেনার মতো অবস্থা না রেখে মিল মালিকদের কেনার সুযোগ সৃষ্টি করা হয়। সেই ব্যবস্থার প্রতিফলন হিসাবে মানুষকে সংগ্রামের রাস্তায় নিয়ে যাওয়ার দিকে যে অবস্থা সেটা আমার কাছে প্রতিভাত। সেই সঙ্গে সঙ্গে মানুষকে আমরা রিলিফ দিতে চাই, কারণ, জিনিসপত্রের দাম বাড়ছে, অর্থনৈতিক সঙ্কট গভীরতম হচ্ছে। কেন্দ্রীয় সরকার যারা স্বৈরতন্ত্রের প্রতিভূ, যারা পুঁজিবাদী ব্যবস্থাকে জিইয়ে রাখার ব্যবস্থা করছে, তারা যে পথে দেশকে পরিচালিত করছে তাতে বিদেশি পুঁজির যে আগমন তার সঙ্গে বিদেশি ব্যবসা-বাণিজ্যের জন্য যে ভর্তুকি দেওয়া হচ্ছে তার মধ্যে দিয়ে জিনিসপত্রের দাম তারা বাড়াচ্ছে। সেই জায়গায় তার বিরুদ্ধে মানুষকে নিয়ে যাওয়ার জন্য, সারা ভারতবর্ষে সংগ্রামকে পরিচালিত করার জন্য দিল্লির বুকে আমরা আগের পদ্ধতির মতো মানুষকে সংগঠিত করে আন্দোলন করিনি, সেই জায়গায় আমরা বাড়তি সঙ্কটের বোঝাকে মেনে নিয়ে তা আমাদের গরিব জনসাধারণের ঘাড়ে চাপাবার জন্য যে ব্যবস্থা নিলাম সেখানে কি প্রতিভাত হচ্ছে, তার দ্বারা এটা প্রতিভাত হচ্ছে যে ওদের সঙ্গে যেন একটা আপোষ করার ঝোঁক-এর প্রবণতা দেখা দিচ্ছে। তারই আলোকে গোটা ব্যাপারটা দেখতে হবে। আমরা দেখতে পাচ্ছি রাজ্যপালের ভাষণে যে কয়েক হাজার প্রাথমিক বিদ্যালয় গ্রামে দেওয়া হচ্ছে, ৬ থেকে ১১ বছরের ছেলে-মেয়েদের পড়ার ব্যবস্থা হচ্ছে। ভাষাতত্ত্বের ভেতরে যাবার ইচ্ছা আমার নেই, কারণ মাতৃভাষাকে শিক্ষার বাহন করা উচিত, এই বিষয়ে আমি একমত। কিন্তু তার সঙ্গে সঙ্গে কয়েক হাজার অপ্রতিষ্ঠানিক শিক্ষা কেন্দ্র গ্রামাঞ্চলে খোলা হচ্ছে ৬ থেকে ১১ বছরের শিশুদের মধ্যে শিক্ষা দান করবার জন্য। যারা স্কুলে যেতে পারত তারা বিদ্যালয় করা সত্ত্বেও যেতে পারল না বলে এটা করা হচ্ছে। কিন্তু কেন যেতে পারল না? মূল সমস্যা ভাত কাপড়ের সমাধান না হলে স্কুলে যাওয়া সম্ভব হয় না, বিনা বেতনে শিক্ষার ব্যবস্থা করলেও হয় না। সেখানে যদি ক্লাস ফাইভের র‍্যাপিড রিডারের দাম ৩ টাকা হয় এবং ক্লাস ৭ এর জীবন বিজ্ঞানের দাম ৭ টাকা হয় এবং সেখানে যদি অন্যান্য ব্যয় বেশি হয় তাহলে অবৈতনিক শিক্ষা ব্যবস্থা করেও শিক্ষার প্রসার ঘটানো যায় না। সুতরাং আজকে কোথায় বাধা দেখতে হবে এবং সেটা খুঁজে বার করতে হবে এবং সেই জায়গায় মানুষকে নিয়ে যেতে হবে।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মিঃ রায় আপনি একটু বসুন। আজকে ডিবেটের জন্য যে টাইম ফিক্সড আছে তাতে আজকের মতো আলোচনা ৭টা বেজে ৬ মিনিটে শেষ হবার কথা। কিন্তু আমি দেখছি যে এখনো একজন বক্তা আছেন। সুতরাং আরো আধ-ঘন্টা সময়ের প্রয়োজন, সেই জন্য আমি রুল ২৯০ অনুসারে সভার অনুমতি নিয়ে আরো আধ ঘন্টা এই আলোচনার উপর সময় বাড়াচ্ছি। আমি আশা করছি হাউস আমাকে এই অনুমতি দিচ্ছে। সুতরাং Under rule 290 the time is extended for half an hour.

**শ্রী মনোরঞ্জন রায় ঃ** সব শেষে আমরা দেখতে পাচ্ছি যেখানে বিচ্ছিন্নতাবাদের কথা বলা হচ্ছে, সেখানে আমরা দেখতে পাচ্ছি বিচ্ছিন্নতাবাদের পিছনে স্বৈরতন্ত্রী শক্তি এবং

সাম্রাজ্যবাদী এবং পুঁজিবাদী ব্যবস্থা রয়েছে। ইতিপূর্বে আমরা কেন্দ্র রাজ্য সম্পর্কের বিষয় নিয়ে অনেক কথা বলেছি। এমন কি সুপ্রিম কোর্টের মত পর্যন্ত নিতে বলা হয়েছে। অথচ আজকে সেই সমস্ত কথা এখানে নেই এবং সমস্ত দিকে লক্ষ্য করলে দেখা যাচ্ছে যে, আজকে আপস-রফার রাস্তায় মানুষকে নিয়ে যাওয়া হচ্ছে। অথচ মৌলিক সমস্যার সমাধানের জন্য একচেটিয়া পুঁজি ও সাম্রাজ্যতাবাদী শোষণ বিরোধী সংগ্রামকে এগিয়ে নিয়ে যাবার যে রাস্তা সেই রাস্তা থেকে মানুষকে দূরে নিয়ে যাবার একটা ইঙ্গিত এখানে প্রতিফলিত হচ্ছে। আমার এটাই ধারণা, আমার এই ধারণা ভুল হলে আমি খুশি হতাম, কিন্তু তা হবার মতো কোনও চিহ্ন এই রাজ্যপালের ভাষণের মধ্যে নেই। সুতরাং খুশি হবার কোনও সম্ভাবনা নেই। এই কয়টি কথা বলে আমি যে প্রশ্নগুলি রাখলাম সেগুলির উত্তর পাব এই প্রত্যাশা নিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আতাহার রহমান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত দু' দিন ধরে রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ-সূচক প্রস্তাব উত্থাপিত হয়েছে তার উপর বিতর্ক শুরু হয়েছে। এই বিতর্কে আমরা সরকার পক্ষ যেমন অংশ গ্রহণ করে কাশীকান্ত মৈত্র বললেন যে, এক সময়ে জ্যোতি বসু বিরোধী দলের নেতা ছিলেন এবং সেই সময়ে তিনি বিভিন্ন আলোচনায় অংশগ্রহণ করে সরকারের ব্যর্থতাগুলি তুলে ধরতেন এবং সেগুলির সমাধানের পথ বলে দিতেন। অর্থাৎ তিনি গঠনমূলক সমালোচনা করতেন। আমরাও আজকে আমাদের বিরোধীদের কাছ থেকে সেটা আশা করতে পারি। কিন্তু আজকে আমরা কি দেখছি? আমরা দেখছি যে, বিরোধী পক্ষ থেকে টপ্ টু বটম যে বক্তৃতা রাখা হচ্ছে তাতে শুধু মাত্র সরকারের ত্রুটিগুলিই আলোচনা করা হচ্ছে এবং সেটা করতে গিয়ে কেউ সরকারি কাজের মধ্যে শূণ্য দেখছেন, কেউ সামান্য কিছু দেখেছেন, কেউ একেবারেই কিছু দেখেননি। এই বিধানসভায় দাঁড়িয়ে আমাদের কোনও মাননীয় মন্ত্রী, কোনও মাননীয় সদস্য একথা কখনোই বলেননি বা বলবার চেষ্টা পর্যন্ত করেননি যে, ভারতবর্ষের এই সংসদীয় গণতন্ত্রের ভিতর থেকে মানুষের মৌলিক সমস্যার সমাধান করা যাবে। আমরা একথা বলেছি যে, সংসদীয় গণতন্ত্রের মধ্যে থেকে সাধারণ মানুষের আশু-যে সমস্যাগুলি আছে সেগুলি যতটুকু সম্ভব সমাধানের চেষ্টা করব। যতটুকু সুযোগ-সুবিধা তাদের দেওয়া যায় ততটুকু দেবার চেষ্টা করব। তবে মৌলিক সমস্যার সমাধানের জন্য এই সরকারকে একটা সহায়ক শক্তি হিসাবে ব্যবহার করে ভারতবর্ষে গণতান্ত্রিক আন্দোলন গড়ে তোলা দরকার। যেদিন সাধারণ মানুষের স্বার্থে সারা ভারতবর্ষে সরকার রূপায়িত করা সম্ভব হবে, সেদিন সাধারণ মানুষের সমস্যার সমাধান হবে। আজকে আর একটা জিনিস আমি লক্ষ্য করে দেখলাম যে, আজকে যাঁরা এখানে বিরোধী দলে বসে আছেন তাদের মধ্যে অধিকাংশই ৩০ বছর ধরে শাসন ক্ষমতায় ছিলেন।

[7-10—7-20 p.m.]

এবং কেউ মন্ত্রী ছিলেন, কেউ বা পার্টির নেতা ছিলেন এবং নানা ধরনের ছিলেন। আজকে আমাদের তিন বছরের দায়িত্ব নিয়ে আলাপ আলোচনা হচ্ছে, হওয়া উচিত বলে আমি মনে করি, আমাদের শেখার দরকার আছে গত ৩০ বছরে ওঁরা দেশকে কোথায় নিয়ে

গিয়ে হাজির করেছেন? আমাদের বিরোধী দলের নেতা আছেন, তিনি কলকাতা শহরের লোক, তাঁদের মধ্যে মধ্যবিত্ত আছেন, শিক্ষক আছেন, এবং এমন ধরনের লোক আছেন যাদের সাধারণ মানুষের সঙ্গে সম্পর্ক নেই। আমি গ্রাম থেকে এসেছি, দরিদ্র সাধারণ মানুষদের সঙ্গে মিশতে মিশতে এসেছি। গত ৩০ বছর ধরে আমাদের জেলার যিনি প্রতিনিধি আছেন কংগ্রেস (আই) এর ইমাজুদ্দিন সাহেব, তিনি যেখান থেকে নির্বাচিত হয়েছেন তার পাশের গ্রাম থেকে আমি নির্বাচিত হয়ে এসেছি। তাঁর কেন্দ্রে সাধারণ মানুষদের মধ্যে যে আবহাওয়া, তথা মুর্শিদাবাদ জেলা তথা পশ্চিম বাংলার আবহাওয়া মোটামুটি একই ধরনের হবে। আমি যখন ছোট ছিলাম, তখন দেশ স্বাধীন হয়েছে। সেদিন আওয়াজ গেছল কানে, কিন্তু সেদিন যে অবস্থা ছিল আজকে সেই অবস্থা নেই। গত তিন বছর আগে ছিলনা। আপনারা আস্তে আস্তে মানুষকে এমন এক জায়গায় নিয়ে গিয়ে হাজির করেছেন যে মানুষের মেরুদন্ড ভেঙে গেছে, নুইয়ে দিয়েছেন, সহজভাবে দাঁড়াতেই পারেনা। আমাদের অঞ্চল প্রধান ছিলেন, মহাজন ছিলেন, জোতদার ছিলেন— এই ধরনের প্রভাবশালী লোকেরা ছিলেন, তাদের পায়ের তলায় নিয়ে গিয়ে সাধারণ মানুষকে হাজির করেছেন। সে কি পরিস্থিতি। এই সমস্ত বড় মানুষের মধ্য দিয়ে যারা ক্ষেত মজুর, শ্রমিক, জুতো পায়ে যেতে পারত না, ছাতা মাথায় দিয়ে যেতে পারত না, ধুতি জামা কাপড় পরে যেতে পারত না। তা যদি যেত তাহলে কি হত, তার একটা উদাহরণ আমি দেব। এটা বড় লজ্জার বিষয়। মুর্শিদাবাদের ভূপেন মৈত্র ৩৩০০ বিঘার মালিক, আপনি বোধ হয় ভাল করে জানেন, সেই ভূপেন মৈত্র তাঁর বাড়ির সামনে দিয়ে গ্রামের লোকেরা যখন যেত তখন ধরে নিয়ে গিয়ে ধোলাই দিতেন। আইন শৃঙ্খলার কথা নিয়ে এখানে আলোচনা হচ্ছে দেখছি। আমি অন্য বড় কথায় যাবনা, পঞ্চায়েত এবং ভূমি সংস্কার ব্যাপারেই বলব, কেননা অন্য ব্যাপারে আমার অভিজ্ঞতা কম। পঞ্চায়েত সম্বন্ধে মাননীয় মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন বিতর্কের সময়, পঞ্চায়েতের জন্ম কোথায়? আমরা জানি দেশ স্বাধীন করার জন্য যেসব নেতা ছিলেন, তাঁদের মধ্যে মহাত্মা গান্ধী ছিলেন প্রথম শ্রেণীর নেতা, তিনি ছিলেন জাতির জনক, বাপুজি, তাঁর স্বপ্ন ছিল এই পঞ্চায়েত। সেই স্বপ্নকে কি আপনারা আইনে পরিণত করেছিলেন? বাস্তবে রূপ দেবার চেষ্টা কেন করেননি? যদি চেষ্টা করতেন তাহলে দেখতেন কত ধানে কত চাল হয়। আপনারা সেই আইনকে রাইটার্স বিল্ডিং-সের আলমারির মধ্যে রেখেছিলেন, আমরা সেটা রাইটার্স থেকে বার করে সাধারণ মানুষকে দিয়েছি। আপনারা চেয়েছিলেন রাইটার্স বিল্ডিং-এর মধ্যে ক্ষমতাকে সীমাবদ্ধ রাখতে, আপনারা চাননি ক্ষমতাকে বিকেন্দ্রীকরণ করতে, আমরা পশ্চিম বাংলার সরকারের পক্ষ থেকে ক্ষমতাকে বিকেন্দ্রীকরণ করেছি। আপনারা বলছেন পঞ্চায়েতে ত্রুটি হচ্ছে। মাননীয় মন্ত্রী বলেছেন ত্রুটি হচ্ছে, কেন? ৩০ বছরে দেশে আপনারা কি করেছেন? আমাদের দেশে চোর তৈরি করেছেন, আমাদের দেশে ডাকাত তৈরি করেছেন দেশের শতকরা ৪০ জন মানুষকে ক্ষেতমজুরে পরিণত করেছেন, যার ২০ বিঘা জমি ছিল তার ৫ বিঘা জমিতে পরিণত করেছেন, শেষ করে দিয়েছেন, সব কিছু নিচের দিকে নামিয়ে দিয়েছেন। সেই মানুষদের আত্মরক্ষার তাগিদে নোংরা পথে যেতে হবে। সেই মানুষেরাই আজকে পঞ্চায়েতে অংশ গ্রহণ করেছে। সুতরাং আজকে দীর্ঘ ৩০

বছর ধরে যদি তাদের দুর্নীতি করার অভিজ্ঞতা থাকে এবং দুর্নীতির সঙ্গে যুক্ত থাকে, এক হাতে বোমা ধরিয়ে দেন আর এক হাতে পুতুল ধরান, তাহলে এত সহজে তাদের সেই অভ্যাস তাড়ানো যায়না। সেজন্য মাননীয় মুখ্যমন্ত্রী বিতর্কে বলতে গিয়ে পঞ্চায়েত সম্বন্ধে বলেছিলেন আগে যেখানে ১০০ টাকার মধ্যে ৯৫ টাকা পকেটে যেত, সেখানে এখন ৫ টাকা যায় এবং বাকি ৯৫ টাকাই এখন যায় জনসাধারণের স্বার্থে।

আজ আমাদের পঞ্চায়েত পশ্চিমবঙ্গ পঞ্চায়েত যে উদ্দেশ্যে করেছে সেখানে যদি শতকরা ৭৫ ভাগ কাজ আর বাকি ২৫ ভাগ দুর্নীতির সঙ্গে যুক্ত হয়ে যায় তাহলে আমি মনে করি এটা খুব সঠিক হচ্ছে ন্যায় সঙ্গত হয়েছে। কারণ হচ্ছে অতীতকে মুছে দেওয়া হয়েছে। আজকে আপনারা প্রশ্ন তুলেছেন যে বামফ্রন্ট সরকারের কিছু কিছু প্রধান দুর্নীতির সঙ্গে জড়িত, আমিও মনে করি কিছু কিছু প্রধান দুর্নীতির সঙ্গে যুক্ত। কিন্তু আজকে আমি আমাদের বলতে পারি যে যে প্রধান দুর্নীতির সঙ্গে যুক্ত তাদের কি এই সরকার ছেড়ে দিয়েছে? আমি উদাহরণ দিয়ে বলতে পারি মুর্শিদাবাদ জেলার রাণীনগর অঞ্চলের প্রধান ৩।৪ হাজার টাকা সর্ট করে তিনি সি.পি.এম দলের প্রধান। বার বার বলা সত্ত্বেও তিনি টাকা দেন নি। তিনি পদত্যাগ করেছেন এবং তাকে পদত্যাগ করাতে বাধ্য করা হয়েছে এবং শুধু তাই নয়, তার বিরুদ্ধে এফ.আই.আর করা হয়েছে। এই হচ্ছে আমাদের প্রশাসন আমরা ক্ষমা করতে জানি না। কিন্তু আপনারা ক্ষমা করেন। ঐ কুমারদীপ্তিবাবু না কে আছে তার নাম আপনারা নিশ্চয় জানেন। তিনি ইন্দিরা কংগ্রেসের লোক তবে কোন গোষ্ঠীর জানি না সুব্রতবাবুর না কোন গোষ্ঠীর জানি না, তাকে বেলের ব্যবস্থা করে দিয়েছেন। কিন্তু আমাদের গণতান্ত্রিক ব্যবস্থায় কোনও ল-ইয়ার বেল দিতে যায়নি এবং তাকে কোনও পরামর্শ দেয় নি। আর একজন প্রধান তিনি কিছু টাকা দিয়েছে। আমরা কিন্তু কাউকে ক্ষমতা করতে জানি না। আপনারা শুধু বলছেন যে দুর্নীতি হয়েছে কোনও কাজ হয় নি— কই এ কথা তো বলছেন না। যিনি একথা বলছেন তিনি কি গ্রামে কোনও দিন যাননি তিনি কি গ্রাম দেখেন নি। সেখানকার মানুষ কি বলতে চায় তা কি জানেন না? সংবাদপত্রে ছবি বেরোয় পুরুলিয়া বাঁকুড়ায় বাড়ির মা বোনেরা ৩।৪ মাইল দূর থেকে মাথায় করে কলসী নিয়ে যাচ্ছে জল আনতে। সেই ছবি গত এক বছর আর দেখি নি এবং যদিও বেরোয় তা অত্যন্ত কম। গত বছর খরা যথেষ্ট হয়েছে। তার মানে এই যে এমন একটা গ্রাম নাই যেখানে পানীয় জলের সঙ্কট আছে। প্রয়োজনে আরও বেশি এটা ঠিক কিন্তু এই সরকারের ক্ষমতা কতটুকু এটা বোঝার দরকার আছে। কত ধানে কত চাল সেটা বোঝা দরকার। ইচ্ছা আমাদের অনেক আছে কিন্তু করা যাচ্ছে না। আমরা নির্বাচনের মাধ্যমে এখানে এসেছি। আমাদের ওখানকার স্বনামধন্য এম.এল.এ. যাকে আমি পরাজিত করে এসেছি আবদুল বারি বিশ্বাস তার কাছে যখন মানুষ যেতো যে একটা কালভার্ট করে দিন, সেচের ব্যবস্থা করে দিন বা একটা কিছু করে দিন চলাফেরার ব্যবস্থা নেই তার ব্যবস্থা করে দিন গ্রাম একেবারে অবহেলিত করে ফেলে রেখে দিয়েছেন তার উত্তর দিতে গিয়ে তিনি কি বলতেন জানেন? তোমরা শালতি করে পার হবে তোমরা গরিব মানুষ ক্ষেতমজুর তোমাদের নৌকার কি দরকার, কালভার্টের কি দরকার। এই ধরনের অনেক ঘটনা আছে। আজকে গ্রামে যদি যান

তাহলে কি দেখবেন বারি যে কথা বলেছিলেন পশ্চিমবাংলার মানুষ সে কথা বোঝে এবং তাই আজকে মানুষ তাকে স্মরণ করছে না। ১৯৭৭ সালে আমরা সরকার তৈরি করেছি এবং ১৯৭৮ সালে বন্যা এসেছে।

[7-20—7-30 p.m.]

আপনারা জানেন পশ্চিমবাংলার ১৬টি জেলার মধ্যে ১২টি জেলা এক সঙ্গে আক্রান্ত হয়েছিল। আপনারা সেদিন বলেছিলেন, খবরের কাগজওয়ালারা বলেছিলেন পশ্চিমবাংলা শ্মশানে পরিণত হবে, কলকাতা শহর ভিখারিতে ছেয়ে যাবে। কিন্তু আমরা কি দেখলাম? নব নির্বাচিত পঞ্চায়েতের সদস্যরা, বিধানসভার সদস্যরা, মন্ত্রীরা এবং তাদের সঙ্গে অসংখ্য সাধারণ মানুষ যুক্ত হয়ে বন্যা প্রতিরোধ করতে ঝাঁপিয়ে পড়েছিল। আপনারা যা বলেছিলেন কাগজে কি তা বেরিয়েছিল? ফ্যান দাও, রুটি দাও, ঝি নাও, চাকর নাও বন্যার পরিপ্রেক্ষিতে কলকাতা শহরে এই কথা কেউ বলতে আসেনি। পশ্চিমবাংলা শ্মশান হয়নি, আকাশে শকুন ওড়েনি। এটা কি করে সম্ভব হয়েছিল? পশ্চিমবাংলার মানুষের সহযোগিতা, পঞ্চায়েতের সহযোগিতা এবং সরকারের সদিচ্ছা থাকার ফলেই পশ্চিমবাংলার মানুষগুলিকে রক্ষা করা গিয়েছিল। **(ভয়েস ঃ শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ জনতা সরকারের টাকা ছিল বলেই এটা সম্ভব হয়েছে।)** হতে পারে, জনতা সরকার ছিল টাকা দিয়েছে। তাদেরও একটা নৈতিক দায়িত্ব ছিল। আমাদের পাওনা টাকা দিয়েছে, দয়া করে কেউ টাকা দেয়নি। শুধু তাই নয়, গত ৩০ বছর ধরে আপনারা যা করতে পারেননি এই নব নির্বাচিত পঞ্চায়েতগুলি ১৯ কোটি শ্রম দিবস সৃষ্টি করেছে ফুড ফর ওয়ার্ক এবং বিভিন্ন ধরনের ওয়ার্কের মধ্য দিয়ে। এর ফলে পশ্চিমবাংলার গরিব ক্ষেত মজুররা, দরিদ্র মানুষ তাদের বউ, ছেলেদের একটা দিন এক মুঠো খাবার দিতে পেরেছে। গত ২ বছরে পশ্চিমবাংলার মানুষের হা অন্ন হা অন্ন ভাব ছিল না। আপনারা কি করেছেন? আজকে অজুহাত তুলেছেন পশ্চিমবাংলা সরকার খাদ্যের বিনিময়ে কাজ প্রকল্পে দেয় গমের হিসাব দেয়নি। কালকে একজন সরকার পক্ষের সদস্য বলেছেন, আমি আজকে আবার বলছি আপনারা অসত্য বিবৃতি দিচ্ছেন। কংগ্রেস(ই)র সদস্যরা অসত্য বিবৃতি দিচ্ছেন। আমরা সরকার পক্ষ থেকে বলছি ৮৬ ভাগের হিসাব দাখিল করেছি, ৫০ ভাগ হিসাব দিলে গম পেতে পারি। কিন্তু লোকসভায় শ্রীমতী ইন্দিরা গান্ধী, কৃষিমন্ত্রী এটা অস্বীকার করেছেন। আমাদের পশ্চিমবঙ্গ সরকার দুবার চিঠি লিখেছেন রাষ্ট্রপতির কাছে এই বলে, সুপ্রীম কোর্টে আমাদের যাবার অধিকার দিন লোকসভায় যে অসত্য বিবৃতি দিচ্ছেন সেই ব্যাপারে এবং ভারতবর্ষের যে পবিত্র অধিকার মানুষের সংসদীয় গণতন্ত্র, তাকে তারা পদদলিত করছেন, সেই ব্যাপারে নিশ্চয় আমাদের সুপ্রীম কোর্টে যাবার অধিকার আছে। রাষ্ট্রপতি কোনও উত্তর দিচ্ছেন না কেন? এর থেকে কি বোঝা যাচ্ছে? আমাদের সরকার দায়িত্ব নিয়ে বলছেন ৮৬ ভাগের হিসাব আমরা দাখিল করেছি, অথচ দেখা যাচ্ছে রাষ্ট্রপতি নীরব। এর দ্বারা কি প্রমানিত হয়? এটাই প্রমাণ হয় যে উত্তর দেবার মতো কেন্দ্রীয় সরকারের কোনও সৎ সাহস নেই। আজকে পশ্চিমবাংলার গরিব ক্ষেত মজুরদের ঘরে কান্নার রোল সৃষ্টি করেছেন আপনারা। এই সরকারের বিরুদ্ধে মানুষকে

সংগঠিত করে নিয়ে যাবার জন্য সুকৌশলে এই সমস্ত কীর্তিকলাপ করেছেন। আজকে গ্রামে গিয়ে বলুন এই সরকার জিনিসের দাম বাড়িয়ে দিচ্ছে, এই সরকার কাজ দিচ্ছে না, এই সরকার তোমাদের বিরুদ্ধে চলেছে দেখবেন তারা কি বলছে। আজকে মিটিং ডাকুন, দেখবেন জনগণ কাদের ডাকে সাড়া দিয়েছে। আপনাদের মিটিং-এ মালিক পক্ষ বসে আছে, যারা কেবল লক্ষ লক্ষ টাকা লুঠ করে বসে আছে। আপনারা এই অ্যাসেম্বলিতে বিপ্লব করছেন। আজকে একদিকে কংগ্রেস (ই)র বিপ্লব, অপর দিকে ওরা একই প্ল্যাটফর্মে দাঁড়িয়ে ভাষার ব্যাপারে, শিক্ষার ব্যাপারে মিটিং ডাকছেন এবং আমরা কি করেছি, কি করতে পারিনি সেই সব কথা বলছেন।

আজকে আপনারা ভালো ভালো কথা বলছেন সাধারণ মানুষদের জন্য, আপনাদের চোখ দিয়ে দরদর করে জল পড়ে বিধানসভা ভেসে যাচ্ছে কিন্তু আপনাদের ডাকে লোক আসে না। কেন আসে না? আপনাদের বক্তব্য শোনে না কেন? আপনারা বলছে আমাদের পেছন থেকে মানুষ সরে গিয়েছে। আমি মুর্শিদাবাদের ছেলে, এই প্রসঙ্গে স্যার, আমি কয়েকটি কথা বলব। ২৭ তারিখে, যেদিন পশ্চিমবাংলায় হরতাল, ধর্মঘট ডাকা হয়েছিল সে দিন তা ডাকা হয়েছিল কাজের বদলে খাদ্য-এর কর্মসূচির যে গম সেই গম কেন্দ্রীয় সরকার বন্ধ করেছিল, সেই গমের দাবিতে এবং এই ধরনের আরো ৬/৭টা দাবিতে। লোককে আমরা ডাক দিলাম....

(ভয়েস ঃ- লাঠি, বল্লম নিয়ে ডাক দিলেন।)

না, লাঠি, বল্লম আমাদের সরকারি দলের লোকদের কাছ থেকে উদ্ধার হয়নি, উদ্ধার হয়েছে যারা প্রতিবাদ করছেন তাদের দলের লোকেদের কাছ থেকে।

(নয়েজ)

সেদিন রাস্তায় তেরঙ্গা ঝান্ডা ওড়েনি, উড়েছিল বামপন্থী দলের লালঝান্ডা। সেদিন হাজার হাজার, লক্ষ লক্ষ মানুষের সমাবেশ ঘটেছিল। আপনারা তো বলেন লোকে আপনাদের সমর্থন করেন কিন্তু পশ্চিমবঙ্গের এক জায়গায়ও তো তাদের নামাতে পারেননি। আপনারা বিপ্লব করুন বিধানসভায় বসে, সাধারণ মানুষের কাছে গিয়ে বিপ্লব করা আপনাদের চলবে না, চলছে না, মানুষ আপনাদের চেনে। তারপর এরা বলেছেন বর্গাদারদের কথা এবং খাস জমির কথা। গত ৩০ বছরে আপনারা বর্গা রেকর্ড করেছিলেন ১।। লক্ষ আর আমরা এই ২।।/৩ বছরে বর্গা রেকর্ড করেছি ১০ লক্ষ। একজন সদস্য বললেন, আগে যারা বর্গাদার ছিলেন তাদের উচ্ছেদ করে নতুন করে বর্গাদার করে মোট হিসাবটা আপনারা দিচ্ছেন। এ সম্পর্কে কি আপনারা কোনও তথ্য মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রীকে দিয়েছেন বা কোনও সরকারি তথ্য আপনাদের কাছে আছে? তা তো নেই। মানুষকে বিভ্রান্তি করার জন্য এবং কাগজে পাবলিসিটি পাবার জন্য কিছু বলার দরকার তাই আপনারা এইসব কথা বলে গেলেন। খাস জমির ব্যাপারে আমরা দেখেছি, আপনারা যেসব জমি দিয়েছিলেন সেগুলি হচ্ছে হয় শ্মশান, না হয় কবর স্থান আর না হয় ব্রিজের তলা। সেই জমির দখল কৃষকরা

কোনওদিনই পাইনি। আর আমাদের সময় কয়েক লক্ষ একর জমি বন্টন করা হয়েছে এবং তারমধ্যে ৫৬ শতাংশ অবহেলিত মানুষ যাদের আপনারা ঘৃণা করতেন, পদদলিত করতেন, যাদের কোনও স্থান দেননি তাদের দেওয়া হয়েছে। আজকে পশ্চিমবাংলার গ্রামাঞ্চলের মানুষ আপনাদের ছুঁড়ে ফেলে দিয়েছে এবং বামফ্রন্টের পেছনে এসে দাঁড়িয়েছে। আজ তাই দেখছি আপনাদের গর্ভযন্ত্রনা শুরু হয়েছে। আপনারা আইন শৃঙ্খলার কথা বলেছেন, আমি আর বেশি বলব না, শুধু এইটুকু বলব, গতকাল কাগজে লোকসভায় কি ঘটেছে সেটা দেখেছেন তো? লোকসভায় এই ঘটনা ঘটেছে বিরোধীপক্ষ, সরকারপক্ষের মধ্যে নয় এমন আইনশৃংখলা আপনারা রক্ষা করছেন যে নিজের দলের লোকেদের মধ্যে লোকসভায় মারামারি, ঘুষোঘুষি হয়েছে। এই যেখানে অবস্থা সেখানে আপনাদের মুখে আইনশৃংখলার কথা সাজে না। এই কথা বলে মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Adjournment**

The House was then adjourn at 7-31 p.m. till 1 p.m. Friday, the 20th February, 1981, at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Friday, the 20th February, 1981 at 1.00 p.m.

**P R E S E N T**

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibulla) in the Chair, 12 Ministers, 3 Ministers of State and 147 Members.

[1-00 — 1-10 p.m.]

**Starred Questions**
**(to which oral Answers were given)**

**কংগ্রেস (ই)-এর বিক্ষোভ ও ডেপুটেশন**

*৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *৮।) **শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায়ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০ সনের জানুয়ারি মাস থেকে ডিসেম্বর মাস পর্যন্ত কলকাতায় কংগ্রেস (ই) দল কতগুলি বিক্ষোভ ও ডেপুটেশন দিয়াছেন ; এবং

(খ) এই সকল ঘটনায় ঐ সময়ে—

(১) কি পরিমাণ জাতীয় সম্পত্তি নষ্ট হয়েছে, এবং

(২) ক'জনের প্রাণহাণি ঘটেছে?

**শ্রী জ্যোতি বসুঃ**

(ক) বিক্ষোভ - ১১৫টি

ডেপুটেশন - ৩৫টি

(খ) (১) ১৪.৯.৮০ তারিখের কংগ্রেস (ই) বিক্ষোভের ফলে তিনটি স্টেট বাস, দুইটি পুরুলিশের ভ্যান, পাঁচটি ট্রাম এবং কলিকাতা রাষ্ট্রীয় পরিবহনের একটি ব্রেক ডাউন ভ্যানের ক্ষতি করা হয়েছে।

আবার গত ২২.১২.৮০ তারিখে কংগ্রেস (ই) বিক্ষোভের ফলে একখানি স্টেট বাস এবং দুইখানি ট্রামের ক্ষতিসাধন করা হয়েছে।

(২) কোনও প্রাণহানির ঘটনা ঘটেনি।

**শ্রী সুখেন্দু খাঁন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন পশ্চিমবঙ্গে কংগ্রেস (ই) তিনটি দল আছে, কোন দল কবে তাঁর কাছে ডেপুটেশনে গিয়েছিল?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমি তো তারিখ বলে দিলাম। তবে ওঁদের অনেকগুলি উপ-দল আছে, কে কবে এসেছিল সেটা আমার পক্ষে বলা সম্ভব নয়।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মন্ত্রী মহাশয় বললেন যে, কংগ্রেস (ই)-র তরফ থেকে ট্রাম বাস পুড়িয়ে দেওয়া হয়েছে। তা আমি মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি যে, ঐ দলের নেতা বা নেত্রী কেউ পাবলিকলি ডনাউন্স করে সরকারের কাছে কিছু বলেছেন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** না। নেতারাই তো করেছেন, তাঁরা কি করে বিরোধিতা করবেন!

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি, ঐ দলের কর্মীরা কেন বিক্ষোভ আন্দোলন করেছিল?

**শ্রী জ্যোতি বসু ঃ** ইন্দিরা গান্ধী মহাশয়া পেট্রল, ডিজেল, কেরোসিন-এর দাম বাড়িয়েছেন, সেই জন্য আমাদের গাড়ির ভাড়া বাড়াতে হয়েছে। কাজেই ওঁরা ইন্দিরা গান্ধীর বিরুদ্ধে আন্দোলন না করে আমাদের বিরুদ্ধে করেছেন।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন ট্রামের ভাড়া কেন বেড়েছে?

**শ্রী জ্যোতি বসু ঃ** কয়লার দাম বাড়ার জন্য ইলেকট্রিসিটি চার্জ বেড়েছে, তার জন্যই আমাদের ভাড়া বাড়াতে হয়েছে।

**শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন কংগ্রেস (ই) ঐ সমস্ত কাজ করেছে। তাহলে ঐ দলের ক'জনকে গ্রেপ্তার করা হয়েছে এবং ক'জনের বিরুদ্ধে তদন্ত করা হচ্ছে?

**শ্রী জ্যোতি বসু ঃ** তদন্ত চলছে, তবে এই মুহূর্তে আমার কাছে কোনও হিসাব নেই, তবে অনেক মানুষকেই গ্রেপ্তার করা হয়েছে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, ১৯৮০ সালের জানুয়ারি থেকে ডিসেম্বর পর্যন্ত কংগ্রেস দল থেকে কতগুলি বিক্ষোভ এবং ডেপুটেশন দিয়েছেন—এ ব্যাপারে আমি আপনার রুলিং চাইছি।

**শ্রী জ্যোতি বসু ঃ** উনি আমাকে ট্রাম বাসের কথা বলেছেন, আমি এখানে বলেছি যে ১১৫টি বিক্ষোভ, ৩৫টি ডেপুটেশন, এর ফল কি হয়েছিল তাও বলেছি। ১৪.৯.৮০ এবং ২২.১২.৮০ তারিখে কি হয়েছিল সেটা উত্তরে আছে।

**মধ্য ও স্বল্প আয় বিশিষ্ট ব্যক্তিদের জন্য ফ্ল্যাট**

*৫০। (অনুমোদিত প্রশ্ন নং *২৩।) **শ্রী জন্মেজয় ওঝা ঃ** আবাসন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০ সালে রাজ্য আবাসন দপ্তর মধ্যবিত্ত ও স্বল্প আয় বিশিষ্ট ব্যক্তিদের জন্য কতগুলি সরকারি ফ্ল্যাট তৈরি করিয়াছেন;

(খ) কিভাবে এইসব ফ্ল্যাট বন্টন করা হইয়াছে; এবং

(গ) উক্ত সময়ের মধ্যে অবৈধ দখলকারী কতজনকে সরকারি ফ্ল্যাট হইতে উৎখাত করা হইয়াছে?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ**

(ক) ১৯৮০ সালে রাজ্য আবাসন দফ্তরের অধীনে মধ্যবিত্ত ব্যক্তিদের জন্য কোনও ফ্ল্যাট নির্মিত হয় নাই। কিন্তু স্বল্প আয় বিশিষ্ট ব্যক্তিদের জন্য ৬৪টি ফ্ল্যাট নির্মিত হইয়াছে।

(খ) স্বল্প আয় বিশিষ্ট ব্যক্তিদের জন্য নির্মিত ফ্ল্যাটগুলি কমিটির সুপারিশ অনুসারে বন্টন করা হইয়াছে।

(গ) উক্ত সময়ের মধ্যে নিম্নলিখিত সংখ্যক অবৈধ দখলকারিগণকে উচ্ছেদ করা হইয়াছে;

(১) মধ্যবিত্ত আয় বিশিষ্ট ফ্ল্যাট হইতে ২ জন।

(২) স্বল্প আয় বিশিষ্ট ফ্ল্যাট হইতে ১০ জন।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে স্ক্রিনিং কমিটির সুপারিশ অনুসারে হয়েছে ঐ স্ক্রিনিং কমিটিতে কারা কারা আছেন?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ** শ্রী নিখিল দাস, এম. এল. এ. চেয়ারম্যান।

শ্রী তপেন গাঙ্গুলি

শ্রী শৈলেন দাসগুপ্ত,

শ্রী লক্ষ্মীচরণ সেন,

শ্রী অনিল মুখার্জি

শ্রী সুহৃদ মল্লিকচৌধুরী, এঁরা জায়গাটা এখন খালি আছে এবং শ্রী চিত্ত সিন্‌হারায়।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যা বললেন তাতে দেখা গেল যে সবই সরকার পক্ষের সদস্যদের নেওয়া হয়েছে, বিরোধীপক্ষের সদস্যদের নেওয়া হয়নি কেন?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ** না, নেওয়া হয়নি, সবই সরকার পক্ষের নেওয়া হয়েছে। নোটিশ দিলে বলে দেব কেন নেওয়া হয়নি।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** ঐ সময়ের মধ্যে ২ জনকে উচ্ছেদ করা হয়েছে এখন কতজনকে উচ্ছেদ করার চেষ্টা করছেন?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ** নোটিশ চাই।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** ফ্ল্যাট বন্টনের ব্যাপারে নানা অভিযোগ শোনা যায়, কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয় কি কোনও অভিযোগ পেয়েছেন কি?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ** অভিযোগ এলে বামফ্রন্ট সরকার এ বিষয়ে তদন্ত করান, তদন্ত করে দেখে যদি সেটা সত্য বলে প্রমাণিত হয় তাহলে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করেন।

**শ্রী সন্দীপ দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যে স্ক্রিনিং কমিটির কথা বললেন তাদের কোনও গাইড লাইন সরকার থেকে দেওয়া হয় না তাঁরা নিজেরাই তৈরি করে নেন?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ** গাইড লাইন তাঁরা নিজেরাই তৈরি করে নেন।

**শ্রী সন্দীপ দাস ঃ** তার কি কোনও বেসিস আছে?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ** তাদের বেসিস আছে।

**শ্রী সন্দীপ দাস ঃ** কি সেটা?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ** এখন বলতে পারব না।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** গাইড লাইনটা দয়া করে একটু বলুন।

**শ্রী যতীন চক্রবর্তী ঃ** আমি বলছিলাম তাঁদের আয় ঠিক আছে কিনা, তারা পাবার উপযুক্ত কিনা সমস্ত কিছু তদন্ত করে সুপারিশ করে দিলে আমরা তবে নির্দেশ দিই।

[1-10 – 1-20 p.m.]

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** সরাকারি আবাসন দপ্তরের আওতায় যে সমস্ত ফ্ল্যাট আছে সেখানে আপনি বলবেন যে কিছু কিছু ট্রেসপাসার্সকে, অকুপায়ানটকে আপনারা আইন অনুযায়ী এভিক্ট করেছেন। কিন্তু এটা কি সত্য যে এই সমস্ত আনঅথরাইজড় অকুপায়ানটদের রেগুলারাইজেশনের জন্য আপনারা বিজ্ঞাপন দিয়েছেন? এবং তাদের যদি সরকার আনঅথরাইজ অকুপায়ানটস বলে মনে করেন তাহলে সরকার কোন নীতির ভিত্তিতে রেগুলারাইজেশনের জন্য বিজ্ঞাপন দিয়েছেন?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ** অনেক ক্ষেত্রে দেখা গেছে যে, যাদের নামে এলটমেন্ট করা হয়েছিল তাদের আত্মীয়স্বজন দীর্ঘ দিন ধরে আছেন সেইজন্য স্ক্রিনিং অ্যান্ড স্ক্রুটিনি কমিটি

থেকে আমাদের কাছে একটা সুপারিশ আসে যে একটা নির্দিষ্ট সময় পর্যন্ত যদি তারা দীর্ঘদিন ধরে সেখানে আছেন তার প্রমান দিতে পারেন এবং ভাড়া বকেয়া নেই, তাহলে আমরা রেগুলারাইজেশন করে থাকি। অনেক ক্ষেত্রে দেখা গেছে স্বামী মারা গেছেন, স্ত্রী দরখাস্ত করেছেন রেগুলারাইজেশনের জন্য, তাহলে সেখানে আমরা দিয়ে থাকি অন্যান্য শর্তগুলি যদি তারা মেনে থাকেন।

**শ্রী কাশীকান্ত মৈত্র :** যে সমস্ত ফ্লাট আপনার দফতর থেকে তৈরি করছেন সেই বিষয়ে গ্রামাঞ্চলে এবং শহরাঞ্চলে এবং শহরাঞ্চলের মধ্যে যে একটা সুস্পষ্ট ইমব্যালেন্স আছে এটা দূর করে গ্রামাঞ্চলের দিকে নজর দেবেন কি?

**শ্রী যতীন চক্রবর্তী :** শহরাঞ্চলের চাহিদা মফঃস্বলের চেয়েও অনেক বেশি। সেইজন্য বিভিন্ন মফঃস্বল শহরে যেখানে জমি আমরা সংগ্রহ করতে পেরেছি সেইসব জায়গায় অগ্রাধিকার দিয়ে যে সমস্ত সরকারি কর্মচারী আছেন তাদের জন্য সেখানে কিছু বাড়ি তৈরি করেছি। তবে মধ্য ও নিম্ন আয় বিশিষ্ট লোকেদের জন্য বাড়ি তৈরি করেছি। গ্রামাঞ্চলে আমাদের পক্ষে করা সম্ভব নয়, কারণ আমাদের যে বাজেট বরাদ্দ আছে বাড়ি তৈরি করার জন্য, সেই টাকার মধ্যে ব্যপকভাবে গ্রামাঞ্চলে বাড়ি তৈরি করা সম্ভব নয়। সেখানে আমাদের জন্য পরিকল্পনা আছে যেটা আমার দপ্তরের নয়, অন্য দপ্তরের অর্থাৎ সেখানকার গ্রামাঞ্চলে মানুষদের তারা কিছু টাকা সাহায্য করে যা দিয়ে তারা তাদের বাড়ি তৈরি করে নিতে পারেন।

**শ্রী সন্দীপ দাস :** কোনও বিশিষ্ট ব্যক্তিকে অ্যাকোমডেট করার জন্য হাউসিং এস্টেটের কেয়ারটেকারকে দিয়ে বাস্তুচ্যুত করা হয়েছে এই রকম ঘটনা কি ঘটেছে?

**শ্রী যতীন চক্রবর্তী :** এইরকম ঘটনা আমাদের সময়ে ঘটেনি, আগে ঘটত।

### হোমগার্ডের প্রশিক্ষণ

*৫১। (অনুমোদিত প্রশ্ন নং *৪৭।) **শ্রী সুমন্তকুমার হীরা :** স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত এক বছরে কতজন যুবক এবং যুবতীকে হোমগার্ডে প্রশিক্ষণ দেওয়া হয়েছে ; এবং

(খ) উক্ত প্রশিক্ষণপ্রাপ্ত হোমগার্ডদের কোনও পরিচয়পত্র দেওয়ার ব্যবস্থা আছে কি?

**শ্রী রাম চ্যাটার্জি :** (ক) গত বছরে ২১৩৭ জন যুবক এবং ১২৪ জন যুবতীকে হোমগার্ডে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

(খ) হ্যাঁ।

**শ্রী সুমন্তকুমার হীরা :** প্রশিক্ষণপ্রাপ্ত হোম গার্ডদের—প্রশিক্ষণ প্রাপ্তির পর তাদের সার্টিফিকেট দেওয়া হচ্ছে না কেন?

**শ্রী রাম চ্যাটার্জি :** প্রশিক্ষণপ্রাপ্ত হোমগার্ডদের সার্টিফিকেট দেবার ব্যবস্থা করা হয় তাঁরা সার্টিফিকেট পান।

**শ্রী রজনীকান্ত দলুই :** প্রশিক্ষণ যাঁরা পাচ্ছেন হোমগার্ড হিসাবে তাঁদের কত দিনের মধ্যে নিয়োগ করা হয়?

**শ্রী রাম চ্যাটার্জি :** কাজ নয় ভলেনটিয়ারি সার্ভিস অর্থাৎ স্বেচ্ছায় হোমগার্ডদের কাজ হচ্ছে জনসাধারণের স্বেচ্ছায় সেবা এবং এটা কংগ্রেস আমল থেকে চলে আসছে। আমাদের দেশে এটা ঠিক চলে না। আগে তারা তিন টাকা—পরে পাঁচ টাকা পেত, এখন তাঁরা ১০.৫০ থেকে পৌনে এগারোতে উঠেছে। যারা ট্রাফিকে যান তাঁদের ট্রাফিক রুল পড়ানো হয় এবং কলকাতায় এর একটা অফিস আছে। এক মাস তাঁদের ট্রেনিং দেওয়া হয়। বাকি যারা আছেন তাদের বিভিন্ন কাজে লাগানো হয় ল অ্যান্ড অর্ডার ফেল করলে দরকার হলে তাদের নেওয়া হয়। এই যে রিজার্ভ থাকেন তাদের মধ্যে থেকে ট্রাফিক ছাড়া—ল অ্যান্ড অর্ডার, ন্যাচারাল ক্যালামিটি হলে, ফ্লাড ইত্যাদি হলে যখন যেখানে দরকার হয় তখন তাদের সেখানে নেওয়া হয়।

### Revision of tariff rates for Power Supply

***52.** (Admitted question No.*201.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state–

(a) Whether the State Government has received proposal (s) from the West Bengal State Electricity Board (WBSEB) and/or Calcutta Electricity Supply Corporation (CESC) for revision of the tariff rates ;

(b) if so—

(i) what are the proposals ; and

(ii) what is the contemplation of the State Government in the matter ?

**Shri Jyoti Basu :** (a) There is at present no proposal for revision of the tariff rates with the State Government either from the West Bengal State Electricity Board or from the Calcutta Electric Supply Corporation (India) Ltd.

(b) Does not arise.

**শ্রী রজনীকান্ত দলুই :** ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন বা ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ড যদি ইলেকট্রিক চার্জ বাড়াবার জন্য বলে তাহলে আপনি তা

বিবেচনা করবেন কি?

**শ্রী জ্যোতি বসু :** যদির কোনও উত্তর হয় না।

**শ্রী রজনীকান্ত দলুই :** বাস ট্রাম এর ভাড়া আপনারা যেমন বাড়িয়েছেন ঠিক সেই রকম ভাবে ইলেকট্রিক চার্জ বাড়াবার কোনও প্রস্তাব সরকার বিবেচনা করছেন কি?

**শ্রী জ্যোতি বসু :** ইন্দিরা গান্ধী বাড়িয়েছেন। আমরা চেষ্টা করছি যাতে না বাড়ানো হয়।

### Memorial for late Syed Badrudduja

***53.** (Admitted question No.*284.) **Shri A.K.M. Hassan Uzzaman :** Will the Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) whether the Government has any proposal to construct a Memorial for late Syed Badrudduja ; and

(b) if so, what is the present position in the matter?

**Shri Jatin Chakraborty :**

(a) No. (b) Does not arise. (No supplementary)

*54

**Mr. Speaker :** Question is held over

### Metalled Road from Bhagabanpur to Taropakiya

*55. (Admitted Question No. *356) Shri Haripada Jana (Bhagabanpur) : Will the Minister-in-charge of the P.W. Department be pleased to state—

(a) Wherether the state Government has any proposal to take up the road from Bhagabanpur to Taropakiya during 1981-82, and

(b) if so, what is the total estimated cost of the work.

**Shri Jatin Chakraborty :**

(a) The road has already been included in the plan programme of the department.

(b) The estimate is yet to be finalised (No supplementary)

### বিদ্যুতের চাহিদা

***৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪২৭।) শ্রী প্রবোধচন্দ্র সিংহ ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গের বিদ্যুতের মোট চাহিদার পরিমাণ কত ;

(খ) ১৯৭৭-৭৮ থেকে ১৯৮০-৮১ সালে পশ্চিমবঙ্গে মোট কি পরিমাণ অতিরিক্ত বিদ্যুতের উৎপাদন ক্ষমতা বাড়ানো হয়েছে ; এবং

(গ) বর্তমানে বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলির বিদ্যুৎ উৎপাদনের মোট লক্ষ্যমাত্রা কত?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) পশ্চিমবঙ্গের বর্তমান মোট বিদ্যুতের চাহিদা ১২৯০ মেগাওয়াট।

(খ) ১৯৭৭-৭৮ সাল হইতে পশ্চিমবঙ্গে নিম্নরূপ অতিরিক্ত বিদ্যুতের উৎপাদন ক্ষমতা বাড়ানো হয়েছে ঃ-

১৯৭৭-৭৮ : শিলিগুড়িতে রাশিয়ান ডিজেল জেনারেটিং সেট ৩.৫ মেগাওয়াট।

১৯৭৮-৭৯ : ১) সাঁওতালদি ৩নং ইউনিট ১২০ মেগাওয়াট

২) রিন্‌চিনটন হাইডেল ইউনিট ২ মেগাওয়াট।

১৯৭৯-৮০ : ১) কসবায় গ্যাসটারবাইন ইউনিট ৪০ মেগাওয়াট।

২) হলদিয়ায় গ্যাসটারবাইন ইউনিট ৪০ মেগাওয়াট।

৩) শিলিগুড়িতে গ্যাসটারবাইন ইউনিট ২০ মেগাওয়াট।

৪) শিলিগুড়িতে রাশিয়ান ডিজেল জেনারেটিং সেট ৩.৫ মেগাওয়াট।

গ) ১৯৮০-৮১ বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলির বিদ্যুৎ উৎপাদনের মোট লক্ষ্যমাত্রা হইল নিম্নরূপ ঃ-

পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদ্ ৩২৩৫ মিলিয়ন ইউনিট কলিকাতা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন ১৬৩০ মিলিয়ন ইউনিট দুর্গাপুর প্রোজেক্ট লিমিটেড ৯৬৭ মিলিয়ন ইউনিট।

[1-20 – 1-30 p.m.]

**শ্রী প্রবোধচন্দ্র সিংহ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি বর্তমানে যে পরিমাণে টোটাল বিদ্যুৎ উৎপাদন হচ্ছে সেই অনুযায়ী চাহিদায় কত ঘাটতি থাকছে?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমার কাছে সঠিক ফিগার নেই, আপনি বললে সঠিক ফিগার দিতে পারব। ঘাটতি আছে অনেক, কারণ ইতিমধ্যে যেহেতু চাহিদা মেটাতে পারছি না সেজন্য চাহিদার ক্ষেত্র বাড়ছে প্রতি বছর। সেজন্য আমাদের কন্ট্রোল অর্ডার করতে হয়েছে সাপ্রেস করবার জন্য যে দাবিটা আছে।

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন গত ৩$\frac{১}{২}$ বছর আমাদের যে টোটাল ইনস্টলড ক্যাপাসিটি তার কি ফিফ্‌টি পার্সেন্ট প্রোডাকশন হচ্ছে? এই সম্বন্ধে কি তথ্য আছে?

**শ্রী জ্যোতি বসু ঃ** সেটাও নোটিশ দিলে বলতে পারি। কিন্তু আমরা দেখছি আমাদের এখানে যদি ব্যান্ডেল ধরা যায়, ইলেকট্রিক সাপ্লাই ধরা যায়, এইরকমভাবে কয়েকটা নিয়ে আমাদের এখানে ন্যাশনাল অ্যাভারেজ যা তার থেকে বেশি। কিন্তু আমাদের অসুবিধা হচ্ছে যেটা রাজ্যপালের বক্তৃতায় দেখেছেন সাঁওতালদিতে কিছুটা করতে পারিনি, আমরা চেষ্টা করছি সঠিক কত হচ্ছে সেটা নোটিশ দিলে বলতে পারব।

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি আমাদের এনলাইটেন করতে পারেন ব্যান্ডেলে যে ফিফ্‌থ ইউনিট মোটামুটিভাবে ধরে রাখা হয়েছে ১৯৮১ সালে চালু হবে, আপনি কি নিজে ব্যক্তিগতভাবে স্যাটিসফায়েড যেভাবে কাজ এগুচ্ছে তাতে ১৯৮১ সালে ফিফ্‌থ ইউনিটটিকে কমিশন করা যেতে পারে?

**শ্রী জ্যোতি বসু ঃ** এইরকমভাবে জবাব দিতে পারি না। এইরকম আর একটা প্রশ্ন আছে যারজন্য খবর চেয়ে পাঠিয়েছি, এখনও আমরা খবর পাইনি, আবার কিছু রিসাপলিং হয়েছে, সব কিছু পেলে জবাব দিতে পারব।

**শ্রী ভোলানাথ সেন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি আমাদের উৎপাদনের যে ক্যাপাসিটি আছে সেই ক্যাপাসিটি অনুসারে যদি উৎপাদন হত তাহলে আমাদের কোনও অভাব হত কিনা?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমি বলেছি এই অঙ্কের হিসাব এখন দিতে পারব না এখন যা উৎপন্ন করছি তা ন্যাশনাল অ্যাভারেজের উপরে আছে।

**শ্রী ভোলানাথ সেন ঃ** ন্যাশনাল অ্যাভারেজের প্রশ্ন নয়, প্রশ্ন হচ্ছে পশ্চিমবঙ্গে উৎপাদন করবার যা ক্ষমতা আছে, সেই উৎপাদন যদি হত, তা হলে আমাদের অভাব হত কিনা?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমরা রেটেড ক্যাপাসিটির কাছাকাছি গেছি, কিন্তু আরও অভাব আছে।

**শ্রী ভোলানাথ সেন ঃ** রেটেড ক্যাপাসিটি কত?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমার কাছে অঙ্কের হিসাব নেই। সম্প্রতিকালে শ্রী গণিখান চৌধুরীর মিটিং হয়েছে, সেখানে অঙ্কের হিসাবগুলি দিয়েছি।

**শ্রী ভোলানাথ সেন ঃ** রেটেড ক্যাপাসিটির কত পার্সেন্ট প্রোডাকশন হচ্ছে?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমার কাছে অঙ্কের হিসাব নেই। প্রশ্ন করা হয়েছে, ওটা প্লেস করে দিয়েছি শ্রী গণিখান চৌধুরীর মিটিং-এ।

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** আমি জিজ্ঞাসা করছি, ডি. ভি. সিতে এখন যা প্রোডাকশন হচ্ছে মানে জেনারেশন হচ্ছে সেটা এখন কত দাঁড়িয়েছে এবং আগের চেয়ে এর চাহিদা বেড়েছে না কমে গেছে এবং এখন ইলেকট্রিসিটি সাপ্লাইয়ের পজিশন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** এটা প্রশ্নতেই আছে।

**পশ্চিম দিনাজপুর জেলার তপন থানায় রাস্তা নির্মাণ**

***৫৭।** (অনুমোদিত প্রশ্ন নং *৩৬২।) **শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলার তপন থানার চকভৃগু থেকে তপন পর্যন্ত (ভায়া দাঁড়াল) রাস্তাটি নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত রাস্তা নির্মাণের কাজ শুরু হবে বলে আশা করা যায়?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ** (ক) আপাতত নাই ;

(খ) প্রশ্ন ওঠে না।

**সন্তোষ ট্রফিতে বাংলা দলের পরাজয়**

***৫৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৩৪।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জাতীয় ফুটবল প্রতিযোগিতা সন্তোষ ট্রফিতে এই রাজ্যের রাজ্যদল, বাংলা দলের পরাজয়ের কারণ অনুসন্ধানে রাজ্যসরকার কোনও 'তদন্ত কমিটি' গঠন করেছেন কি ; এবং

(খ) করে থাকলে, এই কমিটি এই বিষয়ে কোনও কারণ নির্দেশ করেছেন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় ক্রীড়া মন্ত্রী জানেন কি রাউরকেল্লায় সন্তোষ ট্রফির সেমিফাইন্যাল জেলায় বাংলার খেলোয়াড়রা খেলার মাঠে এবং বাইরে উৎশৃঙ্খল আচরণ করে রাজ্যের সুনাম কলঙ্কিত করেছেন এবং এশিয়ান গেমসের কোচিং ক্যাম্পেও এই আচরণ করেছেন?

**শ্রী জ্যোতি বসু ঃ** এই ব্যাপারে কলিং অ্যাটেনশনের নোটিশ আছে, আমি পরে তার জবাব দেব।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** এশিয়ান গেমসের কোচিং ক্যাম্পে এবং রাউরকেল্লায় যে সন্তোষ ট্রফির সেমিফাইনাল খেলা হয় সেই খেলায় বাংলার খেলোয়াড়রা উৎশৃঙ্খল আচরণ করেন এবং তার ফলে রাউরকেল্লার এবং উড়িষ্যার জনসাধারণ ক্ষোভ প্রকাশ করেছেন।

**(নো রিপ্লাই)**

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** ক্লাবদলগুলি এবার বড় বড় ট্যুরনামেন্ট, রোভার্স এবং ডুরান্ডে জয়ী হল কিন্তু আই. এফ. এ. কর্তৃক নির্বাচিত বাছাই খেলোয়াড়রা সন্তোষ ট্রফিতে হেরে গেল। আমার বক্তব্য হচ্ছে, রাজ্য সরকারের উচিত আই. এফ. এর ক্ষমতা কেড়ে নেওয়া।

**শ্রী জ্যোতি বসু ঃ** সন্তোষ ট্রফিতে ৫ বার জিতেছে, কিন্তু এবারে পরাজয় ঘটেছে। সুতরাং এটা আই. এফ-এর দেখার কথা। আই. এফ. এর ব্যাপারে আমি হস্তক্ষেপ করতে চাইনা।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** বাংলা সন্তোষ ট্রফি ৫ বার জিতেছে কিন্তু এবারে হেরে গেল, এটা বাংলার সুনামের ব্যাপার। আমার প্রশ্ন হচ্ছে, এই যে পরাজয় হয়েছে তার কারণ অনুসন্ধান করবেন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমি আগেই বলেছি, আমরা এই নিয়ে তদন্ত করতে চাইনা, আই এফ-এর উপর ছেড়ে দিয়েছি আমরা দেখি কি হয়।

**বীরভূম জেলায় বাংলো**

***৫৯।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৬৩।) **শ্রী সুনীল মজুমদার ঃ** আবাসন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বীরভূম জেলায় আবাসন বিভাগের অধীন কোনও বাংলো আছে কি ;

(খ) থাকিলে, কোথায় কতগুলি বাংলো আছে ;

(গ) বর্তমানে ঐ জেলায় নূতন কোনও বাংলো নির্মাণের কোনও পরিকল্পনা আছে

কি ;

(ঘ) থাকিলে,—

(১) কোথায় কোথায় ঐগুলি নির্মিত হইবে ; এবং

(২) প্রত্যেকটিতে খরচের আনুমানিক পরিমাণ কত হইবে?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ**

(ক) না ;

(খ) প্রশ্ন ওঠে না ;

(গ) না ;

(ঘ) (১) ও (২) প্রশ্ন ওঠে না।

**ডি ভি সি হইতে বিদ্যুৎ সরবরাহ**

*৬০। (অনুমোদিত প্রশ্ন নং *৫৪৮।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শর্তানুযায়ী ডি ভি সি হইতে নিয়মিত ও প্রয়োজনমতো বিদ্যুৎ পাওয়া যাইতেছে কি ; এবং

(খ) নতুন কেন্দ্রীয় সরকার গঠিত হইবার পরে ডি ভি সি হইতে দৈনিক গড়ে কত পরিমাণ অতিরিক্ত বিদ্যুৎ পাওয়া যাইতেছে?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) অধিকাংশ দিনই পাওয়া যাইতেছে না।

এবং

(খ) নতুন কেন্দ্রীয় সরকার গঠিত হইবার পরে ডি.ভি.সি.র মাসিক উৎপাদনের পরিমাণ নিম্নে দেওয়া হইল ঃ

| | | | |
|---|---|---|---|
| জানুয়ারি, ১৯৮০ | - | ৩৯৫.৪৮ মিঃ | ইউনিট |
| ফেব্রুয়ারি ,, | - | ৩৫৯.১২ মিঃ | ,, |
| মার্চ ,, | - | ৩৯০.৮৪ মিঃ | ,, |
| এপ্রিল ,, | - | ৩২৩.২১ মিঃ | ,, |
| মে ,, | - | ৩১৭.৬৪ মিঃ | ,, |

| | | | | |
|---|---|---|---|---|
| জুন | ” | - | ৩৪২.৩৬ মিঃ | ” |
| জুলাই | ” | - | ৩৮১.৪৭ মিঃ | ” |
| আগস্ট | ” | - | ৩৬০.৮৭ মিঃ | ” |
| সেপ্টেম্বর | ” | - | ৩৪২.১১ মিঃ | ” |
| অক্টোবর | ” | - | ৩৫৫.৯৬ মিঃ | ” |
| নভেম্বর | ” | - | ৩৬০.০০ মিঃ | ” |
| ডিসেম্বর | ” | - | ৪০৭.০০ মিঃ | ” |

[1-30 – 1-40 p.m.]

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ক্যালকাটা সিস্টেমে যে পাওয়ার দেওয়া হচ্ছে তার প্রিসাইসলি টার্মসটা কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** বর্তমান হিসেব অনুযায়ী যে চুক্তি হয়েছে তাতে হিসেব ধরা হয়েছে তারা ৭০০ বা ৮০০ মেগাওয়াট করবে এবং আমাদের বলেছিল ১০৫ মেগাওয়াট দেবে। এখন কথা হচ্ছে ওঁদের কমলে আমাদের পার্সেন্টেজও কমে যায় এবং তার ফলে আমাদের যতটা পাওয়া উচিত সেটা আমরা পাইনা। এই ব্যাপারে অভিযোগ করে ডি.ভি.সি.-র দৃষ্টি আকর্ষন করা হয়েছে।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** ১০৫ মেগাওয়ার্ট এই হিসেব ধরা হয়েছে এবং তাতে দেখছি তাঁরা সেইভাবে আমাদের পাওয়ার সাপ্লাই করতে পারেননি—অর্থাৎ তাঁরা তাঁদের এগ্রিমেন্ট অনুযায়ী আমাদের পাওয়ার দিতে পারেননি। আমার প্রশ্ন হচ্ছে তারা এই পাওয়ার অন্য কোনও কোন বড়বড় ইন্ডাস্ট্রিকে দিয়েছে এবং কোন কোন ইন্ডাস্ট্রিয়াল এরিয়ায় দিয়েছে?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমি জানি কোনও অংশকেই সরাসরি দেওয়া হয় না। তবে তারা নিজেদের দায়িত্বে কয়লা বা ইস্পাত শিল্পকে দেয়।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** পাওয়ার সাপ্লাই-এর ক্ষেত্রে তাদের সঙ্গে যে এগ্রিমেন্ট হয়েছিল সেটা যখন তারা পালন করতে পারেনি তখন এই ব্রিচ অব এগ্রিমেন্টের জন্য তাদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা অবলম্বন করা হবে কিনা?

**মিঃ স্পিকার ঃ** এরকম প্রিজামশন করে কোনও প্রশ্ন হয় না।

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** মুখ্যমন্ত্রী যে হিসেব দিলেন তাতে দেখছি শেষ হিসেব হচ্ছে ৪৬০ মেগাওয়াট এবং এটাই সর্বাধিক। একথা কি সত্য যে, গত ১ সপ্তাহের মধ্যে ডি ভি সি-র পাওয়ারের উৎপাদন বেড়ে ৬৪০-এর মতো হয়েছে এবং তা যদি হয় তাহলে তো হারাহারিভাবে আমাদের আরও পাওয়া উচিত?

**শ্রী জ্যোতি বসু ঃ** এ প্রশ্ন থেকে এটা যদিও আসছে না তবে একথা ঠিক ৪/৫ দিন ধরে আমরা খুব ভাল পাচ্ছি এবং তাদেরও উৎপাদন বেড়েছে। গতকাল আমরা প্রায় ৯০ মেগাওয়াট পেয়েছি। প্রথমে যে অবস্থা হয়েছিল তাতে আমরা বলেছিলাম আমাদের খুবই অসুবিধা হচ্ছে এবং ওঁরা প্রতিশ্রুতি দিয়েছিলেন এবং আশা করেছিলেন আগামী ১/২ মাসের মধ্যে আরও উন্নতি হবে। তবে এই ৩/৪ দিন ধরে দেখছি উন্নতি কিছু হয়েছে এবং আশাকরি এটা থাকবে।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** গতকাল স্টেটসম্যানে বেরিয়েছে ১৮/১৯ তারিখে তাদের জেনারেশন হয়েছে ৮০৩ মেগাওয়াট। এই ফিগারটা ভেরিফাই করবেন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** ভেরিফাই আমি করতে পারি, তবে ২/১ বার এরকম হয়েছে। গতকাল আমরা যেটা পেয়েছি তাতে ভেরিফাই করার কিছু নেই এবং আমরা সেটা ড্র করেছি।

**শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় ঃ** ওঁরা ১৯৭৭ সালে কত দিয়েছিল এবং বর্তমানে কত দিচ্ছে সেটা জানাবেন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** ডিসেম্বর অবধি গত বছর কোনও উন্নতি হয়নি, অবনতি ঘটেছে। গত তিন চার দিন ধরে ভাল পাচ্ছি এবং গতকালই মাক্সিমাম পেয়েছি ৯০ মেগাওয়াট।

**সড়ক উন্নয়নের জন্য অগ্রাধিকার**

***৬১**। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬৯।) **শ্রী ধীরেন সেন ও শ্রী বনমালী দাস ঃ** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলার জেলা পরিষদ কর্তৃপক্ষ সড়ক উন্নয়নের জন্য অগ্রাধিকারের ভিত্তিতে প্রস্তুত রাস্তার নামের একটি তালিকা পূর্ত বিভাগের পাঠিয়েছেন ; এবং

(খ) সত্য হইলে, ঐ রাস্তাগুলির নাম কি?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ**

(ক) হ্যাঁ ;

(খ) অগ্রাধিকার ভিত্তিতে রাস্তাগুলির নাম—

১। মল্লারপুর বাজার হইতে কামারঘাট হইতে অন্ডি পর্যন্ত।

২। সিউড়ি আমজোরা রাস্তা হইতে ভবানীপুর পর্যন্ত।

৩। লাভপুর লাঙ্গলহাটা।

৪। রূপপুর হইতে হরেশ্বর হইয়া খাগড়া পর্যন্ত।

৫। মুরারাই রামচন্দ্রপুর।

৬। মারগ্রাম - সাইলমাইটি।

৭। বি/আর রাস্তা (কাগস - মল্লারপুর অংশ)

৮। ভীমগড় - হজরতপুর।

৯। রায়পুর - বাটিকার

১০। খয়রাসোল - সাগর - ভাঙ্গর।

**শ্রী সুনীলকুমার মজুমদার ঃ** এই রাস্তাগুলি কবে শুরু হবে?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ** শুরু হবেই না, জেলাপরিষদের রাস্তাগুলি আমি কিছুতেই করতে পারব না, জেলা পরিষদের রাস্তা আমার হাতে নাই, কারণ পঞ্চায়েতকে টাকা দেওয়া হয় এর জন্য, ৬ষ্ঠ পরিকল্পনা খাতে ডঃ অশোক মিত্র আমাকে ৯০ কোটি টাকা দিয়েছেন, আমার হাতে যে কাজ আছে, তাতে ২০০ কোটি টাকা প্রয়োজন, সুতরাং জেলাপরিষদের দায়িত্ব নিতে পারব না।

## Power Supply to Bhabha Atomic Energy Centre, Salt Lake

***62.** (Admitted question No.*682.) **Shri Habibur Rahman and Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) whether the State Government has received any request from the authorities of Bhabha Atomic Energy Centre, Salt Lake City, for uninterrupted supply of power to the research centre ;

(b) if so—

(i) what action has been taken by the State Government in the matter ;

(ii) what are the power requirements of the research centre ; and

(iii) to what extent the power requirement of the research centre is met by the WBSEB or CESC ?

**Shri Jyoti Basu :**

(a) Yes.

(b) (1) The West Bengal State Electricity Board who supplies power to the Bhabha Atomic Research Centre at Bidhannagar has been advised to look in the matter and to device some solution to the problems faced by them in the matter of suppling un-interrupted power to the Research Centre.

(2) The power requirement of the Research Centre as per the contractual demand with WBSEB is 5 MVA.

and

(3) The present drawal of the Research Centre from the WBSEB is of the order of 1200 KVA.

**শ্রী রজনীকান্ত দলুইঃ** আপনি বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের সার্ভিস এর পরে কোনও ডেভেলপমেন্ট হয়েছে কিনা দয়া করে বলবেন কি?

**শ্রী জ্যোতি বসুঃ** ওদের কর্তৃপক্ষের সঙ্গে সাম্প্রতিককালে কথা হয়েছে, ওখানে কিছু সমস্যা আছে, বুঝিয়ে বলেছি, সেই সমস্যায় হাত দিয়েছি, এটা ওঁরা জানেন। টিটাগড় বারাসত নারায়ণপুর এই সব জায়গা থেকে, ৫০ কিঃ মিঃ দূর থেকে আনতে হয়, সেখানে তার চুরি হয়েছে, তার জন্য অসুবিধা হয়েছে, তার পরে বেলঘরিয়ায় যে লাইন আছে, সেখানেও কিছু অসুবিধা আছে, লাইন পুরানো ইত্যাদি বলে। এখন সেগুলি রেস্টোর করার কাজে হাত দিয়েছি। আমার মনে হচ্ছে সেকেন্ড থার্টিথ্রি কে ভি ফিডার যেটা করছি, সেটা বর্ষার আগে হবে, তখন ভাবা রিসার্চ ইন্সটিটিউট-এর সুবিধা হবে, স্টেবল পাওয়ার পাবে বলে মনে হচ্ছে।

### বীরভূম জেলার পলশা হইতে হরিশপুর পর্যন্ত রাস্তা

*৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *৬০২।) **শ্রী ডাঃ মোতাহার হোসেনঃ** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহর্পক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলার পলশা হইতে হরিশপুর পর্যন্ত রাস্তার নির্মাণকার্যের ভার পূর্ত বিভাগ গ্রহণ করিয়াছেন ;

(খ) সত্য হইলে—

(১) কোন সময়ে এই কার্যভার গ্রহণ করা হইয়াছে ; এবং

(২) কবে নাগাদ উক্ত রাস্তার নির্মাণকার্য সমাপ্ত হইবে?

**শ্রী যতীন চক্রবর্তীঃ**

(ক) হ্যাঁ।

(খ) ১। ১৯৭৫-৭৬ এর আর্থিক বৎসর।

২। প্রয়োজনীয় অর্থ সঙ্কুলান করা গেলে এবং সড়ক নির্মাণের জন্য প্রয়োজনীয় মালমশলা বিশেষ করে বিটুমেন সরবরাহ নিয়মিত করতে পারলে ১৯৮৩ সাল নাগাদ কাজটি শেষ করা যাবে বলে আশা করা যায়।

[1-40 – 1-50 p.m.]

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে এই অর্থ সংকুলান কবে নাগাদ হবে?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ** আমি তো বলেছি যে এই রাস্তাটির মোরামের কাজ প্রায় শেষের দিকে। এই রাস্তাটি সাড়ে ১১ কিলো মিটার, ৪০ লক্ষ টাকা লাগবে এই রাস্তাটি তৈরি করতে। মোরামের কাজ শেষ এখন বিটুমেনের অভাব আছে আর্থিক অভাব আছে। আমি ষষ্ঠ পরিকল্পনায় ৯০ কোটি টাকা চেয়েছি এবং তার প্রভাব বাজেটে পড়বে। এই টাকা পাওয়া গেলে ১৯৮৩ সালের মধ্যে এই রাস্তার কাজ শেষ হবে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আপনি বাজেটে কত টাকা ধরতে বলেছেন?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ** এখন আমি সে কথা বলতে পারব না।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আপনি যে ডিমান্ড রেখেছেন সেটা কত টাকা ডিমান্ড রেখেছেন সেটা বলতে পারবেন না?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ** এখন আমি তা বলতে পারব না।

**খেলার মরশুমে ইডেনে দুর্ঘটনায় মৃত ব্যক্তিদের পরিবারবর্গকে আর্থিক সাহায্য**

***৬৪।** (অনুমোদিত প্রশ্ন নং *১০।) **শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত খেলার মরশুমে ইডেনে পদপিষ্ট হয়ে নিহত ব্যক্তিদের পরিবারবর্গকে রাজ্য সরকার কত পরিমাণ অর্থ সাহায্য দিয়েছেন ;

(খ) এই বাবদে কেন্দ্র-সরকার কর্তৃক অর্থ সাহায্য সম্পর্কে কোনও তথ্য রাজ্যসরকারের নিকট আছে কি ; এবং

(গ) 'খ' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে সেই অর্থ কি রাজ্যসরকারের মাধ্যমে দেওয়া হয়েছে?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) নিহত ব্যক্তিদের প্রতি পরিবারকে রাজ্য সরকার ৫ (পাঁচ) হাজার টাকা করে মোট ৮০ (আশি) হাজার টাকা অর্থ সাহায্য দিয়েছেন।

(খ) ও (গ) কেন্দ্র কর্তৃক কোনও অর্থ সাহায্যের তথ্য সরকারিভাবে রাজ্য সরকারকে জানানো হয় নাই। তবে সংবাদ পত্রের মারফৎ জানা যায় যে গত ৩.১.৮১ তারিখে প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী কলিকাতার রাজভবনে একটি অনুষ্ঠানে "প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল" থেকে নিহত ব্যক্তিদের পরিবারবর্গকে তিন হাজার টাকা করে অর্থ সাহায্য দিয়েছেন।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** রাজ্য সরকার বিভিন্নভাবে চাকুরি সংরক্ষণের ব্যবস্থা করেছেন। এখন এই যে ১৬ জন মারা গিয়েছে এদের পরিবারে যারা কর্মক্ষম তাদের চাকুরি দেবার কোনও ব্যবস্থা করেছেন কিনা?

**শ্রী জ্যোতি বসু ঃ** এদের মধ্যে দুজনের খবর পেয়েছি। আমি বলতে পারি এদের মধ্যে যদি কেউ সক্ষম তাহলে তাদের চাকুরির ব্যবস্থা করার চেষ্টা করব।

## কলিকাতা যুবকেন্দ্র

***৬৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৬০২।) **শ্রী সুমন্তকুমার হীরা ঃ** যুব কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মৌলালীতে নির্মীয়মাণ যুব হোস্টেলটির নির্মাণকার্য কবে নাগাদ শেষ হবে ; এবং

(খ) কলিকাতায় দ্বিতীয় কোনও যুব কেন্দ্র গঠন পরিকল্পনা সরকারের আছে কি?

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস ঃ** (ক) শীঘ্রই শেষ হ'বে।

(খ) না।

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে এই বিল্ডিং তৈরি করার ক্ষেত্রে আগে যে কন্ট্রাকটর ছিল সেই কনট্রাকটরকে পরিবর্তন করা হয়েছে?

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস ঃ** হ্যাঁ পরিবর্তন করা হয়েছে।

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** কি কারণে পরিবর্তন করা হলো।

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস ঃ** বর্তমানে দেখা গিয়েছে অনেক কাজ পড়ে আছে। এবং আমি শুনেছি শ্রমিকদের অবমাননা করা হয়েছে ঠকানো হয়েছে। তার জন্য আমরা এই ব্যবস্থা নিয়েছি।

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** আগের যে প্ল্যান ছিল সেই প্ল্যানের কোনও পরিবর্তন করা হয়েছে কিনা এই বিল্ডিং-এর ক্ষেত্রে?

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস ঃ** আগের যে পরিকল্পনা ছিল তার মধ্যে অনেক কিছুই আমাদের পরিবর্তন করতে হয়েছে, যেহেতু সেই পরিকল্পনার সঙ্গে আমরা নীতিগতভাবে একমত হতে পারিনি।

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** কি কি পরিবর্তন করা হয়েছে?

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস ঃ** অনেকগুলি পরিবর্তন করা হয়েছে। তার মধ্যে একটি হচ্ছে ওখানে যুবক এবং যুবতীদের থাকবার জন্য ব্যবস্থা করা আছে। যুব প্রতিষ্ঠানে যুবক-যুবতীদের পাশাপাশি রাখবার ব্যবস্থা করা হয়েছিল, এই পরিবর্তন আমরা করেছি। এই পরিবর্তন আমাদের করতে হয়েছে।

**শ্রী অনিল মুখার্জি ঃ** আপনি বললেন কন্ট্রাক্ট ক্যানসেল করে নতুন কনট্রাকটর নিয়োগ করা হয়েছে। এতে কি খরচ কিছু বেড়েছে?

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস ঃ** যেহেতু কাজটা হতে বিলম্ব হয়ে গেল সেই জন্য রেট বেশি হয়ে যাবার ফলে পি. ডবলিউ. ডি.-কে দিয়ে এটাকে আবার রিভাইজড় করানো হয়েছে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আগের কন্ট্রাক্টর যিনি ছিলেন তিনি কি কংগ্রেস সমর্থক, আর এখন যিনি নিযুক্ত হলেন তিনি কি সি. পি. এম. সমর্থক?

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস ঃ** কন্ট্রাক্টররা সবাই প্রায় আপনাদের সমর্থক।

## সড়কপথে হলদিয়া ও অন্যান্য রাজ্যের যোগাযোগ

*৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *৫৪৭।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সড়কপথে হলদিয়া বন্দরের সহিত সোজাসুজি উত্তরবাংলা, আসাম, সিকিম, ভূটান ও নেপালের সংযোগ স্থাপনের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে; এবং

(খ) কবে নাগাদ ঐ ব্যবস্থা সম্পূর্ণ হইবে?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ**

(ক) প্রাথমিক সমীক্ষাদি কার্যসম্পন্ন হইয়াছে।

(খ) এখনই বলা সম্ভব নহে। অর্থসংস্থানের উপর পরিকল্পনাটির রূপায়ণ এবং রূপায়ণের সময়সীমা নির্ভর করিতেছে।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** এই রাস্তার যে প্রজেক্ট রিপোর্ট তৈরি হয়েছে তাতে দেখা যাচ্ছে রাস্তাটির ৩/৪ অংশ ওয়েস্ট বেঙ্গলের কতগুলি জেলার মধ্য দিয়ে যাচ্ছে। তাছাড়া এটা ফরাক্কা ডেভেলপমেন্টের সঙ্গে সংযুক্ত। হলদিয়া পোর্টের হিন্টারল্যান্ড-এর সঙ্গে জড়িত রয়েছে। এর সঙ্গে নর্থ ইস্টার্ন স্টেটস আছে, আসাম, সিকিম, ভুটান, নেপাল আছে, নর্থ বিহারের পূর্ণিয়া আছে। কাজেই এই রাস্তাটির পুরোপুরি দায়িত্ব আমাদের রাজ্য সরকারের, না কেন্দ্রীয় সরকারের—মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ রাস্তা, কারণ এটা

উত্তরবাংলার সঙ্গে, নেপাল, ভূটান ইত্যাদি এই সমস্ত রাজ্যের সঙ্গে আমাদের একটা যোগাযোগ হবে। এই কথা ঠিক, মাননীয় সদস্য যেটা বললেন যে হলদিয়া বন্দর এর উপর অনেকখানি নির্ভর করছে, ফরাক্কাও এর সাথে জড়িত আছে। কিন্তু ৪টি ব্রিজ করতে হবে। তার জন্য আনুমানিক ব্যয় পড়ছে ৬ কোটি টাকা এবং এই রাস্তাটিকে ন্যাশনাল হাইওয়ে বা জাতীয় সড়ক পর্যায়ে যদি উন্নয়ন করতে হয় তাহলে তার জন্য ২।। কোটি টাকা লাগছে—অর্থাৎ হিসাব করে দেখেছি সব সমেত মোট ৮।। কোটি টাকা লাগছে। অর্থনৈতিক গুরুত্বপূর্ণ এবং আন্তঃরাজ্য যোগাযোগের জন্য কেন্দ্রীয় সরকারের সড়ক-নির্মাণের যে পরিকল্পনা আছে, তাদের কাছে আমরা ঋণ হিসাবে এই চেয়েছি এবং চূড়ান্ত সিদ্ধান্ত এখন পর্যন্ত আমরা জানতে পারিনি। এই সম্পর্কে আমরা সমানে তাগাদা করে যাচ্ছি এবং আমাদের সঙ্গতি যদি হয় তাহলে আমরা আশা করছি ১৯৮৫ সালের মধ্যে এই যোগাযোগ ব্যবস্থা সম্পূর্ণ করতে পারব। কেন্দ্রীয় সরকারের ঐ স্কীম ইন্টার স্টেট রোড লিঙ্ক ফান্ড থেকে আমাদের টাকা দিতে হবে। ৪টি ব্রিজের জন্য ৬ কোটি টাকা এবং ন্যাশনাল হাইওয়ের জন্য কেন্দ্রীয় সরকার যা দিয়ে থাকেন সেই টাকা মিলে মোট ৮।। কোটি টাকা আমরা চেয়েছি। আমরা তাগাদা করছি। তারা এখুনি যদি দয়া করে আমাদের টাকাটা দিয়ে দেন তাহলে আশেপাশে রাজ্যের সঙ্গে সড়ক যোগাযোগ হবে এবং আমাদের রাজ্যেরও উন্নতি হবে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, বিহারের সঙ্গে পশ্চিমবাংলার কোন পথ দিয়ে যোগাযোগের কথা চিন্তা করছেন?

**মিঃ স্পিকার ঃ** এই অতিরিক্ত প্রশ্ন এ প্রশ্ন থেকে আসে না।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** ন্যাশনাল হাইওয়ে নং ৩৪, এবং ন্যাশনাল হাইওয়ে নং ৩১, এই দুটিকে যোগ করার জন্য ভারত সরকার থেকে একটি রাস্তার প্রোপোজাল এসেছে, তার সঙ্গে এটার যোগ আছে কিনা মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি?

(নো রিপ্লাই)

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আপনি বললেন, সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে টাকা না দিলে আপনি করতে পারছেন না। আমার জিজ্ঞাস্য, আপনার কাছে এরজন্য কত টাকা আছে জানাবেন কি?

(নো রিপ্লাই)

### সাঁওতালদির চতুর্থ ও ব্যান্ডেলের পঞ্চম ইউনিট স্থাপন

*৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫১।) **শ্রী জন্মেজয় ওঝা ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সাঁওতালদির চতুর্থ ইউনিট এবং ব্যান্ডেলের পঞ্চম ইউনিট যথাসময়ে স্থাপিত না হইবার কারণ কি ;

(খ) ১৯৮০ সালে এই দুই বিদ্যুৎ কেন্দ্রে প্রতিদিন গড়ে কত মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হইয়াছে ;

(গ) ১৯৭৯ সালে ঐ সময়ে ঐ গড় উৎপাদনের পরিমাণ কত ছিল?

**শ্রী জ্যোতি বসু :**

(ক) সাঁওতালদির চতুর্থ ইউনিট এবং ব্যান্ডেলের পঞ্চম ইউনিটটি বিভিন্ন কারণের জন্য যথাসময়ে স্থাপন করা সম্ভব হয়নি। ১৯৭৭ সালের জুন মাসে বর্তমান সরকার দায়িত্ব নেওয়ার সময়ে দেখা যায় যে উক্ত ইউনিট দুইটির কাজ কর্মের অগ্রগতির ওপর আগে বিশেষ নজর দেওয়া হয়নি। প্রয়োজনীয় যন্ত্রপাতি সরবরাহ এবং সংস্থাপনে বিলম্ব এবং অন্যান্য অসুবিধার জন্য বিলম্বিত হইয়াছে।

(খ) ১৯৮০ সালে এই দুইটি কেন্দ্রের উৎপাদন (দৈনিক গড়) নিম্নে দেওয়া হইল ঃ-

সাঁওতালদি - ৩২৯০ মেগাওয়াট-আওয়ার।

ব্যান্ডেল - ৪৩৭৭ মেগাওয়াট-আওয়ার।

(গ) ১৯৮০ সালে শেষ তিন মাসে সামগ্রিকভাবে সাঁওতালদি এবং ব্যান্ডেল বিদ্যুৎ প্রকল্পের প্রতিদিন গড় বিদ্যুৎ উৎপাদনের পরিমাণ নিম্নে দেওয়া হইল ঃ-

সাঁওতালদি - ৩০৫৭ মেগাওয়াট-আওয়ার

ব্যান্ডেল - ৪৪৯০ মেগাওয়াট আওয়ার

এবং

(ঘ) ১৯৭৯ সালে ঐ সময়ে এই গড় উৎপাদনের পরিমাণ নিম্নে দেওয়া হইল ঃ-

সাঁওতালদি - ৩১১৬ মেগাওয়াট আওয়ার

ব্যান্ডেল - ৩৯৪০ মেগাওয়াট আওয়ার।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** এর লক্ষ্যমাত্রা কত ছিল এবং কত হাওয়া সম্ভব ছিল সেটা মাননীয় মন্ত্রী মহাশয় জানাতে পারেন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** সেটা আপনি প্রশ্নের মধ্যে জিজ্ঞাসা করলেই বলে দিতে পারতাম। সেখানে এখন অবস্থাটা যা দাঁড়িয়েছে, আমার কাছে তার যা রির্পোট আছে সেটা আমি বলে দিচ্ছি। The Boiler of the 4th unit at Santaldihi has been lighted up. The unit is expected to be commissioned within March, 1981 and power generated from April 1981. The Boiler of the 5th Unit is expected to be lighted up in April 1981. The unit is expected to be commissioned in September 1981 and power supply is expected from October, 1981.

**শ্রী কাশীকান্ত মৈত্র :** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বিলম্বের ব্যাপারে কয়েকটি কারণের কথা বলেছেন এবং প্রসঙ্গত বলেছেন আরও কতকগুলি অসুবিধা ছিল। আমার জিজ্ঞাস্য, সেই অসুবিধার মধ্যে এটাও একটা অসুবিধা কি যে ইউনিয়নে ইউনিয়নে রেষারেষি এবং সেখানে বিশৃঙ্খলা? ২৪ অক্টোবর থেকে স্বয়ং সুপারিন্টেন্ডেন্টের ঘরে ৫ দিন ধরে অবস্থান চলে এবং কোনও কাজ সেখানে হয়নি। তাছাড়া একজন ইঞ্জিনিয়ারের সঙ্গে আর একজন ইঞ্জিনিয়ারের মুখ দেখাদেখি বন্ধ, রেষারেষি—এসব কি সত্য?

**শ্রী জ্যোতি বসু :** সবগুলি সত্য নয়, কিছুটা সত্য। ইউনিয়নে রেষারেষির ব্যাপার নয়, ওখানে দু-একটি ইউনিয়ন আছে তারা যেসব দাবি করে তারা জানে যেগুলি মানা যায়না। এরজন্য কাজে গাফিলতি, অসহযোগিতা এই সমস্ত কয়েকটি ক্ষেত্রে দেখা গিয়েছে।

***68**

**Mr. Speaker :** Question *68 is held over.

**Construction of the bridge over Haldi river at Narghat**

***69.** (Admitted question No.*358.) **Shri Haripada Jana (Bhagabanpur) :** Will the Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) what is the present position of the work of construction of the bridge over Haldi river at Narghat in the district of Midnapur :

(b) when it is likely to be completed ;

(c) if the work is proceeding as per schedule ; and

(d) if not, the reasons therefor ?

**Shri Jatin Chakraborty :** (a) Construction of the super-structure of the bridge is in progress.

(b) It is expected to be completed by the end of the current year.

(c) & (d) The work is progressing more or less as per scheduled—a little better progress. Better progress would have been possible, if the contractor, M/s. Gammon India Limited could have settled the dispute between them and the labourers.

**শ্রী জন্মেজয় ওঝা :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে লেবারদের মধ্যে বিরোধটা কি ছিল?

**শ্রী যতীন চক্রবর্তী :** আমি কিছুদিন আগেও ঘুরে এসেছি এবং দুদিন আগেও গেছি। সেখানে যে বিরোধ ছিল সেটা হচ্ছে যে আনস্কিলড ওয়ার্কারকে নিয়ে সেমিস্কিল ক্যাটাগোরির কাজ করানো হতো এবং এই ব্যাপারে একটা ডিসপিউট ছিল। আমি সেখানকার এম. এল. এ., এম. পি. এবং ইউনিয়নের লিডারদের নিয়ে বসে এই বিরোধ মিটিয়ে এসেছি এবং আমাদের যে টার্গেট আছে মার্চ মাসের মধ্যে যে ক্রুসিয়াল পার্ট হয়ে যাচ্ছে, ঢালাই হয়ে যাচ্ছে, মোটামুটি অ্যাপ্রোচ রোডের কাজ শুরু করেছি এবং আশা করছি যে এই বছরের শেষে এটা উদ্বোধন করতে পারব।

## জাতীয় গৃহ সংগঠন

*৭১। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩৩।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** আবাসন বিভাগের মাননীয় ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জাতীয় গৃহ সংগঠনের (ন্যাশনাল বিল্ডিং অর্গানাইজেশন) উদ্যোগে পশ্চিমবঙ্গের কোথায় কোথায় আবাসন প্রকল্পের কাজ চলছে ;

(খ) উক্ত সংগঠনের মাধ্যমে (১) রাজ্যে আবাসন প্রকল্পে ৩১এ জানুয়ারি, ১৯৮১ পর্যন্ত কতগুলি গৃহ নির্মাণ হয়েছে, (২) কতগুলি পরিবারের বাসস্থান সমস্যার সমাধান হয়েছে; এবং

(গ) গ্রামীণ আবাসন-প্রকল্প গ্রহণ সম্পর্কে কোনও সিদ্ধান্ত হয়েছে কি?

**শ্রী যতীন চক্রবর্তী :**

(ক) জাতীয় গৃহ-সংগঠন (ন্যাশনাল বিল্ডিং অর্গানাইজেশন) সম্পূর্ণরূপে কেন্দ্রীয় সরকারের নির্মাণ ও আবাস মন্ত্রালয়ের অধীন একটি সংস্থা, উক্ত সংস্থার উদ্যোগে পশ্চিমবঙ্গের কোথাও আবাসন প্রকল্পের কাজ চলছে না।

(খ) (১) এবং (২) প্রশ্ন ওঠে না।

(গ) গ্রামীণ আবাসন প্রকল্প আবাসন দপ্তরের নহে। এই প্রকল্পের কাজ পঞ্চায়েতে ও সমষ্টি উন্নয়ন দপ্তরের দ্বারা সম্পন্ন হয়।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মন্ত্রী মহাশয় বললেন যে ন্যাশনাল বিল্ডিং অর্গানাইজেশন তাদের পশ্চিমবঙ্গে কোনও আবাসন প্রকল্প চলছে না অথচ কেন্দ্রীয় সরকারের যে প্রচার পত্রিকা ধনধান্যে দেখলাম অন্যান্য রাজ্যে এইসব প্রকল্প চলছে, এই রাজ্যে না চলার কারণ কি?

**শ্রী যতীন চক্রবর্তী :** মাননীয় সদস্য জানেন না যে ন্যাশনাল বিল্ডিং অর্গানাইজেশন তাঁরা নিজেরা কোনও বাড়ি তৈরি করেন না, সে রকম পরিকল্পনা তাদের নেই। তাঁরা লো কস্ট হাউসিং সম্পর্কে পরামর্শ দিয়ে থাকেন। সুতরাং আমাদের এখানে যেমন নেই তেমনি

তাঁরা অন্যান্য রাজ্যেও কোনও জায়গায় আবাসন নিয়ে কাজ করেন না।

[2-00 – 2-10 p.m.]

## ADJOURNMENT MOTION

**মিঃ স্পিকার ঃ** আজ আমি সর্বশ্রী দেবপ্রসাদ সরকার সহ আরও সদস্য, ডাঃ বিনোদবিহারী মাজী, ধীরেন্দ্রনাথ সরকার ও বীরেন্দ্রকুমার মৈত্র মহাশয়দের কাছ থেকে চারটি মুলতুবী প্রস্তাবের নোটিশ পেয়েছি।

প্রথম প্রস্তাবে শ্রী সরকার এবং অন্যেরা ট্রামবাসের ভাড়া বৃদ্ধি, দ্বিতীয় প্রস্তাবে ডাঃ মাজী কলিকাতায় রেশনের অব্যবস্থা, তৃতীয় প্রস্তাবে শ্রী সরকার পশ্চিম দিনাজপুর জেলায় আইন-শৃঙ্খলার অবনতি ও চতুর্থ প্রস্তাবে শ্রী মৈত্র বেলঘরিয়া স্টেশনে রেলযাত্রী ও রেলরক্ষীদের সংঘর্ষ সম্পর্কে আলোচনা করতে চেয়েছেন।

প্রথম ও দ্বিতীয় প্রস্তাবের বিষয় সদস্যগণ রাজ্যপালের ভাষণের উপর বিতর্কে আলোচনা করার যথেষ্ট সুযোগ পাবেন।

তৃতীয় ও চতুর্থ প্রস্তাবের বিষয়বস্তু আইন শৃঙ্খলার প্রশ্নের সঙ্গে জড়িত। প্রচলিত আইনের মধ্যেই এর প্রতিকার আছে। তাছাড়া তৃতীয় প্রস্তাবের বিষয়ে গতকাল সদস্য মহাশয় অনুরূপ একটি প্রস্তাবের নোটিশ দিয়েছিলেন এবং তাতে আমি আমার অসম্মতি জানিয়েছিলাম। তাই আমি সব কটি মুলতুবী প্রস্তাবেই আমার অসম্মতি জানাচ্ছি।

তবে সদস্যগণ ইচ্ছা করলে সংশোধিত প্রস্তাবগুলি সভায় পাঠ করতে পারেন।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা তাঁর কাজ মুলতুবী রাখছেন বিষয়টি হল—

ট্রাম বাসের ভাড়া ও রেশনের দর বৃদ্ধি—নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্যবৃদ্ধিতে যখন সাধারণ মানুষের প্রানান্ত এমন একটা মুহূর্তে কেন্দ্রীয় সরকার কর্তৃক পেট্রোল, ডিজেল ও কেরোসিনের উপর দর বৃদ্ধির পরিপ্রেক্ষিতে রাজ্য সরকার বাস, ট্রাম ট্যাক্সি প্রভৃতির ভাড়া এবং রেশনের দর বৃদ্ধি করলেন। ট্রামের ক্ষেত্রে যেখানে পেট্রোল বা ডিজেলের কোনও সম্পর্ক নেই সেখানে ট্রামের ভাড়া বৃদ্ধির কোনও প্রশ্নই ওঠেনা। জনসাধারণের চরম আর্থিক দুরবস্থার কথা স্মরণ রেখে ট্রাম বাসের বাড়তি ভাড়া প্রত্যাহার এবং পেট্রোল ডিজেল ইত্যাদির দর কমানোর জন্য এর উপর থেকে এক দিকে রাজ্য সরকারের চাপানো কর তোলা এবং সাথে সাথে কেন্দ্রীয় সরকার যাতে এই সমস্ত জ্বালানী তেলের উপর দর বৃদ্ধির আদেশ প্রত্যাহার করে নেন তার আলোচনার জন্য সভার কাজ মুলতুবী রাখা হোক।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবী রাখছেন। বিষয়টি হল—পশ্চিম দিনাজপুর জেলায় আইনশৃঙ্খলার অবনতি—রাজ্যে আইন-শৃঙ্খলা ভেঙ্গে পড়েছে। পশ্চিম

দিনাজপুর জেলার কুশমন্ডি, বংশীহারী, ইটাহার, কালিয়াগঞ্জ, প্রভৃতি থানা এলাকা সমাজ বিরোধীদের মুক্তাঞ্চলে পরিণত হয়েছে। সন্ধ্যার সময় সমাজ বিরোধীরা ছোরা, বন্দুক, বোমার সাহায্যে সাধারণ মানুষকে খুন করে চলেছে। গত ৩.২.৮১ তারিখে কুশমন্ডি থানার বেড়াইল গ্রামের মণিমোহন বিশ্বাসকে বন্দুকের গুলি, ছোরার ঘায়ে খুন করে সমাজ বিরোধীরা নকশাল পার্টি জিন্দাবাদ ধ্বনি দিয়ে চলে গেছে। ঐ গ্রামে রাজেন সরকারও মাত্র ২০।২৫ দিন আগে ঐ ভাবেই খুন হয়েছে। প্রায় ৫০।৫২ জন সাধারণ মানুষ রায়গঞ্জ মহকুমা এলাকায় এ পর্যন্ত খুন হয়েছে। পুলিশ নীরব। কোনও দুষ্কৃতকারী এ পর্যন্ত ধরা পড়েনি। ফলে সাধারণ মানুষ প্রাণ নাশের আতঙ্কে দিন যাপন করছে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয় আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবী রাখছেন। বিষয়টি হল—বেলঘরিয়া স্টেশনে রেল যাত্রী ও রেল রক্ষীদের সংঘর্ষ।

গতকাল বেলঘরিয়া স্টেশনে যাত্রী ও রেল রক্ষীদের মধ্যে এক সংঘর্ষের ফলে অন্তত একজন নিহত ও ৪০ জন আহত হয়েছেন। কয়েকজন পুলিশ কর্মচারীও নৃশংসভাবে প্রহৃত হয়ে আহত হয়েছেন। একটি রিভলভার অপহৃত হয়েছে। জাতীয় সম্পত্তি রেলেরও প্রভূত ক্ষতি হয়েছে। এই ঘটনা একটিমাত্র বিচ্ছিন্ন ঘটনা নহে। ইতিপূর্বেও এই প্রকার সংঘর্ষ আরও কয়েকটি ঘটিয়াছে। এতদ্ব্যতীত বিভিন্ন কারণে রেলভ্রমণ বর্তমানে বিপজ্জনক হইয়া উঠিয়াছে।

## Calling Attention to Matters of Urgent Public Importance.

**মিঃ স্পিকার ঃ** আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষনী নোটিশ পেয়েছি, যথা ঃ

১) শিক্ষা প্রতিষ্ঠানের স্বাধিকার রক্ষা ও ভাষানীতির প্রতিবাদে শিক্ষক-শিক্ষিকার গ্রেপ্তার বরণ—শ্রী রজনীকান্ত দলুই,

২) কামারহাটিতে সহকারি প্রধান শিক্ষক ঘেরাও ও প্রহৃত—শ্রী রজনীকান্ত দলুই,

৩) কোন্নগরে কয়ার ম্যাট্রেস প্রস্তুতের কারখানায় আগুন—শ্রী রজনীকান্ত দলুই,

৪) ক্ষতিগ্রস্ত আলুচাষীদের ভরতুকি প্রদান সম্পর্কে—শ্রী নানুরাম রায়,

৫) মুর্শিদাবাদ জেলায় সীমান্ত রক্ষী ও হোমগার্ড খুন—শ্রী শেখ ইমাজুদ্দিন,

৬) পশ্চিম দিনাজপুর জেলায় গভীর নলকূপ ও নদীসেচ প্রকল্প অকেজো হওয়া —শ্রী ধীরেন্দ্রনাথ সরকার,

৭) Scarcity of Kerosene Oil.–Shri Rajani Kanta Doloi.

৮) Homoeopath Student's Call for Strike.–Shri Rajani Kanta Doloi.

৯) Proposed mass Casual Leave by the doctors of West Bengal Health Service on 21.2.81.–Shri Biswanath Mukherjee and Dr. Omar Ali.

১০) বিনা ইন্টারভিউতে কলিকাতা পুলিশ সার্জেন্ট পদে নিয়োগের সংবাদ—শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র,

১১) মালদহ্ জেলায় বিদ্যুৎ সরবরাহের যন্ত্রপাতি ও তার চুরির অভিযোগ—শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র।

আমি মুর্শিদাবাদ জেলায় সীমান্তরক্ষী ও হোমগার্ড খুন বিষয়ের উপর শ্রী শেখ ইমাজুদ্দিন কর্তৃক আনিত নোটিশ মনোনিত করছি।

**শ্রী জ্যোতি বসু ঃ** সোমবার এ সম্বন্ধে স্টেটমেন্ট দেবো।

**মিঃ স্পিকার ঃ** প্রোপোজড মাস ক্যাজুয়াল লিভ বাই দি ডক্টর্স এই সম্বন্ধে আজকে টিফিনের পর মুখ্যমন্ত্রী স্টেটমেন্ট দেবেন।

**শ্রী অনিল মুখার্জি ঃ** অন এ পয়েন্ট অব ইনফর্মেশন, স্যার। আমরা জানি দ্রব্যমূল্য বৃদ্ধির ফলে জনজীবন আজ বিপর্যস্ত। এর উপর কেন্দ্রীয় সরকার থার্টিফাইভ পারসেন্ট ফ্রেড চার্জ রেলওয়েতে বাড়াচ্ছেন। আমরা মনে করি এই ভাড়া বৃদ্ধির ফলে পশ্চিমবাংলার অর্থনীতিতে একটা সাংঘাতিক অবস্থা হবে।

## STATEMENT ON CALLING ATTENTION

**মিঃ স্পিকার ঃ** আপনি মেনশনের সময় এ সম্বন্ধে বলবেন। মাননীয় সদস্যদের জানাচ্ছি, ফুটবল প্লেয়ার্সদের সম্বন্ধে আজকে মুখ্যমন্ত্রী হাউসে একটা স্টেটমেন্ট দেবেন।

**Shri Jyoti Basu :** I share the anguish and the feeling of resentment aired by the Hon'ble Members regarding the utterly irresponsible conduct of a large number of football players who have thought it fit to desert the Coaching Camp set up in the IITS Complex at Salt Lake for grooming the best of the talents for the Asian Games Championship. It is a matter of shame that eminent players with long years of experience as footballers behind them did not pause for a while to think over what an irrepairable damage they have caused to the highly-cherished ideals of sportsmanship. They have displayed a lamentable lack of pride which should normally be associated with being called up for coaching for representing the country in International Meets. What is most distressing is that these players have placed their private con-

siderations over the demands of the country on their playing ability. Instead of putting in their best so that the fast declining reputation of India in the field of football in International Meets could be arrested, these players, inspired evidently by selfish considerations of private gain, have chosen a course of action which, by itself is most reprehensible, sets up a bad example before the budding footballers all over the country. What has pained us most is that majority of the deserters are Calcutta-based football players. That a shame it is for Calcutta which traditionally has been known to be the seat of football in India. It is most heartening that an equally large number of football players including one from West Bengal have decided to stay on for the coaching. They deserve high praise for their sense of dedication to the cause of the country.

It is not enough that we condemn the action of the player only. The so-called big clubs in Calcutta who have been reportedly responsible for enticing away this group of grown-up footballers must also share their measure of public condemnation for the shameful episode.

Reports indicate that representatives of the big clubs were anxiously waiting with their care near the hostel where the players are staying, to be able to whisk them away immediately after they had signed out. Like the individual players the clubs also could not rise above their narrow, limited and sectarian interests in the larger interest of revival of the lost glory of the country in the field of football. These big clubs are expected to strive for the growth of healthy, clean football in the city. Instead, they had abetted the sinful act of the players and the bigger interest of national glory has been sacrificed at the alter of filthy considerations. This is equally reprehensible.

The Hon'ble Members are aware that for long the Government has been seriously concerned about the ugliness and the unhealthy competition which have come to mar the football season every year. Following the mishap at the Eden Gardens last year we have set up a Commission to go into all aspects of administration of football as a game in Calcutta. We are awaiting the committee to complete its deliberations soon. I may not be accused of prejudging the conclusions of the Commission if I say that from our experience we have seen that much of the malaise of the Calcutta football may be laid at the door of the unhealthy competition resorted to by the big clubs in trading in

players reportedly with big offers of money. I would enjoin upon the saner elements in all these clubs to put their heads together to bring back a degree of cleanliness and a spirit of healthy competition in the sphere of football in the State. The desertion on massee of the Calcutta-based football players from the Camp is a culmination of the misdemenour amongst a section of the players which has been tolerated for the very limited purpose of adding to the victory of a club through any means. This process has to be halted with active co-operation from all concerned interested in preserving the best traditions of sportsmanship. The big clubs must realise that they have also a very prominent role to play in this direction.

I had met the Secretary of the All India Football Federation yesterday. I have promised him that all assistance and help will be extended to All India Football Federation so that their Coaching Camp is conducted smoothly and there is no hitch at any stage.

The Hon'ble Members will be glad to know that at the commencement of the Camp the Government of West Bengal had made all arrangements for the accommodation of players and for provision of necessary facilities to them including making available the IITS Complex. I requested the Secretary of the All India Football Federation to convey to the players who have decided to stay back for the coaching our highest appreciation and best wishes.

**শ্রী নির্মলকুমার বোস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে বিবৃত্তি দিলেন তারপর রাজ্য সরকারের কাছে আমার প্রস্তাব হচ্ছে, রাজ্য সরকার এই সমস্ত খেলোয়াড়দের নানারকম সুযোগ-সুবিধা দিয়েছেন, কাউকে ফ্ল্যাট দিয়েছেন, কাউকে জমি দিয়েছেন—আমি মাননীয় মুখ্যমন্ত্রী এবং পূর্ত মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো, এই ফ্ল্যাট এবং জমি কেড়ে নেওয়া হোক। এরা দেশের কলঙ্ক, ওদের কোনও রকম সাহায্য দেওয়া উচিত নয়।

**শ্রী যতীন চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই হাউসের কাছে বলছি, আমি ওদের কিছু কিছু ব্যাপারে যে সাহায্য করেছি তারজন্য আমি অনুতপ্ত এবং ক্ষমা প্রার্থনা করছি।

কারণ আপনাকে এটা জানিয়ে দিতে চাই যে, সরকার পক্ষ থেকে যে সহযোগিতা আমরা করেছিলাম এই ক্যাম্প খোলার জন্য সেটা আমরা এখনও চালিয়ে যাচ্ছি। অর্থাৎ আমাদের দপ্তরের অধীন হাউসিং বোর্ড থেকে যে সমস্ত বাড়ি তৈরি করেছে তার থেকে ১৬টা

ফ্ল্যাট এ. আই. এফ. এর অশোক ঘোষ মহাশয় যোগাযোগ করায় আমরা দিয়ে দিয়েছি। বিদ্যুৎ সংযোগ ছিল না, ইলেকট্রিক কানেকশনের সেখানে ব্যবস্থা করে দিয়েছি। সল্টলেক ডেভেলপমেন্ট বোর্ডের পক্ষ থেকে সেখানে পানীয় জলেরও বন্দোবস্ত করে দিয়েছে, ট্রান্সফরমার, জেনারেটার ইত্যাদি দিয়েছে। শুধু তাই নয়, এই সব খেলোয়াড়দের মধ্যে অনেকে আমার কাছে ব্যক্তিগতভাবে যখন তাঁরা যা চেয়েছেন তাই করে দিয়েছি। কিন্তু এটা সবচেয়ে বড় দুঃখের কথা যে, শহীদ ক্ষুদিরাম সম্পর্কে কুৎসিৎ আচরণ তাঁরা করেছেন, অপমান তাঁরা করেছেন। সুতরাং নির্মলবাবু যে কথা বললেন তাতে আমার দিক থেকে কোনও সহযোগিতা কখনই হবে না এবং সরকারের দিক থেকে কোনও সহযোগিতা যাতে এই সমস্ত দেশদ্রোহী খেলোয়াড়রা না পায় সে দিকে লক্ষ্য রাখব। যে সমস্ত বড় বড় ক্লাবগুলি আছে—আমি একটি বড় ক্লাবের সঙ্গে যুক্ত, আমি চেষ্টা করব যাতে এই সমস্ত খেলোয়াড়রা কলকাতার মাঠে আর কোনওদিন খেলতে না পারে।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** এরা যাতে কোনও ক্লাবের পক্ষ থেকে খেলতে না পারে তার ব্যবস্থা করা হোক।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মুখ্যমন্ত্রীর এই স্টেটমেন্টটা সাইক্লোস্টাইল করে হাউসে সার্কুলেট করলে ভাল হয়।

**মিঃ স্পিকার ঃ** নিশ্চয় এটা সার্কুলেট করা হবে, এবং সেনস্ অব দি হাউস ফুটবল ফেডারেশনের কর্তৃপক্ষকে জানিয়ে দেওয়া হবে।

## STATEMENT ON CALLING ATTENTION

Statement by the Hon'ble Chief Minister on the subject of the death of Principal of Ram Mohan College in Calcutta due to gherao–in reply to notice of Calling Attention by Shri Rajani Kanta Doloi & others on 18.2.81.

**Shri Jyoti Basu :** Mr. Speaker, sir, I rise to make the following statement.

On 11.2.81 some girl students and their guardians numbering about 30 of Ram Mohan College (Morning Section of City College) started squatting in front of the room of Dr. Sm. Sadhana Sarker, Principal of the Morning Section over the demands that the girl students who had failed to qualify in the Higher Secondary Test Examination should be declared to have passed and should be allowed to sit for the final Examination. This agitation was not organised by the Students Union as such. The agitation reportedly continued from 11.00 hours to 16.15 hours.

No information was lodged with the local P.S. by the College authorities about the incident. There was an information at about 15.20 hrs. about this demonstration from a senior professor of the College who had rung up D.C., Headquarters, Lal Bazar and immediately, Amherst Street P.S. was asked to take action in the matter. Two S. Is. of Amherst Street P.S. met the Principal in her room when about 14 or 15 girl students and 1 lady guardian were found talking with the Principal. The students present in the room, enquired if the Police Officers had come into the College with the permission of the Principal. Meanwhile, on receipt of another information about the agitation, O.C., Amherst Street P.S. was asked to go to the College to rescue the Principal. When the Officer-in-charge had met the acting Principal of the City College to verify the information regarding Gherao, the acting Principal expressed his ignorance of the incident. Meanwhile, Dr. Sm. Sarkar came out of her room. O.C., Amherst Street P.S. met her on the ground floor as she was about to leave the College premises. Dr. Sm. Sadhana Sarkar told the Officer-in-charge that she had not sought for police assistance for her rescue and police assistance was not necessary. Thereafter, Dr. Sm. Sarkar left the College at about 15.30 hrs.

Dr. Sm. Sadhana Sarker returned to her residence at 43E, Bhupen Bose Avenue : It is learnt on enquiry that she was not feeling well. On 14.2.81, she was removed to N.R.S. Hospital and where she expired on 16.2.81 late in the evening. According to the medical report, Dr. Sm. Sadhana Sarkar died of "Cerebro-Vascular accident".

This has been an unhappy incident. It is regrettable that Dr. Sm. Sadhana Sarkar had to put up with such an order, being kept in confinement by some students and guardians for about five hours. I cannot but condemn such methods. We offer our sincerest condolences over the death of Dr. Sm. Sadhana Sarkar.

I may point out here that on verification it has been found that agitation of the students was not sponsored by Union as such. It has come to my notice that in some newspapers an insinuation had been made that some S.F.I. students were also participation in the agitation. This is untrue. When two leaders on the Day Section had gone there later, they saw policemen near the Principal room, and enquired if they had come with the approval of the Principal.

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** স্যার, আপনার এবং মাননীয় সদস্যদের নিশ্চয়ই স্মরণ থাকতে পারে যে, শিল্প বিভাগের মন্ত্রী ডঃ কানাইলাল ভট্টাচার্য মহাশয় গতদিন বিষয়টি উত্থাপনের ঐ সময়ে সিনিয়ার মিনিস্টার হিসাবে হাউসে ছিলেন এবং যখন এই নিয়ে ডাঃ আবেদিন, শ্রী প্রবোধ সিনহা ও শ্রী ভারতী মহাশয় বারবার বিকৃতি দাবি করছিলেন এই ব্যাপারটা নিয়ে তখন কানাইবাবু বলেছিলেন যে আমরা একটা স্টেটমেন্ট করব এইরকম এবং এই স্টেটমেন্টের মধ্যে আমরা কি প্রতিকার এবং তা কি ভাবে করব সেটাও বলব। তারপরে আপনারা বিরোধী মাননীয় সদস্যরা কি বলতে চান তা শুনব। আপনি এ বিষয়ে প্রসিডিংস দেখলে দেখতে পারেন। মাননীয় মন্ত্রীর এই মন্তব্য শুনি। স্বাভাবিকভাবে আমাদের এই সভার প্রসিডিওর হচ্ছে কোনও মাননীয় মন্ত্রী কলিং অ্যাটেনশনের উপর কোনও স্টেটমেন্ট করলে তার উপর আমরা আলোচনা করতে পারি না। অবশ্য অবস্থা বিশেষ ব্যতিক্রম হতে পারে বিষয়ের গুরুত্ব বিচারে। পার্লামেন্টে তিনটি করে প্রশ্ন করবার সুযোগ আছে দৃষ্টি আকর্ষনী নোটিশের ওপর প্রদত্ত বিকৃতির ওপর—যা আমাদের এখানে নেই। যাই হোক আপনারা এটাকে একটা প্রেসটিজ ইসু বলে দেখবেন না। মুখ্যমন্ত্রী একটা স্টেটমেন্ট করলেন এখানে তাতে এটা বোঝা গেছে যে তিনি ঘেরাও কে সমর্থন করেন না এবং তিনি এটা রিগ্রেট করে বলেছেন ইট ইজ রিগ্রেটেবল। কিন্তু একটু আগেই মুখ্যমন্ত্রীর আর একটা স্টেটমেন্ট আমরা শুনলাম খুব সুন্দর ও প্রাঞ্জল ভাষায় তিনি সরকারের এবং মন্ত্রী সভার মনোভাব এখানে ব্যক্ত করলেন। মুখ্যমন্ত্রী মহাশয়কে আবেদন করব যে তাঁর বিবৃতিটা আরও স্ট্রং ল্যাঙ্গুয়েজে হলে ভাল হত যাতে এর প্রতিক্রিয়া শিক্ষা জগতে ছাত্র এবং মাষ্টার মহাশয়দের উপর পড়ে। আপনাদের আর একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই যে কেরালায় ফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রী বলেছেন যে বিশ্ব বিদ্যালয়, কলেজ এবং স্কুলে ঘেরাও বে-আইনি অবৈধ এবং অপরাধ বলে গণ্য হবে। তৃতীয়ত বহিরাগতদের বিশ্ব বিদ্যালয় বা স্কুল কলেজে ঢুকতে দেওয়া হবে না কোনও আন্দোলনকারিদের দাবির সমর্থনে তারা ঢুকলে তাদের শাস্তি দেওয়া হবে। কেরালায় ফ্রন্ট সরকারের এক নীতি—আর এরাজ্যে আর এক নীতি। কিভাবে সম্ভব? কিন্তু এখানে ঠান্ডা মাথায় ডাঃ সরকারকে খুন করা হল। সেইজন্য মুখ্যমন্ত্রীকে আবার অনুরোধ করছি He would have been held high in the estimation of the people if he had condemed this share categorically. আজকে দাঁড়িয়ে বলুন যে সরকার এইরকম জিনিস বরদাস্ত করবেন না—বহিরাগতদের ট্রেসপাসার্স বলে গণ্য করা হবে। ঘেরাও যে অন্যায় এটা বললে সমস্ত শিক্ষক সমাজ, ছাত্র সমাজের মধ্যে একটা সেন্স অব ডিসিপ্লিন আসবে এবং জনসাধারণও সরকারকে শুভেচ্ছা জানাবে অভিভাবকরা এবং শিক্ষার সঙ্গে যুক্ত ব্যক্তিরা আশ্বস্তবোধ করতে পারতেন। বুধবার বিধানসভায় যখন এই জিনিস উঠেছিল যেটা আমি কাগজ পড়ে জেনেছি তা হচ্ছে ডঃ সরকার-এর এই রকম মর্মান্তিক মৃত্যু ঘটে যাবার পরও তাঁর বাড়িতে গিয়ে আপনাদের তরফ থেকে কেউ সমবেদনা বা দুঃখ জানিয়ে আসেনি।

**শ্রী নির্মলকুমার বোস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইমাত্র যেকথা জনতা দলের নেতা

বললেন একথা আগের দিন আমি বলেছি এবং আজকেও বলতে চাই। মুখ্যমন্ত্রী বলেছেন রামমোহন কলেজে যে ঘটনা ঘটেছে, যে মর্মান্তিক পরিস্থিতির মধ্যে অধ্যক্ষা সরকার মারা গেছেন সেটা অত্যন্ত নিন্দনীয়। আজকে যেটা দরকার সেটা হচ্ছে পশ্চিমবঙ্গের বিশ্ববিদ্যালয়, কলেজ এবং স্কুলে যাতে এই জাতীয় ঘটনার পুনরাবৃত্তি না হয় তারজন্য সকলেরই সতর্ক থাকা উচিত। আমরা এই জাতীয় ঘটনার তীব্র নিন্দা করেছি এবং যারা এই আচরণ করেছে তারও নিন্দা করেছি। আজকে দল-মত নির্বিশেষে এপক্ষের ওপক্ষের সকলেরই এই চেষ্টা হওয়া উচিত যাতে এই জাতীয় ঘটনার পুনরাবৃত্তি না ঘটে। মুখ্যমন্ত্রী পরিষ্কার বলেছেন এই আচরণ কত মর্মান্তিক সেটা ভাষায় প্রকাশ করা শক্ত। সুতরাং এই নিয়ে আর আলোচনার প্রয়োজন নেই।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কাশীবাবু কঠোর ভাষায় কন্ডেম করার জন্য মুখ্যমন্ত্রীকে বলেছেন, আমরা এটা মুখ্যমন্ত্রীর কাছে থেকে শুনতে চাই, এটা আমরা সকলেই দাবি করছি, আমাদের পার্টি থেকে দাবি করছি। কিন্তু নির্মলবাবুর কাছ থেকে কোনও বক্তব্য শুনতে চাই না মুখ্যমন্ত্রী এই সম্বন্ধে আমাদের কিছু বলুন।

**শ্রী হরিপদ ভারতী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী অধ্যক্ষা সরকারের মৃত্যু সম্বন্ধে যে বিবৃতি দিয়েছেন সেই বিবৃতি আমরা শুনলাম। সেই বিবৃতি সত্য কি মিথ্যা এই প্রশ্ন তুলব না, সেই বিবৃতি আরও কঠোর ভাষায় লিখিত হতে পারত কিনা এই প্রশ্নও তুলব না, সেই সব কথা বলা হয়েছে। ভবিষ্যতে এই ধরণের ঘটনার যাতে পুনরাবৃত্তি না ঘটে তার ব্যবস্থা তিনি করবেন। আমার বক্তব্য হচ্ছে ঐ ঘটনার পরিপ্রেক্ষিতে বিবৃতি শুনলাম, কিন্তু সঙ্গে সঙ্গে এই ঘটনার কোনও তদন্ত করে কোনও শাস্তির ব্যবস্থা কি করবেন? অপরাধীদের অনুসন্ধান করবেন, না শুধু দুঃখ প্রকাশ করার মধ্য দিয়ে তিনি তাঁর কর্তব্য শেষ করবেন?

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার, এই বিষয়ে আমি অ্যাডজোর্নমেন্ট মোশন দিয়েছি, ভেরি কাইন্ডলি আপনি এটা দয়া করে পড়তে দিয়েছেন। কথা ছিল এই বিষয়ে আলোচনা হবে আফ্টার দি স্টেটমেট অব. দি. অনারেবল চিফ মিনিস্টার। আমরা একই কথা বলতে চাই। মাননীয় মুখ্যমন্ত্রী যে আনহেল্‌দি বলেছেন ইট ইজ টু মাইন্ড টু ডেসক্রাইব অ্যান ইনসিডেন্স লাইক দিস। আমরা চাচ্ছি মুখ্যমন্ত্রী কঠোর হস্তে দোষীদের আইডেন্টিফাই করে যারা রেসপনসিবল ফর দিস ডেথ তাদের বিরুদ্ধে লিগ্যাল যে স্টেপ নেওয়া দরকার সেই স্টেপ তিনি নেবেন আমরা মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে এই প্রতিশ্রুতি চাচ্ছি এবং এই ঘটনা যাতে ভবিষ্যতে না হয় তারজন্য দ্ব্যর্থ কণ্ঠে এই হাউসের কাছে বলুন এই আবেদন আমি মুখ্যমন্ত্রীর গুড সেন্সের কাছে করছি। তিনি বলুন দোষীদের আইডেন্টিফাই করে লিগ্যাল ব্যবস্থা তাদের বিরুদ্ধে নেওয়া হবে, it will not be allowed to happen any.

**শ্রী জ্যোতি বসু ঃ** স্যার, আপনি জানেন উনি যেটা বলেছেন আইনত এইভাবে কখনও

বলতে পারি না। ওখানে একটা ইন্সিডেন্ট হয়েছে, অধ্যক্ষা সরকারকে ঘেরাও করে রেখেছিল, তিনি কষ্ট পেয়েছেন, তার পরের দিন তিনি মারা গেছেন। যেভাবে একটা মার্ডার কেস হয় সেইভাবে এটা করা যায় না। তবে এই ধরণের কোয়ার্স করে আমি ফেল করেছি আমাকে পাশ করাতে হবে এইসব জিনিস কোনওদিনই আমরা সমর্থন করিনি, এইসব জিনিস কংগ্রেস আমলে হয়েছে। পরীক্ষায় টোকাটুকি হচ্ছে না, দরকার হলে পুলিশ পর্যন্ত দিচ্ছি, এইসব জিনিস আমরা পছন্দ করি না। গত ৩ বছরে আমরা এইসব ব্যবস্থা করেছি। এটা পরিষ্কার করে বলতে পারি যে আমরা এইসব কন্ডেম করি। এই ধরনের কোয়ার্স করবার মেথড নেওয়া এটা কখনও আমরা বরদাস্ত করব না এটা বলে দিলাম।

[2-30 – 2-40 p.m.]

## Mention Cases

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমাদের পশ্চিমবাংলায় যোগাযোগের ব্যবস্থা খুবই খারাপ। দক্ষিনেশ্বর থেকে বাবুঘাট, রুট নং ১৫৮, এই যে মিনিবাস চলছে সেই মিনিবাস কর্মীদের ইউনিয়ন সিটু পরিচালিত। আজ ৬ সপ্তাহ ধরে ওই রুটে বেআইনি ধর্মঘট চলছে। এই ব্যাপারে ট্রান্সপোর্ট মিনিস্টারের কাছে অ্যাপিল করা হয়েছে। বেকার ছেলেরা স্পেশাল অ্যাপয়েন্টমেন্ট স্কীমের মাধ্যমে ব্যাঙ্ক থেকে লোন নিয়ে এই মিনিবাসগুলো চালু করেছে। দুঃখের বিষয় আজ ৬ সপ্তাহ ধরে ওই রুটে কোনও মিনিবাস চলছে না। এই বেআইনি ধর্মঘটের জন্য মালিক পক্ষ অর্থাৎ ওই বেকার যুবকরা যারা মিনিবাসগুলো চালু করেছিল তারা লেবার কমিশনারের কাছে, শ্রম দপ্তরের কাছে, ট্রান্সপোর্ট দপ্তরের কাছে এবং মুখ্যমন্ত্রীর কাছে বারবার অ্যাপিল করা সত্ত্বেও কোনও সাহায্য পায়নি। এই মিনিবাস ধর্মঘটের জন্য ওই রুটের যাত্রী সাধারণের অপরিসীম কষ্ট এবং অসুবিধা হচ্ছে। কাজেই অনুরোধ করছি ট্রান্সপোর্ট মিনিস্টার এবং লেবার মিনিস্টারকে এই ব্যাপারে বলুন এবং তাঁরা যেন ইন্টারফিয়ার করে অবিলম্বে এই রুটে মিনিবাসগুলো চালাবার ব্যবস্থা করেন। এই ধর্মঘটের ফলে ১২৫টি পরিবারের আর্নিং বন্ধ হয়ে গেছে এবং তারা চরম অসুবিধার মধ্যে পড়েছে। থ্যাঙ্ক ইউ, স্যার।

**শ্রী সুভাষ গোস্বামি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বোধহয় জানেন বাজারের নির্দিষ্ট দোকান থেকে কোনও স্পিরিট পাওয়া যাচ্ছে না। মেথিলেটেড এবং রেক্টেফাইড স্পিরিটের অভাবে কাজকর্ম বন্ধ হয়ে গেছে। গরিব কাষ্ঠ শিল্পী, স্কুল কলেজের ল্যাবোরেটরি প্রভৃতি স্থানে ওই স্পিরিটের অভাবে কাজকর্ম বন্ধ হয়ে গেছে। শুল্ক অফিস থেকে আধ লিটার করে পারমিটের মাধ্যমে যা দেওয়া হচ্ছে তাতে নানারকম হয়রানি হচ্ছে এবং ওই শুল্ক অফিসে এই ব্যাপারে দুর্নীতিও চলছে। বাজারে দেখছি ১৫/১৬ টাকা দরে লিটার বিক্রি হচ্ছে। কাজেই আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ রাখছি তিনি এই ব্যাপারে ব্যবস্থা অবলম্বন করে মানুষদের ওই স্পিরিটের অভাবে যে কষ্ট হচ্ছে তা থেকে রক্ষা করুন।

**ডাঃ বিনোদবিহারী মাঝি ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে আমি কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি। সরস্বতী পূজার সময় শিলাবৃষ্টি হওয়ায় কৃষকদের আলু এবং গম নষ্ট হয়ে গেছে। কাজেই অনুরোধ করছি ওই সমস্ত গরিব চাষীদের ঋণ এবং ত্রাণের ব্যবস্থা করুন।

**শ্রী সন্দীপ দাস ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি একটা গুরত্বপূর্ণ বিষয় আপনার মাধ্যমে এই সভায় এবং খাদ্যমন্ত্রীর কাছে রাখছি। আমরা লক্ষ্য করছি রেশন কার্ড ইস্যু করবার ব্যাপারে কোনও কোনও রেশনিং অফিসার নানা রকম টালবাহানা করছে। কোথাও কোথাও দেখছি এম এল এ-র সার্টিফিকেট নিয়ে আসার পর তারা আবার হেড মাস্টারের সার্টিফিকেট নিয়ে আসার কথা বলছে। কোনও কোনও মিটিং-এ বামফ্রন্টের সদস্যরা এই প্রশ্ন তোলায় বলা হয়েছে সিটিজনশিপ সার্টিফিকেট অনুসারে রেশন কার্ড হবে। আজকে যদি কোনও জেলা থেকে একজন লোক এখানে আসে তাহলে তাকে সিটিজেনশিপ সার্টিফিকেট দেখে তারপর রেশনকার্ড দেওয়া হবে এ তো সাংঘাতিক নিয়ম। আমি তো অলরেডি ভারতীয় নাগরিক। এরকম হলে তো আসামের প্রশ্ন দেখা দেবে আমাদের পশ্চিমবাংলায়। এরকম একটা গুরুত্বপর্ণ ব্যাপারে আমাদের এম এল এ-দের সুপারিশ যেভাবে অগ্রাহ্য করা হচ্ছে তাতে আমি মনে করি এম এল এ-দের অধিকার ভঙ্গ করা হচ্ছে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রশ্নের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষন করতে চাই। মালদা জেলার স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের ট্রান্সফর্মার থেকে তার পর্যন্ত সব চুরি হয়ে যাচ্ছে, কিলোমিটারের পর কিলোমিটার তার চুরি হয়ে যাচ্ছে। যেসব গ্রামে আলো গেছিল তার অর্ধেক গ্রামে এখন আলো জ্বলছে না। শ্যালো টিউবওয়েল যেখানে ছিল সেখানে জল সাপ্লাই বন্ধ হয়ে গেছে। শ্রীপুর উন্নয়ন সমিতির ৯টি টিউবওয়েল সাড়ে নমাস কোনও ইলেকট্রিসিটি পাচ্ছে না, ফলে চাষাবাদ বন্ধ হয়ে যাচ্ছে। থানায় ডাইরি করা হয়েছে কিন্তু তারা কিছু করতে পারছে না। গভর্নমেন্টের এই সব ব্যাপারে কোটি টাকার জিনিস চুরি হয়ে গেছে। গ্রামের লোকের চোর ধরে দিলেও তাদের কিছু করা হচ্ছে না। কাজেই এই অবস্থা যদি চলতে থাকে, তাহলে সরকারি অর্থের তো ক্ষতি হচ্ছেই, চাষাবাদ বন্ধ হয়ে যাবে। সেজন্য সত্বর এই সম্বন্ধে যথাবিহিত ব্যবস্থা যাতে অবলম্বন করা হয়, তার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

**শ্রী মাধবেন্দু মোহান্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত বৎসর জলঙ্গী নদীর প্লাবন ও মুর্শির্দাবাদ জেলার বন্যার জল প্রবেশের ফলে নদীয়া জেলার তেহট্ট এক নং ও দু নম্বর বিস্তীর্ণ এলাকা এবং করিমপুর নাকাশিপাড়া, কালীগঞ্জ, চাপড়া ব্লকের আংশিক প্লাবিত হয়। প্রধান ফলন ধান পাট প্রভৃতি ফম্মলের প্রভূত ক্ষতি হয়। কোনও কোনও এলাকার ঘর বাড়ি ও গ্রামের রাস্তারও যথেষ্ট ক্ষতি হয়। ফলে গ্রামের মানুষের দুঃখ দুর্দশা চলছে।

সম্প্রতি আবার সরস্বতী পুজোর মধ্যে কয়েকদিন ধরে প্রবল বর্ষনের ফলে মাঠের গম

ছোলা অড়হর সর্ষে আলু প্রভৃতি সমূহ ক্ষতি হয়েছে।

গ্রামের কৃষক ক্ষেতমজুর ও অন্যান্য দরিদ্র অংশের দুর্দশা বৃদ্ধি পেয়েছে। কাজের বদলে খাদ্য (ফুড ফর ওয়ার্ক) প্রকল্প বন্ধ। ক্ষেতমজুরদের কাজ নেই, এই অবস্থা মোকাবিলা করার জন্য কাজ ও রিলিফের ব্যবস্থা করা প্রয়োজন।

আমি এ সম্পর্কে মাননীয় ত্রাণমন্ত্রী এবং কৃষিমন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষন এবং দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন করছি।

**শ্রী মহাদেব মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষন করছি। পুরুলিয়া মাতাশোল থানার অন্তর্গত চাকলতোড় গ্রামে, চাকলতোড় গ্রামিন হাসপাতাল গৃহনির্মাণ সমস্ত হয়ে গেছে। পুরুলিয়া এক নং ব্লকের কোথাও সরকারি হাসপাতাল নাই, সেজন্য আমি তাঁর দৃষ্টি আকর্ষন করছি। মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করি যে যত তাড়াতাড়ি পারা যায় এই হাসপাতাল যেন চালু করা হয়। এটা করলে পর সদর হাসপাতালে চাপ কিছুটা কমবে, মানুষের উপকার হবে। যেহেতু একটা ব্লকে হাসপাতাল নাই, তাই এটা চালু করার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী যামিনীভূষণ সাহা ঃ** মাননীয় স্পিকার মহোদয়, আগামীকাল পশ্চিমবাংলার সমস্ত ডাক্তাররা গণ ছুটি নিচ্ছে, খুব গুরুত্বপূর্ণ ব্যাপার। ইমার্জেন্সি কেস হিসাবে যে সমস্ত সিরিয়াস কেস আছে তারাও মারা যেতে পারে, এ বিষয়ে তাই আমি সরকারের দৃষ্টি আকর্ষন করছি, অন্তত একটা কিছু ব্যবস্থা করা দরকার। এটাই আমি আপনার মাধ্যমে সরকারকে জানাচ্ছি।

**মিঃ স্পিকার ঃ** এটা আপনি পরিষ্কার করে লিখে দিন, পাঠিয়ে দেব।

[2-40 – 2-50 p.m.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে রাইটার্স বিল্ডিংসে গিয়েছিলাম একটু খোঁজ খবর নিতে। চিফ সেক্রেটারির একটা সার্কুলার দেখলাম তাতে সরকারি কর্মচারিদের নির্দেশ দেওয়া হয়েছে। কিন্তু আমি ফাইন্যান্স মিনিস্টারের ঘরের সামনে ১২ মিনিট প্রায় ছিলাম, দেখলাম সেখানে ২৫।৩০ জন সরকারি কর্মচারী তাঁর ঘরের সামনে দাঁড়িয়ে আছে, এডুকেশন মিনিস্টারের সামনে প্রায় ৫০ জন দাঁড়িয়ে আছে ল্যান্ড রেভিনিউ মিনিস্টারের ঘরের সামনে প্রচুর কর্মচারী দাঁড়িয়ে আছে এবং তাদের আলোচনা হচ্ছে পে কমিশনের রিপোর্ট-এর কি হবে। আমি তিন চারটি ডিপার্টমেন্টে গিয়ে দেখলাম সব চেয়ার খালি সবাই মন্ত্রীদের ঘরের সামনে করিডোরের সামনে সরকারি কর্মচারিরা ভীড় করে দাঁড়িয়ে আছে। আমি জানি সরকারি কর্মচারিদের ট্রেড ইউনিয়ন রাইট দেওয়া হয়েছে। সুতরাং তাদের চাকুরি নাকি আর করতে লাগবে না শুধু সহি করলেই হবে। চিফ সেক্রেটারির সার্কুলার মতো সব ঠিক ঠিক মতো কাজ করছে কিনা সেটা দেখতে গিয়েছিলাম রাইটার্স বিল্ডিংসে। কিন্তু সেখানে

দেখলাম সরকারি কর্মচারিরা ফাইন্যান্স মিনিস্টারের ঘরের সামনে এডুকেশন মিনিস্টারের ঘরের সামনে, They are being paid by the public exchequer.

এই অবস্থা দাঁড়িয়েছে। অধিকাংশ কর্মচারী রাইটার্স বিল্ডিংসে কাজ করছে না মন্ত্রীদের ঘরের সামনে তদবীর নিয়ে সব ব্যস্ত। এই ব্যাপারে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি। চিফ সেক্রেটারি যে সার্কুলার দিয়েছে তার কোনও মূল্য নেই, যারা সব কো-অর্ডিনেশন কমিটি করে। স্যার, এটা ভেরি ইমপর্টেন্ট ইনসিডেন্ট এবং এটা অত্যন্ত গুরুতর অভিযোগ। পে কমিশনের রিপোর্ট সম্বন্ধে নিশ্চয় আলোচনা হবে। কিন্তু এখন থেকে মন্ত্রীদের ঘরের সামনে দাঁড়িয়ে না থেকে এবং কাজ ফাঁকি না দিয়ে তারা যেন কাজ করেন এই দিকে নজর দেবার আপনি মন্ত্রী মহাশয়কে বলুন।

**শ্রী হাসিম আবদুল হালিম ঃ** স্যার, আমার একটা এক্সপ্ল্যানেশন আছে। উনি যেটা বললেন।

**Shri Satya Ranjan Bapuli :** I do not mention your Department. I mentioned Education Department, Finance Department & Land Revenue Department.

## Laying of Report

## The Annual Report of the State Fisheries Development Corporation Limited for 1979-80

**Shri Bhabani Mukherjee :** Sir, with your permission, I beg to lay the Annual Report on the working and affairs of the State Fisheries Development Corporation Limited for the year 1979-80.

## DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

**শ্রী সন্দীপ দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণ থেকে ফ্রন্ট সরকারের বিগত বছরের কাজের খতিয়ান এবং ভবিষ্যৎ কর্মসূচির যা পাওয়া গেল তাতে উৎসাহ বোধের বিন্দু মাত্র কারণ খুঁজে পেলাম না। দেশের অবস্থার বিপাকে কেন্দ্রে এই মুহূর্তে এমন এক সরকার কায়েম হয়েছে যেখানে সেই সরকারের যিনি কান্ডারি তিনি তাঁর ব্যক্তিতন্ত্রকে প্রতিষ্ঠা করার জন্য উৎগ্রীব এবং তাঁর মন্ত্রীসভার যাঁরা সহযোগী তাঁরা তাদের স্বার্থকে দেশের স্বার্থ বলে মনে করছেন। এবং তাঁদের কাছে যে বানী গিয়ে পড়ছে সেটা হচ্ছে সর্ব ধর্মং পরিত্যাজ মা মেকং স্মরণং ব্রজ—এই নীতিতে তাঁরা দেশ শাসন করছেন। ফলে কেন্দ্রে একটা নন ফাংশনিং গভর্নমেন্ট কায়েম হয়েছে। কিন্তু এখানে যে সরকার কায়েম হয়েছে সেই সরকারের সঙ্গে কেন্দ্রীয় সরকারের গুণগত একটা তফাৎ নিশ্চয়ই আছে। কেন্দ্রতে যাঁরা মন্ত্রী হয়েছেন তাঁরা মন্ত্রী হয়ে রাজনীতি আরম্ভ করেছেন এম পি হয়ে রাজনীতি আরম্ভ করেছেন। কিন্তু এই মন্ত্রী সভার অনেক মন্ত্রী আছেন যাঁদের সুদীর্ঘ রাজনৈতিক জীবন আছে যদিও

অনেক মন্ত্রী পাল্টে গিয়েছেন কোনও কোনও মন্ত্রী সম্পর্কে তাদের দলের লোকরাই চিঠি লিখেছেন কঠোরভাবে যে মন্ত্রীত্বের গদিতে বসে গরিবদের কথা ভুলে গেছেন।

বারবার প্রতিশ্রুতি দিয়েও প্রতিশ্রুতি রক্ষা করছেন না। এই ধরনের অভিযোগ, আমি দায়িত্বের সঙ্গে বলছি, তারা করছেন। প্রধান শরিকদলের নেতা, মন্ত্রীদের কাছে এই ধরনের অভিযোগ করে চিঠি দিয়েছেন, এই ঘটনাও আমার জানা আছে। আমি চ্যালেঞ্জ করে বলছি এই ঘটনা ঘটেছে। কিন্তু তাসত্ত্বেও এখানে যে সরকার কায়েম হয়েছে সেই সরকার একই ধরনের নন-ফাংশনিং কেন—এই কথা আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার কাছে রাখতে চাই। রাজ্যপালের ভাষণ পড়ে আমার মনে হয়েছে এই মন্ত্রিসভা দুটি নীতির উপর চলেছে। একটি হচ্ছে কেন্দ্রের সঙ্গে কমপ্রোমাইজের নীতি। আর একটি হচ্ছে ইন্দিরা গান্ধী যেমন বলছেন 'সর্ব ধর্মান্ পরিত্যাজ্য মা মেকং শরণং ব্রজঃ', এখানেও তেমনি বলছেন, 'সর্ব ধর্মান্ পরিত্যাজ্য দল মেকং ব্রজঃ'—এই দুটি নীতির উপর সরকার চলেছে। সরকার একেবারে নন-ফাংশনিং গভর্নমেন্টে পর্যবসিত হয়েছে। সরকারি দপ্তরে চিঠি দিলেও উত্তর পেতে ২/২।। বছর সময় লাগে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কাছে একটি চিঠি আছে। এটা আমি ১২ই নভেম্বর ১৯৭৯ তারিখে দিয়েছিলাম। জবাব কালকে পেয়েছি। হোম (পলিটিক্যাল) ডিপার্টমেন্টের চিঠির জবাবে তারিখ লেখা আছে ১২ই ফেব্রুয়ারি, গতকাল আমার কাছে চিঠি এসেছে। বিভিন্ন বিভাগে চিঠি দিয়েও অনেক চিঠির জবাব পাওয়া যায়নি। অনেক বিভাগে কোনও কাজের জন্য চিঠি পাঠানো হল, ২/৩ বছর ধরে শুধু অফিসারদের কাছে ঘোরাঘুরিই চলল, কাজ কিছু হল না। এর থেকে আমার একটি কথা মনে হচ্ছে এই গভর্নমেন্টের কোনও পলিটিক্যাল উইল নেই। পলিটিক্যাল উইল যদি থাকত তাহলে এই দীর্ঘসূত্রতা কিছুতেই ম্যানিফেসটেড হত না। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই সরকারের প্রধান কৃতিত্ব যেটা দাবি করার মতো ছিল রাজ্যপালের ভাষণের মধ্যে তারা সেই দাবি করেননি। সেটা হল এই, ন্যাশনাল সিকিউরিটি অ্যাক্ট অনুসারে পশ্চিমবাংলায় কোনও গ্রেপ্তারের ঘটনা ঘটেনি। আমাদের নেতা কাশীকান্তবাবু বলেছেন কেন্দ্রীয় সরকার সহযোগিতার হাত প্রসারিত করেছিল জনতা সরকারের আমলে এবং অন্যান্য রাজ্যের চেয়ে তখন পশ্চিমবঙ্গকে বেশি সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছিলেন। কিন্তু আপনারা সেই সরকারের বিরুদ্ধে রণং দেহি ভাব দেখিয়েছেন। আর আজকে সুর নেমে গেছে। রাজ্যপালের ভাষণে নিখিলবাবু অর্ডিন্যান্সের কথা বলেছিলেন, গোপালবাবুও বলেছিলেন। কিন্তু আপনারা রাজ্যপালের ভাষণে সেই কথা উল্লেখ করার প্রয়োজন মনে করেননি। সেই অর্ডিন্যান্স সম্পর্কে সরকারের নীতি কি সে কথাও ঘোষণা করা হয়নি। নিলিখবাবু কাল আমাদের দিকে আঙুল দেখিয়ে বলেছিলেন "কালো দিনের ইঙ্গিত দেখা দিয়েছে, কালোদিন হয়ত আবার ফিরে আসছে।" আমরাও সচেতন আছি। আমরা মনে করি এই সরকারের জনবিরোধী কাজ সত্ত্বেও যদি অগণতান্ত্রিকভাবে এই সরকার হঠানো হয় তাহলে আমরা আগেও প্রতিশ্রুতি দিয়েছি, আবার প্রতিশ্রুতি দিচ্ছি জনতা দল কখনই তা বরদাস্ত করবে না। আপনারা ভুলে যাবেন না, অতীতের কালোদিনে আপনাদের কি ভূমিকা ছিল। আমি আশা

করি নিখিলবাবুর দল আবার সেই ২০ দফাকে সমর্থন জানিয়ে বিবৃতি দেবেন না। আমরা আমাদের কর্তব্য সম্বন্ধে আগেও সচেতন ছিলাম, এখনও সচেতন আছি। বামফ্রন্টের দলগুলি যেন সচেতন থাকেন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের দেশে ইংরাজ শাসনের সময় থেকে শহর এবং গ্রামের মধ্যে একটা বিচ্ছেদের প্রাচীর গড়ে উঠেছে। রবীন্দ্রনাথের ভাষায় রেলের কামরার দ্বীপের মতো। কামরাটা উজ্জ্বল। কিন্তু যে যোজন যোজন পথ গাড়িটা ছুটে চলেছে সেটা অন্ধকারে লুপ্ত। বৃহৎ শিল্পের শ্রমিকদের কথা আমরা বুঝলাম। শ্রমিকদের কথা ভুলে গেলাম। দেশের কথা, অগনিত গ্রামের কথা ভুলে গেলাম। ভারতবর্ষে কংগ্রেস সরকার কায়েম হল। সেই ট্রাডিশন সমানে চলল। ১৯৭৭ সালে জনতা শাসনের অন্তত সেই প্রাচীরের বাঁধ ভেঙ্গে একটা নতুন পদক্ষেপ নেওয়ার চেষ্টা হয়েছিল। তাই আমরা জনতা সরকারের নীতির মধ্যে দেখি কৃষি ক্ষেত্রে অগনিত সাফল্য, সেচ ব্যবস্থার আমুল পরিবর্তন, ২৮ লক্ষ হেক্টর এলাকাকে নতুন করে সেচের মধ্যে নেওয়া হল, এল ফুড ফর ওয়ার্ক।

[2-50 – 3-00 p.m.]

এল জেলা শিল্পকেন্দ্র। জেলা শিল্পকেন্দ্রের মাধ্যমে শিল্প ক্ষেত্রে উৎপাদন বাড়াবার প্রচেষ্টা এবং গ্রামে গ্রামে বেকারি দূর করার প্রচেষ্টা তার মধ্যে দিয়ে আরম্ভ হ'ল। এল বয়স্কশিক্ষার লোকায়ত কর্মসূচি। ২০০ কোটি টাকা তারজন্য বরাদ্দ হ'ল। এল অন্ত্যোদয় কর্মসূচির কর্মচাঞ্চল্য। আমরা একথা স্বীকার করি যে জনতা সরকারের পলিটিক্যাল উইল ছিল কিন্তু সেই অনুযায়ী অর্গানাইজেশন ছিল না, আপনাদের অর্গানাইজেশন আছে কিন্তু সেই অনুযায়ী আপনাদের পলিটিক্যাল উইল নেই বা সদিচ্ছা নেই। আমাদের এখানকার পাবলিক আন্ডারটেকিং কমিটি বন্ধুরা জানেন শ্রী কমল সরকার মহাশয়ের নেতৃত্বে আমরা বিভিন্ন রাজ্যের বহু জায়গা ঘুরে দেখে এসেছি এবং সেখানে দেখে এসেছি জনতা আমলে যে অর্ন্তোদয় কর্মসূচি, বয়স্কশিক্ষার কর্মসূচি গড়ে উঠেছিল শ্রীমতী গান্ধী ক্ষমতায় আসার পর সেগুলিকে স্তব্ধ করে দেবার চেষ্টা হয়েছে। কিন্তু যে গতিবেগ সৃষ্টি হয়েছিল সেই গতিবেগকে রোখা যায়নি, তা এগিয়ে চলেছে। আজকে পশ্চিমবাংলার কোথায় সেই কর্মচাঞ্চল্য? গ্রাম শহরের বিভেদ ঘোচাবার এতগুলি যে কর্মসূচি তারমধ্যে আমরা দেখছি পশ্চিমবাংলা একটি মাত্র কর্মসূচি গ্রহণ করেছে সেটা হচ্ছে ফুড ফর ওয়ার্কের কর্মসূচি। কিন্তু আপনারা আপনাদের প্রচার মাধ্যমের মধ্যে দিয়ে একবারও বলেননি যে এটা কেন্দ্রীয় কর্মসূচি। আপনারা বারবার প্রচার করেছেন এটা পার্টির কর্মসূচি এবং সেইভাবে গ্রামে গ্রামে গিয়ে লোককে তা বুঝিয়েছেন যে পার্টি এটা দিচ্ছে। এইভাবে ফুড ফর ওয়ার্কের মধ্যে দিয়ে প্রশাসনকে আপনারা দলীয় কাজে ব্যবহার করেছেন। তারপর শ্রীমতী গান্ধী ক্ষমতায় আসার পর যখন খাদ্যশস্য দেওয়া বন্ধ করলেন তখন এটা বানচাল হবার উপক্রম হল। একথা সত্য দলবাজী হলেও এর মাধ্যমে গ্রামের লোকের কিছু উপকার হয়েছে কিন্তু তা সত্ত্বেও একথা বলব, আপনারা কখনও গ্রামের লোকের কাছে স্বীকার করেন নি এটা কেন্দ্রীয় কর্মসূচি। তারপর যখন শ্রীমতী গান্ধী এই ফুড ফর ওয়ার্কের কর্মসূচি বানচাল করে দিলেন তখন আপনারা বললেন, কেন্দ্র দিচ্ছেন না। যখন কেন্দ্র দিচ্ছিলেন

তখন কিন্তু আপনারা তারজন্য কেন্দ্রের কাছে একবারও কৃতজ্ঞতা জানাননি। তারপর স্যার, রাজ্যপালের ভাষণের মধ্যে আমরা দেখছি বলা হয়েছে যে খাদ্যশস্যের উৎপাদন অনেক বেড়েছে—প্রায় তিন লক্ষ টন উৎপাদন পশ্চিমবাংলায় বেড়েছে। এতে আপনাদের আস্ফালন করার কিছু নেই। ভারতবর্ষের বঞ্চিত কৃষকরা গত এক দশক ধরে জাগছে। যে ভাবে কৃষকরা পিক আপ করছে বিশেষত জনতা শাসনের আমল থেকে সেটা অভিনব। ১০ বছর আগে খাদ্যে সাবলম্বী হবার কথা আমরা ভাবতাম না। অন্য অনেক জায়গা বাদ দিয়ে আজকে সোভিয়েট রাশিয়াতে খাদ্যশস্য পাচার করা হচ্ছে।

(ভয়েস ঃ পাচার নয়, রপ্তানি করা হচ্ছে)

না, আমি একে রপ্তানি বলব না, পাচারই বলব, কারণ বানিজ্যিক দামে সেটা পাঠানো হচ্ছে না। স্যার, এখনও পর্যন্ত আমাদের ভারতবর্ষে পার একর যে উৎপাদন সেটা আন্তর্জাতিক মানের চেয়ে কম। পশ্চিমবাংলায় তার চেয়েও কম। জাতীয় যে উৎপাদন, জাতীয় যে বৃদ্ধি সেই তুলনায় পশ্চিমবঙ্গ খাদ্যশস্যের উৎপাদন-এর হার এখনও কম। তাসত্ত্বেও আমি এই কথা বলতে চাই যে এই সরকার কৃষকদের স্বার্থ রক্ষার জন্য কি করেছেন? আজকে বিভিন্ন রাজ্যে কৃষকদের যে আন্দোলন হচ্ছে, রেমুনারেটিভ প্রাইস-এর যে আন্দোলন হচ্ছে সেই আন্দোলনে মার্কসবাদী কমিউনিস্ট পার্টি, ফরোয়ার্ড ব্লক প্রভৃতি দল সামিল হয়েছিলেন। আমি জিজ্ঞাসা করতে চাই যে পশ্চিমবাংলায় আপনারা ১০ টাকা কুইন্টাল পিছু দাম বাড়িয়ে চাষীদের রেমুনারেটিভ প্রাইস-এর কাছাকাছি কিছু দিতে পেরেছেন কি? আজকে উৎপাদন ব্যয় কত? ১০৫ টাকা, ১১০ টাকা যদি কুইন্টাল পিছু দাম হয়, তাহলে ১০ টাকা দাম বাড়ার পরে কি রেমুনারেটিভ প্রাইস তারা পেতে পারে? আজকে পশ্চিমবাংলার অনেক জেলা আছে যেখানে ১৬০ টাকারও বেশি কুইন্টাল পিছু দাম পড়ছে। ১২০ টাকা, ১২৫ টাকা, ১৩০ টাকা এইভাবে উৎপাদন ব্যয় যেখানে ভ্যারি করছে সেখানে কিলো পিছু ১০ পয়সা আপনারা খয়রাতি দিচ্ছেন। আজকে কৃষকদের উৎপাদন ব্যয় কত গুণ বাড়ছে? আজকে যদি এই সরকার বলতেন যে ১২ হাজার টাকা পর্যন্ত বার্ষিক আয় বিশিষ্ট সমস্ত কৃষককে সমস্ত কর থেকে মুক্তি দেব। তাদের সেচ কর দিতে হবেনা, সারের উপর কর দিতে হবে না, অন্য সমস্ত কর থেকে মুক্তি দিলাম তাহলে বুঝতাম যে কৃষকের উৎপাদনে এই সরকার সামিল হয়েছেন। কৃষক আজকে ধানের রেমুনারেটিভ প্রাইস কি করে পাবে? আলু চাষীরা মার খাচ্ছে। একজন আলু চাষী আত্ম হত্যা করে পৃথিবী থেকে চলে গেল। আজকে পেঁয়াজের দাম নেমে যাচ্ছে, প্রত্যেকটি জিনিসের দাম কমে যাচ্ছে। পাট চাষ আজকে নীল চাষে পর্যবসিত হয়েছে। আজকে ৩০০ টাকা পাটের সর্বনিম্ন দাম ঘোষণা করার জন্য সরকারের কাছে বহু আবেদন-নিবেদন কৃষক সংগঠন এবং চাষীরা করেছেন। কিন্তু কেন পাটের ৩০০ টাকা নিম্নতম দাম ঘোষণা করছেন না? কেন আলুর সংগ্রহ মূল্য, পেঁয়াজের মূল্যের রেমুনারেটিভ প্রাইস ঘোষণা করছেন না? আপনারা কি বিস্ফোরক আন্দোলন ডেকে আনছেন। আপনারা ভাববেন যে আপনাদের সংগঠন আছে বলে আর কেউ আপনাদের বিরুদ্ধে আন্দোলন

করবেন না। আজকে ভারতবর্ষের দিকে তাকিয়ে দেখুন, ভারতবর্ষের কৃষক আজকে জেগে উঠেছে। আপনারা ভাববেন না যে কৃষককে চিরকাল ধাপ্পা দিয়ে চলে যাওয়া যায়। কিছু লোককে সবদিন বোকা বানিয়ে রাখা যায়, কিন্তু সব লোককে সবদিন বোকা বানিয়ে রাখা যায় না। রাজ্যপালের ভাষণের মধ্যে আইন শৃঙ্খলা রক্ষার কথা আছে। ভূমি নিয়ে সংঘর্ষ বাড়ছে। অধিকাংশ ক্ষেত্রে ভূস্বামীর বঞ্চিত করা উদ্দেশ্যে ভাগচাষীদের প্রতিরোধ করছে এবং সে জন্য এই ধরনের ঘটনা ঘটছে। আমি জানতে চাই যে কতজন অপরাধী ভূস্বামীদের বিরুদ্ধে এই সরকার ব্যবস্থা নিয়েছেন? পুলিশ তাদের কর্তব্য করছে না। পুলিশ নিশ্চয়ই আইনের পক্ষে থাকবে—সে ভূস্বামী হোক, আর ভূমিহীন হোক। কিন্তু পুলিশকে আইনের পক্ষে নেওয়া হচ্ছে না এবং ক্রমশই সংঘর্ষ বাড়ছে। আজকে বিভিন্ন জায়গায় ডাকাতি হচ্ছে। আজকে যে ডাকাতি হয়েছে—আর. এস. পি'র মাননীয় সদস্য জয়ন্ত বিশ্বাস যে বিবৃতি দিয়েছেন সেটা খবরের কাগজে বেরিয়েছে। আজকে এই যে ডাকাতি, খুন হচ্ছে তাতে কারা অ্যাফেক্টেড হচ্ছে? ক্ষুদ্র কৃষকরা, সাধারণ মানুষেরা অ্যাফেক্টেড হচ্ছে। নিখিলবাবু অনেক কথা বলেছেন। কে খুন করেছে, কি হয়েছে সেটা বড় কথা নয়। বড় কথা হচ্ছে আইন শৃঙ্খলা থাকবে কি না এবং গরিব মানুষেরা যদি মার খায় তাহলে পুলিশ তাদের দিকে থাকবে কিনা? এই সরকারের কোনও সুস্পষ্ট নীতি এখানে নেই। আজকে কোনও বিষয়ে একটা অ্যাপ্রোচ পাওয়া যাচ্ছে না। কি শিল্পের ক্ষেত্রে, কি শিক্ষার ক্ষেত্রে, স্বাস্থ্যের ক্ষেত্রে, কি পরিবহনের ক্ষেত্রে এই সরকারের কোনও অ্যাপ্রোচ খুঁজে পাচছি না। আজকে বামফ্রন্ট সরকারের একজন বলিষ্ঠ নেতা, নিখিল দাস ক্ষুদ্র শিল্পের উন্নতি হয়েছে বলে হ্যান্ডলুম এক্সপোর্ট, পশ্চিমবালায় তন্তুজ কত বিক্রয় হয়েছে সেই সমস্ত কথা আমাদের কাছে শুনিয়ে গেলেন।

[3-00 – 3-10 p.m.]

আমি তাঁর তথ্যকে চ্যালেঞ্জ করছি না, আমি মেনে নিচ্ছি। তন্তুজীবীদের ক্ষেত্রে মজুরি বেড়েছে তার মানে এই নয় যে, শিল্পের প্রসার ঘটেছে। জনতা সরকারের আমলে যে শিল্প নীতি ঘোষণা করা হয়েছিল তাতে ৮০০ শিল্পকে সংরক্ষিত করে রাখা হয়েছিল এবং বলা হয়েছিল প্রত্যেক জেলায় শিল্প কেন্দ্র খোলা হবে। আমরা বিভিন্ন রাজ্যে দেখেছি, রাজস্থানে দেখেছি প্রতিটি জেলায় জেলায় প্রধান শিল্প গড়ে উঠেছে। দুঃখের বিষয় আমাদের পশ্চিমবাংলায় সেইভাবে শিল্প গড়ে উঠেনি। কতগুলি জেলায় নতুন করে শিল্প উদ্যোগের সুযোগ পেয়েছিল, কিন্তু আমাদের এখানে দেখছি ট্রাডিশন্যাল ইন্ডাস্ট্রিগুলোর নাভিশ্বাস উঠেছে। হাওড়ার শিল্পগুলি কিভাবে মার খাচ্ছে সেটা আপনারা সকলেই জানেন। হোসিয়ারি শিল্প পশ্চিমবাংলা থেকে উঠে গেল, পাওয়ার লুম ধুক ধুক করছে, প্রিন্টিং ইন্ডাস্ট্রি পশ্চিমবাংলা থেকে উঠে যাচ্ছে একের পর এক শিল্প মার খাচ্ছে এবং নূতন শিল্পের ক্ষেত্রে সরকারের কোনও উদ্যোগ নেই। একটি ছেলে আমেরিকা থেকে পি এইচ ডি ডিগ্রি নিয়ে এল এবং বলল আমি পেস মেকার বানাব। আমি তাকে মন্ত্রীর কাছে নিয়ে গেলাম, কিন্তু কিছুই হল না। প্রিন্টিং ইন্ডাস্ট্রি রাজ্যে রাজ্যে গড়ে উঠেছে, আমি কতগুলি ছেলেকে নিয়ে গেলাম মন্ত্রী চিত্তব্রতবাবুর কাছে, তিনি

পাঠালেন একজন অফিসারের কাছে এবং সেই অফিসার পাঠালেন আর একজন অফিসারের কাছে, কিন্তু কোনও ফল লাভ হল না—ছেলেগুলো দিনের পর দিন ঘুরে মরছে। এখন তারা ফ্রাসট্রেটেড হয়ে গেছে। তারপর, খাদি বোর্ডের ক্ষেত্রে দেখুন কোনও শিল্পকে উৎসাহ দেওয়া হচ্ছে না। কিন্তু অন্যান্য রাজ্যের দিকে তাকিয়ে দেখুন তারা কিরকমভাবে উৎসাহ দিচ্ছে। অন্য রাজ্যে সরকার হয়ত সবক্ষেত্রে নিজেরা কিছু দিতে পারছে না, কিন্তু শিল্প ক্ষেত্রে তাদের দারুণ উৎসাহ দিচ্ছে। আমাদের এখানে দেখুন সেই ব্যবস্থা কিছুই নেই। এবারে পরিবহন সম্বন্ধে আমি অত্যন্ত গুরুত্বপূর্ণ কথা বলব। মুখ্যমন্ত্রী বললেন ইন্দিরা গান্ধী ডিজেলের দাম, পেট্রোলের দাম বাড়িয়েছে কাজেই আমরা কি করব—আমাদের বাস-এর ভাড়া বাড়াতেই হবে। ইন্দিরা গান্ধী যে ডিজেলের দাম বাড়িয়েছে আমরা তাঁকে সমর্থন করছি না, আমরা তাঁর তীব্র নিন্দা করছি। কিন্তু আমার বক্তব্য হচ্ছে এই ডিজেলের দাম বৃদ্ধির সঙ্গে বাস-এর ভাড়া বৃদ্ধির কোনও সম্পর্ক নেই। এই ভাড়া বৃদ্ধি করা হয়েছে প্রাইভেট বাস-এর মালিকদের স্বার্থে। স্যার, গুজরাটে দেখেছি ৯৫ পারসেন্ট গ্রামে স্টেট বাস পৌঁছে গেছে। কলকাতা এবং বোম্বেতে একই সময় স্টেট বাস চলতে শুরু হয়েছে। কিন্তু বোম্বেতে যে পরিমাণ স্টেট বাস চলে পশ্চিমবাংলায় তার ২০ ভাগের ১ ভাগও চলে না। অন্য সব রাজ্যে প্যাসেঞ্জার ট্যাক্স আছে কিন্তু আপনারা রাষ্ট্রীয় পরিবহনের ক্ষেত্রে রেহাই দিয়েছেন। প্রাইভেট বাস এবং মিনি বাসে কোথাও প্যাসেঞ্জার ট্যাক্স নেই। রাষ্ট্রীয় পরিবহন ৬২ ভাগ সাবসিডি দিয়ে চলছে। এইবার ডিজেলের কথায় আসি। বিগত বছরের এক সমীক্ষা থেকে বলছি এবং চ্যালেঞ্জ জানিয়ে এই তথ্য দিচ্ছি, কলিকাতা রাষ্ট্রীয় পরিবহনের যে ডিজেল খরচা হয় তা হচ্ছে সেই খরচার মাত্র ৮.৬ শতাংশ। তার মানে এই নয় যে, কলিকাতায় তেল খরচা কম হয়, তেল বেশিই লাগে কারণ রাস্তাগুলি কনজেসটেড, রাস্তার অবস্থা খারাপ। কিন্তু অন্য খরচা অনেক বেশি নন-এসেনসিয়াল আইটেম স্টোরে বোঝাই হয়ে রয়েছে, ১০ বছর ধরে ব্যবহার হয় না। এমনসব জিনিস কেনা হয় যা বছরের পর বছর ধরে পড়ে থাকে। প্রতিবন্ধী মানুষদের অন্যান্য রাজ্যে যেসব সুবিধা দেওয়া হয়ে থাকে সেইসব সুবিধা পশ্চিমবাংলায় দেওয়া হয় না। অন্যান্য রাজ্যে কোথাও ২৫ পারসেন্ট কোথাও ৩০ পারসেন্ট প্যাসেঞ্জার ট্যাক্স দিতে হয়। সেটা যদি যোগ করেন তাহলে সাবসিডির পরিমাণ দাঁড়াচ্ছে ৮৫ ভাগ। ১৯৬১।৬২।৬৩ সালে এই রাষ্ট্রীয় পরিবহন লাভে চলছিল—অবশ্য আমি বলছি না সব সময়ে লাভ হবে কিন্তু যে এফিসিয়েন্সির দরকার সেই এফিসিয়েন্সি বিন্দুমাত্র নেই। আপনারা ডিজেলের জন্য দাম বাড়িয়েছেন কিন্তু আপনারা কি বলতে পারবেন সাবসিডির পরিমাণ কমবে? কমবে না। রাষ্ট্রীয় পরিবহনের লোকসান বছরের পর বছর বেড়ে যাবে আর প্রাইভেট বাস এবং মিনিবাসের মুনাফার পরিমান বেড়ে যাবে। কিছুদিন আগে বাসের যে ভাড়া বাড়ানো হয়েছে তখন কিন্তু গুজরাটে ভাড়া বাড়েনি, দিল্লিতে বাড়েনি, রাজস্থানে বাড়েনি, হরিয়ানায় বাড়েনি এইরকম বহু রাজ্যে বাড়েনি। অথচ আপনারা দাবি করেন কলিকাতায় রাষ্ট্রীয় পরিবহনের ভাড়া নাকি সবচেয়ে কম। এটা ধাপ্পা। আপনারা মিথ্যা কথাকে বারবার বলে সত্য করার চেষ্টা করছেন। আমি এ সম্বন্ধে পরিবহন বাজেটে বিস্তৃত তথ্য দিয়ে বলব যে আপনাদের ভাড়া কম নয়। জনসাধারণ

যে অমানুষিকভাবে বাসে যাতায়াত করেন তা পৃথিবীর কোনও সভ্য দেশে এসব চলতে পারে না। গ্রামের মানুষের কথা ছেড়ে দিচ্ছি কেন না গ্রাম বাংলা এই রাষ্ট্রীয় পরিবহনের মধ্যে আসে না। স্বাস্থ্য সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। এই সরকার কমিউনিটি মেডিক্যাল কোর্স চালু করেছেন। আগামী বছরে ৮০০ ডাক্তার আসবে। তারা বন্ড দিয়েছে, প্রতিশ্রুতি বদ্ধ—এদের কোথায় প্রভাইড করবেন? আমি জিজ্ঞাসা করি—আপনারা কি হিসাব করে দেখেছেন কত ডাক্তারের পোস্ট আছে? হেলথ বাজেটে কত টাকা আপনাদের বরাদ্দ করা আছে? সেই টাকা দিয়ে কি সমস্ত পোস্ট ফিল-আপ হতে পারে? একেই তো ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাসোসিয়েশন এবং কাউন্সিল ফর মেডিক্যাল এডুকেশন এই কোর্সকে স্বীকৃতি দিচ্ছেন না। আজকে আপনাদের ভাবতে হবে।

[3-10 – 3-45 p.m.] (including adjournment)

ইন্সটিটিউট অব পোস্ট গ্র্যাজুয়েট মেডিক্যাল এডুকেশন করার পরিকল্পনা আপনারা গ্রহণ করেছেন—সাধু প্রস্তাব। সামনে আছে মেডিক্যাল ইউনির্ভারসিটি। নিশ্চয়, এই হাসপাতালকে রেফার্ড হাসপাতাল করতে পারলে রেফার্ড হাসপাতাল হিসাবে গড়ে তোলা হবে এবং কোনও মহাপুরুষের নামে নামাঙ্কিত হবে। কিন্তু এটাকে রেফার্ড হাসপাতাল করতে গেলে এখনকার যে সব সাধারণ রোগী সে সব রোগীরা যাবে কোথায়? আজকে শম্ভুনাথ পন্ডিত হাসপাতালকে ডেভেলপ করার কথা রাজ্যপালের ভাষণে নেই। সি. এম. ডি. এ. বাড়ি করে দিয়েছে। সে বাড়িটাও অসমাপ্ত অবস্থায় পড়ে আছে। এই হাসপাতালের মধ্যে অনেক জমি পড়ে আছে সেটা কাজে লাগানো হচ্ছে না। আজকে যদি পি. জি. হাসপাতালকে স্বয়ংসম্পূর্ণ অটোনমাস ইন্সটিটিউশন করতে হয় তাহলে তার জন্য এর ফেসিলিটিস অন্য হাসপাতালে চাই। ভবানীপুর, বালিগঞ্জের রোগীরা তো আর আর. জি. কর, মেডিক্যাল হাসপাতালে ছুটবে না। স্বাস্থ্য বিভাগের এ সম্বন্ধে কোনও অ্যাপ্রোচ নাই। স্যার, আমার বক্তব্য শেষ করার আগে বিদ্যুৎ সম্পর্কে দুটো কথা বলব। বিদ্যুতের সম্বন্ধে আমি বিস্তারিত আলোচনা করছি না। বিদ্যুৎ বাজেটের দিন বিস্তারিত বলার অনেক সময় পাওয়া যাবে, তবে এ কথা সত্য যে আজকে পশ্চিমবঙ্গের শিল্প বাণিজ্যের এইরকম অবস্থার জন্য বিদ্যুৎ অনেকাংশ দায়ী। বিদ্যুতের জন্য আগের রাজ্য সরকারের কোনও প্ল্যানিং ছিল না, এঁরা কোনও প্ল্যানিং করছেন না। থার্মাল প্ল্যান্টের লিমিটেশন আছে—শ্রম অসন্তোষ বা অন্যান্য যে সমস্ত ব্যাপার আছে সে সমস্ত ব্যাপার এখানে আমি আলোচনা করছি না—কিন্তু তার জন্য কোনও অ্যাপ্রোচ নাই। আজকে ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই এরিয়ায় ৩৯৫ মেগাওয়াট পাওয়ার জেনারেট এর ক্যাপাসিটি আছে, অথচ গ্যাস টারবাইন পুড়িয়ে তাদের ইউনিট কস্ট বাড়ছে—১ টাকা ১০ পয়সা। ৪৫০ মেগাওয়াট কলকাতার টোটাল রিকয়ারমেন্ট। ক্যাপটিভ জেনারেশনের যে ক্যাপাসিটি আছে তাতে ৩৯৫ মেগাওয়াটে ১ টাকা ১০ পয়সা প্রতি ইউনিটে খরচ পড়ছে। গ্যাসটারবাইন পুড়িয়ে সেই শিল্পগুলিকে কারেন্ট দিতে হচ্ছে। আপনারা যদি সাবসিডি দিতেন, ক্যাপটিভ জেনারেটর চলবে তাদের কিছু সাবসিডি দিতে হবে তাহলে নিশ্চয় অন্যান্য শিল্প ও হাসপাতালে

সাধারণ মানুষকে অনেক কারেন্ট দিতে পারতেন। কোনও প্ল্যানিং নেই, কোনও অ্যাপ্রোচ নেই তার জন্য। মুখ্যমন্ত্রী মহাশয় বিদ্যুৎ কন্ট্রোল করছেন, অথচ সীমিত ক্ষমতার মধ্যে কতটা কারেন্ট দেওয়া যায় সে সম্বন্ধে কোনও স্কীম মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে নেই। নূতন প্ল্যান্টগুলি হতে বিলম্ব হচ্ছে, কেন হচ্ছে? এ সম্বন্ধে যেমন কেন্দ্রের দায়িত্ব আছে তেমনি আপনাদেরও দায়িত্ব কিছু কম নেই। এবার শিক্ষা সম্বন্ধে দু-একটা কথা বলে আমার বক্তব্য শেষ করব। ভাষার কথার মধ্যে আমি যাব না। এইটুকু বলতে চাই শিক্ষার মধ্যে এই বৈষম্য কেন? পার্থবাবু বলেছেন যে নূতন ১২০০ বিদ্যালয় চালু হবে, কিন্তু তিনি কি খবর রেখেছেন যে নূতন প্রাথমিক স্কুলের পাশাপাশি প্রায় ৩০০ ফ্যান্সি স্কুল তৈরি হয়েছে। বামফ্রন্টের অনেক এম. এল. এ. ও মন্ত্রীদের সকলের নয়, ছেলেরা ইংলিশ মিডিয়ামে পড়ে। তাহলে কি এই দু ধরনের মিডিয়াম বজায় রাখবেন? কই বলছেন না তো এডুকেশন কমিশন কি বলেছেন। তারপর পার্লামেন্টারি কমিটি অন এডুকেশন গঙ্গাসারণ সিং কমিটি যে সুপারিশ করেছেন অন্তত সেটা রাজ্যপালের ভাষণের মধ্যে আমরা দেখছি না। বামফ্রন্ট সরকার চেষ্টা করছেন একধরণের প্রাথমিক শিক্ষা প্রবর্তন করতে, আমরা সাধুবাদ জানাব। সাংবিধানিক পথে করার জন্য বামফ্রন্টের সুনাম করব। কিন্তু কোনও অ্যাপ্রোচ নেই। মাতৃভাষার মহত্ত্ব ইংরাজিকে বাদ দিয়ে করছেন। আমরা দেখতে পাচ্ছি ছাত্ররা বি. এ. অনার্স পাশ করে যায় অথচ ইংরাজি জানেনা।

আমি কলেজে পড়াই, দেখেছি অনার্স ক্লাসে যেসব ছেলে আছে তারা ইংরাজি ভাল জানে না। বি.এ., বি. এস. সি. পাশ করে যাবে অথচ ইংরাজি জানে না। অন্যদিকে অন্যান্য রাজ্যগুলিতে আমরা দেখতে পাচ্ছি সেখানে ঐসব ক্লাসে ইংরাজি পড়ানো হচ্ছে। কাজেই, সরকারের যে খতিয়ান মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে দেখছি, ভবিষ্যৎ কর্মসূচির যে আভাষ আমরা পেলাম, তা অত্যন্ত নৈরাশ্যজনক। কাজেই, এই ব্যাপারে সাফল্যের যে দাবি তাঁরা করতে পারতেন তা তাঁরা করতে পারছেন না। মাননীয় সদস্য অশোককুমার বসু—চিফ হুইপ, যে ধন্যবাদ সূচক প্রস্তাব এনেছেন আমি তার বিরোধিতা করছি এবং মাননীয় সদস্য বীরেন্দ্রকুমার মৈত্র ও জন্মেজয় ওঝা রাজ্যপালের ভাষণের উপর যে সংশোধনী প্রস্তাব এনেছেন তা সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

(At this stage the House was adjourned till 3.45 p.m.)

[3-45 – 3-55 p.m.]

## STATEMENT UNDER RULE-346

**মিঃ স্পিকার ঃ** মাননীয় স্বাস্থ্য দপ্তরের মন্ত্রী শ্রী ননী ভট্টাচার্য মহাশয়কে ডাক্তারদের ধর্মঘট সম্পর্কে একটি বিবৃতি দিতে অনুরোধ করছি।

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** আগামী ২১এ ফেব্রুয়ারি সরকারি চিকিৎসকগণ গণছুটি নেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন। আপৎকালীন বিভাগসহ সরকারি সমস্ত হাসপাতালের বহির্বিভাগ, অন্তর্বিভাগের সবরকম কাজকর্ম থেকে ডাক্তারেরা বিরত থাকবেন বলে ঘোষণা করেছেন। এই সিদ্ধান্ত

কার্যকর হলে যে সব রোগী হাসপাতালগুলিতে ভর্তি হয়ে আছেন কিম্বা পীড়িত হয়ে চিকিৎসার উদ্দেশ্যে হাসপাতালে এইদিন আসবেন তাঁরা কেউই চিকিৎসকের সাহায্য, পরামর্শ, ব্যবস্থাপত্র, ঔষধ বা সেবা পাবেন না, এসবের অভাবে অনেকের মৃত্যুর আশঙ্কাও দেখা দিতে পারে। হেল্‌থ সার্ভিস এসোসিয়েশনের এই সিদ্ধান্তে সরকার মাননীয় সকল সদস্যের মতোই স্বাভাবিকভাবেই ভীষণ উদ্বিগ্ন হয়েছেন এবং গত কয়েকদিন ধরেই এসোসিয়েশনের প্রতিনিধিদের সঙ্গে বারবার আলোচনায় বসেছেন, যাতে এই ভয়াবহ পরিস্থিতির মধ্যে পীড়িত অসহায় মানুষগুলি না পড়েন। দুঃখের বিষয় এখন পর্যন্ত মীমাংসার উপায় নিশ্চিত করা সম্ভব হয়নি। সরকারি সকল স্তরে আলোচনা এখনও চালিয়ে যাওয়া হচ্ছে এবং উভয়পক্ষের সদিচ্ছার ভিত্তিতে শেষ মুহূর্ত পর্যন্ত এ সম্পর্কে একটা মীমাংসাসূত্র খুঁজে বার করার জন্য চেষ্টা করতে সরকার আগ্রহী।

এসোসিয়েশন বলেছেন তাঁদের দীর্ঘদিনের দাবিদাওয়া সম্পর্কে সরকারি ঔদাসীন্যই নাকি তাঁদের এই সিদ্ধান্ত গ্রহণে বাধ্য করেছে। গত মার্চ মাস থেকে এসোসিয়েশনের প্রদত্ত দাবিপত্র পাওয়ার পর স্বাস্থ্যদপ্তরে কিন্তু প্রত্যেকটি বিষয় পরীক্ষা করা হয়েছে, সম্ভাব্য ক্ষেত্রে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হয়েছে এবং যে সব বিষয়গুলি মেনে নেওয়া যায়নি সে সম্বন্ধেও সরকার পক্ষের যুক্তিগুলি বিবেচনার জন্য এসোসিয়েশনের কর্মকর্তাদের জানানো হয়েছে। দাবিপত্রের প্রধান বিষয়গুলি হ'ল,—

১) সরকারি হাসপাতালগুলিতে বহিরাগত ব্যক্তিদের গুন্ডামি ও উচ্ছৃঙ্খলতা দমন।

২) স্বাস্থ্য দপ্তরে ও অধিকর্তার অফিসে প্রশাসনিক উচ্চ পদগুলিতে কেবল চিকিৎসকদেরই নিয়োগ।

৩) ইন্ডিয়ান মেডিকেল এসোসিয়েশনের সুপারিশমতো সরকারি ডাক্তারদের বেতনক্রম নির্ধারন।

৪) অবিলম্বে সরকারি ডাক্তারদের মধ্য থেকে পৃথক এক নন্‌-প্রাকটিসিং শিক্ষক—চিকিৎসক শ্রেণী গঠন।

৫) সরকারি চিকিৎসকদের ক্ষেত্রে বিভাগীয় প্রধানদের দেয় বাৎসরিক গোপনীয় রিপোর্ট দেওয়ার রীতির অবসান।

৬) ডাক্তারদের উপর হামলা ও গুন্ডামি সম্পর্কে স্বাস্থ্য দপ্তরের গঠিত সাবকমিটির সমস্ত সুপারিশ অবিলম্বে কার্যকর করা।

৭) গ্রামীণ জনস্বাস্থ্য ও চিকিৎসা ব্যবস্থা বিষয়ে নীতি হিসাবে নিম্নলিখিত দাবিগুলি মেনে নেওয়া ঃ-

(ক) সকল মেডিকেল গ্র্যাজুয়েটেরই নিয়োগ যোগ্যতা স্বীকার করে নেওয়া এবং পোস্টগ্র্যাজুয়েট উত্তীর্ন ডাক্তারদের পল্লী অঞ্চলে নিয়োগ না করা।

(খ) ইন্টার্ন ও হাউস স্টাফদের বাধ্যতামূলকভাবে গ্রামাঞ্চলে কাজ করা।

(গ) ডাক্তারদের অপছন্দ মতো জায়গায় প্রথম নিযুক্তি ও উপযুক্ত প্রশিক্ষণের জন্য জেলা হাসপাতাল বা কলেজ হাসপাতালে নিযুক্তি।

(ঘ) প্রত্যেক স্বাস্থ্যকেন্দ্রে যেখানেই রোগীদের জন্য শয্যা আছে সেখানেই কমপক্ষে চারজন ডাক্তার নিয়োগ।

(ঙ) সরকারি ডাক্তারদের জন্য সপ্তাহে অনধিক ৪০ ঘন্টা কাজ করার বিধি চালু করা।

(চ) গ্রামাঞ্চলে থাকার জন্য অতিরিক্ত ২০০্ টাকা মাসিক ভাতা মঞ্জুর।

(ছ) স্বাস্থ্যকেন্দ্রের ডাক্তারদের কাজের সময়ের বাইরে প্রাইভেট প্র্যাকটিস করার সুযোগ।

(জ) পোস্ট গ্র্যাজুয়েট করবার অনুমতি দেবার আগে অন্তত ৩ বছরের গ্রামাঞ্চলে চাকরির অভিজ্ঞতা সকলের ক্ষেত্রে বাধ্যতামূলক করা।

(ঝ) স্বাস্থ্যকেন্দ্রগুলিতে নিযুক্ত ডাক্তারদের নিরাপত্তা ও জীবনধারণের সাধারণ মান উন্নয়নের ব্যবস্থা।

(ঞ) স্বাস্থ্যকেন্দ্রের প্রধান চিকিৎসককে অধিকতর আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা দান।

(ত) গ্রামাঞ্চলের স্বাস্থ্যকেন্দ্রের জন্য আরও সাহায্যকারী কর্মচারী সর্বস্তরে বাড়ানো।

(থ) পদন্নোতির ক্ষেত্রে গ্রামাঞ্চলে নিযুক্তির মেয়াদ বিবেচনা করা।

(দ) সম্প্রতি চালু করা ৩ বছরের কমিউনিটি মেডিক্যাল সার্ভিস কোর্স বন্ধ করা।

মাননীয় সদস্যগণ নিশ্চয়ই অনুধাবন করবেন যে এই দাবিগুলির প্রত্যেকটিই এখনই মেনে নেওয়া সরকারের পক্ষে সম্ভবপর নয়। কেননা এর অনেকগুলি বিষয়ই সরকারের আর্থিক সঙ্গতি, বিভিন্ন দপ্তরের ঐক্যমত, প্রশাসনিক যৌক্তিকতার ওপর নির্ভর করে। তবুও নানা স্তরে অনেকবার আলোচনা করে আমরা যতগুলি বিষয়ে সম্ভব সাধ্যমতো ব্যবস্থা গ্রহণ করেছি। আরও অনেকগুলি বিষয়েও বিভিন্ন দপ্তরের সঙ্গে যোগাযোগ করে দেখা হচ্ছে দাবিগুলির কতটা আমরা মেনে নিতে পারি। কিন্তু এমন কয়েকটি বিষয় আছে যেখানে সরকারের বহু পরীক্ষা নিরীক্ষার পর অনেক চিন্তাভাবনা আলোচনা করেই একটা নীতি অনুযায়ী কাজ হাতে নেওয়া হয়েছে, যা থেকে পিছিয়ে আসা সরকারের পক্ষে এখন সম্ভব

নয়। সরকারি চিকিৎসকদের উল্লিখিত দাবিগুলির পরিপ্রেক্ষিতে আমরা যে যে ব্যবস্থা ইতিমধ্যেই কার্যকর করেছি তার বিবরণ মাননীয় সদস্যগণের অবগতির জন্য নিবেদন করছি ঃ-

(১) উপযুক্ত ১১৯৪টি ক্ষেত্রে ১৯৭৯ সাল পর্যন্ত প্রাপ্যক্ষেত্রে পদোন্নতি ও তদজনিত বেতনবৃদ্ধি মঞ্জুর করা হয়েছে। এ কাজ ১৯৭২ সাল থেকে একরকম পড়েই ছিল।

(২) শিক্ষকতার পদ নির্দ্ধারণ ব্যাপারে ৫৫২ জন শিক্ষকদের উন্নতি হয়েছে, ৩৫৭ জন চিকিৎসক শিক্ষকদের জন্য তালিকাভুক্ত হয়েছে যার মধ্যে ২২০ জন ইতিমধ্যেই যথাযোগ্য পদে নিযুক্ত হয়েছেন।

(৩) ইন্টার্ন ও হাউস স্টাফদের প্রাপ্য বৃত্তি উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করা হয়েছে।

(৪) সরকারি চিকিৎসদের নিযুক্তিকালীন পোস্ট গ্র্যাজুয়েট ট্রেনিং-এর সময় মহিলা ছাড়াও অতিরিক্ত বৃত্তি মঞ্জুর করা হয়েছে।

(৫) এম. সি. আই. সুপারিশ অনুযায়ী ৫টি মেডিক্যাল কলেজে নতুন করে চিকিৎসকদের শ্রেণী বিন্যাস করা হয়েছে যার ফলে এই কলেজগুলিতে চিকিৎসকের পদের সংখ্যা আরও ৪৫২ বাড়ানো হয়েছে।

(৬) মামলা সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ডাক্তারী পরীক্ষার (পোস্ট মর্টাম এক্‌জামিনেশন)-এর জন্য প্রতি ক্ষেত্রে ২৫৲ টাকা পারিশ্রমিকের ব্যবস্থা করা হয়েছে।

(৭) চিকিৎসক-বিশেষজ্ঞদের জন্য বিশেষ পুল গঠন করা হয়েছে যার ফলে এই বিশেষজ্ঞদের প্রত্যেকে অতিরিক্ত ৫০৲ টাকা পারিশ্রমিক পান। ১০০৯ জন চিকিৎসক এই সুবিধা পাচ্ছেন।

(৮) গ্রামাঞ্চলে নিযুক্তিকালীন চিকিৎসকদের অতিরিক্ত পারিশ্রমিক ২০০৲ থেকে ২৫০৲ টাকা পর্যন্ত দেওয়ার প্রস্তাব রয়েছে কিন্তু বেতন কমিশনের রায়ের পরিপ্রেক্ষিতে কার্যকর করা সময় সাপেক্ষ।

(৯) পি. এস্. সি. অনুমোদিত ১১৩৬ ও অ্যাড-হক্ ৬৩০ জন চিকিৎসককে নিয়োগ পত্র দেওয়া হয়েছে।

মাননীয় সদস্যগণ উপলব্ধি করবেন সরকারি চিকিৎসকদের সব দাবি মেনে নেওয়া বা না-নেওয়া কেবল একটি দপ্তরের সহানুভূতি বা সুবিধার ওপরই নির্ভর করে না কেন না সীমিত আর্থিক সঙ্গতির সামঞ্জস্যপূর্ণ বন্টন এবং সরকারের জনকল্যানমূলক নানা প্রকল্প সম্বন্ধে একটি সামগ্রিক নীতি অনুযায়ীই বিশেষ শ্রেণীর সরকারি কর্মচারিদের চাহিদা পূরণ করা যায়। কিন্তু কোনও কোনও ক্ষেত্রে বিশেষ দাবি গ্রহণ না করার অর্থ নিশ্চয়ই উপেক্ষা বা ঔদাসীন্য নয়। প্রশাসনিক কাঠামোয় দপ্তরের সকল মর্যাদাপূর্ণ পদেও একদিনেই চিকিৎসকদের

নিয়োগ করা যায় না—পর্যায়ক্রমে সেই কার্যক্রম সম্পূর্ণ করতে সময় লাগে। কিন্তু আমরা দুঃখের সঙ্গে লক্ষ্য করছি সরকার পক্ষের এই সহজবোধ্য যুক্তিগুলির কোনটিতেই কর্ণপাত না করে এই বিপজ্জনক গণছুটির ডাক দেওয়া হয়েছে এবং বিভ্রান্তিমূলক ব্যাপক প্রচার-কার্য চালানো হচ্ছে। সরকারি চিকিৎসা ব্যবস্থার যে অপ্রতুল আলোচনা আমরা দরিদ্র জনসাধারণের জন্যে হাসপাতালগুলিতে কোনওমতে চালিয়ে যাচ্ছি সরকারি চিকিৎসকদের একতরফা আন্দোলনের ফলে তা একদিনেই সম্পূর্ণ বিপর্যস্ত হবার আশঙ্কা দেখা দিয়েছে, এবং অসহায় পীড়িত হাজার হাজার মানুষ এক সর্বনাশা পরিনামের মুখোমুখি দাঁড়িয়ে নির্বাক প্রার্থনায় সকলের দিকে তাকিয়ে আছেন। ন্যায়সঙ্গত দাবি-দাওয়ার মীমাংসাকল্পে সকল স্তরে সহানুভূতি ও সদিচ্ছা নিয়ে আলোচনা চালিয়ে যেতে আমরা এখনও আগ্রহী। কিন্তু প্রশাসনের নানা আর্থিক ও নীতিগত অসুবিধাগুলিও আন্দোলনকারিদের বিচার করে দেখতে হবে এবং ধৈর্যের সঙ্গে কোন কোন ক্ষেত্রে অপেক্ষা করতে হবে। পরিশেষে সরকারি হাসপাতালগুলিতে, রোগীদের সেবা, চিকিৎসা, পথ্য ইত্যাদির ব্যবস্থা, আপৎকালীন ও বহির্বিভাগের কাজকর্ম যাতে কোনক্রমে বিঘ্নিত না হয় তৎজন্য সরকারি চিকিৎসকদের প্রত্যোকের কাছে আবার আবেদন করছি।

[3-55 – 4-05 p.m.]

**শ্রী বিশ্বনাথ মুখার্জি ঃ** মাননীয় স্পিকার মহাশয়, মন্ত্রী মহাশয় যে বিবৃতি দিলেন এটা আমাদের কাছে সার্কুলেট করা হবে না?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** আমি খুব তাড়াতাড়ি এই স্টেটমেন্টটা তৈরি করেছি বলে আজই আপনাদের কাছে এর কপি দিতে পারছি না। আমি আশাকরি কাল বা আগামী সোমবার আপনাদের এর কপি দিতে পারব।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি একটা আবেদন আপনার মাধ্যমে রাখতে চাই। চিকিৎসকদের আন্দোলন সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয় যে বক্তব্য এখানে রাখলেন তাতে তাঁর বিবৃতির মধ্যে একটা জায়গায় দেখলাম এই সমস্যা সমাধানের ক্ষেত্রে তাঁর দপ্তরের সীমাবদ্ধতার কথা তিনি বলেছেন। চিকিৎসকদের আন্দোলন আজকে যে পর্যায়ে গেছে তাতে তিনি উদ্বেগ প্রকাশ করে বলেছেন যে, মানুষদের একটা সঙ্কটজনক অবস্থায় পড়তে হবে। এই পরিপ্রেক্ষিতে আমি আবেদন করছি, প্রয়োজনবোধে মুখ্যমন্ত্রী এই বিষয়ে হস্তক্ষেপ করে এর মীমাংসা করার চেষ্টা করুন এবং এই সমস্যাকে যুদ্ধকালীন অবস্থা হিসেবে মনে করে এর সমাধানের ব্যবস্থা করুন।

## DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

**শ্রী সুনীলবসু রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপাল মহাশয়ের ভাষণের উপর শ্রী অশোক বসু মহাশয় যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করে এবং

তার উপর যে সমস্ত কাটমোশন-এর তালিকা আজকে প্রচারিত হয়েছে সেই সমস্তের বিরোধিতা করে, কয়েকটি বিষয়ে বক্তব্য আমি আপনার মাধ্যমে পেশ করতে চাই। মহামান্য রাজ্যপাল মহাশয় যে ভাষণ রেখেছেন, সেই ভাষণ সম্পর্কে বিরোধী পক্ষের সদস্যরা যে বক্তৃতা রেখেছেন, সেই বক্তৃতা আমি শুনেছি। কিন্তু এই সমস্ত বক্তৃতাগুলির মধ্যে কোনও মৌলিক কথা বলেননি বা কোনওরকম পরামর্শ রাখেননি, যার মধ্য দিয়ে আমরা উপকৃত হতে পারি। এই সংশোধনগুলির মধ্যে এমন সংশোধনও আনা হয়েছে, কিভাবে আনা হল আমি জানিনা, যেমন দেবপ্রসাদ সরকার মহাশয় তাঁর সংশোধনী প্রস্তাবে বলেছেন—কেন্দ্রীয় সরকারের সহায়তায় রাজ্য সরকার, এটা প্রশাসনিক বিধির ব্যাপার, কি রকমে এই ধরণের কথা আনা যায়? যেটা অবাস্তব, বাস্তবের সঙ্গে যার কোনও সম্পর্ক নাই সেটা কি আনা যায়, সেটা বিবেচনা করে দেখার জন্য অনুরোধ করছি। মাননীয় বিরোধীপক্ষের সদস্যরা যে বক্তব্য রেখেছেন, তার মধ্যে তাঁদের কেউ কেউ উদ্বেগ প্রকাশ করেছেন, যেমন জনতা সদস্যরা স্বৈরতন্ত্রের আবির্ভাব সম্পর্কে বলেছেন। সে সম্পর্কে আমাদেরও তাঁদের সাথে কোনও বিরোধিতা নাই। কিন্তু রাজ্য সরকারের এক বছরের কাজের যে বিবরণ দিয়েছেন এবং আগামী দিনে সমস্ত জনজীবন যাতে আর সুন্দর ও সুখী করে গড়ে তোলার জন্য যৌথভাবে সহযোগিতা করার জন্য রাজ্যপাল যে আহ্বান জানিয়েছেন, সে সম্বন্ধে বিরোধীপক্ষের কোনও সদস্য কোনও কথা বলেননি। সম্ভবত তাঁরা সেই জিনিস চাননা। ইন্দিরা কংগ্রেসের সদস্যরা ঘড়ির কাঁটা পিছিয়ে দিতে চান, সেজন্য রাজ্যপালের ভাষণের ৩৬ নম্বর অনুচ্ছেদের উপর তাঁরা লক্ষ্য দেননি। কিন্তু তাঁরা যে বক্তব্য রেখেছেন এবং তাঁদের বক্তব্যের মধ্য দিয়ে যে বিষয়ের প্রতি তিনি দৃষ্টি আকর্ষন করার চেষ্টা করেছেন, সেটা হল—রাজ্য সরকারের শিক্ষানীতি, এই শিক্ষানীতি এবং শিক্ষা প্রতিষ্ঠান-এর প্রতি তাঁরা দৃষ্টি আকর্ষন করেছেন, আর করেছেন আইন শৃঙ্খলার প্রতি। বলেছেন রাজ্যের অবস্থা খারাপ। আজকে সংবাদপত্রে দেখলাম ইন্দিরা কংগ্রেসের লোকেরা লোকসভাতেই এইরকম ধরনের একটা প্রস্তাব আনার চেষ্টা করছেন যে পশ্চিমবাংলায় কোনও স্বাভাবিক অবস্থা বিদ্যমান নেই।

**(শ্রী রজনীকান্ত দলুইঃ আছে নাকি?)**

আছে বলেইতো বসে আছেন। তারপরে তাঁরা বলেছেন এখানে কোনও কিছু বিকাশের কর্মসূচি নেই। **(নয়েজ)** . . . . . . আমি প্রথমে শিক্ষা নিয়ে কয়েকটি কথা বলতে চাই। শিক্ষা প্রসঙ্গে বিরোধী পক্ষের সদস্যরা বলেছেন যে আমরা নাকি বামফ্রন্ট সরকার এর শিক্ষামন্ত্রীরা নাকি ইংরেজি ভাষাকে তুলে দিতে চাইছেন। এবং তাঁরা এমন একটা পরিবর্তন আনতে চাইছেন, যে পরিবর্তনের কথা কেউ ইতিপূর্বে চিন্তাও করেননি, যে পরিবর্তনের কথা শোনেননি কখনও। এই ধরনের ব্যাপার তাহলে পর যদি কার্যকরী হয়, পশ্চিমবাংলা নাকি রসাতলে যাবে। তাঁদের এই সমালোচনা বাস্তবের সঙ্গে কোনও সম্পর্ক নাই। আমরা যদি আমাদের স্বাভাবিক চেতনা না হারাই, আমরা যদি যে সাধারণ ঘটনা দেশে ঘটছে, এই রাজ্যে ঘটছে গত কয়েক বছর ধরে, স্বাধীনতার পরবর্তী কয়েক বছরগুলি যে ধরনের ঘটনা ঘটেছে,

সেগুলি যদি ভুলে না যাই, তাহলে তাঁরা নিশ্চয়ই একমত হবেন যে বিগত ৩০ বছরের মধ্যে পশ্চিমবাংলার শিক্ষা ব্যবস্থার পরিবর্তন করার জন্য অনেক প্রয়াস এবং প্রচেষ্টা হয়েছে এবং সেই প্রয়াস ও প্রচেষ্টাতে কংগ্রেসি প্রাক্তন সরকারগুলির ভূমিকা খুব ছোট নয়। তাঁরা কি তাঁদের দায়িত্ব অস্বীকার করতে চান? আজকে প্রাক্তন মন্ত্রীদের অনেকে উপস্থিত আছেন, আজকে তাহলে তাঁদের বলত যে সেই সমস্ত কাজের দায়িত্ব তাঁরা নিচ্ছেন না এবং যা করেছেন, সেগুলি ভুল করেছেন। বলা হচ্ছে যে কোনও রকম প্রচেষ্টা এর আগে হয়নি এই সর্ব প্রথম হচ্ছে। দেখা যাচ্ছে যে ১৯৪৮ সালে বিদ্যালয়ের বিভিন্ন স্তরে সার্বিক সংস্কারের জন্য তৎকালীন শিক্ষামন্ত্রী রায় শ্রী হরেন চৌধুরী মহাশয়ের সভাপতিত্বে স্কুল এডুকেশন কমিটি গঠিত হয়েছিল। এই কমিটি ১৯৫০ সালে কিছু কিছু ব্যবস্থার সুপারিশ করেন। প্রাথমিক স্তরে বুনিয়াদি পাঠক্রম প্রবর্তিত হয় এবং এর পরে ১৯৭১ সালে প্রাথমিক স্তরে প্রথম এবং দ্বিতীয় শ্রেণীতে কি পড়ানো হবে সে সম্পর্কে তদানীন্তন কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রী যিনি পশ্চিমবাংলার দায়িত্বে ছিলেন যেহেতু তখন রাষ্ট্রপতি শাসন ছিল, তিনি একটা সার্কুলার প্রচার করেন ২৫এ জানুয়ারি ১৯৭১ সালে সেই সার্কুলারে বলা হয়, সরকারকে জানানো হয় যে রবীন্দ্রনাথ ঠাকুরের সহজপাঠ প্রথম এবং দ্বিতীয় শ্রেণীর জন্য এবং অন্যান্য সমস্ত বাংলা ছবি ও ছড়ার বই-এর অনুমোদন শিক্ষা দপ্তর ১৯৬৯ সালে ২০এ নভেম্বর দুটি ঘোষণা পত্রে তুলে নেওয়া হলো। বাংলা বর্ণ সম্পর্কে অপর্যাপ্ত জ্ঞান সম্পন্ন অনেক ছাত্রছাত্রী সহজভাবে সহজ পাঠ অনুসরণ করতে অসুবিধা ভোগ করছে। এই ফাঁক পূরণের জন্য সিদ্ধার্থবাবু বর্ণ পরিচয় প্রবর্তনের সুপারিশ করেন এবং বর্ণ পরিচয়ের প্রথম ও দ্বিতীয় ভাগ প্রথম ও দ্বিতীয় শ্রেণীতে প্রবর্তন করা হয়। এটা কিন্তু সি পি এম-এর নয় বামফ্রন্ট সরকার বা যুক্তফ্রন্ট সরকারের জন্য নয়। তাহলে পরিবর্তনের প্রয়োজনীয়তা আছে। এখন ঐ সহজ পাঠের যে সর্বভারতীয় সংস্করণ সেখানে দেখা যায় যে তিনি এই কথা বলেছেন এই বই বর্ণ পরিচয়ের পর পড়ানো যেতে পারে। তাহলে এখানে একটি জিনিস হচ্ছে শিশুরা পড়ছে এবং পড়তে গিয়ে অসুবিধা হচ্ছে সেই অসুবিধা দূর করার জন্য যদি কোনও ব্যবস্থার কথা যদি চিন্তা করা হয় যদি কোনও ব্যবস্থা গ্রহণ করা হয় তাহলে সেটা আপত্তিকর। ১৯৭১ সালের সার্কুলার সেই ব্যবস্থার আমরা বিরোধী কারণ শিশুদের শিক্ষার প্রশ্ন শিশুরা যেটা বুঝতে পারবেন অভিজ্ঞতার ভিতর দিয়ে যেটা দেখা যাচ্ছে সেটাকে যদি পরিবর্তন করার প্রয়োজন হয় এবং সেই পরিবর্তন যদি আলাপ আলোচনা পরামর্শ করে করা হয় তাহলে অপরাধটা কোথায়। আমাদের শিক্ষাবিদ মাননীয় সদস্যদের মধ্যে যারা আছেন আমাদের বাইরে যে শিক্ষাবিদ আছেন এই পরিবর্তনটা তো অনেকেই বলে থাকেন। আমাদের শ্রদ্ধেয় ঐতিহাসিক রমেশ মজুমদার মহাশয়ের ইতিহাসের ক্ষেত্রে ডাঃ সুরেন সেনের সঙ্গে মত পার্থক্য আছে। ডাঃ সুরেন সেনের রামায়নের ব্যাখ্যা নিয়ে অনেক মত পার্থক্য আছে সুনীতি চ্যাটার্জি এবং তাঁর মত এক এবং ডাঃ সুকুমার সেন-এর যে বই প্রকাশিত হলো তাতে তিনি বলেছেন যে যারা সংরক্ষণশীল এই মত যদি তাদের ব্যাথা দেয় তাহলে আমার বই পড়বেন না। একটা পরিবর্তনের প্রয়োজন ছিল। আমাদের দেশে তো অস্বীকৃত নয়। একথা আমাদের দেশের

বুদ্ধিজীবী সমাজে তাদের মধ্যে এটা অস্বীকৃত নয়। যদি অস্বীকৃত হতো তাহলে আমরা আজকে আদিবাসী যুগে থাকতাম বেরোতে পারতাম না সংস্কৃতের যুগে থাকতাম বেরোতে পারতাম না আজকে বাংলা ভাষা আজকে বাংলা ভাষায় পরিণত হতে পারত না। তাহলে পরিবর্তন হবার প্রয়োজন এবং এই পরিবর্তন করার জন্য বিগত সরকারগুলিও প্রয়োজনীয়তা অনুভব করেছিলেন। ১৯৭৩ সালে একটা কমিটি গঠন করা হয়েছিল যে কমিটি প্রাথমিক [illegible] গুলি সম্পর্কে চিন্তা-ভাবনা একটা সিদ্ধান্ত গ্রহণ করুন।

কিন্তু তারা ১৯৭৪ সাল থেকে ১৯৭৬ সালের মধ্যে করেননি। ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পরে এই কাজ গ্রহণ করার দায়িত্ব নেন এবং হিমাংশু বিমল মজুমদারের সভাপতিত্বে যে কমিটি গঠিত হয়েছিল সেই কমিটিকে সম্প্রসারিত করে ২৩ জন সদস্যের একটি কমিটি করে তার মধ্যে পশ্চিমবাংলার প্রাথমিক শিক্ষার পঠন-পাঠন ব্যবস্থার সাথে যারা সংশ্লিষ্ট এইরকম চেয়ারম্যান, ব্যক্তিদের অন্তর্ভুক্ত করা হয়। সেই কমিটির সিদ্ধান্ত নিয়ে আজকে তুলকালাম করা হচ্ছে, সেই সিদ্ধান্তগুলিকে নিয়ে এত ঘটনা ঘটানো হচ্ছে। ওদের সিদ্ধান্তে কি বলা হয়েছে? সিদ্ধান্তে বলা হয়েছে প্রাথমিক স্তরের গোড়া থেকে প্রথম থেকে ৫ম অবধি যে পাঠ্যক্রম রচিত হবে সেই পাঠ্যক্রমের সাথে সামঞ্জস্যপূর্ণ মাধ্যমিক স্তরের পাঠ্যক্রমও যেন রচিত হয়, যাতে করে পুরানো ১০।১১।১২ ক্লাশের ছেলের যেন অসুবিধা না হয়। পুরানো নিয়মে যে পড়েছে হঠাৎ পরিবর্তনের ফলে নতুন পাঠ্যক্রমের সঙ্গে সামঞ্জস্য রাখতে পারে না, তার ফলে খেই হারিয়ে ফেলে। সঠিক ভাবেই বলেছেন। সমগ্র পাঠ্যক্রমের মধ্যে প্রাথমিক থেকে শুরু করে উচ্চ স্তর পর্যন্ত যদি সামঞ্জস্য না থাকে তাহলে শিক্ষা ব্যবস্থা সম্পূর্ণ ভঙ্গ হতে বাধ্য। আর স্বাভাবিক চিন্তা বুদ্ধি বিকাশে সাহায্য করতে পারে না, এগিয়ে যেতে বাধা দেয়। তাহলে কে কি শিখবে? এর থেকে আর একটা প্রশ্ন আসছে—ইংরাজ আমলে শিক্ষা ব্যবস্থার একটা পদ্ধতি ছিল। তার বিরুদ্ধে আমরা সংগ্রাম করেছি। একথা ইংরেজ বিশ্ববিদ্যালয়ের শিক্ষাকে অস্বীকার করার জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় স্থাপন করেছিলাম এবং সেই জাতীয় বিশ্ববিদ্যালয়ের ধারায় যাদবপুর বিশ্ববিদ্যালয় এসেছে। কাজেই একটা বিকল্প শিক্ষা ব্যবস্থা জাতির প্রয়োজন, ভবিষ্যৎ বংশধরদের প্রয়োজনে দরকার। যাকে পরিবর্তন করা হয়েছে প্রয়োজনে সেই শিক্ষা ব্যবস্থার জন্য জাতীয় উন্নয়নের স্বার্থে সম্পূর্ণভাবে সামঞ্জস্যপূর্ণভাবে সেই চিন্তা ধারাকে অনুস্মরণ করে বামফ্রন্ট সরকার চলেছে। এটাকে অস্বীকার করা যায় না, এখানে গোঁজামিল দেওয়া যায় না। মানসিক বিকাশের দিকগুলি হল, দেহ, মন, জ্ঞান কর্ম, অনুভূতি। এর সঙ্গে সামঞ্জস্যপূর্ণভাবে সংগতি রেখে প্রাথমিক স্তর থেকে শিক্ষা ব্যবস্থা গড়ে তুলতে হবে। আজকে আমরা সবাই একমত যে সমাজ গড়ে উঠেছে মানুষের শ্রমের ভিত্তিতে। সুতরাং সেই শ্রমের দ্বারা সৃষ্ট সম্পদের সদ্ব্যবহার করতে হবে, মাননীয় বিরোধী দলের নেতা শ্রদ্ধেয় কাশীকান্ত মৈত্র মহাশয় নিশ্চয় এই বিষয়ে আমাদের সাথে একমত হবেন। কারণ তিনি মার্ক্সবাদের ব্যাখ্যা পড়েছেন, বইও লিখেছেন। সেই শ্রমের সম্পদ কে আহরণ করছে? স্বাধীনতার ৩০ বছর পরে এতগুলি

পরিকল্পনা সত্ত্বেও সম্পদ এক জায়গায় কেন্দ্রীভূত হয়েছে। ৭০ ভাগ মানুষ আজকে দরিদ্র, নিপীড়িত। গোটা সমাজ ব্যবস্থা ভেঙ্গে পড়ছে। কেন পিতার দরিদ্র শিশু সন্তান প্রাথমিক শিক্ষা আদায় করতে পারছে না, এই প্রশ্নের উত্তর জানতে হবে। এই প্রশ্ন শিশু আজকে অনুভব করছে। গরু চরানোর রাখালের মনেও আজকে এই প্রশ্ন জেগে উঠছে। সেই প্রশ্নের উত্তর কে দেবে? সমাজের মধ্যে, পরিবারের মধ্যে, জীবনের মধ্যে নাভিশ্বাস উঠেছে। এক একটি পরিবার আত্মহত্যা করছে। এর থেকে শিশুদেরও রেহাই নেই। আজকে শ্রেণী বিভক্ত সমাজে গরিব সাধারণ মানুষের শিশুরা প্রতিনিয়তই ক্ষতিগ্রস্ত হচ্ছে। ওদের মানসিকতা প্রতি নিয়তই ক্ষতবিক্ষত হচ্ছে। তাই শিক্ষা ব্যবস্থার মধ্য দিয়ে এই পরিবর্তন হবে কিনা—যদি এই ধারণা গড়ে উঠে—এই পৃথিবী যেমন পরিবর্তিত হয়েছে—ভারতবর্ষের বর্তমান সমাজ ব্যবস্থা আগে ছিল না, একটা বিবর্তনের ভিতর দিয়ে পরিবর্তনের মধ্য দিয়ে এই অবস্থায় এসেছে। সুতরাং মানুষ চেষ্টা করে আগামীদিনে আজকের এই অবস্থাকে পরিবর্তন করতে পারে।

[4-15 – 4-25 p.m.]

এই যে গতিশীল সমাজব্যবস্থা, এই যে গতিশীল মানুষের জীবন এ সম্পর্কে যদি আমরা একটা ধারণা পাঠক্রমের ভেতর দিয়ে গড়ে তুলি তাহলে আপত্তিটা কোথায়, অপরাধটা কোথায়? আমাদের যে শিক্ষা ব্যবস্থা ছিল তাতে আমরা আগে ভারতবর্ষের লোক হয়েও পড়তাম ইংল্যান্ডের ইতিহাস। তখন ইংল্যান্ড, গ্রিক, জার্মান ইতিহাস না পড়লে পাশ করতে পারতাম না। এখন নিশ্চয় সেটা উচ্চশিক্ষার ক্ষেত্রে পঠনীয় হতে পারে কিন্তু প্রাথমিক বা মাধ্যমিক স্তরে আগে আমার নিজের দেশকে জানতে হবে যে পরিবেশে আমি বাস করি সেই পরিবেশকে বা গ্রাম, জেলা শহরকে আগে জানতে হবে। কাজেই পাঠক্রমের মধ্যে এই পরিবর্তনগুলি অত্যন্ত বাঞ্ছনীয়, এগুলি আসা উচিত। এ ক্ষেত্রে কমিটির সুপারিশ গ্রহণ করে বামফ্রন্ট সরকার যুগের সঙ্গে তাল মিলিয়ে চলবার চেষ্টা করছেন এবং একটি প্রশংসনীয় কাজই করেছেন। পরিবর্তনের বিরোধিতা কোনও বুদ্ধিমানের কাজ নয়। পরিবর্তনের বিরুদ্ধে দাঁড়ানো মানে যুগের বিরুদ্ধে দাঁড়ানো, ভবিষ্যত বংশধরদের বিকাশের বিরুদ্ধে দাঁড়ানো, আশা করি এই অপরাধ করা থেকে সবাই বিরত থাকবেন। তারপর কি শেখানো হবে বা পড়ানো হবে তা নিয়ে বিতর্ক হচ্ছে। আমি জানি না অন্য কোনও দেশে এই নিয়ে বিতর্ক হয় কিনা কিন্তু আমাদের দুর্ভাগ্য আমাদের দেশে এই নিয়ে বিতর্ক হচ্ছে যে ইংরাজি না হলে আমরা লেখাপড়া শিখতে পারব না। আমাদের জাতীয় আন্দোলন ঐতিহ্যের ইতিহাস কিন্তু সেকথা বলে না। যদি চিন্তা ক্ষেত্রে, মননের ক্ষেত্রে, অনুশীলনের সাবলম্বী হতে হয় তাহলে একটা জাতি তখনই তা পারে যখন সে তার নিজের ভাষায় তা করতে পারে। এখানে কোনও আপত্তি থাকতে পারে না। প্রথম দিকে অনেকে শুধু বলতেন ইংরাজির কথা, পরবর্তীকালে দেওয়াল লিখনে ইংরাজির আগে মাতৃভাষাটা যুক্ত করেছেন। যাঁরা নিজেদের সংশোধন করেছেন, আত্মসমালোচনা করেছেন তাঁদের আমি তারজন্য ধন্যবাদ জানাচ্ছি। তাহলে মাতৃভাষাটা বাদ দিতে পারছি না। কিন্তু ইংরাজিটা বাদ দেবার কথা কোথায় হচ্ছে? ইংরাজিকে বাদ দেবার

যে প্রশ্নটা নিয়ে তুলকালাম হচ্ছে কোথাও তো কমিটি সে কথা বলেননি। আগে কোনওদিনই প্রথম শ্রেণী থেকে ইংরাজি প্রচলিত ছিল না, ছিল তৃতীয় শ্রেণী থেকে। পশ্চিমবঙ্গ সরকারের পাঠ্যপুস্তকের যে তালিকা বিভিন্ন পত্রপত্রিকায় প্রকাশিত হয়েছে তার থেকে দেখতে পাচ্ছি প্রথম এবং দ্বিতীয় শ্রেণীতে কোনও ইংরাজি বই-এর নাম নেই, সেখানে পিকক রিডারের নাম আছে তৃতীয়, চতুর্থ এবং পঞ্চম শ্রেণীতে। এখানে একটি পরিবর্তন আসছে, এখানে ষষ্ঠ শ্রেণী থেকে এটা প্রস্তাব করা হয়েছে এবং এটা আনুষাঙ্গিক সমস্ত ব্যবস্থা করেই করা হবে। এই ব্যবস্থাটা কি ভারতবর্ষের শিক্ষাবিদ্‌দের মধ্যে যে প্রচলিত চিন্তাধারা আছে তার ব্যতিক্রম? না, তা তো নয়। শিক্ষা সম্পর্কে কোঠারি কমিশন যে রায় দিয়েছেন, এই সি ই আর টি'র যে প্রস্তাব রয়েছে তার মধ্যেও দেখি তারা প্রাথমিক স্তরে মাতৃভাষার মাধ্যমে শিক্ষা সম্পূর্ণ করার উপর জোর দিয়েছেন। সেখানে ষষ্ঠ শ্রেণী থেকে ইংরাজি শিখলে ভাল হবে বলে সেটার উপর তারা জোর দিয়েছেন। আমরাও তো ইংরাজি শেখাতে চাই। তবে আজকাল যা ইংরাজি শেখানো হয় আমি মাননীয় শিক্ষকমহাশয়দের প্রতি কোনওরকম কটাক্ষ না করেই বলতে চাই যে একেবারে আগাগোড়া ভুল শেখানো হচ্ছে। তাঁরা যা লেখেন তা অনুমোদন করা যায় না। কি করে যে তাঁরা পাশ করেন জানি না। শিক্ষাব্যবস্থাটাকে ওঁরা কোন স্তরে নিয়ে গিয়ে ফেলেছেন? শিক্ষা ব্যবস্থাটা ১৯৭২ থেকে ১৯৭৬ সাল পর্যন্ত কোন স্তরে গিয়ে পড়েছিল? অনার্স নিয়ে পাশ করেছে, সায়েন্স গ্র্যাজুয়েট, ইন্টারভিউ-এ তাকে তিনটি গ্যাসের নাম জিজ্ঞাসা করায় সে উত্তর দিচ্ছে, অনেকদিন আগে পাশ করেছি, ভুলে গিয়েছি। ইংরাজিতেও ভুল। এই ধরনের ভুল শিক্ষা নিয়ে কি লাভ হচ্ছে? আমরা ভুল শিখছি, আমাদের ছেলেরা ভুল শিখছে, পরবর্তীকালের ছেলেরাও ভুল শিখবে—আমরা কি ভুলের মিছিল করব অথবা এখান থেকে প্রত্যাবর্তন করে একটা সুষ্ঠুসম্বিত ফিরে পাব? নিজের পায়ে দাঁড়িয়ে নিজের ভাষায় নিজেকে প্রকাশ করার যোগ্যতা অর্জন করে আমার দেশকে পৃথিবীর মধ্যে একটা সুন্দর দেশ হিসাবে গড়ে তোলার চেষ্টা আমরা কি করব না?

এখানে কমিটি যে প্রস্তাব করেছেন যে প্রথম শ্রেণী নয়, দ্বিতীয় শ্রেণী নয় ষষ্ঠ শ্রেণী থেকে আমরা ইংরাজি শেখাবো এবং প্রথমদিকে সমস্ত বুনিয়াদি পাঠ করা, এই সম্পর্কে চিন্তা করা, একটু ভাবপ্রকাশ করা এবং সেটাকে গ্রহণ করা এই যে প্রাথমিক ক্ষমতা, এই ক্ষমতা অর্জন করার জন্য মাতৃভাষার মাধ্যমে শিক্ষা ব্যবস্থা করা হোক। আমি জানি যে আমাদের দেশে বহু ভাষাভাষী মানুষ রয়েছে। এখানে যে শুধু বাংলা ভাষায় কথা বলে তা নয়। সঞ্জীবচন্দ্র যে কথা বলেছিলেন যে বন্যরা বনে সুন্দর, সেই বলে সুন্দর বন্যরা আজকে স্বাধিকারের জন্য সারা ভারতবর্ষে আন্দোলন করছে। কাজেই সেই বন্য মানুষ যাদেরকে এক সময় আমরা বলতাম, আমাদের বুদ্ধিজীবিরা বলতেন, সেই বন্য মানুষরা মাতৃভাষায় যাতে শিক্ষা পায় সেই চেষ্টাই বামফ্রন্ট সরকার করেছেন। সাঁওতালি ভাষার মর্যাদা প্রতিষ্ঠিত করার জন্য অলচিকি গৃহীত হয়েছে এবং সেটা উন্নত করার ব্যবস্থা করা হচ্ছে এবং সেই বর্ণমালায় বইপত্র লেখার ব্যবস্থা ছাপার ব্যবস্থা হচ্ছে। নেপালী ভাষার বিকাশের জন্য সর্ববিধ চেষ্টা করা

হচ্ছে। এই ধরণের আরও অনেক ক্ষেত্রে আমাদের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এটা আমাদের দায়িত্ব দেশের মানুষের কাছে এবং যে কোনও সভ্য সরকারের কাছে। কাজেই বামফ্রন্ট সরকারের এই কমিটি যে সুপারিশ করেছেন, সেই সুপারিশ গ্রহণ করার মধ্যে দিয়ে আমরা আজকে রাস্তা থেকে দুরে সরে যাচ্ছি না, বাস্তবতাকে কার্যকর করার চেষ্টা করা হচ্ছে। এই কথা কোথাও বলা হয়নি যে দ্বিতীয় ভাষা শিক্ষার প্রয়োজন নেই। এই সব কথা কোথা থেকে আবিষ্কার করেন জানিনা। এসব কথা যদি অন্য কোনও মতলবে বলা হয়ে থাকে তাহলে আলাদা কথা। কিন্তু শিক্ষার প্রশ্ন নিয়ে, শিক্ষার জন্য উদ্বেগ নিয়ে যদি প্রশ্ন করা হয় তাহলে এখানে সুস্পষ্টভাবে ঘোষণা করা যেতে পারে যে আমরা ইংরাজি ভাষা উচ্চস্তরে শেখাব এবং ইংরাজি শেখা উচিত। কিন্তু ভুল ইংরাজি নয়, বস্তির ইংরাজি নয়, পার্ক স্ট্রীটের রাস্তার ইংরাজি উচ্চরিত হয় সেই ইংরাজি নয়। যে ইংরাজি শেখানো হবে, আগামীদিনে ইংরাজির মধ্যে যে পরিবর্তন আসছে সেই পরিবর্তনটাকে আজকের ইংরাজি শেখার মধ্যে দিয়ে আহরণ করতে হবে যদি ইংরাজি ভাষার মধ্যে, ইংরাজি ভাষার অঞ্চলগুলির মধ্যে আমরা চলাচল করতে চাই। কিন্তু চাকুরির জন্য যে কথা বলা হয়েছে সেটা সীমাবদ্ধ। ব্রিটেনে যে নুতন নাগরিক আইন পাশ হয়েছে তাতে আমাদের ভবিষ্যত নেই। আমেরিকাতেও খুব বেশিদিন পারবেন না, অষ্ট্রেলিয়াতেও সেই একই ব্যবস্থা। কাজেই কোথায় যাচ্ছেন? কিসের মরীচিকায় ঘুরছেন? ভারতবর্ষের সমস্ত প্রদেশের লোক, অন্যান্য প্রদেশের লোক তারা কি সেক্সপিয়র হয়ে গেছে নাকি? আমরাতো বিভিন্ন রাজ্যে যাই, শিক্ষিত লোকেদের সঙ্গে কথা বলার সুযোগ হয়। কিন্তু যখন ইংরাজি বাক্যালাপের প্রশ্ন আসে তখন দেখি তারা কি অসহায় বোধ করছেন, আকারে ইঙ্গীতে কাজ চলে। আমরা নন-গেজেটেড সরকারি কর্মচারিদের অবস্থাও তাই। কাজেই আজকেরটাকে যেমন বজায় রাখতে হবে, আজকের সুযোগ সুবিধা থাক, তেমনি আবার এটাকে সম্প্রসারিত করতে হবে। এই সম্প্রসারিত করার পথে যে বাধা আছে সেগুলিকে অপসারিত করতে হবে। এই অপসারণের কাজে যদি অহেতুক মমতা দেখাই, সংরক্ষণশীলতা দেখাই তাহলে জাতীয় অগ্রগতির পথে আমরা বাধার সৃষ্টি করব এবং তা সৃষ্টির জন্য আগামী দিনে আমাদের বংশধরদের কাছে জবাব দিতে হবে। আজকে যাদের নামে আমরা সেম সেম করলাম, ভবিষ্যতে আমাদের বংশধররা যাতে আমাদের নামে সেম, সেম করতে না পারে। সে জন্য আমি আমাদের পন্ডিত মশাই বুদ্ধিজীবিদের কাছে অনুরোধ করব এটা বিবেচনার জন্য। আমি এর পরে যে প্রশ্নটা আনতে চাচ্ছি সেটা হচ্ছে, আমাদের দেশে পশ্চিমবাংলা কোনও বিকাশের দিকে এগিয়ে গেছে কিনা, আমাদের দেশের কোনও পরিবর্তন হয়েছে কিনা? রাজ্যপালের ভাষণের মধ্যে ৩৬টি অনুচ্ছেদের মধ্যে ৩২টি অনুচ্ছেদে এই বিষয়ে বলা হয়েছে এবং খুব সুন্দরভাবে বলা হয়েছে।

[4-25 – 4-35 p.m.]

এবং খুব সুন্দরভাবে দেখানো হয়েছে। শিল্প, কৃষি, বাস্তুহারা, প্রাকৃতিক দুর্যোগ, উৎপাদন এবং অন্যান্য ক্ষেত্রে সমস্ত রকম সীমাবদ্ধতা থাকা সত্ত্বেও পশ্চিমবঙ্গ সরকার তাদের সমস্ত

ক্ষমতা প্রয়োগ করেছেন মানুষের জীবনে কিছু সুরাহা আনার জন্য। বামফ্রন্ট তাদের ৩৬ দফা কর্মসূচির মধ্যে কোথাও একথা বলেনি যে, আমরা পশ্চিমবাংলার আমূল পরিবর্তন করব। আমূল পরিবর্তন তখনই আনা যায় যখন গোটা অর্থনীতির মধ্যে পরিবর্তন আনা যায় এবং সমস্ত উৎপাদন ব্যবস্থা এবং বন্টন ব্যবস্থা সামাজিক মালিকানার মধ্যে আনা যায়। স্যার, বামফ্রন্ট সরকারকে শিশু সুলভ আচরণে দায়ী করেছেন আমাদের প্রধানমন্ত্রী। ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিলে আমাদের মুখ্যমন্ত্রী যে ভাষণ দিয়েছেন তারজন্য প্রধানমন্ত্রী ওকথা বলেছেন। কেরালার ক্ষেত্রেও ওই একই কথা তিনি বলেছেন। আমরা কতগুলি প্রস্তাব করেছি যে প্রস্তাব তাঁদের চেয়ে পৃথক। আমরা গোটা অর্থনীতির মধ্যে একটা মোড় ফেরাবার চেষ্টা করেছি এবং সেটা তাঁরা মানেননি। গত ৩০ বছর যাবৎ আমাদের দেশের অর্থনীতিকে যেভাবে চালানো হয়েছে তাতে অভাব বেড়েছে, দারিদ্র বেড়েছে, সঙ্কট বেড়েছে স্বনামে এবং বেনামে। আমরা এই ব্যবস্থা চাইনা এবং সেইজন্যই ভারতবর্ষের মধ্যে ৩টি রাজ্য শিশু হয়েছে। তাঁরা দিল্লির ওই মিটিং-এ দাঁড়িয়ে বলেছেন আমরা আপনাদের ওই প্রস্তাবে একমত নই, আমরা এতে সহি দিতে পারব না। এই কারণে বামফ্রন্ট সরকার শিশু সুলভ আচরণের দায়ে দায়ী হয়েছেন। ভারতবর্ষের অবস্থা দেখে আমাদের যেটা মনে হয় সেটা হচ্ছে, কিভাবে এখানকার অর্থনীতি পরিচালিত হয়, এখানে কি কোনও সুসম ব্যবস্থা আছে, ভারতবর্ষের বিভিন্ন রাজ্যকে, অঞ্চলকে সুসমভাবে পরিচালনা করবার জন্য যে দরদ এবং মায়া থাকা দরকার আমাদের কেন্দ্রীয় সরকার কি কখনও সেটা দেখিয়েছেন? স্যার, যেখানে মুনাফা অর্জন করা প্রধান বিষয়, সমস্ত সম্পদকে কেন্দ্রীভূত করা প্রধান বিষয় এবং প্রশাসনিক ক্ষমতা সম্পূর্ণরূপে করায়ত্ব করা প্রধান বিষয় সেখানে গণতন্ত্র, অর্থনৈতিক বিকেন্দ্রীকরণ, মানুষের মধ্যে অধিকার ছড়িয়ে দেওয়া এসব প্রশ্ন আসে না। আমাদের দেশে এখনও ৭০ ভাগ মানুষ দারিদ্র্য সীমার নিচে বাস করে। প্রধানমন্ত্রী বলছেন, দারিদ্র্য রেখা কি? ওটা তো পন্ডিতদের কথা। স্যার, গরিব বললেও সম্মান দেখানো হয়, কিন্তু আমাদের দেশের ৭০ ভাগ লোক দেখছি ইতর আখ্যায় আখ্যায়িত। স্যার, রাজ্যপালের ভাষণের একেবারে শেষের দিকে রয়েছে, "এই রাজ্যের সর্বাঙ্গীন উন্নতি সাধন এবং দরিদ্র নিপীড়িত মানুষদের জীবন থেকে দুর্ভাগ্যের অন্ধকার ঘোচানোর জন্য এক শ্রেয়তর ও আরও ন্যায়ানুগ সমাজ ব্যবস্থা প্রবর্তনের লক্ষ্যে উপনীত হতে, আসুন, আমরা সকলে পারস্পরিক বোঝাপড়া ও সহযোগিতার মনোভাব নিয়ে সম্মিলিতভাবে কাজে ব্রতী হই।" কিন্তু এক্ষেত্রে যে বাধা রয়েছে সেগুলি আমাদের রাজ্যের নয়। আমাদের রাজ্যের অর্থনীতি নিয়ন্ত্রিত হয় কেন্দ্রীয় সরকারের অর্থনীতির নিয়মের দ্বারা। সর্বভারতীয় অর্থনীতি বিদেশি সাহায্যের উপর নির্ভরশীল। ষষ্ঠ পরিকল্পনায় এই যে ১০০ হাজার কোটি টাকা বরাদ্দ হবে তার মধ্যে ১০ হাজার কোটি টাকা আমাদের বিদেশ থেকে সংগ্রহ করতে হবে। আমাদের বাইরে থেকে তেল না নিয়ে এলে রেল-গাড়ি চলে না, রান্না করা যায় না, আলো জ্বলে না। কাজেই সেখানে যদি তেলের দর বাড়ে তাহলে মূল্যবৃদ্ধি ঘটবে, মুদ্রাস্ফীতি ঘটবে, হাজার কোটি টাকার নোট ছাপানো হচ্ছে। এই অবস্থার মধ্যে একটা রাজ্য সরকারের পক্ষে গোটা রাজ্যে পরিবর্তন আনা এবং মানুষের মধ্যে নায্য মূল্যে সমস্ত

জিনিস সরবরাহ করা এটা যারা বলেন তাদের পাগল ছাড়া আর কিছু বলা যায় না। কাজেই আমি বলছি, সর্ব ভারতীয় ক্ষেত্রে সম দর স্থির করে এবং নিত্য প্রয়োজনীয় জিনিসগুলি সারা ভারতবর্ষে নিয়ন্ত্রিত দরে সরকারি বন্টন ব্যবস্থার মাধ্যমে বন্টন করা হোক। এখানে কেন্দ্রীয় সরকার কি করছেন, আমরা যেখানে খাদ্যের বিনিময়ে কাজ এই প্রকল্পের মাধ্যমে হাজার হাজার মানুষকে কর্মদ্যোগে নিয়ে আসার চেষ্টা করছি। তারা বলছে যে গম দেওয়া হবে তার অর্ধেক রাজ্যসরকারকে দিতে হবে এবং নগদ টাকা দিতে হবে। সুতরাং রাজ্য সরকারের যে রির্সোসেস, যে সমস্ত আছে তাকে আরও সঙ্কুচিত করা হচ্ছে। সুতরাং এইভাবে প্রতিকূল অর্থনৈতিক অবস্থার মধ্যে রাজ্য সরকার তার ৩৬ দফা কর্মসূচি নিয়ে এই সীমাবদ্ধ ক্ষমতা নিয়ে সাফল্যের সাথে রূপায়িত করার চেষ্টা করছে। এটা আপনারা অনুধাবন করার চেষ্টা করবেন। আমি অনুরোধ করব মাননীয় বিরোধীপক্ষের সদস্যদের আপনারা এগিয়ে এসে আমাদের সাথে সহযোগিতা করুন। যে স্বৈরতন্ত্রের কালোছায়া দেখা যাচ্ছে শ্রমিক কৃষকদের উপর অত্যাচারের যে অ্যাটিচিউড প্রকাশিত হচ্ছে তার বিরুদ্ধে সারা ভারতবর্ষে একটা শক্তিকে গড়ে তুলতে হবে যে শক্তি এই স্বৈরতান্ত্রিক শক্তিকে প্রতিরোধ করতে পারে। এই কথা বলে মাননীয় রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবকে সমর্থন করে এবং সমস্ত সংশোধনী প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রজনীকান্ত দলুই :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কাগজের ফুল দিয়ে যেমন আসল ফুলের সৌন্দর্য ও গন্ধ ঢাকা যায় না তেমনি রাজ্যপাল মহাশয় তার জাতবাহারি কথার আড়ম্বরে বামফ্রন্ট সরকারের চরম ব্যর্থতাকে ঢাকবার চেষ্টা করেছেন। এটা অত্যন্ত হাস্যকর ব্যাপার। রাজ্যপালের ভাষণে একটা মাত্র সত্যি কথা দেখছি সেটা হচ্ছে জাতীয় সংহতিকে নষ্ট করার চেষ্টাকে নিন্দা করা। এছাড়া সমস্তই নির্লজ্জ অসত্য ভাষণ। এখানে আইন শৃঙ্খলার ব্যাপারে সমস্ত অসত্য ভাষণ দেওয়া হয়েছে। প্রতিদিন খবরের কাগজে দেখবেন, চুরি-ডাকাতি, রাহাজানি, ছিনতাই, নারী ধর্ষন প্রভৃতি নিত্য-নৈমিত্তিক ঘটনা। অধ্যক্ষা সাধনা সরকারকে ঘেরাও করে কোল্ড ব্লাড মাডার করা হয়েছে এবং এটা এস. এফ. আই-এর ছেলেরাই করেছে। কিন্তু যেই করুন না কেন, দেশে যে আইন-শৃঙ্খলা নেই, যে সন্ত্রাসের রাজত্ব চলছে তারই এটা প্রকৃষ্ট অসত্য কথা বলে যান। এইসব কথা সত্য বলে আমি মনে করি না। তিনি যে রিপোর্ট দিলেন তা বেস-লেস রিপোর্ট। আমরা এখানে যে রিপোর্ট পেয়েছি তাতে ডি. ডি. পি. আইয়ের লোকেরা গত ১৯-২-৮১ তারিখে যান, তখন কলেজ ছুটি হয়ে গেছে।

[4-35 – 4-45 p.m.]

তাঁরা গিয়ে অধ্যাপিকাকে ডাকেন, তিনি ঘটনাস্থলে ছিলেন না তবুও তাঁর রিপোর্টের উপর ভিত্তি করে এই ঘটনার কথা বলা হয়েছে। আসল তথ্য জানা যায়নি। যারা জিরো নাম্বার পেয়েছে, ম্যাথামেটিক্সে ৬ পেয়েছে, ফিজিক্স, কেমিস্ট্রি প্রভৃতির ১২, ১৩ করে নাম্বার পেয়েছে তাদেরকে অ্যালাউ করতে হবে এই ছিল দাবি। সেই দাবি নিয়ে আন্দোলন করে

তারা ঘেরাও করেছিল এবং সেখানে নিগৃহীত হয়ে তিনি মারা গেছেন। মুখ্যমন্ত্রী তো সেকথা বললেন না—যারা দোষী তাদের গ্রেপ্তার করা হবে, বা কোনও অ্যাকশন নেওয়া হবে। বড়ই দুঃখের কথা। আমি যেকথা বলছিলাম স্যার, যে পশ্চিমবঙ্গে আইনশৃঙ্খলা একেবারে নেই, গ্রামেগঞ্জে এইরকম শত শত সাধনা সরকার নিগৃহীত হচ্ছে তার কোনও হিসেব নেই। পুলিশকে দলের কাজে দলীয় স্বার্থে ব্যবহার করা হচ্ছে পুলিশ ডাইরি নেয় না, ডাইরি করতে গেলে বলে our hands are tied পুলিশদের ইউনিয়ন হয়েছে সেকথা রাজ্যপাল বলেছেন। পুলিশদের সংগঠন আগে কংগ্রেস আমলে ছিল, এখন নন-গেজেটেড পুলিশদের সবাইকে নেওয়া হয়েছে, একমাত্র সি পি এম ক্যাডারদের ছাড়া পুলিশকে আর কোনও কথা শুনতে নিষেধ করা হয়েছে। পুলিশ যার জন্য তার উপরওয়ালার কথা শোনে না। বাঁকুড়ার কন্‌স্টেবল তার এস. পি. র কথা শোনেনা। সত্যসত্যই পুলিশকে দলীয় কাজে লাগানো হচ্ছে যার জন্য পশ্চিমবঙ্গে আইন শৃঙ্খলা একেবারে নেই, আইন শৃঙ্খলা রক্ষা করা যাচ্ছে না। এর প্রকৃষ্ট প্রমাণ আছে, কিছুদিন আগে দুইজন হোমগার্ডের কাছ থেকে রিভলভার ছিনতাই হয়েছে। এই ধরনের ঘটনা হামেশাই ঘটছে কিন্তু রাজ্যপালের ভাষণে বলা হয়েছে যে শান্তি-শৃঙ্খলা বজায় রয়েছে, আমার মনে হয় এখানে শ্মশানের শান্তি বিরাজ করছে। কিন্তু এখানে এসব কথার কোনও উল্লেখ নেই, এখানে বলা হয়েছে ২/৩ বছর পূর্বের বন্যা সুতীব্র খরার কথা, কত উৎপাদন হবে কত বেশি আমরা পাব এইসব বলে বাস্তব সত্যকে উপেক্ষা করা হয়েছে। ব্যর্থতাকে ঢাকার জন্য এইসব কথা বলা হয়েছে। পঞ্চায়েতের হাতে কত টাকা দেওয়া হয়েছে সে কথা রাজ্যপালের ভাষণের মধ্যে নেই। প্রতিটি পঞ্চায়েত কত টাকা করে আত্মস্যাত করেছে তার প্রতিটি খবর আমাদের কাছে আছে। কিছুরই পুরো তথ্য দেওয়া হয়নি শুধু স্বার্থরক্ষার ঢাক পেটানো হয়েছে। পুরো বাস্তব অবস্থার চিত্রকে ঢেকে দিয়ে ওঁরা সুখ স্বপ্ন দেখেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাই আমি বলছি রাজ্যপাল তাঁর ভাষণে বাস্তব কথা বলেননি। পল্লী উন্নয়নের কথা বলতে গিয়ে বলেছেন যে আমরা ৫০ শতাংশ তফসিলি পরিবারকে জমি দিয়েছি, বর্গাদারদের জমি দিয়েছি। ঐ নীতিটা কংগ্রেসি আমলেই নেওয়া হয়েছিল। জনগণের কল্যাণেই জমি বন্টন করা হয়েছে। কিন্তু এখন নিজের দলের লোকেদের দেওয়া হচ্ছে। আমাদের কাছে সে লিস্ট আছে, জোর করে যে সব জমি রেকর্ড হচ্ছে সে লিস্টও আমাদের কাছে আছে। সেটেলমেন্ট অফিসার বলছেন যে জমির দাগ নম্বর বা কিছু দিতে হবে না শুধু বল কোন জমিটা কার। সেইভাবে বর্গা রেকর্ড হচ্ছে। ২ বিঘা, ১০ বিঘা জমির মালিক পর্যন্ত এইভাবে রেকর্ড করাচ্ছেন। এ জন্য প্রত্যেকে আবেদন করছেন, কিন্তু কোনও ব্যবস্থা নাই। ভূমি সংস্কারের ব্যাপারেও পুরো দল বাজি এবং স্বজন পোষণ হচ্ছে।

গ্রামাঞ্চলে এমন ঘটনা ঘটছে যে, কৃষকরা জমিতে পাট্টা পেয়েছিল, যেহেতু তারা কংগ্রেসের লোক, সি. পি. এম. বা অন্য শরিক দলের কেউ নয় সেজন্য আজ তাদের জমি থেকে উচ্ছেদ করা হচ্ছে, তাদের বর্গা রেকর্ড করা হচ্ছে অথচ ২০ বিঘা জমির মালিক, যেহেতু সে সি. পি. এম. করে, তার বর্গা রেকর্ড করা হচ্ছে না। ওঁরা আরবান শিলিং'-

এর কথা বলেছেন—১৯৭৬ সালে কংগ্রেসের সময়ে করা হয়েছিল—বলেছেন প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। কিন্তু ওঁরা হচ্ছেন বড়লোকদের কাছে মাথা বেচা সরকার। এই সরকারের মুখ্যমন্ত্রী তাঁর প্রচুর সম্পত্তি আছে, তাঁর ছেলের শ্বশুরের সম্পত্তি আছে, অ্যাডভোকেট জেনারেলের বহু সম্পত্তি আছে, অতএব আরবান শিলিং করবেন? অর্থাৎ প্রচেষ্টা চালিয়ে যাব, এইসব কথা বলে ধাপ্পা দিয়ে সমস্ত কিছুকে ধামাচাপা দেবার চেষ্টা করছেন। শিল্প সম্বন্ধে বলতে গিয়ে বলতে পারি, তিনি অনেক কথা বলেছেন। যে পশ্চিমবাংলা এক সময়ে ভারতবর্ষের মধ্যে শিল্পে সমৃদ্ধ ছিল আজকে তা কোথায় গিয়ে দাঁড়িয়েছে—সেকথা আপনারা সকলেই জানেন। এখানে সকলেই জানেন। এখানে কোনও নূতন শিল্প হচ্ছে না, যে শিল্পগুলি আছে সেগুলি সব রুগ্ন হয়ে যাচ্ছে। আবার যখন রুগ্ন হয়ে যাচ্ছে সঙ্গে সঙ্গে টেক ওভার করে নিজেদের ক্যাডারদের সেখানে বসিয়ে দিচ্ছেন। অর্থাৎ সি. পি. এম. রা ইউনিয়ন বাজি করে মারামারি করছেন এবং মালিকপক্ষ যখনই লক আউট করে দিচ্ছেন তখনই রুগ্ন বলে ঘোষণা করে নিজেদের ক্যাডারদের বসিয়ে দিচ্ছেন। এইভাবে দলের লোক পোষবার সব ব্যবস্থা করা হচ্ছে। সেইজন্য দেখতে পাচ্ছি যে সমস্ত চলচ্ছক্তি হীন শিল্প রয়েছে সেগুলিকে আপনারা ন্যাশনালাইজ করছেন এবং যেগুলির চলচ্ছক্তি আছে তারা নিজেরাই অন্য রাজ্যে চলে যাচ্ছে। বেকারদের সম্বন্ধে বলেছেন যে, তাদের বেকার ভাতা দিচ্ছেন। তাঁরা বলেছেন, বেকারদের সুরাহার জন্য আমরা বিশেষ ব্যবস্থা করছি। কিন্তু কতজন বেকারদের চাকুরি দিয়েছেন সেকথা বলা হয়নি। এঁরা সব ক্ষেত্রেই ব্যর্থ হয়েছেন। সামান্য ফুটবল খেলা; তাও চালাতে পারলেন না। একটা ছোট ক্লাব তারাও টুর্নামেন্ট চালায় মুখ্যমন্ত্রী একজন আত্মম্ভর ব্যক্তি, দক্ষ প্রশাসক বলে শুনে আসছি, কিন্তু তিনি একটা ফুটবল টুর্নামেন্টও চালাতে পারলেন না—আই. এফ. এ. শিল্ড হল না, লিগ হল না। পশ্চিমবঙ্গের এই ব্যর্থ সরকার আবার বলছেন, বেকারদের জন্য অনেক কিছু করেছেন। বেকার ভাতা দিয়েছেন। ক্যাডারদেরই আপনারা এই বেকার ভাতা দিয়েছেন আমাদের উপর প্রফেশনাল ট্যাক্স কেটে, জনসাধারণের পকেট কেটে। কিন্তু বেকারদের কি ভাবে কাজ দেওয়া যাবে, কতজন বেকারদের পারমানেন্ট অ্যাপেয়েন্টমেন্ট দিয়েছেন—সে কথা নেই। রাজ্যপাল বলেছেন যে, পরিকল্পনা গ্রহণ করা হয়েছে, উন্নয়ন কর্মসূচির কাজ অনেকটা এগিয়েছে। এক্ষেত্রে একটি কথা আমার মনে পড়ে গেল; তা হল "যাবৎ বিবি বড় হবে তাবৎ মিয়া কবরে যাবে।" কর্মসূচি ওঁরা অনেক নিয়েছেন বলে শুনছি, কিন্তু কবে সেই সব হবে? এ বিষয়ে একটা স্পেসিফিক কিছু নেই। মূল কথা হলঃ এঁরা সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছেন। ওঁরা বললেন, আমরা রুগ্ন বন্ধ শিল্পগুলিকে পুনর্জ্জীবনের জন্য চেষ্টা করছি। এটা সত্যের বিকৃতি মাত্র। যদি এই ভাষণের মধ্যে থাকত যে, এই সরকার কৃষি ও শিল্পের বিপর্যয় ঘটিয়েছে, হামলা ও দাঙ্গাবাজি অনেকটা বেড়ে গেছে। তাহলে একটা সত্য কথা বলতেন। কিন্তু তাঁরা সে কথা বলেননি, বলতে গিয়ে অন্য কথা বলেছেন। শিল্পের ক্ষেত্রে

[4-45 – 4-55 p.m.]

হলদিয়ার কথা সকলেই জানেন। সেখানে কোনও কনস্ট্রাকশনের কাজ হচ্ছে না। অথচ

হলদিয়ায় একটা বিরাট সম্ভাবনা ছিল। হলদিয়া সারা ভারতের একটা গৌরব হতে পারত সেখানে অনেকবার গেছি কিন্তু সেখানে কথা শুনলে আপনি অবাক হবেন। সেখানে নুতন কোনও শিল্প গড়ে উঠছে না, যে গুলি আছে সেগুলি বলছে যে আমরা চলে যাব। সেখানে ইউনিয়নের অত্যাচার চলছে বলে সেখানের অফিসাররা বলছে আমরা আর এখানে থাকব না এবং অফিসারদের স্ত্রীরাও বলছেন যে আমরা আমাদের স্বামীদের আর থাকতে দেব না। দুর্গাপুরের দুর্গতির অন্ত নেই। দুর্গাপুর হলদিয়া ইত্যাদি জায়গায় সমস্ত শিল্প আজ শেষ হয়ে যাচ্ছে ইউনিয়ন বাজির জন্য। বিদ্যুৎ এর উৎপাদন ক্ষমতা শুনলে বিধান সভার চেয়ারগুলি সব হেসে উঠবে। বিদ্যুতের কথায় রাজ্যপাল বলেছেন উৎপাদন অনেক বেড়েছে এই কথা শুনলে চেয়ারগুলি হেসে উঠবে। কিন্তু এ বিষয়ে বিদ্যুৎ মন্ত্রী একেবারে ব্যর্থ হয়েছেন সে কথা তিনি বলেননি। শীত কালেও বিদ্যুৎ সঙ্কট থেকে আমরা মুক্ত নই। মুখ্যমন্ত্রীর প্রতিবেশিরা বলেন অন্ধকারের সমুদ্রে জ্যোতিবাবুর বাড়িটা একটা আলোর দ্বীপের মতো জ্বলছে। সেখানে তিনি কি করে জানবেন যে বিদ্যুৎ সঙ্কট চলছে। সেইজন্য বলছি যে জ্যোতিবাবুর প্রাসাদে বিদ্যুৎ সম্পর্কে রাজ্যপাল যে কথা বলেছেন সেটা অত্যন্ত নির্লজ্য অসত্য কথা। সাঁওতালদিতে উৎপাদন আশা অনুরূপ হয়নি এই কথা বলেছেন। কেন হয়নি তার কারণ হচ্ছে নিজেদের ইউনিয়ন বাজি। সেখানে নিজেদের সমস্ত অপদার্থ ও ইন এক্সপেন্স লোকেদের বসানো হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে বলা হয়েছে উৎপাদন বৃদ্ধি পেলে এবং এত মেগাওয়াট ইউনিট চালু হলে বিদ্যুৎ উৎপাদনে ভাল রকম উন্নতি ঘটবে। মাসীর গোঁফ থাকলে মামা হত এটা যেমন হাস্যকর কথা তেমনি এত মেগাওয়াট ইউনিট চালু হলে বিদ্যুৎ উৎপাদনে ভাল রকম উন্নতি ঘটবে এটাও হাস্যকর কথা। স্যার, ৪ বছর ধরে এই জিনিস দেখে আসছি যে সরকার কোনও কাজ করতে পারেনি, প্রতিটি কাজে এই সরকার ব্যর্থ হয়েছে। ৪ বছরে কোনও উন্নয়নমূলক কাজ হয়নি। সেদিন আমাদের ভোলাবাবু বলেছিলেন এঁরা পরিচ্ছন্ন প্রশাসনের কথা বলেন, কিন্তু এঁরা দুর্নীতিগ্রস্ত প্রশাসন চালাচ্ছেন। এঁদের অঞ্চল পঞ্চায়েতের প্রধান, পঞ্চায়েত সমিতির অধ্যক্ষ মেম্বার অনেক পত্র পত্রিকায় দুর্নীতির দায়ে দায়গ্রস্ত। আজকে প্রশাসন বলে পশ্চিমবঙ্গে কিছু নেই। আজকে পুলিশ শেষ হয়ে গেছে, প্রশাসন শেষ হয়ে গেছে, কো-অর্ডিনেশন কমিটি প্যারালাল গভর্নমেন্ট চালাচ্ছে। ডি এম, এস ডি ও, আই এ এস অফিসাররা বলছেন আমরা কিছু করতে পারব না কো-অর্ডিনেশন কমিটি না বললে। একজন সাব-অ্যাসিস্টেন্ট ইঞ্জিনিয়ার রাইটার্স বিল্ডিংসে চিফ ইঞ্জিনিয়ার, সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ারকে চালাচ্ছে। এইভাবে প্রশাসন দলীয় স্বার্থে চালাচ্ছে। এঁরা দলবাজির কাজে সম্পূর্ণরূপে সাকসেসফুল হয়েছে, অন্যান্য সমস্ত ক্ষেত্রে সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। স্যার, এরা বাস ভাড়া, ট্রাম ভাড়া বাড়িয়েছে। ডাঃ বিধানচন্দ্র রায় অত্যন্ত জাস্টিফায়েড রিজিনেবল কয়েক পয়সা ভাড়া বাড়িয়ে ছিলেন তখন এঁরা লঙ্কা পোড়া হনুমানের ভূমিকা নিয়েছিলেন। এখন দেখা যাচ্ছে এঁরা উল্টো কথা বলছেন, উল্টো পুথে চলছেন। মার্ক সাহেব এই কথা শুনলে কবরে পাশ ফিরে শোবে। স্যার, এরা পরিবহন কর্তৃপক্ষের সঙ্গে হাত মিলিয়ে বাস মালিকদের কিছু পয়সা পাইয়ে দেবার ব্যবস্থা করলেন। মিনিবাসে দাঁড়িয়ে যাবার কথা নয়, কিন্তু লোক দাঁড়িয়ে

যাচ্ছে। এক একটা বাসে ৩ গুন যাত্রী যাচ্ছে, তবুও বাসে লাভ হচ্ছে না, লোকসান হচ্ছে। বাসভাড়া বেড়েছে কিন্তু যাত্রীদের সুবিধা দানের ব্যবস্থা করতে পারেনি, বলতে পারেন নি যে এত লোক দাঁড়িয়ে যাবে। শুধু পার্টি ফান্ড বাড়াবার জন্য বাসের ভাড়া বাড়িয়েছেন। যে হারে ডিজেল পেট্রোলের দাম বেড়েছে সেই হারে বাসের ভাড়া বাড়েনি, তার চেয়ে বেশি বেড়েছে। হরিয়ানা, পাঞ্জাব বাসভাড়া বাড়িয়েছে, সেখানে সি পি এম আন্দোলন করছে। সেখানে যে ভাড়া বেড়েছে সেটা অত্যন্ত রিজিনেবল ভাড়া বেড়েছে, সেই রিজিনেবল ভাড়া বাড়াবার বিরুদ্ধে সি পি এম আন্দোলন করছে, অথচ এখানে নিজেরাই ভাড়া বাড়িয়েছে। স্যার, চালাকি দিয়ে বেশি দিন টিকে থাকা যায় না। রামকৃষ্ণ বলে গেছেন চালাকি দিয়ে মহৎ কাজ হয় না। রাজ্যপালের ভাষণে সরকারি বন্টন ব্যবস্থার কথা বলা হয়েছে। আপনি দেখেছেন সরকারি বন্টন ব্যবস্থার জন্য পূজার সময় চিনি এল, সেখানে খাদ্যমন্ত্রী ব্যবসাদারদের সঙ্গে হাত মিলিয়ে তাদের মারফত চিনি বিলি করার ব্যবস্থা করলেন।

[4-55 – 5-05 p.m.]

স্যার, পশ্চিমবাংলায় বিদ্যুতের অভাব অনেক দিন আগে থেকেই মানুষের হাতে যে হ্যারিকেন দেওয়া হয়েছিল সেই হ্যারিকেনও আজ তেলের অভাবে জ্বলছে না। কেন্দ্রীয় সরকারের তরফ থেকে পর্যাপ্ত পরিমাণে কেরোসিন তেল পাওয়া যাচ্ছে কিন্তু ম্যাল—ডিস্ট্রিবিউশনের জন্য সেই তেল ভালভাবে বন্টন হচ্ছে না। বন্টনের ক্ষেত্রে খাদ্যমন্ত্রীর অব্যবস্থার জন্যই মানুষ এই অবস্থায় পড়েছে এবং পশ্চিমবাংলায় দেখছি লালবাতি জ্বলছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বন্টন ব্যবস্থা যে ভালভাবে হচ্ছে না তার কারণ হচ্ছে আমাদের এখানে মুনাফাখোর এবং কালোবাজারিদের বিরুদ্ধে কোনও রকম ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে না। আমার তো মনে হয় ব্যবসায়ীরা সুধীনবাবুকে ঘুম পাড়িয়ে দিয়েছে। তারপর, স্বাস্থ্যক্ষেত্রে কোথাও অগ্রগতি নেই। কোথাও দেখছি হাসপাতাল বন্ধ হয়ে গেছে, কোথাও ডাক্তার নেই, কোথাও ঔষধ নেই। তারপর আবার একটা নূতন সিস্টেম আপনারা চালু করেছেন, কমিউনিটি মেডিক্যাল সার্ভিস—সর্ট মেডিক্যাল কোর্স। স্যার, এতদিন পর্যন্ত মানুষ হাতুড়ের হাতে মরত, এবারে তারা আনাড়ির হাতে মরবে। অর্থাৎ আপনাদের ৩ বছরের কোর্স পাশ করে যারা ডাক্তার হয়ে আসবে সেই আনাড়িদের হাতে এখন মানুষ মরবে। যক্ষ্মা হাসপাতালে বেড বেড়েছে বলেছেন। কিন্তু তাতে যে খরচ করা হয়েছে সেটা আপনাদের দলীয় স্বার্থে করেছেন। শিক্ষাক্ষেত্র সম্বন্ধে সকলেই বলেছেন প্রাইমারি বিদ্যালয় নেই, শিক্ষক নেই অথচ স্কুল চলছে। প্রাইমারি শিক্ষকদের একটা প্যানেল হয়েছে বটে, কিন্তু সি পি এম-এর সদস্য নাহলে কারুর নাম সেই প্যানেলে থাকে না। শুধু তাই নয়, একটি ছেলে হয়ত ৩ বারের পর কমপার্টমেন্টাল পরীক্ষায় পাশ করেছে তার চাকুরি হয়েছে, হোয়্যারঅ্যাস্ ভাল রেজাল্ট করেছে, ফার্স্ট ডিভিসনে পাশ করেছে, ডিস্ট্রিংশন পেয়েছে তাদের চাকুরি হয় না। শুধু নিজেদের ক্যাডারদের দিয়ে ওই শিক্ষকদের পদ পূরণ করা হচ্ছে। তারপর, সহজ পাঠের প্রিন্টিং অর্ডার বন্ধ করে দেওয়া হয়েছে যাতে সেই বই আর না বের হয়। স্যার, এই বামফ্রন্ট সরকার বাঙ্গালি জাতির

সর্বনাশ করছেন, ভারতবর্ষের সর্বনাশ করছেন। কল্যাণী বিশ্ববিদ্যালয়ে ৩ বছরে ৫ বার উপাচার্য বদল করেছেন।

কল্যাণী বিশ্ববিদ্যালয়ে তিন বছরের মধ্যে পাঁচবার উপাচার্য বদল করেছেন এবং সামনে বিল আনছেন, ইউনির্ভাসিটি বিল তিন বছরের মধ্যে আনবেন বলেছিলেন, এখন ভয় পেয়ে গেছেন, কারণ আপনারা সব জায়গায় হেরে গিয়েছেন, স্কুলের ম্যানেজিং কমিটিগুলিতে হেরে গিয়েছেন, সব জায়গায় হেরে যাচ্ছেন, ছাত্র পরিষদ ইলেক্টেড হচ্ছে, আপনাদের পায়ের তলায় মাটি নাই, তাই ইলেকশন ক্যালকাটা, বার্ডওয়ান,, কল্যাণী ইউনির্ভাসিটি সব জায়গায় পিছিয়ে দিচ্ছেন, বিল এনে বলা হবে এক বছর পরে হবে। কারণ আপনারা জানেন যে এক বছর আপনারা থাকবেন না। এই যে দলবাজি, এই যে অন্যায় তার বিরুদ্ধে পশ্চিমবাংলার মানুষ সোচ্চার হচ্ছে, তারা ছাড়বেন, আপনারা রেহাই পাবেন না। আজকে শিক্ষার ব্যাপারে যে অ্যাপয়েন্টমেন্ট অর্ডার হচ্ছে সেগুলি ঠিকমতো হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি তাই মনে করি, রাজ্যপাল মহাশয় যে ভাষণ দিয়েছেন সেই ভাষণ তিনি দিতে চাননি, তাঁর এই ভাষণ দেবার ইচ্ছা ছিল না, আমি জানি, দেখেছি, তিনি যখন ভাষণ দিচ্ছিলেন কাঁদ কাঁদ হয়ে, কেননা তাঁকে দিয়ে জোর করে এই ভাষণ দেওয়ানো হয়েছে, একথাগুলি তাঁকে দিয়ে জোর করে লেখানো হয়েছে। রাজ্যপাল মহাশয় জানেন—পশ্চিমবঙ্গে আইন-শৃঙ্খলা নেই, এই সরকার অপদার্থতার পরিচয় দিয়েছেন, এই সরকার ব্যর্থ হয়েছেন। আপনারা এই ভাষণ রাজ্যপালকে দিয়ে জোর করে লিখে নিয়েছেন, যেমন করে জোর করে বর্গাদারদের দিয়ে মানুষের জীবন নেওয়া হচ্ছে। স্যার, এঁদের কাছে মানুষের জীবনের কোনও মূল্য নাই, আরশোলা, ইন্দুরের জীবনেরও মূল্য আছে, তাদের অনেক কাজে লাগানো হয়, এঁদের কাছে কিন্তু মানুষের জীবনের কোনও মূল্য নেই। প্রতিদিন শত শত মানুষ খুন হচ্ছে, এঁরা আনন্দ করেন, এই সমস্ত জিনিস ভাষণে বলা হয়নি। আজকে আমি তাই ভাষণের বিরোধিতা করছি এবং যে কাটমোশনগুলি দিয়েছি ভাষণের বিরোধিতা করে, সেগুলি যাতে অ্যাকসেপটেড হয় তা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

স্যার, আমি একটা কথা বলতে ভুলে গেছি এখানে, তাই যদিও শেষ করে দিয়েছি, সেই কথাটা আপনার অনুমতি নিয়ে বলছি। কথাটা হচ্ছে গঙ্গার জলের ব্যাপারে। সেচমন্ত্রী সব দলের এম এল এদের নিয়ে একটা টিম লিড করেছিলেন, আমরা ইন্দিরা গান্ধীর সঙ্গে দেখা করেছিলাম, সেখানে আমরা একথা বলেছিলাম যে ৪০ হাজার কিউসেক জল না হলে আমাদের চলবে না, ক্যালকাটা পোর্ট বাঁচবেনা, তিনি এগ্রি করেছিলেন। গত ২৭।১০।৮০ তারিখে বাংলাদেশের সঙ্গে যে এগ্রিমেন্ট হয়েছিল সেটার মেয়াদ শেষ হয়ে গেছে, কিন্তু রাজ্যপালের ভাষণে এ সম্বন্ধে কোনও ইঙ্গিত বা উল্লেখ নাই। সেজন্য আমি এই ভাষণের বিরোধিতা করছি।

**শ্রী সরল দেব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ তিন দিন ধরে রাজ্যপালের ভাষণের

উপর বিরোধী দলের বক্তব্য মন দিয়ে শুনলাম। এই বিধানসভার অতীত ইতিহাসে বাংলা দেশের মুখ্যমন্ত্রী ছিলেন স্বর্গত ফজলুল হক এবং বিরোধী দলের নেতা ছিলেন স্বর্গত শরৎচন্দ্র বসু। সেদিন তাদের সমালোচনার মধ্যে ছিল একটা গঠনমূলক দৃষ্টিভঙ্গি। আর পাশাপাশি রজনীবাবুর বক্তৃতা শুনলাম এবং মনে হচ্ছিল একটা পাগলের প্রলাপ। রজনীবাবুর দল দিল্লিতে রাজ্য পরিচালনা করছেন। তাদের এটা বোঝা উচিত ছিল, বামফ্রন্ট একথা কোথায়ও বলেন নি যে আমরা রাজ্যপালের ভাষণের মধ্য দিয়ে সমাজতন্ত্রের রূপরেখা হাজির করব। আমরা পুঁজিপতি সমাজ ব্যবস্থার সীমাবদ্ধ চৌহদ্দির মধ্যে দিয়ে নির্বাচনের মধ্য দিয়ে এসেছি। সীমিত ক্ষমতার মধ্য দিয়ে যে কাজগুলি ওঁদের করা উচিত ছিল ওঁরা করেননি আমরা সেই কাজগুলি কিছু কিছু করেছি। ওঁরা বললেন যে পঞ্চায়েত টাকা আত্মসাৎ করেছে। পঞ্চায়েতে শুধু মাত্র কি আমাদের লোক আছে? ওঁদের লোক তো আছে। চুরির অভিযোগে লোক ওঁদের মধ্যে ধরা পড়েছে। এবং এই গভর্নমেন্ট যে সমস্ত প্রধানদের বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হইয়াছে তাদের গ্রেপ্তার করেছে। ভারতবর্ষের বিভিন্ন রাজ্য থেকে যখন ফুড ফর ওয়ার্কের জন্য যে টাকা চাইছে তাদের শতকরা ৭০ ভাগ টাকা দেওয়া হচ্ছে। অথচ আমাদের পশ্চিমবাংলা যে ডিমান্ড রাখলো আমাদের মাত্র শতকরা ২০ ভাগ টাকা দিয়েছে। এটা বোঝা উচিত ভারতবর্ষে যে ফেডারাল স্ট্রাকচার এবং এর মূল ক্ষমতা কেন্দ্রের হাতে। রাজ্যের হাতে ক্ষমতা সীমিত। রজনীবাবু বলছেন যে কথা তাতে বলি যে ষষ্ঠ পরিকল্পনায় তাদের লক্ষ্য কি ছিল? ভারতবর্ষ নিজের পায়ের উপর দাঁড়াবে। একটাই তাদের লক্ষ্য ছিল—কিন্তু এখন আমরা কি দেখতে পাচ্ছি? এই ষষ্ঠ পরিকল্পনায় ১০ হাজার কোটি টাকা বাইরে থেকে আনতে হবে। তাই জন্য দেখা যাচ্ছে It would appear that we are not really moving on the objective of self reliance. রজনীবাবুর জানা উচিত—গতকাল সংসদে দেখেছেন যে ১৫% রেলের ভাড়া বৃদ্ধি হয়েছে? এই মাশুল যদি বৃদ্ধি হয় তাহলে কারা এফেকটেড হবে? এবং ফ্রেট যদি ৩৩% বৃদ্ধি পায় তাহলে জিনিসের দাম কি বাড়বে না? আমি জিজ্ঞাসা করি রজনীবাবুকে ওঁদের সরকার তো পাঞ্জাবে আছে এবং সেখানকার ভাড়া বৃদ্ধির বিরুদ্ধে যখন আন্দোলন হয় সেই আন্দোলনকে স্তব্ধ করার জন্য লাঠিচার্জ করা হয়েছে ও গুলি চালানো হইয়াছে। আবার আইন শৃঙ্খলার কথা তুলছেন। আইন শৃঙ্খলার কথা বলছেন। কংগ্রেস যেখানে আছে সেই রাজ্যগুলিতে কি হয়েছে? গুজরাট আজ স্তব্ধ মেডিক্যাল কলেজ বন্ধ প্রতি দিন টিয়ার গ্যাস চলছে গুলি চলছে তাহলে বলবেন সেখানে আইন শৃঙ্খলা আছে? এই তো বিহারের ভাগলপুরে জেলখানার অভ্যন্তরে পুলিশ বন্দীদের চোখ নষ্ট করে দিচ্ছে অ্যাসিড ঢেলে। এবং উত্তর প্রদেশে বিশ্বপ্রতাপ সিং যিনি শ্রীমতী ইন্দিরা গান্ধীর একনিষ্ঠ সেবক সেইখানে এক বছরের উপর হতে চললো মোরাদাবাদে সাম্প্রদায়িক দাঙ্গা হাঙ্গামায় বিধ্বস্ত। কই সেখানকার আইন-শৃঙ্খলার কথা তো তুলছেন না? উত্তর প্রদেশে প্রতি তিন মিনিটে একটা খুন হয় কই সেখানকার তো আইন-শৃঙ্খলার কথা তো বললেন না? পশ্চিমবাংলায় কংগ্রেস রাজত্বকালে কি কখনও খুন হয়নি—তাহলে এই কথার রজনীবাবু কি উত্তর দেবেন? একদা যিনি মন্ত্রী ছিলেন ২৪-পরগণায় বাড়ি সেই চন্ডী মিত্র নিহত হলেন অহিংস কংগ্রেসের

ছুরিকাঘাতে। ভোলাবাবু তখন মন্ত্রী ছিলেন অতীশ সিংহ মন্ত্রী ছিলেন, অথচ হত্যাকারিদের গ্রেপ্তার করতে পারলেন না। হত্যাকারী রঘুপতি সাহা যুব কংগ্রেসের নেতা, যিনি মহাজাতি সদনে লুকিয়ে ছিলেন। একথা কি ভুলে গেছেন। সেদিন পশ্চিমবাংলার মন্ত্রীরা নিরাপদে বিচরণ করতে পারতেন না, আজকে যা পারছেন। সম্প্রতি কেন্দ্রীয় গোয়েন্দা বিভাগ বলছে পশ্চিমবাংলার শান্তি শৃঙ্খলা পরিস্থিতি ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় অনেক অনেক ভাল। এদের নিয়োগ কর্তা হচ্ছে কেন্দ্র। আপনারা নিন্দা করছেন ঐ রামমোহন কলেজের অধ্যক্ষের ব্যাপারে। সেইজন্য আমার সরকার এবং আমি খুবই দুঃখিত অনুতপ্ত এবং যারা করেছে তাদের বিরুদ্ধে আমরা তীব্র ভাষায় নিন্দা করেছি এবং আমাদের মুখ্যমন্ত্রীও নিন্দা করেছেন। হটাৎ আজকে আইন শৃঙ্খলার কথা ওরা বলছেন।

সেদিন ব্যারাকপুর মহকুমার চটকল ওয়েলফেয়ার অফিসার মিঃ বলকে হত্যা করল আই. এন. টি. ইউ. সি.-র কর্মচারীরা লজ্জা করে না। শৃঙ্খলার কথা বলতে? রজনীবাবু তো এই কথা বললেন না ১৯৭১ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত পশ্চিমবাংলায় সরকার এবং বেসরকারি শিল্পে কত বিনিয়োগ হয়েছে? বিধানচন্দ্র রায়ের মৃত্যুর পর আপনারা তো বেশ ক'বছর রাজত্ব চালিয়েছেন, মাঝে কেবল দু বছর বাদ গেছে, সেই সময় কত মূলধন বিনিয়োগ হয়েছিল সেই কথা তো একবারও বললেন না? বামফ্রন্ট সরকার ১৯৭৭ সালে ক্ষমতায় আসার পরে ২০০ কোটি টাকা সরকারি এবং বেসরকারি ক্ষেত্রে পশ্চিমবাংলায় বিনিয়োগ হয়েছে। এটা বোধহয় আপনি জানেন না, আপনি জেনে রাখুন আমরা আসার পরে ২০০ কোটি টাকা বিনিয়োগ হয়েছে এর ফলে ৪০ হাজার লোক প্রত্যক্ষ কাজ পেয়েছে। আর অপ্রত্যক্ষভাবে ২ লক্ষ লোক কাজ পাবে। পশ্চিমবাংলার রুগ্ন শিল্পগুলিতে ৩৭ হাজার লোক বেকার হয়ে গিয়েছিল। তারা কাজ ফিরে পেয়েছেন। ১০টি চটকলের মধ্যে ৮টি কেন্দ্রের সহযোগিতায় এবং ২টি রাজ্য সরকারের উদ্যোগে খোলার ব্যবস্থা হয়েছে। শ্রীদুর্গা কটন মিল খুলেছি আই. আর. সি.র সহযোগিতায়, মোহিনী কটন মিল বন্ধ আছে, খোলার চেষ্টা চলছে। এইমাত্র রজনীবাবু বললেন হলদিয়া দ্বিতীয় একটি দুর্গাপুর হতে চলেছিল, কিন্তু সম্ভাবনাপূর্ণ সেই হলদিয়াকে নষ্ট করা হয়েছে। এটা কি সত্য কথা, বিধান রায়ের আমলে দুটি প্রকল্প হয়েছিল, একটি দুর্গাপুর স্টিল প্ল্যান্ট, আর একটি চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কস্। তারপর থেকে কেন্দ্রীয় বিনিয়োগ পশ্চিমবঙ্গে আর হয়েছে কি? এক পয়সাও বিনিয়োগ হয়নি। পশ্চিমবঙ্গ সরকারের ক্রমাগত চেষ্টার ফলে সম্প্রতি পেট্রোকেমিক্যাল কমপ্লেক্সের ইন্ডাস্ট্রিয়াল লাইসেন্স পাওয়া গেছে। আপনি কি জানেন না এতে কেন্দ্রীয় সরকারের এক পয়সা অনুদান নেই? আর অপর পক্ষে গুজরাটে পেট্রোকেমিক্যাল কমপ্লেক্স হচ্ছে, সেখানে কেন্দ্রীয় অর্থ সাহায্য আছে। আমাদের এই পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স ৪৫০ কোটি টাকার প্রকল্প এবং এটা রাজ্য সরকারের প্রকল্প। এই প্রকল্পের জমি অধিগ্রহণ হয়েছে, মাটি কাটার কাজ শুরু হয়েছে। আপনারা যে কথা বলছেন সম্ভাবনা নষ্ট করে দেওয়া হয়েছে, এটা ঠিক নয়। এই ক্ষেত্রে তো আপনারা একমত হতে পারতেন। আপনারা শ্রীমতী ইন্দিরা গান্ধীকে এই কথা বললেন

না কেন? বিশেষজ্ঞরা বলছেন হলদিয়া জাহাজ নির্মাণের একটি উপযুক্ত জায়গা। সেখানে জাহাজ নির্মাণ কেন্দ্র স্থাপিত না হয়ে জাহাজ মেরামতের কথা উঠছে কেন? কার স্বার্থে, কোন প্রদেশের স্বার্থে এই কথা উঠছে, সেটা আপনাদের বলা উচিত ছিল। দেশের স্বার্থে, পশ্চিমবাংলার স্বার্থে সেই কথা আপনারা বলতে পারলেন না কেন? আমরা জানি আপনারা সেই কথা বলতে পারবেন না। পশ্চিমবঙ্গ সরকার ইতিমধ্যেই পশ্চিমবাংলার গৌরব বেঙ্গল কেমিক্যাল, বেঙ্গল ইমিউনিটি কারখানা দুটি যে বন্ধ হয়ে গিয়েছিল কেন্দ্রীয় সরকারের সহযোগিতায় খুলেছেন। দমদমের হেল্‌থ ইন্সটিটিউট খোলা হয়েছে। এই রকম বহু বন্ধ কারখানা খুলে ৩৭ হাজার লোকের চাকরি ফিরিয়ে দেওয়া হয়েছে। আমাদের দেশের বেকার আছে, তারা নতুন কর্ম পেতে চায়। কিন্তু যাদের কাজ ছিল, বেকার হয়ে গেছে, তাদের অবস্থাটা কি সেটা একবার ভেবে দেখুন। সংসারের ভারে মানুষ জর্জরিত। সেই মানুষগুলির জীবনে যদি বেকারির অভিশাপ নেমে আসে তাহলে যে কি ভয়ঙ্কর অবস্থার সৃষ্টি হয় সেটা আপনারা চিন্তা করে দেখুন। রজনীবাবু বেকার নন, আপনি বেকারের জ্বালা বুঝবেন না, অনুভব করতে পারবেন না। পশ্চিমবঙ্গ সরকার এই রকম বেকার ৩৭ হাজার মানুষের কাজ ফিরিয়ে দিয়েছে। এটা যে একটা ভাল কাজ, সেই বিষয়ে তো আপনি একটি কথা বললেন না—জাতীয় সংহতির কথা বললেন। আমাদের পাশের রাজ্যের আবহাওয়া বিষাক্ত। আসামে বিচ্ছিন্নতাবাদী আন্দোলন মাথা চাড়া দিয়ে উঠল। সেখানে বিদেশি তাড়ানোর নাম করে বাঙালি, বিহারী, ওড়িয়া, নেপালী নিধনের কাজ শুরু হয়ে গেল। কিন্তু পশ্চিমবঙ্গে সেই আবহাওয়া সৃষ্টি করতে দেওয়া হয়নি। এর জন্য ধন্যবাদ সূচক প্রস্তাব আনা উচিত ছিল। আপনারা তো সে প্রস্তাব আনলেন না। শুধু রাজনীতির জন্যই রাজনীতি করছেন। আপনারা নিজেদের একটা দায়িত্বশীল দল বলে দাবি করেন। আপনাদের দলে যারা রয়েছে তাদের জন্যই আইন শৃঙ্খলার অবনতি হয়েছে। এই সেদিন ১০০ কোটি টাকা খরচ করে দিল্লিতে কিষাণ সমাবেশ হয়ে গেল। আপনাদেরই নেতা শ্রী সুব্রত মুখার্জি, সোমেন মিত্র কিষাণ সভার নেতৃত্ব দিয়ে চলেছিল। বর্ধমানে নিজেরা মারামারি করে নিজেদের লোককেই খুন করল। অথচ আপনারাই বলছেন আইন শৃঙ্খলার অবনতির কথা—চমৎকার কথা। এই যে ১০০ কোটি টাকা খরচ হল, এটা কার টাকা? আপনার, আমার, দেশের জনগণের টাকা। ইন্দিরা গান্ধী একজন বড় কৃষক। ধান গাছের তক্তা হয় কি হয়না তিনি বোধ হয় সেটাও জানেন না। ইন্ডাস্ট্রিয়াল লাইসেন্সের বিনিময়ে ১০০ কোটি টাকা খরচ হল। জনতার যেমন রাজনারায়ন ছিলেন, কংগ্রেস (ই)-র সেই রকম কল্পনাথ রাই। কিষাণ সমাবেশ দেখে তিনি বললেন ৫০ লক্ষ হবে, ইন্দিরা গান্ধী বললেন এত কি হবে—২৫ লক্ষ লোক হবে।

আর একজন, শ্রীবসন্ত দাদা পাতিল বললেন, না অত হবে না, ৪০ লক্ষ হবে। এই যে ১০০ কোটি টাকা খরচ হল এটা কার টাকা? এ হচ্ছে বড় বড় শিল্পপতিদের টাকা। ম্যালটি ন্যাশনালের কথা বলা হয়েছে, আপনারাই তো মালটি ন্যাশনালদের আহ্বান করেছেন, আপনারা তো বলেছেন, তোমরা এসো তোমাদের জামাই আদরে আমরা অভ্যর্থনা জানাব।

শ্রীমতী গান্ধী ষষ্ঠ পরিকল্পনার ব্যাপারে এই কথা বলেছেন। আপনারা একদিকে ৯৩ কোটি টাকার হিসাব চাইছেন অপর দিকে ১০০ কোটি টাকা কিষাণ সমাবেশে খরচ করলেন। স্যার, আমরা জার্মানিতে হিটলারের কণ্ঠস্বর শুনতাম দ্বিতীয় মহাযুদ্ধের প্রাক্কালে। তিনি বললেন আমার মতোন খাঁটি, আগমার্কা সোসালিস্ট সারা পৃথিবীর মধ্যে কেউ নেই। সুতরাং এই জার্মানিতে আমি ছাড়া আর কেউ সমাজতন্ত্রের কথা বলতে পারে না। যারা বলবে তাদের স্থান হচ্ছে বন্ধভূমিতে। ঠিক সেই রকম কণ্ঠস্বর আমরা শুনতে পাচ্ছি শ্রীমতী গান্ধীর বক্তৃতায়। শ্রীমতী গান্ধী দিল্লির কৃষাণ সমাবেশে বললেন, আমি ছাড়া কৃষকদের কথা আর কারুর বলবার অধিকার নেই, আমিই একমাত্র কৃষকদের নেত্রী, আমিই একমাত্র কৃষকদের বন্ধু। আমি লাঙ্গল, বলদ নিয়ে মাঠে লাঙ্গল চালাই সুতরাং কৃষকদের কথা বলবার মূল দায়িত্ব আমার, আমিই হচ্ছি কৃষকদের প্রকৃত বন্ধু। তোমরা মূল্য বৃদ্ধি, ফসলের দাম বাড়ানো ইত্যাদি নিয়ে যে আন্দোলন করছো তা ঠিক নয়। একদিকে তিনি এই কথা বলছেন অপর দিকে রজনীবাবু এখানে বলছেন, কৃষকদের ফসলের দাম বাড়াও। চমৎকার, অদ্ভুত আপনাদের সব কথাবর্তা। স্যার, আমরা জানি, ডাঃ রায়ের আমলে এখানে ল্যান্ড রিফরমস অ্যাক্ট পাশ হয়েছে, তখন বিশ্বনাথবাবু এখানে সদস্য ছিলেন। তখন অ্যাক্ট পাশ হওয়া সত্ত্বেও আপনারা কিছু করেননি কিন্তু আজকে আমরা ৫৬ ভাগ তফসিলি, আদিবাসী সম্প্রদায়ের মানুষের হাতে জমি তুলে দিয়েছি। আপনি পারেন তো এটা কন্ট্রাড্রিক্ট করুন—আমরা ১১ লক্ষ ২৯ হাজার ভূমিহীন মানুষকে ভূমি দিয়েছি। হ্যাঁ, এতবড় কর্মযজ্ঞে কিছু ভুলত্রুটি থাকতেই পারে কিন্তু কই সেখানে তো আপনারা বন্ধুর মনোভাব নিয়ে সেগুলি সংস্কারের জন্য এগিয়ে আসেননি? শুধু সমালোচনার জন্যই সমালোচনা করেছেন তাই এসব দিকে আপনাদের নজর পড়ে নি। আমাদের ভারতবর্ষের সংবিধান যা আপনাদের নেত্রীর পিতার সহযোগিতায় ১৯৬০ সালে তৈরি হয়েছিল সেই সংবিধানেই আছে যে আর্টিকেল ৪৫এ—১০ বছরের মধ্যে আমরা ১৪ বছর পর্যন্ত বালকবালিকার জন্য প্রাথমিক শিক্ষার ব্যবস্থা করব, প্রাথমিক শিক্ষাকে আমরা ঘরে ঘরে পৌঁছে দেব। তা কি দিয়েছেন আপনারা? না, তা দেন নি। আমরা পশ্চিমবাংলায় সেই কাজ করেছি। এই কাজের জন্য তো আপনাদের আমাদের ধন্যবাদ দেবার কথা কিন্তু তা আপনারা দেননি, তা আপনারা দিতে পারবেন না সে আমরা জানি। তারপর ১২ ক্লাসের কথায় আসি। এতো সমাজতান্ত্রিক পরিকল্পনা নয়, এ তো পুঁজিবাদী সমাজব্যবস্থাতেই আছে। এ কাজও আপনারা করেননি কিন্তু আমরা করেছি। আমরা এটা করেছি তার কারণ আমরা শিক্ষার আলোকবর্তিকা ঘরে ঘরে পৌঁছে দিতে চাই। আমরা চাই আমাদের পশ্চিমবাংলার সাধারণ ছাত্র, যুবকেরা শিক্ষিত হোক তাই আমরা ১২ ক্লাস পর্যন্ত অবৈতনিক শিক্ষা ব্যবস্থা চালু করেছি এই সীমিত ক্ষমতার মধ্যেও। আপনাদের আমলে শিক্ষকরা মাহিনা পেতেন না, কবে পাবেন তাও জানতেন না কিন্তু আমরা একটা নির্দিষ্ট দিনে শিক্ষকদের মাহিনা দেবার ব্যবস্থা করেছি, তাদের বেতন হার বাড়াবার চেষ্টা করেছি। তারপর আপনাদের আমলে কবে পরীক্ষা হবে এবং সেই পরীক্ষা হলেও কবে তার ফল বেরুবে কেউ তা জানতো না কিন্তু আমরা নির্দিষ্ট দিনে পরীক্ষা নেবার এবং নির্দিষ্ট দিনে ফল প্রকাশ করার ব্যবস্থা করেছি। কিছু

কিছু ঘটনা নিশ্চয় ঘটছে কিন্তু সেগুলিও ঘটাচ্ছেন আপনারাই। রবীন্দ্রনাথ বলেছিলেন, "অজ্ঞানের তিমির অন্ধকারে যারা নিমজ্জিত জ্ঞানাঞ্জনশলাকা তাদের চোখে আমি পরিয়ে দিতে চাই।" তাই সেই জ্ঞানের আলো আমরা ঘরে ঘরে পৌঁছে দিতে চাই। আমরা চাই দেশের মানুষ শিক্ষার আলোকে আলোকিত হোক। আপনারা এসব চাননি তাই আপনারা দেশের মানুষকে অজ্ঞানের অন্ধকারে নিমজ্জিত করে রেখেছিলেন। তাই সেই ভূমিহীন কৃষক, ক্ষেতমজুর, শ্রমিক শ্রেণী যখন শিক্ষার আলোকে আলোকিত হচ্ছে তখন আপনাদের গাত্রদাহ তো হবেই, এ তো আপনারা ভালো চোখে দেখতে পারবেন না। আজকে পশ্চিমবঙ্গে শিল্প শান্তি বিরাজ করছে। আমরা দ্বিপাক্ষিক, ত্রিপাক্ষিক বৈঠকের মাধ্যমে চটকল শ্রমিকদের বেতন বাড়িয়ে দিয়েছি, সূতাকল, ইঞ্জিনিয়ারিং শিল্পের শ্রমিকদের বেতন বাড়িয়ে দিয়েছি। আমরা অসংগঠিত শিল্পের শ্রমিকদের জন্য ন্যূনতম মজুরি ধার্য করেছি, যে কাজ আপনারা করতে পারেননি। পশ্চিমবাংলার বিড়ি শ্রমিকদের ন্যূনতম মজুরি আমরা ধার্য করেছি। পশ্চিমবাংলার পটারি শিল্পের শ্রমিকদের জন্য ন্যূনতম মজুরি আপনারা ধার্য করতে পারেননি, সেটা আমরা করেছি। সুতরাং রজনীবাবুদের গাত্রোদাহ হওয়া স্বাভাবিক। কারণ দেশের মানুষ আজকে জেগেছে, গ্রামের মানুষ আজকে জেগেছে, তাদের চেতনা বাড়ছে। আজকে রজনীবাবু একথা বললেন না যে আমরা সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে পশ্চিমবাংলার ভূমিহীন কৃষকদের বার্ধক্য ভাতা পেনসন দেবার ব্যবস্থা করেছি, যদিও সেটা সংখ্যার দিক থেকে কম। আমরা শস্যবীমা প্রবর্তন করেছি। যদিও এটা প্রয়োজনের তুলনায় যথেষ্ট নয়। এগুলির জন্য তিনি একটুও প্রশংসা করলেন না। আমাদের পশ্চিমবাংলা কৃষি বীজের জন্য অন্যের উপর নির্ভর করতে হত, পশ্চিমবাংলার বাইরে থেকে আমদানি করতে হত। আমরা পশ্চিমবাংলায় ৫ কোটি টাকায় Seed Corporation করছি অজেকে সিড কর্পোরেশন গঠন করা হয়েছে, আমরা স্বনির্ভরশীল হতে চাই। কাজেই এগুলি কি উন্নয়নমূলক প্রকল্পের পথ প্রশস্ত করছে না? আমরা জানি যে রজনীবাবুদের চোখে ছানি পড়েছে। তাই, তারা যা দেখছে, তাই হলুদ মনে হচ্ছে। ভাল জিনিসও স্বচক্ষে দৃষ্টি দিয়ে দেখতে পারেনি। রাজ্যপালের ভাষণ সম্পর্কে আমাদের বিরোধী দলের নেতা কাশীকান্তবাবু একটা কথার উল্লেখ করেছেন। তিনি গোটা জিনিসটা না জেনে বললেন। ১৯৭১-৭২ সালে পশ্চিমবাংলায় ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশন—সুতা শিল্পগুলিকে ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশনের অধীনে আনা হয় এবং সেটা রজনীবাবু স্বীকার করবেন কি না জানিনা। ১৯৭২-৭৩ এবং ৭৩-৭৪ সালে যে সমস্ত শ্রমিক এই শিল্পে নিয়োগ করার দরকার ছিল তার চেয়ে অনেক বেশি শ্রমিককে ঢুকিয়ে দেওয়া হয়। ইন্দিরা গান্ধী যুগ যুগ জিয়ো—ইত্যাদি নাম করে এই রুগ্ন শিল্পে বহু উদ্বৃত্ত শ্রমিক ঢুকিয়ে দেওয়া হয়। তার ফলে উদ্বৃত্ত শ্রমিকের সংখ্যা দাঁড়িয়েছে ১৭ শত। উনি এটা না জেনে এখানে একটা ভুল তথ্য দিয়ে গেলেন। তারা ঐ শিল্পের উপর একটা মাথাভারী প্রশাসন চাপিয়ে দিয়েছিলেন। মন্ত্রীর আশীর্বাদপুষ্ট শ্রমমন্ত্রীর আশীর্বাদপুষ্ট, নপুংসক সিদ্ধার্থ রায়ের মন্ত্রী সভার আশীর্বাদপুষ্ট যেসমস্ত পেটোয়া লোক তাদের সেখানে অফিসার করে দিয়েছেন, সেখানে এই লোকেদের ঢুকিয়ে দিয়েছেন। কাজেই সেই প্রশাসনের ব্যর্থতা সেখানে রয়ে গেছে তারপর সেখানে মর্ডানাইজেশন হয়নি। মর্ডানাইজেশনের

নাম করে যে টাকা এসেছে সেটা অন্য খাতে, অন্য পথে ব্যবহার করা হয়েছে। ফলে মর্ডানাইজেশন সেখানে ব্যহত হয়েছে। আজকে এত দরদের কথা এরা বলছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে সেদিন রাজ্য সরকারের প্রতিনিধি হিসাবে ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশনের প্রতিনিধিত্ব করেছিলেন এস. এন. হাঁদা, প্রতিনিধিত্ব করেছিলেন অন্নপূর্ণা কটন মিলের ডঃ দুর্গা চক্রবর্তী। স্বাভাবিকভাবেই ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশন ১৯৭২-৭৭ সাল পর্যন্ত অবহেলিত ছিল। তারপর পশ্চিমবাংলার নুতন বামপন্থী সরকার আসার পরে শ্রমিকশ্রেণীর প্রতিনিধি হিসাবে ২জন প্রতিনিধি পাঠানো হয়। কিন্তু ঐ বোর্ডে কোম্পানির প্রতিনিধিত্বের সংখ্যা অনেক বেশি। সেখানে প্রতিমাসে ৫০ লক্ষ টাকা লস হচ্ছে। তারমধ্যে প্রতি মাসে ১৭ লক্ষ থেকে ২০ লক্ষ টাকা আই. ডি. বি. আইকে দিতে হচ্ছে। লোকসান হচ্ছে উদ্বৃত্ত শ্রমিকের জন্য এবং ৩০ লক্ষ বিদ্যুতের জন্য এটা সম্ভব নয়। শ্রদ্ধেয় নেতা কাশীবাবুর ঘটনাটা জানা উচিত ছিল। আজকে মর্ডানাইজেশনের কাজ শুরু হয়েছে এবং ইতিমধ্যে এই কাজের জন্য ৩৬ কোটি টাকা আই. ডি. বি. আই থেকে লোন এনে মর্ডানাইজেশনের কাজ করা হচ্ছে। লক্ষ্মী নারায়ণ কটন মিল, রামপুরিয়া কটন মিল, ভারতী কটন মিল, এই সমস্ত জায়গায় মর্ডানাইজেশনের কাজ শুরু হয়েছে। ৬টি জেনারেটর এসেছে এবং প্রতি মাসে বিদ্যুতের জন্য ৩০ লক্ষ টাকা সেখানে লস হচ্ছে। এই যে বিদ্যুৎ সংকট, এই ব্যাপারে শুধু আমাদের ব্যর্থতার কথা বলে রজনীবাবুরা যদি পার পাবার চেষ্টা করেন তাহলে ঠিক হবে না। বিগত ৩০ বছর পশ্চিমবাংলায় আপনারা অধিষ্ঠিত ছিলেন। মাঝখানে ২/৩টি বছর ছাড়া বাদবাকী সময়ে আপনারাই এখানে রাস্তা করেছিলেন। বিদ্যুৎ প্রকল্পগুলিকে আপনারা ঠিক মতো ভাবে আমাদের চাহিদা অনুযায়ী কেন তৈরি করতে পারেননি? বিদ্যুত প্রকল্পে ব্যর্থতার কথা বলে উনি আমাদের পদত্যাগ দাবি করলেন এবং রাজ্যপালের ভাষণের বিরোধিতা করলেন। তাই আমি আজকে রজনীবাবুর কাছে বলতে চাই যে, পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার এই ধনবাদী সমাজব্যবস্থার মধ্যে থেকেও এই রাজ্যের যাতে সামান্য কিছু অগ্রগতি করতে পারে, তারজন্য ষষ্ঠ যোজনা কমিশনের কাছে ৪৯০০ কোটি টাকা আমরা চেয়েছিলাম, কিন্তু আমাদের জন্য ৩৬৬০ কোটি টাকা মঞ্জুর হয়েছে। অপর দিকে মহারাষ্ট্রের জন্য আমাদের দ্বিগুন টাকা মঞ্জুর হ'ল। এই বৈষম্য কেন? এই বৈষম্য দূর করার জন্য আমাদের সঙ্গে কি ওঁরা কাঁধে কাঁধ মিলিয়ে লড়বেন? ওঁরা বলেছেন মূল্য বৃদ্ধির কথা। আমরা বলেছি সমগ্র ভারতবর্ষে ১৪টি নিত্য প্রয়োজনীয় জিনিসের মূল্য বেঁধে দেওয়া হোক, কিন্তু কেন্দ্রীয় সরকার রাজী হচ্ছেন না। তা ওঁরা আমাদের সঙ্গে কি যেতে রাজী আছেন? যদি থাকেন, তাহলে চলুন দিল্লিতে শ্রীমতী ইন্দিরা গান্ধীর কাছে গিয়ে দাবি করি যে ১৪টি নিত্য প্রয়োজনীয় জিনিস সারা ভারতবর্ষে একই দামে সরবরাহ করা হোক। তবে আমরা জানি যে, পুঁজিপতিদের স্বার্থে এটা করা হবে না। আমরা আমাদের ট্রেড ইউনিয়নগুলি থেকে বহু বার বলেছি যে, রানিগঞ্জ, আসানসোল এলাকায় যে কয়লা উৎপাদন হয় সেই কয়লা বোম্বাই, দিল্লি, উত্তরপ্রদেশের লক্ষ্ণৌতে যে দামে পাওয়া যায় কলকাতার মানুষও সেই দামে পায়। অথচ মহারাষ্ট্রের, গুজরাটের সূতা-কল মালিকরা যে দামে তুলো

পায় সেই দামে কলকাতায় সরবরাহ করা হয় না। ভোলাবাবু, মন্ত্রী ছিলেন, অতীশ সিংহ মহাশয় ক্ষুদ্র ও কুটির শিল্প দফ্‌তরের মন্ত্রী ছিলেন, তাঁদের আমি জিজ্ঞাসা করছি তূলার একই ফ্রেট হবেনা কেন? আজকে আপনারা একথা বলুন ইন্দিরা গান্ধীকে, সামনে গিয়ে কথা বলুন। আমরা জানি ইন্দিরা গান্ধীর সামনে গিয়ে দাঁড়াবার সাহস আপনাদের নেই। আপনারা এসব কথা বলতে পারবেন না, আপনারা বলবেন, মরে গেছে, রাজীব যদি না আসে তাহলে আমরা অনাথ হয়ে যাব। আপনাদের কি আত্ম-মর্যাদা জ্ঞান আছে? আমি বলি অতীশবাবু, আপনি তো লেখা-পড়া জানা লোক, আপনার বাবা বিধান রায়ের মন্ত্রিসভার সদস্য ছিলেন, তাঁর ব্যক্তিত্ব ছিল, অথচ আপনার সেই ব্যক্তিত্ব নেই, আপনি ক্রীতদাসের ভূমিকা পালন করছেন। আজকে হায়ার ফ্রেটের জন্য আমাদের সূতা শিল্প মার খাচ্ছে। বিদ্যুৎ সঙ্কট যেমন সত্য, মর্ডানাইজেশন হয়নি যেমন সত্য তেমনি তার পাশাপাশি হায়ার ফ্রেট ফর ওয়েস্ট বেঙ্গল একথাও সত্য। সুতরাং আজকে সূতা শিল্পে যে সঙ্কট দেখা দিয়েছে সে সঙ্কটের হাত থেকে মুক্তি পেতে হলে আমাদের আজকে একসঙ্গে লড়াইতে নামতে হবে। এ ছাড়াও গুজরাট এবং মহারাষ্ট্রে পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্সের জন্য কেন্দ্রীয় সরকার টাকা দিয়েছেন, অথচ পশ্চিমবাংলার জন্য দিচ্ছেন না। তার পরে তূলার দাম কেন এক হবে না? আমরা জানি বোম্বাই-এর শিল্পপতিদের কাছে ইন্দিরা গান্ধীর মাথা বিক্রি করা আছে, সুতরাং এক রকম ফ্রেট হতে পারে না, এক ফ্রেট হওয়া সম্ভব নয় আপনাদের স্বার্থে, শ্রেণী স্বার্থে। তাই আজকে রজনীবাবুরা যে বক্তব্য এই সভায় রেখেছেন সেই বক্তব্যের মধ্যে কোনও যুক্তি খুঁজে পাচ্ছি না। শুধু বিরোধিতার জন্য বিরোধিতা করেছেন। ওঁদের বক্তব্যকে পাগলের প্রলাপ ছাড়া আর কিছু বলতে পারছি না। আমি রাজ্যপালের ভাষণকে সমর্থন জানিয়ে বিরোধীদের অ্যামেন্ডমেন্টগুলির বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী হরিপদ ভারতী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি রাজ্যপালের ভাষণ মনোযোগ-সহকারে শুনেছি, একাধিকবার তার অনুলিপিও পাঠ করেছি। আমাদের সরকার পক্ষের বন্ধুরা যত সোচ্চারে সরকারের গুণ-কীর্তন করুন না কেন রাজ্যপালের ভাষণ পাঠ করবার সময়ে আমার মনে হয়েছে এই ভাষণ একটা ক্লান্ত সরকারের ততধিক ক্লান্ত একটা মুখ্যপাত্রের সঙ্কুচিত ভাষণ। এই ভাষণের মধ্যে অতীতের স্মৃতি চারনা করা হয়েছে, অথচ বর্তমান সমসস্যার সমাধানের বক্তব্য এতে নেই। ১৯৮১ সালের বাজেট অধিবেশন উদ্বোধন করছেন মাননীয় রাজ্যপাল, কিন্তু বক্তব্য রাখছেন ১৯৭৮ সালের বিধ্বংসী বন্যা সম্পর্কে, ১৯৭৯ সালের খরা সম্পর্কে এই সরকারের কৃতকর্মের গুণ-কীর্তন করে। সেই সঙ্গে হয়ত কখনও কখনও বর্তমানের পুঞ্জিভূত সমস্যার এবং তা সমাধানের উল্লেখ করেছেন। কিন্তু তার সমস্যার সমাধানের জন্য সরকার কি চিন্তা করছেন, কি সূত্র রাখছেন, আভাসে ইঙ্গিতে সেকথা বলবার চেষ্টা করেননি। আমরা জানি, একটা রাজ্যপালের বক্তৃতা যত দীর্ঘ হোক কিন্তু অতি দীর্ঘ হতে পারে না। একটা সরকারের সমস্ত বৎসরের ক্রিয়াকলাপের সমস্ত কর্মসূচির ব্যাখ্যা তিনি করতে পারেন না। তথাপি যদি আভাসে ইঙ্গিতেও সেই কথা না বলেন তাহলে নিঃসন্দেহে

বিরোধী পক্ষের কর্তব্য আছে সেই ভাষণের দুর্বলতার দিকটা এই সভায় দৃষ্টি আকর্ষন করা। তাই আমি করছি, যেমন, আজকে আপনাদের সামনে বলতে চাইছি, আইন-শৃঙ্খলার প্রশ্ন সম্বন্ধে মাননীয় সরলবাবু যত কথাই সরলভাবে বলুন না কেন, যত কথাই সরকার পক্ষের বন্ধুরা বলুন না কেন মাননীয় রাজ্যপালের ভাষণে কিন্তু স্বীকৃতি আছে, খুন বেড়েছে, ডাকাতি বেড়েছে, আইন-শৃঙ্খলার অবস্থা কিঞ্চিৎ অবনতি ঘটেছে কিন্তু তাত্ত্বিকের মতো কিছু কারণ অনুসন্ধান করবার চেষ্টা করেছেন যে, নিদারুণ দারিদ্র, দুঃস্প্রাপ্য যে নিত্য-প্রয়োজনীয় বস্তু এবং দ্রব্যমুল্য বৃদ্ধি হয়েছে তার একটি প্রতিক্রিয়া সমাজজীবনে ঘটতে বাধ্য—তাই তার মধ্য দিয়ে এই অপরাধ প্রবণতা কিঞ্চিৎ বর্দ্ধিত হতে পারে—একথা মাননীয় রাজ্যপাল বলেছেন। আর খুনের কথা, আইন-শৃঙ্খলার কথা উঠলেই সরকারপক্ষের বন্ধুরা বারবার বলেন একটি কথা—অন্য রাজ্যের পরিসংখ্যান উদ্ধৃত করে বোঝাবার চেষ্টা করেন, পশ্চিমবাংলা স্বর্গরাজ্য, সেখানে খুন খারাপি হয় বটে তবে অন্য রাজ্যের তুলনায় তাদের সংখ্যা অনেক কম। কিন্তু খুনের ব্যাপারে আপনারা কংগ্রেস শাসিত অন্য রাজ্যে যাবেন, সেখানকার পরিসংখ্যান দাখিল করবেন—তাদের তুলনায় আপনাদের পশ্চিমবাংলায় অনেক কম হয়—সেকথা বলবেন কিন্তু বিদ্যুতের বেলায় অন্য রাজ্যে ঘুরে আসবার চেষ্টা আপনারা কেন করবেন না? এই প্রশ্ন তো নিশ্চয়ই আপনাদের করা যায়, নিঃসন্দেহে একথা বলা যায়। আপনারা এখানে বসে কি চিৎকার করবেন তা আমি জানি না কিন্তু আমি সারা ভারতবর্ষে পরিভ্রমণ করে থাকি, মাঝে মাঝে যাই। এই লোডশেডিং পশ্চিমবাংলার সংলগ্ন ২।১ রাজ্য ছাড়া অপরাপর রাজ্যে অনুপস্থিত শুধু নয় অশ্রুত শব্দ। কিন্তু এখানকার লোডশেডিং বোধ করি তুলনাহীন। আপনারা কিন্তু সে সম্বন্ধে বক্তব্য রাখেননি। এখানে অতীতের ৩০ বছরের কংগ্রেসি শাসনের দায়-দায়িত্ব আপনারা গ্রহণ করেছেন, তাদের অকর্মন্যতার জন্য লোডশেডিং এখনও হচ্ছে—বিদ্যুৎ ঘাটতির সব দায়-দায়িত্ব প্রাক্তন সরকারের স্কন্ধে ন্যস্ত করে নিজেরা মুক্ত পুরুষ বলতে চাইছেন কিন্তু এই কংগ্রেসি শাসন অন্ধ্রেও ছিল, মহারাষ্ট্রেও ছিল, উত্তর প্রদেশেও ছিল, হরিয়ানায় ছিল, পাঞ্জাবে ছিল কিন্তু কোথাও আজকের মতোন লোডশেডিং আমরা যা দেখি তা কোথাও নেই। কিন্তু কেন নেই? আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু অত্যন্ত যশস্বী নেতা, অত্যন্ত যোগ্য ব্যক্তি, অপরাপর রাজ্যের মুখ্যমন্ত্রীগণ সে তুলনায় নিশ্চয়ই যোগ্য নন কিন্তু যোগ্যতার নামাবলী গায়ে দিয়ে যদি দক্ষতা না দেখতে পাই তাহলে কি তা দিয়ে নামাবলীর কীর্ত্তন করবেন? আপনারা তো যোগ্য ব্যক্তির কথা বলছেন, কিন্তু দক্ষতা কোথায়? বিদ্যুৎ কোথায়? অন্য রাজ্যে এমন সঙ্কট কোথায়? তার জবাব আপনারা দেবেন না। এই সভায় বসে হয়তো চিৎকার করে আমার কণ্ঠকে স্তব্ধ করবার চেষ্টা করা যায় কিন্তু বাইরের মানুষ, কত লক্ষ্য লক্ষ্য কোটি কোটি মানুষ আপনাদের বিদ্যুৎ সঙ্কটের জন্য প্রতিদিন অভিশাপ দেয়, জ্যোতিবাবুকে তাঁরা অন্ধকার বাবু বলে ডাকে—এটা একটু কান পেতে শুনবেন। ঠিক তেমনিভাবে খুন কম হয় কি বেশি হয় এই প্রশ্ন নয়, পশ্চিমবাংলায় খুন হয়, ডাকাতি হয় এবং অন্য রকম ঘটনা ঘটে। আমি নিশ্চয়ই পশ্চিমবাংলার বিধানসভায় ঐ উত্তরপ্রদেশের কথা বলব না, হরিয়ানার কথা বলব না, পাঞ্জাবের কথা বলব না—আমি এখানকার মানুষ নিশ্চয়ই এখানকার

বিধানসভায় এখানকার কথাই বলব, খুন হয়না? রাহাজানি হয়না? ছেনতাই হয়না? সামাজিক কার্যকলাপের মধ্যে একটি অশান্তি, নিরাপত্তার অভাব আজকে আমরা লক্ষ্য করিনা? আপনারা দেখেন না, ধর্ষিতা নারী কোর্টের সামনে দাঁড়িয়ে তার সামনে আসামীর কাঠগড়ায় দাঁড়িয়ে আছে সেই মানুষ যে তাকে ধর্ষন করেছে, তাঁকে সে চিনতে পেরেও বলতে সাহস পায় না যে আমাকে ধর্ষন করেছে।

[5-35 – 5-45 p.m.]

এই আইনশৃঙ্খলা, এই নিরাপত্তা আপনারা পশ্চিমবঙ্গে সৃষ্টি করেছেন? খুনটা বড় কথা নয়, কিন্তু মানুষের মনে সন্ত্রাস, নিরাপত্তার অভাব, সত্যকথা বলতে পারেনা, অপরাধীদের চিহ্নিত করে দিতে সাহস পায়না, কারণ তারা জানে ঐ অপরাধীরা যদি পরবর্তী সময়ে আমার উপর হামলা করে তখন আইন সাহায্য করবে না, পুলিশ সময় মতো আসবে না কেউ নিরাপত্তা দিতে পারবে না। এই পরিস্থিতির মাঝখানে কি বলতে হবে যে আইনশৃঙ্খলা আছে? এই প্রসঙ্গে এ স্বীকৃতি নাই। মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন চুরি, ডাকাতি হচ্ছে জমি ঘটিত সংঘর্ষ হচ্ছে, আমরা পুলিশকে বলে দিয়েছি যেসব মানুষ বঞ্চিত হতো, শোষকের দল, জমিদারের দল যাদের উপর শোষণ করত তাদের আজকে যাতে শোষণ না করতে পারে ঐ বর্গাদার, কৃষাণরা ফলন ফলায় তারা যাতে তাদের ন্যায্য পাওনা থেকে বঞ্চিত না হয় তা পুলিশ দেখবে। আবার বলছেন পুলিশকে আমরা আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবার জন্য নির্দেশ দিয়েছি। একদিকে বলছেন পুলিশের উপর দায়িত্ব দিচ্ছি যাতে মানুষ তার ন্যায্য পাওনা থেকে বঞ্চিত না থাকে তার পক্ষে তারা যাবে অর্থাৎ আগে যা বলেছেন—গণতান্ত্রিক আন্দোলনে তারা যাবে না। আমি প্রশ্ন করি আইনে কি সেই কথা লেখা ছিল—বলছেন আইনানুগ ব্যবস্থা নিতে বলেছি অথচ লুণ্ঠন হবে, হত্যা হবে নানাভাবে উপদ্রব হবে আইন নিশ্চয় তাদের বিশেষ কোনও নিরাপত্তার ব্যবস্থা করছে না। আপনারা বলেছেন আমরা পুলিশকে নির্দেশ দিয়েছি—দেখছি ধান লুঠ হচ্ছে, জমির ধান লুঠ করে নিচ্ছে, ভেড়ি লুঠ করে নিচ্ছে, দেখছি প্রেসের কর্মচারী প্রেসের মালিকের উপর অত্যাচার করছে দেখেও সেখানে পুলিশ যাচ্ছে না। পুলিশ যাবেনা, তার কারণ পুলিশের উপর এমন নির্দেশ দেওয়া আছে। আজকে অনেক বন্ধু পুলিশের বিরুদ্ধে বক্তব্য রাখলেন পুলিশের মধ্যেও বিশৃঙ্খলা এসেছে বলে পুলিশ তার দায়িত্ব পালন করছে না। পুলিশ যদি তার দায়িত্ব পালন করতে যায়, যদি কাউকে ধরে সাজা দেয় আপনাদের রাজনৈতিক দলের লোকেরা তাকে পুলিশের কাছ থেকে ছাড়িয়ে নিয়ে আসে, পুলিশ কেন তার দায়িত্ব পালন করবে? কি স্বার্থে, কি উদ্দেশ্য সিদ্ধির জন্য করবে? পুলিশের মধ্যে আগে থেকেই বিশৃঙ্খলা সৃষ্টি করে দেওয়া হয়েছে। তাদের মধ্যে নানাবিধ ইউনিয়ন হয়েছে। নিম্নতম কর্মচারী এখন আর উর্ধ্বতন কর্মচারীকে গ্রাহ্য করছেনা। তাদের মধ্যে যে শৃঙ্খলা ছিল সেই শৃঙ্খলাকে বিপর্যস্ত করেছেন এবং তার সঙ্গে আদেশ দিয়েছেন তারা আপনাদের লোককে ধরবে না, তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেবে না। কলকারখানায় শ্রমিক আন্দোলন কি গণতান্ত্রিক আন্দোলন হবে না, হিন্দ মোটর

কারখানায় শ্রমিকরা যদি ধর্মঘট করে সেখানে পুলিশ যাবে, হিন্দ মোটরের মালিক বোধকরি আপনাদের প্রগতিশীল উন্নয়নমূলক দলের লোক। শ্রমিক আন্দোলন যখন করে সেই আন্দোলনে গণতান্ত্রিক উন্নতি হবে না। এই অবস্থাটা দিনের পর দিন চলেছে। আমি নিশ্চয় এই কথা বলব না এখানে বেশি খুন হয়, আমি বলব খুন হয় কিন্তু তার প্রতিকার সরকার করছেন না, সরকার নিরাপত্তার ব্যবস্থা করছেন না, সরকার তাঁর প্রশাসন যন্ত্রকে নিজেরাই বানচাল করছেন। কখনও কখনও বন্ধ করে দিচ্ছেন এবং কখনও কখনও দলীয় স্বার্থে তাকে প্রয়োগ করছেন এই ঘটনা ঘটছে। আজকে অবস্থা কোথায় গিয়ে দাঁড়িয়েছে? মুর্শিদাবাদ জেলায় রাজাপুরে একটা ঘটনা ঘটেছে, সীমান্ত রক্ষী বাহিনীর দুজন জওয়ান নিহত হয়েছেন। এই কি আপনাদের গণতন্ত্র? বিধানসভায় তর্ক বিতর্কের সময় শুনেছিলাম ইন্দিরা গান্ধীর লোক তাদের হত্যা করেছে। এই রকম অনেক দুর্ঘটনা ঘটছে। হত্যাকারী বলে পুলিশ যাকে চিহ্নিত করেছে তিনি কিন্তু সি. পি. এমের অঞ্চল প্রধান। আপনাদের কৃষক সমিতির একজন মান্যগণ্য সদস্য।

[5-45 – 5-55 p.m.]

এই অবস্থা আজকে দাঁড়িয়েছে। আজকে শুধু চর শিবপুরের কথা নয়। আর একটি ঘটনার দিকে আপনাদের দৃষ্টি আকর্ষন করব। এখানকার বন্ধুরা আসামের বিরুদ্ধে কথা বলেন, আমরাও বলি—আসামের আন্দোলন বিচ্ছিন্নতাবাদী আন্দোলন। আমরা ভারতের সংহতি বিরোধী কথা বলি না, কিন্তু সেখানকার আন্দোলনকারী বন্ধুরা যখন বিদেশ থেকে আগত উদ্বাস্তুদের বিদেশি বলে চিহ্নিত করে, তাদের বিতাড়ণের জন্য আন্দোলন করেন, আপনারা তার প্রতিবাদ করেন। সেখানকার উদ্বাস্তুদের জন্য চোখের জল ফেলেন। কিন্তু আপনারা এখানে কি করেন? ঐ চর শিবপুর যেটা ধুলিয়ানার উপর দিকে সেই চর আপনাদের জমি নয়, কোনও ব্যক্তি বিশেষের জমি নয়, চিহ্নিতকরণ হয়েছে—সেই চর কেন্দ্রীয় সরকারের। সেই চর যদিও বাসযোগ্য নয়, তবুও সেখানে ৫ হাজারের উপর উদ্বাস্তু ৫।৬ বছর ধরে বসবাস করছিল। আপনাদের কিছু কর্মী, নেতা, পুলিশ এবং মুর্শিদাবাদ জেলার পুলিশ সুপার সেখানে গিয়ে প্রকাশ্য দিবালোকে তাদের ঘর পুড়িয়ে দিয়েছে, তাদের উপর লাঠি চার্জ করেছে এবং পুলিশ গুলি করে ৯ জনকে হত্যা করেছে। এই হচ্ছে বাস্তব অবস্থা। অথচ উদ্বাস্তুদের জন্য চোখের জল ফেলেন আর ওখানে গুলিবর্ষণ করে রক্তপাত ঘটান। এর মধ্যে দিয়ে আপনাদের উদ্বাস্তুদের প্রতি দরদের কথা বোঝা যায়। আমি পুরানো মরিচঝাঁপির কথায় যাব না, কিন্তু বলব, আসাম থেকে কিছু উদ্বাস্তু যদি পশ্চিমবাংলায় আসে, আপনারাও একদিন তাদের বিতাড়িত করে পশ্চিমবাংলাকে ভারমুক্ত করতে পারেন। আসামের জন্য দরদ এখন আপনাদের নেই। সুতরাং, এই যে দুমুখো নীতি, পরস্পর বিরোধী নীতি—এই নীতির মুখোস আস্তে আস্তে খুলে যাচ্ছে এবং মানুষও বুঝতে পারছেন আপনারা কোন দলের কথা বলছেন। আপনাদের লক্ষ্য হচ্ছে গদীতে বসা। অনেকে বলেছেন—কাশীবাবুও বলেছেন যে, এবার আপনাদের রাজ্যপালের ভাষণে অতীতের মতো কেন্দ্রের বিরুদ্ধে বিষোদগার নেই,

লড়াইয়ের কোনও সংকেত নেই। আজ শান্তির কথা দিয়ে যেটা আমি শুরু করেছিলাম যে, ক্লান্ত সরকারের ক্লান্ত মুখপত্র ছাড়া আর কিছু দিতে পারছেন না। অনেকে ব্যাখ্যা করেছেন যে আপনারা নাকি ইন্দিরা গান্ধীর সঙ্গে আপোষ করতে চান, কেউ কেউ বলেছেন, আপোষ করেই ফেলেছেন। ভোলাবাবু বললেন আজকে কেন্দ্র দুর্বল নয়, ইন্দিরা গান্ধীর সরকার বলিষ্ঠ সরকার। অর্থাৎ আগের মোরারজীর সরকার ছিল দুর্বল সরকার। দুর্বল সরকার ছিল বলেই গণতন্ত্র ছিল, যুক্তরাষ্ট্রীয় কাঠামো ছিল এবং আপনারা ভিন্ন মতাবলম্বী জেনেও আপনাদের ন্যায্য পাওনা থেকে তাঁরা বঞ্চিত করেননি। কিন্তু আপনাদের ভয় হচ্ছে, যে নরম ভেবে, দুর্বল ভেবে সেদিন যাঁরা আস্ফালন করেছিলেন, আজকে তাঁরা তা করছেন না, ইন্দিরা গান্ধী আপনাদের হঠিয়ে দেবেন। সেজন্য আজকে আপনারা নরম কথা বলছেন, তাঁর বিরুদ্ধে বিষোদগার করছেন না। আমার মনে হয়, ইন্দিরা গান্ধীর যেটুকু বুদ্ধি আছে বলে অনুমান করি তাতে তিনি আপনাদের বরখাস্ত করবেন না। ভোলাবাবু চেয়েছিলেন, আমরা অন্য কারণে প্রতিবাদ করছি, কিন্তু তা করলেও হবে না। তার কারণ আপনাদের নিজেদের কৃতকর্মের মধ্যে দিয়ে, অপদার্থতার মধ্যে দিয়ে ধীরে ধীরে জিরো হতে চলেছেন, সেখানে আপনাদের বরখাস্ত করে হঠাৎ হিরো করতে ইন্দিরা গান্ধী চাইবেন না। কাজেই, সেদিক থেকে আপনাদের কথা আমার বোঝাবার কথা নয়। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে যে, আপনারা দেশের সমস্যার সমাধান না করে আজকে যাবেন কি যাবেন না, থাকবেন কি থাকবেন না এই মানসিক দোদুল্যমানের মধ্যে থেকে অনেক সমস্যাই আপনারা আজ লক্ষ্য করছেন না। এখানে একটি সমস্যার কথা বলব, যে সমস্যার আলোচনা এই সভায় কোনওদিন হয়েছে বলে জানি না। কিন্তু সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। ১৯৭৪ সালে ইন্দিরা মুজিব যে চুক্তি হয়েছিল, সেই চুক্তি অনুসারে পশ্চিমবাংলার অন্তর্গত কুচবিহার জেলার অন্তর্গত তিন বিঘা নামক একটি ভারতীয় ভূখণ্ড যেটা পশ্চিমবাংলারই ভূখণ্ড সেটাকে বাংলাদেশকে লিজ দিয়ে উপঢৌকন দেবার ব্যবস্থা করা হয়েছে। আপনারা জানেন ডহগ্রাম এবং ফুলবাড়ি ইত্যাদি যে সমস্ত এনক্লেভ্ রয়েছে তাদের মধ্যে যোগসূত্র স্থাপনের ব্যবস্থা করা হয়েছে। ইন্দিরা গান্ধী জানতে নাও পারেন কোথায় এই তিনবিঘা, কিন্তু পশ্চিমবঙ্গ সরকার যাঁরা পরিচালনা করেন—আপনারা ত বুঝতে পারেন যে তিনবিঘা যদি বাংলাদেশের হাতে চলে যায় তাহলে আমাদের অনেক ক্ষতি হবে। কুচলিবাড়ি বলে আর একটা এলাকা যেখানে ৩০ হাজার মানুষ বসবাস করে সেই ৩০ হাজার মানুষ বিচ্ছিন্ন হয়ে যাবে। সেই ৩০ হাজার মানুষ আবার পাশপোর্ট ভিসা করে আসবে কলকাতায় রাইটার্স বিল্ডিংএ আপনাদের কাছে দরবার করতে। পশ্চিমবাংলার এত মানুষকে এমনভাবে বিদেশি করা যায়—এরূপভাবে বিপদজনক অবস্থার মধ্যে ফেলবার জন্য ১৯৭৪ সালে ইন্দিরা মুজিব চুক্তির বিরুদ্ধে আপনারা কোনও প্রতিবাদ করেননি। এই তিন বিঘাকে রক্ষা করবার জন্য আপনারা একটা পদক্ষেপও গ্রহণ করেননি, ইন্দিরা গান্ধীর বিরুদ্ধে বিষোদগার করেননি। তাহলে আমি কি বলব যে আপনারা চান ইন্দিরা মুজিব চুক্তি কার্যে পরিণত হোক, তিন বিঘা ও কুচলিবাড়ি যাক? তা যদি না হয় তাহলে আপনারা এর প্রতিবাদ কেন করেননি এই প্রশ্ন আমি করছি। আজকে পশ্চিমবাংলার মানুষের অবস্থা জলে

কুমীর আর ডাঙায় বাঘের মতো হয়েছে। আজকে কাগজে দেখলাম যে ইন্দিরা গান্ধীর সরকার রেলের ভাড়া বাড়িয়েছেন, যাত্রীর মাসুল বাড়িয়েছেন। কিছুদিন আগে দেখলাম পেট্রোল ডিজেল কেরোসিনের দাম বাড়িয়েছেন এই কথা সত্য যে, আমাদের সকলেরই অবগত যে, নিশ্চয়ই এত দাম পেট্রোল ডিজেল এবং পেট্রোল জাত জিনিসের বাড়াবার কোনও আন্তর্জাতিক কারণ ছিল না। আরও বেশি মুনাফা কেন্দ্রীয় সরকার করছেন এবং একসাইজ ডিউটির মাধ্যমে আপনারা আরও বেশি টাকা সংগ্রহ করছেন। আপনারাও এখানে সেলস্ ট্যাক্স এর মাধ্যমে বর্ধিত পেট্রোল ও ডিজেল থেকে কিছু রোজগার করছেন। আজকে যাত্রীদের যাতায়াত করবার জন্য অনেক ভাড়া বেশি দিতে হবে এবং ট্রেনে মাল যাতায়াত করার জন্য যে বেশি মাশুল দিতে হবে তারজন্য দ্রব্যমূল্য বৃদ্ধি হবে এবং সাধারণ জন জীবন বিপর্যস্ত হবে। আপনারা বাস ট্রামের ভাড়া বাড়িয়েছেন। তাই বলছিলাম রাজ্য এবং কেন্দ্রীয় সরকার উভয়ে মিলে জনসাধারণের জীবনকে বিপর্যস্ত করবার চেষ্টা করছেন।

[5-55 – 6-05 p.m.]

তাই সকলের দিক থেকে বিপদ। কেন ভাড়া বাড়ালেন বক্তৃতা করেছেন আপনারা। ডিজেল, পেট্রোলের দাম বেড়েছে তাই আমরা ভাড়া বাড়িয়েছি এই কথা বলেছেন। কিন্তু আমার প্রশ্ন—কিছুদিন আগে বেসরকারি বাস মালিকদের ভাড়া বৃদ্ধিতে আপনারা যখন সাহায্য করেছিলেন তখন কি পেট্রোল ডিজেলের দাম বেড়েছিল? তখন তাদের সাহায্য করেছেন, ট্যাক্সির ভাড়া বাড়িয়েছেন, সব করে নিয়েছেন। কিন্তু মনে মনে বোধ করি, একটা বাসনা ছিল যে, ওদের ত বেড়ে গেল, আমাদের কিছু বাড়ল না, কাজেই এবারে সেই সুযোগে আপনারা নিজেরা বেসরকারি মালিকরা চাইবার আগেই এই সমস্ত ট্যাক্সি মালিকদের অ্যাসোসিয়েশন কোনও দাবি-দাওয়া উপস্থাপিত করার আগেই আপনাদের ফ্রন্টের মিটিংয়ে বসে সিদ্ধান্ত নিলেন যে বাস, ট্রাম, ট্যাক্সির ভাড়া বাড়ানো হবে। তারপর আপনারা ভাড়া বাড়িয়ে দিলেন। আবার দেখছি, গভর্নরের ভাষণে লেখা আছে—এখনও ভারতবর্ষের সমস্ত রাজ্যের চেয়ে এখানে বাসের ভাড়া সর্বাপেক্ষা কম। কিন্তু এ কথা সত্য, ঠিক আজকের কথা বলতে পারব না—সেদিনও বোম্বেতে দেখে এসেছি ২৫ পয়সা ন্যূনতম ভাড়া এবং বোম্বে শহর কলকাতা শহর নয়। আপনারা নিজেরাও এই বর্দ্ধিত বাস, ট্রামের ভাড়া যে সমর্থন করেন না তার প্রমাণ আপনারা নিজে। সরলবাবু সরল ভাষায়, সরল মানুষ বিষ্ময় প্রকাশ করেছিলেন—ইন্দিরা কংগ্রেসের বন্ধুরা এক এক রাজ্যে এক এক কথা বলেন—আপনারা করেন না? আপনারা হরিয়ানা, পাঞ্জাবে বাস ভাড়া বৃদ্ধির বিরুদ্ধে আন্দোলন করছেন না? করছেন। আর পশ্চিমবঙ্গে নিজেরাই বাস, ট্রামের ভাড়া বাড়াচ্ছেন। এই আপনারা অন্য রাজ্যের কথা বলেন। কিন্তু ট্রামের ভাড়া বাড়ালেন কেন, ট্রাম কি পেট্রোল ডিজেলে চলে? কেরোসিন, কয়লা আর ঐ কয়লাজাত দ্রব্য যার সঙ্গে বিদ্যুতের সম্পর্ক তার সারচার্জ বেড়ে গেছে, তাই আমাদের ভাড়া বেড়ে গেছে। আপনারা যুক্তিগুলি আগে কিন্তু এমন দেননি। আগে বলেছিলেন ট্রামের ইনএফিসিয়েন্সি দূর করবার জন্য ভাড়া বাড়াতে হচ্ছে। কোথায় এফিসিয়েন্সি?

অন্যান্য রাজ্যে ভাড়া কত সেটা ত দেখেছেন। অন্যান্য রাজ্যে বাস কি ভাবে চলে, ট্রাম চলে না এটা ঠিকই—এটা আপনাদেরই একমাত্র কৃতিত্ব, কিন্তু বাস চলে, সেখানে বাসে কতজন যাত্রী যায়, কেমনভাবে যায়—আর আপনাদের এখানে বাসে কেমনভাবে মানুষ যায়, কত মানুষ যায়—সেটা একটু চোখ চেয়ে দেখবেন। এত মানুষ চলে, তবুও আপনাদের লোকসান হয়, তবুও আপনাদের ভরতুকি দিতে হয়, তবুও ওয়ার্ল্ড ব্যাঙ্কের কাছে দেনা করে নূতন নূতন বাস কিনতে হয়, পুরানো ট্রাম মেরামত করবার জন্য, নূতন ট্রাম কেনবার ব্যবস্থা করতে হয়। আমি জানি—কারণ কোথায়, কারণ হচ্ছে দুর্নীতি। আপনাদের দেখাশোনা করবার লোক নেই, মেনটেন্যান্সের ব্যবস্থা নেই, চুরি অঢেল, সর্ব কর্মে আপনারা অকর্ম্মন্য, অদক্ষ। তাই আপনারা বাসে এত যাত্রী বহন করেও, ট্রামে এত যাত্রী বহন করেও লাভ করতে পারেন না, আপনাদের সারচার্জ দেওয়ার জন্য নূতন করে ভাড়া বাড়ানো, ভরতুকি দিয়েও লাভ করতে পারেন না। ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকা কি ভাবে শোধ করবেন তাও ভেবে কূল কিনারা পান না এই অবস্থা চলছে। কেন্দ্রের অবস্থাও তাই, রেলে উঠতে পারবেন না। ট্রাম, বাসের অবস্থা এই—এই অবস্থার মধ্যে দিয়ে আমাদের চলতে হচ্ছে। ট্রাম, বাসের অবস্থা কেমন—কলকাতার নাগরিকরা জানেন, অফিস আদালত যাঁরা করেন তাঁরা জানেন, বিদ্যার্থীরা, পরীক্ষার্থীরা জানেন কি ভাবে ট্রাম, বাসের জন্য কতক্ষণ দাঁড়িয়ে অপেক্ষা করতে হয়, মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ে ট্রাম, বাসে উঠতে হয়। এই অবস্থা দিনের পর দিন চলছে,আপনারা শুধু নিরন্তর প্রয়াস চালাচ্ছেন। আমি রাজ্যপালের ভাষণে দেখলাম—সর্বত্র নিরন্তর প্রয়াস—আইনশৃঙ্খলার ক্ষেত্রে, বেকারত্ব দূর করার ক্ষেত্রে, পরিবহন ব্যবস্থা উন্নত করার ক্ষেত্রে সর্বত্র নিরন্তর প্রয়াস আপনারা চালিয়ে যাচ্ছেন প্রাণপন শক্তিতে, প্রাণান্ত না হওয়া পর্যন্ত এই প্রয়াস আপনারা চালিয়ে যান। এখানে শিক্ষা সম্বন্ধে অনেক কথাই হয়েছে, আমি আর নতুন করে বেশি আলোচনা করব না। তথাপি এখানে আমি কয়েকটি কথা বলতে চাই, আলোচনার মধ্যে দিয়ে আপনারা দুটি বস্তুকে উপস্থাপিত করবার চেষ্টা করেছেন। একটা আপনাদের এই শিক্ষা কাঠামোর কিছু পরিবর্তনের কথা, আর একটা ভাষার কিছু পরিবর্তনের কথা। এমন কথা আমি অন্তত বলব না যে, শিক্ষা নিয়ে নতুনভাবে চিন্তা করার বা নতুন পরীক্ষা-নিরীক্ষার অবকাশ আমাদের জাতীয় জীবনে নেই। নিশ্চয়ই চিন্তার অবকাশ আছে, ভাববার অবকাশ আছে। অতীতকে অন্ধভাবে অনুসরণ করতে হবে, এমন কথা নিশ্চয়ই আমি বলি না। কিন্তু প্রশ্ন হচ্ছে পরিবর্তন যেটা করবেন সেটার আবশ্যকতা আছে কিনা এবং এটাই আজকে বিচার্য বিষয়। দ্বিতীয় বিচার্য সেই পরিবর্তনে আমাদের জাতি উপকৃত হবে কিনা? এই প্রসঙ্গে আমি দুটি কথা বলতে চাই। একটা হচ্ছে প্রাথমিক স্তরে ইংরাজি ভাষা থাকবে, কি থাকবে না। এই নিয়ে যে বিতর্ক চলছে সে বিষয়ে। আর দ্বিতীয় কথা যেটা সেটা নিয়ে বড় একটা বিতর্ক শুনছি না। কিন্তু সেটা আমার কাছে একজন শিক্ষকরূপে অত্যন্ত গুরুত্বপূর্ণ। সেটা হচ্ছে আপনারা প্রাথমিক স্তরে পরীক্ষা ব্যবস্থা রাখেননি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই দুটি বিষয়ে একটু আলোচনা করবার সুযোগ আমি গ্রহণ করব। প্রথমত ইংরাজি ভাষা প্রাথমিক স্তরে থাকবে, কি থাকবে না এই নিয়ে যে তর্কবিতর্ক হচ্ছে তাকে

কেন্দ্র করে অনেক নতুন দৃশ্য আমরা দেখছি। আমাদের দেশের বুদ্ধিজীবী এবং সাহিত্যিকেরা, যাঁরা কখনও রাজনৈতিক আন্দোলনে যোগদান করেননি, মিছিল করেননি, তাঁরা আজকে রাস্তায় নেমেছেন, কারাবরণ করছেন। অনেকে, যাঁরা তাঁর সঙ্গে একমত হচ্ছেন না, তাঁরা নানাবিধ মন্তব্য উপহার দিচ্ছেন তা তাঁরা উপহার দিতে চান দিন, মত-বিরোধ থাকতে পারে, বুদ্ধিজীবীরাই যে, সব সময়ে সত্যি কথা বলছেন, এমন কথা আমি বলছি না। বিতর্ক থাকতে পারে, কিন্তু বিতর্কে মত-বিরোধ থাকলেই শ্রদ্ধেয় ব্যক্তিকে অশ্রদ্ধা জানাবেন, প্রকাশ্যে কটুক্তি করে অশালীন মন্তব্য করবেন? এই রুচি নিয়ে যে সরকার পরিচালিত হ'ন এবং অপসংস্কৃতি দূর করতে চান, তাহলে আমি বলব যে ঐ কাজকে অন্তত এই রুচি সাহায্য করবে না। যাঁরা রুচিবান নন তাঁরা কখনও সুরুচির প্রতিষ্ঠা করতে পারেন না। একথা নিশ্চিত যে, ডঃ নিহাররঞ্জন রায়, ডঃ সুকুমার সেন, শ্রী প্রমথনাথ বিশী ওঁদের সঙ্গে এক মত নাও হতে পারে, কিন্তু তাই বলে ওঁরা বোম্বাই ফ্লিম-এর ভিলেনকে ডেকে আনবেন তাঁদের গালাগাল দেবার জন্য? ওঁদের এই সুরুচিকে আমি অন্তত সমর্থন করছি না। এই প্রসঙ্গে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন, দেশের দুর্দিনে, ইমার্জেন্সির সময়ে যখন গণতন্ত্রের উপর আঘাত এসেছিল তখন ঐসব সাহিত্যিকরা, সুকুমার সেন, নিহাররঞ্জন রায় প্রভৃতি কি করেছেন? হ্যাঁ, তাঁরা কিছু করেননি। করেননি সেটা জাতির পক্ষে মঙ্গলের। কারণ সুকুমার সেনের মতো মানুষ এবং সাহিত্যিক যদি আরও একজন রাজনৈতিক নেতা হিসাবে আমাদের দেশে উপস্থিত হতে চাইতেন তাহলে রাজনীতি লাভবান হত কিনা জানি না, কিন্তু নিঃসন্দেহে দেশের ভাষা ও সংস্কৃতি ক্ষতিগ্রস্ত হত। তাই আমরা চাই সুকুমারবাবু, নিহারবাবুরা রাজনীতি না করে সাহিত্য সেবা করুন। আজকে আপনারা মনে করছেন ওঁরা রাজনীতি করছেন। কিন্তু ভাষার কথা, সাহিত্যের কথা, শিক্ষার কথা নিসন্দেহে শিক্ষক, সাহিত্যিকরা বলবেন, সে বিষয়ে তাঁদের বক্তব্য প্রচার করবার অধিকার আছে।

[6-05 – 6-15 p.m.]

কারণ আছে, কারণ আজকে শুধু রাজনৈতিক হচ্ছেনা। আমাদের দেশের শিক্ষাব্যবস্থার মধ্যে দিয়ে যদি জাতীয় শিক্ষা, জাতীয় সংস্কৃতি বিপন্ন হয় বলে মনে করেন, শিক্ষা সংস্কৃতির পূজারি রূপে তাঁর কর্তব্য নিশ্চয় হবে, তার প্রতিবাদ করার। তাই করছেন। আমি কিন্তু এই প্রসঙ্গে আপনার কাছে আমার মত, বক্তব্য একটা রাখতে চাইব একথা সত্ত্বেও। আমি শুনেছি এই প্রসঙ্গে কেউ বলেছেন রাশিয়ায় প্রাথমিক স্তরে ইংরাজি আছে, কেউ বলেছেন নেই, চীনে কেউ বলেছেন আছে, কেউ বলেছেন নেই। আমার বক্তব্য তা নয়। আমাদের বাংলা থাকবে, ইংরেজি থাকবে কি থাকবে না, এই বিচার রাশিয়ার কাছ থেকে নেবনা, চীনের কাছ থেকে নেব না। ওদের দেশ থেকে দৃষ্টান্ত নিতে হবে, এর কোনও যুক্তি নেই। যুক্তি হচ্ছে আমরা প্রাথমিক স্তরে ইংরেজি রাখব কি রাখব না, এই বিচার। আমাদের দেশে পশ্চিমবাংলার মানুষের স্বার্থে রক্ষা করব, রক্ষা করার দরকার আছে, চীনে কি রাশিয়ায় আছে কি নেই এই বিচারের উপর ভিত্তি করে নয়, একথাই আমি বলতে চাই। আপনারা জনগণকে বিভ্রান্ত

করছেন, এই প্রসঙ্গে সেকথাও বলা দরকার আছে। আপনারা চার দিকে প্রচার করছেন, আজও বক্তৃতা শুনলাম সরকার পক্ষের বন্ধুদের,—আমরা মাতৃভাষাকে প্রাধান্য দিতে চাই, মাতৃভাষার মাধ্যমে পঠন এবং পাঠন পরিচালনা করতে চাই, আর ওঁরা চাইছেন ইংরেজি ভাষাকে আনতে। আমি যতদূর পড়েছি কাগজে, কেউ বলেননি, কোনও বুদ্ধিজীবী বলেননি যে ওঁরা ইংরেজি রাখতে চাইছেন, ওঁরা কেউ একথা বলেননি যে মাতৃভাষার মাধ্যমে পঠন-পাঠন হবে না, মাতৃভাষায় শিক্ষা হবে না, এমন বক্তব্য কেউ রাখেননি। কিন্তু জনগণকে বিভ্রান্ত করতে গিয়ে এই কৌশল সরকার পক্ষের বন্ধুরা নিচ্ছেন। যেমন ওঁরা বলছেন—আমরা মাতৃভাষাকে রাখতে চাই, আমরা বাংলা ভাষার মধ্য দিয়ে শিক্ষা দিতে চাই কিন্তু এই দুষ্টমতি পামররা ইংরেজদের দালালি করছে, খলনায়ক এসে বলছে—ওদের ইংরেজদের দেশে পাঠিয়ে দাও, ওরা ইংলন্ডে চলে যাক, একথা আপনিও শুনেছেন। বক্তব্য তা নয়, মাতৃভাষার মাধ্যমে পঠন-পাঠন হোক এটা সকলেরই কাম্য, আমাদের কারও দ্বিমত সে সম্বন্ধে নাই, এতো প্রয়োজন। প্রশ্নটা শুধু এখানে নয়, মাতৃভাষায় পঠন-পাঠন হোক সব স্তরেই হোক, কিন্তু প্রাথমিক স্তরে ইংরেজি তার সঙ্গে একটা বিষয় থাকবে কি থাকবে না, প্রশ্নটা এখানে **(নয়েজ)** শচীনবাবু আপনি অনেক কথা বলেছেন, আমিও বলতে পারি, আমি আপনার মতো নেতা নই, অনেক কিছু বলবার অধিকার আছে, আমি বলতে চাই, প্রাথমিক স্তরে ইংরেজি থাকবেই এমন বক্তব্য রাখতে আমি আসিনি, প্রাথমিক স্তরে যদি ইংরেজি না থাকে জাতির মাথায় আকাশ ভেঙে পড়বে, এ আমি বিশ্বাস করি না। আমার বক্তব্য এখানে অন্য। একটি রাজ্যে পাশাপাশি দুটি ব্যবস্থা রাখতে বাধ্য হচ্ছেন, এটাই আমার প্রশ্ন। পারবেন কে জি বন্ধ করে দিতে? আজকে নিত্য নতুন মরশুমি ফুলের মতো অঞ্চলে অঞ্চলে কে জি স্কুল মাথা চাড়া দিয়ে উঠছে **(নয়েজ)** এবং সমস্ত মানুষ সেখানে যাচ্ছেন, পারবেন সেটা বন্ধ করতে? আপনি কনভেন্টগুলি কেন রেখেছেন? আপনারা এখানে লা মার্টিনেয়ার, ডন বস্কো স্কুলের নাম শুনেছেন? সেখানে আপনাদের অভিজাত মানুষদের ছেলেরা পড়তে যায়, মন্ত্রীরা সেখানে পাঠাননা ছেলে মেয়েদের পড়তে? ঐ বোম্বের খল নায়ক যিনি তিরস্কার করে ইংলন্ডে পাঠাতে চেয়েছিলেন, আমি শুনেছি তাঁর কন্যা লরেটোতে লালিত পালিত হন। ইনি চাইবেন নাটক চালাতে এবং দেশের মানুষকে দু দলে বিভক্ত করতে। একদল ইংরেজি শিখবে, ইংরেজি কথা কইবে এবং তারা অখিল ভারতীয় প্রতিদ্বন্দ্বিতামূলক পরীক্ষায় কৃতকার্য হবে, আই এ এস এবং আই পি এস হবে, ভাষার চৌ কসের মার্ক পেয়ে অভিনন্দিত হবে, ইন্টারভিউতে তারাই পাশ করবে, আর একদল বাংলা ছাড়া ইংরেজি শিখবেনা, জানবেনা, উচ্চারণ অশুদ্ধ করবে, তারা আর এক শ্রেণীর নাগরিক তৈরি হবে। আর এই দুই শ্রেণী যাদের আপনারা প্রাথমিক স্তরে ইংরাজি শিখালেন না আর ইংলিশ মিডিয়ামে যারা শিক্ষা পেল তারা যখন এক যোগে এসে উপস্থিত হবে এক সঙ্গে পড়বে এদের মধ্যে যে পার্থক্য রচনা হবে তার দায়দায়িত্ব কে বহন করবে? আপনারা বহন করবেন। কাজেই বলছি যে যদি পারেন কে. জি. তুলে দিন একটা নিয়ম করুন একটা কাঠামো তৈরি করুন এবং তা করতে পারলে আমি আপনাদের অভিনন্দন জানাব। বাংলা ভাষা ছাড়া অন্য ভাষা পড়ানো হবে না।

এতে মানুষের কল্যাণ হচ্ছে না। আমাদের সরকার কিছু মুখপত্র এমন কি মাননীয় পার্থবাবু একদিন আমাকে বলেছিলেন যে এমন কোনও আইন নেই এবং সংবিধানেও নেই যে এই কে. জি. বন্ধ করতে পারি। এক জায়গায় আপনারা সংবিধানেও বাধার কথা বলবেন আর অন্য দিকে যেখানে সংবিধানের বাধা নেই সেখানে আপনারা নিজের কাজ নিজেরা করে যাবেন। তাহলে নিজের পাঁঠা বলে লেজে কাটবেন। একটু ভাল বুঝেসুঝে দেখুন। বাংলা ভাষার প্রতি দরদ, মাতৃভাষার প্রতি দরদ আমাদের সকলের দরদ সত্যিই কি আন্তরিক এই প্রশ্নটা স্বাভাবিক আসে। অনেককাল আগে কংগ্রেস সরকার বলেছিলেন বাংলা ভাষায় সরকারি কাজকর্ম পরিচালিত হবে এবং আপনারাও বিধানসভার প্রথম অধিবেশনে বলেছিলেন ৪ বছর আগে। কিন্তু মাতৃভাষায় কি সরকারি কার্য পরিচালতি হয়? আপনারা এই সভায় যে বিলগুলি আনেন সেই বিলগুলি কোন ভাষায় রচিত হয়? একটু আগে মুখ্যমন্ত্রী মহাশয় যে স্টেটমেন্ট দিয়েছেন তা ইংরাজিতে দিয়েছেন বাংলায় দেননি। আপনাদের বাংলার প্রতি কত দরদ। আমার বক্তব্যে না জানি কত বিকৃত বাংলা থাকে। মাননীয় মুখ্যমন্ত্রী একদিন টিপ্পনী কেটে বলেছিলেন বাংলার মাষ্টার হরিপদ ভারতী। আমি বাংলার মাষ্টার হলে নিশ্চয় গর্বিত বোধ করতাম। তাঁর মতো হীনমন্যতা নিয়ে বাংলা ভাষা পড়িনি। আমি বাংলা অধ্যাপক নই। কিন্তু আমি বাংলা পড়ি বাংলায় বক্তৃতা করি এবং বাংলাকে খুব ভালবাসি। কিন্তু বাংলার মুখ্যমন্ত্রী যদি এতো বিদ্রুপ করতে পারেন তাহলে তাঁর যে বাংলার প্রতি কি রকম দরদ তা বুঝতে কি আমাদের কষ্ট হবে? নিশ্চয় কষ্ট হবে না। কিন্তু আমরা তা করি না। ওঁরা মাঝে মাঝে মধুসূদনের কথা বলেন। মধুসূদন ইংরাজি শিখেছিলেন এবং অনেক ভাল ইংরাজি শিখেছিলেন এবং ইংরাজির অনেক রচনাও করেছিলেন এবং সেগুলি সার্থক রচনা। তিনি গৌর বসাককে লিখেছিলেন I am for getting Bengali. আবার এই মধুসূদনই বাংলা ভাষায় লিখেছিলেন হে বঙ্গ ভান্ডারে তব বিবিধ রতন তা সবে অবোধ আমি অবহেলা করি পর ধনে ভিক্ষাবৃত্তি কুক্ষণে আচরি কাটাইনু বহু দিন সুখ পরিহরি, ওরে বাছা মাতৃকোষে রতনের রাজি এ ভিখারীর দশা তোর কেন তবে আজি.....ইত্যাদি। এ সম্বন্ধে উনি বলেছিলেন বাংলা ভাষায় বাংলা সাহিত্যের মধ্যে অসংখ্য রত্নরাজি আছে। তাই ইংরাজি শিক্ষার প্রতি ইংরাজি ভাষার প্রতি অত্যন্ত আনুগত্য থাকা সত্ত্বেও তিনি বাংলা ভাষায় ফিরে এসেছিলেন। ঐ প্রাণ যদি থাকে তাহলে মধুসূদনের কথা বলবেন আর ছেলেমেয়েদের পাঠাবেন কনভেন্টে, লরেটো ইংলিজ মিডিয়াম স্কুলে তাদের এইভাবে মানুষ করবেন বিদেশ থেকে লেখাপড়া শিখিয়ে আনবেন চৌকস ইংরেজ তৈরি করবেন পোষাকে-আসাকে চাল চলনে। আর অন্যান্যরা সব আপনাদের জনমুখী করার প্রচেষ্টা সার্থক করবে। কিন্তু এটা জনমুখী হচ্ছে না। একটা বিশিষ্ট শ্রেণী আপনারা তৈরি করছেন এবং তারই ব্যবস্থা আপনারা করছেন। সঙ্গে সঙ্গে আর একটা কথা বলি কালকে অকস্মাৎ দূরদর্শন কিছুক্ষন শুনবার সুযোগ আমার হয়েছিল। আপনাদের এই বিশেষজ্ঞ কমিটির মান্যবর সদস্য তাঁকে প্রশ্ন করলেন প্রাথমিক স্তরে পরীক্ষা তুলে দিলেন তাহলে মান নির্ণয় করবেন কি করে। উনি বললেন আমরা পরীক্ষা করতে চাই না কারণ পরীক্ষা করলে পাশ ফেল এই দুই ব্যবধানের সৃষ্টি হবে বৈষম্য দেখা দেবে। তাই আমরা

পরীক্ষা তুলে দিয়েছি। কারণ আমরা সকলকে নিয়ে চলতে চাই।

কেউ ফেল করবে না। এই যদি পরিস্থিতি হয় তাহলে মাননীয়া অধ্যক্ষা, রামমোহন কলেজের, অহেতুক প্রাণ দিলেন—সবাইকে নিয়ে তিনি চলতে পারলেন না বলেই প্রাণ দিলেন। প্রতিবাদ করবার আবশ্যকতা ছিল না কারণ সব পাশ হয়ে যাবে এই পদ্ধতির মধ্য দিয়ে, এই শিক্ষা ব্যবস্থার মধ্য দিয়ে আপনারা চলছেন। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আর একটি কথা বলে মাননীয় বীরেনবাবুকে আশ্বস্ত করছি, বসে যাব। কাল এবং পরশুদিন কয়েকটি প্রশ্নের উত্তরে মাননীয় সংস্কৃতি ও প্রচার দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী বুদ্ধদেববাবু বললেন, হ্যাঁ, অনেক কুৎসিত নাটক অভিনীত হচ্ছে, চলছে। মুনাফাখোর ব্যবসায়ী মানুষ এই নিম্নস্তরের প্রবৃত্তিকে উত্তেজিত করে পয়সা লুঠছে, আমরা জানি। কিন্তু আইনানুগ ব্যবস্থা আমরা নেব না। আমরা বন্ধ করবার চেষ্টা করব, মনের পরিবর্তন করব, হৃদয়ের পরিবর্তন করব, পরিস্থিতির পরিবর্তন করব। কি ভাবে করবেন? তিনি বললেন আমরা পরিস্থিতির পরিবর্তন করব প্রগতিশীল নাটক—প্রগতিশীল চিন্তাধারার ধারক বাহক যে সমস্ত নাটক আছে সেই সমস্ত প্রগতিশীল নাট্যগোষ্ঠীকে আমরা উৎসাহিত করছি। কলকাতা শহরের দিকে একটু তাকিয়ে দেখুন, কতগুলি রঙ্গমঞ্চে কি ধরনের নাটক প্রতিদিন অভিনীত হচ্ছে এবং তার মধ্য দিয়ে তরুণ বালক-বালিকারা কি শিক্ষা লাভ করছে। কি ভীড় সেখানে—আর প্রগতিশীল নাট্য সংস্থা মাছি তাড়াচ্ছে। সেখানে লোক যায় না। আপনি সিনেমা চালু করবার জন্য ঢালাও ১ টাকা টিকিট করে দিয়েছেন, কিন্তু তবুও লোকে যায় না। ঐ নাটকগুলি ছেলে-মেয়েদের মন নষ্ট করে দিচ্ছে। তাদের বিবেক কলুষিত হচ্ছে, দেশের সংস্কৃতির মান বিপন্ন হচ্ছে। মাননীয় বুদ্ধদেববাবু আপনি আর কল্পনা করবেন না দেশের অপসংস্কৃতি দূর করবেন, সুস্থ সংস্কৃতির ধারা প্রবাহিত করবেন, মানুষের হৃদয় পরিবর্তন করবেন। কিন্তু এ জহর সে জহর নয়। এ বুদ্ধদেব তথাকথিত বুদ্ধদেব নয়, যিনি সেই বুদ্ধদেবের মতো সমস্ত মানুষের মৃত্যুকে দূর করে দেবেন সাধনার মধ্য দিয়ে—তেমন সাধক মাননীয় মন্ত্রী বুদ্ধদেববাবু নন। কাজেই এর ভিতর দিয়ে হবে না। আমাদের তরুণ-তরুণী, সুকোমলমতি বালক-বালিকারা একটা সুস্থ সংস্কৃতির মধ্যে বড় হয়ে উঠুক এটা যদি আপনি চান তাহলে নিঃসন্দেহে সেই ব্যবস্থা করবেন এবং কুৎসিত নাটক, ক্যাবারে ড্যান্স, অশ্লীল নৃত্যগুলি বন্ধ করবেন দেশের মধ্যে সুস্থ সাংস্কৃতিক পরিবেশ প্রতিষ্ঠিত করবার জন্য। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনাকে ধন্যবাদ দিয়ে, সভার সকলকে ধন্যবাদ দিয়ে, মাননীয় রাজ্যপালের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করতে পারছি না বলে দুঃখ প্রকাশ করে আমার বক্তব্য এইখানেই সমাপ্ত করছি।

**শ্রী বিশ্বনাথ মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণ শুনলাম, তারপর পড়েছি। আমার প্রথম একটি কথা মনে হয়েছে কি পরিস্থিতির মধ্যে আমাদের এই বিধানসভা বসেছে। রাজ্যপাল তাঁর ভাষণ দিয়েছেন এবং তার উপর আমরা বিতর্ক করছি। সেই পরিস্থিতির গুরুত্ব এই ভাষণের মধ্যে নেই। আমরা ভারতবর্ষের একটি অঙ্গ রাজ্য এবং আমাদের দেশের আশপাশে অন্য দেশ আছে। সমুদ্র আছে, পর্বত আছে।

[6-15 – 6-25 p.m.]

আন্তর্জাতিক পরিস্থিতি যে খুবই গোলমেলে সেটা আমরা সকলেই জানি। সাম্রাজ্যবাদীরা যুদ্ধের উত্তেজনা সৃষ্টি করছে, ভারতবর্ষের পক্ষে বিপদও আছে। এই পরিস্থিতিতে পৃথিবীর প্রথম এবং সর্বপ্রথম সমাজবাদী দেশের রাষ্ট্রপ্রধান আমাদের দেশে এসেছিলেন অর্থনৈতিক, কূটনৈতিক এবং সামরিক বিভিন্ন প্রকারের সাহায্যের প্রতিশ্রুতি নিয়ে। সেখানে আলোচনা হয়েছে, চুক্তিও হয়েছে। আমাদের প্রধানমন্ত্রীও এই বিপদের কথা আমাদের শুনিয়েছেন এবং আমাদের সব আন্দোলন বন্ধ করতে বলেছেন। কিন্তু ভারতবর্ষে আভ্যন্তরীণ অবস্থা কোথায় যাচ্ছে এবং কাদের সাহায্য করছে? আমরা সকলেই জানি যে অর্থনৈতিক সঙ্কট আরও গভীরতর হচ্ছে এবং রাজনৈতিক সঙ্কটও ঘনায়মান। আজকে রেলের ভাড়া বৃদ্ধির কথা অনেকে বলেছেন কিন্তু আমি বলব, এটা কোনও বিচ্ছিন্ন ঘটনা নয়। এর ফলে জিনিসপত্রের দাম বাড়বে কিন্তু এটা করা হচ্ছে মুদ্রাস্ফীতি রোধের নাম করে। পৃথিবীর সেই সব দেশ যেখানে পুঁজিবাদী অর্থনীতি আছে সেখানকার শাসকবর্গ যা করে থাকে এরাও তাই করছেন। এদের যেটা বেশি করে করতে হচ্ছে তা হল এই যে তারা যে সঙ্কট সৃষ্টি করেন সেই সঙ্কটের বোঝা তারা সাধারণ মানুষের ঘাড়ে চাপিয়ে দেন বিশেষ করে খেটে খাওয়া মানুষ—কৃষক, শ্রমিকদের ঘাড়ে চাপিয়ে দেন। কয়েকদিন পরেই নতুন কেন্দ্রীয় বাজেট আসছে, তাতে কি আছে সেটা আমরা আর কয়েকদিন পরেই দেখতে পাব। তবে তার আগে থেকেই যে আলোচনা এবং সমালোচনা হচ্ছে তা থেকে বোঝা যাচ্ছে তারা কি করতে চান বা করতে যাচ্ছেন। মাননীয় মন্ত্রী যিনি নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্র সরবরাহের ভারপ্রাপ্ত তিনি তো বলেই দিয়েছেন যে সারা দেশে নিত্য প্রয়োজনীয় জিনিসপত্র সরবরাহ করার জন্য পাইকারি ব্যবসা রাষ্ট্রায়াত্ব করা বা উৎপাদন যেখানে হয় সেই কারখানাগুলি নিয়ন্ত্রণ করার ইচ্ছা আমাদের নেই, এটা আমরা করব না। সুতরাং জিনিসপত্রের দাম যতই বাড়ুক তা নায্য মূল্যে সংগ্রহ করার এবং সরবরাহ করার তারা কি করবেন? তাদের পক্ষে যা করা স্বাভাবিক তাই তারা করতে চলেছেন। সেখানে খরচগুলি কমিয়ে দেওয়া হ'ল। কোনও কোনও খাতে খরচ কমাতে বললেন—তারা বললেন, খাদ্যে যে অর্থবরাদ্দ আছে সেটা কমিয়ে দাও, সারে যে অর্থবরাদ্দ আছে সেটা কমিয়ে দাও—এগুলি সব বাজে খরচ, এগুলি কমিয়ে দাও এবং রাজ্যের যে পাওনা তা সম্ভব হলে কমিয়ে দাও। সেলস ট্যাক্সের ক্ষেত্রে আমরা দেখছি তারা ৫/৬টি গুরুত্বপূর্ণ জিনিস নিয়ে নিচ্ছেন। সারা পশ্চিমবাংলার ক্ষেত্রে আমি হিসাব করে দেখছিলাম এতে আনুমানিক ১০০ কোটি টাকার মতোন ওদের এক্তিয়ারে চলে যাবে। তার থেকে তারা কি অংশ দেবেন, না দেবেন জানি না কিন্তু এই হচ্ছে অবস্থা। তারপর আমরা দেখছি শ্রমিক, কর্মচারিদের দমন করার জন্য তাদের উপর আক্রমণ বেশ জোরের সঙ্গে আরম্ভ হয়েছে। জিনিসপত্রের দাম বাড়লেও তারজন্য তাদের যাতে মজুরি, মহার্ঘভাতা বাড়তে না পারে তারজন্য ইতিমধ্যেই আক্রমণ শুরু হয়েছে। এসব কাজ কোথায় কোথায় হচ্ছে তা সকলেই জানেন কাজেই আমি আর সেগুলির পুনরাবৃত্তি করতে চাই না। তারপর ওরা বিরাট কৃষক সমাবেশ করলেন। আমাদের রাজ্যে বিভিন্ন খবরের কাগজে তার যে ছবি বেরিয়েছে এবং যা

খবর বেরিয়েছে তাতে অবশ্য বোঝা যাচ্ছে যারা গিয়েছেন তাদের অধিকাংশ কৃষক নয়। সেখানে প্রধানমন্ত্রী বলেছেন, তোমাদের জন্য অনেক করেছি, আরও অনেক করব, প্রয়োজন হলে রক্ত দিয়ে সেচ করব। অবশ্য কার রক্ত দিয়ে সেটা আমরা জানি না। তিনি অবশ্য সেই সঙ্গে বিভিন্ন রাজ্যসরকারকে ধমকেছেন—কংগ্রেস (ই) রাজ্য সরকারগুলিকেও ধমকেছেন। কৃষকদের চাপে তাদের কৃষিজাত পণ্যের ন্যায্য মূল্য না হোক, কিছুটা বাড়ান তাও বলবে না। ঋণের হারে জর্জরিত কৃষক, তাদের ঋণ কিছুটা লাঘব করা, সেটাও চলবে না, এই সব দায়িত্বজ্ঞানহীন কাজ। আপনারা নিশ্চয়ই জানেন যে ১৯৭৫ সালের থেকে ক্রমাগত কৃষিজাত পণ্যের পাইকারি দর, আর শিল্পজাত পণ্যের পাইকারি দরের মধ্যে ব্যবধান বেড়ে চলেছে। কৃষকরা পাইকারি দর তাদের প্রাথমিক বাজারে যা পায় আর যে দরে বিক্রয় হয়, আর শিল্পজাত পণ্যের যে পাইকারি দর আর যে দরে কিস্তু হয় তার মধ্যে অনেক ফারাক। যদি ধরেও নেওয়া যায়, ২টি পাইকারি দর সরকারি হিসাব থেকে দেখা যায় যে ১৯৭৫ সালে তার তফাৎ শতকরা ১০ টাকা হচ্ছে, শতকরা ১০ ভাগ হচ্ছে, তারপর ৮ ভাগ, তারপর ৪ ভাগ, তারপর বেড়ে ২২ ভাগের মতো হয়েছিল এবং এখন প্রায় ৪০ ভাগে পৌঁছেছে। কল্পনা করতে পারেন যে কৃষকের কাজ থেকে প্রতিটি বিষয়ে কত কোটি টাকা লুট করে নিয়ে যাচ্ছে বড়বড় শিল্পপতিরা এবং ব্যবসায়ীরা? তার ফলে যে কৃষক সমস্ত ধনিক শ্রেণীর সরকারকে এবং তাদের দলকে বারে বারে ভোট দিয়ে এসেছে, যে রায়ত সাধারণত বামপন্থীদের ভোট দেয় না, ভোট দেয় বিভিন্ন বুর্জোয়া দলকে, তাদের মধ্যে অসন্তোষ, আন্দোলন সৃষ্টি হয়েছে। যে কোনও সরকার হোক, কংগ্রেস সরকারও যদি কিছু কনসেশন দিয়ে থাকে সেটা অন্যায় হচ্ছে, সেটা বন্ধ করে দাও। এই যে লাইন, এটা বুঝতে কোনও অসুবিধা নেই, এটা পরিষ্কার যে সমস্ত বোঝাটা শ্রমিক, কৃষক এবং সাধারণ মানুষের কাঁধে চাপিয়ে দাও। কেন্দ্র কাদের সুযোগ-সুবিধা দেবেন? কেন্দ্র সুযোগ-সুবিধা দিচ্ছেন আমাদের দেশের একচেটিয়া পুঁজিপতিদের এবং বড়বড় ব্যবসায়ীদের এবং এই সুযোগ-সুবিধা বাড়াবার অনবরত চাপ দেওয়া হচ্ছে। মোদি ভুবনেশ্বরে বলেছেন যে তোমরা আমাদের অনেক সুযোগ-সুবিধা দিয়েছ, এটা ভাল হয়েছে এবং এর ফলে অবস্থা একটু ভাল হয়েছে। কিন্তু এটাই যথেষ্ট নয়। আমাদের উপর থেকে ট্যাক্স আরও কমিয়ে দেওয়া দরকার এবং উৎপাদনের ব্যাপারে আমাদের যা ইচ্ছা তাই করব, আমাদের উপর কোনও নিয়ন্ত্রণ থাকা উচিত নয়। গভর্নমেন্ট খোলাখুলিভাবে কতটা মেনে নেবেন আমি জানি না, কিন্তু সেদিকে তারা অগ্রসর হচ্ছেন। এই যে অর্থনৈতিক সঙ্কট শুরু হয়েছে তার প্রভাব পশ্চিমবাংলার উপর পড়বে এবং এর সঙ্গে সঙ্গে রাজনৈতিক অবস্থা কি দাঁড়াচ্ছে সেটাও আমরা জানি। বিনা বিচারে বন্ধ করবার আইন পাশ হয়েছে। এটা কাদের উপর প্রয়োগ হচ্ছে? বিরোধী শক্তির উপর প্রয়োগ হচ্ছে। আমরা এও জানি যে রাষ্ট্রপতির ধাচে সরকার-এর কোনও প্রস্তাব নেই—এই কথা প্রধান মন্ত্রী বললেও, তাঁরা যারা বড়বড় ডান হাত বাঁ হাত মুখ্যমন্ত্রী আছেন, তারা ক্রমাগত বলছেন এবং একজনতো সম্প্রতি বলেছেন যে এই বছরই হওয়া উচিত, ১৯৮১ সালেই হওয়া উচিত তা না হলে দেশ রসাতলে চলে যাবে। সেই সঙ্গে সঙ্গে আমরা এও জানি দিল্লি থেকে বলা হয়েছে যে না,

পশ্চিমবাংলা, কেরালা, ত্রিপুরা এইসব গভর্নমেন্টের বিরুদ্ধে কেন্দ্রীয় সরকার কোনও ব্যবস্থা গ্রহণ করবেন না, জোর করে তাদের সরাবেন না। আবার সঙ্গে সঙ্গে এই দাবিও সোচ্চার হতে চলেছে যে পাশাপাশি থাকতে দিচ্ছেন তাতে অর্থনৈতিক পরিস্থিতি তীব্র হচ্ছে এবং রাজনৈতিক পরিস্থিতি ঘন হয়ে উঠছে। এই পরিস্থিতিতে একটা বামফ্রন্ট সরকারের কি নীতি হওয়া উচিত, কি ভাবে তাদের বলা উচিত? আমার নিজের ধারণা যে তাদের এমন কাজ করা উচিত, এমন ভাবে করা উচিত—আমি এই কথাটার উপর জোর দিতে চাই যে এমন কাজ করা উচিত এবং এমনভাবে করা উচিত যাতে পশ্চিমবাংলার মানুষের স্বার্থ শুধু নয়, পশ্চিমবাংলার বাইরের মানুষও উৎসাহিত হয়, ঐক্যবদ্ধ হয় এবং বিশেষ করে পশ্চিমবাংলার গণতান্ত্রিক শ্রেণী যারা আছে, শ্রমজীবী মানুষ যারা আছে তাদের মধ্যে দৃঢ় ঐক্যবদ্ধ প্রতিষ্ঠিত হয়, তারা যাতে অর্থনৈতিক সঙ্কটের যে বোঝা, রাজনৈতিক যে আক্রমণ তাকে প্রতিরোধ করার জন্য উৎসাহিত হয় সেই ভাবেই বলা উচিত।

[6-25 – 6-35 p.m.]

এদিক থেকে আমি বামফ্রন্ট সরকারের কয়েকটি কাজের বিচার করতে চাই। প্রথমে ভাষার কথা ধরুন, ইতিপূর্বে ভাষা নিয়ে অনেক আলোচনা হয়েছে। এবিষয়ে আমাদের মতামত আপনারা চাননি। আমরা মনে করি যে, প্রাথমিক স্তরে ইংরাজি শেখানোর কোনও দরকার নেই। শুধু দরকার নেই তাই নয়, সেটা শেখালে ভুল করা হবে। কারণ আমাদের মতো নিরক্ষর দেশে প্রাথমিক শিক্ষার উদ্দেশ্য কি হওয়া উচিত? আমাদের দেশের অসংখ্য ছেলে-মেয়ে একটু লেখা-পড়া শেখবার সুযোগই পায় না। নামে-মাত্র স্কুলে ভর্তি হয়, তারপরই স্কুল ছেড়ে দেয়। এই যে অসংখ্য ছেলে-মেয়ে এদের পরিবেশ এবং আসপাশের পরিবেশের ভাষার ভিত্তি ইংরাজি নয়। এদের বেশিরভাগ অংশই খেটে খাওয়া মানুষ, গরিব মানুষ। সুতরাং এদের দিকে লক্ষ্য রেখে আমাদের প্রাথমিক শিক্ষার কথা ভাবা উচিত, না মুষ্টিমেয় উচ্চবিত্ত ধনী বাড়ির ছেলে-মেয়েদের কথা ভেবে আমাদের প্রাথমিক শিক্ষার কথা ভাবা উচিত? যদি এদের কথা ভাবতে হয় তাহলে এদের যাতে একটু প্রাথমিক লেখা-পড়া হয় তার উপর জোর দেওয়া উচিত এবং যাতে বেশিরভাগ ছেলে-মেয়ে পড়তে পারে তার জন্য প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক করা উচিত। এই ছেলে-মেয়েরা যাতে স্কুল থেকে চলে যায় তার জন্য তাদের ভারাক্রান্ত করা উচিত নয়। সুতরাং প্রাথমিক স্তরে ইংরাজি পড়াবার কোনও দরকার আছে বলে আমি মনে করি না। তবে আমাদের মতো দেশে মাধ্যমিক স্তরে নিশ্চয়ই ইংরাজি পড়াবার দরকার আছে। আশ্চর্যের কথা হচ্ছে সেটা নিয়ে কেউ আলোচনা করেননি। ইংরাজি পড়বার বা বিদেশি ভাষা শেখবার আধুনিক পদ্ধতি এখনও গ্রহণ করতে পারিনি, যার ফলে সেগুলি আমরা ভাল করে পড়িনা। কিন্তু সেকথা কেউ এখানে বললেন না। আমি হরিপদবাবুর সঙ্গে অনেক বিষয়ে একমত নই, কিন্তু এ বিষয়ে পরিষ্কার এক-মত। সেটা হচ্ছে এখানে ব্রাহ্মণ এবং অব্রাহ্মণ দুটো জাতি করা চলতে পারে না। সংবিধান আমরাও পড়েছি, সংবিধানের মধ্যে থেকেই সরকার নিশ্চয়ই এটা করতে পারেন। বহু দিন আগেই যা মাদ্রাজ

পেরেছে এবং আরও কোনও রাজ্য পেরেছে, সেটা নিশ্চয়ই আমরাও করতে পারি যে, যা হবে তা সকলের জন্য সমানভাবেই হবে। তা না হলে আজকে আপনাদের এই অভিযোগ শুনতে হচ্ছে যে, আপনারা কেউ কেউ নিজেদের ছেলে-মেয়েদের ইংরাজি স্কুলে পড়াবেন, অন্য অনেক কিছু পড়াবেন, আর সাধারণ মানুষ সে সুযোগ পাবে না। সুতরাং এই অভিযোগ আপনাদের শোনা উচিত নয়। যাদের ইংরাজি মাতৃভাষা তাদের ক্ষেত্রে ছাড়া আর সমস্ত স্কুলে এক নিয়ম চালু করা উচিত। আমি মনে করি এটা নিশ্চয়ই করা সম্ভব। তারপর যেটা হরিপদবাবু বললেন যে, প্রাথমিক স্তরে নাকি পরীক্ষা হবে না। আমি খোঁজ-খবর নিয়ে জানলাম যে, উনি এটা ভুল বললেন। সরকার থেকে বলা হয়েছে যে নিয়মিত অ্যাসেসমেন্ট করা হবে এবং সেটা শিক্ষকরা করবেন, কিন্তু জোর করে ছেলে-মেয়েদের ক্লাশে আটকে রাখা হবে না। সুতরাং হরিপদবাবুর ঐ প্রশ্ন এখানে ওঠে না এবং এক্ষেত্রে হাই-স্কুলের প্রশ্নও ওঠে না। তারপর হরিপদবাবু বললেন সিটি কলেজে কি হয়েছে, শুন্য পেয়েছে তাকেও পাশ করিয়ে দেওয়া হচ্ছে। সেসব কথা এখানে ওঠেনা। এখানে কথা হচ্ছে বেশিরভাগ ছেলে-মেয়েরাই প্রাথমিক স্কুলে পড়তে এসে ছেড়ে দিয়ে চলে যায়, ফলে তাদের প্রাথমিক শিক্ষাও হয় না। সুতরাং আজকে তাদের ৪/৫টি ক্লাশের মধ্যে কিছু শেখবার সুযোগ কি করে দেওয়া যায় তার চেষ্টা করতে হবে এবং নিশ্চয়ই তাদের অ্যাসেসমেন্ট হবে এবং তার ভিত্তিতে তাদের যাতে একটু সংশোধন হয়, উন্নতি হয় সে ব্যবস্থা নিশ্চয়ই শিক্ষকদের করা উচিত, তাঁরা তা করবেন এবং অভিভাবকরাও তা করবেন। সব চেয়ে বড় কথা হচ্ছে তাদের ৫টা ক্লাশ পর্যন্ত শেখবার সুযোগ দিতে হবে, যাতে কিছু অন্তত লেখাপড়া শিখতে পারে। আমি আর একটি ব্যাপারে মাননীয় সদস্য হরিপদবাবুর সঙ্গে একমত। বাংলা ভাষায় লেখাপড়া সর্বোচ্চস্তর পর্যন্ত এবং পরীক্ষা হবে এবং সেখানে কোনও ব্যতিক্রম থাকবে না। কেন পরীক্ষা বাংলায় হবে না? যারা ভাল ইংরাজি জানে তারা ইংরাজিতে দেবে আর যারা বাংলা জানে তারা বাংলাতে দেবে। আমাদের ভারতবর্ষে যে চুক্তি হয়েছে তা হলো তিন ভাষার চুক্তি আমাদের বাংলা ভাষার অধিকার আমি শুনলাম আই. এ. এস. পরীক্ষাতে স্বীকৃত হয়েছে। আমাদের পাবলিক সার্ভিস কমিশনে এ বিষয়ে কোনও বাধ্য-বাধকতা আছে কিনা তা আমি জানি না, সেটা আপনারা দেখবেন, তবে সমস্ত পরীক্ষায় বাংলার সুযোগ থাকা উচিত। এন্ট্রান্স একজামিনেশনে যেমন ধরুন, বিভিন্ন মেডিক্যাল কলেজে, ইঞ্জিনিয়ারিং কলেজে অ্যাডমিশনের ক্ষেত্রে সেখানে কেন ইংরাজি বাধ্যতামূলক হবে? এগুলি ভেবে দেখবেন। রাইটার্স বিল্ডিংস-এ প্রশাসনিক কাজকর্ম বাংলায় হবে না কেন? আধা সরকারি প্রতিষ্ঠানে কাজকর্ম বাংলায় হবে না কেন? টাইপ রাইটার মেশিন বাংলায় আছে। কংগ্রেস আমলে বাংলায় টাইপ রাইটার মেশিন শেখার জন্য একস্ট্রা ৮ টাকা চাওয়া হয়েছিল বলে সেইসব মেশিনগুলি পড়ে আছে। ইংরাজিতে সব চলছে। এখন বাংলায় সেগুলো চালু হওয়া উচিত। আমার মনে হয় এ ব্যাপারে সরকারের দৃষ্টি দেওয়া উচিত। যারা ভাষা নীতি নিয়ে আন্দোলন করছেন আমি তাদের সাথে একমত নই। অবশ্য আমি বলছি না তাঁরা এই সরকারের বিরোধিতা করবার জন্য বা রাজনৈতিক উদ্দেশ্যে এই আন্দোলন করছেন একথা আমার মনে হয় না। কিন্তু

মধ্যবিত্ত লোকের মনে হয়তো কিছু আশঙ্কা দেখা দিয়েছে সেই জন্য এই আন্দোলন করছেন। আমি গভর্নমেন্টের কাছে অনুরোধ করব—আপনারা ভাষার মতোন একটা জিনিস মানে নতুন জিনিস প্রবর্তন করছেন ভালই করছেন কিন্তু ভাল জিনিস যদি করেন তাহলে তার পদ্ধতিটা কি হওয়া উচিত—যাতে ব্যাপকভাবে আলোচনা হয়, তর্ক-বিতর্ক হয় এই ব্যাপারে তারপর হলো হলো না হলো না হলো কিন্তু সেই চেষ্টা হওয়া উচিত। আপনাদের উচিত সকলকে আহ্বান করা। এই আন্দোলন বন্ধ করে আসুন আমাদের সঙ্গে আলোচনা করুন—একথা আপনাদের বলা উচিত। তারপর আমি যে জিনিসটা বলতে চাইছি সেটা হলো নিত্য প্রয়োজনীয় জিনিসের ব্যাপারে। রাজ্যপালের ভাষণের মধ্যে নিত্য প্রয়োজনীয় জিনিসের সরবরাহ সম্বন্ধে একটা কথা স্বীকার করা হয়েছে সেটা হচ্ছে দাম এবং সরবরাহ রাজ্য সরকারের আয়ত্বের মধ্যে নেই একথা বলা হয়েছে। কিন্তু আমি বলব, একথা ঠিক, আপনাদের আয়ত্বের মধ্যে যেটুকু করা দরকার সেটুকু করেছেন কিনা? ধরুন, কতকগুলি জিনিস আমাদের রাজ্য সরকারের মারফত সরবরাহ হয়ে থাকে যেমন, সিমেন্ট বলুন, কেরোসিন বলুন এবং আরও অন্যান্য জিনিস বলুন। এই সমস্ত জিনিসগুলি নিয়ে দুর্দান্ত মুনাফাখোরী চলছে। এগুলি বন্ধ করবার জন্য কি ব্যবস্থা নেওয়া হচ্ছে? তারপর ধরুন, রেশনের মারফত—আমি রেশনে তেল ডাল যেটা সরবরাহ হচ্ছে সেটা তো দেখছি না—কিন্তু অন্যান্য জিনিসের যাতে সরবরাহ হয় তারজন্য আরও নজর দেওয়া উচিত। আভ্যন্তরীন সংগ্রহ করবার জন্য আমি এর আগে ২। ৩ বার রাজ্যপালের ভাষণের উপর আলোচনা করবার সময়ে বলেছিলাম কিন্তু কেউই আমার কথা গ্রাহ্য করেননি। আভ্যন্তরিন সংগ্রহের জন্য আমাদের পশ্চিমবাংলায় যে সংগঠন আছে সেই সংগঠনকে আরো শক্তিশালী করা উচিত, আরও মজবুত করা উচিত। আভ্যন্তরিন সংগ্রহের উপর নিজেদের নির্ভর করা উচিত। আজকে কেন্দ্রীয় সরকার, কাজের বিনিময়ে খাদ্য যে প্রকল্প আছে সেই প্রকল্পে খাদ্যের পরিমাণ কমিয়ে দিয়েছে কিন্তু এই কেন্দ্রীয় সরকারকে চাপ দেবার একটা সুযোগ থাকত যদি আভ্যন্তরিন সংগ্রহ আরও জোরদার হতো। কিন্তু তা করা হয়নি। আমি কেরল সরকারের সম্বন্ধে দু-একটি কথা বলছি—আমি জানি না আপনারা কে কিভাবে নেবেন—কেরল সরকারের আর্থিক অবস্থা আমাদের চেয়ে খুব ভাল নয়, বরং আমাদের চেয়ে খারাপ কিন্তু তারা ১৮টি নিত্য প্রয়োজনীয় জিনিস অন্যান্য রাজ্য থেকে সংগ্রহ করে নিজের রাজ্যে রেশনের মারফত সরবরাহ করে। কেরলের রেশন ব্যবস্থা খুব ভাল।

[6-35 – 6-45 p.m.]

আমাদের রাজ্যে কিছু কিছু হয়ত খারাপ আছে। যেটা মোটেই ঠিক নয়। কেরলে যেমন ব্যবস্থা আছে, তাদের যে ফসল কম, অথচ অন্যান্য রাজ্যে যা প্রচুর বিক্রি হচ্ছে সেখানে কেরল গভর্নমেন্টের লোক বসে আছে এবং সংগ্রহ করে নিয়ে আসছে। সেটা আমরাও পারি, যদিও তাতে সমস্যার সমাধান হবে না। সমস্যার সমাধান কেন্দ্রের হাতে—তাঁরা যদি করেন তবে করবেন বলে আমার মনে হচ্ছে না। কিন্তু এটা একটা জিনিস যেটা আমাদের সরকার নিশ্চয় করতে পারতেন, করা সম্ভব ছিল, সেটা হল তাদের প্রধান কৃষিজাত প্রত্যেকটি পণ্যের

দর বেঁধে দেওয়া উচিত ছিল। এখানে ভাষণে বলা হয়েছে যে চাষীরা ধানের দাম ১০ টাকা বেশি পেয়েছে, সেটা কেন্দ্রীয় সরকার ঘোষণা করেছেন। কিন্তু ১০ টাকা বেশি দাম কৃষকদের পরিপোষক নয়। বাজারে চালের দামের সঙ্গে এর কোনও সামঞ্জস্য নেই। আমি কারও নাম বলতে চাই না, বামফ্রন্টের কোনও সর্বোচ্চ নেতা আমাকে বলেছিলেন উত্তরবঙ্গে ১০৫ টাকা থেকে ১০৯ টাকা দাম। তারা এও পাচ্ছে না। তার চেয়েও কম দামে বিক্রি করতে বাধ্য হচ্ছে। আমার কাছে এই রকম নালিশ করেছে। সেই সমস্ত কৃষক অভাবের দায়ে বিক্রি করে। কত কৃষক ইন্দিরা গান্ধীর ঠিক করা দাম থেকেও কম দামে বিক্রি করেছে। ইন্দিরা গান্ধী যে দাম বেঁধে দিয়েছিলেন সেটাও ঠিক নয়। সুতরাং আমাদের পশ্চিমবঙ্গ সরকারের দাম ঠিক করা উচিত ছিল। টাকা পয়সার কথায় বলেন, আমাদের টাকা নেই। আমি বলি টাকা দিয়ে গভর্নমেন্টের বিচার হবে? তা হলে যে সরকার টাকা পয়সার দিক থেকে আমাদের চেয়ে বেশি খরচা করতে পারবে সেইসরকার সর্বোৎকৃষ্ট সরকার হবে? আমি তা মনে করি না। আমাদের টাকা পয়সা কম এটা সকলেই জানে। তা ছাড়া কেন্দ্রীয় সরকার যে বিমাতৃসুলভ ব্যবহার করছেন তাও সকলে জানে। বেশি বোঝাবার দরকার নেই। এখানে সেই কৃষকেরা আসে যারা আর পারছে না। ইংরাজিতে একটা কথা আছে টোকেন, অর্থাৎ মনের ভাব প্রকাশ, আপনারাও একটু মনের ভাব প্রকাশ করুন না যেটা আপনারা কৃষকের পক্ষে বলবেন। ঋণের ব্যাপার ঘোষণা করা হয়েছে ব্যাঙ্কের পক্ষ থেকে। আমার মনে হয়েছিল সরকারি ঋণ ছেড়ে দেওয়া হবে। সব ঋণ মিলিয়ে ৪০ থেকে ৪৫ কোটি টাকা আছে। কোনও কোনও ঋণের জন্য পরোয়ানা জারির কথা আমাদের কাছে খবর এসেছে। সমবায় ঋণ, সে সম্বন্ধে ভাবনা-চিন্তা করছেন ভাল কথা কতটুকু করতে পারবেন? আমি মনে করি মানুষের ঋণ শোধ করা উচিত নয়—একথাটা ঠিক নয়। ১৯৭৪ সালে ফসল হয়নি বলে ঋণ আদায় স্থাপিত ছিল। কিন্তু ১৯৭৫ সালে একটু ফসল ভাল হলে সিদ্ধার্থ রায়ের গভর্নমেন্ট বলেছিলেন যে, সমস্ত দেনা পাওয়া দেঁড়ে মুসে আদায় করতে হবে। আমি বলেছিলাম না, সেটা সম্ভব নয়। তাতেও তারা যা আদায় করেছিল—মেদিনীপুরে তমলুকে ৪ ভাগের এক ভাগ আদায় করেছিল। তার জন্য কৃষকেরা আন্দোলন করেছিল এবং তার জন্য বহু গ্রেপ্তারও হয়েছিল। আপনারা বলছেন বন্যা গেছে, খরা গেছে সব এতে লেখা আছে কিন্তু কৃষকেরা ন্যায্য দর পাচ্ছে না—লজ্জার কথা। দর না পেলে তারা ঋণ শোধ কি করে করবে? কোথাও কোথাও এখন সেই ঋণের চক্রবৃদ্ধি হারে সুদ নেওয়া হয়। আমরা ছেলেবেলায় স্বদেশি করতে গিয়ে গ্রামে যে চক্রবৃদ্ধি হারে সুদ দেখে আতঙ্কিত হয়েছি, সেই জিনিস এখনও সর্বত্র চলছে, এমন কি বানিজ্যিক যে ব্যাঙ্ক সেখানেও চক্রবৃদ্ধি হারে সুদ নেওয়া হয়। তাহলে এখনও সেই কলোনিয়াল বা ঔপনিবেশিক অবস্থা চলছে। অন্ধ্র গভর্নমেন্ট দয়া করে কৃষকদের বলেছিলেন যে আমরা ঋণ ছেড়ে দিতে পারি না তবে সুদ বেশি নোব না। কারণ কখনও কখনও সুদ আসলের দুইগুণ, তিনগুণ, পর্যন্ত হয়, আমরা আসলের সমান যে সুদ সেটা আদায় করব কিন্তু আসলের চেয়ে বেশি সুদ আদায় করব না।

[5-45 – 5-55 p.m.]

সুদ হচ্ছে আসলের চেয়ে বেশি। মুখ্যমন্ত্রী এখানে নেই, কিন্তু অন্য মন্ত্রীরা বসে আছেন, তাঁদের আমি বলি—এটা নিয়ে আমরা একটা আন্দোলন করছি, আর আপনারা বলছেন সেটা ভুল হচ্ছে, তারফলে আমরা কি দেখতে পাচ্ছি? সুতাহাটার চৈতন্যপুরে সেখানে পুলিশ লাঠি চার্জ করল, ধাক্কা ধাক্কি করল, যার ফলে অনেক মেয়েদের কাপড়-চোপড় খুলে গিয়েছিল। এই অবস্থায় লোকে উত্তেজিত হয়ে পুলিশকে মারল—বুঝলাম এটা অন্যায়। কিন্তু গতকাল এগরায় কি হয়েছে? সেখানে কোনও শাসক দলের স্থানীয় নেতৃত্বে হাজার খানেক লোকের মিছিল এসে ৩ হাজার কৃষক যেখানে অবস্থান করছিল, তাদের আক্রমণ করে এবং বহু লোককে আহত করে। এইসব জিনিসের মানে কি? কোনও একটা মতভেদ নিয়ে যদি কেউ শান্তিপূর্ণভাবে আন্দোলন চায় তাহলে আপনারা তা বরদাস্ত করবেন না? আপনারা কপালে সিঁদুর দেখে এসে তাদের উপর লাফিয়ে পড়লেন। এইরকম ঘটনা চারিদিকে অনবরত ঘটছে তা নয়, কিন্তু এইরকম ঘটনা ঘটা উচিত নয়। তারপর আলুর ব্যাপার নিয়ে আপনারা একটা উদ্যোগ নিয়েছেন, ভাল কথা। অসময়ে বৃষ্টির জন্য বহু আলু নষ্ট হওয়ায় তার দাম কি হবে জানি না। আমি কোল্ড স্টোরেজ সম্বন্ধে বলছি—এ সম্বন্ধে আপনাদের আইন আছে, কোল্ড স্টোরেজে ইলেকট্রিসিটি সম্বন্ধে আইন আছে, কিন্তু কোল্ড স্টোরেজকে কন্ট্রোল করবার মতো কোনও আইন নেই। অর্থাৎ কে কত আলু রাখবে, কার আলু থাকবে, কি ভাবে খালাস হবে, সে সম্বন্ধে কোনও আইন নেই। তাই বলছি—এ ব্যাপারেও আপনারা ব্যর্থ হবেন, এবং আলুর দাম যখন সাংঘাতিকভাবে বাড়বে তখন তার দোষ লোকে আপনাদেরই দেবে। তারপর শিল্প সম্বন্ধে আমি বলব যে, শিল্পের ব্যাপারে এবং শ্রমিক ব্যাপারে কোনও সাফল্য ঘোষণা করবার সময় এখন নয়। কোনও সামান্য সাফল্য যদি অর্জন করে থাকেন তাহলে গত বছরে যেটা ৪০ কোটি ছিল এবার সেটা ৫৩ কোটি করেছেন—কিন্তু জিনিসের দাম কি পরিমাণে বেড়েছে? যাই হোক, প্রধান কথা হচ্ছে—একচেটিয়া পুঁজিপতি। এই সভা গঠিত হবার পর প্রথম অধিবেশনে আমি যে কথা বলেছিলাম তার জন্য কেউ কেউ রাগও করেছিলেন, কিন্তু আমি আবার বলছি—এদের উপর নির্ভর করে শিল্প কি বাড়বে? বিড়লার কেশরাম কটন মিল প্রতি বছর ১০ কোটি টাকা করে লাভ করছে। কিন্তু তাদের সেই টাকা খাটছে বাইরে। অর্থাৎ এই টাকা দিয়ে বাইরে তারা ৩।৪টি সিমেন্ট ফ্যাক্টরি ক রছে এবারও মিটিংয়ে পাশ করেছে যে আর একটা বাইরে করবে। গোয়েঙ্কাও তাই করছে। এখানকার জুট মিল এবং ইঞ্জিনিয়ারিং শিল্পের মালিকদের তা দিয়ে তারা টাকা মজুতদারী, স্পেকুলেটিভ ব্যাপারে নিয়োগ করছে। শিল্পের দিক থেকে ১৯৮০ সালে পশ্চিমবাংলার অবস্থা খুব খারাপ গেছে এবং সামনের বছর আরও খারাপ যাবে। নিশ্চয় কিছু কিছু আপনারা করেছেন, কিন্তু আরও কিছু করা যেতে পারত বিশেষ করে ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে। কমলবাবু এবং কানাইবাবুকে বলব কৃষিভিত্তিক শিল্প কতটা হয়েছে? সরলবাবু বললেন অনেক কথা। কিন্তু সুতা তৈরি করবার জন্য, কল করবার জন্য যে ৫টা লাইসেন্স পেল তার ভেতরে ৪টি নিয়ে গেছে ইউ. পি. এবং বিহার। অথচ,

এখানকার তাঁতীরা হাহাকার করছে। এটা আপনারা সকলেই জানেন। শ্রমিকদের কথা বলব, এই সময়ের মধ্যে শ্রমিকদের উপর ভীষণভাবে আক্রমণ হয়েছে। লে-অফ্ ৩।৪ বছর ধরে চলছে, অবশ্য কোনও কোনও জায়গায় শেষ পর্যন্ত একটা মীমাংসা হয়েছে। কিন্তু সরকার কি তাঁদের উপর যথেষ্ট চাপ দিয়েছেন? এমন কি এমারজেন্সির সময়ে হাওড়ায় বিড়লার কারখানায় এ. আই. টি. ইউ. সির যে ১১০ জন শ্রমিক ছাঁটাই হয়েছিল তাঁদের ফিরিয়ে নেবার জন্য আমি মন্ত্রী মহাশয়কে বলেছি, সব পক্ষ থেকেই বলা হয়েছে, কিন্তু এখনও কিছু হয়নি। কিন্তু ২৩ মাস হয়ে গেল এখনও পর্যন্ত তাদের ফিরিয়ে নেবার কোনও ব্যবস্থা হয়নি। ক্ষেতমজুরদের ব্যাপারে অনেক কল্যানমূলক আইন করার কথা ছিল কিন্তু তাও এখনও হয়নি। শিল্প সম্পর্কে আইন করার কথা ছিল কিন্তু যে আইন এখনও হয়নি। তা কি কেন্দ্রের জন্য অপেক্ষা করা হচ্ছে? কিন্তু কেন? তারা করলে কি আমরা দেখে করব। আমার কথা তারা করলেই কি হয়ে যাবে? আমরা সেটা করতে পারতাম কিনা? কিন্তু এখানে সে সব কথা নেই। আমি এই সব কথা উল্লেখ করলে রাগ করবেন না। ক্ষেত মজুরদের ন্যূনতম মজুরি ১৯৭৪ সালে হয়েছিল তাদের তা ফিকস্‌ড করা হয়েছিল কিন্তু আজও তা সংশোধন করা হল না। ৮ টাকা থেকে ৯ টাকা। জিনিসপত্রের দাম যে ভাবে বেড়েছে সেটা পুনর্বিবেচনা করা দরকার কিনা সেটা ভেবে দেখবেন বিদ্যুতের ব্যাপারে আশ্বস্ত হবার চেষ্টা হচ্ছে। বলা হচ্ছে এই যদি হয়—এই যদি হয় তাহলে বিদ্যুতের সঙ্কট অনেকটা কমে যাবে। আমি স্টেটস্‌ম্যান পড়ে যা বুঝলাম সারা পূর্ব ভারতে যা জনসংখ্যা তার তুলনায় যে টাকা বিদ্যুতের জন্য ধার্য করা হয়েছে ভারতের অন্যান্য রাজ্যের তুলনায় তা অত্যন্ত কম। আমাদের কাছে যে ফিগার আছে তাতে আমরা তাই দেখছি। আমার মনে হয় ভারত সরকার এ ব্যাপারে আমাদের প্রতি অবিচার করেছেন। এ ছাড়া লোকে বলে চায়ের পেয়ালা আর চুমুক দেয়ার মধ্যে অনেক তফাৎ অনেক কিছু ঘটে যায়। কিন্তু তেমন কিছু ঘটবে না তা আপনারা বলতে পারেন না। আগামী গ্রীষ্মকালে আমাদের সঙ্কট আরও বাড়বে সুতরাং আমাদের চিন্তা করা উচিত। তাই আমি আবার বলব যে সংশ্লিষ্ট সকলকে নিয়ে বৈঠক করতে আপত্তি কি? আমি পদ্ধতিটা কিছুতেই বুঝতে পারি না। সরকারে তো আপনারা আছেন। সে তো ভাল কথা। কিন্তু বসতে আপত্তি কোথায়? বিদ্যুতের সঙ্গে সংশ্লিষ্ট সমস্ত শ্রমিক কর্মচারী যারা যারা আছেন সব সিনিয়ারদের নিয়ে বসতে আপনাদের আপত্তি কোথায়? তাদের সকলকে নিয়ে বসে আলোচনা করা যায় না? তারা হয়তো কিছু সমালোচনা বা অভিযোগ করতে পারে কিন্তু আপনাদের যে টুকু গ্রহণ করবার তা গ্রহণ করবেন যা নয় তা বর্জন করবেন কিন্তু তাদের সব কথা শুনতে আপত্তি কোথায়? এবং তাদের সকলের সহযোগিতা পেতে আপত্তি কি? ভূমি সংস্কার আইনের ব্যাপারে আপনারা জানেন যে ভূমি সংস্কার আইন আমি আলোচনা করেছি, সমর্থন করেছি। যদি আবার আসে তাহলে আবার সমর্থন করব। একটা ভাল কাজ বর্গা রেকর্ড যাই বলুন সেখানে পদ্ধতি এরূপ হওয়া উচিত দল নির্বিশেষে যারা বর্গাদার—ভাগচাষী ক্ষেত মজুর তারা যেন অনুভব করে যে এই গভঃ আমাদের জন্য করছে। যে অভিযোগ আসে এই ক্ষেতে যে প্রকৃত চাষ করছে সে আমার দলের বা অন্য দলের

হোক তাকে বাদ দিয়ে অন্য দলের লোককে দেওয়া হচ্ছে এবং তাদের নাম লেখানো হচ্ছে। আর অন্য বিষয়ে আমি বেশি বলব না, শুধু এইটুকু বলছি বিশ্ব ব্যাঙ্ক থেকে আমরা টাকা নিচ্ছি বিভিন্ন ব্যাপারে। লোকে একটা প্রশ্ন করে, আমি উত্তর দিতে পারি না। লোকে বলে বিশ্ব ব্যাঙ্কের শর্ত কি জানান, আমি বলি জানি না। তারা ট্রাম, বাসের জন্য কত টাকা দেবে, সি এম ডি এ'র জন্য কত টাকা দেবে এখনও শুনিনি, কিন্তু তারজন্য কি শর্ত আছে? শর্ত না থাকলে বলুন যে নেই, আর থাকলে আমাদের দেশের জনসাধারণের পক্ষে ক্ষতিকর হতে পারে এই রকম কোনও শর্ত আছে কিনা? এই নিয়ে লোকে কথা তুলে, অথচ সেই কথার জবাব দেওয়া যায় না। আমি শুধু ডাক্তারদের ব্যাপারে একটু বলি। ডাক্তারদের দাবি কি সবই ভুল? তাদের অভিযোগ কি সবই ভুল? ডাক্তারদের বিরুদ্ধে পাবলিকের অভিযোগ আছে, গভর্নমেন্টের অভিযোগ আছে। আবার গভর্নমেন্টের বিরুদ্ধে ডাক্তারদের অভিযোগ আছে, পাবলিকের অভিযোগ আছে। এই অভিযোগ কিছু সত্য হতে পারে, কিছু সত্য না হতে পারে। কিন্তু তাদের সঙ্গে আলোচনা করে তো একটা মীমাংসার পথে আসা যেতে পারে। শেষে এইকথা বলব যে আপনাদের অনেক ভোট আছে, আমার ভোটের কোনও আবশ্যকতা নেই, আপনারা রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদ সূচক প্রস্তাব পাশ করাবেন। কিন্তু এটা জানানো দরকার যেহেতু আমার পার্টি এটা চায় না যে গভর্নমেন্টের পতন হোক তাই তার যতই সমালোচনা হোক আমাদের যে দুটি ভোট আছে রাজ্যপালের ভাষণ সম্বন্ধে সমালোচনা করে ভাষণের উপর যে ধন্যবাদ সূচক প্রস্তাব এসেছে সেই প্রস্তাবের পক্ষে আমাদের এই দুটি ভোট নিতান্ত নগন্য অকিঞ্চিতকর হলেও রইল।

**শ্রী দেবশরণ ঘোষ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের সমর্থনে আমি দু'একটা কথা রাখতে চাই। রাজ্যপালের ভাষণের উপর বিরোধী পক্ষের বক্তব্য শুনে মনে হল রাজ্যপালের ভাষণে সরকারি যে কাজকর্ম চলছে তার কোনও উল্লেখ নেই বা কোনও কাজকর্ম হচ্ছে না। আমি গতবারের রাজ্যপালের ভাষণ সম্পর্কে বিরোধীদের বক্তব্যের জের টেনে তাঁদের উদ্দেশ্যে আপনার মাধ্যমে বলতে চাই যে গতবারে রাজ্যপালের ভাষণে যেটার উপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছিল গ্রামাঞ্চলে বর্গাদারদের স্বার্থ রক্ষা করতে হবে, বর্গাদারদের নাম রেকর্ডভুক্ত করতে হবে সেটা করা হয়েছে। কারণ, বামফ্রন্ট সরকার মনে করতেন যে কৃষি উৎপাদনের ক্ষেত্রে দুটি মৌলিক শক্তি কাজ করে—এক হচ্ছে অর্থ, অন্যটা হচ্ছে শ্রম শক্তি। অতীত অভিজ্ঞতায় আমরা দেখেছি যে শ্রম শক্তিকে পরিপূর্ণভাবে কৃষি কার্যে নিয়োগ করা যেত না আইনগত বাধা এবং চক্রান্তকারিদের বাধার জন্য। সেটা দূর করা দরকার, সেজন্য বর্গাদারদের নাম রেকর্ডভুক্ত করে তার স্বত্ব অধিকারভুক্ত করা হয়। তখন বিরোধী পক্ষ থেকে অভিযোগ করেছিলেন যে বামফ্রন্ট সরকার বর্গাদারদের আইনত অধিকার দিয়ে রেকর্ডভুক্ত করার জন্য যে আন্দোলন করছেন তার পরিণতি হিসাবে সারা পশ্চিমবঙ্গে খাদ্য উৎপাদন ব্যহত হবে, কৃষি কার্য ব্যহত হবে, চাষবাসের ক্ষতি হবে। কিন্তু বর্তমানে এই রাজ্যপালের ভাষণের মধ্যে এটা প্রমাণিত হয়েছে, এটা বাস্তব সত্য বলে প্রমাণিত হয়েছে যে

তাঁদের বিরোধিতা সত্ত্বেও, তাঁদের যে আশঙ্কা ছিল তা ভুল প্রমাণিত করে এবারে খাদ্য উৎপাদন খুব কম হলে প্রায় ৫ হাজার মেট্রিক টন বৃদ্ধি পাওয়ার একটা সম্ভাবনা দেখা দিয়েছে। এর থেকে প্রমাণিত হয় বিরোধীপক্ষ তাঁদের বাস্তব বিচারবুদ্ধি হারিয়ে নিজেদের শ্রেণী স্বার্থ, জোতদারদের স্বার্থ, বড়লোকদের স্বার্থ দেখে এসেছেন। সেটা যদি ক্ষুণ্ণ হয় তাহলে দেশের সর্বনাশ হবে এবং সরকার যদি গরিব মানুষের স্বার্থ লক্ষ্য রেখে কোনও পরিকল্পনা গ্রহণ করেন তাহলে তা তাঁদের স্বার্থের পরিপন্থী হবে এই ভেবে তাঁরা বিরুদ্ধ সমালোচনা করে থাকেন। এর থেকে প্রমাণিত হ'ল যে, ওঁদের বিরোধিতা অসার। আমরা জানি কৃষি পণ্যের উৎপাদনের জন্য যেমন অর্থের প্রয়োজন তেমনি আবার কৃষি পণ্যের ন্যায্য মূল্য নির্ধারণ করাও প্রয়োজন, কারণ এটাও উৎপাদনের একটা বিশেষ অংশ। সে বিষয়ে বামফ্রন্ট সরকার প্রচেষ্টা চালিয়েছেন, যদিও এখনও পর্যন্ত কিছু করা সম্ভব হয়নি। আমরা দীর্ঘ দিন ধরে দেখে আসছি আমাদের পাট চাষীদের পাটের জন্য কেন্দ্রীয় সরকার যে মূল্য বেঁধে দিয়েছেন সেই মূল্য ন্যায্য মূল্য নয়, লাভজনক মূল্য নয়, সেটা উৎপাদনের জন্য যে খরচ হয় তার চেয়ে কম। তথাপি চাষীরা সরকার নির্ধারিত সেই মূল্য পর্যন্ত পায় না। আমরা এবারে পাটের মূল্য কুইন্টাল প্রতি ৩০০ টাকা দাবি করেছিলাম, কিন্তু কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সেটা আদায় করতে পারিনি। তথাপি পাট চাষীরা যাতে ক্ষতিগ্রস্ত না হয় তার জন্য রাজ্য সরকার উদ্যোগী হয়ে কো-অপারেটিভের মাধ্যমে এবং পঞ্চায়েতের মাধ্যমে ৩ লক্ষ গাঁট পাট ক্রয়ের টার্গেট গ্রহণ করেছিলেন, যাতে ডিস্ট্রেস সেলের মাধ্যমে চাষীরা মহাজনের খপ্পরে গিয়ে না পড়ে তার জন্য। সেখানে আমরা এখন পর্যন্ত ২ লক্ষ গাঁটের-ও বেশি পাট ক্রয় করতে সক্ষম হয়েছি। চাষীদের রক্ষা করার জন্যই আজকে এই ব্যবস্থা নেওয়া হয়েছে। চাষীরা যাতে তাদের উৎপাদন কৃষি পণ্য মহাজনদের কাছে, ব্যবসায়ীদের কাছে কম দামে বিক্রি করতে বাধ্য না হয় তার জন্য বামফ্রন্ট সরকার গত বছর এবং এবছর চেষ্টা চালিয়েছেন। অথচ বিরোধীপক্ষের বন্ধুরা এগুলিকে কোনও কাজের কাজ বলেই মনে করছেন না। বিরোধী সদস্য মাননীয় হরিপদ ভারতী নিঃসন্দেহে পন্ডিত ব্যক্তি। তিনি রাজ্যপালের ভাষণকে বললেন ক্লান্ত সরকারের অধিক ক্লান্ত বক্তব্য। তিনি এর ভিতর শুধু প্রচেষ্টা ছাড়া আর কিছুই দেখতে পাচ্ছেন না। তিনি পন্ডিত ব্যক্তি, তিনি এখন এখানে উপস্থিত নেই। তিনি আমার ধৃষ্টতা মার্জনা করবেন। আমি তাঁকে বলব যে, প্রচেষ্টা চালাবার সঙ্গে সঙ্গেই ফল পাওয়া যায় না। গাছ লাগাবার সঙ্গে সঙ্গেই ফল পাওয়া যায় না, তার জন্য উপযুক্ত সময় লাগে। কিন্তু তাঁর বক্তৃতা শুনে মনে হ'ল তিনি চাইছেন রাজ্যপালের ভাষণ পাঠ শেষ হবার সঙ্গে সঙ্গেই ভাষণের মধ্যে যা যা করতে চাওয়া হয়েছে তা রূপায়িত হওয়া উচিত ছিল। তিনি নিঃসন্দেহে ভাল বাগ্মী এবং তিনি উচ্চ মার্গের লোক, তাঁর প্রতি সম্পূর্ণ সম্মান রেখেই বলতে বাধ্য হচ্ছি যে, ঢেঁকি স্বর্গে গেলেও ধান ভানা ছাড়া তার জন্য কোনও কাজ থাকে না। ভাষার ব্যাপারে বামফ্রন্ট সরকার সিদ্ধান্ত নিয়েছেন যে, নীতিগতভাবে প্রাথমিক স্তরে মাতৃভাষার মাধ্যমে শিক্ষা দেওয়া হবে এবং তার পরে উচ্চ শিক্ষার ক্ষেত্রে ইংরাজিকে আবশ্যিক রাখা হবে। এই সিদ্ধান্তের বিরুদ্ধে কিছু জ্ঞানী ব্যক্তি, আমাদের দেশের পন্ডিত

ব্যক্তি আন্দোলন করছেন। তাঁদের বক্তব্য প্রাথমিক স্তরে বাংলা ভাষার মাধ্যমে শিক্ষার প্রবর্তন হলে এবং ইংরাজি উঠিয়ে দিলে জাতির মেরুদন্ড ভেঙে যাবে দেশ রসাতলে যাবে। হরিপদবাবু আরও এক ধাপ উঠে বললেন—তিনি বিদগ্ধ ব্যক্তি—আপনারা সর্বস্তরে মাতৃভাষার মাধ্যমে শিক্ষার ব্যবস্থা না করে, দুটো ব্যবস্থা রেখে ভাল করেননি, দুটো জাতির সৃষ্টি করছেন।

আর একদল ব্যক্তি বলেছেন—প্রাথমিক স্তর থেকে ইংরেজি চালু করতে হবে। বিদগ্ধ ব্যক্তিদের মধ্যে যে মত পার্থক্য সেটা প্রকট হয়ে যাচ্ছে। আমরা জানি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে বৃহৎ মহীরূহ বা বৃক্ষের নিচে ছোট গাছ জন্মাতে পারে না। আমাদের দেশের বিদগ্ধ ব্যক্তি, পন্ডিত ব্যক্তি বলে যারা নিজেদের মনে করেন, তাঁদের নিজেদের মধ্যে মতের মিল নেই, একজন আর একজনের মতের বিরুদ্ধে কথা বলেন। আমরা গ্রামাঞ্চলের মানুষ বিদগ্ধ ব্যক্তিরা কী ভাবছেন জানিনা। বামফ্রন্ট সরকার যে নীতি, যে সিদ্ধান্ত গ্রহণ করেছেন, নীতিগতভাবে মাতৃভাষার মাধ্যমে শুধু প্রাইমারি স্তরে যে ব্যবস্থা করেছেন, এটা বাস্তবসম্মত। পশ্চিম বাংলার ক্ষেত্রে এর থেকে অন্য কোনও ব্যবস্থা বাস্তব সম্মত হতে পারে না। আমি জানি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গ্রামাঞ্চলের ৭০ ভাগ ছেলেই গরিব মানুষের ঘরের ছেলে। এই ছেলেরা খুব বেশি হলে ক্লাস এইট পর্যন্ত কি ক্লাস টেন পর্যন্ত পড়াশুনার সুযোগ পায়। প্রাথমিক স্তরে ক্লাস ফোরের পর থেকে ৭০ ভাগ ছেলেই উচ্চ শিক্ষা থেকে বঞ্চিত হয়। আজকে যাদের আর্থিক সঙ্গতি আছে, যারা বাড়িতে প্রাইভেট টিউটার রেখে মাস্টারমশায় রেখে ছেলেদের পড়াবার সঙ্গতি আছে, তাদের ছেলে মানুষ করার বাধা কোথায় আছে? আমি গ্রামাঞ্চলে দেখেছি তথাকথিত বিদগ্ধ ব্যক্তিকে বাড়িতে ছেলে মেয়েরা, মাকে বলে মাম্মী, বাবাকে বলে ড্যাডি এবং এ জিনিস তাদের ছোট বেলা থেকেই শেখানো হয়, অতিথি অভ্যাগত এলে তাদের নমস্কার করার পরিবর্তে তাদের সঙ্গে হ্যান্ড শেক করার শেখানো হয়। গ্রামের সাধারণ মানুষের পরিবেশ এবং তাদের আর্থিক অবস্থা সম্বন্ধে এদের কোনও অভিজ্ঞতা নাই। সেজন্য নিজেদের অবস্থার কথা চিন্তা করে তাঁরা একটা ভয়ঙ্কর অবস্থা দেখছেন। মাতৃভাষায় যদি প্রাইমারি স্তরে ৬ বছর থেকে ১১ বছর পর্যন্ত পড়ে এবং তারপরে যাদের যোগ্যতা আছে, সামর্থ আছে উচ্চ শিক্ষা নেবার, তারা ইংরাজি শিখুক কি ফরাসী শিখুক কি ইটালি ভাষা কিংবা জার্মান ভাষা শিখুক, সেটা কোনও জায়গাতেই বন্ধ হয় নাই। স্কুলে যে শিক্ষা দেওয়া হয়, ক্লাস ফোর পর্যন্ত ইংরেজি অক্ষর জ্ঞান ছাড়া অন্য কোনও শিক্ষা দেবার ব্যবস্থা নাই, শুধু তা নয় বাড়িতে বসে যাদের ছেলেমেয়েকে মাকে মাম্মি বলতে শেখান, বাবাকে ডাডি বলতে শেখান, তারা টিচার রেখে ইংরেজি শিখাতে পারেন। তাদের সুবিধার জন্য কতিপয় বিশিষ্ট ব্যক্তি বা বিদগ্ধ ব্যক্তির সুবিধার জন্য গোটা রাষ্ট্রে শিক্ষা ব্যবস্থা পরিচালিত হতে পারে না। সুতরাং এই যে দাবি অযৌক্তিক। ব্যাপক সংখ্যক লোক, বেশির ভাগ মানুষ যে পদ্ধতিতে শিক্ষা গ্রহণ করবে, বেশি বেশি মানুষ শিক্ষার সুযোগ নিতে পারবে, সেই মাতৃভাষার মাধ্যমে প্রাথমিক শিক্ষা দিতে কেন যে এই বিদগ্ধ মানুষেরা আপত্তি করছেন বুঝতে পারিনা। আমি অভিজ্ঞতা থেকে বলছি বড় বড় সাহিত্যিকেরা বাংলা ভাষায় যে বই

লেখেন, সেই বই পড়বার মতো লোকই খুব বেশী নাই, যার জন্য তাঁদের বই তেমন বিক্রী হয়না, সেই পড়বার মতো যোগ্যতা অনেক লোকেই অর্জন করতে পারেনি। এই অবাস্তব শিক্ষাব্যবস্থা সমর্থনে কেন তাঁরা আজকে রাস্তায় নেমে আন্দোলন করছেন, কারাবরণ করছেন, বামফ্রন্ট-এর ভাষানীতির বিরুদ্ধে আইন অমান্য করছেন? আজকে তারা বুদ্ধিজীবী সেজে রাস্তায় নেমে বামফ্রন্ট সরকারের ভাষা নীতির বিরুদ্ধে আন্দোলন করছে। তাদের দেশের বাস্তব অবস্থার সঙ্গে কোনও পরিচয় নেই। সেইজন্য বামফ্রন্ট সরকার যে মাতৃভাষা প্রবর্তনে বিশেষ করে প্রাইমারি ক্ষেত্রে মাতৃভাষা প্রবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করেছেন তখন গ্রাম বাংলার শতকরা ৯৫ ভাগ মানুষ একে সমর্থন করছে। কয়েকজন বুদ্ধিজীবী অবশ্য তাদের বিরুদ্ধে কটুক্তি করা উচিত নয় বলে বলেছেন হরিপদবাবু আমিও কটুক্তি করতে চাই না—কিন্তু শতকরা ৯৫ ভাগ মানুষ আজকে এর মধ্যে কোনও ভয়ঙ্কর অবস্থা দেখছেন না যে প্রাইমারি স্তরে মাতৃভাষা শিক্ষা দিলে সমস্ত দেশের মধ্যে একটা ভয়ঙ্কর অবস্থা দেখা দেবে। এবং আমরাও এটা মনে করছি না। বরং অন্য দিকে তারা বিদগ্ধ ব্যক্তিদের দৌরাত্ম্য দেখছে। গ্রামাঞ্চলে যেসব প্রাইমারি হেলথ সেন্টার সাবসিডিয়ারি হেল্‌থ সেন্টার রয়েছে সেখানে দীর্ঘ দিন ধরে কোনও ডাক্তার নেই এবং তার জন্য আজকে গ্রামের মানুষ চিকিৎসা থেকে বঞ্চিত হচ্ছে। শহরের ডাক্তাররা গ্রামে যেতে চায় না। আজকে বলা হচ্ছে ৮০০ না কত ডাক্তার নাম লিখিয়েছে গ্রামে যাবার জন্য। স্যার, আপনি আশ্চর্য হয়ে যাবেন যে গ্রাম বাংলায় না যাবার জন্য তাদের অনেক অযৌক্তিক কারণ দেখাচ্ছেন। এমন কথা ডাক্তারবাবুরা বলেন যে এমন জায়গায় হাসপাতাল করেছেন সরকার যেখানে কোনও ভদ্রলোক থাকতে পারেন না বাজার নেই পাকা রাস্তা নেই হাই স্কুল নেই ছেলেমেয়েরা লেখাপড়া শিখবে মেয়েরা বেড়াবে পার্ক নেই সিনেমা নেই ছেলে মেয়েরা সিনেমা দেখবে এবং এই সব কারণের জন্য ডাক্তারবাবুরা গ্রামে যেতে চায় না। আজকে সেটা বন্ধ করার জন্য গ্রামবাংলার গরিব ছেলেমেয়েদের গ্রামের মধ্যবিত্ত ঘরের ছেয়েমেয়েরা যারা পয়সার অভাবে উচ্চতর শিক্ষা গ্রহণ করতে পারে না সেই মধ্যবিত্ত ঘরের ছেলেমেয়েদের কিছু ডাক্তারি বিষয়ে প্রাথমিক শিক্ষা দিয়ে যাতে গ্রামে পাঠানো যায় তার ব্যবস্থা করার চেষ্টা চলছে। তারা স্পেশালিস্ট না হতে পারেন। কিন্তু গ্রামে যে লক্ষ লক্ষ হাতুড়ে ডাক্তার আছে যারা পাশ করা নয় কোনওরকম শিক্ষাগত যোগ্যতা না নিয়ে গ্রাম বাংলার মানুষদের চিকিৎসা করে যাচ্ছে—আজকে সেই ব্যবস্থাটাকে বন্ধ করার জন্য স্পেশালিস্টদের দৌরাত্ম্য বন্ধ করার জন্য বামফ্রন্ট সরকার যে সিদ্ধান্ত নিয়েছেন কমিউনিটি মেডিক্যাল সার্ভিস স্কীম কিছু স্বার্থান্বেসী ব্যক্তি তার বিরোধিতা করছেন। আজকে যারা স্পেশালিস্ট যারা উচ্চ শিক্ষা গ্রহণ করেছেন, এই শিক্ষা ব্যবস্থা চালু হলে তাদের কোনও অসুবিধার কারণ নেই, তাদের বিলাত যাওয়াও বন্ধ হচ্ছে না। যাদের আর্থিক সঙ্গতি আছে যোগ্যতা আছে তারা উচ্চ শিক্ষা গ্রহণ করতে পারবেন ইউরোপ যাবেন, বিলেত যাবেন বড় ডাক্তার হয়ে দেশের চিকিৎসা ব্যবস্থায় সুনাম অর্জন করবেন, সাধারণ মানুষের চিকিৎসা করবেন তাতে কোনই বাধা নাই। কিন্তু আজকে ডাক্তারের অভাবে গ্রামবাংলার গরিব মানুষের চিকিৎসা হচ্ছে না তারা চিকিৎসা থেকে বঞ্চিত হচ্ছে তাদের সরকারের সীমিত ক্ষমতার মধ্যে আর্থিক দায়-

দায়িত্ব নিয়ে একটা নূতন কোর্স চালু করতে যাচ্ছেন এতে সব পন্ডিত ব্যক্তিরা বিরোধিতা করছেন। কাজেই বিরোধী যাঁরা তাঁরা ভাল দেখবেন না। রাজ্যপালের ভাষণের মধ্যে এই রাজ্য আগামী বছর কিভাবে চলবে তার অর্থনীতি কিভাবে পরিচালিত হবে তার একটা রূপরেখা রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে পাওয়া যায়। রাজ্যপালের ভাষণের মধ্যে একটা বাস্তব রূপরেখা আছে বলে আমি মনে করি এবং সেই কারণে রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ব্রজগোপাল নিয়োগি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণ সমর্থন করতে গিয়ে ২/৪টি কথা বলতে চাই। ভারতবর্ষ কৃষি প্রধান দেশ। এখানে শতকরা ৭০ ভাগ লোক গ্রামে বাস করে। সেইজন্য ভূমি সংস্কারই হচ্ছে আমাদের দেশের ক্ষেত্রে একটা অপরিহার্য কাজ। অতীতে আমরা বহুবার দেখেছি এই ভূমি সংস্কারের কথা কংগ্রেস সরকার বলেছেন। আইন তৈরি করেছেন। এ. আই. সি. সি. অধিবেশনে প্রত্যেকবার ভূমি সংস্কারের প্রস্তাব নেন, কিন্তু তারা কার্যকর করেন না। আজকে ভাগচাষ রেকর্ডের ব্যাপারে রজনীবাবু বলতে গিয়ে বললেন আমরাই আইন তৈরি করেছিলাম আমাদেরই আইন, এতে কৃতিত্বের কি আছে—আইন তৈরি হলেও সেই আইন তারা প্রয়োগ করতেন না। আমরা দেখেছি হুগলি জেলার পোলবা থানার রামধন টুডু, আদিবাসী ভাগচাষী, তাকে উচ্ছেদ করার জন্য সে যাতে জমির রেকর্ড করাতে না পারে সেই জন্য জোতদারদের ষড়যন্ত্রে বিনা বিচারে আটক করা হয়েছিল। সেই কথা দিল্লির পার্লামেন্টে উঠেছিল। আপনাদের সময় ভাগচাষ রেকর্ড করেননি। ভাগচাষীদের গ্রেপ্তার করেছেন, বিনা বিচারে আটক করেছেন। বামফ্রন্ট সরকার ১৯৮০ সালে ১০ লক্ষ বর্গা রেকর্ড করেছেন। এটা আমাদের কথা নয়, তফসিলি সম্প্রদায়ের নেতা ভোলা পাশোয়ান শাস্ত্রী দুবার পশ্চিমবঙ্গে এসে বলে গেছেন, তিনি বামফ্রন্টের লোক নন, ভারতবর্ষের কোনও রাজ্যে যদি ভূমি সংস্কার কার্যকর করা হয়ে থাকে তাহলে সেটা হল পশ্চিমবঙ্গ এবং বামফ্রন্ট সরকার আন্তরিকতার সঙ্গে তাকে প্রয়োগ করার চেষ্টা করছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, জমি যেখানে কেন্দ্রীভূত হয়ে যাচ্ছে সেই জমিগুলিকে নিয়ে ভূমিহীনদের মধ্যে বন্টনের ক্ষেত্রে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার অগ্রণী ভূমিকা নিয়েছে। হিসাবে দেখা যাচ্ছে জুন ১৯৮০ সাল পর্যন্ত ৬।। লক্ষ একর জমি ১১।। লক্ষ ভূমিহীন কৃষকদের মধ্যে বন্টন করা হয়েছে। রজনীবাবু বলে গেলেন দলবাজি হচ্ছে। গরিব ভূমিহীনরা তো বামফ্রন্ট সরকারের পক্ষে, আমরা কি করতে পারি? টাটা, বিড়লা, জমিদার, জোতদার মহাজনদের স্বার্থ দেখবেন, গরিব ভূমিহীনরা আপনাদের দিকে যাবে কি করে? ভূমিহীনদের মধ্যে যে জমি বন্টন করা হয়েছে তার মধ্যে শতকরা ৫৬ ভাগ হল সিডিউল্ড কাস্টস্ সিডিউল্ড ট্রাইবস। কিছুদিন আগে কেন্দ্রীয় কৃষি সচিব যা বলে গেছেন সেটা আনন্দবাজার কাগজে ফলাও করে বেরল। তিনি কি বলে গিয়েছিলেন? এখানে হরিজনদের উপর অত্যাচার নেই, সাম্প্রদায়িক সম্প্রতি আছে। তিনি আরও বলেছিলেন এখানে বেআইনি অস্ত্র চালানোর কারবার নেই। এখানে গরিব মানুষের পক্ষে কাজকর্ম হচ্ছে এবং তার ফলে গরিব মানুষ নিজেদের অধিকার আদায় করার

জন্য জেগে উঠেছে। তার ফলে কায়েমী স্বার্থের দল চেঁচামেচি শুরু করে দিয়েছে। সেইজন্য আজকে বলছেন পশ্চিমবাংলায় আইনশৃঙ্খলা নেই। রজনীবাবু বলে গেলেন পশ্চিমবাংলায় পুলিশি রাজ কায়েম হয়ে গেছে। উনি ভুলে গেছেন—ওর দলেরই নেতা সিদ্ধার্থ রায় জরুরি অবস্থার সময় ওকে বিনাবিচারে মিশায় আটক করে রেখেছিলেন। সেদিন ওদেরই পুলিশ বাহীনীর হাতে ক্ষমতা ছিল। সেদিন পুলিশিরাজ কায়েম হয়নি, আর উনি বলে গেলেন আজকে পুলিশিরাজ কায়েম হয়েছে। কি ঘটেছে পশ্চিমবাংলায়? কেন্দ্রীয় সরকার পেট্রোলের দাম বাড়ালেন, তার জন্য এখানে বাসের ভাড়া বাড়াতে বাধ্য হয়েছি আমরা। বামফ্রন্ট সরকার কি করলেন, তার বিরুদ্ধে আন্দোলন করার নাম করে ট্রাম-বাস পোড়াতে শুরু করলেন? বামফ্রন্ট সরকারের পতন ঘটানোর জন্য নিজেরাই ট্রাম বাস পুড়িয়ে আইনশৃঙ্খলা অবনতির অজুহাত তুলেছেন। কিন্তু পশ্চিমবাংলার সচেতন সংগ্রামী মানুষ আপনাদের সেই আন্দোলনে সাড়া দিলেন না, এটা ওদের দুর্ভাগ্য। আসামে কি ঘটেছে? সেখানে পাইপ লাইন, ট্রেনে বিস্ফোরণ ঘটানো হচ্ছে। সেখানে আইন-শৃঙ্খলার অবনতি হচ্ছে না? কারণ, সেখানে কংগ্রেস সরকার আছে। গুজরাটে ঠিক একই অবস্থা। যেখানে কংগ্রেস রাজত্ব আছে সেখানে আইন শৃঙ্খলার বিঘ্ন হলে সে সম্বন্ধে কিছু বলবেন না, সেটাকে ভাল কাজ বলবেন। পশ্চিমবাংলার বেলায় যত কিছু খারাপ আপনারা দেখে বেড়াচ্ছেন। আমি অবাক হয়ে গেলাম হরিপদবাবু বলে গেলেন চুরি, ডাকাতি, খুন বেড়েছে। এখন প্রশ্ন হচ্ছে পচা নর্দমা থাকবে, আর তাতে কীট জন্মাবে না এটা তো হতে পারে না।

[7-15 – 7-25 p.m.]

পচা, গলা সমাজব্যবস্থা থাকবে, ধনতান্ত্রিক কাঠামো থাকবে আর চুরি, ডাকাতি হবে না এটা হতে পারে না। পৃথিবীর সবচেয়ে বড় দেশ আমেরিকা সেখানেও খুন, চুরি, ডাকাতি হয়। সুতরাং এই সমাজব্যবস্থা যতদিন থাকবে ততদিন চুরি, ডাকাতি হবেই। যেখানে ধনবৈষম্য বাড়ছে—গরিব আরও গরিব হচ্ছে, ধনী আরও ধনী হচ্ছে, যেখানে বাজার দর নিয়ে লুঠপাট হচ্ছে সেখানে চুরি, ডাকাতি হবে না এ হয়না। কিন্তু প্রশ্ন হচ্ছে, অন্য রাজ্যের তুলনায় পশ্চিমবাংলায় কি হচ্ছে? একই শাসন ব্যবস্থা এবং একই কাঠামোর মধ্যে যদি অন্য রাজ্যে চুরি, ডাকাতি বেশি হয়, গোলমাল বেশি হয় আর পশ্চিমবঙ্গে সেই তুলনায় কম হয় তাহলে সেটাও নিশ্চয় দেখতে হবে। অন্য রাজ্যে আমরা দেখেছি বিনা বিচারে আটক আইনে গ্রেপ্তার করা হচ্ছে—ট্রেড ইউনিয়ন লিডারদের গ্রেপ্তার করা হচ্ছে, আন্দোলন ধ্বংস করা হচ্ছে এবং এইভাবে গণতন্ত্রকে ধ্বংস করা হচ্ছে আর সেই জায়গায় আমরা দেখছি পশ্চিমবাংলায় গণতন্ত্র সুরক্ষিত রয়েছে। এখানে একজনকেও বিনা বিচারে আটক আইনে গ্রেপ্তার করা হয়নি। ঐ যে সুব্রত মুখার্জিদের আহ্বানে ট্রাম, বাস যারা পোড়ালো তাদেরও বিনাবিচারে আটক করা হয়নি। পশ্চিমবাংলায় আজ গণতন্ত্র সুরক্ষিত তাই এরা যা খুশি বলার সুযোগ পাচ্ছে এবং সমস্ত অসত্য কথা বলে যাচ্ছেন। আজকে কংগ্রেসিদের মধ্যে শরিকী সংঘর্ষ বিভিন্ন জায়গায় দেখা যাচ্ছে। এদের দলের দুদল সমাজবিরোধীর মধ্যে মারামারি হচ্ছে,

খুনোখুনি হচ্ছে। কংগ্রেসের গোষ্ঠীদ্বন্দ্ব-এর খবর প্রতিদিনের কাগজে আমরা দেখতে পাচ্ছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমরা দেখছি অবহেলিত মানুষরা অধিকার সম্বন্ধে সচেতন হচ্ছেন, বামফ্রন্টের সহযোগিতায় তারা মাথা তুলে দাঁড়াবার চেষ্টা করছেন এবং সেইজন্য এখানে কায়েমীস্বার্থের লোকেরা চিৎকার শুরু করে দিয়েছেন এবং সারা ভারতবর্ষ জুড়ে আওয়াজ তুলছেন। এই আওয়াজ শুধু যে ওরা এবারেই তুলছেন তা নয় এর আগে ১৯৬৭, ১৯৬৯ সালে যুক্ত ফ্রন্টের সময়েও তারা এইভাবে আওয়াজ তুলেছিলেন আইনশৃঙ্খলার অবনতির কথা বলে। কিন্তু পশ্চিমবাংলার সাধারণ সংগ্রামী মানুষরা জানেন বামফ্রন্ট সরকার আইনশৃঙ্খলা রক্ষা করছে এবং আগের থেকে তার উন্নতি হচ্ছে। তারপর ওরা বেকারভাতা নিয়ে অনেক কথা বললেন এবং তা বলতে গিয়ে বললেন, বেকার বেড়ে যাচ্ছে এবং এই বেকারভাতা নিয়ে দলবাজি হচ্ছে। ওরা বললেন, আমাদের বামপন্থী দলের লোকেরাই নাকি শুধু বেকারভাতা পাচ্ছেন। এসব বস্তাপচা কথা। পঞ্চায়েত নির্বাচনের সময়ও কংগ্রেসই দেওয়ালে লিখেছিলেন, জ্যোতিবসুর গুন্ডাদের বেকারভাতা দেওয়া হচ্ছে। গ্রামে গিয়ে আমরা লিস্ট দেখিয়ে গ্রামের মানুষদের কাছে প্রমাণ করে দিলাম যে কংগ্রেসের সমর্থকরাই বেশি বেকারভাতা পাচ্ছেন। কারণ, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের কার্ড তো তাদেরই ছিল, আমাদের বামপন্থীদলের ছেলেরা তো চাকরি পেত না তাই কার্ডও ছিল না, কাজেই বেশিরভাগ কংগ্রেস সমর্থকরাই এই বেকারভাতা পেয়েছেন। আমরা একটা নীতির ভিত্তিতে সেখানে চলতে চেয়েছি। সিদ্ধার্থ রায়ের আমলে আমরা দেখেছি তাদের দলের লোকেদেরই চাকরি দেওয়া হয়েছে। সেখানে অনেক চাকরির প্রতিশ্রুতিও দেওয়া হয়েছিল। কিছুদিন আগে আমরা কাগজে দেখেছি ভূতপূর্ব মন্ত্রী নস্কর সাহেব, তাঁকে শাড়ি পরে পালিয়ে যেতে হয়েছে কারণ তার দলের ছেলেদের তিনি চাকরি দেবেন বলেছিলেন, দিতে পারেননি তাই তাঁকে তারা মারতে গিয়েছিল। কিন্তু আজকে একটা নীতির ভিত্তিতে আমরা কাজ করছি রেজিস্ট্রিভুক্ত বেকার, যারা ৫ বছর ধরে বেকার রয়েছেন তাদের বেকারভাতা দেওয়া হচ্ছে। স্যার, আজ সারা দেশে ৩।। কোটি বেকার যাদের জন্য যোজনা কমিশন কিছুই করতে পারেননি। সারা দেশে ২৬ কোটি মানুষ দারিদ্রসীমার নিচে। এক দিকে ভারতবর্ষের এই অবস্থা অন্য দিকে আমরা দেখছি কালো টাকাকে সাদা করার জন্য বন্ডের ব্যবস্থা হয়েছে এবং এইভাবে কালোবাজারিদের সুযোগ করে দেওয়া হচ্ছে। আজকে সারা ভারতবর্ষে বেকার বাড়ছে কেন্দ্রীয় সরকারের নীতির ফলে। এই যখন সারা ভারতবর্ষের অবস্থা তখন সেখানে পশ্চিমবঙ্গে আলাদা কোনও ঘটনা ঘটতে পারে না। কেন্দ্রীয় সরকারের নীতির জন্যই যে এসব ঘটছে এটা সকলের জানা দরকার। তারপর তারা পঞ্চায়েতকে আক্রমণ করে বললেন, ধান কেনার টাকা তারা আত্মস্মাত করছে। এটা আজকে সকলের জানা দরকার যে কুইন্টাল প্রতি ১০ টাকা বেশি দাম ধরে এই যে সংগ্রহ করার চেষ্টা করা হচ্ছে পঞ্চায়েতের মাধ্যমে এর ফলে আজকে চাষীর ফসলের দামটা পড়ে যায়নি। আগে প্রতি বছরই আমরা দেখতাম সরকারি যে দাম তার থেকে অনেক কম দামে চাষীকে তার ফসল বিক্রি করতে হ'ত। আজকে কিন্তু দামটা পড়ে যায়নি। আজকে সেই দামটা বেড়ে যায়নি। সেচের ক্ষেত্রে ওরা বন্যা ইত্যাদি অনেক কথা বলে গেলেন। পঞ্চবার্ষিকি পরিকল্পনায় দেখা

গেছে এক চতুর্থাংশের বেশি বরাদ্দ কৃষি ও সেচ খাতে ব্যবহার হয়েছে। আমাদের পোলবা এলাকায় হুগলি জেলার ৫/৭টি থানায় যে প্রকল্প চালু করা হয়েছিল ১৯৭৬ সালে কিন্তু ওরা কোনও কাজ করেনি। আজকে যখন সেখানে কাজ আরম্ভ করা হয়েছে এবং প্রায় সমাপ্তের মুখে তখন কংগ্রেসের ছেলেরা গিয়ে, কংগ্রেসের গুন্ডারা গিয়ে সেখানে বাধা সৃষ্টি করছে, কাজ করতে দিচ্ছেন না। আর তাদের নেতা ভোলাবাবু হাইকোর্টে ইঞ্জাঙ্কশন দিচ্ছেন এখানে বসে। অন্যদিকে কংগ্রেস নেতারা জনসভায় বলছেন যে বামফ্রন্ট সরকার অপদার্থ তারা কাজ করতে পারছে না। এই যে দুমুখো নীতি এখানে এক রকম বলবেন, আর বাইরে গিয়ে আর এক রকম বলবেন, এদের মানুষ চিনে নিয়েছে। আমি শেষে যে কথা বলব সেটা হচেছ দ্রব্যমূল্য সম্পর্কে। আজকে পেট্রোল, ডিজেল, চিনির দাম কেন্দ্রীয় সরকার বাড়িয়েছে। আপনারা সকলে জানেন এবং গতকাল রেলের বাজেট কাগজে দেখেছেন। এই রেলের ভাড়া বৃদ্ধির মধ্যে দিয়ে জিনিসপত্রের দাম বাড়বে। কেন্দ্রীয় সরকারের নীতি হচ্ছে জিনিসপত্রের দাম বাড়বে। কেন্দ্রীয় সরকারের নীতি হচ্ছে জিনিস পত্রের দাম বাড়ানো এবং তার মধ্যে দিয়ে জনসাধারণ, গরিব মানুষের ঘাড়ে বোঝা চাপিয়ে দেওয়া। আজকে তারা যে ভাবে চলছে সেদিক থেকে দাম বাড়ার মূল কারণ হচ্ছে কেন্দ্রীয় সরকারের নীতি। তারা প্রচার করছে যে বামফ্রন্ট সরকার দাম বাড়াচ্ছে। পশ্চিমবাংলার জনগণ মূর্খ নয়। তাদের অভিজ্ঞতা আছে, তারা সমস্ত জানে এবং তারা জানে যে কি করে এর প্রতিরোধ করতে হয়। আজকে গণতন্ত্রের উপর আক্রমণ আসছে। স্বৈরতান্ত্রিক শক্তির আবির্ভাব হচ্ছে। বিনা বিচারে আটক আইন চালু হয়েছে এবং বিরোধীদের উপর সেটা প্রয়োগ হচ্ছে এবং আসতে আসতে সমস্ত ক্ষমতা কেন্দ্রীয় সরকারের হাতে কুক্ষিগত হচ্ছে। রাজ্যের অধিকারকে কেড়ে নেবার চেষ্টা করা হচ্ছে। সেজন্য আজকে প্রয়োজন হচ্ছে সমস্ত বামফ্রন্টের শক্তি, গণতান্ত্রিক শক্তি এক হওয়া। আমি জনতাবন্ধুদের আহ্বান করব যে তারা আজকে ঐক্যবদ্ধ হোন একটা প্লাটফর্মে। আজকে স্বৈরতান্ত্রিক শক্তির বিরুদ্ধে একজোট হতে হবে এবং এটা হওয়া একটা ঐতিহাসিক দায়িত্ব। এই কথা বলে রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ত্রিলোচন মাল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বিধান সভায় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে, আমি সেই প্রস্তাবকে সমর্থন করছি। রাজ্যপালের ভাষণের প্রথম দিকে বলেছেন যে জিনিস-এর দাম বাড়ছে, মানুষের কষ্ট হচ্ছে, চুরী, ডাকাতি বাড়ছে। তিনি সত্য কথা বলেছেন। কারণ পশ্চিমবাংলা ভারতের একটা অঙ্গ রাজ্য এবং ভারতের যে অর্থনীতি তার সঙ্গে পশ্চিমবাংলার অর্থনীতি জড়িত। কাজেই যদি ভারতের অর্থনীতিতে বা কেন্দ্রীয় সরকারের অর্থনীতিতে দাম বাড়ে, দুর্বল হয়ে যায় তাহলে পশ্চিমবাংলার অর্থনীতিতেও দাম বাড়বে এবং দুর্বল হয়ে যাবে, দাম কমবে না। এটাই আজকের অর্থনীতিতে বলে। আবার ভারতের অর্থনীতি বিশ্বের অর্থনীতির সঙ্গে আবদ্ধ। আজকে বিশ্বের অর্থনীতি কোথায় আছে? বিশ্বের অর্থনীতির মধ্যে গ্রেট ব্রিটেন কোথায় আছে? আজকে আমেরিকায় রেগন সাহেব প্রেসিডেন্ট হয়ে এসেছেন। তিনি একজন রক্ষণশীল দলের

লোক। আজকে আমেরিকার অবস্থা কি? সেখানে বেকার সমস্যায় জর্জরিত। সেখানকার যে ইস্পাত শিল্প সেটা বেশিরভাগ মোটর তৈরির কাজে ব্যবহৃত হয়। আজকে জাপানের মোটর তার চেয়ে সস্তাদরে বিক্রয় হওয়ায় সেটা ব্যহত হচ্ছে। সে জন্য রেগন সাহেব জাপানের থেকে কিছু যাতে কেনা যায় তার জন্য সচেষ্টা হয়েছেন।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** ত্রিলোচনবাবু, আপনি একটু বসুন। আজকে ডিবেটের যে সময় ঠিক ছিল সেটা ৭টা ২৭ মিনিটে শেষ হয়ে যাচ্ছে কাজেই কিছু সময় বাড়ানো দরকার। আমি রুলস আন্ডার ১৯০ অনুযায়ী আধঘন্টা সময় আপনাদের কাছে চেয়ে নিচ্ছি। আশা করি আপনারা অনুমতি দেবেন। হাউসের সময় আধ ঘন্টা বাড়ানো হল।

**শ্রী ত্রিলোচন মাল ঃ** তাই যে কথা বলছিলাম যে আগামী কয়েকদিনের মধ্যে কেন্দ্রীয় সরকার যে বাজেট পেশ করতে যাচ্ছেন তাতে যে পরিমাণ দ্রব্যমূল্য বৃদ্ধি হবে এবং মানুষের মধ্যে যে অস্থিরতা ঘটবে, সেই অস্থিরতা কি বিদেশ থেকে অর্থ এনে আপনারা সমালাতে পারবেন?

[7-25 – 7-35 p.m.]

আজকে বললেন রাশিয়া দেবে। রাশিয়া কি নিজেদের লোকেদের অভুক্ত রেখে ভারতবর্ষকে দিতে পারে? সুতরাং এখানে সন্দেহ আছে। আজকে মানুষের মনে সন্দেহ দেখা দিয়েছে যে, ইন্দিরা গান্ধী ডেমক্রেটিক থাকতে পারবেন, না স্বৈরতন্ত্রে ফিরে যাবেন? আজকে এ প্রশ্ন আমাদেরও। আজকে দেখছি শিক্ষা নিয়ে অনেক হৈ-চৈ হচ্ছে, ইংরাজি শিক্ষার জন্য আইন অমান্য আন্দোলনও হচ্ছে। আমাদের দেশে শিক্ষিতের হার হচ্ছে শতকরা ৩০ ভাগ। সুতরাং এটা বোঝা যাচ্ছে যে, ৩০ ভাগ লোকের জন্য আন্দোলন হচ্ছে। আর এই যে ইংরাজি শিক্ষায় শিক্ষিত সমাজ, এই সমাজের আজকে কি চেহারা? এখানে ছাত্র-ছাত্রীরা শিক্ষককে মেরে ফেলছে, এরা সব বাবা-মাকে মানে না। বাবা-মায়ের সামনে এমন জিনিস ঘটায় যে, বাবা-মা সেখানে থাকতে পারেন না। আর আজকে ওঁরা এই সমাজের জন্য লাফালাফি করছেন। আমার মনে হয় এই অমানুষের সমাজকে ভেঙেচুরে দেওয়া উচিত। আমরা জানি আজকে এই সমাজ ভেঙে যাচ্ছে, আরও ভেঙে দেওয়া উচিত। এর বদলে নতুন সমাজ গড়ে তোলা দরকার, সেই সমাজে সবাই শিক্ষিত হবে, সেই সমাজে সবাই খেতে-পারবে, সে সমাজে হিংসা থাকবে না, একটা সুন্দর সমাজ হবে। সেই সমাজ সৃষ্টির জন্যই আজকে বামফ্রন্ট সরকার ঘোষণা করেছেন প্রাথমিক স্তরে ইংরাজি শেখানো হবে না কিন্তু নিরক্ষরতা দূর করা হবে।

**(এই সময়ে লাল আলো জ্বলে ওঠে)**

স্যার, আপনি যখন বসতে বলছেন তখন আমি বসছি এবং আমি আমার বক্তব্য এখানে শেষ করছি।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর যে আলোচনা শুরু হয়েছে সেই আলোচনায় অংশগ্রহণ করে আমি কিছু বক্তব্য রাখছি। লক্ষ্য করা যাচ্ছে যে, রাজ্যপালের ভাষণ মন্ত্রী পরিষদের দ্বারা নির্দেশিত এবং লিখিত। আমার প্রশ্ন হচ্ছে এই রেওয়াজ আর কত দিন চলবে? যত দিন এই রেওয়াজ থাকবে, ততদিন এই ভাষণ গুরুত্বপূর্ণ হবে না। এই রেওয়াজ থাকা সত্ত্বেও এই ভাষণের মধ্যে রাজ্যের বাস্তব অবস্থার চিত্র কি রূপায়িত হয়েছে? দেশের মধ্যে আইন শৃঙ্খলার যে অবস্থা চলছে তা আমরা বিভিন্নভাবে বলবার চেষ্টা করেছি। এখানে আইন-শৃঙ্খলা সম্পূর্ণভাবে ভেঙে পড়েছে। এই রাজ্যে প্রতি দিন কম পক্ষে চারটি করে খুন হচ্ছে। বিশেষ করে পশ্চিম দিনাজপুর জেলায় নকশাল নাম নিয়ে সমাজ বিরোধীরা দিনের পর দিন মানুষকে খুন করে চলেছে। এই মাসের তিন তারিখে একজন ডাক্তারকে সন্ধ্যার সময়ে খুন করা হয়েছে। আবার কয়েক দিন আগে কুশমন্ডি থানা এলাকায় একজন সাধারণ মানুষকে সন্ধ্যা সাড়ে ৬ টার সময়ে খুন করা হয়েছে। কয়েক মাস ধরে পশ্চিম দিনাজপুর জেলার রায়গঞ্জ মহকুমায় অন্তত পক্ষে ৫০ থেকে ৫২ জন লোককে সন্ধ্যা ৬টা থেকে ৮টার মধ্যে খুন করা হয়েছে। সেখানে এমন অবস্থা এসে দাঁড়িয়েছে যে, সেখানকার মানুষ আজকে প্রাণের আতঙ্কে দিন যাপন করছে। কোথায় মানুষ শান্তিতে ব্যবসা-বাণিজ্য করবে, তা নয় আজকে সারা দিন রাত্রি প্রাণের ভয়ে কাটাতে হচ্ছে। এই অবস্থায় বামফ্রন্ট সরকারের শরিক বন্ধুরা বলছেন দেশের মধ্যে আইন-শৃঙ্খলা বজায় রয়েছে। একটা এলাকায় সন্ত্রাস চলবে, আর ওঁরা একথা বলবেন, এটা কখনই চলতে পারে না। আজকে বিভিন্ন জায়গায় সমাজ বিরোধীরা বামফ্রন্ট সরকারের ব্যর্থতার সুযোগ গ্রহণ করছে এবং দিনের পর দিন সমাজ বিরোধী কাজকর্ম চালিয়ে যাচ্ছে। তথাপি এখানে বিধানসভায় ওঁদের সদস্যরা বলবেন যে, আইন-শৃঙ্খলা আছে? এটা কখনই হতে পারে না। রাজ্যপালের ভাষণের মধ্যে আর একটি জিনিস লক্ষ্য করা গেছে যেটা বস্তুতপক্ষে চেপে দেওয়া হয়েছে। স্যার, আপনি জানেন, প্রাইমারি স্কুল অরগ্যানাইজাররা দিনের পর দিন ধরে তাদের দাবি দাওয়ার ভিত্তিতে আন্দোলন করে আসছেন। তাঁদের যে ন্যায্য দাবি সেই দাবির প্রতি এবং তাদের বিষয়ের প্রতি বিন্দুমাত্র উল্লেখ রাজ্যপালের ভাষণের মধ্যে নেই। সঙ্গে সঙ্গে দেখা যাচ্ছে, কৃষি উৎপাদন বাড়াবার যে প্রবণতা এবং উৎসাহদান সেই প্রবণতা এবং উৎসাহদানের লক্ষ্যণ এই বাজাটের মধ্যে নেই। একদিকে বিদ্যুতের অভাব, অপরদিকে গভীর নলকূপগুলি যেগুলি খারাপ হয়ে আছে সেগুলি মেরামত করে কৃষি উৎপাদনের সহায়তা করা যায় সেচ প্রকল্পের মাধ্যমে সেটা করার যে প্রচেষ্টা সেই প্রচেষ্টা দেখা যাচ্ছে না। অপরদিকে, শহরাঞ্চলে বিদ্যুৎ ঘাটতির জন্য ব্যাপকভাবে শিল্পজাত দ্রব্যের উৎপাদন ব্যহত হচ্ছে। আমরা লক্ষ্য করছি, বিদ্যুতের অভাবের জন্য শহরাঞ্চলে শিল্পজাত দ্রব্যের উৎপাদন যেমন ব্যাপকভাবে ব্যহত হচ্ছে তেমনি গ্রামাঞ্চলে কৃষিজাত দ্রব্যের উৎপাদনও ব্যাহত হচ্ছে। এর উন্নতিবিধানের জন্য যে প্রচেষ্টা করা দরকার সেই প্রচেষ্টা রাজ্যপালের ভাষণের মধ্যে দেখতে পাইনি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের মধ্যে স্বীকার করা হয়েছে যে, জমির সংঘর্ষ বেড়েছে এবং সংঘর্ষ প্রধানত ভূস্বামী শ্রেণীগুলির প্রতিরোধের জন্যই

হয়েছে। কিন্তু আমরা দেখছি, দিনের পর দিন এই সংঘর্ষ বর্গাদার বনাম বর্গাদারদের মধ্যে হচ্ছে, ক্ষেতমজুর বনাম চাষীদের মধ্যে হচ্ছে এবং এটা হওয়ার কারণ হচ্ছে বামফ্রন্ট সরকারের ভুল ভূমি-সংস্কার নীতির জন্যই এই সমস্যাগুলি বেড়েছে। তারপর বলছেন, অপরাধী ব্যক্তিদের গ্রেপ্তার ব্যাপারে অবিরত প্রয়াসে এবং বেআইনি আগ্নেয়াস্ত্র এবং বিস্ফোরক দ্রব্যাদি উদ্ধার করার উদ্দেশ্যে আমার সরকার পুলিশ সংগঠনকে জোরদার করেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে কিন্তু পরিষ্কার করে বলা নেই। কতকগুলি আগ্নেয়াস্ত্র উদ্ধার করা হয়েছে বা বে-আইনি বিস্ফোরক দ্রব্য উদ্ধার করা হয়েছে। এখানে যেমন, উল্লেখ করা হয়েছে অমুক অমুক পরিকল্পনায় এত এত টাকা ব্যয় হয়েছে তেমনি সেই সঙ্গে সঙ্গে বেআইনি আগ্নেয়াস্ত্রের হিসাবও উল্লেখ করা উচিত ছিল। আজকে বিশৃঙ্খল অবস্থার মধ্যে পশ্চিমবাংলার মানুষ দিন-যাপন করছে। আজকে রাজ্যপালের ভাষণ সম্পূর্ণ সাজানো ভাষণ ছাড়া আর কিছু নয়। তাই আমি এই ভাষণের তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী যোগেন্দ্রনাথ সিংহরায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণকে সমর্থন জানিয়ে দু-একটি কথা বলতে চাই। আজ সারা পশ্চিমবাংলাব্যাপী যে বিভিন্ন উন্নয়নমূলক কাজ হচ্ছে সেই কাজ বিরোধীপক্ষের সদস্যরা চোখে দেখতে পাচ্ছেন না। যাই হোক, আমি আর বেশি কিছু বলতে চাই না। এই সরকারের হয়ে মাননীয় রাজ্যপাল মহাশয় যে ভাষণ দিয়েছেন তারজন্য তাঁকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নানুরাম রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপাল যে ভাষণ এখানে রেখেছেন সরকার পক্ষের সদস্যরা তার গুণগান করেছেন, রাজ্যপাল তার সরকারের গুণগান করেছেন। আমরা লেখাপড়া শিখেছি, একটা গল্পে পড়েছিলাম যে হিন্দু শাস্ত্রে আগে সতীদাহ প্রথা ছিল, সতীদাহ প্রথায় যেই ব্যক্তি মারা যেতেন তার স্ত্রীকে সহমরনে যেতে হতো। সেই সময় সমাজপতিরা কি করতেন, কেউ যাতে তার কান্না শুনতে না পায় সেজন্য ঢাক, ঢোল বাজাত। এই বর্তমান বামফ্রন্ট সরকার কি ভাল করছে না করছে—ভাল তো কিছুই করতে পারেননি তারা ঢাক, ঢোল বাজিয়ে বলছে দেব আমরা কি করছি, সেটা জানিয়ে দিচ্ছে। পশ্চিমবাংলার মানুষের কাছে তাদের ঢাক, ঢোল বাজানো সাজে না। মাননীয় সদস্য শ্রী অরবিন্দ ঘোষাল মহাশয়, তিনি প্রবীণ সদস্য, তিনি তাঁর বক্তব্যে বললেন যে রাজ্যপালের ভাষণের তুলনা হয়না। এমন বক্তব্য তিনি রেখেছেন, এমন ভাষণ রেখেছেন বিধানসভায় তার তুলনা হয় না, সবাই গুণগান, কীর্ত্তন করছেন। নির্বাচনের সময়ে আপনারা আপনাদের ৩৬ দফা কর্মসূচিতে বলেছিলেন যে কৃষি ঋণ আমরা মকুব করব। আজকে কৃষকেরা ঋণে জর্জরিত, ঋণের জ্বালায় তারা আত্মহত্যা করছে। ভুলে গেছেন সেই ৩৬ দফা কর্মসূচির কথা? ভোট পাওয়ার জন্য তো চীৎকার করলেন, কর্মসূচি দেখালেন, কিন্তু কাজে পরিণত করতে পারলেন না এবং রাজ্যপালের ভাষণে কোথাও সে কথার উল্লেখ নেই যে কৃষিঋণ মকুব করা হবে। তারপর বেকার সমস্যার সমাধান, বেকার সমস্যার সমাধান কি ভাবে করছেন সে বিষয়েও কিছু উল্লেখ নেই। আইন শৃঙ্খলার ব্যাপারে মাননীয় সদস্য শ্রী সরল দেব মহাশয় বলেছেন যে

আমাদের সরকারের ক্ষমতা সীমিত, আমরা গ্রামের মানুষ, আমরা জানি, এই যে ক্ষমতা বামফ্রন্ট সরকারের আছে এতেই প্রকাশ্য দিবালোকে খুন করে গলায় লাল রুমাল বেঁধে তারা প্রসেসন করে ঘুরে বেড়াচ্ছে। বামফ্রন্টের সরিক দল সি পি এমের নেতারা এতেই যা করছে, এর থেকে বেশি ক্ষমতা পেলে তারা দিনে রাতে রাস্তা ঘাটে খুন করে বেড়াবে। কাজেই ক্ষমতা নেই, সীমিত ক্ষমতা এই সব বলছেন তা এর থেকে আর কত বেশি ক্ষমতা তাঁরা চান আমি তা বুঝতে পারি না। উন্নয়নমূলক কাজে বাধাসৃষ্টি করছে, রাজ্যপাল তাঁর ভাষণে সে বিষয়ে কোনও কথাই বলেননি। সংখ্যালঘুদের চাকরি হচ্ছে না আপনারা জানেন তাদের যে কোটা সেই কোটা অনুযায়ী তাদের তা দেওয়া হয়নি। আপনারা এই কথা বহুবার স্বীকার করেছেন, কিন্তু রাজ্যপালের ভাষণের মধ্যে কোথাও সে কথার উল্লেখ নেই, যে সখ্যালঘুদের কোটা অনুযায়ী চাকরি দেওয়া হচ্ছে না। প্রয়োজনের তুলনায় দ্রব্যমূল্য বৃদ্ধি পাচ্ছে। সে কথাটাও কোথাও উল্লেখ নেই যে দ্রব্যমূল্য বৃদ্ধি পাচ্ছে। মূল্য নিয়ন্ত্রণের কথাও কোথাও বলেননি। মজুতদার, কালোবাজারি যারা আছে তাদের যে কি শাস্তি দেওয়া হবে, বা আজ পর্যন্ত কোনও শাস্তি দেওয়া হয়েছে কিনা রাজ্যপালের ভাষণের মধ্যে কোথাও তা নেই। কাজেই ওঁরা যাদের কাছ থেকে চাঁদা পান তাদের সহযোগিতা করছেন এবং তাদেরই গুণগান গাইছেন। তাদের কেস ধরতে চাইছেন না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গ্রামাঞ্চলের যে কুটিরশিল্প—সেই কুটিরশিল্পের জন্য যে টাকা কড়ি দেওয়া হয় তাতে গ্রামাঞ্চলে কুটিরশিল্প স্থাপন হচ্ছে না। চামচেরা টাকা কড়ি মেরে নিচ্ছে, অথচ কুটিরশিল্পে কোনও জিনিস হচ্ছে না রাজ্যপালের ভাষণে সে রকম কিছু উল্লেখ নেই, কোথাও এ কথা বলেননি। তারপর পে-কমিশনে হাজার হাজার মানুষের জীবন জড়িয়ে আছে, কই ; রাজ্যপালের ভাষণে কোথাও বলা হয়নি যে পে-কমিশন কার্যকর করা হবে কিনা? তারপর শিক্ষা জগতের অবস্থা দেখলে সবচেয়ে বেশি দুঃখ লাগে। মাননীয় সদস্য বিশ্বনাথবাবু, যিনি মন্ত্রী ছিলেন তিনি বলে গেলেন প্রাথমিক স্তরে ইংরাজি দরকার নেই। যদি ইংরাজির দরকার নেই তাহলে পি এস সির পরীক্ষা ইংরাজিতে হচ্ছে কেন? আই এ এস., ডবলিউ বি সি এস পরীক্ষা সব ইংরাজিতে হচ্ছে কেন? আপনাদের ছেলেরা, টাটা, বিড়লা, গোয়েঙ্কার ঘরের ছেলেরা সব ডাক্তার, ইঞ্জিনিয়ার, অধ্যাপক হতে পারে, আর মধ্যবিত্ত ঘরের ছেলেরা হতে পারবে না কেন? লোকে এ কথা স্বীকার করছে যে মধ্যবিত্ত ঘরের ছেলেরা এডুকেশন পাচ্ছে না। আপনারা এদের তাঁবেদারি করছেন, খোশামুদি করছেন। তারপর 'সহজপাঠ' সহজপাঠের অর্ডার দেওয়া হয়নি, কিশলয় যদিও বা হয়েছে—শিক্ষা জগতে কিশলয় এখন পাওয়া যাচ্ছে না, কাগজে দেখলাম মার্চ মাসে বেরোবে, ছেলেরা পড়াশোনা করবে কবে? পরীক্ষার সময় পড়াশোনা করবে? রিলিফের ব্যাপারে আপনারা বলেছেন, ১৯৮০ সালে নাকি ৮টা জেলায় বন্যা হয়েছে, আমি পাড়াগাঁয়ের ছেলে, আমি যেটা জানি যে সে টাকা ক্যাডারদের পকেটে যায়। বন্যা তো আপনাদের পক্ষে একটা আশীর্বাদ। গ্রামের সি পি এমের ক্যাডাররা বলে যে বন্যা কবে হবে? ২/৩ বছরের মধ্যে হবে কিনা? বন্যা হয়েছে বলে রাজ্যপাল তাঁর ভাষণে খুব দুঃখ প্রকাশ করেছেন। তারপর পঞ্চায়েতের কথা পঞ্চায়েতের প্রধান বা সদস্যদের বিরুদ্ধে ভুরি ভুরি অভিযোগ

আছে। তাদের কারও কারও বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আছে। গ্রামের পঞ্চায়েত সদস্য যাদের বিড়ি খেতে পয়সা জুটত না, তারা আজকে সিগারেট খাচ্ছে, টেরিকট পরছে, গাড়ি চেপে ঘুরে বেড়াচ্ছে। কোথা থেকে পাচ্ছে সে সব পয়সা? কই, রাজ্যপাল তাঁর ভাষণে সেসব কথা একবারও বলেননি। আর একটা পয়েন্ট বলে আমি আমার বক্তব্য শেষ করব। বর্গা অপারেশনের নামে আমাদের গ্রামে একজনের ২৫ বিঘা জমির রিসিভার হয় বি ডি ওকে তিনি মজুর দিয়ে ধান কেটে ঝেড়ে বিক্রি করে ১৪০ টাকা জমা দিলেন। ২৫ বিঘা জমিতে চাষ করে যদি ১৪০ টাকা পাওয়া যায় তাহলে চাষ করার আর কোনও দরকার নেই। যখন সি আই জে এল আর ও ইত্যাদি তদন্ত করতে যান তখন দেখা যায় যে, যার বয়স ২০ বছর সে সেই জমি ২২ বছর ধরে চাষ করছে .......... তাহলে ২ বছর মায়ের পেটে থেকে কি সে চাষ করছে? সুতরাং এই সব কারণে রাজ্যপালের ভাষণ আমি সমর্থন করতে পারছি না, বিরোধিতা করে শেষ করছি।

**Mr. Deputy Speaker:** The House stands adjourned till 1 p.m. on Monday, the 23rd February, 1981.

## Adjournment

The House was then adjourned at 7.42 p.m. till 1 p.m. on Monday, the 23rd February, 1981 at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Monday, the 23rd February, 1981 at 1-00 p.m.

## PRESENT

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 5 Ministers, 3 Ministers of State and 181 Members.

[1-00 — 1-10 p.m.]

## Starred Questions
## (to which oral Answers were given)

### পশ্চিমবঙ্গে চিট ফান্ড

*৭২। (অনুমোদিত প্রশ্ন নং *১২।) **শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় ঃ** অর্থ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে চিট ফান্ডগুলির লগ্নিকৃত টাকার পরিমাণ কত ;

(খ) ঐ টাকা কিভাবে সংগৃহীত ও ব্যয়িত হয় ; এবং

(গ) চিট ফান্ডের সঙ্গে বিদেশি পুঁজির কোনও সম্পর্ক আছে কিনা?

**ডঃ অশোক মিত্র ঃ**

(ক) বিস্তৃত তদন্ত না করে লগ্নিকৃত টাকার পরিমাণ বলা সম্ভব নয়। অনেক ক্ষেত্রেই তদন্ত চালানোর উপর আদালতের নিষেধাজ্ঞা রয়েছে।

(খ) যতদুর জানা যায় পশ্চিমবঙ্গের বেশির ভাগ চিটফান্ড প্রধানত কতকগুলি প্রকল্পের মাধ্যমে টাকা সংগ্রহ করেন। প্রকল্পের সার্টিফিকেটে লিখিত শর্ত অনুযায়ী মাসিক, ত্রৈমাসিক, যান্মাসিক অথবা বার্ষিক কিস্তিতে অথবা থোক টাকা আমানতকারিদের কাছ থেকে সংগৃহীত হয়। প্রকল্পের সার্টিফিকেটের শর্তানুযায়ী কোনও কোনও ক্ষেত্রে জমা টাকা বাজেয়াপ্ত করার বিধি আছে এবং সংগৃহীত টাকার একটি মোটা অংশ কোনও কোনও চিটফান্ড এই সুযোগে বাজেয়াপ্ত করে থাকে। প্রকল্পের প্রথম বছরে সংগৃহীত টাকা আমানতকারিদের কাছে দায় হিসাবে বিবেচনা না করে চিটফান্ডগুলির আয় হিসাবে গণ্য করা হয় এবং তার অধিকাংশ এজেন্টদের কমিশন বিজ্ঞাপন ও আনুষঙ্গিক অন্যান্য খরচে ব্যয়িত হয়।

সংগৃহীত অর্থ পলিসি সার্টিফিকেটের মেয়াদ উত্তীর্ণ হলে লভ্যাংশসহ আমানতকারিদের ফেরত দেওয়ার উদ্দেশ্যে ব্যয়িত হওয়ার কথা। কিছু টাকা ব্যবসায়ে বিনিয়োগ

করা হয়। কোনও কোনও ক্ষেত্রে ব্যাঙ্কের স্থায়ী আমানতে এবং সরকারি সিকিউরিটিতে টাকা রাখা হয়। কিছু কিছু প্রতিষ্ঠান থোক টাকা আমানত নেন এবং রসিদে লিখিত সুদের বাইরে অতিরিক্ত অস্বাভাবিক সুদ দিয়ে থাকে। এসব ক্ষেত্রে সংগৃহীত টাকা ফাটকাবাজি, কালোবাজারি, চোরাচালান এধরনের আরও নানা ঝুঁকিপূর্ণ বিনিয়োগে নিযুক্ত হয়ে থাকে। অনেক ক্ষেত্রে হিসেবপত্র বা আয়ব্যয়ের প্রকৃত বিবরণ ঠিকমতো রাখা বা প্রচার করা হয় না।

(গ) এবিষয়ে আমাদের কাছে আপাতত কোনও তথ্য নেই।

**শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, এই চিটফান্ডগুলির ব্যাপারে আইন গত কোনও ব্যবস্থা নেওয়ার জন্য রিজার্ভ ব্যাঙ্ক বা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কোনও প্রকার সহযোগিতা পাচ্ছেন কিনা?

**ডঃ অশোক মিত্র :** এ ব্যাপারে আমি ভারত সরকার এবং রিজার্ভ ব্যাঙ্কের কাছে চিঠি লিখেছি, তাদের পক্ষ থেকে এখনও পর্যন্ত কোনও ব্যবস্থা গ্রহণ করেন নি।

**শ্রী বলাইলাল দাসমহাপাত্র :** মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই চিটফান্ডগুলি কোনও আইন দ্বারা পরিচালিত কিনা এবং রিজার্ভ ব্যাঙ্কের অনুমতি লাভ করেছে কিনা?

**ডঃ অশোক মিত্র :** এই রকম কয়েকটি প্রতিষ্ঠানের বিরুদ্ধে আমরা মামলা রুজু করেছি, আদালতে সেই মামলা গ্রাহ্য হবে কি হবে না সেটা বিচারাধীন আছে। অনেকগুলি প্রতিষ্ঠান এত ফুলে ফেঁপে উঠেছে যে, সেই কারণে অনেকে সন্দেহ করেন আইনগত একটা জায়গায় কিছুটা ফাঁক আছে, সেই ফাঁকের সুযোগ এরা ব্যবহার করছেন, সেই ফাঁকটা যাতে ভরিয়ে নেওয়া যায় তারজন্য ভারত সরকারকে বলেছি, রিজার্ভ ব্যাঙ্ককে বলেছি। আমাদের নিজেদের বিবেচনায় যে সমস্ত প্রতিষ্ঠানের বিরুদ্ধে আমরা মামলা রুজু করেছি, বর্তমানে যে আইন আছে, তার মারফত তাদের বিরুদ্ধে আমরা ব্যবস্থা নিতে পারি।

**শ্রী বলাইলাল দাসমহাপাত্র :** এটা তো কেন্দ্রীয় সরকারের আইন দ্বারা পরিচালিত হচ্ছে, তাহলে পশ্চিমবঙ্গ সরকারের তাকে বাজেয়াপ্ত করার কোনও অধিকার আছে কিনা?

**ডঃ অশোক মিত্র :** যদিও এটা কেন্দ্রীয় সরকারের আইন, এই আইন প্রয়োগ করার দায়িত্ব রাজ্য সরকারের উপর দেওয়া হয়েছে।

**শ্রী রজনীকান্ত দলুই :** এই চিটফান্ডের মধ্যে পিয়ারলেস পড়ে কিনা?

**ডঃ অশোক মিত্র :** আমাদের বিবেচনায় পড়ে, তবে পুরো জিনিসটা আদালতের বিচারাধীন আছে।

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই চিটফান্ডগুলির অপারেশনের ফলে এই রাজ্যে টাইম ডিপজিট, সর্ট টার্ম ডিপজিট কিংবা সেভিংস ডিপজিট অ্যাফেক্টেড হচ্ছে কিনা এবং তাতে রাজ্যের উন্নয়ন ব্যহত হচ্ছে কিনা?

**ডঃ অশোক মিত্র ঃ** আমার বিবেচনায় মাননীয় সদস্য যেটা বললেন সেটা ঠিক, রাজ্যের উন্নয়ন ব্যহত হচ্ছে।

**শ্রী নিখিল দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই চিটফান্ডগুলির পুরো তালিকা তার কাছে আছে কিনা এবং জনসাধারণ যাতে প্রতারিত না হয় তারজন্য পুরো তালিকা প্রকাশ করা হয়েছে কিনা?

**ডঃ অশোক মিত্র ঃ** রিজার্ভ ব্যাঙ্কের বিবেচনায় যেগুলি চিটফান্ড বন্ধ করা আইনের আওতায় আছে, তাদের একটা তালিকা আমরা প্রকাশ করেছিলাম। কিন্তু তার মধ্যে পুরো নাম নেই, আমাদের কাছে কিছু কিছু প্রতিষ্ঠানের নাম আছে কারণ, ইতিমধ্যে অনেক ইনস্টিটিউশন বেড়ে গেছে, এদের মধ্যে অনেকগুলি রাতের অন্ধকারে বিচরণ করে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, যাতে চিটফান্ডগুলি বাতিল না করেন তারজন্য লেফট ফ্রন্টের মন্ত্রীরা যাদের টাকা আছে, তারা আপনার কাছে তদ্বির করেছেন কিনা?

**ডঃ অশোক মিত্র ঃ** কাগজ মারফত সংবাদ বেরিয়েছিল আমার কাছে কেউ বলেননি সরকারের তরফ থেকে বা বামফ্রন্টের তরফ থেকে। বরঞ্চ কংগ্রেসের অনেক চাই আমার সঙ্গে প্রকারান্তরে দেখা করবার চেষ্টা করেছিলেন।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আপনি দয়া করে জানাবেন কি তাদের নামগুলি কি?

(নো রিপ্লাই)

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি বিধানসভা বসার সামান্য কিছুদিন আগে অত্যন্ত চড়া সুদে ব্যবসা করা যাবে না বলে একটা অর্ডিন্যান্স জারি করা হয়েছিল, এটা হাইকোর্টে চ্যালেঞ্জ হয়েছে, তার ফলাফল কি জানাবেন কি?

**ডঃ অশোক মিত্র ঃ** চড়া হারে আমাদের এখানে পশ্চিমবঙ্গ মহাজনী বাণিজ্যিক লেন-দেন আইন ১৯৪০ সাল থেকে ফজলুল হকের আমল থেকে চলে আসছিল। এতদিন পর্যন্ত সেই আইনের আওতায় যেটাকে বলি বাণিজ্যিক লেন-দেন সেটা করছিল। আমাদের বিবেচনায় সেটা একটা ফাঁক, যে ফাঁকে চড়া হারে বাণিজ্যিক লেন-দেন করা হয়। সেটা আইনের আওতায় আনা উচিত। যেহেতু বিধানসভা ছিল না সেজন্য অর্ডিন্যান্স পাশ করেছি। যথা সময়ে এই অর্ডিন্যান্স আইনে পরিণত করার জন্য আপনাদের কাছে উপস্থিত হব।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** সঞ্চয়িতা এই চিটফান্ডের মধ্যে পড়ে কিনা সে সম্বন্ধে অ্যাডভোকেট জেনারেল একটা ওপিনিয়ন দিয়েছেন। উনি বলেছেন সঞ্চয়িতা বেআইনি নয়, এই সম্বন্ধে আপনি কিছু জানেন কি?

**ডঃ অশোক মিত্র ঃ** আমার কিছু জানা নেই এই সম্পর্কে।

**মেদিনীপুর জেলার এগরা থানা এলাকায় পশু চিকিৎসা হাসপাতাল স্থাপন**

*৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩২।) **শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা :** পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার এগরা থানায় পশুচিকিৎসা হাসপাতাল স্থাপনের কোনও প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি ; এবং

(খ) থাকিলে, কতদিনে উক্ত হাসপাতালটি চালু করা যাইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি :**

(ক) মাননীয় সদস্যের নিকট হইতে এইরূপ একটি প্রস্তাব পাওয়া গিয়াছে। এই প্রস্তাবটি রাজ্যের অন্যান্য স্থানে পশু হাসপাতাল স্থাপনের আবেদনের সহিত আগামী আর্থিক বছরে বিবেচিত হইবে।

(খ) প্রশ্ন ওঠে না।

[1-10 — 1-20 p.m.]

**শ্রী বলাইলাল দাসমহাপাত্র :** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, মেদিনীপুর জেলায় কোন্ কোন্ থানায় পশু হাসপাতাল স্থাপন করা হচ্ছে?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি :** মাননীয় সদস্য অনুগ্রহ করে এ বিষয়ে নোটিশ দেবেন, আমার কাছে এখন কোনও তথ্য নেই। নোটিশ দিলে বলতে পারব।

**Realisation of Sales Tax dues**

*78. (Admitted question No. *66.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) if it is a fact that during the tenure of the present Left Front Government, large amount of Sales Tax still remains unrealised ; and

(b) if so—

(i) the total amount of such arrears of Sales Tax dues as on 31st December, 1980 ;

(ii) the total number of pending cases of assessment as on 31st December, 1980; and

(iii) the steps proposed to be taken by the Government for realisation of these arrears ?

**Dr. Ashok Mitra :**

(a) No, Sir.

(b) Provisional figure of arrear of Sales Tax outstanding at the end of financial year 1979-80 is available. The amount is Rs. 137.43 crores.

Provisional figure of the number of pending cases of assessment at the close of the financial year 1979-80 is available. The number of 1,56,774.

The major portion of arrears relates to old demands raised on ex-parte assessments of industries which were nationalised and companies under liquidation. These arrears are not realisable. A separate Certificate Organisation was set up a few years ago to collect arrears of Sales Tax. In this Organisation, Commercial Tax Officers are appointed as Certificate Officers. It has been possible to collect arrears to the tune of Rs. 5.10 crores upto the end of the financial year 1979-80 with the help of this Organisation. The collection of arrear assessed dues has gone up from Rs. 5.56 crores in 1972-73 to Rs. 22.97 crores in 1979-80.

**শ্রী রজনীকান্ত দলুই :** স্যার, আপনি লক্ষ্য করুন, আমার প্রশ্নটিতে ছিল, if it is a fact that during the tenure of the present Left Front Government large amount of Sales Tax still remain unrealised উনি উত্তরে "নো" বলছেন, বলেই আবার বলছেন যে, the total amount of sub-arrears of Sales Tax dues as on 31st December, 1980 এবং তাতে বললেন এত টাকা ১৯৭৯-৮০ সালের এরিয়ার রয়ে গেছে। এর অর্থ কি?

**ডঃ অশোক মিত্র :** ১৯৭৬ সালে এই বিক্রয়কর আইনে টোটাল কালেকশন ছিল ১ হাজার ২০ কোটি টাকা এবং তার মধ্যে এরিয়ার ছিল ৯২ কোটি ৩৯ লক্ষ টাকা। আজকে ৮০ সালের ১লা এপ্রিল সংগ্রহ হয়েছে ১৯২০ কোটি টাকা এবং তার মধ্যে এরিয়ার হচ্ছে ১৩৭ কোটি টাকা। এরিয়ার পারসেন্টেজ হিসাব যেটা ৯ পারসেন্ট ছিল সেটা এখন ৭ পারসেন্ট হয়েছে।

**শ্রী রজনীকান্ত দলুই :** এই যে এরিয়ার রয়েছে এই এরিয়ার আদায় করার জন্য নেক্সট স্টেপ কি নিয়েছেন?

**ডঃ অশোক মিত্র :** অনেক ব্যবস্থা নেওয়া হয়েছে। ১৯৭৬-৭৭ সালে বাড়তি বিক্রয় কর মোট ১৮২ কোটি টাকা, আর এই বছরে সংগ্রহ হয়েছে ৪০০ কোটি টাকা।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই যে সেলস ট্যাক্স বাকি পড়েছে, এর মধ্যে একটা আইটেম কি এই রকম আছে যে বহু কোম্পানি ওদের আমলে যেগুলি খুলে ছিল সেই কোম্পানিগুলি ক্রমাগত নাম পাল্টিয়ে পাল্টিয়ে সেলস ট্যাক্স বাকি রেখে পালিয়ে গিয়েছে?

**ডঃ অশোক মিত্র ঃ** এই রকম অনেক আছে। আমাদের যে তিন বৎসরের জন্য সেলস ট্যাক্স মকুব করা হয় ছোট ছোট কোম্পানিগুলিকে তিন বৎসর বাদে আমরা দেখতে পাই, একটা নতুন নামে সেই কোম্পানিগুলি আবার ফিরে আসে কর এড়াবার জন্য। এই রকম কিছু ব্যাপার আছে, তাছাড়া একথা আমি বলেছি যে কয়লা খনি অঞ্চলে অনেক কোম্পানি যখন রাষ্ট্রীয়করণ করা হল, তাদের যে বকেয়া যে সমস্ত কর ছিল, সেগুলি এখন আদায় করা অত্যন্ত দুরুহ হয়ে পড়েছে কারণ তাদের আর কোনও হদিশ পাওয়া যাচ্ছে না।

### প্রাথমিক শিক্ষকদের বাড়ি ভাতা ও চিকিৎসা ভাতা

*৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৭।) **শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে প্রাথমিক শিক্ষক-শিক্ষিকাদের বাড়ি ভাড়া ভাতা এবং চিকিৎসা ভাতা দেওয়ার সরকারি কোনও পরিকল্পনা আছে কি ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ ওটি চালু হবে বলে আশা করা যায়?

**শ্রী পার্থ দে ঃ**

(ক) বিষয়টি পে-কমিশনের বিবেচনার আওতাভুক্ত। সরকার পে-কমিশনের রিপোর্ট বিবেচনা করে দেখিয়েছেন।

(খ) এখনই বলা সম্ভব নয়।

*৮০

**মিঃ স্পিকার ঃ** এটা হেল্ড ওভার, স্থগিত আছে, ওটা আবার অন্য দপ্তরে যাবে এই দপ্তরের নয়।

### চুঙ্গিকর আদায়

*৮১। (অনুমোদিত প্রশ্ন নং *৪২০।) **শ্রী সন্তোষকুমার দাস ঃ** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জুলাই, ১৯৭৭ হইতে ৩১এ জানুয়ারি, ১৯৮১ পর্যন্ত কত টাকা চুঙ্গিকর হিসাবে আদায় হইয়াছে ;

(খ) এই আদায়ীকৃত টাকা কোন্ কোন্ খাতে ব্যয় হয় ; এবং

(গ) ইহার মধ্যে কত টাকা পল্লী অঞ্চলের বরাদ্দ ছিল?

**ডঃ অশোক মিত্র :**

(ক) ১৯৬২ সালের চুঙ্গিকর আইন (Taxes on Entry of Goods into Local Areas Act, 1962) বাবদ ১৯৭৭ সালের জুলাই মাস থেকে ৩১এ জানুয়ারি ৮১ পর্যন্ত ২৪,২৬,৩৯,৩৮৮.২৮ টাকা আদায় হয়েছে এবং ১৯৭২ সালের চুঙ্গিকর আইন (Taxes on Entry of Goods into Calcutta Metropolitan Area Act. 1972) বাবদ ঐ সময়ে ১০৯,৬০,৭১,৪৭৬.০০ টাকা আদায় হয়েছে। উভয় আইনে ঐ সময়ের আদায়ীকৃত মোট টাকার পরিমাণ সুতরাং ১৩৩,৮৭,১০,৮৬৪.২৮ টাকা।

(খ) (১) ১৯৬২ সালের চুঙ্গিকর আইন বাবদ আদায়ীকৃত টাকা সরকারের মূল রাজস্ব খাতে জমা হয় ; এবং

(২) ১৯৭২ সালের চুঙ্গিকর আইন বাবদ সংগৃহীত রাজস্ব থেকে আদায়ের খরচ দিয়ে নিট আয়ের শতকরা ৫০ ভাগ কলকাতা মেট্রোপলিটান ডেভেলপমেন্ট অথরিটিতে শতকরা ২৫ ভাগ কলকাতা পৌরসভাকে শতকরা ১৭ ভাগ সি এম ডি এ এলাকাভুক্ত মিউনিসিপ্যালিটিগুলিকে এবং শতকরা ৮ ভাগ সি এম ডি এ-র এলাকার বাইরের মিউনিসিপ্যালিটিগুলিকে দেওয়া হয়।

(গ) (খ) প্রশ্নের উত্তরে যাহা বলা হইয়াছে তাহা হইতে দেখা যাইবে যে পল্লী অঞ্চলের জন্য বরাদ্দ করার প্রশ্ন ওঠে না।

[1-20 — 1-30 p.m.]

**শ্রী সন্তোষকুমার দাস :** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি যে, চুঙ্গিকর অনেক অসাধু কর্মচারীর জন্য আদায় করা যাচ্ছে না, এই রকম কোনও অভিযোগ আছে কিনা?

**ডঃ অশোক মিত্র :** অভিযোগ বছর ধরেই আছে, কিছু অভিযোগ নিশ্চয়ই ঠিক।

**শ্রী বিমলানন্দ মুখার্জি :** নদীয়ার ছোট ছোট ব্যবসায়ী বিশেষ করে তাঁত ব্যবসায়ীরা চুঙ্গিকর আদায় দিতে গিয়ে অসুবিধার সম্মুখীন হচ্ছে, সরকারের কাছে অর্থ আসার বদলে অর্থ পুলিশের কাছে চলে যাচ্ছে, এটা ঠিক কিনা?

**ডঃ অশোক মিত্র :** বিশেষ করে নদীয়া জেলার কেন, হুগলি, বর্ধমান-এর তাঁত শিল্পীরাও কিছু কিছু সমস্যা নিয়ে আমার কাছে এসেছিল, তাদের সঙ্গে আলাপ আলোচনা করে ব্যবস্থা নেওয়া হয়েছে যাতে তাদের অসুবিধা না হয়।

**শ্রী বলাইলাল দাসমহাপাত্র :** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, পুলিশ এবং কর্মচারিদের মধ্যে অশুভ আঁতাতের ফলে লক্ষ লক্ষ টাকা চুঙ্গিকর ফাঁকি যায়

কিনা?

**ডঃ অশোক মিত্র ঃ** সমাজে যখন দুর্নীতি ছড়িয়ে পড়েছে, বহুবার বলেছি কর আদায় করাতে দুর্নীতি আছে, এটা অস্বীকার করে লাভ নাই, দুর্নীতি যাতে কমানো যায়, সেই ব্যবস্থা নেওয়া হয়েছে। গত দু তিন বছর ধরে সে ধরনের ব্যবস্থা বাড়িয়ে যাওয়া গেছে, এর বেশি বলা আমার পক্ষে সম্ভব নয়।

**শ্রী শচীন সেন ঃ** চুঙ্গিকরের যে টাকা আদায় হয় তার মোটামুটি সমস্ত অর্থই পৌর উন্নয়ন ব্যবস্থাগুলিতে খরচ করা হয়, একথা কি ঠিক যে এই চুঙ্গি কর আদায়ে কেন্দ্রীয় সরকার বাধা সৃষ্টি করতে চাইছে এবং এই কর তারা নিয়ে নিতে চাইছেন?

**ডঃ অশোক মিত্র ঃ** ওঁরা অন্য কর নিতে চাইছেন, চুঙ্গিকর আদায় ব্যাপারটা তুলে দিতে বলেছেন, প্রতি বছর আমরা এই কর বাবদ ৫০ কোটি টাকা পাই, যদি তারা কোনও বিকল্প ব্যবস্থা করে দেন, তো এই কর তুলে দিতে আমাদের আপত্তি নাই।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি চুঙ্গিকরের যে টাকা সেটা পল্লী গ্রামের জন্য ব্যয় না করার কারণ কি?

**ডঃ অশোক মিত্র ঃ** যা ব্যয় করা হচ্ছে তা আইনের নির্দেশে, আইনকে যদি আপনারা পাল্টে দেন তো অন্য রকম করা হবে।

## প্রাথমিক শিক্ষার শিক্ষাক্রম ও পাঠ্যসূচি

*৮২। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯০।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে নতুন প্রাথমিক শিক্ষার শিক্ষাক্রম ও পাঠ্যসূচি রচনায় বিভিন্ন শিক্ষা কমিশন, ভারতের জাতীয় শিক্ষা ও গবেষণা পরিষদ (এন সি ই আর টি) এবং অন্যান্য কয়েকটি রাজ্যের প্রাথমিক শিক্ষার পাঠ্যক্রম পর্যালোচনা করে তৈরি করা হয়েছে ; এবং

(খ) রবীন্দ্রনাথ কৃত 'সহজপাঠ' বিভিন্ন ভারতীয় ভাষায় অনূদিত হয়ে বিভিন্ন রাজ্যে প্রাথমিক শিক্ষাক্রম ও পাঠ্যসূচির অন্তর্ভুক্ত হয়েছে এরূপ কোনও সংবাদ রাজ্য সরকারের নিকট আছে কি?

**শ্রী পার্থ দে ঃ**

(ক) হ্যাঁ।

(খ) না।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি কোন

কোন শিক্ষা কমিশন-এর সাহায্য নিয়ে প্রাথমিক শিক্ষাক্রম রচনা করা হয়?

**শ্রী পার্থ দে ঃ** আমাদের দেশে যে কয়টি শিক্ষা কমিশন হয়েছে, তার মধ্যে সমগ্র শিক্ষা বিষয়গুলির শেষ কমিশন হয়েছিল ১৯৬৪-৬৬ সালে কোঠারি কমিশন, প্রধানত তার সাহায্য নেওয়া হয়েছে, এই কমিশনের পরবর্তী পর্যায়ে শিক্ষার বিভিন্ন দিকগুলি পর্যালোচনা করার জন্য বহু জাতীয় স্তরে কমিটি করা হয়েছিল, তাদের সাহায্য নেওয়া হয়েছে। এছাড়া ১৯৭১ সালে ইউনেস্কোর তরফ থেকে যে শিক্ষা কমিশন করা হয় তার রিপোর্ট ১৯৭১ সালে বেরোয়, সেই রিপোর্ট এখানে বিবেচনার মধ্যে নেওয়া হয়, তাছাড়া শিক্ষা বিষয়ে ইউনেস্কোর তরফ থেকে নিয়মিত নানা ধরনের গবেষণালব্ধ রিপোর্ট এবং তার ফলাফল প্রকাশ করা হয়, সেগুলিও এই বিবেচনার মধ্যে নেওয়া হয়।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী যে কথা বললেন যে, বিভিন্ন শিক্ষা কমিশন এবং ইউনেস্কোর গবেষণালব্ধ ফলের ভিত্তিতে প্রাথমিক স্তরে শিক্ষাক্রম গ্রহণ করা হল, তাহলে তা সত্ত্বেও এই যে প্রচার করা হচ্ছে পশ্চিমবাংলার প্রাথমিক শিক্ষাক্রমে কমিউনিস্ট তৈরি হচ্ছে, এই প্রচার রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত কিনা?

**শ্রী পার্থ দে ঃ** অনেকে ঠিকমতো বোঝেন নি এবং অনেকে সংবাদ রাখেন নি এবং সেই অবস্থা এইরকম আছে এখনও। আর একটা জিনিস হচ্ছে জাতীয় স্তরে যে সমস্ত নীতি গ্রহণ করা হয়েছে ইতিপূর্বে তা গ্রহণ করার কোনও প্রচেষ্টা নেওয়া হয়েছে, এমন কোনও নজির নেই।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** আপনি খ প্রশ্নের উত্তরে না বলেছেন আমার প্রশ্ন হচ্ছে সহজপাঠ বিভিন্ন ভারতীয় ভাষায় অনুদিত হয় নি এটা কোথাও চলছে না, এই অভাব পূরণের জন্য বিশেষ করে বুদ্ধিজীবী কোনও আন্দোলন গড়ে তুলেছেন কিনা?

**শ্রী পার্থ দে ঃ** এই ধরনের কারো কোনও প্রতিবেদন আমাদের কাছে আসে নি। এই সহজ পাঠ ১৯২৯ সালে প্রত্যেক স্তরে এটা হওয়া উচিত। কোনও বুদ্ধিজীবী এইরকম কোনও প্রস্তাব সরকারের কাছে রাখেন নি। পরে যুক্তফ্রন্ট সরকার আসার পর ১৯৬৯ সালে শিক্ষামন্ত্রী সত্য প্রিয়বাবু বিনা মুল্যে প্রত্যেকটি স্কুলে এই বই দেবার ব্যবস্থা করেন। তার আগের সরকারের কোনও সমর্থন ছিল বলে কোনও নজির পাওয়া যাচ্ছে না।

**শ্রী রামনারায়ণ গোস্বামি ঃ** ১৯৭১ সালে তদানীন্তন সরকার সহজপাঠ পড়াবার জন্য স্কুল বোর্ডকে কোনও অর্ডার পাঠিয়েছিলেন কিনা?

**শ্রী পার্থ দে ঃ** ১৯৭১ সালে এই অর্ডার ছিল যে, বিভিন্ন মাস্টারদের কাছ থেকে এই অভিযোগ আসছে যে শুধু সহজপাঠ পড়িয়ে প্রাথমিক স্তরে শিক্ষা দেওয়া ঠিক হবে না, অনেকে বুঝতে পারছেন না সেইজন্য সহজপাঠের সঙ্গে একটা সাহায্যকারী বইয়ের সাহায্য নিতে হবে।

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি 'ক' প্রশ্নের উত্তরে যে হ্যাঁ

বললেন কোঠারি কমিশন এবং এন সি ই আর টি এই কথা বলেছিলেন কি, এই সহজপাঠ চালু করতে হলে দেশে এক ধরনের শিক্ষাক্রম চালু করতে হবে এই রকম রিপোর্ট কি আছে?

**শ্রী পার্থ দে ঃ** সেখানে অনেক কথা আছে।

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** এক ধরনের স্কুল না হলে পার্শিয়াল অংশে চালু করা যাবে না এই কথা কমিশন বলেন নি?

**শ্রী পার্থ দে ঃ** এই রকম কথা কোঠারি কমিশন বলেন নি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** শিক্ষাক্রম রচনার ব্যাপারে প্রাথমিক স্তরে ইংরাজি তুলে দেবার কথা কোন্ কোন্ শিক্ষা কমিশন সুপারিশ করেছেন?

**মিঃ স্পিকার ঃ** এটা এই প্রশ্নের সঙ্গে আসে না, আপনি আলাদা প্রশ্ন দেবেন।

[1-30 — 1-40 p.m.]

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** কোঠারি কমিশন, এডুকেশন কমিশন ১৯৬৪-৬৬ সালের কথা বলেছিলেন। সেই কোঠারি কমিশনের যে বিশেষ প্রসঙ্গ নিয়ে এখানে বাদানুবাদ হচ্ছে—যারা এর বিরোধিতা করছেন বিশেষ করে একটি রাজ্য সরকারের কর্মসূচি, তারা কি জানেন সেই কোঠারি কমিশনের বিশেষ সুপারিশের কেন বিরোধিতা করছেন—আপনার কাছে কি সেই খবর আছে?

**শ্রী পার্থ দে ঃ** সেই রকম কোনও খবর জানা নেই। এমন কি কোঠারি কমিশন বেরুনোর পর থেকে ভারতবর্ষের কোনও রাজনৈতিক দল বা কোনও শিক্ষা সংস্থা এটা আলোচনা করে এর কোন অংশগ্রহণ করা উচিত কোন অংশ বর্জন করা উচিত বা এর বিরোধিতা করা উচিত, তারা বলেন নি—এই রকম কোনও সংবাদ নেই।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** ১৯৬৯ সালে তৎকালীন শিক্ষা মন্ত্রী মাননীয় সত্যপ্রিয় রায় মহাশয় যে কারণে, যে যুক্তিতে সহজপাঠ প্রাথমিক স্তরে পড়াবার সিদ্ধান্ত নিয়েছিলেন, আজকে ১৯৮১ সালে সেই যুক্তি সেই কারণ এবং সেই অবজেকটিভ কনডিশন কি উবে গেছে?

**শ্রী পার্থ দে ঃ** এটা একটা আলাদা প্রশ্ন। আপনি প্রশ্ন দিন, আমি নিশ্চয় এর উত্তর দেব।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** সহজপাঠ প্রাথমিক স্তরে পাঠ্যযোগ্য নয়, এই অভিমত কোন কোন সংস্থা দিয়েছে, বলবেন কি?

**শ্রী পার্থ দে ঃ** এটা একটা আলাদা প্রশ্ন। আমি সভার অবগতির জন্য জানাচ্ছি পশ্চিমবঙ্গে প্রাথমিক শিক্ষা পাঠ্যক্রমের পাঠ্যসূচি কি হবে এটা নির্ধারণ করবার জন্য ১৯৭৪

সালে একটি কমিটি হয়েছিল। সেই কমিটি ১৯৭৭ সাল অবধি কাজ করতে পারেন নি। আমরা ১৯৭৭ সালে তাদের কাজ করতে অনুরোধ করি এবং তারা কাজ আরম্ভ করেন। সেই কমিটির তরফ থেকে প্রাথমিক স্তরে সমগ্র পাঠ্যক্রমের পাঠ্যসূচি কি হবে এবং পাঠ্য বিষয়গুলির মধ্যে পরস্পরের যোগাযোগ কি হবে, সেই পাঠ্য বিষয়গুলি কি পদ্ধতিতে গ্রহণ হবে, উপকরণ কি হবে, পাঠ্য বই কি হবে ইত্যাদি সমস্ত বিষয়গুলি সুনির্দিষ্ট ভাবে সুপারিশ করা হয়েছে এবং রাজ্য সরকার সেগুলি গ্রহণ করেছেন।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** সেই কমিটিতে কারা কারা ছিলেন এবং সেই কমিটি রিপোর্ট ছেপে বেরিয়েছে কিনা, জানাবেন কি?

**শ্রী পার্থ দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথম কথা হল কমিটির রিপোর্ট আমাদের এই বিধানসভার প্রতিটি সদস্যের কাছে আমি নিজে পাঠিয়ে দিয়েছি। সেই বইতে এই কমিটির কারা সদস্য ছিলেন তাদের নাম মুদ্রিত আছে। ৪০ হাজারের উপর কপি সারা পশ্চিমবাংলায় বিতরণ করা হয়েছে। এখনও বিতরণ করা হচ্ছে যাই হোক, আমি নামগুলি পড়ে দিচ্ছি। অধ্যাপক হিমাংশু বিমল মজুমদার, অধ্যক্ষ, বিনয় ভবন, বিশ্বভারতী, চেয়ারম্যান, ডঃ মিসেস কল্যাণী প্রামানিক, প্রাথমিক শিক্ষা অধিকর্তা, সহ-চেয়ারম্যান, উপশিক্ষা অধিকর্তা (প্রাথমিক শিক্ষা) কনভেনর, উপশিক্ষা অধিকর্তা (টি অ্যান্ড টি) সভ্য, সেক্রেটারি টেক্সট বুক কমিটি, সভ্য প্রাথমিক শিক্ষক কল্যাণ সমিতি (পশ্চিমবঙ্গ) একজন প্রতিনিধি সভ্য, বেঙ্গল প্রাথমিক টিচারস অ্যাসোসিয়েশনের একজন প্রতিনিধি, সভ্য, পশ্চিমবঙ্গ প্রাথমিক টিচারস অ্যাসোসিয়েশনের একজন সদস্য, সভ্য, অল বেঙ্গল প্রাথমিক টিচারস অ্যাসোসিয়েশনের একজন সদস্য, সভ্য শ্রীমতী সাধনা ভট্টাচার্য, প্রাথমিক শিক্ষিকা, অরবিন্দ প্রকাশ বিদ্যায়তন, কলা-নবগ্রাম, বর্ধমান, সভ্য, শ্রী কৃত্তিলাল সেন, অধ্যক্ষ জে বি টি আই ইউনিট-১, বানীপুর সভ্য, শ্রীমতী মিনতি সেন, অধ্যক্ষ সরোজ নলিনী ট্রেনিং কলেজ, সভ্য, মিসেস মৃণালিনী দাসগুপ্তা, অধ্যক্ষা, বেলতলা, জে বি টি আই সভ্যা, শ্রী প্রদীপচন্দ্র চৌধুরি, ভাইস প্রিন্সিপল, এস আই ই বানীপুর সভ্য, প্রেসিডেন্ট গভর্নমেন্ট এলিমেন্টারি টিচারস এডুকেটরস অ্যাসোসিয়েশন গভর্নমেন্ট, জে বি টি আই বানীপুর, সভ্য, অধ্যাপক ভবেশ মৈত্র, এ বি টি এ ট্রেনিং কলেজ, সভ্য, শ্রীমতী অনিলা দেবী সভ্যা, শ্রী সুভাষ চক্রবর্তী এম এল এ সভ্য, শ্রী জ্যোতিপ্রকাশ ব্যানার্জি, সভ্য, শ্রীমতী গীতা সেনগুপ্ত, সভ্যা, শ্রী অমিয় মৈত্র, ২৪৮, মহাত্মা গান্ধী রোড, চুঁচুড়া, সভ্য।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** পশ্চিমবাংলার প্রাথমিক শিক্ষাক্রমের পাঠ্যসূচি সম্পর্কে সারা পশ্চিমবাংলার বুদ্ধিজীবীরা যে সমালোচনা করছেন তার পরিপ্রেক্ষিতে আপনারা এই প্রাথমিক শিক্ষার পাঠ্যসূচি পুনর্বিবেচনা করবেন কি?

**(নয়েজ)**

**(নো রিপ্লাই)**

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, সহজপাঠ স্বর্গত শ্রী সত্যপ্রিয় রায় মহাশয় এসে চালু করেছেন। মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, ১৯৬৯ সালে সত্যপ্রিয়

রায় মহাশয় আসার আগে জানুয়ারি মাসে এই সহজপাঠ চালু করার জন্য পশ্চিমবঙ্গ সরকার সিদ্ধান্ত নিয়েছিলেন কি না?

**শ্রী পার্থ দে ঃ** এরকম কোনও সংবাদ আমার জানা নেই।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** প্রাথমিক শিক্ষার শিক্ষাক্রমের পাঠ্যসূচি নিয়ে সারা পশ্চিমবাংলায় শিক্ষাবিদ এবং অন্যান্যরা যে সমালোচনা করছেন এবং যে আন্দোলন শুরু হয়েছে তার পরিপ্রেক্ষিতে প্রাথমিক শিক্ষাক্রমের পাঠ্যসূচি সরকার পুনর্বিবেচনা করবেন কি?

**শ্রী পার্থ দে ঃ** এই প্রশ্ন থেকে, এই অতিরিক্ত প্রশ্ন আসে না।

*83 held over

**সরকারি ও বেসরকারি পাঠাগার**

*৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪৭৪।) **শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সরকার পরিচালিত কতগুলি পাঠাগার নিয়মিতভাবে চলিতেছে ;

(খ) উহার মধ্যে (১) টাউন লাইব্রেরি, (২) ডিস্ট্রিক্ট লাইব্রেরি ; এবং (৩) রুর‍্যাল লাইব্রেরির সংখ্যা কত ;

(গ) সরকারি সাহায্যপ্রাপ্ত বেসরকারি লাইব্রেরির সংখ্যা কত ; এবং

(ঘ) বিগত ১৯৭৭ হইতে ৮০ সালের মধ্যে সরকারি ও বেসরকারি নতুন প্রতিষ্ঠিত লাইব্রেরির সংখ্যা কত?

**শ্রী পার্থ দে ঃ**

(ক) ৮২৯টি।

(খ) (১) ১২ টি

(২) ১৭টি এবং মহকুমা লাইব্রেরি ২৪টি।

(৩) ৭৭৬ টি।

(গ) ১৩৯৪টি।

(ঘ) ১৯৭৮-৭৯ সালে অনুমোদিত ৭৫টি রুর‍্যাল প্রাথমিক লাইব্রেরি প্রতিষ্ঠিত হইয়াছে।

১৯৭৯-৮০ সালে ১০০০টি রুর‍্যাল এবং ৬৩টি টাউন লাইব্রেরি প্রতিষ্ঠার জন্য সরকারি অনুমোদন দেওয়া হইয়াছে।

[1-40 — 1-50 p.m.]

**শ্রী দেব নারায়ণ চক্রবর্তী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে গ্রন্থাগারগুলি উন্নতির জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রী পার্থ দে ঃ** আমরা অনেকগুলি ব্যবস্থা অবলম্বন করেছি। তার মধ্যে প্রধান যেটা করা হয়েছে সেটা হচ্ছে, এই সমস্ত বিভিন্ন গ্রন্থাগারকে সরকারি যে অনুদান দেওয়ার ব্যবস্থা থাকার কথা সেই ব্যবস্থাটাকে নিয়মিত করা হয়েছে। বিগত সরকারের আমলে যে অনুদান দেওয়া হত বার্ষিক তার থেকেও ৩ গুণ বৃদ্ধি করা হয়েছে এবং এই গ্রন্থাগারগুলি যাতে নিয়মিত চলতে পারে, তার পুস্তক সংগ্রহ করতে পারে তার জন্য কতকগুলি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এই সমস্ত গ্রন্থাগার কর্মীদের কাজ করার যে সুযোগ থাকা দরকার ছিল সেগুলিও কিছু কিছু বৃদ্ধি করা হয়েছে। অনেক দিক থেকে গ্রন্থাগারগুলিকে সাহায্য করার ব্যবস্থা করা হয়েছে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, গ্রন্থাগারগুলির বই সরবরাহ করে কে এবং বই সিলেকশন করে কে?

**শ্রী পার্থ দে ঃ** গ্রন্থাগারের বই নির্বাচন করা এবং সংগ্রহ করা সম্পর্কে আমরা একটা নীতি চালু করেছি। সেটা হচ্ছে, গ্রন্থাগারগুলি তাদের পাঠকবর্গের সঙ্গে পরামর্শ করে একটা তালিকা তৈরি করবেন। সেই তালিকা থেকে একটা অংশ বই কিনতে হবে। আর একটা তালিকা আমাদের যে রাজ্যস্তরে কমিটি আছে, তারা যে সমস্ত বই গ্রন্থাগারে যাওয়া উচিত বিভিন্ন বিষয়ের, তার একটা তালিকা তৈরি করবেন এবং তার থেকে একটা অংশ নিতে হবে সেটা হচ্ছে শতকরা ৩০ ভাগ। গ্রন্থাগার এবং গ্রন্থাগার কর্মীদের সঙ্গে পরামর্শ করে জেলাস্তরে যে উপদেষ্টা কাউন্সিল আছে, তারা যে সমস্ত বই নির্বাচন করবেন, তার থেকে একটা অংশ কিনতে হবে। এই রকম ভাবে যাতে সব ধরনের বই গ্রন্থাগারগুলি পায় এবং পাঠকদের চাহিদা যাতে কিছু পূরণ হয়। আবার বিভিন্ন যে সমস্ত পুস্তক সব সময় ভাল করে বিজ্ঞাপন করা যায় না অথচ মূল্যবান পুস্তক, সেই ধরনের পুস্তকগুলি যাতে তারা পেতে পারে তার জন্য কতকগুলি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে এবং এই কাজের যাতে সুবিধা হয় সেজন্য আমরা পশ্চিমবঙ্গে বাংলায় প্রকাশিত এবং ক্রয়লভ্য যত পুস্তক আছে তার সামগ্রিক তালিকা করে প্রত্যেকটি গ্রন্থাগারকে দেবার ব্যবস্থা করেছি।

**শ্রী রামনারায়ণ গোস্বামি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, লাইব্রেরির জন্য যে পুস্তক তালিকা তৈরি হয়, ১৯৭৫ সালের পুস্তক তালিকায় প্রিয়দর্শিনী ইন্দিরা বলে কোনও বই অন্তর্ভুক্ত করা হয়েছিল কি?

**শ্রী পার্থ দে ঃ** এই সম্পর্কে আপনি একটা আলাদা প্রশ্ন দেবেন আমি তার উত্তর দিয়ে দেব।

## আবগারি কর

*৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *৬৭৬।) **শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** আবগারি বিভাগের

মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় বিভিন্ন আবগারি কর হইতে রাজ্য সরকারের বাৎসারিক গড় কত টাকা আয় হয় ; এবং

(খ) তন্মধ্যে কত টাকা আবগারি বিভাগের ব্যবস্থাপনায় খরচ হয়?

**ডঃ অশোক মিত্র ঃ**

(ক) ১৯৭৭-৭৮, ১৯৭৮-৭৯, ১৯৭৯-৮০ সালের হিসাবে আবগারি করের বাৎসরিক গড় আদায় ৩৬,৭৬,২২,৪৭২ টাকা।

(খ) এই তিন বছরের হিসাবে আবগারি বিভাগের ব্যবস্থাপনায় বাৎসরিক গড় ব্যয় ২,৫০,৭১,০০০ টাকা।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে ১৯৭৮-৭৯ এবং ১৯৭৯-৮০ সালে আবগারি খাতে আপনার কত টাকা রাজস্ব আয় বেড়েছে?

**ডঃ অশোক মিত্র ঃ** ১৯৭৭-৭৮ সালের ছিল ২৭ কোটি টাকা। এই বছর সেটা আমরা আশা করছি ৫২ কোটি টাকা হবে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন আপনারা কি প্রতি গ্রামে গ্রামে মদের দোকান খোলার জন্য এক্সাইজ সুপারভাইসরের কাছে নির্দেশ পাঠিয়েছেন?

**ডঃ অশোক মিত্র ঃ** না। অবশ্য এই ব্যাপারে আগেও জবাব দিয়েছি যে নীতিটা কি। নীতিটা হচ্ছে, কোনও জায়গায় যদি দেখা যায় যে চোরাচালান বেড়ে যাচ্ছে, সেটা যদি কমাতে হয় তাহলে অনেক ক্ষেত্রে বলা হয় যে, এর চেয়ে একটা আইনসিদ্ধ দোকান খোলা ভাল। কিন্তু আমরা সেই সমস্ত ক্ষেত্রে স্থানীয় এম এল এ-দের কাছে চিঠি দেই এবং তারা যদি বলেন যে দোকান খোলা উচিত তাহলে আমরা দোকান খুলি। তারা যদি বলেন যে, দোকান খোলা উচিত নয় তাহলে দোকান খোলা হয় না।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** কেন্দ্র থেকে জনতা সরকার চলে যাবার পর এম এল এ-দের মদ খাওয়া বন্ধ হয়েছে কি?

**ডঃ অশোক মিত্র ঃ** না, বন্ধ হয়নি।

## Supply of molasses for alcohol production

*87. (Admitted question No. *720.) **Shri Naba Kumar Roy and Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Excise Department be pleased to state—

(a) if it is a fact that the State Government has taken steps to ensure steady supply of molasses for alcohol production in the

State ; and

(b) if so, what steps have been taken by the State Government ?

**Dr. Ashok Mitra :**

(a) Yes.

(b) For the current molasses year of November 1980 to October, 1981, an allocation of a total quantum of 50,000 M.T. of molasses has been made by the Government of India in favour of West Bengal. On the basis of this allocation, the Government of Uttar Pradesh and Bihar have been requested to ensure that the molasses-s are released as early as possible.

**শ্রী রজনীকান্ত দলুই** ঃ অ্যালকোহল উৎপাদনের জন্য পশ্চিমবঙ্গের কত মোলাসেস-এর প্রয়োজন হয়?

**ডঃ অশোক মিত্র** ঃ আমাদের চারটি ডিস্টিলারি আছে, আমরা যদি বেশি পরিমাণে ঝোলা-গুড় পেতাম তাহলে দেড় লক্ষ টনের মতো ব্যবহার করতে পারতাম, কিন্তু এটা আমাদের হাতে নয়, এটা কেন্দ্রীয় সরকার বরাদ্দ করেন। কেন্দ্রীয় সরকার এবারে ৫০ হাজার টনের বেশি দিতে রাজি হয়নি। ২৫ হাজার টন বিহার থেকে দেবার কথা এবং ২৫ হাজার টন মহারাষ্ট্র থেকে দেবার কথা, কিন্তু এখনও পর্যন্ত একটুও আমাদের হাতে আসেনি। এব্যাপারে আমি দিল্লিতে গিয়ে বলেছি। বিহারে ডঃ জগন্নাথ মিশ্রকে এবং মহারাষ্ট্রে আনতুলেকেও চিঠি দিয়েছি যাতে ওরা তাড়াতাড়ি পাঠিয়ে দেন।

**শ্রী রজনীকান্ত দলুই** ঃ রাজ্যের অ্যালকোহল বেসড্ ইন্ডাস্ট্রিগুলি মোলাসেস-এর অভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে, এটা কি সত্য?

**ডঃ অশোক মিত্র** ঃ হ্যাঁ, এটা সত্য কিন্তু কি করা যাবে! আমাদের এখানে ঝোলাগুড় তৈরি হয় না, আমাদের অন্য রাজ্যের উপর নির্ভর করতে হয়। আমরা দেখছি খুব তাড়াতাড়ি একটা দেশের অর্থনৈতিক ব্যবস্থা ভেঙ্গে পড়ছে। যার ফলেই আজকে আমরা এটা আমদানি করতে পারছি না।

## Universalisation of Primary Education in West Bengal

*88. (Admitted question No. *66.) **Shri Dinesh Chandra Dakua :** Will the Minister-in-charge of the Education (Primary, Secondary and Library Services) Department be pleased to state—

(a) if it is a fact that the present Government has taken up a programme to universalise the primary education in West Bengal ; and

(b) (i) if so, the time likely to be taken by the Government to implement the programme ;

and (ii) if not, the reasons therefore ?

**Shri Partha Dey :**

(a) Yes.

(b) (i) By the end of the Sixth Five Year plan i.e. 1984-85.

(ii) Does not arise.

**Recommendation of Secondary Education Commission**

*89. (Admitted question No. *692.) **Shri Habibur Rahman and Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Education (Primary, Secondary and Library Services) Department be pleased to state—

(a) if it is a fact that the Secondary Education Commission appointed by the Government of India had, in its report, recommended that to improve the quality of text books, a high powered Committee which should include a high dignitory of the Judiciary, preferably a judge of the High Court, a Member of the Public Service Commission, a Vice-Chancellor amongst others, should be set up ; and

(b) if so—

(i) what is the contemplation of the present Government in this matter, and

(ii) whether the present Government has any proposal for setting up such a high powered Committee ?

**Shri Partha Dey :**

(a) Yes. The Secondary Education Commission of 1952-53 recommended that a Committee should be set up to select text books for Secondary Classes (page 89 of Mudaliar Commission Report, Ministry of Education, Govt. of India).

The whole matter of Education was further thoroughly revised by the Education Commission of 1964-66 (Khotari Commission). This Commission has emphasised the need of production of text books as opposed to more selection of published text

books by Public Agencies. Khotari Commission was inclined to entrust the work to the NCERT at the National level and to such agencies as may set up by the different State Governments at the State level (page 406-407 of the Kothari Commission Report, NCERT).

(b) (i) The present Government is going ahead in the line recommended by the Kothari Commission.

(ii) Does not arise.

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** এব্যাপারে প্রেজেন্ট গভর্নমেন্ট কি কাজ করেছেন?

**শ্রী পার্থ দে ঃ** আমি তো বলেছি যে, যে কমিশনের উল্লেখ করে প্রশ্ন করা হয়ে ছিল সেই কমিশনের পরে অন্য যে কমিশন হয়ে ছিল তারাও এ বিষয়েও আলোচনা করেছেন। তারা যেভাবে পথ-নির্দেশ করেছেন সেভাবে এগোবার চেষ্টা করেছি, অনেকটা এগিয়েছি।

### ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনার জন্য রাজ্যের দাবি

*৯১। (অনুমোদিত প্রশ্ন নং *২৫।) **শ্রী জন্মেজয় ওঝা ঃ** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনার জন্য কেন্দ্রের নিকট পশ্চিমবঙ্গ সরকারের দাবি কি ছিল ; এবং

(খ) কেন্দ্র তার কতটা পূরণ করেছেন?

**ডঃ অশোক মিত্র ঃ**

(ক) রাজ্যের ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনার জন্য পশ্চিমবঙ্গ সরকার পরিকল্পনা কমিশনের কাছে ৪১৯৫.২৪ কোটি টাকার প্রস্তাব রেখেছিলেন।

(ঘ) পরিকল্পনা কমিশন রাজ্যের জন্য ৩৬৬০ কোটি টাকার পরিকল্পনা অনুমোদন করেছেন।

[1-50 — 2-00 p.m.]

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে ডেফিসিট থাকলো এই ডেফিসিট ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনায় কি করবেন, কার্টেল করবেন কি?

**ডঃ অশোক মিত্র ঃ** এ ছাড়া কিছু করবার উপায় নেই। কেন্দ্র সাহায্য যদি না দেয় তাহলে আমাদের সামর্থ্যের উপর নির্ভর করে করতে হবে। বাকি যে ১৩০০ কোটি টাকা কেন্দ্র দিল না, তারজন্য আমাদের কাট-ছাট করতে হচ্ছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** ভারতবর্ষের অন্যান্য রাজ্যে এই পরিকল্পনায় টাকা কি কমানো হয়নি শুধুমাত্র পশ্চিমবাংলার ক্ষেত্রে কি কমানো হয়েছে?

**ডঃ অশোক মিত্র ঃ** হ্যাঁ, এটা ঠিকই, ১৯৮১-৮২ সালে রাজ্য পরিকল্পনার জন্য অন্যান্য সমস্ত রাজ্যের ১৯৭৯-৮০ সালে যা ছিল, একমাত্র পশ্চিমবাংলার ক্ষেত্রে ১০ কোটি টাকা কমানো হয়েছে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় প্রায়ই বলেন যে তিনি কেস করবেন, তিনি বিভিন্ন ব্যাপারে কেন্দ্রের বিরুদ্ধে কেস করছেন—আমার প্রশ্ন হচ্ছে, এই ব্যাপারে তিনি করবেন কিনা?

**ডঃ অশোক মিত্র ঃ** অন্যান্য ক্ষেত্রেও মামলা করা উচিত কিন্তু মামলা করা যায় না, কিন্তু উচিত করা।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে ১৩০০ কোটি টাকা কমে গেল— এর বিরুদ্ধে কেস করবেন কি?

**মিঃ স্পিকার ঃ** উনি বলছেন, করা যায় না।

**শ্রী হবিবুর রহমান ঃ** ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনার জন্য কোনও রাজ্যের কতটা দাবি ছিল আর কতটা অ্যালট হয়েছে?

**ডঃ অশোক মিত্র ঃ** গুজরাটের লোকসংখ্যা আমাদের শতকরা ৪০ ভাগ। গুজরাটের পরিকল্পনায় ৩ হাজার ৮০০ কোটি টাকা ধার্য করা হয়েছে আর আমাদের হয়েছে ৩ হাজার ৬০০ কোটি টাকা। একটা ঐতিহাসিক অন্যায় হচ্ছে এবং অন্যায়কে প্রশ্রয় দেওয়া হচ্ছে, এ ব্যাপারটা আপনাদের অনুধাবন করা উচিত। গুজরাট ৪ হাজার ৫০০ কোটি টাকা চেয়েছিল, ৩ হাজার ৮০০ কোটি টাকা পেয়েছে।

**শ্রী হবিবুর রহমান ঃ** কেবল পশ্চিমবাংলার ক্ষেত্রে কাটা হয়েছে এই উত্তরটা সঠিক নয়।

**ডঃ অশোক মিত্র ঃ** আমি বলেছিলাম ১৯৮১-৮২ সালে রাজ্য পরিকল্পনার জন্য কেন্দ্রের সাহায্য অন্যান্য প্রত্যেক রাজ্যের ক্ষেত্রে কিছু না কিছু বেড়েছে, একমাত্র পশ্চিমবাংলার ক্ষেত্রে ১০ কোটি টাকা কমেছে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে সংবাদ দিলেন তা অত্যন্ত উদ্বেগের কথা। আমরা দেখতে পাচ্ছি, চতুর্থ পঞ্চবার্ষিকীর সময় ছিল ৩০৫ কোটি টাকা, আর চতুর্থ পঞ্চবার্ষিকীর সময়ে হল ৩১৭ কোটি টাকা। সেই থেকে পশ্চিমবাংলা মার খেতে শুরু করেছে। তখন বোধ হয়, দ্বিতীয় যুক্তফ্রন্ট সরকারের কার্যকাল। আজকে তো বললেন ষষ্ঠ যোজনায় টাকা কমে গেছে। এর জন্য সমস্ত রাজ্যের বিরোধীপক্ষে যারা আছেন তাদের নিয়ে প্রবল আন্দোলন করার আপনাদের আগে যে কর্মসূচি ছিল—সেই সম্বন্ধে রিপ্রেজেনটেশন

দেবার কথা কিছু ভেবেছেন কিনা রাজ্যের উন্নয়নের স্বার্থে?

(নো রিপ্লাই)

**কলেজ অব লেদার টেকনোলজি**

*৯২। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫।) **শ্রী সুমন্তকুমার হীরা :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলেজ অব লেদার টেকনোলজির জন্য একজন স্থায়ী অধ্যক্ষ নিয়োগের ব্যাপারে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন ;

(খ) বর্তমানে উক্ত কলেজে অধ্যাপকের শূন্যপদের সংখ্যা কত ; এবং

(গ) উক্ত শূন্য পদগুলি পূরণ করার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :**

(ক) এই পদটিতে যোগ্য প্রার্থী মনোনয়নের জন্য পাবলিক সার্ভিস কমিশনের নিকট অনুরোধ জানানো হয়েছিল। কমিশন কোনও যোগ্য প্রার্থী মনোনয়ন করতে পারেন নি। উপযুক্ত প্রার্থী আকৃষ্ট করার উদ্দেশ্যে কমিশন উচ্চতর প্রারম্ভিক বেতন মঞ্জুর করার সুপারিশ করেছেন। এই সুপারিশটি বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে। এ বিষয়ে যথাসত্বর সম্ভব সিদ্ধান্ত গ্রহণ করে, এই পদটিতে যোগ্য প্রার্থী মনোনয়নের জন্য পাবলিক সার্ভিস কমিশনের নিকট পুনরায় অনুরোধ জানানো হবে।

(খ) অধ্যক্ষের পদ ব্যতীত আর তিনটি অধ্যাপকের পদ শূন্য আছে।

(গ) পরিবর্তিত নিয়োগবিধি অনুযায়ী অধ্যাপকের পদগুলির নাম পরিবর্তন করা প্রয়োজন। বর্তমানে এই বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে। এ বিষয়ে যথা সত্বর সম্ভব সিদ্ধান্ত গ্রহণ করে শূন্য পদগুলিতে যোগ্য প্রার্থী নিয়োগের জন্য পাবলিক সার্ভিস কমিশনের নিকট অনুরোধ জানানো হবে।

**Pay Commission Report**

*93. (Admitted question No. *45.) **Shri Haripada Jana (Bhagabanpur) :** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) if it is a fact that the Pay Commission has submitted its report to the Government of West Bengal ; and

(b) if so, the present position of the said recommendations ?

**Dr. Ashok Mitra :**

(a) Yes.

(b) Different Unions and Associations of the State Government Employees have been supplied with printed copies of the Report with the request to give their comments, if any, by 28th February 1981.

**শ্রী কিরণময় নন্দ :** মাননীয় মন্ত্রী মহাশয় যে পে-কমিশনের রিপোর্টের কথা উল্লেখ করেছেন, সেটা কবে থেকে কার্যকর হবে?

**ডঃ অশোক মিত্র :** সমস্তই বিবেচনাধীন আছে।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) :** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি যে—পঞ্চায়েত, গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদের যে সমস্ত সেক্রেটারি, জব অ্যাসিস্ট্যান্ট এই জাতীয় অফিসার নিয়োগ করা হয়েছে তাদের সম্বন্ধে কি পে-কমিশন কি কিছু লিখেছেন?

**মিঃ স্পিকার :** এই জাতীয় আলোচনা এখন চলতে পারে না।

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় মন্ত্রী মহাশয় শতকরা ২৬ ভাগ রাজস্বের যে তথ্য দিয়েছেন যা সরকারি কর্মচারিদের জন্যই শুধু ব্যায়িত হয়, পে-কমিশনের রিপোর্টে অ্যাজ ইট ইজ এই রাজস্বের শতকরা কত ভাগ ব্যয়িত হবে?

**ডঃ অশোক মিত্র :** শতকরা ২৬ ভাগের উল্লেখ যা আছে তাতে শিক্ষক, শিক্ষাকর্মী, পৌর কর্মী, ইত্যাদি যারা সরকারের বাইরে আছেন অথচ সরকারের কাছ থেকে বেতন, ভাতা পেয়ে থাকেন, তাদের হিসাব যোগ করে পে-কমিশনের রেকমেন্ডেশন এবং রিপোর্ট কোথায় গিয়ে দাঁড়াবে, তার ইমপ্লিকেশন কি হবে তা বলা সম্ভব নয়।

**শ্রী বলাইলাল দাসমহাপাত্র :** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি—কার্যকর করার ব্যবস্থ' যে বিবেচনাধীন আছে এই রকম কতদিন থাকবে এবং কতদিনের মধ্যে কার্যকর করা হবে?

**মিঃ স্পিকার :** এখন বলতে পারা যাবে না।

### বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়

*৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৭।) **শ্রী সন্তোষকুমার দাস ও শ্রী প্রবোধচন্দ্র সিংহ :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক ২৫-২-৮০ তারিখে প্রশ্ন নং *৫৩ (অনুমোদিত প্রশ্ন নং ৯১) এবং *৫৭ (অনুমোদিত প্রশ্ন নং *৪৬৭)-এর উত্তর উল্লেখপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুরে প্রস্তাবিত বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় বর্তমানে কি অবস্থায় আছে ;

(খ) উক্ত বিশ্ববিদ্যালয়ের গৃহ নির্মাণের জন্য কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি ;

(গ) ইহার জন্য ইউ জি সি কত টাকা মঞ্জুর করেছেন এবং পশ্চিমবঙ্গ সরকার কি পরিমাণ আরও অর্থ ব্যয় করবেন ; এবং

(ঘ) এই বিশ্ববিদ্যালয়ের পাঠ্যসূচিতে নতুন কিছু বিষয় সংযোজনের কথা সরকার ভাবছেন কিনা?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ**

(ক) মেদিনীপুর বিশ্ববিদ্যালয় স্থাপনার জন্য প্রয়োজনীয় আইনের খসড়া এই অধিবেশনেই উপস্থাপনার কথা সরকার বিবেচনা করে দেখছেন।

(খ) মোটামুটি ভাবে মেদিনীপুর বিশ্ববিদ্যালয়ের জন্য ১৪০ একর জমি নির্দিষ্ট করার প্রস্তাব চলছে। মেদিনীপুর বিশ্ববিদ্যালয় আইন গৃহীত হলে গৃহ নির্মাণের কাজ আনুষ্ঠানিক ভাবে আরম্ভ হতে পারে।

(গ) ভবতোষ দত্ত কমিটির রিপোর্টে আনুমানিক ১০ কোটি টাকা ব্যয় করার প্রস্তাব করা হয়েছে। তারমধ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন মাত্র ২ কোটি টাকা দিতে প্রতিশ্রুতিবদ্ধ।

(ঘ) ডঃ ভবতোষ দত্ত কমিটি কয়েকটি বিশেষ পাঠ্যসূচির কথা উল্লেখ করেছেন। আনুষ্ঠানিকভাবে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পর এই সব বিষয়ে ঠিকভাবে পরীক্ষা করে দেখা হবে।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, জানাবেন কি, মেদিনীপুরের বিশ্ববিদ্যালয়-এর যে বিল আনা উচিত ছিল সেটি এবার আনবেন?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** এই বিষয়ে আমি আগেই উত্তর দিয়েছি।

## Starred Questions
## (to which written Answers were laid on the Table)

### Share of Priority Sectors in Bank Credits in West Bengal

*95. (Admitted question No. *267.) **Shri A. K. M. Hassan Uzzaman** : Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) if it is a fact that the share of Priority Sectors in Bank Credits in West Bengal is the lowest as compared to the share of Priority Sectors in Bank Credits in other States of

India ; and

(b) if so—

(i) what is the percentage share of priority sector in Bank Credits in West Bengal as compared to the percentage share of priority sectors in Bank Credits in Bihar, Haryana, Himachal Pradesh, Orissa, Assam, Punjub and Uttar Pradesh, and

(ii) whether the State Government has taken up the matter with the Centre and/or the Bank ?

**Minister-in-charge of the Finance Department :**

(a) The Share of priority sectors in Bank Credit in West Bengal is the lowest in the eastern region. The relevant data are given below :

(As at the end of December, 1977)

| | Outstanding Credit to priority sectors (in thousands of rupees) | Percentage share of priority sector credit in total bank credit |
|---|---|---|
| West Bengal | 36896,54 | 23.9 |
| Bihar | 17898,17 | 32.7 |
| Orissa | 6835,54 | 51.1 |

The credit-deposit ratio of the rural branches of the commercial Banks in West Bengal is again the lowest for the eastern region. The latest available data are as follows :

(As at the end of June, 1979)

| | Deposit (in crores of rupees) | Credit | Credit-deposit ratio |
|---|---|---|---|
| Bihar | 153.17 | 95.17 | 62.13% |
| Orissa | 52.24 | 45.50 | 87.09% |
| West Bengal | 184.29 | 63.99 | 34.72% |

It is a fact that the rural credit deposit ratio in West Bengal compares very unfavourably with some of the other major States

in the country. The latest available data are given below :

(At the end of June, 1979)

| | Deposit (in crores of rupees) | Credit | Credit-deposit ratio |
|---|---|---|---|
| Maharashtra | 181.10 | 122.21 | 67.48% |
| Andhra Pradesh | 188.54 | 196.82 | 104.39% |
| Karnataka | 233.68 | 164.48 | 70.38% |
| Tamilnadu | 163.43 | 145.21 | 88.85% |
| Rajasthan | 97.42 | 78.44 | 80.51% |

(b) (i) The latest available data concerning the percentage share of the priority sectors in bank credit in West Bengal, Bihar, Haryana, Himachal Pradesh, Orissa, Punjab and Uttar Pradesh are as follows :

(As at the end of December, 1977)

| | Outstanding credit to priority sectors (in thousands of rupees) | Percentage share of priority sectors |
|---|---|---|
| West Bengal | 36869,54 | 23.9 |
| Bihar | 17898,17 | 32.7 |
| Haryana | 16491,35 | 51.9 |
| Himachal Pradesh | 13,62,15 | 60.6 |
| Orissa | 6835,54 | 51.1 |
| Punjab | 29587,16 | 40.1 |
| Uttar Pradesh | 41230,64 | 44.8 |

(ii) The State Government is in continuous dialogue with the Government of India, the Reserve Bank of India and the commercial banks over the issue of augmenting the share of the priority sectors in aggregate bank credit. The credit-deposit ratio of the commercial banks has been showing a declining trend in this State from 70 per cent at the end of June, 1975 to 66 per cent in June, 1977 and further to 60 per cent at the end of June, 1979, even though the percentage of recovery of

bank dues in West Bengal has been showing an upward trend (31.6 per cent in June, 1975, 33.7 per cent in June, 1976, 39.7 per cent in June, 1977 and 41 per cent on June, 1978). The performance of the commercial banks in the rural sector has been disappointing and this matter has been brought to the notice of all concerned by this Government.

### নেতাজি সুভাষচন্দ্র বসুর রচনা-সমগ্র প্রকাশের পরিকল্পনা

*৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯১।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্য সরকার নেতাজি সুভাষচন্দ্র বসুর "রচনা-সমগ্র" প্রকাশের জন্য উদ্যোগ গ্রহণ করছেন ; এবং

(খ) সত্য হলে, এ বিষয়ে সরকার কতটা অগ্রসর হয়েছেন?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) উচ্চ শিক্ষা বিভাগ এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের কথা চিন্তা করছেন।

(খ) প্রাথমিকভাবে তথ্যাদি সংগ্রহের চেষ্টা হচ্ছে।

### স্ত্রী শিক্ষা উন্নয়ন

*৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫৪৬।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে স্ত্রীশিক্ষার হার উন্নত করিবার জন্য সরকার কর্তৃক বিশেষ কোনও ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কিনা ; এবং

(খ) হইয়া থাকিলে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

**শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ও (খ) স্ত্রীশিক্ষার হার উন্নত করার জন্য নিম্নলিখিত প্রকল্পগুলি চালু আছে ঃ-

(১) দ্বাদশ শ্রেণী পর্যন্ত বিনা বেতনে বিদ্যালয় বা কলেজে পড়ার সুযোগ আছে।

(২) মাধ্যমিক বিদ্যালয়ে বালিকাদের জন্য উপস্থিতি বৃত্তি প্রকল্প চালু আছে।

(৩) তফসিলি জাতি এবং তফসিলি উপজাতিভুক্ত ছাত্রীদের জন্য টিফিন এবং পোষাক সরবরাহ করার প্রকল্প চালু আছে।

(৪) তফসিলি জাতি এবং উপজাতি সম্প্রদায়ভুক্ত ছাত্রীদের জন্য পাঠ্যপুস্তক ও

অন্যান্য দ্রব্য সামগ্রী সরবরাহ করার প্রকল্প চালু আছে।

(৫) নন ফরমাল এডুকেশন প্রোগ্রাম-এর আওতায় প্রায় ১৪৪০টি শিক্ষাকেন্দ্র এই রাজ্যে চালু আছে। উক্ত শিক্ষাকেন্দ্রের অনেকাংশ বালিকাদের জন্য প্রতিষ্ঠিত।

(৬) ন্যাশনাল এডাল্ট এডুকেশন প্রোগ্রাম এর আওতায় অনেকগুলি বয়স্ক শিক্ষাকেন্দ্র চালু করা হইয়াছে। উক্ত কেন্দ্রের শতকরা ৫০ ভাগ কেন্দ্র স্ত্রী শিক্ষার জন্য চালু আছে।

(৭) তফসিলি জাতি ও উপজাতি সম্প্রদায়ের ছাত্রীদের জন্য গভর্নমেন্ট স্পনসর্ড আশ্রম জাতীয় স্কুল স্থাপন করা হইয়াছে।

**হুগলি জেলায় প্রাপ্তবয়স্কদের নিরক্ষরতা দূরীকরণ শিক্ষাকেন্দ্র**

*৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪৭৭।) **শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি জেলায় প্রাপ্তবয়স্কদের নিরক্ষরতা দূরীকরণে মোট কতগুলি শিক্ষাকেন্দ্র আছে ;

(খ) উহার মধ্যে পুরুষ ও মহিলাদের জন্য পৃথক শিক্ষাকেন্দ্র আছে কিনা ;

(গ) থাকিলে, তাহার সংখ্যা কত ;

(ঘ) উক্ত জেলায় মোট কতজনকে শিক্ষিত (আক্ষরিক) করিবার জন্য পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে ; এবং

(ঙ) এই পরিকল্পনাকে কার্যকর করার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সাধারণ বয়স্ক শিক্ষাকেন্দ্র —১৮৮

নন-ফরমাল (রিমুভ) শিক্ষাকেন্দ্র —১০০

গ্রামীণ ব্যবহারিক সাক্ষরতা প্রকল্প —৬০০

(রুর‍্যাল ফাংশনাল লিটারেসি প্রোজেক্ট)

মোট ৮৮৮

(খ) হ্যাঁ।

(গ) পুরুষ কেন্দ্র —৪৯৪

মহিলা কেন্দ্র —৩৯৪

*(ঘ) বর্তমান বৎসরে যে ৮৮৮টি বয়স্ক শিক্ষাকেন্দ্র চালু অছে তাতে ২৬৬৪০ জন নিরক্ষরকে শিক্ষিত (আক্ষরিক) করার ব্যবস্থা আছে।*

(ঙ) রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারের অর্থানুকূল্যে জাতীয় শিক্ষা কর্মসূচি অনুযায়ী গ্রামীণ ব্যবহারিক সাক্ষরতা প্রকল্প গ্রহণ করা হইয়াছে। এক একটি প্রকল্প ৩০০ জন প্রশিক্ষক দ্বারা ৩০০টি বয়স্ক শিক্ষাকেন্দ্র পরিচালিত করার কথার ঐ কেন্দ্রগুলি সুষ্ঠু পরিচালনার জন্য প্রতি প্রকল্পে প্রোজেক্ট অফিসার সহকারি প্রোজেক্ট অফিসার, করণিক, পিওন ইত্যাদি নিয়োগের ব্যবস্থা হইয়াছে। প্রতি ৩০টি কেন্দ্র পরিদর্শনের জন্য একজন করিয়া সুপারভাইজার নিয়োগ করা হইয়াছে। ঐ প্রকল্পগুলির তদারকি ও পরিদর্শনের সুবিধার জন্য ঐ জেলায় জিপগাড়ির ব্যবস্থাও করা হইয়াছে। প্রত্যেক শিক্ষার্থীর জন্য বিনামূল্যে বই, খাতা, শ্লেট ইত্যাদির ও প্রতি কেন্দ্রের জন্য আলোর ব্যবস্থাও করা হইয়াছে। প্রশিক্ষক ও সুপারভাইজার দের জন্য বিশেষ এবং ব্যাপক ট্রেনিং-এরও ব্যবস্থা আছে।

## ADJOURNMENT MOTION

[2-00 — 2-10 p.m.]

**মিঃ স্পিকার ঃ** আজ আমি সর্বশ্রী ধীরেন্দ্রনাথ সরকার, রজনীকান্ত দলুই ও কিরণময় নন্দ মহাশয়দের কাছ থেকে তিনটি মুলতুবি প্রস্তাবের নোটিশ পেয়েছি।

প্রথম প্রস্তাবে শ্রী সরকার নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনে প্রশাসনিক অব্যবস্থা, দ্বিতীয় প্রস্তাবে শ্রী দলুই পেনশনের ব্যাপারে স্বাধীনতার সংগ্রামীদের ক্ষোভ ও তৃতীয় প্রস্তাবে শ্রী নন্দ রামমোহন কলেজের অধ্যক্ষার মৃত্যু সম্পর্কে বিচার বিভাগীয় তদন্তের জন্য আলোচনা করতে চেয়েছেন।

প্রথম এবং দ্বিতীয় প্রস্তাবের বিষয় সম্পর্কে সদস্যগণ আজ রাজ্যপালের ভাষণের উপর বিতর্কের সময় আলোচনা করার সুযোগ পাবেন।

তৃতীয় প্রস্তাবের বিষয়ে একটি দৃষ্টি আকর্ষণী নোটিশ এসেছিল এবং সে সম্পর্কে মুখ্যমন্ত্রী গত ২০-২-৮১ তারিখে এই সভায় একটি বিবৃতি দিয়েছিলেন। তাছাড়াও আজ রাজ্যপালের ভাষণের উপর বিতর্কে এ সম্পর্কে আলোচনা করার সুযোগ আছে।

তাই আমি তিনটি প্রস্তাবেই আমার অসম্মতি জানাচ্ছি। তবে সদস্যগণ ইচ্ছা করলে সংশোধিত প্রস্তাবগুলি সভায় পাঠ করতে পারেন।

**শ্রী কিরণময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল ঃ-

রামমোহন কলেজের অধ্যক্ষা সাধনা সরকারের মৃত্যুর কারণ অনুসন্ধানের জন্য বিচার

বিভাগীয় তদন্ত।

রামমোহন কলেজের অধ্যক্ষা শ্রীমতী সাধনা সরকারের মৃত্যুকে কেন্দ্র করে সর্বস্তরে আলোড়ন সৃষ্টি হয়েছে। একটি ছাত্র সংগঠনের নেতৃত্বে শ্রীমতী সরকারকে কয়েক ঘণ্টা ঘেরাও করে রাখা হয় এ অভিযোগ উঠেছে। শ্রীমতী সরকারের মৃত্যুর বিষয়ে যে অভিযোগ উঠেছে তার সত্যাসত্য নিরূপনের জন্য বিচার বিভাগীয় তদন্তের জন্য ও শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে ঘেরাও কে নিষিদ্ধ করার ব্যবস্থা গ্রহণের জন্য আজকের সভার কাজ সাময়িক মুলতুবি রেখে উপরোক্ত বিষয় আলোচিত হউক।

**Shri Rajani Kanta Doloi :** Mr. Speaker, Sir, this Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and recent occurrance, namely :-

Resentment among Freedom Fighters.

The Freedom Fighters are being harrassed and subjected to humiliation by the Government. The Advisory Committee set up by the State Government has stopped and discontinued payment of Pensions to Freedom Fighters who have refused to extend political support to the Government. More than 5000 applications are lying pending.

The Government of India's recent circular liberalising the Freedom Fighters' Pension Scheme and directing the State Government to give wide publicity to the scheme and to invite fresh application from Freedom Fighters have been ignored by the State Government. Even application forms have not yet been printed though the directive has been received by the State Government in August, 1980.

## Calling attention to matters of Urgent Public Importance

**মিঃ স্পিকার ঃ** আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি, যথা ঃ-

১। মেদিনীপুর শহরে জলাভাব : শ্রী রজনীকান্ত দলুই

২। পার্ক সার্কাসে ট্যাক্সি ছিনতাই : শ্রী রজনীকান্ত দলুই

৩। এফ সি আই অধিগ্রহণ : শ্রী রজনীকান্ত দলুই

৪। ২২-২-৮১ তারিখে ডাক্তারদের গণছুটি : শ্রী রজনীকান্ত দলুই

৫। কুশমন্ডী মহীপাল দীঘিতে টাঙ্গন নদীর উপর সেতু নির্মাণ : শ্রী ধীরেন্দ্রনাথ সরকার

| | | |
|---|---|---|
| ৬। | Alleged murder of Basanti Panchayat Savapati | : Shri Nikhil Das |
| ৭। | Non-Supply of wheat and rice in modified Rationing areas | : Shri Gour Chandra Kundu |
| ৮। | Strike of Loco-Running Staff | : Shri Gour Chandra Kundu |
| ৯। | Delay in setting up of a University in Midnapur District | : Shri Rajani Kanta Doloi |
| ১০। | Fire in cotton godown and shops on G.T. Road | : Shri Rajani Kanta Doloi |
| ১১। | Proposal to slow moving vehicles in Calcutta | : Shri Rajani Kanta Doloi |
| ১২। | Traffic jam in Calcutta | : Shri Rajani Kanta Doloi |
| ১৩। | Resentment among the Excise Constables | : Shri Rajani Kanta Doloi |
| ১৪। | Demand for reconstitution of the W.B. College Service Commission | : Shri Rajani Kanta Doloi |
| ১৫। | Looting of cash at Tikiapara Railway Station on 31-3-81 | : Shri Rajani Kanta Doloi |
| ১৬। | Bomb explosion in a Cinema House in Central Calcutta | : Shri Rajani Kanta Doloi |
| ১৭। | Use of Bombs and other missiles by warring groups at New Alipur on 21-2-81 | : Shri Rajani Kanta Doloi |

আমি অ্যালেজ মাডার অফ বাসন্তী পঞ্চায়েত সভাপতি বিষয়ের উপর শ্রী নিখিল দাস কর্তৃক আনীত নোটিশ মনোনীত করেছি।

সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়, যদি সম্ভব হয়, ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

**শ্রী ভবানীচরণ মুখার্জি :** আগামী ফ্রাইডে।

## STATEMENT ON CALLING ATTENTION

**মিঃ স্পিকার :** (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়কে রানাঘাট গভর্নমেন্ট

স্পনসর্ড কলেজে অচলাব্যবস্থা সম্পর্কে একটি বিবৃতি দিতে অনুরোধ করছি।

শ্রী গৌর চন্দ্র কুন্ডু ১৯এ ফেব্রুয়ারি, ১৯৮১ তারিখে উক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করেন।)

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** বেশ কিছু দিন পূর্বে রানাঘাট কলেজে গন্ডগোলের সৃষ্টি হয়। তখন আলাপ আলোচনার মধ্যে দিয়ে তা মীমাংসা হয়। পুনরায় রানাঘাট কলেজে বিশৃঙ্খল অবস্থার প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণের ব্যবস্থা হয়। সকলের সাথে আলোচনার পর এই অবস্থার অবসানের জন্য সরকার সচেষ্ট হয়েছেন।

## STATEMENT ON CALLING ATTENTION

**মিঃ স্পিকার ঃ** আমি স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়কে মুর্শিদাবাদ জেলার রানিনগর থানার অন্তর্গত চর রাজাপুর গ্রামে দুইজন সীমান্তরক্ষী বাহিনীর জওয়ান ও দুইজন হোমগার্ড-এর মৃত্যুর অভিযোগ সম্পর্কে একটি বিবৃতি দিতে অনুরোধ করছি। এই বিষয়ে শ্রী শেখ ইমাজুদ্দিন ২০এ ফেব্রুয়ারি ১৯৮১ তারিখে দৃষ্টি আকর্ষণ করেছিলেন।

**শ্রী জ্যোতি বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় গত ১৪/২/৮১ তারিখে মুর্শিদাবাদ জেলার রানিনগর থানার চর রাজাপুর গ্রামে সীমান্তরক্ষী বাহিনীর দুজন জওয়ান এবং দুজন হোমগার্ডের মৃত্যু সম্পর্কে বিধানসভার সদস্য শ্রী সেখ ইমাজুদ্দিনের দৃষ্টি আকর্ষণী বিজ্ঞপ্তি প্রসঙ্গে আমি এই বক্তব্য রাখছি।

জমি সংক্রান্ত সামান্য বিবাদ থেকে এই দুঃখজনক ঘটনার উৎপত্তি। জানা গেছে যে, গত ১৯৬৪ সালে রানিনগর থানার রাজাপুর গ্রামে শ্রী সূর্য মন্ডল ঐ গ্রামের শ্রী অন্নদা মন্ডলের কাছ থেকে ১৩ কাঠা জমি কেনেন। মৃত অন্নদা মন্ডলের ভাই শ্রী রাধেশ্যাম মন্ডল চেষ্টা করছিলেন যাতে ঐ জমিটি তাকে ফেরত দেওয়া হয়। এই প্রচেষ্টায় তিনি স্থানীয় গ্রাম প্রধানের সমর্থন পেয়েছিলেন বলে জানা যায়। গত ২০/১২/৮০ তারিখে এ নিয়ে একটি গ্রাম সালিশ হয় এবং তাতে শ্রী সূর্য মন্ডলকে বলা হয় যে তিনি যেন জমিটি শ্রী রাধেশ্যাম মন্ডলকে ফেরত দেন। সূর্য মন্ডল এতে রাজী হন না। ফলে তাকে এবং তার পরিবারের লোকদের তাদের বাড়িতে অবরোধ করে রাখা হয়। স্থানীয় পুলিশ গত ২৪/১২/৮০ তারিখে এদের অবরোধ মুক্ত করেন। এর পর শ্রী রাধেশ্যাম মন্ডলের ছেলে শ্রী রঞ্জিৎকুমার মণ্ডল রানিনগর· ২নং ব্লকের জে. এল. আর. ও-র নিকট দরখাস্ত করেন যে তাকে যেন ঐ জমির বর্গাদার হিসাবে নথিভুক্ত করা হয়। প্রথমে জে. এল. আর. ও-র অফিসের একজন আমিন এবং পরে সার্কেল ইনস্পেক্টর এই দরখাস্তের বিষয়ে তদন্ত করেন। গত ১৩/২/৮১ তারিখে শেষোক্ত তদন্তের সময় দুইপক্ষে একটু ধস্তাধস্তি হয়। এর পর শ্রী সূর্য মণ্ডল তদন্তের স্থান পরিত্যাগ করেন।

গত ১৩/২/৮১ তারিখে সন্ধ্যাবেলায় একদল লোক সূর্য মণ্ডলের বাড়ি ঘিরে ফেলে।

সূর্য মণ্ডলের এক মাসীমা বাড়ি থেকে বেরিয়ে আসতে পারেন। তিনি নিকটস্থ সীমান্ত রক্ষ চৌকিতে এই অবরোধ সম্পর্কে নালিশ জানান। স্থানীয় থানা থেকে ঐ চৌকি ঘটনাস্থলে অপেক্ষাকৃত নিকটবর্তী ছিল। জানা যায় যে সূর্য মণ্ডলের মাসীমা অবরোধের ব্যাপারে সীমান্তরক্ষ চৌকির হস্তক্ষেপ প্রার্থনা করেন। গ্রামটি ঐ চৌকির সাধারণ টহলের মধ্যে পড়ে। গত ১৪ ফেব্রুয়ারি রাত প্রায় ৮।। টার সময় নায়েক দুর্গাপ্রসাদ কোমেইনের নেতৃত্বে দুজন কনস্টেব এবং দুজন হোমগার্ডের একটি দল ঐ চৌকি থেকে বেরিয়ে রাজাপুর গ্রামের দিকে যা করে। পরবর্তী তদন্তে জানা গেছে যে, চৌকি থেকে বেরোবার আগে নায়েক কাহারপাড়া বে ক্যাম্প এর অনুমতি নিয়েছিলেন। আরও জানা যায় যে, বেস ক্যাম্পের নির্দেশ ছিল ( নায়েক যদি মনে করেন যে ঘটনাটা সাধারণ আইন-শৃঙ্খলা রক্ষার থেকেও গুরুতর তবে তি ঘটনাস্থলে যেতে পারেন। আমি আগেই বলেছি যে সীমান্তরক্ষী বাহিনীর দলটি রাত্রি ৮।। টা সময় চৌকি থেকে রওনা দেয়। চৌকির টহলের তালিকা অনুযায়ী রাজাপুর গ্রামে টহ সাধারণত রাত্রি ১১টা থেকে রাত্রি ৩।। টার মধ্যে হওয়ার কথা।

রাত্রি প্রায় ৯।। টার সময় সীমান্তরক্ষী বাহিনীর দলটি রাজাপুর গ্রামে পৌছান। তা যখন সূর্য মন্ডলের বাড়ির লোকদের সাথে করে বলছিলেন তখন রাধেশ্যাম মন্ডলের এ ছেলে বাবলু মন্ডল তা শুনছিলেন। সূর্য মন্ডলের লোকেরা ও সীমান্তরক্ষীরা বাবলুকে ওখা থেকে হটিয়ে দেয়। বাবলু তখন সোরগোল তোলেন যে, তাকে মারধোর করা হয়েছে, এ অব্যবহিত পরেই একদল গ্রামবাসী লাঠি, বর্শা, কুড়াল প্রভৃতি অস্ত্রশস্ত্র হাতে চারদিক থে সীমান্তরক্ষী বাহিনীর দলটিকে ঘিরে ফেলে। রক্ষী বাহিনীর লোকেরা উত্তেজিত গ্রামবাসীকে শা করার চেষ্টা করেন। কিন্তু গ্রামবাসীরা তাদের আক্রমণ করে। সীমান্তরক্ষী বাহিনীর একজ কনস্টেবল তিন রাউন্ড গুলি করেন এবং চৌকিতে পালিয়ে আসতে পারেন।

এই ঘটনার কিছুক্ষণের মধ্যেই একজন গ্রামবাসী কাহারপাড়া বেস ক্যাম্প-এ খব দেন। রানিনগর থানাতে খবর দেওয়া হয় যে ঐ গ্রামে একটি ডাকাতি হচ্ছে। বেস ক্যাম্প এবং থানা থেকে লোকজন প্রায় একই সময় হাঙ্গামার জায়গায় এসে পৌছান। তা দেখলেন যে নায়েক এবং দুজন হোমগার্ড মৃত অবস্থায় পড়ে আছেন। আর একজন কনস্টেব হাসপাতালে নিয়ে যাবার পথে মারা যান। যে কনস্টেবলটি আহত অবস্থায় পালিয়ে যে পেরেছিলেন তিনি লালবাগ হাসপাতালে চিকিৎসাধীন আছেন। সীমান্তরক্ষী বাহিনীর যে চারজ লোক মারা গেছেন তাদের শরীরের ক্ষতচিহ্ন দেখে মনে হয় যে তাদের পেছন থেকে হাঁসু কাটারি, দা প্রভৃতি দিয়ে আঘাত করা হয়েছিল। তাদের হাত পায়ের কোনও কোনও অং বিচ্ছিন্ন হয়েছিল। একজন গ্রামবাসী গুলিতে আহত হন। বহরমপুর হাসপাতালে চিকিৎসাধী অবস্থায় তাকে ধরা হয়।

এ সম্পর্কে রানিনগর থানায় একটি মামলা রুজু করা হয়েছে। এফ আই আর বর্ণি ৩১ জনের মধ্যে ৫ জন এবং আরও ৬ জন, মোট ১১ জনকে এ পর্যন্ত গ্রেপ্তার ক হয়েছে। পুলিশ এবং সীমান্তরক্ষী বাহিনীর তল্লাশির ফলে ছিনিয়ে নেওয়া ৪টি রাইফেল এব গুলির মধ্যে ২টি রাইফেল এবং ৩০ রাউন্ড গুলি উদ্ধার করা হয়েছে। অধিকাংশ গ্রামবাসীগণ

গ্রাম ছেড়ে চলে গিয়েছে। কিছু কিছু চুরির ঘটনা ঘটেছে। গ্রাম-প্রধানের বাড়ি এবং অফিস তছনছ করা হয়েছে। এটা একটা মর্মান্তিক ঘটনা। আমরা দুঃখিত যে সীমান্তরক্ষী বাহিনীর ৪ জন শোচনীয় অবস্থায় তাদের প্রাণ হারিয়েছেন। স্পষ্টই বোঝা যাচ্ছে যে, জমি সংক্রান্ত একটা বিরোধকে কেন্দ্র করে গ্রামে দুটি বিবাদমান দলের সৃষ্টি হয়েছিল। ঘটনার সঙ্গে রাজনীতির কোনও সম্পর্ক নেই।

ঘটনার খবর পাওয়া মাত্রই জেলা শাসক, অতিরিক্ত জেলাশাসক, অতিরিক্ত পুলিশ সুপার এবং সীমান্তরক্ষী বাহিনীর দুজন মেজর ঘটনাস্থলে যান। জানা গেছে যে, সীমান্তরক্ষী বাহিনীর ডি আই জি এবং ডিরেক্টর জেনারেলও ঘটনাস্থল পরিদর্শন করেছেন। একজন অফিসারের অধীনে একদল পুলিশ গ্রামটিতে রাখা হয়েছে যাতে শান্তি ও শৃঙ্খলা বজায় থাকে এবং আবার হাঙ্গামার সৃষ্টি না হয়। জেলা শাসককে নির্দেশ দেওয়া হয়েছে যে বাকি রাইফেল দুটি এবং পুলিশসমূহ পুনরুদ্ধারের জন্য পুলিশি তৎপরতা যেন বাড়িয়ে দেওয়া হয়। একথাও বলা হয়েছে যে, তদন্তের ফলে এই ঘটনার সঙ্গে আসামী হিসাবে জড়িত আছে বলে যদি কাউকে মনে করা হয় তবে তাকে যেন অবিলেম্ব গ্রেপ্তার করা হয়।

[2-10 — 2-20 p.m.]

**শ্রী রজনীকান্ত দলুই :** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বললেন ঘটনার সঙ্গে রাজনৈতিক কোনও সম্পর্ক নেই, কিন্তু আমার কাছে খবর আছে, আমাদের এম এল এ রা জানেন রাজনৈতিক সম্পর্ক আছে। কারণ, গ্রাম প্রধান যিনি তিনি সি পি এম দলের.......

## STATEMENT ON CALLING ATTENTION

**মিঃ স্পিকার :** স্টেটমেন্টের পর এই রকম বক্তৃতা দেওয়া যায় না। আমি এবার স্বরাষ্ট্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়কে হাইকোর্টের জজ নিয়োগ সম্বন্ধে যে দৃষ্টি আকর্ষণ করেছিলেন শ্রী পাঠক, তার সম্বন্ধে বিবৃতি দিতে অনুরোধ করছি।

**শ্রী জ্যোতি বসু :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, ১৯এ ফেব্রুয়ারি ১৯৮১ তারিখের আনন্দ বাজার পত্রিকায় প্রকাশিত "হাইকোর্টের বিচারপতি" রাজ্যের অধিকাংশ নামে দিল্লির আপত্তি শীর্ষক সংবাদ সম্পর্কে বিচার ও আইন মন্ত্রী শ্রী হালিমকে বিবৃতি দিতে আপনি নির্দেশ দিয়েছিলেন।

এ প্রসঙ্গে আমি জানাতে চাই যে বর্তমান নিয়ম অনুসারে হাইকোর্টের বিচারপতি নিয়োগের ব্যাপারটি সম্পূর্ণভাবে আমার অর্থাৎ মুখ্যমন্ত্রীর নিজস্ব দপ্তর থেকেই হয়ে থাকে—বিচার বিভাগ, বা আইন বিভাগ বা অন্য কোনও বিভাগ থেকে নয়। সেই কারণে শ্রী হালিমের বদলে আমি এই বিষয়ে বিবৃতি দেবার অনুমতি চাইছি।

আনন্দ বাজারে প্রকাশিত ঐ সংবাদে বলা হয়েছে যে বিচারপতি নিয়োগের জন্য নাম পাঠান রাজ্য সরকার—স্থানীয় হাইকোর্টের প্রধান বিচারপতির সঙ্গে আলোচনা করে। কিন্তু

প্রকৃতপক্ষে যে পদ্ধতি অনুসৃত হয় তা হল এই রকম। যখনই হাইকোর্টে কোনও পদ কোনও কারণে শূন্য হয় বা শীঘ্রই শূন্য হবার সম্ভাবনা থাকে তখন হাইকোর্টের প্রধান বিচারপতি আমার কাছে ঐ সব শূন্য পদের জন্য নাম সুপারিশ করে পাঠান। যে কটি পদ শূন্য থাকে মাত্র সে কটিই নাম তিনি সুপারিশ করেন। তার বেশি নয়। সেই নামগুলি সম্বন্ধে আমার মতামত দিয়ে আমি সেগুলি রাজ্যপালের কাছে পাঠাই। রাজ্যপাল তার মতামত আমার কাছে পাঠান। তারপর আমি কেন্দ্রীয় সরকারের আইন মন্ত্রীর কাছে হাইকোর্টের প্রধান বিচারপতির চিঠির নকল এবং রাজ্যপালের চিঠির নকল সহ আমার মতামত পাঠাই। সঙ্গে সংশ্লিষ্ট কাগজপত্র পাঠানো হয়।

তবে আমি এটুকু পরিষ্কারভাবে বলতে চাই যে, অন্তত বামফ্রন্ট সরকারের আমলে হাইকোর্টের প্রধান বিচারপতিরা যে সমস্ত নাম বিচারপতি পদের জন্য সুপারিশ করেছেন তাদের মধ্যে কেউই সি পি এম দলের লোক নন। ঐ সংবাদে বলা হয়েছে যে কেন্দ্রীয় স্বরাষ্ট্র দপ্তরের অভিযোগ হল এরা অধিকাংশই সি পি এম দলের লোক। এ সম্পর্কে আমি পরিষ্কারভাবে জানাতে চাই যে, এরকম কোনও অভিযোগ কেন্দ্রীয় সরকার কখনই লিখিতভাবে বা মৌখিকভাবে আমাদের জানান নি। যে সকল নাম কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হয়েছে তা বাতিল হয়েছে বা সে বিষয়ে আপত্তি উঠেছে বলে আমাদের জানানো হয়নি। ১০/১২ দিন আগে কেন্দ্রীয় আইন মন্ত্রীর সঙ্গে আমার যখন কথা হয় তখনও তিনি আমাকে সেকথা বলেন নি।

অন্যান্য রাজ্যের হাইকোর্টের বিচারপতি বা সুপ্রীম কোর্টের বিচারপতি নিয়োগের ক্ষেত্রে কি ঘটছে তা আমাদের বিচার্য নয় এবং সে বিষয়ে কোনও তথ্যও আমাদের জানা নেই।

## MENTION CASES

[2-20 — 2-30 p.m.]

**শ্রী বিশ্বনাথ মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি আমাদের সভার, গভর্নমেন্টের এবং বিশেষ করে মুখ্যমন্ত্রীর দৃষ্টি একটি বিষয়ের প্রতি আকর্ষণ করছি।

মধ্য কলকাতার ৪০-৪২টি হোটেলের কর্মচারী ইউনিয়ন কতকগুলি দাবি নিয়ে আন্দোলন করেছিলেন। তার মধ্যে একটা হোটেল 'প্যারাডাইজ লজ'-এর মালিক শিয়ালদহ স্টেশনের সর্দার ছিল এবং তার অনেক গুন্ডা-পান্ডা আছে। সে গত জানুয়ারি মাসে একজিকিউটিভ ম্যাজিস্ট্রেটের কোর্টে গিয়ে ৮ জনের বিরুদ্ধে কমপ্লেন করেছিল এবং সেই ৮ জনের মধ্যে ৬ জনকে ছাঁটাই করেছিল। লেবার অফিসারের কাছে যখন কনসিলিয়েশন চলছে তখন ৬ জনকে ছাঁটাই করেছে। সেই ৬ জন এবং আরও ২ জনের বিরুদ্ধে কোর্টে গিয়ে বলল যে, আমাকে ভয় দেখাচ্ছে, অমুক করছে, তমুক করছে, ওদের রিস্ট্রেন্ট করা হোক। তাতে, কোর্ট মুচিপাড়া থানাকে ২১এ মার্চের মধ্যে রিপোর্ট দিতে অর্ডার দেয় এবং ইতিমধ্যে ঐ ৮ জন হোটেলের মধ্যে ঢুকে কাজে যাতে বাধা না দেয় ও যাতে শান্তিভঙ্গ না করে তার জন্য

সেদিকে লক্ষ্য রাখতে অর্ডার দেয়। এর পর ২০এ ফেব্রুয়ারি রাত্রিবেলা, আমি দারোগার কথায় যত দূর বুঝলাম তাতে রাত্রি দেড়টার পর, ওরা বলছে আরও বেশি রাত্রে, পুলিশ বাহিনী দারোগার নেতৃত্বে হোটেলে গিয়ে হোটেল কর্মচারিদের মেরে ধরে বের করে দেয় এবং তাদের জিনিস-পত্র ভেঙেচুরে দেয়। যাদের জোর করে বের করে দেয় তাদের মধ্যে ২ জনকে এখনও পাওয়া যায়নি। পরের দিনই সে বিষয়ে ডাইরি হয়েছে। এর পর ওরা এসে আমার কাছে বলে, আমি এ বিষয়ে হোম সেক্রেটারিকে বলেছি, পুলিশ কমিশনারকে বলেছি। এখনও পর্যন্ত দু জনকে পাওয়া যাচ্ছে না, ওদের কি পুলিশ গুম করেছে? যদি তাও না করে থাকে তাহলেও কোন্ আইনে রাত্রি দেড়টা থেকে তিনটের মধ্যে ঘরের মধ্যে ঢুকে মানুষকে মারধোর করে ধরে নিয়ে যাওয়া হয়েছে? এই হোটেলের মালিক বেলেঘাটা থেকে গুন্ডা এনেছে। কিন্তু সে গুন্ডার হাতে পড়ল না, কারা গুম করল, কোথায় গেল? ইউনিয়নের কোনও লোকের কাছে যায়নি, কোনও খোঁজ পাওয়া যাচ্ছে না, সে গেল কোথায়? তারপর মেদিনীপুর জেলায় তার বাড়িতে লোক পাঠালো ইউনিয়ন বডিতেও খোঁজ পাওয়া যাচ্ছে না। ইতি মধ্যে আবার তারা গিয়ে—এই ৮ জনের বাইরে যারা ওয়ার্কাস আছে, ইউনিয়নের লোক আছে, তারা ক্যাম্প করল, সেই ক্যাম্প ট্যাম্প ভেঙ্গে দিল, সব লুঠ করে নিয়ে গেল। পরে আবার সেগুলি ফেরত দিয়েছে। কিন্তু আবার যেদিন ক্যাম্প করতে গিয়েছে আবার ভেঙ্গে দিয়েছে, লোকদের মেরেছে খুব। তারা কাউকে যেতে দিচ্ছে না, কোন্ অর্ডারে যেতে দিচ্ছে না? এই ৮ জন সম্বন্ধে একটা অর্ডার আছে তাতে বলা আছে যে, এই লোকদের যেন বাধা না দেওয়া হয়। কিন্তু বাকিদের উপর মারধর করছে কি করে, কোন্ আইনে? আমাকে হোম সেক্রেটারি বললেন যে, না এই রকম আর হবে না। কিন্তু আমি পরশুদিন বীরভূম গিয়েছিলাম, যাওয়ার আগে শুনলাম যে আবার ক্যাম্প ভেঙ্গে দিয়েছে মারপিট করে এবং কালকেও এই ঘটনা ঘটেছে। আমি খুব অবাক হয়ে যাই কলকাতা শহরের বুকের উপর এটা কি করে হয়। হাইকোর্টের থেকে তারা একটা অর্ডার নিয়েছে বলে তারা দাবি করছে, সেটা ইউনিয়নের উপর কিন্তু সার্ভে হয়নি। ওরা দেখতে চেয়েছে ওরা দেখায়নি, শেষকালে দেখিয়েছে। তাতে ঠিক একই কথা লেখা আছে যে ৫০ গজের মধ্যে ঐ ৮ জন যাবে, না থাকবে এবং ঢুকবার মুখে বাধা না দেওয়া হয়। কিন্তু আজকে সম্পূর্ণ এটা উল্টো রকম হচ্ছে। ইউনিয়নের মেম্বারদের এবং অন্যান্য লোকদের তারা থাকতে দিচ্ছে না, মেরে তাড়িয়ে দিচ্ছে। ক্যাম্পের ব্যাপারে ইন্টারভিউ করতে অনুরোধ করব এবং আমি হোম সেক্রেটারিকে সেহেতু বলেছি। আমি তার কাছ থেকে জানতে পারব আমি আশা করব আর যেন ঐ ধরনের ঘটনা না ঘটে। আজকে অবশ্য হাউসে মিট করবার চেষ্টা করা হচ্ছে কিন্তু সেটা হচ্ছে হাইকোর্টের অর্ডারের বিরুদ্ধে। কিন্তু হাইকোর্টের অর্ডারের বাইরে কেন পুলিশ কাজ করছে। আগে চিরকাল করেছে কিন্তু বামফ্রন্টের সময় কলকাতার বুকের উপর হাইকোর্টের অর্ডারের বাইরে পুলিশ কাজ করছে। সেইজন্য আমি চিফ মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করছি তিনি যেন দয়া করে এটা বন্ধ করেন।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করছি। স্যার, এই প্রশ্নটা আমি এর আগে বহুবার করেছি কিন্তু

ানও কোনও সদুত্তর পাওয়া যাচ্ছে না। ১৯৬৮ সালে তৎকালীন যুক্ত ফ্রন্ট সরকার পশ্চিম াজপুর জেলার ইটিন্ডা গ্রামে সাবসিডিয়ারি হেলথ সেন্টার করার জন্য যে জমি অধিগ্রহণ রেছিলেন কিন্তু আজ পর্যন্ত ঐ সব জমির মালিকদের ক্ষতি পূরণের টাকা দেওয়া হয়নি থা এখানে আমি বলেছিলাম এবং মাননীয় মন্ত্রী মহাশয় আশ্বাস দিয়েছিলেন যে অবিলম্বে স্ত ক্ষতিপূরণ দিয়ে দেওয়া হবে। কিন্তু দুঃখের বিষয় আজ পর্যন্ত সেই সমস্ত জমির লিকরা ১৯৬৭ সালের ভিত্তিতে জমির ক্ষতিপূরণের টাকা এখনও পায়নি। আপনার মাধ্যমে মি অনুরোধ করছি, যাতে এই টাকাগুলি এই জমির মালিকরা পায় সেই ব্যবস্থা যেন করা । ধন্যবাদ।

**শ্রী রজনীকান্ত দলুই :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। একটা সিরিয়াস বিষয় বলতে চাই, অত্যন্ত একটা ন্তিক ঘটনা ঘটেছে। গত ৮/২/৮১ তারিখে সেই সবং থানার ৫নং অঞ্চলে শ্রীমতী যমুনা ঃ তাকে, স্যার, সি পি এমের লোকরা এবং ২৫/৩০ জন লোক তার বাড়িতে ঢুকে তাকে প করে মার্ডার করেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা একটা সিরিয়াস কেস, শ্রীমতী যমুনা ঃ তার স্বামী কংগ্রেস করেন, সেইজন্য তার ঘরে ঢুকে তাকে রেপ করে মার্ডার করা য়ছে। এর মধ্যে মণীন্দ্রনাথ দত্ত, বিনোদ সাহু, তারাপদ সাহু, এই সমস্ত সি পি এমের াকেরা ছিল। তারা ঘরে ঢুকে তার স্বামীকে মারধর করে তাড়িয়ে দেয় এবং তারপর তারা ক রেপ করেছে এবং মার্ডার করেছে। আজ পর্যন্ত পুলিশ কাউকে অ্যারেস্ট করেনি। জকে মুখ্যমন্ত্রী মহাশয় এখানে আছেন, এই সব জিনিস ঘটছে পশ্চিমবঙ্গে, নারী ধর্ষণ, প, মার্ডার, এই সব চলছে, স্যার। আমি বার বার একথা বলেছি। স্যার, এই রকম জারজনক ঘটনা পশ্চিমবঙ্গে আর যাতে না ঘটে তারজন্য আপনার মাধ্যমে একটা এনকোয়ারি া হোক। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে আমি একটা বিবৃতি চাচ্ছি। স্যার, অবিলম্বে একটা বিহিত ব্যবস্থা করা দরকার। এ পর্যন্ত কাউকে অ্যারেস্ট করা হয় নি। যারা র্ডার করছে তারাই পার্টি অফিসে বসে কাজ করছে। স্যার, পুলিশ বলছে ওরা প্রমোদবাবুর কওদের অ্যারেস্ট করতে পারবে না। সেইজন্য আমি আপনার মাধ্যমে আবেদন জানাচ্ছি বিলম্বে একটা এনকোয়ারি হোক। এটা একটা সিরিয়াস ঘটনা স্যার।

**শ্রী নিরোদ রায়চৌধুরি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পরিবহন ার দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত ২০/১০/৮০ তারিখ থেকে হাবড়া বসিরহাট বাস বন্ধ া আছে। দীর্ঘ চার মাস যাবৎ ৮২নং রুটের বাস বন্ধ হয়ে আছে, এই রুটে ৫৫ কি.মি. ঃ, অন্য আর কোনও যানবাহন নাই বাস ছাড়া, একমাত্র যানবাহনই হচ্ছে বাস। এই বাস হয়ে যাবার ফলে অসংখ্য যাত্রীসাধারণ ভয়ানক কষ্ট পাচ্ছে, তারা চলাফেরা করতে াছে না। ১৬০ কর্মী এই বাসের সঙ্গে যুক্ত, তাদের খাওয়া দাওয়ার পথ বন্ধ। আজ পর্যন্ত বার লেবার কমিশনার নিয়ে বসানো হয়েছে, গত মাসে বৈঠক হয় মালিক পক্ষকে নিয়ে মহাশয়ের ঘরে, মাননীয় পরিবহন মন্ত্রী মালিকদের অনুরোধ করেন বাস চালাবার জন্য। মালিকরা অনতিবিলম্বে বাস না চালায়, তাদের লাইসেন্স ক্যান্সেল করে দেওয়া হোক

অন্যথায় নতুন কোনও ব্যবস্থা করা হয় যেন যাতে যাত্রীদের যাতায়াতের সুবিধা হয়। গত কাল ৭৯, ৭৯এ, ৭৯বি, যে বাস কলকাতা থেকে বসিরহাট ইটিন্ডিয়া যায়, তাও বন্ধ হয়ে আছে। এর পেছনে একটা গভীর ষড়যন্ত্র আছে, নইলে কেন বাস বন্ধ হয়ে আছে। এ সম্পর্কে পরিবহন মন্ত্রীর দৃষ্টি আমি আপনার মাধ্যমে আকর্ষণ করছি।

**শ্রী শচীন সেন ঃ** মাননীয় অ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টা একটু দয়া করে শুনুন। এই গুরুত্বপূর্ণ বিষয়টা হল কংগ্রেস (আই) থেকে বলা হয় পশ্চিমবাংলায় আইনশৃঙ্খলা বিপন্ন, কিন্তু কংগ্রেস (আই) তরফ থেকে যে এই আইন-শৃঙ্খলা বিপন্ন করবার নানা প্রচেষ্টা চলেছে, তার একটা জ্বাজ্বল্যমান নিদর্শন হচ্ছে এই খবর, দয়া করে একটু শুনুন ঃ "Of the 10 bombs that go off in this city (Calcutta), nine are hurled by Congressmen, of other congress men only one is occasionally exchanged between us and the Marxists." একথা সুব্রত মুখোপাধ্যায় তিনিই বলেছেন, কংগ্রেস আই নেত্রী ইন্দিরা গান্ধীর অত্যন্ত স্নেহভাজন সুব্রত মুখোপাধ্যায়, তিনিই একথা বলেছেন ইন্ডিয়া টু ডে-র সংবাদ দাতার কাছে, পশ্চিমবঙ্গে ১০টি বোমার মধ্যে ৯টি ছোঁড়া হয়, কংগ্রেসিদের দ্বারা কংগ্রেসিদের বিরুদ্ধে, আর একটি বোমা লাগানো হয় মার্কসসিস্টদের বিরুদ্ধে। একথা সুব্রতবাবু নেতা হয়ে নিজেই স্বীকার করেছেন এই খবরটা দয়া করে কংগ্রেসি নেত্রীর কাছে পাঠিয়ে দিন।

(নয়েজ)

[2-30 — 2-40 p.m.]

**শ্রী রামচন্দ্র সৎপতি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচ মন্ত্রী ও মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। ঝাড়গ্রাম মহকুমা প্রতি বছরই খরার কবলিত হয় এবং এটা খরাপ্রবণ এলাকা বলে ঘোষিতও হয়েছে। কিন্তু সেখানে আজ পর্যন্ত কোনও রকম সুষ্ঠু সেচের ব্যবস্থা হয় নি। অন্য দিকে দেখা যাচ্ছে, বন্যা নিয়ন্ত্রণ করার মাস্টার প্ল্যান করে বিভিন্ন জায়গায় বন্য নিয়ন্ত্রণে ব্যবস্থা নেওয়া হচ্ছে। কিন্তু এখানে সেচের জন্য কোনও ধরনের পরিকল্পনা গ্রহণ করা হয় নাই যে, মাস্টার প্ল্যান করা হয়েছে তার কোনও কাজই হচ্ছে না।

প্রতি বছর ফসল মারা যাচ্ছে, ফসল উৎপাদন হয় না, ঝাড়গ্রামের কৃষক অনাহারে অর্দ্ধহারে দিন কাটাচ্ছে। এই ঝাড়গ্রাম মহকুমায় অনেক পাহাড়ী নদী, খাল আছে সেগুলি সংস্কার করলে চাষের অনেক সুবিধা হয় এবং এখানে ডিপ টিউবওয়েল স্থাপন করলে বারমাস ফসল হতে পারে। আমি সেচমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব এই পরিকল্পনা গ্রহণ করে ঝাড়গ্রাম মহকুমার কৃষকদের বাঁচান।

**শ্রী নীহারকুমার বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটি বিষয় উল্লেখ করছি। ব্যারাকপুরে একটি মাত্র টি বি হাসপাতাল, নেহরু

চেষ্ট ক্লিনিক আজ বহু দিন ধরে বন্ধ হয়ে আছে এবং তা খুলবার কোনও ব্যবস্থা হয় নি। এটি একটি সেবা প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত হয়। কিন্তু সেখানে সীমাহীন দুর্নীতির জন্য এই অবস্থা হয়েছে। কিছু সরকারি অনুদান কিছু বেসরকারি অনুদানে এই হাসপাতালটি চলে। আমি অনুরোধ করব, সরকার এটাকে অধিগ্রহণ করে যাতে অবিলম্বে খোলা হয় তার ব্যবস্থা সরকার যেন করেন।

**শ্রী সরল দেব ঃ** মাননীয় স্পিকার স্যার, সমস্যাটি অন্য নয় গত ১৭ তারিখে লেফট ফ্রন্ট-এর যে মিটিং হয়েছে তাকে কেন্দ্র করে খবরের কাগজে যে সংবাদ প্রকাশিত হয়েছে সেটি একটি বিকৃত সংবাদ। খড়িবাড়ি থেকে শ্যামবাজার রুটে ১৩টি বেসরকারি বাস আছে। আমাদের পরিবহনমন্ত্রী গত বাজেট ভাষণে বলেছিলেন যে খড়িবাড়ি শ্যামবাজার রুটে সরকারি বাস চালু হবে। আজ প্রায় এক সপ্তাহ হয়ে গেল প্রাইভেট বাস বন্ধ হয়ে আছে। আমি আবেদন করব যে, তিনি প্রতিশ্রুতি দেওয়া সত্ত্বেও আজ পর্যন্ত সেখানে সরকারি বাস চালু হয়নি। এই অবস্থা যদি চলে তাহলে সেখানকার জনগণ ২৬ তারিখ গণ অবস্থান শুরু করবেন। স্যার, এখানে প্রেস্টিজ ইনভলভ—আমি পরিবহন মন্ত্রীকে জানাচ্ছি যে, অবিলম্বে সরকারি বাস চালু যদি না হয় তাহলে স্থানীয় জনগণ গণ আন্দোলন করবেই।

**শ্রী হাজারী বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার সাগরদিঘি থানায় যে, প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র আছে সেখানে ৬টি নলকূপের মধ্যে দুটিতে কাজ চলছে আর বাকি চারটি অকেজো অবস্থায় রয়েছে। সেখানে পাইখানায় যে ট্যাঙ্ক স্লাব আছে সেগুলি চুরি হয়ে গেছে। এবং তার জন্য সেখানকার লোকজন এবং রোগীরা দুর্গন্ধে টিকতে পারছে না। এ ব্যাপারে জেলায় মেসেজ দিয়ে টেলিফোন করে যোগাযোগ করা হয়েছে। কিন্তু এখনও কোনও ফল হয় নি।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। পান্ডুয়ায় যে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আছে ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত এক দল মস্তান হাসপাতালের আসেপাশের জায়গা দখল করে বসে আছে। এবং সেখানে ঘরবাড়ি তৈরি করে মোটা টাকায় সেগুলি ভাড়া দিয়েছে। আমাদের এক্সরে ইউনিট খোলার পরিকল্পনা রয়েছে রুর‍্যাল হাসপাতাল করার পরিকল্পনা আছে। এখন ঐ সব মস্তানরা ডাক্তারকে ভয় দেখাচ্ছে। আমি অনুরোধ করব, যাতে এই সমস্ত মস্তানরা স্বাস্থ্য কেন্দ্রের বা পি ডবলিউ ডি-র জায়গায় দখল না করে থাকে যাতে সরকারি জায়গা সরকার ফেরৎ পায়, তার ব্যবস্থা করার জন্য অনুরোধ করছি।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শ্রমমন্ত্রী এবং পর্যটন দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন রিজ কন্টিনেন্টাল হোটেলে বহু শ্রমিক কাজ করেন এবং গত ২২/১১/৭৯ তারিখ থেকে হোটেলটি বন্ধ হয়ে আছে। এই হোটেলটি চালু করবার জন্য ২১/৩/৭৯ তারিখে একটি ত্রিপাক্ষিক বৈঠক হয়। আই টি সি একটি প্রাইভেট কোম্পানি, ইন্ডিয়ান টোব্যাকো কোম্পানি এই

হোটেলটি পরিচালনার দায়িত্ব দেন। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় সিটু ইউনিয়ন তাদের সঙ্গে যোগসাজসে আই টি সি-র উপর হোটেলটি চালাবার যে দায়িত্ব অর্পিত হল, মাত্র ৭ মাস চালু হবার পর ২১/১১/৭৯ তারিখে হোটেলটি আবার বন্ধ হয়ে গেল। তারপর এই হোটেলটি কিভাবে চলবে এবং সেখানে যে সমস্ত শ্রমিক নিযুক্ত আছেন তাদের সংসার তারা কিভাবে চালাবেন, কি খাবেন তার প্রতি এই সরকারের দৃষ্টিপাত এখন পর্যন্ত পড়েনি। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রী এবং পর্যটন দপ্তরের মন্ত্রীর নিকট আবেদন করব আপনারা এই জিনিসটা খতিয়ে দেখুন এবং ইন্ডিয়ান টুরিস্ট ডেভেলপমেন্ট কর্পোরেশন এই হোটেলটি চালাবার জন্য যে ইন্টারেস্ট দেখিয়েছিলেন কিছুদিন আগে—তাদের ডেকে, তাদের হাতে হোটেলটিকে সমর্পণ করে এটাকে খোলা যায় কিনা চিন্তা করে দেখুন এবং বহু শ্রমিক এই হোটেলটির সঙ্গে যুক্ত আছে। কাজেই তাদের ভাগ্য যাতে ফিরিয়ে আনা যায় সেটা দেখার জন্য আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১২/২/৮১ তারিখ রাত্র ১টার সময় বেহালা থানার ওসি, নিউ আলিপুর থানার ওসি যৌথ ভাবে বিশ্বনাথ সিং, বাবলু দাসকে বাড়ি থেকে ধরে নিয়ে এসে থানা লক-আপে তাদের মারধোর করে, বন্দুকের গুঁতো দিয়ে জখম করে। রাত একটার সময় তাদের ধরে নিয়ে আসার পর জখম অবস্থায় কোর্টে প্রডিউসড করা হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই মারধোর করবার সময় সেখানে সি পি এম-এর কর্মীরা উপস্থিত ছিলেন। তারা মারধর করার জন্য পুলিশকে নির্দেশ দিয়েছিলেন। মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে এই বিষয়ে একটি তথ্য দিয়েছিলাম। কিন্তু অত্যন্ত দুর্ভাগ্যজনক ব্যাপার যে, আজ পর্যন্ত তার কোনও উত্তর দেওয়ার ব্যবস্থা হয়নি। তার ফলে বিশ্বনাথের ভাই ওসি বেহালা, ওসি নিউ আলিপুরের নামে একটি কোর্ট কেস করেছে। সি জে এম এর কোর্টে কেস হয়েছে। এর ফলে পুলিশ অফিসাররা বলে বেড়াচ্ছে বিশ্বনাথের ভাই তারা সিংকে যেখানে পাবে গুলি করে মেরে দেব। যেহেতু সে তাদের বিরুদ্ধে কেস করেছে, গ্রেপ্তারি পরোয়ানা বেরবে, সেই জন্য তাকে খুঁজে বের করে খুন করার চেষ্টা করছে। আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে জানাচ্ছি তারা সিংকে হয়ত খুন করতে পারে। সে খুন হলে থানা দায়ী হবে। প্রকাশ্যে যারা বলে বেড়াচ্ছে, সি পি এম সমাজবিরোধী যারা তারা দায়ী হবে। আমি তাই আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, পুলিশ অফিসার প্রকাশ্যে বলে বেড়াচ্ছে অমুককে খুন করব, এটা আপনি বন্ধ করতে বলুন, এই দাবি আমি আপনার মাধ্যমে রাখছি।

## DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

[2-40 — 2-50 p.m.]

**শ্রী বিনয় ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে তিনদিন ধরে রাজ্যপালের ভাষণের উপর মাননীয় সদস্যরা বিভিন্ন দৃষ্টিকোণ থেকে আলোচনা করেছেন। এই ভাষণ আমি ব্যক্তিগতভাবে পড়ে অত্যন্ত হতাশ হয়েছি কারণ এই ভাষণ অর্ধসত্য এবং অসত্য নিয়ে তৈরি হয়েছে এবং অনেক জায়গায় এক-ঘেয়েমি ঠেকেছে। কারণ আমি দেখেছি, একই

কথা প্রতি বৎসর তারা বার বার বলে যাচ্ছেন। যেমন মেদিনীপুর কলেজ সম্পর্কে ১৯৭৮ সালে তারা যা বলেছেন সেই একই কথা আজকেও বলেছেন। আমরা কাগজে দেখেছি, মাননীয় রাজ্যপালের সঙ্গে এই সরকারের কিছু কিছু ব্যাপারে মত বিরোধ হয়েছিল—রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউটের ব্যাপারে, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ব্যাপারে ইত্যাদি। আমাদের ধারণা ছিল রাজ্যপাল মহাশয় তাদের অ্যাডভাইস করবেন, গাইড করবেন এবং এমনভাবে পরিচালিত করবেন যাতে রাজ্য সরকার স্বমতে আসেন, কিন্তু তিনি তা করতে পারেন নি, তাতে আমরা হতাশ হয়েছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল মহাশয় প্রথমেই আইনশৃঙ্খলা সম্বন্ধে তার ভাষণে উল্লেখ করেছেন এবং তিনি বলেছেন, ডাকাতি এবং খুন কিছু বেড়েছে কিন্তু অন্যান্য অপরাধ অনেক কমে গিয়েছে। আমি বলব, কলকাতা এবং কলকাতার পার্শ্ববর্তী এলাকায় সব রকমের অপরাধ বেড়ে গিয়েছে। দু/একটি উদারহণ দিলেই সেটা বোঝা যাবে, আমি এ সম্পর্কে বিস্তারিতভাবে আলোচনা করতে চাই না। এই সরকারের একজন ক্যাবিনেট মিনিস্টারের কেন্দ্রে অরাজকতা চলছিল, জনজীবন বিপন্ন হচ্ছিল গত তিন বছর ধরে, তিনি মাননীয় মুখ্যমন্ত্রীকে বলেও তার প্রতিকার করতে পারেন নি। এই হচ্ছে আইনশৃঙ্খলার অবস্থা। তারপর মেডিক্যাল কলেজে দিনের বেলায় এক রোগিনীকে বলাৎকার করা হয়, তারপর সেই ঘটনা যখন কর্তৃপক্ষের নজরে আনা হয় তখন তার দুদিন পরে পুলিশকে খবর দেওয়া হয়। তারপর আরও একটি ঘটনার কথা বলি। এই কলকাতা পোস্টাল জোনের ভেতরে গরফা বলে একটি জায়গা আছে। যখন সিদ্ধার্থ রায় মহাশয়ের মন্ত্রিসভা এখানে ছিল তখন তিনি সেখানে একটি হেলথ সেন্টার খোলেন, তার নাম হচ্ছে মাতঙ্গিনী সাবসিডিয়ারি হেলথ সেন্টার। সেটি উদ্বোধন করতে যান মাননীয় স্বাস্থ্যমন্ত্রী শ্রী সোমনাথ চ্যাটার্জি এবং স্বর্গত দীনেশ মজুমদার মহাশয়। সেখানে বলা হয় একটি কিচেন করে দিন জনসাধারণের অর্থে তাহলে আমরা এখানে সিক্স ডায়েট বেডের ব্যবস্থা করে দেব। কিচেন হল, সব হল, ডাক্তার এল, নার্স এল, হেলথ অ্যাসিসটেন্ট এল, মিডওয়াইফারি এল—১৪ জন লোক সেখানে কাজে যোগ দিল। তারপর হাসপাতাল চলবার ২/৪ দিন বাদে সেখানে ডাক্তারের বাড়িতে স্থানীয় মস্তানরা আক্রমণ করল। সেখানে আক্রমণ করে শুধু টাকা পয়সাই নিল তা নয়, তাদের স্ত্রী এবং মেয়েদের প্রতি অশালীন ব্যবহার করল।

এইভাবে এমন একটি পরিস্থিতি সেখানে সৃষ্টি করা হল যে ডাক্তার, অ্যাসিসটেন্ট নার্স, সমস্ত লোকরা হাসপাতাল থেকে পালিয়ে গেল। বামফ্রন্ট সরকার গঠিত হবার পর পরই এই ঘটনা ঘটল। সেই থেকে আজ পর্যন্ত সেখানে ডাক্তার, নার্স কেউ যান নি। একটি মাত্র লোক সেখানে আছে, সে হচ্ছে ঝাড়ুদার ছাটটু। রান্না করে যে সে মাঝে মাঝে এসে মাহিনা নিয়ে যায়। দুপুরের দিকে ডাক্তার এসে সই করে ২/৪টে রোগী দেখে চলে যান। কলকাতা পোস্টাল জোনের ভেতরেই গত তিন বছর ধরে এই অবস্থা চলেছে এমন একজন এম এল এ-র কনস্টিটিউয়েন্সির ভেতরে যিনি এখানে চিফ হুইপ ছিলেন। আজকে সরকার থেকে বলা হচ্ছে কিছু বেয়ার ফুটেড ডাক্তার তৈরি করার জন্য তিন বছরের কোর্স করা হচ্ছে। এইরকম যদি অবস্থা হয় তাহলে বেয়ার-ফুটেড হোক আর যে রকমেরই ডাক্তারই হোক কোনও ডাক্তারই গ্রামাঞ্চলে যাবেন না। এই যদি কলকাতার বুকে হয় তাহলে কলকাতার বাইরে

অবস্থা আপনি নিশ্চয়ই চিন্তা করতে পারেন। আমি দেখেছি যে রানিগঞ্জ সম্পর্কে লিখেছেন, তার উন্নতিকল্প যাতে রানিগঞ্জে জল সরবরাহর ব্যবস্থা, নানা দিকের ব্যবস্থার কথা বলা হয়েছে। কিন্তু রানিগঞ্জ কি অবস্থায় আছে সে কথা একবারও ভেবে দেখেন নি? আমাদের অর্থমন্ত্রী বারবার বলেছেন যে আমাদের কয়লার রয়্যালটি দেওয়া হবে। কিন্তু বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার পরে সেখানকার যে সমস্ত মস্তান তথাকথিত রাজনৈতিক দলের লোক, তারা আন্দোলন করছেন এবং ভয় দেখান যে সমস্ত ঠিকাদার আছে, বাইরের ঠিকাদার নিয়ে কাজ হবে না, তাদের নিয়ে কাজ করতে হবে। এমন পরিস্থিতি হয় যে সেই সমস্ত লোককে, তাদের মনোনীত লোককে ঠিকাদার নিযুক্ত করতে হয়। সেই রকম অবস্থায় যখন সেখানে স্যান্ড পাইলিং করা দবকার, কয়লা তুলে নেবার পরে সেখানে স্যান্ড পাইলিং না করলে চলে না, কমপ্যাক্ট স্যান্ড পাইলিং দরকার। কিন্তু এই নতুন ঠিকাদার, যারা মস্তান, যারা রাজনৈতিক লোক তারা তাড়াতাড়ি বড়লোক হবার জন্য লুজ স্যান্ড পাইলিং করছে কিন্তু কমপ্লিট পাইলিং হচ্ছে না। এটা না হবার ফলে হয়ত দেখা যাবে ২/৪ বছর বাদে সমস্ত রানিগঞ্জ মাটির নিচে চলে গেছে। এই জিনিস আমরা জানি মনে হয়, রানিগঞ্জ অঞ্চলের এম এল এ তিনিও জানেন এবং এমন কি মুখ্যমন্ত্রীও এই সমস্ত খবর রাখেন। কিন্তু তা সত্ত্বেও কোনও ব্যবস্থা করা হয়নি। সমস্ত জিনিসটা একটা বিপর্যয়ের মধ্যে দিয়ে চলেছে। স্টেট ট্রান্সপোর্টের কথায় রাজ্যপালের ভাষণে বলা হয়েছে যে, বিশ্বব্যাঙ্ক সাহায্য করবে এবং সেই সাহায্যের দ্বারা আবার একটা পরিকল্পনা করবেন। আমি বলব যে বিশ্বব্যাঙ্ক কেন, বিশ্বব্রহ্মান্ড ব্যাঙ্কও যদি স্টেট ট্রান্সপোর্টকে সাহায্য করে তাহলেও কিছু করা যাবে না। কারণ বর্তমানে বোর্ডের যে অবস্থা—যারা রক্ষক তারাই ভক্ষক। এই যুক্তফ্রন্ট গঠিত হবার পরে একটা বোর্ড হয়। সেই বোর্ডের একজন লোককে মেম্বার করা হয়েছে তার নাম এস দাস। এক্স-কন্ডাক্টর এবং শোনা যায় মিসঅ্যাপ্রোপিয়েশন কেসে তার চাকুরি গেছে। এখন নিয়ম হচ্ছে যেদিন মিটিং থাকবে, সেখানে গাড়ি করে মেম্বারদের আনা হবে এবং বাড়িতে পৌছে দেওয়া হবে। কিন্তু এস দাসকে একটা গাড়ি দেওয়া হয়, সেই গাড়িটা হচ্ছে একটা ইমপোর্টেড কার এবং তার নম্বর হচ্ছে ডবলিউ.বি.এইচ. এফ ৬৮৬৮। এই গাড়িটা কয়েকদিনের জন্য খারাপ হয়েছিল তখন তাকে একটা অ্যাম্বাসাডর কার দেওয়া হয়েছিল, তার নম্বর হচ্ছে ডবলিউ বি সি ৬৩৬৩। ঐ গাড়ির মান্থলি পেট্রোল কনজামপশন যদি শোনেন তাহলে একেবারে অবাক হয়ে যাবেন। জুন মাসে ১১৮ লিটার, জুলাই মাসে ১৪০ লিটার, আগস্টে ১৪০ লিটার, সেপ্টেম্বরে ব্রেক ডাউন ছিল তাতে খরচ হয়েছে ১৬৯ লিটার, অক্টোবরে ১২৭ লিটার, ডিসেম্বরে ২৩০ লিটার এবং জানুয়ারিতে ১৪৮ লিটার। তাছাড়া সব চেয়ে মজার ব্যাপার হচ্ছে, ডিউটি রেজিস্টারে লেখা আছে যে এই গাড়ি মিঃ দাসকে দেওয়া হয়েছে অ্যাজ এ বোর্ড মেম্বার কিন্তু জেনারেল রেজিস্টারে লেখা হয়েছে ব্রড শিটে যে অ্যালোটেড টু দি মিনিস্টার অদ্ভুত কারচুপি। কাজেই এই যে অবস্থা চলছে তাতে স্টেট ট্রান্সপোর্ট একেবারে ধ্বংস হয়ে যাবে।

[2-50 — 3-30 p.m. (including adjournment)]

রাজ্যপালের ভাষণের মধ্যে দেখলাম সরকার গরিব এবং মধ্যবিত্তদের জন্য জায়গা জমি

এবং বাড়ির ব্যবস্থা করেছেন। অথচ আজকে আমরা যদি সল্টলেকের দিকে তাকিয়ে দেখি তাহলে দেখব যে ২নং সেক্টরে যখন জমি অথবা বাড়ি ডিস্ট্রিবিউশন করা হয়েছিল তখন অ্যাডভার্টাইজমেন্ট করা হয়েছিল এবং লটারিও করা হয়েছিল। কিন্তু তারই সামনে যে বিরাট জায়গাটি ছিল সেখানে ৭২টি প্লট করে সি পি এম-এর যে সমস্ত লোকেরা সেচ বিভাগে কাজ করে তাদের দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। আর সেক্টর থ্রিতে সমস্তটাই অ্যাডমিনিস্ট্রেশন ডিস্ট্রিবিউশনের ব্যবস্থা হচ্ছে, অর্থাৎ এর ফলে সেখানে কারা পাবে তা সকলেই অনুমান করতে পারছেন। এটা একটা অদ্ভুত পরিস্থিতি, দলবাজির চরম নিদর্শন। শুধু তাই নয় আগে যখন সল্টলেকে জমি বিক্রি করা হয়েছিল তখন বলা হয়েছিল, ট্রান্সফার করতে গেলে গভর্নমেন্টের স্যাংশন নিতে হবে এবং তখন ট্রান্সফার করার অনেক রকম অসুবিধা ছিল। ট্রান্সফার করলেও নিজের কোনও আত্মীয়কে ট্রান্সফার করতে হবে, নিজের লোককে ট্রান্সফার করতে হবে। অথচ এখন দেখা যাচ্ছে যারা বড়লোক তাদের হাতে ট্রান্সফার হয়ে চলে যাচ্ছে। তার পরে বি কে ঢোল নামে একজন ভদ্রলোক তিন তিনটি প্লটস পেয়েছে। ২৫০, ২৫১, ২৫২ নং-এর তিনটি প্লটস পেয়েছে। তার পরে ট্রান্সফার হয়ে যাদের হাতে যাচ্ছে তারা সব বড় বাজারের লোক, ছোট ছোট বাজারের লোক নয়। তারপরে বৈষ্ণবঘাটার ব্যাপার দেখুন, কালকের কাগজে দেখলাম সেখানে লটারি করতে গিয়ে সেখানে ফর্ম হয়েছে। ৫০০ পর্যন্ত দিয়ে তার পরে বন্ধ হয়ে গেল। এই এক অদ্ভুত ব্যাপার। সরকারে আপনারা সিদ্ধান্ত নিয়েছেন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এর মাধ্যমে বেকারদের চাকুরি দেওয়া হবে। অথচ আজকে কিভাবে চাকরি দেওয়া হচ্ছে? এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এর থ্রু দিয়ে চাকরি দেওয়া হবে, একথা আপনারা বার বার ঘোষণা করা সত্ত্বেও আপনাদেরই একজন সিনিয়রমোস্ট আই এ এস অফিসার-এর একটি সারকুলার আমি পড়ে শোনাচ্ছি "I am fed up to reading the same type of lame excuses as mentioned at 'A' prepage. These are nothing but intentional, undesirable and delaying tactices in all the Departments here in such cases where adhoc appointments have been made. I feel also that the Commissioner's power in this respect is being thoroughly misused and abused, giving rise to future problem." এই হচ্ছে একজন সিনিয়র মোস্ট আই এ এস অফিসারের সারকুলার টু দি ডিপার্টমেন্ট। অর্থাৎ চাকরি কিভাবে যে হচ্ছে তার প্রমাণ আমরা এর দ্বারাই পাচ্ছি। তারপরে স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের কথা তো আপনারা নিশ্চয়ই কাগজে পড়েছেন এবং সে বিষয়ে বিভিন্ন বক্তা বলেছেন। সেখানে বিরাট কারচুপি হচ্ছে, সাংঘাতিক রকমের চুরি জোচ্চুরি হচ্ছে। সেখানে যে সমস্ত টেন্ডার ডাকা হচ্ছে, তাতে দেখা যাচ্ছে গভর্নমেন্টের যারা অ্যাডভাইসার তাদের সাহায্যে রিসিপিয়েন্ট কোম্পানিরা বিভিন্ন ভাবে চুরি জোচ্চুরির সুযোগ নিচ্ছে। কোলাঘাটের জন্য একটা টেন্ডার ডাকা হয়েছিল, তাতে 'ইন্ডোর' বলে একটি কোম্পানি কোটেশন দিয়েছিল ৩ কোটি ৩৩ লক্ষ টাকার, আর একটি কোম্পানি, মহেন্দ্র সাপ্লায়ার ৩ কোটি ৪৯ লক্ষ টাকার কোটেশন দিয়েছিল। দুটি কোম্পনির কোটেশনের মধ্যে ১৬ লক্ষ টাকার ডিফারেন্স ছিল এবং ইন্ডোর আরও বলেছিল যে, আমরা রিবেট দেব। সব মিলিয়ে ৪১ লক্ষ টাকার ডিফারেন্স হয়ে যেত। কিন্তু সেখানে আবার নতুন করে টেন্ডার ডাকা হয় এবং যেদিন টেন্ডার খোলবার

কথা সেদিন টেন্ডার খোলা হল না। পরে যারা টেন্ডার অনুযায়ী কোটেশন দিয়েছিল তাদের অজান্তে টেন্ডার খোলা হয়েছিল।

অর্থাৎ সেই মহেন্দ্র সাপ্লায়ার্স লিমিটেডকে যিনি রেসিপিয়েন্ট অ্যাডভাইসার এবং স্টেট গভর্নমেন্টেরও অ্যাডভাইসার তাকে দেওয়া হল লেটার অব ইনটেন্ট উইথদাউট মোমেন্টস ডিলে। আর একটি পার্টিকে দেওয়া হল না। কিছুদিন আগে লোকো স্ট্রাইক হয়ে গেল সেই সম্পর্কে দু-একটি কথা বলছি। লোকো ইউনিয়নের জেনারেল সেক্রেটারি মিঃ ধর তিনি রাইটার্স বিল্ডিংস-এ বসে ডিক্লারেশন দিলেন যে, লোকো স্ট্রাইক হবে। আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় কেন্দ্রীয় রেল মন্ত্রীকে জানালেন যাতে কোনও ভিকটিমাইজেশন না হয়। তারপর এটা স্তব্ধ করা যাবে কিনা সেটা দেখার জন্য মুখ্যমন্ত্রী মহাশয় ছদ্মবেশে ট্রেনে করে আসানসোল পরিদর্শন করবেন বলে ঠিক করলেন কিন্তু যখন দেখলেন সব ঠিকঠাক চলছে তখন তিনি মাঝপথে দুর্গাপুরে নেমে গেলেন। এইভাবে আজকে ওরা সমস্ত যানবাহন বন্ধ করার চেষ্টা করেছেন। আজকে যখন দেশে দ্রব্যমূল্যের দাম বাড়ছে, যখন জিনিসপত্রের আমদানি না হলে দেশের ক্ষতি তখন ঠিক সেই মুহূর্তে ওরা রেল বন্ধ করার চেষ্টা করছে। গত ১ বছর ধরে এইভাবে বিশৃঙ্খলা অবস্থার সৃষ্টি করে ভয়াবহ অবস্থার সৃষ্টি করা হচ্ছে। পশ্চিমবাংলাকে বন্ধ করে দেওয়ার এটা একটা ওদের প্ল্যান। অদূর ভবিষ্যতে কি করা যাবে সেটা পরীক্ষামূলক ভাবে এই মার্কসবাদী কমিউনিস্ট পার্টি দেখছেন। কিভাবে জটিল অবস্থার সৃষ্টি করা যায় সেটা দেখার জন্য এই পরীক্ষামূলক ব্যবস্থা। অবশ্য বহু ক্ষেত্রে ব্যর্থ হয়েছে এবং এবারও ব্যর্থ হয়েছে। কিন্তু পোর্টে এরা চালিয়ে যাচ্ছে। সেখানে অন্য ইউনিয়নের ৫ জন শ্রমিককে গুলি করে মারা হল আর নিজেদের ইউনিয়ন ভাল সাজার ভান করে জাহাজ বন্ধ রাখল যে জাহাজ কর্ণাটকে যাচ্ছিল। যাই হোক, এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পিকার ঃ** এখন বিরতি। আবার আমরা সাড়ে ৩টার সময়ে মিলিত হব।

(At this stage the House was adjourned till 3-30 p.m)

(After adjournment)

[3-30 — 3-40 p.m.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, রাজ্যপালের ভাষণের উপর আজ কয়েকদিন যাবত বিতর্ক চলছে। আমি রাজ্যপালের ভাষণটা সম্পূর্ণ পড়ে যেটা উপলব্ধি করেছি তার সারমর্ম এই যে, বামফ্রন্ট সরকারের ব্যর্থতা ঢাকার জন্য একটা প্রচেষ্টা চলেছে, এবং সরকারের অক্ষমতার জন্য চারিদিকে যে নৈরাজ্য এটা চাপা দেবার একটা চেষ্টা হয়েছে। আজকে চার বছর বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসেছেন, পশ্চিমবঙ্গের লক্ষ লক্ষ লোকের একটা বিরাট আশা আকাঙ্খা ছিল যে, পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার ক্ষমতায় এলে এখানে একটা নতুন দিক সৃষ্টি হবে। অর্থনীতির দিক দিয়ে, জনজীবনের দিক থেকে অনেক সুযোগ সুবিধা হবে। কিন্তু এই সরকারের চার বছর চলে গেল আজকের এই বিধানসভায় দাঁড়িয়ে

সকলে বলছেন যে এই বামফ্রন্ট সরকার পুলিশি সরকার, এই সরকার পুলিশের দ্বারায় পরিচালিত হচ্ছে। বামফ্রন্ট সরকার আসার আগে জ্যোতিবাবু যখন বিরোধী দলে ছিলেন তখন তিনি বড় বড় কথা বলতেন, বলতেন যে শিক্ষা প্রতিষ্ঠানে পুলিশ কেন, বিশ্ববিদ্যালয়ে পুলিশ কেন? পুলিশ দিয়ে কি রাজত্ব চলে? আজকে ক্ষমতায় আসার পর আমি দেখলাম এই বামফ্রন্ট সরকারের [illegible]কটি মাত্র হাতিয়ার, সেটা হল পুলিশি হাতিয়ার এবং এই হাতিয়ারটাকে অবলম্বন করে পশ্চিমবঙ্গের [illegible]ত্ব চলেছে। এ[illegible] বামফ্রন্ট সরকারে কমিউনিস্ট বলে যারা পরিচয় দিচ্ছেন যারা এখনও মিলি[illegible] সংগ্রহ করতে [illegible]েন নি, সেটা কেন্দ্রে[illegible]ত সেজন্য কবজা করতে পারেন নি, পুলিশ রাজ্য সরকারের হাতে, যে[illegible] কমিউনিস্ট দেশ পরিচালিত হয় মিলিটারি দিয়ে এখানে পশ্চিমবঙ্গে মিলিটারি ফোর্স যেটা আছে পুলিশ, সেটা দিয়ে জ্যোতিবাবু রাজত্ব চালাচ্ছেন। আজকে মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু যিনি চার বছর আগে বিধানসভায় প্রথম বক্তব্য রেখেছিলেন রাজ্যপালের ভাষণের উপর, তখন একটা বিরাট সংগ্রামী মনোভাব নিয়ে একটা আন্দোলন মুখী বক্তব্য রেখেছিলেন, কিন্তু এখন যেটা দেখছি সেটা সুগারকোটেড। অত্যন্ত সুগারকোটেড হয়ে গেছে।

কারণ ৪টা বছর চলে গেছে, আর একটা বছর আছে। বিরাট সংগ্রামী মনোভাব নিয়ে, খুব বড় বড় বক্তৃতা দিয়ে বিধানসভায় নামলেন, তার সঙ্গে অর্থমন্ত্রীও খুব বড় বড় বক্তৃতা দিয়ে ৩০ বছরের কংগ্রেসি শাসনের বিরুদ্ধে বলতে লাগলেন। কিন্তু আজকে দেখা গেল রাজ্যপালের ভাষণে সেই সংগ্রামী চরিত্র ম্লান হয়ে গেছে। এই ভাবেই পশ্চিমবাংলার লোককে ৪টি বছর ধরে গরম গরম বুলি দিয়ে ধোঁকা দেওয়া হয়েছে। আজকে তাই জ্যোতি বাবুকে দেখলাম সিংহ শাবকের মতো সিংহের গর্জন আছে, গায়ের জামাটা সিংহের ছালের মতো দেখতে হলেও সেটা শেয়াল রূপী, তাই তিনি খেঁকশেয়ালের ডাক ছেড়েছেন। আর একজন ময়ূর পুচ্ছধারী অর্থমন্ত্রীকে দেখলাম, যিনি খুব বড় বড় বক্তৃতায় বলতেন যে, কেন্দ্রের বিরুদ্ধে মামলা করবেন, আজকে তারও সুর নরম এবং এই রকম মামলাবাজ অর্থমন্ত্রীকে দিয়ে পশ্চিমবাংলার অর্থনীতি চলে না। মুখ্যমন্ত্রী পশ্চিমবাংলাকে একটা পরিচ্ছন্ন প্রশাসন উপহার দেবেন বলেছিলেন, কিন্তু ৪টি বছরে পশ্চিমবাংলায় কি পরিচ্ছন্ন প্রশাসন তারা তৈরি করেছেন? আজকে যদি আমরা প্রকাশ্যে বলি—তিনি পুলিশও বটে, তাহলে ইসলামপুরের যে ঘটনা ঘটে গেল সে সম্বন্ধে একটু বলতে হয়। সেখানে ২১জন কনস্টেবলকে ট্রান্সফার করবার জন্য চেষ্টা করেছিলেন, কিন্তু দুঃখের বিষয়, একটা কনস্টেবলকে ট্রান্সফার করতে পারেন নি। অ্যাসোসিয়েশনের হুমকির ফলেই মুখ্যমন্ত্রী তথা পুলিশ মন্ত্রী তাদের ট্রান্সফার করতে পারেন নি। তিনি জানেন পুলিশই হচ্ছে তার একমাত্র হাতিয়ার, তাই পুলিশ তার নাকের ডগায় যত অত্যাচারই করুক না কেন সে সব তিনি সহ্য করবেনই। তার কমরেডদের ও সংগঠনকে বাঁচাবার জন্য পুলিশ তার চাই। সেইজন্যই পুলিশ অবলম্বন করেই তিনি বসে আছেন। তিনি চান না—পশ্চিমবাংলায় ভাল দক্ষ পুলিশ প্রশাসন তৈরি হোক। তাই দেখলাম, যাবার সময় তিনি ত্রিপুরার আই জি কে এখানে নিয়ে এলেন। ত্রিপুরার সমস্যা অত্যন্ত কম, সেখানে তিনি গণহত্যা করে এলেন, যিনি পুলিশ প্রশাসনের মধ্যে সম্পূর্ণ অপদার্থতার পরিচয় দিয়ে এলেন, তাকেই আবার পশ্চিমবাংলায় নিয়ে আসা হল, কারণ তা নাহলে বামফ্রন্ট সরকার চলবে কি

করে? কারণ অপদার্থ পুলিশ এবং পুলিশ প্রশাসন যদি থাকে তবেই তারা তার বেআইনি আদেশ তালিম করবে। সেইজন্য তার দরকার তাঁবেদার অপদার্থ পুলিশ প্রশাসন, যা দিয়ে তার পার্টির পক্ষে উপকার হবে। যদি কোথাও গন্ডগোল হয়, স্কুল কলেজে গোলমাল হয়, সেখানে পুলিশ যায়, পরীক্ষা হ[illegible] পাশে হোমগার্ড পু[illegible] ইউনিভা[illegible] গন্ডগোলেও পুলিশ যাবে, শিক্ষা প্রতিষ্ঠানের গোলমালে পুলিশ যাবে, ওদের ম্যানেজিং কমিটির লোক ঢুকতে পারছেন না—পুলিশ গিয়ে ঢুকিয়ে দিয়ে আসবে, ওদের হেডমাস্টার ক্লাস করতে পারছেন না—পুলিশ পাশে বসে থাকে, ওদের দলের লোকের মিছিল হলে পুলিশ পাশে থাকবে, কিন্তু অন্য কোনও সংস্থার যদি মিছিল হয় এবং সেটা যদি গণতান্ত্রিক মিছিল হয়, তাকে ধ্বংস করবার জন্য পুলিশকে ব্যবহার করা হবে। এই ভাবে ৪ বছর এক নাগাড়ে তিনি পুলিশ দিয়ে রাজত্ব চালাচ্ছেন তাই যেদিন রাইটার্স বিল্ডিংসে কংগ্রেসের মিছিল গিয়েছিল সেই দিন তিনি বলেছিলেন চার্জ দেম আউট। আমি জানি পশ্চিমবাংলার মানুষের কাছে জ্যোতি বাবুর সবচেয়ে বড় উপকার—অপদার্থ পুলিশ প্রশাসন। তাই আজকে থানা থেকে আরম্ভ করে প্রতিটি জায়গায় তিনি পুলিশকে কব্জা করতে পেরেছেন।

[3-40 — 3-50 p.m.]

কারণ তিনি জানেন, যদি পুলিশ না থাকে তাহলে আবার বিধানসভার ঘরের মধ্যে এসে পুলিশ বাহিনী তাকে তাড়া করতে পারে। সেইজন্য প্রথমেই তিনি পুলিশ বাহিনীকে কব্জা করলেন এবং তৈরি করলেন একটা অপদার্থ পুলিশ প্রশাসন। কলকাতার পুলিশ অন্যান্য রাজ্যের পুলিশের তুলনায় দক্ষ ছিল। কিন্তু আজকে আমরা কি দেখতে পাচ্ছি। আমরা দেখতে পাচ্ছি যে, ডি আই জির গাড়ি ডাকাতি হয়। দারোগাকে চড় মেরে তার বউ-এর সামনে ট্যাক্সি থেকে নামিয়ে দেয়। সে তার নিজের স্ত্রীর মান রক্ষা করতে পারে না, কোথায় গেল যে পুলিশ প্রশাসন নিয়ে সারা ভারতের বুকে পশ্চিমবাংলা গর্ব করত সেই যার হৃত গৌরব আজকে নষ্ট হয়েছে। আজকে আমরা কি দেখতে পাচ্ছি। পশ্চিমবাংলার মানুষের অনেক আশা আকাঙ্খা ছিল। তার বদলে আজকে আমরা কি দেখছি চারিদিকে চুরি ডাকাতি হচ্ছে। সত্য কথা বলতে কি অনেক মাননীয় সদস্য আছেন, তারা জানেন যে এমন গ্রাম নেই সারা পশ্চিমবাংলায় যেখানে চুরি ডাকাতি রাহাজানি নেই। সারা রাজ্যে নৈরাজ্য নেমে এসেছে। কারণ পশ্চিমবাংলার মানুষ জানে তারা বিশ্বাস করে পুলিশকে দলীয় কাজে লাগানো হচ্ছে। আজকে পুলিশকে নিষ্ক্রিয় করে রাখা হয়েছে যার ফলে পুলিশ ঠিকভাবে কাজ করতে পারছে না। পুলিশ যদি কাজ করতে পারত তাহলে একটার পর একটা চুরি ডাকাতি রাহাজানি হতে পারত না। কিন্তু পুলিশ কি করতে পারে? পুলিশ পারে এক রাজনৈতিক দলের প্রসেশন হলে সেখানে গ্যাস ব্যবহার করতে পারে, পাঠি চার্জ করতে পারে, হাজার হাজার সমাজবিরোধীদের জেল থেকে ছেড়ে দেওয়া হল। মুখ্যমন্ত্রী এখন রোদন করেন যে, পুলিশ প্রশাসন কোথায় গেছে? কিন্তু যে দিন তিনি একদিনে ৩ হাজার সমাজ বিরোধীকে জেল থেকে ছেড়ে দিলেন সেদিন তার চিন্তা করা উচিত ছিল যে, এদের ছেড়ে দিয়ে স্বর্গ রাজ্য তৈরি করা যায় না। অতএব এক দিকে সমাজ বিরোধীরা লুঠতরাজ করছে,

অন্য দিকে পুলিশের অক্ষমতা বেড়ে যাচ্ছে। আজকে পুলিশকে যদি স্বাধীনভাবে কাজ করবার সুযোগ দেওয়া হয়, তারা যদি আইন অনুসারে চলত পশ্চিমবাংলায় এরূপ নৈরাজ্য হত না। দুর্ভাগ্যজনক আমরা দেখলাম কোনও এক মন্ত্রীর বাড়িতেও খুনি কেসের আসামি থাকে। কাগজের কথা বললে তিনি বলবেন যে আনন্দবাজার সব মিথ্যা কথা লেখে। এই ধরনের খুনি কেসের আসামি, রাহাজানি দস্যুরা সব লুকিয়ে থাকে। আজকে পুলিশ প্রশাসনকে নীরব দর্শক করে রাখা হয়েছে। আমরা জানি এই সব কথা বললে বেদনা লাগবে কিন্তু উপায় নেই।

আজকে মন্ত্রীদের বাড়িতে খুনের কেসের আসামি লুকিয়ে থাকে, মন্ত্রীদের বাড়িতে রাহাজানির মালপত্র লুকোনো থাকে। এরপরে আর পুলিশ প্রশাসন সম্বন্ধে কি বলব? এসব শুনলে আমি জানি আপনারা বেদনা পাবেন, কিন্তু আমাদের আজকে সত্যি কথা বলতেই হবে। আপনারা আজকে পুলিশ প্রশাসনকে কি অবস্থায় নিয়ে গেছেন দেখুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বামফ্রন্ট সরকার আজকে প্রতিটি থানার হাত পা বেঁধে দিয়েছে। আজকে সাধারণ মানুষ যদি কোনও জায়গায় সি পি এম-এর বিরুদ্ধে কোনও কমপ্লেন করে সাহায্য চায় তাহলে সে সাহায্য পায় না। ফরোওয়ার্ড ব্লক এবং আর এস পি সদস্যরা চিৎকার করছেন, কিন্তু আমরা জানি তাদেরও অসহায় দর্শকের মতো দাঁড়িয়ে থাকতে হয়। যতীন চক্রবর্তীর মতো মন্ত্রীকে মুখ্যমন্ত্রীর ধমক খেতে হচ্ছে। আপনাদের লজ্জায় মাথা নিচু করা উচিত। আজকে পশ্চিমবাংলার মানুষের কাছে পুলিশ প্রশাসন হাস্থতাশে পরিণত হয়েছে। কারণ পুলিশকে যদি দলবাজির কাজে ব্যবহার করা হয়, যদি সি পি এম-এর গুন্ডা বাহিনীর কাজে ব্যবহার করা হয় তাহলে পুলিশের উপর মানুষের নিশ্চয়ই ভরসা থাকতে পারে না। আজকে যেখানেই যে আন্দোলন হচ্ছে, পুলিশ সেখানে লাঠি চালাচ্ছে। ডক শ্রমিকদের উপর পুলিশ গুলি চালিয়েছে, কংগ্রেসের মিছিলের উপর হামলা করেছে, এস ইউ সি-র মিছিলের উপর হামলা করেছে। আজকে প্রতিটি মিছিলের উপর হামলা হচ্ছে। কারণ পুলিশ দিয়ে মিছিল বন্ধ করবার চেষ্টা করা হচ্ছে। মার্কসিস্ট কমিউনিস্ট পার্টির লোকেরা হয়ত ভাবছেন পুলিশ প্রশাসন দিয়ে পশ্চিমবাংলার মানুষকে চুপ করিয়ে রাখা যাবে। কিন্তু ওদের দুর্ভাগ্যের বিষয় হচ্ছে এটা হয় না, এটা প্রমাণ হয়ে যাবে। ইতিপূর্বে এটা বহুবার প্রমাণিত হয়েছে। ব্রিটিশ সাম্রাজ্যবাদেরও পুলিশ কম ছিল না, আর জ্যোতিবাবুর মতো প্রশাসক তাদের দরজায় দরজায় বসে থাকত, কিন্তু তাদেরও চলে যেতে হয়েছে শুধু পশ্চিমবাংলা থেকেই নয় সারা ভারতবর্ষ থেকে। জরুরি অবস্থার সময়ে জানি না হালিম সাহেব জেলে গিয়েছিলেন কিনা, ওদের দলের নেতা জ্যোতি বাবু জেলে গিয়েছিলেন কিনা! কিন্তু আমরা জানি সে সময়ে আমাদের সরকারের সঙ্গে সহযোগিতা করবার জন্য ইন্দিরা গান্ধীর পদলেহণ করেছিলেন। সুতরাং ঐসব কথা বলে আজকে লজ্জা ঢাকবার চেষ্টা করবেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলায় একজন চিফ সেক্রেটারিকে বসিয়ে রাখা হয়েছে, তিনি শুধু লাল ফিতে দিয়ে ফাইল বাঁধেন, কিন্তু সে বাঁধন আর খুলতে চান না। কারণ তিনি একজন অপদার্থ চিফ সেক্রেটারি। আর তা নাহলে আপনাদের হুকুম তামিল করবেন কি করে? যেদিন পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার বাংলা বন্ধের ডাক দিয়েছিলেন, সেদিন বন্ধ হয়নি। সরকার আপ্রাণ চেষ্টা করে সরকারি

অফিসের প্রতিটি ঘরে তালা-চাবি দিয়ে সরকারি কর্মচারিদের সেখানে যেতে দেননি। আমরা জানি সেদিন পশ্চিমবাংলায় বন্ধ হয়নি, পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী স্বয়ং লক-আউট ঘোষণা করেছিলেন। আর তারই চেলা চামুন্ডাদের অন্যতম চিফ সেক্রেটারি একটা সারকুলার দিয়েছিল, যদি কেউ অফিসে যান, যদি কোনও ফার্নিচার নষ্ট হয় তাহলে যে অফিসে যাবে সে দায়ী হবে। অদ্ভুত ব্যাপার! এইভাবে পশ্চিমবাংলায় বন্ধের নামে লক আউট করা হয়েছিল। আমরা জানি পশ্চিমবাংলার মানুষের কাছে আজকে বড় প্রশ্ন যে চার বছর চলে গেল, সেই চার বছরে পশ্চিমবাংলার কতটুকু উন্নতি হয়েছে, কতটুকু অগ্রগতি হয়েছে?

[3-50 — 4-00 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আজকে পশ্চিমবাংলায় ৪ বৎসর পরে এই বিধানসভায় দাঁড়িয়ে একটা কথা যদি পরিষ্কার করে বলি যে, এই চার বৎসরে পশ্চিমবাংলায় কংগ্রেসের ২৭ বৎসরে সমাজবাদের শাসনেতে যে সুন্দর অর্থনীতি গড়ে উঠেছিল তা আজকে ধ্বংসের পথে, শেষ হওয়ার পথে, তা আজকে শেষ হতে বসেছে। আজকে জানেন ১০০ কোটি টাকায় বিড়ি সিগারেট খাইয়ে, বিধবা ভাতা, বেকার ভাতা দেওয়া যায়। বেকার ভাতা আপনি বিধবা, সধবা হন, আর কুমারিই হন, ধর্মপুত্র, যুধিষ্ঠির এম এল এ মহারাজ যদি একটা সার্টিফিকেট দেন তাহলে সধবাও বিধবা হয়ে যায়, সধবা বিধবা হয়ে সে ও পর্যন্ত আজকে ভাতা ভোগ করে। আজকে আমরা জানি হাজার হাজার লোক আছে যারা চাকরি করে, তারাও সি পি এম-এর সার্টিফিকেট নিয়ে বেকার হয়ে যায়। জানে আজকে ৩৮ থেকে ৪০ কোটি টাকা আপনারা পশ্চিমবাংলার মানুষের তছনচ করে, অপচয় করে নষ্ট করে দিয়েছেন। পশ্চিমবাংলার অবস্থা কি? আপনারা জানেন যে কোথায়ও কাউকে কিছু পাইয়ে দিলে আগামী দিনে যে নির্বাচন হবে সেই নির্বাচনে নিশ্চয়ই জয়লাভ করা যাবে। তাই পাইয়ে দেবার রাজনীতিতে আপনারা চরমে উঠেছেন। একদিকে যেমন দমন নীতি, অপর দিকে আপনাদের সাধারণ মানুষকে কিছু পাইয়ে দিয়ে রাজনীতি করার চেষ্টা। আজকে আমি জানি, মাননীয় অধ্যক্ষ মাহশয়, পশ্চিমবঙ্গের সব চেয়ে বড় মন্ত্রী যিনি তিনি হলেন মুখ্যমন্ত্রী, তার কাছে ছিল পুলিশ, পুলিশকে কি অবস্থায় এনে দাঁড় করিয়েছেন। পুলিশ প্রশাসন কোথায় গিয়েছে? চুরি ডাকাতি হচ্ছে কিনা, একটাও ডাকাতি ধরা পড়ছে কিনা এর জবাব পশ্চিমবাংলার মানুষকে দিতে হবে। আপনারা হয়ত আত্মসন্তুষ্টি হয়ে বাড়ি যাবেন। কিন্তু আপনারা জানেন আজকে রাজনীতিতে লক্ষ লক্ষ লোক নয়, কোটি কোটি লোক দিন গণনা করছে। আপনাদের পাপের প্রায়শ্চিত্ত যারা করেছে তারা সেই পাপের প্রায়শ্চিত্ত আবার কবে করবে। আজকে আমি জানি যে আপনারা এখানে বসে রাজ্যপালের ভাষণকে স্বাগত জানাবেন। পশ্চিমবাংলার কয়েকজন সি পি এম-র এম এল এ এই মুখ্যমন্ত্রীর ভাষণকে সব চেয়ে বড় বলে দিলে নিশ্চয়ই তাতে দোষ হবে না, বলে দেবেন রাজ্যপালের ভাষণ আর এত ভাল হয় না, সব চেয়ে বড় ভাষণ এই স্বাধীনতার পর হয়েছে এবং তা পাশও হয়ে যাবে। কিন্তু অন্য একটা কথা বলি ৮২ সালের আর বেশি দেরি নেই, ৮২ সাল যখন আসবে তখন মানুষ আবার এদের পাঠাবে কিনা। শুধু মাঠেতে আলুর দম আর লুচি খাইয়ে, ভিয়েন করে লোক জমায়েত

করে লোককে খাওয়ালেই ভোট পাওয়া যায় না। আর আপনারা জানেন পশ্চিমবাংলার ময়দানে যদি ৬ লক্ষ লোক হয়, ৮ লক্ষ লোক হয়, আপনারা চিৎকার করে বলেন পশ্চিমবাংলার মানুষ আমাদের কাছে আছে। কিন্তু আপনারা বোধ হয় জানেন না, অঙ্ক শাস্ত্র জানা নেই, যদি ঐ ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে যদি ৬ লক্ষ লোক হয়, ৮ লক্ষ লোক হয়, ৬ কোটি লোকের কাছে এটা কত সেটা চিন্তা করবেন। তাদের জন্য কিছু অর্থব্যয় করে দেড়শো লোককে ময়দানে বসিয়ে খিচুড়ি খাইয়ে দিলেন, মন্ডা লুচি খাইয়ে, তরকারি করে ভিয়েন বসিয়ে একটা ছোট লেজুড় পার্টি খাইয়ে দিল। আর আজকে আমি জানি না যার গ্রাসও নেই, রুটও নেই, তার মতো লোকও খাইয়ে দেয়। আর এস পি পার্টি ৬ লক্ষ টাকা দিয়ে বাড়ি কিনেছে, আর আলিমুদ্দিন স্ট্রিটে ৪০ লক্ষ টাকা খরচ করে বাড়ি হবে লেজুড় পার্টি আর একটা তারাও ৬ লক্ষ টাকা দিয়ে বাড়ি করল। তারও ছোট পার্টি তারাও ভিয়েন করে লোক খাইয়েছে, লোক এনেছে। আজকে আমি জানি, অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার মানুষের কাছে এটা বড় প্রশ্ন কিনা তার জবাব নিশ্চয়ই হবে। আজকে আপনারা যদি জানেন যে, পশ্চিমবাংলায় আপনাদের এত সমর্থন তাহলে কেন আপনারা কলকাতা পৌরসভার ইলেকশন করেন না, অন্যান্য মিউনিসিপ্যালিটিতে কেন আপনারা ইলেকশন করেন না? আপনারা জানেন যে, আজকে আপনারা নির্বাচন করলে কোথায় দাঁড়াবেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয় বিদ্যুত মন্ত্রী সেই একই মন্ত্রী এটা দুর্ভাগ্যজনক যে আমাদের সময়ে সাঁওতালদিতে ১২০ মেগাওয়াটের জন্য বিদ্যুত ব্যবস্থা হয়, সেখান থেকে আমরা পেতাম ১৫০ মেগাওয়াট, সেখানে আরও তিনটি বসানো হয়েছে, তা সত্ত্বেও সেখান থেকে কোনও দিন ১৫০ মেগাওয়াট পান না। জ্যোতি বাবু মনে করেন এদের হাতে চিনের রেড বুক ধরিয়ে দিলেই বিদ্যুত হবে, ব্যাটন চালিয়ে বিদ্যুত তৈরি হবে, ব্যাটন চালিয়ে সাধারণ কর্মচারিদের মধ্যে বিশৃঙ্খলা সৃষ্টি হয়েছে। তিনি সেদিন বলে গেলেন মিঃ লুথার ঠিকমতো কো-অপারেট করছেন না। দেখা গেল ডি ভি সি সব চেয়ে বিদ্যুত দিচ্ছে। সেদিন একজন মন্ত্রী বলছিলেন ডি ভি সি কেন দিচ্ছেন না। কথা হচ্ছে আমাদের স্টেট কন্ট্রোলে যেগুলি সেগুলি বিদ্যুত দিতে পারবে না, ডি ভি সি দাদা দেবে, তবে আমরা দেব, যদি ডি ভি সি দাদা না দেয় তবে আমরা দিতে পারব না। আজকে বিদ্যুতের অভাবে হাজার হাজার শিল্প বন্ধ। বাল্ব শিল্প ছিল পশ্চিমবাংলার একচেটিয়া শিল্প, আজকে সমস্ত বাল্ব শিল্প পশ্চিমবাংলা থেকে চলে গেল বিদ্যুতের অভাবে, বাল্ব শিল্প ধ্বংসের মুখে, লক্ষ লক্ষ শ্রমিক আজকে বেকার হয়ে পড়েছে, কারণ তাদের নিয়ে আন্দোলন করা হয়েছে, ফ্রাংকেনস্টাইন ক্রিয়েট করা হয়েছে, তাই আজকে দুর্গাপুরের বিস্কুট কারখানায় বাস যায় না, যে দুর্গাপুর বিস্কুট কারখানা নিয়ে আন্দোলন করেছেন, সেই দুর্গাপুরের বিস্কুট কারখানা আজকে বন্ধের পথে, সেকেন্ড শিফট চলছে না, কারণ পশ্চিমবাংলায় যারা আগুন জ্বালিয়েছেন, তাদের নিয়ে রাজনীতি করার ফলে আজকে এই অবস্থা হয়েছে। শুধু বিদ্যুত নাই তা নয়, ৩০ বছরের কংগ্রেসি শাসনে, আমাদের সময়ে যে বিদ্যুত উৎপাদন করতাম, যে বিদ্যুত পেতাম, আজকে কোটি কোটি টাকা খরচ করে গ্যাস টার্বাইন আনা হলেও বিদ্যুতের কি হাল। বিদ্যুত নেই, পুলিশ প্রশাসন নেই, কিছু নেই, সমস্ত কিছু জঙ্গলের পথে। আমি সর্বশেষ আর একটি কথা বলে বক্তব্য শেষ করব।

দুর্ভাগ্য, সহজ পাঠ নিয়ে অনেক কথা বলা হয়েছে। আজকে অবাক হয়ে যাই মাননীয় সদস্যদের অনুরোধ করব ভাবতে, আজকে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা নির্বাচনে বিজয়ী হয়ে এম এল এ হলে পর ভাবি এতবড় পন্ডিত আর কে আছে, আর মন্ত্রী হলে তো সব-জান্তা, যত বড় বড় পন্ডিত সবাই বিধানসভার সদস্য, এই কক্ষের মধ্যে আছে, আর বাইরে হলে বড় পন্ডিত হলেও, তার বিদ্যাবুদ্ধি কিছু নাই। আর মন্ত্রী হলে ভাবেন সব জান্তা, এম এল এ হলে সব-জান্তা, একথা বলছি এজন্য যে কি অদ্ভুত, যে সমস্ত দিকপাল পন্ডিত ব্যক্তি—ডঃ মনন্থনাথ রায়, ডঃ নীহাররঞ্জন রায়, প্রমথনাথ বিশী, সুকুমার সেন

(নয়েজ)

এদের সম্বন্ধে ওরা কি বক্তব্য রেখেছেন? অপর এক্স-চিফ জাস্টিস শঙ্করপ্রশাদ মিত্র—হালিম সাহেব বলছেন অনেক কিছু জানেন, আমার কাছে দুটি চিঠির কপি আছে, একটা নিশ্চয়ই জানেন তিনি, যেহেতু তিনি আইন বিভাগের মন্ত্রী লাস্ট ব্রিটিশ চিফ জাস্টিস হ্যারিস সিক্সস্থ ডিসেম্বর নাইন্টিন ফিফটিসেভেনে লিখেছেন—আমি সেটা সংগ্রহ করেছি, শঙ্কর প্রসাদ মিত্র যখন অ্যাপয়েন্টমেন্ট পেলেন তিনি বলেছিলেন হাইকোর্টের গৌরব বাড়বে তিনি বলেছিলেন যে I am proud of it শঙ্করপ্রসাদ মিত্রকে অ্যাপয়েন্ট করে আমি গর্বিত। এক্স চিফ জাস্টিস পি বি চক্রবর্তীও বলেছিলেন এবং He was the first Indian Chief Justice আজকে সেই শঙ্করপ্রসাদ মিত্র সম্বন্ধে মুখ্যমন্ত্রী কি করে বললেন? Dr. B. C. Roy had no courages and he had not ventured to suggest the name of any person and he never did it. মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী হলেই সব পন্ডিত অন্য আর কেউ নয়। আপনাদের কমিউনিস্ট পার্টি সম্বন্ধে বলি যিনি রেড বুক ধরিয়েছিলেন সেই মাও সেতুং আজকে তারই স্ত্রীর মৃত্যুদন্ড হয়ে গেল। এর কি জবাব দেবেন? এই বই ছাপাতে ৬ কোটি টাকা লাগবে। আপনারা জেনে রাখুন এই বই প্রকাশ্য রাজপথে পোড়ানো হবে। চাপ দিয়ে কিছু করলে পশ্চিমবাংলার মানুষ কোনও দিন তা সহ্য করবে না। ভাবছেন ক্ষমতায় বসে আছেন জোর করে চাপিয়ে দেবেন। আর একটা কথা, বই আবার দু খানা হচ্ছে। অর্থ মন্ত্রী বলেন, সীমিত অর্থে কাজ করতে পারছেন না। আমরা দেখছি পশ্চিমবাংলার অর্থনীতি শেষ, বিদ্যুত নেই, দেশে শাসন নেই। আমি এই ভাষণকে শুধু প্রতিবাদ করি না এই রাজ্যপালের ভাষণকে আমি প্রত্যাখ্যান করি।

**শ্রী পার্থ দে ঃ** অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে আমি তাকে সমর্থন করে দু একটা কথা বলতে চাই। আমি শুরু করার আগে একটি কথা এখানে নিবেদন করতে চাই। বই পোড়ানোর রাজনীতি সারা পৃথিবীতে এবং আমাদের দেশেও শুরু হয়েছে। কিন্তু আমরা দেখেছি সবগুলিই পরাস্ত হয়েছে, আজও হবে। ১৯৪৮ সালের ডিসেম্বর মাসে রাষ্ট্রসঙ্ঘ-এর যে মানবাধিকার প্রশ্ন নিয়ে যে চার্টার তৈরি হয়েছিল তার ১৬নং ধারায় ছিল সমস্ত মানুষের সার্বজনীন শিক্ষার অধিকার হচ্ছে জন্মগত অধিকার। এই ঘটনার দু বছর পরে আমাদের ভারতবর্ষের সংবিধান রচনা করা হল এবং সেই সংবিধানে যে নির্দেশাত্মক নীতি দেওয়া হল, তাতে বলা হল আগামী ১০ বছরের ভেতরে

ভারতবর্ষের ১৪ বছর বয়স পর্যন্ত সমস্ত শিশুদের জন্য রাজ্যগুলি এবং কেন্দ্রীয় সরকার বিনা বেতনে সার্বজনীন শিক্ষা ব্যবস্থা করবেন। দীর্ঘদিন ধরে সেই কাজ করা হয়নি। কেন করা হয়নি সেই প্রশ্নে এখন আমি যাব না। পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার ১৯৭৭ সালে কাজ শুরু করে মানবাধিকার সংক্রান্ত ঘোষণায় যে অধিকার সর্বজনের জন্য স্বীকার করা হয়েছিল এবং ভারতবর্ষের সংবিধানে যে অধিকারকে স্বীকার করে একটা নির্দিষ্ট সময়ের মধ্যে কাজটি সম্পন্ন করতে বলা হয়েছিল, তা কার্যকর করার জন্য কতকগুলি বৃহৎ পদক্ষেপ গ্রহণ করলেন। পশ্চিমবঙ্গে ১২ ক্লাস পর্যন্ত সমস্ত ছাত্রছাত্রী বিনা বেতনে পড়বার সুযোগ পেলেন। প্রতিটি শিশু কিশোর যাতে শিক্ষালাভ করতে পারে তারজন্য ব্যাপক হারে শিক্ষাপ্রতিষ্ঠানে তৈরি করার কর্মসূচি গ্রহণ করা হল এবং সে কাজ অনেক এগিয়ে গিয়েছে। কার্যত পশ্চিমবাংলায় ১৯৮১ সালে বিদ্যালয়হীন গ্রাম আর নেই। এখন পশ্চিমবঙ্গে যা আছে, তা হল কিছু সংখ্যক এমন বসতি আছে যেগুলিকে ঠিক গ্রাম বলা যায় না, সেই বসতিগুলির কোনও কোনওটির ক্ষেত্রে বিদ্যালয়ের অভাব আছে। আগামী এক বছরে পরিকল্পনা যা নেওয়া হয়েছে তাতে প্রতিটি বসতি, যে বসতিতে একটি নির্দিষ্ট সংখ্যক জনসংখ্যা আছে তারা একটি প্রাথমিক বিদ্যালয় পাবেন। মূলত বামফ্রন্ট সরকারের চেষ্টায় পশ্চিমবাংলায় তফসিলি জাতি এবং উপজাতিরা বাস করেন, এই ধরনের বসতি তার শতকরা ৯০ ভাগ তফসিলি উপজাতির ক্ষেত্রে শতকরা ৯৫ ভাগ এই ধরনের বসতিতে হয় একটি বিদ্যালয় আছে অথবা তার এক কিলোমিটারের মধ্যে একটি বিদ্যালয় আছে। পশ্চিমবাংলায় যত ছাত্রছাত্রী প্রাথমিক স্তর থেকে মাধ্যমিক স্তরে যোগ দিতে চান তাদের প্রত্যেকের জন্য মাধ্যমিক স্তরে আসন সংখ্যা সুনির্দিষ্ট করা আছে। তাছাড়া যা ভারতবর্ষের অন্য কোনও রাজ্যে নেই পশ্চিমবাংলায় তা বর্তমানে আছে, তা হচ্ছে যত ছাত্রছাত্রী মাধ্যমিক স্তর থেকে উচ্চমাধ্যমিক স্তরে যোগ দিতে চান তাদের প্রত্যেকের জন্য আসন সুনির্দিষ্ট করা আছে। আমি এই তালিকা আরও দীর্ঘতর করতে পারি কিন্তু তা করে এই সভার সময় নষ্ট করতে চাই না। সমস্ত ভারতবর্ষে যা হয় না পশ্চিমবাংলায় তা হয়—পশ্চিমবাংলার স্কুল, কলেজে লেখাপড়া হয় এবং এখানে যথা নিয়মে পরীক্ষাগুলি সংগঠিত হয়। ছাত্ররা এতে সহযোগিতা করেন এবং ছাত্ররা না দেখে পরীক্ষা দেন, শিক্ষক মহাশয়রাও সহযোগিতা করেন। এখানে যথাসময়ে পরীক্ষার ফল বেরোয় এবং পরীক্ষায় যারা ভাল ফলাফল করেন তাদের পুরস্কৃত করা হয়। তা ছাড়া পরীক্ষার যে স্বীকৃতিপত্র বা সার্টিফিকেট ছাত্রদের হাতে তা দিয়ে দেওয়া হয়। কার্যত এইসব ব্যবস্থা পশ্চিমবঙ্গে অত্যন্ত সুন্দরভাবে অগ্রগতি লাভ করায় মাধ্যমিক পরীক্ষার সময় আবার পুরানো নিয়মে যথাসময়ে ফিরিয়ে আনা হচ্ছে এবং এ বছর আপনারা দেখবেন মার্চ মাসে তিন তারিখে মাধ্যমিক পরীক্ষা আরম্ভ হবে এবং সেটা শেষ হয়ে যাবার পর উচ্চমাধ্যমিক পরীক্ষা আরম্ভ হবে। সমস্ত দিক থেকে পশ্চিমবাংলার শিক্ষা জগতে একটা সভ্য ব্যবস্থা, সুষ্ঠু ব্যবস্থা বিরাজ করছে, এই সুষ্ঠু ব্যবস্থা যাকে ধ্বংস করে দেবার পরিকল্পনা পশ্চিমবাংলার বুকে কুৎসিৎভাবে নেওয়া হয়েছিল তাকে পশ্চিমবাংলার জনসাধারণ একটি জনদরদি সরকারের সহযোগিতায় সম্পূর্ণভাবে নির্মূল করেছে। এই প্রসঙ্গে আমি শুধু এইটুকু উল্লেখ করে অন্য প্রসঙ্গে চলে যাব যে ভারতবর্ষের দিকে তাকিয়ে দেখুন। যারা ভাল ফলাফল করেন তাদের পুরস্কৃত করা হয়। তা

ছাড়া পরীক্ষার যে স্বীকৃতিপত্র বা সার্টিফিকেট ছাত্রদের হাতে তা দিয়ে দেওয়া হয়। কার্যত এইসব ব্যবস্থা পশ্চিমবঙ্গে অত্যন্ত সুন্দরভাবে অগ্রগতি লাভ করায় মাধ্যমিক পরীক্ষার সময় আবার পুরানো নিয়মে যথাসময়ে ফিরিয়ে আনা হচ্ছে এবং এ বছর আপনারা দেখবেন মার্চ মাসের তিন তারিখে মাধ্যমিক পরীক্ষা আরম্ভ হবে এবং সেটা শেষ হয়ে যাবার পর উচ্চমাধ্যমিক পরীক্ষা আরম্ভ হবে। সমস্ত দিক থেকে পশ্চিমবাংলার শিক্ষাজগতে একটা সভ্য ব্যবস্থা, সুষ্ঠু ব্যবস্থা বিরাজ করছে। এই সুষ্ঠু ব্যবস্থা যাকে ধ্বংস করে দেবার পরিকল্পনা পশ্চিমবাংলার বুকে কুৎসিতভাবে নেওয়া হয়েছিল, তাকে পশ্চিমবাংলার জনসাধারণ একটি জনদরদি সরকারের সহযোগিতায় সম্পূর্ণভাবে নির্মূল করেছে এই প্রসঙ্গে আমি শুধু এইটুকু উল্লেখ করে অন্য প্রসঙ্গে চলে যাব যে, ভারতবর্ষের দিকে তাকিয়ে দেখুন।

[4-10 — 4-20 p.m.]

সমস্ত ভারতবর্ষে বিশেষ করে যেখানে শ্রীমতী ইন্দিরা গান্ধী পরিচালিত কংগ্রেস দল রাজ্য সরকার পরিচালনা করছেন সেখানে বিশ্ববিদ্যালয়গুলি কাজ করছে না। সেখানে বিশ্ববিদ্যালয়গুলির মধ্যে ক্রমাগত গন্ডগোল, ক্রমাগত বন্ধ হচ্ছে, কবে খুলবে কেউ বলতে পারে না। আমি এই নিয়ে বিশেষ কিছু বলব না কারণ আমার নিজের অনেক কথা বলার আছে। শ্রীমতী ইন্দিরা গান্ধীর পরিচালিত কংগ্রেস দলের পরিচালনায় সারা ভারতবর্ষে শিক্ষা ক্ষেত্রে কি ব্যর্থতা আছে সেই বিষয়ে বক্তৃতা দিয়ে আমি সভার সময় নষ্ট করতে চাই না। তৃতীয় প্রশ্ন হচ্ছে, আমাদের পশ্চিমবাংলায় প্রত্যেকটি বিশ্ববিদ্যালয়ের জন্য এবং অন্যান্য যে সমস্ত শিক্ষা সংস্থা আছে, উচ্চতর শিক্ষা সংসদ আছে, মাধ্যমিক পর্ষদ আছে, আমাদের জেলাগুলিতে যে শিক্ষা সংসদ, যে শিক্ষা কাউন্সিল আছে, তার আইনগুলিকে গণতন্ত্রীকরণ করা হচ্ছে যাতে শিক্ষক মহাশয়রা বেশি করে অংশ গ্রহণ করতে পারেন, শিক্ষায় যারা আগ্রহী তারা বেশি করে অংশ গ্রহণ করতে পারে, তার জন্য সমস্ত আইনগুলির পরিবর্তন করা হয়েছে। সেই আইনগুলি পরিবর্তন করে কার্যকর করার জন্য পদক্ষেপ নেওয়া হয়েছে। এমন হতে পারে যে এতগুলি আইনকে আরও দ্রুততর কার্যকর করার জন্য যে ব্যবস্থা সেটা নেওয়া যায়নি। কিন্তু মূলত এটাকে গণতন্ত্রীকরণ করা হয়েছে। আমি এখানে শুধু একটা আলোচন করে আমার পরের কথায় চলে যাব। রাষ্ট্রসংঘ ঘোষণা করেছিলেন, আমাদের ভারতবর্ষের সংবিধানেও গ্রহণ করা হয়েছিল তাদের কথা কেবল মাত্র এই নয়, যে শিক্ষা প্রতিষ্ঠানে যোগ দেবার অধিকার সকলকে দিতে হবে, শিক্ষা প্রতিষ্ঠানে যোগ দেবার অধিকারের সঙ্গে সঙ্গে শিক্ষায় যাতে প্রতিটি মানুষ সাফল্য লাভ করতে পারে তারও ব্যবস্থা করা হবে। শিক্ষার যে বিষয়বস্তু সেই বিষয়বস্তু যাতে সত্য এবং জীবনমুখী হয়, তারও ব্যবস্থা করতে হবে এবং আমাদের কাছে এখন সব থেকে উল্লেখযোগ্য যে, কথাটা সেটা হচ্ছে শিক্ষার পরিচালনার ব্যবস্থা যাদের হাতে থাকবে তারা সত্যি সত্যি শিক্ষার দরদি কিনা এটাও দেখতে হবে। তা নাহলে শিক্ষার গণতন্ত্রীকরণ করা হয় না। বইটা আমার কাছে আছে, আমি যদি সময় পাই পরে শুনিয়ে দেব। এখন কথা হচ্ছে আমাদের পশ্চিমবঙ্গ সরকার এতদিনের যে অবহেলিত প্রশ্নগুলি, সেগুলি নিয়ে কাজে এগিয়ে চলেছেন এবং অসংখ্য ছাত্রছাত্রী, শিক্ষা

প্রতিষ্ঠান যোগ দিয়েছেন। প্রাথমিক স্তরে গত দুই বছরে ৪ লক্ষ ছাত্রছাত্রী বেড়েছে, মাধ্যমিক স্তরে গত দুই বছরে ১।। লক্ষ ছাত্রছাত্রী বেড়েছে এবং ক্রমাগত এটা বাড়ছে। এই যে ঘটনাগুলি ঘটছে, এই সম্পর্কে কি বিরোধী পক্ষ, কি যারা সমালোচক তাদের নেতিবাচক বা কোনও ইতিবাচক কথাবার্তা শুনতে পাইনি। হয় এগুলি তারা উল্লেখযোগ্য মনে করেন না, অথবা এগুলি পড়লে পরে জনসাধারণের মনে ধারণা হতে পারে যে সত্যি সত্যি বামফ্রন্ট সরকার খুবই সততার সঙ্গে শিক্ষার ব্যাপারটা গ্রহণ করেছেন অতএব এগুলি সম্পর্কে তারা কোনও আলোচনা করছেন না। আমি সেজন্য বলব যে, শিক্ষার ব্যাপারে বামফ্রন্ট সরকারকে আক্রমণ করে বিরোধী পক্ষও ভুল করেছেন। আর বিধানসভার বাইরেও যারা আক্রমণ করছেন তারাও ভুল করছেন। কেননা, শিক্ষার ব্যাপারটা বামফ্রন্ট সরকারের খুবই শক্তিশালী সীমান্ত। কাজেই এখানে আক্রমণ করে খুব একটা কিছু লাভ হবে না। আমি আর একটা বিষয়ে আসছি। এখন কিছু কিছু বিধানসভার বাইরের মানুষ, তারা বলছেন আমরা মনে করছি যে বামফ্রন্ট সরকার এই লেখাপড়ার বিষয়বস্তু নিয়ে যা করছে সেটা গণবিরোধী। ঠিক আছে, এটা আমরা বিচার করে দেখতে পারি তাতে কোনও অসুবিধা নেই।

তারা কি বলছেন? তারা বলছেন, আপনারা যে কথা বলছেন তার সঙ্গে আমরা একমত যে, মাতৃভাষা শিক্ষার মাধ্যম হওয়া উচিত। দ্বিতীয় কি বলছেন? দ্বিতীয় বলছেন যে, মাতৃভাষা ছাড়াও ইংরাজি শেখার দরকার আছে। বামফ্রন্ট সরকার কি বলছেন? তারা বলছেন যে, হ্যাঁ, মাতৃভাষা ছাড়াও ইংরাজি শেখার দরকার আছে। তাহলে বিরোধটা কোথায়? বিরোধ হচ্ছে বামফ্রন্ট সরকার এবং শিক্ষাবিদরা যা বলছেন যে, প্রাথমিক স্তরে ইংরাজি ভাষা বা দ্বিতীয় ভাষা দেবার কোনও প্রয়োজন নেই, এটা আমাদের মাধ্যমিক স্তরে দিতে হবে এবং তাহলে দুটোই ভাল হবে। এটা করলে ভাষা, গণিত এবং অন্যান্য বিষয়গুলি তারা ভাল ভাবে রপ্ত করতে পারবে এবং ইংরাজি ভাষাও ভালভাবে রপ্ত করতে পারবে। এটা হচ্ছে একটা মত-এর বিপরীত মত কি? এর বিপরীতে বলা হচ্ছে যে, আপনারাও যা চাইছেন আমরাও তাই চাইছি কিন্তু দেশের মঙ্গলের জন্য প্রাথমিক স্তর থেকে ইংরাজি হওয়া দরকার। যদি এটাই হয় প্রধান বিরোধ তাহলে এই বিরোধের মীমাংসা আছে। এই মীমাংসার জন্য কংগ্রেসের কর্মসূচিতে খুঁজতে হবে না, জনতার কর্মসূচিতে খোঁজবার দরকার নেই, এস ইউ সি-র কর্মসূচিতে খোঁজবার দরকার নেই, আমাদের বামফ্রন্ট সরকারের কর্মসূচিতে খুঁজতে হবে। এই সম্পর্কে শিক্ষাবিদ্‌দের কিছু কথা আছে, বহুবার এই নিয়ে আলোচনা হয়েছে, গবেষণা হয়েছে, অভিজ্ঞতা হয়েছে সেগুলি নিয়ে আমরা দেখতে পারি। এখন কথা হচ্ছে যে, সেগুলি দেখলেও কি তারা সন্তুষ্ট হবেন? যদি হন তাহলে বিরোধ মিটে যেতে পারে, আর যদি না হন তাহলে বুঝতে হবে যে, এই প্রশ্নের অন্য কোনও রাজনৈতিক কারণ আছে এবং সে জন্য এই প্রশ্নগুলি তোলা হয়েছে। সেজন্য আমি এই সভার কাছে ৩টি প্রসঙ্গ উল্লেখ করতে চাই। অনেকে হয়ত মনে করবেন যে, বামপন্থী দলের সরকারের লোকেরা গায়ের জোরে কিছু একটা করছেন। কিন্তু এটা নিয়ে বহু গবেষণা হয়েছে। আমার কাছে এই যে বইটা আছে, আমি এর থেকে একটু পড়ে শোনাব। এই বইটার নাম হচ্ছে স্যার, "দি ইউস অব ভার্নাকুলার ল্যাঙ্গুয়েজেস ইন এডুকেশন"—এই বইখানা ১৯৫১ সালে ইউনেসকো থেকে

প্রকাশিত হয়েছিল। এখানে বলা হয়েছে Children learn a language by a constant trial-and-error process, but very soon the mother tongue becomes a developed habit and the position of their speech organs for producing the right phonemes and the arrangements of the linguistic units becomes automatic. A second language if it is not acquired early in childhood, may well be mastered as regards grammar, but as regards pronounciation it is very difficult to re-educate the process of articulation for the production of sounds not existing in the mother tongue. Nevertheless, this is not a major handicap, and what most commonly happens is that the second language is spoken with a foreign 'accent'. Each of these languages, however, represents far more than a mere set of grammatical forms and vocabulary lists ; each tends to carry with it a set of concepts and traditions which in large measure constitute a separate culture. The use of the mother tongue in learning a second language, therefore, helps to provide a foundation of culture as well as one of language. তারপর তারা কতগুলো ঘোষণা করেছেন এবং সেগুলো হচ্ছে The mother tongue is a person's natural means of self-expression and one of his first needs is to develop his power of self expression to the full.

Every pupil should begin his formal education in his mother tongue.

There is nothing in the structure of any language which precludes it from becoming a vehicle of modern civilization.

এবারে আমি আর একটা বই থেকে আপনাকে কিছু পড়ে শোনাচ্ছি "রবীন্দ্রনাথের শিক্ষা চিন্তা" এই বই খানা লিখেছেন শ্রী প্রবোধ সেন। ১৯৬১ সালের এর নয়টি প্রবন্ধ প্রথমে আনন্দবাজার পত্রিকায় বেরিয়েছিল তারপর এটি বই আকারে বেরিয়েছে এই বইয়ের ১৯ পাতায় বলা হয়েছে, "ইংরাজি শিক্ষার সুফলের প্রতি সুদৃঢ় বিশ্বাস আছে বলিয়াই যাহাতে সেই শিক্ষা মাতৃভাষা অবলম্বন করিয়া গভীর ও স্থায়ীরূপে দেশের অন্তরের মধ্যে ব্যপ্ত হইতে পারে" সেই ইচ্ছা তিনি বার বার প্রকাশ করিয়াছেন। কেন না তিনি বিশ্বাস করিতেন, "ইংরাজি শিক্ষা বাংলা ভাষার মধ্যে যে পরিমাণ অঙ্কুরিত হইয়া উঠে সেই পরিমাণেই তাহার ফলবান হইবার সম্ভাবনা।" তারপর এই বইয়ের ২১ পাতায় বলেছেন, "শিখিবার প্রণালীটি যদি একটার মাতৃভাষার সাহায্যে অপেক্ষাকৃত সহজে আয়ত্ত হইয়া আসে, মনটি যদি শিক্ষার জন্য প্রস্তুত হইয়া উঠে, তবে ধারণা, শক্তি যে কতটা পরিপক্ক হইয়া উঠে, যদি অনাবশ্যক পীড়ন, কঠিন চেষ্টা ও শরীর মনের অবসাদ হইতে নিষ্কৃতি পাওয়া যায়, কত অল্প সময়ে ও কত স্থায়ীরূপে নতুন শিক্ষা পাওয়া যায়, তাহা যাহারা দৃষ্টান্ত দেখিয়াছেন তাহারাই জানেন" এবারে আমি আপনাদের কাছে আর একটি জিনিস পড়ে শোনাচ্ছি। কলকাতার ইংলিশ ইন্সটিটিউটের ডাইরেক্টর যিনি কিছুদিন আগে বিলেত থেকে একটা ট্রেনিং নিয়ে এসেছেন তিনি বলেছেন—

[4-20 — 4-30 p.m.]

I find it tempting in this connection briefly to put forward a few ideas and expert opinions, I come upon in course of my training with regard to two questions which seem to have acquired a particular urgency in this country at the present moment. The first is the question of the most suitable age or opportune moment for introducing the teaching of a foreign language. While educational policy is undoubtedly a matter for public concern, prejudice and non-academic considerations may easily blur the perspective in an issue like this one which ought to be decided solely in the light of specialist opinion based on research. It is commonly believed that the aptitude for language is at its maximum for any individual in early childhood after which it begins to decline. An early start to the teaching of a foreign language, coinciding, if possible, with the beginning of a child's education, is thus advocated on the ground that such teaching is facilitated by the child's innate capacity for language learning. The premise does not seem to be valid, however, in the light of recent researching the field. On the contrary, it is found that other things remaining equal, adults have a superiority over children in the aptitude for learning a second language. If we consider the advantages and disadvantages of teaching a foreign language to three different age groups, (i) ages 3-10, (ii) ages 11-18 and (iii) 18 upwards, it is found that, on balance the maximum of advantage lies with the 21-18 age level, At this level (a) learning is more conscious if somewhat more laborious, (b) the pupil has an improved memory, a higher intellectual level, and an increased cultural appreciation, (c) his first language (mother tongue) being already established the interference of 11 in learning 12 is minimised, while a capacity to transfer first language abilities help the process of second language learning, and finally, (d) he has still a long time to achieve good results.

আমি এই রকম আরও অসংখ্য নজির উত্থাপন করতে পারি। কিন্তু প্রশ্নটা কি? আজকে যার বিরোধিতা করছেন তারা যদি বলেন যে ইংরাজি শেখা ভাল হবে না, তাহলে তার একটা মীমাংসা আছে, তার একটা সমাধান আছে। কিন্তু প্রশ্নটা তা তো নয়, ইংরাজি ভাল শিখল কি বাংলা ভাল শিখল এ নিয়ে তাদের মাথা ব্যথা নেই ; তাদের মাথা ব্যথা হচ্ছে পশ্চিমবাংলার মানুষদের উপর কৃত্রিম একটা ব্যাপার চাপিয়ে দেওয়া। আমরা বলছি ইংরাজি ভাষা হবে দ্বিতীয় ভাষা কিন্তু ওনারা বলছেন প্রথম ভাষা হিসাবে মর্যাদা দিতে হবে। এখানে আমাকে শিক্ষার তত্ত্ব থেকে উল্লেখ করতে হবে, দেশের লোককে সত্যি কথা বলতে হবে। যদি এমন হয় প্রত্যেকের জন্য চাকুরির উপায় আছে, আমাদের বামফ্রন্ট সরকার ষড়যন্ত্র করে চাকুরিতে যেতে দিচ্ছে না সেটা আলাদা কথা! তা তো হচ্ছে না। ওনারা বলছেন কি?

ওনারা বলছেন মারাত্মক কথা, দেশের লোকেরা প্রতিদ্বন্দ্বিতা করুক, সেখানে চাকুরি মিলুক আর নাই মিলুক তবুও প্রতিদ্বন্দ্বিতা করুক যারা চাকুরি পাবে না, তারা নিজেদের দায়ী করবে যে, আমরা ভাল ইংরাজি জানি না বলে চাকুরি পাইনি। কিন্তু আমার কথা হচ্ছে চাকুরি করতে হলে সব সময়ে ইংরাজি জানার দরকার নেই। আমাদের দেশের যুবক-যুবতীদের জন্য প্রথম ক্রিয়াকলাপ কোথায় করতে হবে? চাকুরির ক্ষেত্রে প্রচুর সুযোগ সৃষ্টি করতে হবে, কাজের সুযোগে আজকে কোথায় বাধা সেটা অপসারিত করতে হবে এবং তারজন্য যে শিক্ষার প্রয়োজন আছে সেটা ওরা স্তব্ধ করতে চাইছেন, সেটা থেকে দূরে সরিয়ে দিতে চাইছেন। ওরা বলছেন যে তোমাদের জীবনের ধ্যান, জ্ঞান, তপস্যা সীমাবদ্ধ কতকগুলি চাকুরির জন্য। লক্ষ লক্ষ ছেলে প্রতিদ্বন্দ্বিতা কর এবং এই প্রতিদ্বন্দ্বিতা করে ব্যর্থ হও এবং ব্যর্থ হয়ে হতাশায় নিমজ্জিত হও। এ হতে পারে না। সেজন্য এই প্রতিদ্বন্দ্বিতা মূলক শিক্ষা ব্যবস্থা বিপরীতে সমস্ত জনগণের জন্য.........

(গোলমাল)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্তমানে পশ্চিমবঙ্গে ইংরাজি ভাষার উপর যে সমস্ত প্রশ্ন তোলা হচ্ছে তার মূল কথা হল যে, বাস্তব ক্ষেত্রে আমাদের দেশে ইংরাজি ভাষার প্রকৃত যে স্থান, সেই প্রকৃত বাস্তবে সত্যকে অস্বীকার করে এই ভাষাটিকে একটি কৃত্রিম হাতিয়ার হিসাবে ব্যবহার করে একটি বাড়তি সুযোগ লাভ করবার জন্য আগ্রহী, তারাই এইসব বলছেন। তাদের উপযোগী হাতিয়ার হিসাবে ব্যবহার করতে চাইছেন।

**Shri Bhola Nath Sen :** I object to it. You are ruining the country.

**(ভীষণ গোলমাল, এবং এরপর কংগ্রেস (আই) দল সভাকক্ষ ত্যাগ করিয়া চলিয়া গেলেন)**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর দুই তিনটি কথা বলে আমার বক্তব্য শেষ করব। আর একটা প্রশ্ন যা আলোচিত হচ্ছে, এই প্রশ্নটি আমাদের দেশে নিশ্চয় গভীরভাবে চিন্তা করতে হবে। কিন্তু যেভাবে প্রশ্নটিকে তোলা হচ্ছে সেভাবে তুলে বামফ্রন্ট সরকার যে গণতান্ত্রিক শিক্ষা ব্যবস্থা করতে চলেছেন তার বিপরীত স্থান দেওয়া হচ্ছে। তাতে কি বলা হচ্ছে, অনেকে বলছেন ইংরাজি মাধ্যমের বিদ্যালয় বেড়ে যাবে এবং যেহেতু ইংরাজি মাধ্যমের বিদ্যালয় বেড়ে যাচ্ছে সেহেতু সেটা দেখে সেটা অনুসরণ করে আমাদের দেশের গণতান্ত্রিক সরকারগুলোকে শিক্ষা নীতি স্থির করতে হবে। এটা খুব মারাত্মক কথা এবং এটা একদিক থেকে মধ্যবিত্ত জীবনের যে প্রচন্ড সঙ্কট তার প্রতি একটা তামাশা। আমাদের দেশের মধ্যবিত্তরা এটা বুঝতে পেরেছেন যে প্রচন্ড সঙ্কট, তাদের সন্তান, সন্ততিরা ভবিষ্যতে এই সমাজে স্থান পাবে কিনা, এবং সেই স্থান পেতে গেলে তাদেরকে প্রতিদ্বন্দ্বিতার ভিতর দিয়ে যেতে হবে, এর জন্য তাদের সব সময় একটা অনিশ্চিত মনোভাব কাজ করে। এখন এই অনিশ্চিত মনোভাবকে কাটাবার জন্য আমাদের সমাজে অনেক কিছু বেড়ে যাচ্ছে। আমাদের সমাজে

অনেকে এর থেকে সমাধান পাবার জন্য কেউ গুরুর সন্ধান করছেন, কেউ মাদুলি ধারণ করছেন এবং কোনও জায়গায় আমরা দেখতে পাচ্ছি, নানারকম উপকরণ হাজির করা হচ্ছে। এই উপকরণটা ধারণ করলে, এই উপকরণটি যদি ব্যবহার করা হয় তাহলে সঙ্কটের হাত থেকে পরিত্রাণ পাবে। দিশাহারা মধ্যবিত্তরা অনেক সময় এর শিকার হচ্ছে। আমাদের দেশে এ কথা কেউ কেউ বলবার চেষ্টা করছেন যে, মধ্যবিত্ত পরিবারের সন্তানরা এই প্রতিদ্বন্দ্বিতায় একটা বাড়তি সুযোগ পাবে যদি তারা এই ধরনের বাইরের বিদ্যালয়ে অংশগ্রহণ করে। তারা ভাবছেন যে তা হয়ত হতে পারে এবং তাদের জীবনের সঙ্কট থেকে উদ্বুদ্ধতার তাগিদে তারা সেখানে যোগ দেবার জন্য ভীড় করছেন। এটা নিয়ে আমাদের তামাশা করা উচিত নয়। এর গভীরে আমাদের প্রবেশ করতে হবে। প্রবেশ করে আমাদের এই মধ্যবিত্ত জীবনের সঙ্কট, কৃষকের শ্রমিকের জীবনে সঙ্কট এর সমাধান করতে গেলে যে বিরাট ক্রিয়াকলাপ করতে হবে, আমাদের দেশের যুব শক্তিকে চাকুরির বহির্ভূত ক্ষেত্রে যে বিরাট ক্রিয়া কলাপ করতে হবে, তার জন্য তাদের প্রস্তুত করতে হবে। যাতে তারা জ্ঞান বিজ্ঞান, সমাজ বিজ্ঞান প্রতিটি প্রশ্নকে আয়ত্ব করতে পারে আপন ভাষার মধ্যে। কিন্তু ভাষা আয়ত্ব করার ক্ষেত্রে তাদের মধ্যে হীনমন্যতা যাতে কাজ না করে তার ব্যবস্থা করতে হবে, এটাই হবে তার বিপরীত। এটাই হবে গণতান্ত্রিক কর্মসূচি। কাজেই যারা এর সমালোচনা করেছেন সমাজের বিভিন্ন অবস্থায় রয়েছেন, আমি তাদেরকে বলব যে আপনারা পুনর্বিবেচনা করুন। কিন্তু কোনও অংশে দেখব তারা পুনর্বিবেচনা করবেন না। কারণ মূল প্রশ্নটি তাদের কাছে শিক্ষাগত প্রশ্ন নয়। মূল প্রশ্নটি তাদের কাছে ভারতবর্ষের পশ্চিমবঙ্গের যুব শক্তির ভবিষ্যত সমাজ কোথায়? কোথায় তাদের প্রধান কাজের ক্ষেত্রটা হবে? সীমাবদ্ধ কতকগুলি চাকুরির ক্ষেত্র, না চাকুরির ক্ষেত্রের বাহিরে তাদের যে বিরাট কর্মজগত আছে সেখানে? সেখানে বহু পরিবর্তন করতে হবে।

[4-30 — 4-40 p.m.]

একটা দায়িত্বশীল সবকার হয়ে এই রকম ধরনের প্রশ্ন তুলে দিলেই যে তার পিছনে দৌড়াতে হবে, এই রকম মনে করার কোনও কারণ নেই। এই নিয়ে অনেক তর্ক বিতর্ক হয়েছে, মহাত্মা গান্ধী থেকে আরম্ভ করে রবীন্দ্রনাথের বক্তব্য বারে বারে নাকচ হয়েছে। আজকে এটা না ওটা এই প্রশ্ন বারে বারে উঠেছে। আজকে অনেকেই বলছেন, তাহলে ইংরাজি বিদ্যালয়গুলি তুলে দিন, কিন্তু তার বদলে কি হবে তা কেউ বলছেন না। ঠিক তেমনি ভূমি সংস্কারের প্রশ্ন যখন ওঠে তখনই তারা তোলেন বিধবাদের প্রশ্ন। সুতরাং একটা পরিষ্কার ভিত্তির উপরে আমাদের দাঁড়াতে হবে, এবং তার পরেই যে সমস্ত বিভিন্ন রকমের সঙ্কট সমাজের বিভিন্ন জায়গায় দেখা যাচ্ছে সেগুলির সম্পর্কে মোকাবিলা করা যাবে। কিন্তু তারা কি সত্যি সত্যিই এর জন্য একটা আন্দোলন গড়ে তুলতে পারবেন? কংগ্রেস দল, এস ইউ সি তারা এর জন্য কোনও আন্দোলন আজ পর্যন্ত করেন নি। কারণ আপনারা এর সমর্থক নন। সেজন্য আমি এটুকু নিবেদন করছি, আমাদের দেশে যে সমস্ত আন্দোলন চলছে তার অনেকগুলি ভারতীয় ঐতিহ্যের বিরোধী। ভারতবর্ষের যারা দেশপ্রেমিক, যারা বিশ্বের

সমাজ জীবন সম্পর্কে চিন্তিত তারা প্রত্যেকেই এই কথা বলে গেছেন, এবং এর জন্য সংগ্রাম করেছেন, ব্যর্থ হবার জন্য দুঃখিতও হয়েছেন। আজকে তাদের কথাই যখন ভারতবর্ষে প্রয়োগ হতে চলেছে তখন কিছু রাজনৈতিক দল সমস্ত কিছু ভুলে গিয়ে তাদের সঙ্গে কিছু নামকরা লোকও যোগ দিয়েছেন-এর বিরোধিতা করছেন, কিন্তু সেই আন্দোলন জয়যুক্ত হতে পারে না। সেদিক থেকে আমাদের দেশের জনগণের জীবনের শিক্ষার জন্য আমাদের দেশের যুবক যুবতীদের আরও বেশি করে আরও ভাল করে আরও বেশি আত্মবিশ্বাস সহ তাদের জীবনে জ্ঞান বিজ্ঞানকে প্রয়োগ করার জন্য যে শিক্ষা ব্যবস্থা হওয়া উচিত। সেইভাবেই প্রচেষ্টা গ্রহণ করা হচ্ছে। আমাদের দেশে ইংরাজি ভাষা যে প্রয়োজন আছে দ্বিতীয় ভাষা হিসাবে, তারজন্য যতটুকু আয়ত্ব করা দরকার এবং সম্ভব, ততটুকু প্রয়োজনীয়তা পরিপূর্ণ করবার জন্য যে স্তরে এটা শুরু করা দরকার, সেই স্তর থেকে এটা আরম্ভ করতে হবে। তার ফলে আগামী দিনে পশ্চিমবাংলা থেকে শিক্ষিত লোক পাওয়া যাবে ; যা বিগত দিনে পাওয়া যায় নি। এর পিছনে জনসাধারণের একাংশে একটা ষড়যন্ত্র থাকবে। সারা পৃথিবী ব্যাপী যে ধ্যান ধারণা, তার প্রতি আনুগত্য প্রকাশ না করে, যা কিছু প্রগতিশীল যা কিছু গতিশীল, যা কিছু জনসাধারণের জীবনে শিক্ষা এবং সংস্কৃতির ক্ষেত্রে প্রয়োজন ; সেগুলিকে তাদের চোখের সামনে থেকে তারা সরিয়ে দিতে চাইছেন। যদি কোনওভাবে এগুলি আমাদের দেশে সাফল্য-মন্ডিত জনগণের শিক্ষা এবং সংস্কৃতিকে বাদ দিয়ে কোনও রকম অর্থনৈতিক প্রচেষ্টা অথবা জনগণকে সুবিধা দেবার জন্য বা রিলিফ দেবার প্রচেষ্টার উদযোগ যদি সৃষ্টি হয়, তাহলে সেটা পশ্চিমবাংলার মানুষ সহ্য করবে না। সেইজন্য পশ্চিমবাংলার সরকার শিক্ষা সম্পর্কে যে পদক্ষেপ নিয়েছে, বহুদিন আগে জনগণকে যে প্রতিশ্রুতি দিয়েছিল, তাকে এখন কার্যকর রূপ দেওয়া হচ্ছে। আমাদের লজ্জার কথা, এগুলি দেরিতে হলেও এখন আমরা আরম্ভ করেছি। সেজন্য জনসাধারণের সহযোগিতা আমরা চাই। এই সহযোগিতা যদি তারা করতে পাবেন তাহলে পশ্চিমবাংলার জনসাধারণের মঙ্গল হবে। সেদিক থেকে রাজ্যপালের ভাষণে শিক্ষা সংক্রান্ত যে বিষয়গুলি আলোচিত হয়েছে, তাকে সমর্থন করে যে ধন্যবাদ সূচক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-40 — 4-50 p.m.]

**শ্রী দীপক সেনগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই পরিষদীয় গণতন্ত্রে আমাদের রাজ্যপাল তিনি এই সভায় যে ভাষণ দিয়েছেন, সেই ভাষণের মধ্যে তিনি বামফ্রন্টের ৩৬ দফা কর্মসূচির মধ্যে ৩২ দফা কর্মসূচিতে সরকারের বিভিন্ন দপ্তরের কি কি কাজ হয়েছে তার সম্বন্ধে তিনি বলেছেন। প্রথম অনুচ্ছেদ তিনি আমাদের বিধানসভার প্রাক্তন সদস্যদের মৃত্যুতে শোক প্রকাশ করেছেন। অতীতেও রাজ্যপালের ভাষণে এই ধরনের শোক প্রকাশ করা হয়েছে তবে এই ধরনের ঘটনা ঘটে ১৯৭৪-৭৫ সালে, সেই সময় বিধানসভার সদস্যদের নামের মধ্যে চন্ডি মিত্রর নাম ছিল। তিনি যে সময় নিহত হয়েছিলেন সেই সময় দেশেও অরাজকতার সৃষ্টি হয়েছিল। সেই সব অরাজকতা ও অশান্তির যারা সৃষ্টি করেছিলেন তারা আজকে কি বলছেন। শ্রী সত্য বাপুলি মহাশয়ের আলোচনার বিষয়ের মধ্যে প্রাধান্য পেয়েছে আইন ও

শৃঙ্খলার প্রশ্ন। তবে মাঝে মাঝে অন্য বিষয় আনতে হবে বলে তিনি মুখ্যমন্ত্রীর নাম ও বিদ্যুতের বিষয় এনে ফেলেছেন এবং একবারে শেষের দিকে তিনি শিক্ষার ব্যাপারটা টেনে এনেছেন। মাননীয় সত্য বাপুলি মহাশয় বললেন যে, বামফ্রন্ট সরকার করার মধ্যে কি আর করেছেন কিছু বেকারদের ভাতা দেওয়া হয়েছে। এবারই রাজ্যপালের ভাষণে পশ্চিমবাংলার কৃষক তারা তাদের একটা নৈতিক স্বীকৃতি পেয়েছে। এতদিন পরে পশ্চিমবঙ্গ সরকার কৃষকদের পেনসন দিতে পেরেছেন যদিও সে টাকার পরিমাণ অত্যন্ত কম মাত্র ১ কোটি টাকা। এই যে স্বীকৃতি দেওয়া হয়েছে এই সম্পর্কে তিনি আলোচনা করার সুযোগ নিলেন না বা বললেন না। তিনি বললেন যে বেকার ভাতা দেওয়া হচ্ছে, বিধবা ভাতা, সধবা ভাতা ইত্যাদি দেওয়া হচ্ছে বলে তিনি ঠাট্টা করলেন। আমার এই কথা শুনে মনে হচ্ছে ওরা প্রশংসা করতে পারছে না। আমরা যে ভাতা দিচ্ছি বিভিন্ন পর্যায়ে কৃষকদের, বিধবাদের ও সধবাদের সেই সবকে। কারণ বামফ্রন্ট সরকার ব্যর্থ হয়েছেন একটা ভাতা চালু করতে তা হল নপুংস ভাতা। যদি নপুংস ভাতা চালু হত তাহলে আশা ছিল এই পর্যায়ে পড়ে কিছু ভাতা পেতেন। সেটা যেহেতু আমরা চালু করতে পারি নি। যেহেতু আমরা বার্ধক্য ভাতা, কৃষক পেনসন চালু করেছি সেই হেতু এরা প্রশংসা করতে পারছেন না। এখানে আইন শৃঙ্খলার কথা হয়েছে। রাজ্যপাল তার ভাষণের একটা জায়গায় আইন শৃঙ্খলার প্রশ্নে একটা শব্দ ব্যবহার করেছিলেন যে, আমার সরকার নিরন্তর প্রয়াস চালিয়ে যাচ্ছেন সুবিচারে সুনিশ্চিত করবার জন্য। তার পরের লাইনে তিনি বলেছেন কাজটা খুব কঠিন। গত ১৬ তারিখের পরে এই ১৬ই ফেব্রুয়ারিতে দিল্লিতে যে কৃষক সমাবেশ হয়েছিল। তার পরে কাজটা আরও কঠিন হয়েছিল পশ্চিমবাংলার ক্ষেত্রে তো বটেই সারা ভারতের ক্ষেত্রেও। ১৬ তারিখে ভারতের প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী ভাষণ শোনবার জন্য কয়েক লক্ষ কৃষক দিল্লিতে সমাবেশ হয়েছিল যা নিয়ে কাগজে অনেক সংবাদ বেরিয়েছে এবং এর মধ্যে নিশ্চয়ই কিছু কৃষক ছিল। আমাদের দেশে যেখানে ৭০ ভাগ নিরক্ষর মানুষ। যেখানে আই ডোন্ট নো বলে গল্প লেখা হয়। যেখানে মাস্টার মহাশয় সঠিক উত্তর বা অর্থ বললেও গ্রামবাসীরা ধরে নেয় যে সে কিছুই জানে না। সেখানে সেই সব লোককে কিছু নিয়ে যাওয়া হয়েছে। সেখানে শ্রীমতী ইন্দিরা গান্ধী তিনি তার ভাষণে বলেছেন, আগামী ২/৩ বছরের মধ্যে তিনি শস্য বীমা চালু করবেন, যা আমরা পশ্চিমবাংলায় আগেই করেছি।

সেখানে শ্রীমতী ইন্দিরা গান্ধী ভাষণ দিয়ে বললেন আগামী ২/১ বছরের মধ্যেই তিনি শস্য বীমা চালু করবেন। অথচ ওই শস্য বীমা ইতিমধ্যেই পশ্চিমবাংলায় চালু হয়ে গেছে। তারপর তিনি আর একটা মারাত্মক কথা বলেছেন, বুকের রক্ত দিয়ে জমিতে সেচের ব্যবস্থা করব। স্যার, প্রধানমন্ত্রী খুব সুন্দর কথা বলেছেন। আমাদের দেশের অজ্ঞ কৃষকরা তার ওই কথায় কতই না আশা পাবে। স্বাধীনতার পর ৩৩ বছর পর্যন্ত কংগ্রেসিরা ভাল ভাল খাদ্য খেয়ে তাদের শরীর তৈরি করেছে, ফলের রস খেয়ে সুন্দর চেহারা তৈরি করেছে কাজেই এখন তারা তাদের বুকের রক্ত উজাড় করে জমিতে ঢেলে দেবে এবং তার ফলে কৃষকদের কৃষি কাজে সুবিধা হবে। যা হোক, এবারে আমি আইন শৃঙ্খলা সম্বন্ধে বলব। স্যার, আমরা লক্ষ্য করেছি জানুয়ারি মাসে যখন দিল্লিতে শাসন ক্ষমতার পরিবর্তন হল তখন থেকেই

পশ্চিমবাংলার আইন শৃঙ্খলার অবনতি হতে শুরু করল। আমরা এটাও লক্ষ্য করেছি, তখন থেকেই ভারতবর্ষে সমাজবিরোধীদের উস্কানি দেওয়া শুরু হল এবং তার অন্যতম নেত্রী হিসাবে শ্রীমতী ইন্দিরা গান্ধী যখন ক্ষমতায় এলেন তখন দেখলাম বিভিন্ন স্থান সমাজবিরোধীদের কব্জা হয়ে গেছে এবং সমাজবিরোধীদের সেই সমস্ত স্থানে তাদের কাজ শুরু করেছে। আমরা দেখেছি নির্বাচনের পর ইসলামপুরে ১৯৮০ সালের এপ্রিল মাসে উচ্চ পদমর্যাদা সম্পন্ন পুলিশ অফিসারের উপস্থিতিতে গ্রামের পর গ্রাম জ্বালিয়ে দেওয়া হয়েছে, মানুষের উপর চরম অত্যাচার করা হয়েছে এবং এই ব্যাপার নিয়ে দেখলাম বিধানসভার বাইরে এবং ভেতরে বিরোধীপক্ষ প্রচুর আক্রমণ এবং সমালোচনা করেছে। আমরা দেখেছি ইন্দিরা গান্ধী ক্ষমতায় আসার পর যেভাবে বিভিন্ন জায়গায় উস্কানি দিয়েছে তাতে উৎসাহিত হয়ে এই রাজ্যের কিছু সংখ্যক লোক এখানে আইন শৃঙ্খলার অবনতি ঘটাতে চেয়েছে। উত্তরপ্রদেশের নারায়ণপুরে দর্জিদের উপর অত্যাচার হল, সাম্প্রদায়িক দাঙ্গা হল এবং তার ফলে মুখ্যমন্ত্রী বানারসি দাসকে বাতিল করে সেখানে নতুন মন্ত্রিসভা করা হল। বানারসি দাস বিচার বিভাগীয় তদন্ত করবার নির্দেশ দিয়েছিলেন এবং সেখানকার পুলিশ সার্কেল ইন্সপেক্টরকে সাময়িকভাবে বরখাস্ত করেছিলেন। কিন্তু আশ্চর্যের বিষয় কংগ্রেস (আই) যখন শাসন ক্ষমতায় এল অর্থাৎ ইন্দিরা গান্ধী যখন শাসন ক্ষমতায় এলেন তখনই সেই সার্কেল ইন্সপেক্টরকে পুনর্বহাল করা হল এবং তার বিরুদ্ধে কোনও রকম শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হল না। স্যার, এই অবস্থা তারা ইউ পি-তে করেছেন। তারপর উড়িষ্যায় মাড়োয়ারিদের মারা হয়েছে, তাদের বাড়িঘর জ্বালানো হয়েছে। আমরা জানি সারা ভারতবর্ষে যারা পুঁজি নিয়ন্ত্রণ করেন তারা হচ্ছেন এই মাড়োয়ারি সমাজ। উড়িষ্যায় যে ঘটনা ঘটল তারজন্য কিন্তু উড়িষ্যার মন্ত্রিসভাকে বাতিল করবার প্রশ্ন আসেনি। পশ্চিমবাংলায় তারা এই গোলমাল লাগাবার চেষ্টা করছে। কিন্তু যেহেতু আমরা এটা চাইনা সেহেতু পশ্চিমবাংলায় সাম্প্রদায়িক দাঙ্গা হচ্ছে না। আজকে যদি বড়বাজারে কোনও অবাঙালি খুন হত তাহলে আইন শৃঙ্খলার প্রশ্ন তুলে পশ্চিমবঙ্গ সরকারকে বাতিল করা হত। পশ্চিমবঙ্গে হয় না তার দুটি কারণ আছে। পশ্চিমবঙ্গে সচেতন মানুষ রয়েছে। সেই রাজ্যেও নানাভাবে সেখানকার আইন শৃঙ্খলার পরিস্থিতি যাতে খারাপ হয় তার চেষ্টা হচ্ছে। ইদানিংকালে লক্ষ্য করছি এবং শিক্ষা নিয়ে একটা বিতর্ক উঠেছে, একটা আন্দোলন হচ্ছে। কিছু লোক বলছে যে বুদ্ধিজীবীরা আন্দোলন করছেন। কোন বুদ্ধিজীবী? শ্রী নীহার রায় কেমন বুদ্ধিজীবী, যিনি কংগ্রেস (ই)-র সদস্য ছিলেন ভোটের দ্বারা যিনি রাজ্যসভার সদস্য হয়েছেন, তাকে আমাদের নিরপেক্ষ বুদ্ধিজীবী বলে মেনে নিতে হবে?

শঙ্করপ্রসাদ মৈত্র, যিনি পশ্চিমবাংলার মন্ত্রী ছিলেন এবং যিনি পরবর্তীকালে বিচারপতি হয়েছিলেন এবং তারপর চিফ জাস্টিস হয়ে ছিলেন, কিন্তু চিফ জাস্টিস হলেই কি তাকে নিরপেক্ষ ভাবতে হবে? এটা ভাববার কোনও কারণ নেই। তাদের কার্যকলাপ তাদের যে সমস্ত কাজ তা দিয়ে প্রমাণ হচ্ছে যে তারা রাজনীতি ছেড়ে যাচ্ছেন না। আমরা লক্ষ্য করছি যে, তারা বলছেন যে ইংরাজি রাখতে হবে অথচ আমরা জানি কলকাতার বিভিন্ন জায়গাতে ইংরাজি সাইন বোর্ড মুছে দেওয়া হচ্ছে কারা করছে? আমরা বাঙালি, বলছে ইংরাজি তুলে দাও। আবার বুদ্ধিজীবী সেজে যারা বলছেন ইংরাজি রাখতে হবে তাদের মুখ থেকে কিন্তু

শুনছিনা যে, আমরা বাঙালি যে কাজটা করছে সেটা অন্যায় কাজ। শঙ্করপ্রসাদ মৈত্র আজ পর্যন্ত বলেননি, ঐ নীহার রায় বলেননি, প্রথম বিশীরাও পর্যন্ত বলেননি যে আমরা বাঙালিরা যে সাইন বোর্ড মুছে দিচ্ছে সে কাজটা খারাপ হচ্ছে। আমরা লক্ষ্য করেছি, মাননীয় স্পিকার স্যার, ভারতবর্ষে চিকিৎসার বহু ব্যবস্থার মধ্যে যেমন আয়ুর্বেদ, হেকিমী ইত্যাদি আছে, আর একটা চিকিৎসা আছে যেটা হচ্ছে, তুকতাক ব্যবস্থা তাবিজ, কবচ। রাজনীতির ক্ষেত্রেও একটা তুকতাকের রাজনীতি এসেছে। সমস্ত জায়গাতে চেষ্টা হচ্ছে যে কিছু দিয়ে লাগিয়ে দেওয়া যায় কিনা। লাগে তো তাক, না লাগে তো তুক। চেষ্টা হচ্ছে। সেদিনকে দেখলাম খবরের কাগজে বের হল যে জি. পি. ও. তে বোমা ফেলেছে, সেখানে একজন মহিলা মারা গিয়েছে। স্লোগান দিল কি? নকশালবাদী আর আমরা বাঙালি জিন্দাবাদ। যেটা হয়ে গেল—লাগে তো তাক আর না লাগে তো তুক, এই দলের সঙ্গে আজকে মিশে গিয়েছে। এস. ইউ. সি. যারা নিজেদের দাবি করে বামপন্থী দল হিসাবে তাদের তো সর্বসাকুল্যে দেশে মনে হচ্ছে, যার যেখানে আলোচনা করা দরকার, সমর্থন করা দরকার, আবার বিরোধিতাও করা দরকার তাই বিরোধিতা করছেন।

কংগ্রেস (আই) কিছুদিন আগে বাস পুড়ালো তখন তারা বললেন, হ্যাঁ বাসের ভাড়া বাড়ানোর একটা কারণ দেখছি, ট্রামের ভাড়া বাড়ানোর তো কারণ দেখি না কারণ ওখানে তো ডিজেল, পেট্রল লাগে না। আজকে জিজ্ঞাসা করি কেন্দ্রীয় রেল বাজেটে রেলের ভাড়া বাড়লো তাহলে ইলেকট্রিক ট্রেনের ভাড়া বাড়লো কেন? এই জিনিসটা পশ্চিমবঙ্গের একান্ত, পশ্চিমবঙ্গের মানুষকে বলতে হবে রাজনৈতিক দিক থেকে যেমন সচেতন আর বোধহয় অন্যতম একটা দুর্ভাগ্য যে সারা ভারতবর্ষে ভুল করে আগেই পশ্চিমবঙ্গের রাজ্যের ক্ষমতায় বামফ্রন্টকে বসাবার ফলে ঐ তুকতাকের রাজনীতিটা শুরু হয়ে গিয়েছে এবং তথাকথিত কিছু বুদ্ধিজীবী এর পিছনে আছে। মাননীয় স্পিকার স্যার, এরা বুদ্ধিজীবী নন, ওরা এক ধরনের বুদ্ধিমান জীব যাদের নানাভাবে দুর থেকে সুতা নাড়া হচ্ছে এবং সেই অনুসারে তারা কথা বলছে, আজকে নানাভাবে তাদের উৎসাহ দেবার চেষ্টা করছে। কিন্তু লক্ষ্য করুন তাদের বক্তব্যে কিছু নেই। সাধারণ মানুষ তাদের সঙ্গে নেই। তারা হচ্ছে সমাজবিরোধী লোক, কংগ্রেসের টাকায় পুষ্ট। পশ্চিমবাংলার সরকারকে যাতে ভেঙ্গে দেওয়া যায় তারজন্য নানারকম চেষ্টা চলছে, তারাই আজকে সক্রিয় হচ্ছে। আজকে সারা ভারতবর্ষে যে কোনও মানুষ একথা বলে যে সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গের আইন শৃঙ্খলার পরিস্থিতি অত্যন্ত ভাল। এই রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গের সেই চিত্রটাই ফুটে উঠেছে। বামফ্রন্ট দল আমরা যারা করি, আমরা লাল ঝান্ডা নিয়ে দল করি। আমাদের ঝান্ডাতে কাস্তে হাতুড়ি থাকে, আমরা কৃষক ও শ্রমিকদের রাজত্ব চাই একথা আমরা পরিষ্কারভাবে বলি, এর মধ্যে কোনও ধাপ্পা দেবার কোনও রাস্তা নেই, আমরা বলিও না। কিন্তু আমরা তো এখানে বিপ্লব করে ক্ষমতায় আসিনি, সমাজতন্ত্র-এর মধ্যে দিয়ে কায়েম করতে হবে একথা জেনে আমরা একটা ৩৬ দফা কর্মসূচি রেখেছিলাম সাধারণ মানুষের কাছে। একটা কর্মসূচি রেখে আমরা ক্ষমতায় এসেছি এবং বলেছি যে এই এই কাজগুলি করব। তার মধ্যে বলেছিলাম ৮ম শ্রেণী পর্যন্ত আমরা বিনা বেতনে পড়াব একথা ছিল আমাদের কর্মসূচিতে, আমরা আবার পাঁচ বছর

অপেক্ষা করে তবে ক্লাস টেন টুয়েলভ পর্যন্ত অবৈতনিক করিনি, যেটা প্রতিশ্রুতি আমরা দিয়েছিলাম সেটা তো করেছিই উপর দিকে আরও চার বছর যাতে মানুষ বিনা বেতনে পড়তে পারেও তারও ব্যবস্থা আমরা করেছি, লোককে পড়ার সুযোগ দিয়েছি।

[4-50 — 5-00 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একথা বলতে চাই যে আজকেও ক্ষেতমজুরের ছেলেরা এবং শ্রমিকের ছেলেরা ক্লাস এইট, নাইন বা টেন পর্যন্ত পড়ে না, বড় বড় লোকেরাই এই বিনা বেতনে পড়ার সুযোগ নিচ্ছে, কিন্তু তবে তারা কেন জিন্দাবাদ করছে না? করছে না এই কারণে যে বিনা বেতনে পড়ার সুযোগ পাচ্ছে বলে তাদের কিছু টাকা মাসে মাসে বেঁচে যাচ্ছে বটে কিন্তু গ্রামে অভাব অনটন জীইয়ে রাখলে যে জমি হস্তান্তর করতে বাধ্য হত গরিব মানুষেরা, সেটা তো আজকে হচ্ছে না কারণ সেখানে সেই অভাব অনটন আজকে রাখা যাচ্ছে না, কাজেই তারা বামফ্রন্ট বিরোধী। আমরা এখানে আসার আগে আমাদের যে ৩৬ দফা কর্মসূচি ছিল, তাতে তো আমরা বলিনি যে আমরা কৃষি পেনসন দেব, এ সম্বন্ধে বিধানসভায় আলোচনা হবে, নিয়মমাফিক বক্তব্য এসেছে, সেই বক্তব্য নিয়ম মাফিক সামালোচনা হবে আমরাও তুলব। আইন শৃঙ্খলার পরিস্থিতি নিশ্চয়ই কিছু অবনতি হয়েছে, কিন্তু তার জন্য কি মুখ্যমন্ত্রী দায়ী কিংবা প্রশাসন দায়ী? এই অবস্থা সৃষ্টি হয়েছে ১৯৮০ সালের পর থেকে। মাননীয় স্পিকার মহাশয়, আমি জানুয়ারি মাসের ২৯/৩০ তারিখ পর্যন্ত এখানে ছিলাম, তারপর আমি বাড়িতে ফিরে যাই, গিয়ে জানি যে আমার এলাকার কতকগুলি জায়গায় ডাকাতি হয়েছে। সেই ডাকাতির চরিত্র কি? ডাকাতির চরিত্র দেখে আমি খোঁজখবর নেবার চেষ্টা করেছি এবং দেখেছি যে যে বাড়িতে কয়েকজন লোক গিয়েছে, সেই বাড়ির লোক সেদিন অতিকষ্টে ৭০টি টাকা জোগাড় করেছে হাসপাতালে তার মায়ের চিকিৎসার জন্য, তার মা হাসপাতালে আছে। ডাকাতরা যখন বাড়ি চড়াও হয়ে টাকা নিয়ে যাচ্ছিল সে নাকি কাকুতি মিনতি করে যে, তারা মা হাসপাতালে আছে, তাই এই টাকা যেন তারা না নেয়, তখন সেই ডাকাতরা তাকে ২০টি টাকা ফেরৎ দিয়ে যায়। ডাকাতরা যে এত দয়ালু হয়, কখনও জানতাম না। কিন্তু এই জিনিস হচ্ছে। আমি খোঁজ করে দেখেছি ৩১এ জানুয়ারি রাত্রে বরশাক দলে অজিত বিষ্ণু এবং পদ বিষ্ণুর বাড়িতে ডাকাতি হয়, তারা ফরওয়ার্ড ব্লক দলের সমর্থক, তার আগে দিন বরশাক দলের রাখালমারিতে রাজকুমার বর্মণের বাড়িতে ডাকাতি হয়, অতি সাধারণ মধ্যবিত্ত ঘর, দুই তারিখে বরশাক দলে শচীন মোদকের বাড়িতে এবং অন্নদা মোদকের বাড়িতে ডাকাতি হয়, তারা ফরওয়ার্ড ব্লকের সমর্থক, প্রফুল্ল বর্মণের বাড়িতে ডাকাতি হয়, তিনি সি পি আই (এম) এর সমর্থক, এই সব দেখে কি মনে হয়? মনে হয় একটা কথাই যারা বড় বড় বাড়িতে বাস করে অবস্থাপন্ন লোক তাদের বাড়িতে ডাকাতি হয় না, কিন্তু যারা সাধারণ লোক বাড়িতে ৭০ টাকা মাত্র থাকে, তাদের বাড়িতে দল বেঁধে এসে ডাকাতি করছে, যে সব বাড়িতে কোনওদিন ডাকাতি হবে কল্পনাও করা যায় না, সেই সব বাড়িতেই ডাকাতি হচ্ছে। এর কারণ হচ্ছে এরা বামফ্রন্টের সমর্থক এবং এই লোকগুলি যাতে বামফ্রন্ট বিরোধী হয়ে উঠে তারই জন্য এই চেষ্টা। আমি শুনেছি ডাকাতদের

সম্বন্ধে অভিযোগ থানায় দেওয়া হয়েছে, ডাইরি করা হয়েছে কিন্তু তাদের ধরা হচ্ছে না। এই যে চক্রান্ত শুরু হয়েছে, তার জন্য কি জ্যোতি বসু দায়ী? না কি বামফ্রন্ট সরকার দায়ী? এখানে একটা কথা প্রায়শই শুনছি সহজ পাঠ পরিবর্তনের কথা। এই সহজ পাঠ ১১ বছর আগে এনেছিলেন, প্রয়োজন বলেই, আজকে ১২ বছর পরে পরিবর্তন করা হচ্ছে প্রয়োজন হল বলেই। যুক্তফ্রন্ট সরকার মনে করছেন ১১ বছর পরে মানুষের চিন্তাধারার পরিবর্তন হয়েছে। এই কৃষি পেনসনের কথা বললাম, আজকে মানুষের অশিক্ষায় কি অবস্থা পেনসনের টাকা গেছে, তিন মাসের ৬০ টাকা করে ১৮০ টাকা, মনি অর্ডারে কিন্তু সেই টাকা সে পায়নি। সেই মনি অর্ডার গেল এবং সেই গ্রামের যে পোস্টম্যান তিনি কংগ্রেসের সমর্থক। তিনি সেই লোকটিকে বললেন তোমার একটা সাক্ষী লাগবে, তুমি যে সেই লোক তা প্রমাণ করার জন্য একটা সাক্ষী লাগবে। সাক্ষী মিলে গেল, তিনি কংগ্রেস (আই)-এর সমর্থক কর্ণধার ব্রজবাসী। এর পর তাকে ৬০ টাকা দিয়ে বলল আমাকে পাঁচ টাকা বকসিস দিতে হবে। অথচ টাকা গেছে ১৮০ এবং তাকে দেওয়া হল ৫৫ টাকা। আমরা শিক্ষাকে জনমুখী গণমুখী করতে চাই। আপনারা বললেন মন্ত্রীর ছেলে কে জি-তে পড়ে। আমি জানি জ্যোতিবাবুর ছেলে কে.জি-তে পড়েছে। শুধু মন্ত্রী কেন যারা তাদের ছেলেদের কেজিতে পড়াতে পারবেন পড়াবেন কোনও বাধা নাই। আমাদের মধ্যে কোনও লোক হয়ত বাড়ি ভাড়া দিয়ে সংসার চালায়। কিন্তু তাই বলে আমরা সমাজতন্ত্র চাই না।

আমরা এমন ব্যবস্থা করতে চাই যে, শিক্ষার মধ্যে শোষণ নেই। আমি দেখেছি ভাল ছেলে কলেজে পড়তে গিয়ে সে আর পারে নি এবং তাতে বাপের টাকা নষ্ট হয়েছে। তাই আমরা এই শিক্ষানীতি দিয়েছি। আমরা যে ৩৬ দফা কর্মসূচি নিয়েছি তার বিভিন্ন ভাল ভাল দিক আছে। এখানে ৩২ দফা সম্বন্ধে আলোচনা হয়েছে। কিন্তু ওরা বলেছেন আইন শৃঙ্খলা আরও খারাপ হয়ে গেছে। যত দিন আসবে ততই এ জিনিস হবে। শ্রীমতী ইন্দিরা গান্ধী ক্ষমতায় এসেছেন। কিন্তু শ্রীমতী ইন্দিরা গান্ধীর আর সে ফোঁস নেই। কই তিনি তো এই বামফ্রন্ট সরকারের গায়ে হাত দিচ্ছেন না। কেন না আজ তারই স্বার্থে এই বামফ্রন্ট সরকারকে টিকিয়ে রাখছেন। তা না হলে আজকে আসামের জন্য পরিস্থিতির সৃষ্টি হত। তাই আজকে বামফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রীর পায়ে ধরে থাকতে হচ্ছে। আজকে পশ্চিমবাংলায় এই যে উপনির্বাচন হল, তাতে কেন পরাজিত হলেন। পশ্চিমবাংলায় কংগ্রেসকে এক করাতে পারলেন না। আজকে ভোলা সেন মহাশয়রা এখান থেকে চলে গেলেন। কি কারণে বেরিয়ে গেলেন বিধানসভা থেকে। কোনও কিছু কারণ নেই আপনারা বক্তৃতা দিয়েছেন আমরাও বক্তৃতা দিয়েছি পার্থ দে মহাশয়ও বক্তৃতা দিয়েছেন। গত ১১ই এপ্রিল তারিখে ভোলা সেন মহাশয় কুচবিহার গিয়ে বলেছেন সি পি এম, ফরওয়ার্ড ব্লক, আর এস পি থেকে সব মন্ত্রী হলে কোনও রাজবংসী তো মন্ত্রী হলেন না—কেন অমর রায়প্রধানকে কি মন্ত্রী করা যায় না? এইভাবে ওনারা চারিদিকে আগুন লাগাচ্ছেন। কিন্তু তার জানা উচিত ছিল তিনি একজন এম পি। ওনাদের কংগ্রেসই একত্রিত নয় একত্রিত হয়ে মাতব্বরী করার জোর ওনাদের নেই। একটা মানুষকে ওনারা দাঁড় করিয়েছেন তিনি হচ্ছেন শঙ্করপ্রসাদ মিত্র। তিনি বুদ্ধিজীবী নন তার মাথায় অনেক দুষ্টবুদ্ধি আছে। যখন হেরে যান তখন হাইকোর্টে গিয়ে হাজির হন কেন

না সেখানে একটা প্রোটেকশন আছে, সেখানে গিয়ে বুদ্ধিজীবী হয়ে গেলেন।

[5-00 — 5-10 p.m.]

যদি বুদ্ধিজীবী হতেন তাহলে নিশ্চয়ই 'আমরা বাঙালির' আন্দোলনের বিরোধিতা করতেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত কয়েকটি বিধানসভার অধিবেশন মাননীয় রাজ্যপাল এসেছেন এবং বক্তব্য রেখেছেন এবারের রাজ্যপালের ভাষণ গত কয়েক বছরের তুলনায় আমাদের কাছে গুরুত্বপূর্ণ কারণ আমরা যে ৩।/৪ বছর ক্ষমতায় এসেছি তার প্রথম বছরে রাজ্যপালের ভাষণে ছিল সম্ভাবনার কথা, ছিল আগের কংগ্রেস কেরিয়ারের কিছু রিফ্লেকশন, দ্বিতীয় বছরে ছিল প্রতিশ্রুতির কথা আর এবারে আছে কতটা কি করতে পেরেছি, না পেরেছি তার কথা। এই কারণে স্যার, আমি মাননীয় রাজ্যপালের ভাষণকে সমর্থন করছি এবং সেই ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করছি।

[5-10 — 5-20 p.m.]

**শ্রী রেনুপদ হালদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর গত তিনদিন ধরে বিতর্ক চলছে, সেই বিতর্কে অংশ গ্রহণ করে আমি কয়েকটি কথা বলতে চাই। স্যার, আমার আগের বক্তা আইনশৃঙ্খলার কথা বললেন, আমিও সেই আইনশৃঙ্খলা দিয়ে আমার বক্তব্য শুরু করছি। স্যার, বামফ্রন্ট ক্ষমতায় আসার পর আমরা আশা করেছিলাম, বামফ্রন্টের বিরোধীদল যারা আছেন তাদের সঙ্গে যে আদর্শগত সংগ্রাম, সে ক্ষেত্রে তাদের যদি ক্রটি হয় সেটা তারা দেখিয়ে দেবেন। কিন্তু তা না করে তাদের উপর জোর জবরদস্তি করে তাদের যাতে খর্ব করা যায় আমরা দেখছি তারই ব্যবস্থা করা হচ্ছে। বিশেষ করে আমরা দেখছি, আমাদের দলের উপ:. বিভিন্ন জায়গায় কংগ্রেস সি পি এম-এর যে গুন্ডাবাহিনী, জোতদাররা তারা আক্রমণ করছে: এ সম্পর্কে আমরা বার বার সরকারকে অবহিত করা সত্ত্বেও সরকার কোনও প্রতিকার করেন নি। এই প্রসঙ্গে আমি কয়েকটি উদাহরণ দেব। ক্যানিং থানা এলাকায় কংগ্রেসি জোতদাররা সি পি এম সমেত গুন্ডাবাহিনী নিয়ে আমাদের আক্রমণ করল বেআইনি বন্দুক, পাইপগান, বোমা ইত্যাদি মারাত্মক অস্ত্রশস্ত্র নিয়ে। এই ঘটনায় আমাদের একজন বর্গাদার ২৪-৭-৮০ তারিখে গুলিতে প্রাণ দেয়। স্যার সে যখন জমিতে চাষ করতে গিয়েছিল, সেই সময় তাকে জোতদাররা আক্রমণ করে এবং সে গুলিতে প্রাণ দেয়। আমরা এ সম্পর্কে বলেছিলাম এই যে ঘটনা ঘটেছে এরকম ঘটনা আরও ঘটতে পারে এবং সে সম্পর্কে মুখ্যমন্ত্রীর কাছে ডেপুটেশনও দেওয়া হয়েছিল কিন্তু তা সত্ত্বেও সেখানে কোনও ব্যবস্থা হল না। সেখানে দেখা গেল তারপর আরও তিনজন পরপর গুলিতে নিহত হল। এ সম্পর্কে মন্ত্রীর কাছে, পুলিশের কাছে, প্রশাসনের কাছে সর্বত্র আমরা জানিয়েছি কিন্তু তার কোনও প্রতিকার হয়নি। এর পর আমাদের দলের জেলা কমিটির সদস্য এবং অঞ্চলপ্রধান কমরেড সুজাউদ্দিন আখন্দ, তিনি সন্ধ্যাবেলায় বাড়িতে ফিরছিলেন তখন দুষ্কৃতকারীরা এই সমস্ত লোককে নিয়ে তাকে আক্রমণ করে। প্রথম দিকে গুলি করে তারপরে গুলিতে আহত হয়ে যখন সে ছুটে পালিয়ে যাচ্ছিল তখন তাকে জোর করে ধরে তারা গলা কেটে

দেয়। এই অবস্থায় পর আমরা বারে বারে এই ঘটনা মুখ্যমন্ত্রীর কাছে তুলে ধরেছি কিন্তু আজ পর্যন্ত এর কোনও প্রতিকার হয়নি। সুজাউদ্দিন আখন্দ চলে গেল। এর পরেও আরও ২/১টি খুন হয়েছে এবং তার জন্য সরকারের পক্ষ থেকে ব্যবস্থা গ্রহণ করা দরকার সে ব্যবস্থা করা হয়নি। আমরা দেখেছি যে, সরকারের পক্ষ থেকে বার বার বলা হয়েছে, যে আইন শৃঙ্খলার পরিস্থিতি অন্যান্য সরকারের তুলনায় খুব ভাল এবং তারা একথাও বলেছেন যে অতীতের সরকারের থেকেও তারা খুব ভাল কাজ করেছেন এবং সেটা রাজ্যপালের ভাষণের মধ্যে বিশেষ ভাবে স্থান পেয়েছে। মেদিনীপুর জেলায়ও এই রকম ধরনের ঘটনা হয়েছে। মেদিনীপুর জেলার খড়গপুর থানার অধীনে মুকসুদপুর অঞ্চলের গ্রাম প্রধান সত্যপালকে ১৪/৮/৮০ তারিখে খুন করা হয়েছে। সেই খুনের যাতে তদন্ত করা হয় সে জন্য সেখানকার জনসাধারণ পুলিশ কর্তৃপক্ষের কাছে যায় এবং দুষ্কৃতকারীদের নাম দিয়ে বলে যে তাদের যেন অ্যারেস্ট করা হয় কিন্তু আজ পর্যত কোনও অ্যারেস্ট হয়নি। সেখানে মহিলা যারা প্রতিবাদ জানাচ্ছিলেন তাদের উপর পুলিশ ১৪ রাউন্ড গুলি চালায়। এই ধরনের ঘটনার প্রতিকারের কোনও চেষ্টা করা হয়নি। মেদিনীপুর জেলা আমাদের কমরেড লক্ষ্মীকান্ত রাজকে, যেহেতু তিনি দলে কাজকর্ম করেন, তাকে হত্যা করার চেষ্টা করা হয়। তার বাড়ি আক্রমণ করে এবং তাকে না পেয়ে তার বাবাকে এবং তার ভাইকে সেখানে ধারাল অস্ত্র দিয়ে আঘাত করে।

এই ধরনের কথা বার বার বলা হয়েছে এবং এর প্রতিকারের জন্য বলা হয়েছে কিন্তু তার কোনও প্রতিকার হয়নি। আজকে এই ধরনের যে সমস্ত ঘটনা ঘটছে সেগুলি এই সরকারের পুলিশ বিভাগ দেখেন না। এতে আমরা কি মনে করতে পারি না যে, আপনাদের দলের হলে, বামপন্থী দলের হলে আপনারা গুরুত্ব দিতেন, কিন্তু যেহেতু এস ইউ সি দলের লোক সেজন্য কোনও গুরুত্ব দেননি। বরানগরে বাস, ট্রামের ভাড়া বৃদ্ধির বিরুদ্ধে তারা আন্দোলন করছিলেন। সেখানে একটা মিছিল বের হয়েছিল, সেই মিছিলের উপর আক্রমণ করে। সেখানকার অফিস ভেঙ্গে তছনছ করে দেওয়া হয় এবং তার প্রতিবাদে মিছিল করে তারা যাচ্ছিল এবং সেখান থেকে ফেরবার পক্ষে বনহুগলির মোড়ে তাদের বোমা, ছুরি নিয়ে আক্রমণ করে। তার ফলে সেখানে কয়েকজন গুরুতর ভাবে আহত হয় এবং ১০/১২ জনকে আহত অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়। এছাড়াও দুর্গাপুরে মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর ছেলে চন্দন বসু ইস্টার্ন বিস্কুট কোম্পানির ৬০ জন শ্রমিককে ছাঁটাই করার জন্য যখন তারা সেই কারখানার গেটের সামনে অনশন করছিল তখন সেই অনশনকারিদের যাতে হাটিয়ে দেওয়া যায় তার জন্য সি পি এম-এর গুন্ডা বাহিনী লাগিয়ে তাদের উপর মারধর করে। এই ধরনের যে ঘটনা সেখানে ঘটেছে কিন্তু তাদের দাবির প্রতি কোনও গুরুত্ব দেওয়া হয়নি। ওখানে যে ইউনিয়ন রয়েছে সেটা ইউ টি ইউ এস সি কর্তৃক অনুমোদিত কিন্তু যেহেতু মুখ্যমন্ত্রীর পুত্র সেখানে রয়েছেন সেইজন্য কোনও ব্যবস্থা করা হয়নি। ইদানিং ট্রাম এবং বাস—এর ভাড়া বৃদ্ধি করা হয়েছে। স্যার, ৬ মাস আগে সরকার হঠাৎ যখন ট্যাক্সির ভাড়া বৃদ্ধি করেছিলেন তখন যেকথা তারা বলেছিলেন আজকেও ঠিক সেই একই কথা বলছেন—অর্থাৎ তেলের দাম বেড়েছে বলে ভাড়া বৃদ্ধি করেছি। আসল কথা, গতবারের

ভাড়া বৃদ্ধিতে মালিকরা যখন খুশি হতে পারেন তখন তাদের আশ্বাস দেওয়া হয়েছিল পরে তোমাদের ভাড়া বৃদ্ধি করে দেব এবং সেইজন্যই এই ভাড়া বাড়ানো হয়েছে। জনসাধারণকে আশ্বাস দেওয়া হয়েছিল প্রত্যেকটি রুটে নিয়মিতভাবে বাস চলবে, রাস্তায় ব্রেকডাউন হয়ে বাস থাকবে না। কিন্তু আমরা দেখছি সরকার তাদের সেই কথা কার্যকর না করে হঠাৎ ভাড়া বৃদ্ধি করে দিলেন অর্থাৎ ভাড়া বৃদ্ধির ব্যাপারে মালিকপক্ষকে যে প্রতিশ্রুতি তারা দিয়েছিলেন সেই প্রতিশ্রুতি তারা রক্ষা করলেন। এতদিন পর্যন্ত কংগ্রেস যে কাজ করত এখন বামফ্রন্ট সরকার সেই কাজ করছে। আমি হিসাব করে দেখেছি বাস—এর মালিকরা যেখানে দৈনিক ২০০ টাকা লাভ করত তাতে এই তেলের দাম বাড়ার ফলে তাদের মাত্র ২০ টাকা লাভ কম হবে। কিন্তু যেভাবে ভাড়া বৃদ্ধি করা হয়েছে তাতে তাদের ১৫০ টাকা আয় বাড়িয়ে দেওয়া হল দৈনিক। স্যার, রাজ্যপালের ভাষণে অন্যান্য যে সমস্ত বিষয়গুলো রয়েছে আমি সময় অভাবে সেগুলো বলতে পারলাম না। আমি রাজ্যপালের ভাষণের তীব্র বিরোধিতা করে বক্তব্য এখানেই শেষ করছি।

[5-20 — 5-30 p.m.]

**শ্রী সুভাষ গোস্বামি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাই। মাননীয় রাজ্যপাল, এই সভায় তার ভাষণের মাধ্যমে সরকারের বিভিন্ন বিভাগ সম্বন্ধে এবং তাদের কাজকর্ম সম্বন্ধে মোটামুটি একটা বিবরণ দিয়েছেন এবং এ সম্বন্ধে একটা রূপরেখাও আমাদের সামনে রেখেছেন। রাজ্যপালের এই ভাষণের উপরে আজকে ৪ দিন ধরে যে বিতর্ক চলছে তাতে দেখলাম বিরোধীপক্ষের তরফ থেকে অনেক সমালোচনা করা হয়েছে, যদিও তাদের বক্তৃতাগুলি ছিল খুবই সীমিত মাত্র কয়েকটি বিষয় নিয়ে তারা গত কয়েকদিন ধরে আলোচনা করেছেন। তাদের আলোচনার মধ্যে ছিল মূলত প্রশাসন, পুলিশ সরকারের শিক্ষা এবং ভাষানীতি এবং কিছু কিছু পঞ্চায়েত নিয়ে কথা বলা হয়েছে। ট্রাম বাসের ভাড়া বৃদ্ধি নিয়েও কিছু কিছু আলোচনা হয়েছে কিন্তু সরকারের আরও যে সমস্ত বিভাগ আছে এবং সেই সমস্ত বিভাগের যে সমস্ত কাজকর্ম হয়েছে সে সম্বন্ধে খুব একটা কিছু বক্তব্য রাখেনি। এগুলি থেকে আমরা নিশ্চয়ই ধরে নিতে পারি যে, সরকারের এই সমস্ত বিভাগগুলি সম্বন্ধে তাদের কোনও বক্তব্য নেই, অবশ্য কোনও বক্তব্য থাকতে পারে না। ওরা যে বিষয়গুলি নিয়ে কথা বলেছেন তার ধার খুব কম, ভোঁতা হয়ে গেছে। পুলিশ নিয়ে প্রশাসন নিয়ে এবং আইন-শৃঙ্খলা নিয়ে প্রায় প্রতিটি বিরোধী সদস্য কিছু না কিছু বক্তব্য রেখেছেন। আমি মাননীয় সদস্যদের স্মরণ করিয়ে দিতে চাই যে, ১৯৭৫ সাল থেকে এই রাজ্যে পূর্বর্তন সরকার আইন-শৃঙ্খলার যে নমুনা রেখে গেছেন পশ্চিমবাংলার মানুষ কখনই আর সেই রকমের একটা অবস্থার পুনরাবৃত্তি ঘটতে দেবেন না। আমরা জানি, সেই দোর্দন্ড প্রতাপ সরকারের যারা এম এল এ ছিলেন তারা সিকিউরিটি ছাড়া বা পুলিশ ছাড়া পথে বেরুতে পারতেন না। এরা একে অপরের প্রতি গালি-গালাজ করেছেন, লাঠালাঠি করেছেন, বোমাবাজি করেছেন। আবার সরকার থেকে বিভিন্ন সদস্যদের বিভিন্ন অভিযোগ গ্রেপ্তারও করা হয়েছে—একথা তারা ভুলে গেলেন কি করে? বিভিন্ন শিক্ষা

প্রতিষ্ঠানগুলিতে শিক্ষক বা অধ্যাপক নির্ভয়ে সেইসব প্রতিষ্ঠানে যেতে পারতেন না। ছাত্ররা নির্ভয়ে পড়াশুনা করতে পারতেন না—এই রকম একটা অবস্থার মধ্যে আমাদের কাটাতে হয়েছে। তাই তারা যখন আইন-শৃঙ্খলার কথা বলেন তখন আমাদের হতবাক হতে হয়। এরাই বলছেন শিক্ষা নিয়ে, ভাষা নিয়ে এবং এই নিয়ে আমরা দেখছি সমাজে বড় বড় বুদ্ধিজীবী বলে যারা পরিচিত তারা আজকে রাস্তায় নেমে পড়েছেন। অবশ্য এই বিতর্কে যাওয়ার আমার প্রবৃত্তি নেই তবে আমরা বাস্তব অভিজ্ঞতা থেকে যা দেখছি তার থেকে কিছু কথা বলা যায়। প্রাথমিক স্তর থেকে যে সমস্ত ছাত্ররা ইংরাজি শিক্ষালাভ করে আসে, এই সমস্ত ছাত্ররা কতটুকু ইংরাজি শিক্ষালাভ করতে পারে তা আমরা ভালভাবেই জানি। চতুর্থ শ্রেণী পর্যন্ত এই সমস্ত ছাত্ররা যে ইংরাজি শিক্ষা লাভ করে আসে সেটা পরবর্তীকালে ২/৩ মাসের মধ্যে শিখিয়ে দেওয়া যায়। সুতরাং তারা একটা বিশেষ উদ্দেশ্য নিয়ে এই ইংরাজি তুলে দেওয়ার ব্যাপার নিয়ে হৈ-চৈ আরম্ভ করেছেন। এরা শিক্ষার স্বার্থে বলছেন না অন্য কোনও মতলবে বললেন সেটা পশ্চিমবাংলার মানুষ শীঘ্রই ধরে ফেলবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকার যে নীতি নিয়েছেন, সেটা জনশিক্ষার নীতি। একটা রাজ্যে বা একটা দেশের শিক্ষানীতি কখনও গুটিকয়েক শিক্ষার্থীর মুখ চেয়ে রচিত হয় না। সেটা রচিত হয় দেশের আপামর জনসাধারণের স্বার্থের দিকে তাকিয়ে। প্রাথমিক শিক্ষাকে এমন একটি পরিবেশে রাখা হয়েছে যেখানে শিশু নিজে স্বস্তি বোধ করতে পারে না, স্বাভাবিকতা বোধ করতে পারে না। সেই রকম অবস্থা থেকে তাদের মুক্তি দিয়ে যাতে সহজ ভাবে প্রাথমিক শিক্ষা লাভ করতে পারে, নিজের ভাষায় প্রাথমিক জ্ঞান অর্জন করতে পারে এই সরকারের উদ্দেশ্য সেইটা। আমরা দেখছি যে, ইংরাজি শিক্ষা অনেকদিন ধরেই চলছে এবং আজও চলে আসছে, কিন্তু তার ফলটা কি হয়েছে? পশ্চিমবাংলা শিক্ষার ক্ষেত্রে সারা দেশের মধ্যে যে স্থান ছিল, যে স্থান লাভ করেছিল আজ সেখানে থেকে কোথায় নেমে গেছে। প্রথম স্থান ছিল আজ ৭ম না ৮ম স্থানে উপনীত হয়েছে। শিক্ষার সামগ্রিক ফলাফল বিচার করে দেখতে হবে। আজ আমরা যে শিক্ষা গ্রহণ করতে চলেছি আমি মাননীয় বিরোধী সদস্যদের বলতে চাই কয়েকটা বছর অপেক্ষা করে দেখুন এর কি ফল দাঁড়ায়। আমরা জানি যে কেরালায় ষষ্ঠ শ্রেণী থেকে ইংরাজি পড়ানো হয়, কিন্তু কেরালার মানুষ কি পশ্চিমবঙ্গ থেকে পিছিয়ে পড়েছে, সর্বভারতীয় যে সমস্ত পরীক্ষা সেই সমস্ত পরীক্ষায় কেরালার ছেলেরা কি খারাপ রেজাল্ট করছে, বরং বিপরীতই দেখে আসছি। আসলে সমস্যা সেখানে নয়, উদ্দেশ্য অন্য রকম। আজকে বড় বড় শিক্ষাবিদরা শুধু নয়, আজকে বড় বড় চিকিৎসকরা রাস্তায় নেমেছেন, উদ্দেশ্য কিছু একটা লাগিয়ে একটা বিশৃঙ্খলা সৃষ্টির করা চেষ্টা। তাদের মুখ থেকে বিভিন্ন বার্তা আমরা শুনি। চিকিৎসার ক্ষেত্রে স্বাস্থ্য সম্বন্ধে আমরা যখন প্রত্যেকে ভাবি তারা তখন মুখে এক কথা বলেন কাজে অন্য রকম করেন। আজকে গ্রামের মানুষের কথা ভেবে তাদের দুরবস্থার কথা ভেবে, তাদের যে চিকিৎসার সুযোগের অভাব আছে সেই অবস্থার কথা ভেবে যখন সরকার একটা শিক্ষাক্রম প্রবর্তন করতে চলেছেন, কমিউনিটি মেডিক্যাল সার্ভিস নামে এরা তার বিরুদ্ধে জেহাদ ঘোষণা করেছেন। রাস্তায় নেমে কর্মবিরতির ডাক দিলেন। এটা কোথাও কেউ শুনেছিল? এমার্জেন্সি যে সমস্ত কেস সেই সমস্ত কেসের চিকিৎসা

বন্ধ করে বিক্ষোভ জানানো হয়, এই দেশেই বোধহয় এটা সম্ভব। কিন্তু তাতে সমাজের বা দেশের প্রতি বিন্দুমাত্র শ্রদ্ধা থাকলে তারা এই রকম একটা সিদ্ধান্ত নিতে পারতেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে সমস্ত কথা বিরোধী সদস্যগণ বলে গেলেন তার কোনও যুক্তি নেই। শুধু বলতে হয় বা বিরোধিতা করতে হয় তাই করে গেলেন। এটাই তাদের কাজ। পঞ্চায়েত বা পঞ্চায়েতের দুর্নীতির অভিযোগ উঠেছে দলবাজির অভিযোগ উঠেছে, গ্রামের সঙ্গে কতখানি তারা যোগাযোগ রাখেন? আমাদের সন্দেহ হয় আজও গ্রামে গ্রামে গিয়ে তারা দেখুন, সেখানকার জনগণের মনোবল ভেঙ্গে পড়েনি। অটুট আছে। দিল্লি থেকে কেন্দ্র থেকে খাবার না দিলেও তাদের মনোবল অটুট আছে। গ্রামের সাধারণ খেটে খাওয়া মানুষ যারা সরকারি ত্রান সাহায্যের উপর নির্ভরশীল ছিল, ভাল করে কান পেতে শুনবেন তারাও দিল্লির চক্রান্তের বিরুদ্ধে ক্ষোভে আজকে ফেটে পড়েছে। মুখে বড় বড় কথা বলে সস্তায় বাজিমাৎ করবার চেষ্টা করবেন না। আজকে ট্রাম-বাসের ভাড়া বৃদ্ধির ব্যাপার নিয়ে দেখলাম যে তারা মুখে এক উপদেশ দিয়ে থাকেন আর ভিন্ন কাজ করেন। আবার একই নীতিতে তাদের দলের কোনও রাজ্য সরকার বা কেন্দ্রীয় সরকার যখন সেই একই কাজই করেন তখন তারা নীরব দর্শক থাকেন। আমি বিরোধীদের বলতে চাই যে, আপনারা যতই এইভাবে বাজার মাৎ করবার চেষ্টা করুন আখেরে কোনও লাভ হবে না ; সেই পরিচয় ১৯৮২ সালে আপনারা পাবেন। এইভাবে দেশের ও সমাজের ক্ষতি আপনারা করবেন না। এই কথা বলে রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ সূচক প্রস্তাব উত্থাপন করা হয়েছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5-30 — 5-40 p.m.]

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় ডেপুটি স্পিকার মহোদয়, আমরা রাজ্যপালের ভাষণের উপর বিতর্ক শুনছি। এখন আর অনেকের শোনার ধৈর্য্য নেই। তবে রাজ্যপাল যখন ভাষণ দিচ্ছিলেন তখন তাকে দেখে দুঃখ হচ্ছিল। কারণ একজন সত্যনিষ্ঠ গান্ধীবাদী লোক, কিভাবে অসত্য ভাষণ পড়বার সময় থেমে যাচ্ছিলেন এবং ভগবানকে ডাকছিলেন—আমাকে অসত্য ভাষণ পড়তে হচ্ছে চাকুরির জন্য। এই ভাষণ সম্বন্ধে অনেকে অনেক কথাই বলেছেন। পার্থবাবু বললেন, চাকুরির কি প্রয়োজন তার থেকে অনেক বৃহৎ ব্যাপার আমাদের দেশে আছে। অর্থাৎ লেখাপড়া চাকুরির জন্য করতে হবে না। তারপর বিধবাদের কথায় বললেন যে দেশে অনেক লোক অনাহারে মরে—আমি নিজে দায়িত্ব নিয়ে বলতে পারি যে, আমার এলাকায় ১০ জন লোক অনাহারে মারা গেছে। বি ডি ও অফিসে গিয়ে ভিক্ষা চেয়েছে—পায়নি। যে কুখ্যাত কংগ্রেস আমলের কথা বলেন, সেই আমলেও বি ডি ওদের হাতে এই বাবদ কিছু টাকা থাকতো। যেখানে লোক মরে যাচ্ছে সেখানে তারা গর্ব করছেন যে, বিধবাদের ভাতা দেওয়া হচ্ছে। আমরা স্বৈরতন্ত্রী শাসনের প্রতিষ্ঠা চাই না। ইন্দিরা কংগ্রেস এখানে শাসনে বসলে আমাদের অবস্থার কিছু উন্নতি হবে না। মুখ্যমন্ত্রীর উপর আমাদের খুব বিশ্বাস ছিল যে, তিনি অ্যাডমিনিস্ট্রেশনের কিছু উন্নতি করবেন। কিন্তু দেখছি, মুখ্যমন্ত্রী বুর্জোয়া লোকেদের হাতে পড়েছেন। আমি বলতে চাই না যে, ফ্রন্ট সরকার ৩ বছরের মধ্যে সমস্ত কিছুর উন্নতি

করবেন। একটা আমগাছ লাগালে সেই গাছটি বড় হওয়া পর্যন্ত অপেক্ষা করতে হয়। আমরা আমবাগান সৃষ্টি করে গেছি—তাকে রক্ষা করবার দায়িত্ব আপনাদের। কিন্তু যদি কেউ তার ডাল কেটে নিয়ে যায় তাহলে সেটা আপনাদের দেখতে হবে। কিন্তু আপনারা একটা সাজানো বাগানকে শুকিয়ে দিচ্ছেন। ডিকশনারির দুটো ওয়ার্ড ডিসিপ্লিন এবং ইনসার্বোডিনেশনে। এ দুটো আজকে আর নেই। আজকে কেউ কারোর কথা শোনে না, ডিসিপ্লিন বলতে আজকে কোথাও কিছু নেই। বিচারবিভাগীয় মন্ত্রীকে বলি, ৫ বছর আগেকার রেজিস্ট্রির দলিল আজও পাওয়া যায় না। কত বছর আইন পাশ করলেন—এখন থেকে রেজিস্ট্রেশন হবে, কিন্তু সঙ্গে সঙ্গে দলিল পাওয়ার ব্যবস্থা করতে পারলেন না। আজকে দেশে হাজার হাজার বেকার, কিন্তু কোনও কপিয়িস্ট নিয়োগ করা হচ্ছে না। আজকে বিচার ব্যবস্থায় দেখছি যে, ১০ বছর আগেকার মামলা আজও চলেছে। পি ডবু ডি মিনিস্টার বলেন রাস্তা তৈরি করবার টাকার অভাব। কিন্তু আপনি কি জানেন, যে রাস্তার পাশের জমিগুলি অর্থাৎ ন্যাশনাল হাইওয়ের জমিগুলি আপনার দলের লোকেরা দখল করে নিচ্ছে? সে সম্বন্ধে আপনি কি করছেন? নিত্যব্যবহার্য দ্রব্যের দাম বাড়ছে বললেই আপনারা কেন্দ্রীয় সরকারকে দেখিয়ে দেন। কিন্তু নিত্য ব্যবহার্য হিসাবে যেটুকু কেরোসিন পাওয়া যায় তারও কি সুষ্ঠু বণ্টনের ব্যবস্থা করতে পেরেছেন? গ্রামের লোককে কি রেশন কার্ড দিয়েছেন? আপনারা বলছেন, এমপ্লয়মেন্টে নাম রেজিস্ট্রি করতে হবে—কিন্তু তা করতে গেলে যে খরচা করতে হয় সেটা কি বন্ধ করতে পেরেছেন? লেবার মিনিস্টার বললেন, ব্লকে ব্লকে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ খুলে দিয়েছেন—সেখানে তারা নাম রেজিস্ট্রেশন করতে পারবে। মালদা জেলার ১৫টা ব্লকের মধ্যে ২টি ব্লকে আপনারা লোক দিয়েছেন। দুর্নীতি বন্ধ করবেন বলেছিলেন, কিন্তু রেজিস্ট্রি অফিস ও পেশকারদের মধ্যে ঘুষ বন্ধ করতে পেরেছেন কি? পেশকারদের সম্বন্ধে কথা বলতে গেলেই বলেন, এটা আমার ব্যাপার নয়—এটা হাইকোর্টের ব্যাপার। আজকে যুগান্তর কাগজে একটা খবর আছে যে, কংগ্রেস আমলে শোনা যেত যে ৩ হাজার টাকা দিলে চাকুরি হত বা পাওয়া যেত। কিন্তু আজকে দেখছি যে মাস্টারের চাকরি নিলাম হচ্ছে। আমরা দেখলাম যে একজন আবেদনকারী জবাব দিয়েছেন যে, মাস্টারির চাকরি এত কমে হচ্ছে না, এই তো সেদিন আমি যে মাস্টারি পাবার দরখাস্ত করেছিলাম, শুনেছি সেই পদটি নিলাম এ ৩৫ হাজার টাকা উঠেছিল।

তিনি সল্টলেক এবং গভঃ স্কুলের শিক্ষক। আজকে তিনি এই কথা বলছেন। আজকে আপনার সমবায় আন্দোলন ধ্বংস হয়ে যাচ্ছে। আমরা জানি যে একটা জিনিস ভাঙ্গা সহজ কিন্তু গড়া সহজ নয়। আজকে আপনারা দেখছেন যে ৫ পারসেন্টও আদায় হচ্ছে না। দীপকবাবু বললেন যে ওরা ভাল জিনিস দেখতে পান না। কারণ আমাদের এখানে রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তাতে তিনি সরকারের কাজকর্মের কথা বলেছেন—সরকারের সাফল্যের কথা বলেছেন। তিনি আমাদের কাছে সরকারের ব্যর্থতার কথা তুলে ধরেন নি। কাজে কাজেই ব্যর্থতার কথা আমাদের তুলে ধরতে হবে। সেই কারণে এক তরফা রিপোর্ট বলে আমাদের ব্যর্থতার কথা তুলে ধরতে হচ্ছে। আমার এইটুকু মনে করে আনন্দ হচ্ছে যে, আমাদের যখন প্রথম পঞ্চ বার্ষিকী পরিকল্পনা আরম্ভ হয়েছিল তখন জ্যোতি বাবু বক্তৃতা দিতেন কি কি ব্যর্থতা হচ্ছে। আমি সে সব পড়ে শোনাতে পারতাম কিন্তু সময় নেই। সেই বক্তৃতার সুরে

আমরা যখন ৩০ বছর পরে বলছি তখন ওদের খারাপ লাগছে। রাজ্যপাল বলেছেন যে "শান্তি ও শৃঙ্খলা রক্ষার ক্ষেত্রে এবং সর্ব শ্রেণীর মানুষের প্রতি সুবিচার সুনিশ্চিত করার জন্য আমার সরকার নিরন্তর প্রয়াস চালিয়ে যাচ্ছেন"। আজকে আমরা দেখছি যে, সাধারণ মানুষ পুলিশের কাছ থেকে কোনও সহায়তা পাচ্ছে না। আমরা এম এল এ হিসাবে কিছু পাচ্ছি না। আমি একটা ঘটনার কথা বলব যেটার কথা আমি জ্যোতি বাবুর কাছে চিঠি লিখেছি এবং টেলিগ্রাম দিয়ে জানিয়েছি। একটা খবর পেলাম যে আমাদের ওখানে যাত্রার প্যান্ডেল লুঠ করবার চেষ্টা হচ্ছে। ৯০ মিনিট আগে খবর দিলাম কিন্তু কিছু হল না, আমি ৬ মাইল সাইকেল নিয়ে গেলাম। থানা থেকে সেটা মাত্র ১৫০০ গজের মধ্যে যাত্রার প্যান্ডেল ৩ জন সি পি এম-এর লোক উত্তেজিত করে লুঠ করে নিল। ১৭০ খানা টিন কতগুলি তক্তা নিয়ে গেল, ৫০ হাজার টাকার জিনিস লুঠ হল এবং থানার সামনে দিয়ে তা নিয়ে গেল অথচ দুর্বৃত্তদের ধরা হল না। আমি নিজে গিয়ে কিছু মাল রক্ষা করেছি এবং এই ব্যাপারে জ্যোতিবাবুকে টেলিফোন করেছি। কিন্তু থানার কর্তারা কিছুই করলেন না। পুলিশ বলছে আমরা যখন বেরবো তখন সি পি এম-এর লোকেরা এসে বলল গরিবদের উপর অত্যাচার করা চলবে না। পুলিশ তাদের ওই কথা শুনে বসে গেল। সেদিন মুখ্যমন্ত্রী যখন ওই জায়গা দিয়ে যাচ্ছিলেন আমি তাকে জিজ্ঞেস করলাম, ওই ব্যাপারটার কি করলেন? তিনি বললেন, আমি দেখছি। পুলিশ বলছে ফিফটি ফাইভ পারসেন্ট মাল উদ্ধার হয়ে গেছে? এই ব্যাপারে আমি কোয়েশ্চেন দিয়ে জানতে চাইব, ওই যে বলা হয়েছে ফিফটি ফাইফ পারসেন্ট মাল উদ্ধার করা হয়েছে, আসলে কত পারসেন্ট উদ্ধার করা হয়েছে? আজকে মালদহতে অন্ধ করা হচ্ছে। আমি জানতে চাই কেন এইভাবে অন্ধ করা হচ্ছে? আমি জানি একটা গ্রামে ডাকাতি হল, বোমা পড়ল, গুলি চলল—অথচ রেকর্ডেড হল চুরি বলে। রাজ্যপালের ভাষণের একটা জায়গায় বলা হয়েছে, "ধর্মীয় বা অন্যান্য সংখ্যালঘুদের জীবন ও সম্পত্তির উপর সংগঠিত আক্রমণের কোনও ঘটনা এখানে ঘটেনি"। কিন্তু আমি জানি আমাদের ওখানে মুসলমানদের জমি দখল করা হয়েছে। আবারও দেখেছি ভাঙ্গা মসজিদ রয়েছে, কিন্তু সেখানে গিয়ে কেউ নামাজ পড়তে পারেন না। স্যার, জনসাধারণের সম্পত্তি তো সরকার রক্ষা করতে পারছেন না, সরকারের নিজস্ব সম্পত্তিও তারা রক্ষা করতে পারছেন না। ১২ মাইল তার চুরি হল অথচ সরকার কিছুই করতে পারলেন না, একটি চোরও ধরা পড়ল না। কালিয়াচকে এই যে ঘটনা ঘটল সেখানে আপনারা কি ব্যবস্থা অবলম্বন করেছেন? অনেকে বলেন সি পি এম তো চোরদের দিয়ে বিপ্লব করে সেই জন্য তারা চোরদের প্রশ্রয় দিচ্ছেন। তারপর শিক্ষা সম্বন্ধে দেখলাম পার্থবাবু এখানে অনেক বক্তব্য রাখলেন। তিনি বললেন, চাকুরি সকলে পাবে না কাজেই চাকুরির জন্য ইংরাজি পড়ে কি হবে? তিনি বললেন চাকুরির চেয়ে বড় জিনিস মানুষের জীবনে দরকার এবং সেটা হচ্ছে জ্ঞান আহরণ। আমার বক্তব্য হচ্ছে যে দেশের মানুষের পেটে ভাত নেই তারা জ্ঞান আহরণের কথা কখন ভাববে?

আজকে শিক্ষা ব্যবস্থা সম্বন্ধে আমার কথা হচ্ছে তিনি খুব বড় বড় কথা বলছেন। যে ইংরাজি তুলে দিচ্ছেন, ইংরাজি তুলে দেওয়াতে আমরা একথা বলছি না যে মাতৃ ভাষায়

শিক্ষা হবে না, আমরা বলছি যে মাতৃভাষায় শিক্ষা হোক কিন্তু ইংরাজি থাক। উনি বলছেন ১২ ক্লাস ফ্রি করে দিয়েছেন, ১২ ক্লাস ফ্রি করে দিয়েছেন ঠিক কিন্তু তার যে বই কেনার টাকা—কত টাকা লাগে তা হিসাব করে দেখেছেন? একটা গরিব লোক কিনতে পারে তার কোন ব্যবস্থা করেছেন তার কোনও ব্যবস্থা আছে? আজকে শিক্ষাব্যবস্থা দুর্নীতিমুক্ত, দলমুক্ত থাকা উচিত ছিল। আমার ওখানে মহরাপাড়া বলে একটা গ্রামে একটা স্কুল মঞ্জুর হয়েছিল, প্রাইমারি স্কুল, সেই প্রাইমারি স্কুল মহরাপাড়া গ্রামে জেলা পরিষদের ভোটে সেখানকার মেম্বার ভোট পেলেন না, ফলে মহরাপাড়া প্রাইমারি স্কুল চলছে দীনপাড়া গ্রামে তিন মাইল দূরে। এটার কি যুক্তি আছে? গতবারে কোয়েশ্চেন দিয়েছিলাম জবাব দেননি। ঘুড়িপাড়া প্রাইমারি স্কুল সেটা চলছে নন্দীবাটি গ্রামে, তিন মাইল দূরে। নাম কিন্তু ঐ ঘুড়িপাড়া প্রাইমারি স্কুল কিন্তু চলছে ওখানে কেননা সেখানে ভোট পায়নি। আপনারা প্রাইমারি শিক্ষার একটা সার্কুলার দিয়েছেন যে প্রাইমারি স্টেজে পরীক্ষা হবে কিনা। পরীক্ষা না হলে মাস্টারমশায়দের সুবিধা হল আর পড়াতে হবে না, রাজনীতিটা ভাল করা যাবে, ছেলেদেরও সুবিধা হবে। কি করতে হবে? না ডেলি অ্যাসেসমেন্ট করতে হবে। আমরা একজন মাস্টারমশায়কে জিজ্ঞাসা করেছিলাম তোমাদের যে ডেলি অ্যাসেসমেন্ট করতে হবে এটার মানে কি। এই যে স্কুল ফাইনাল পাশ ছাত্র এদের ডেলি অ্যাসেসমেন্ট মানেটা কি আমাকে জিজ্ঞাসা করছেন মাস্টারমশায়। সার্কুলার গিয়েছে সাব ইন্সপেকটারের কাছে তাতে বলছে যে পরীক্ষা হবে না, সব ডেলি অ্যাসেসমেন্ট করতে হবে। জাপানে ডেলি অ্যাসেসমেন্ট হয় শুনেছি কিন্তু এখানে ডেলি অ্যাসেসমেন্ট করতে হবে, ডেলি অ্যাসেসমেন্ট জিনিসটা কি, কিভাবে করতে হয়, সেই ট্রেনিং মাস্টারমশায়দের নেই। মাস্টার মশায়দের ইকুইপ করতে পারলেন না। পরীক্ষা তুলে দিলাম, ডেলি অ্যাসেসমেন্ট কর। ডেলি অ্যাসেসমেন্ট করা কি সম্ভব এই সব মাস্টারমশায়দের দ্বারা যারা নিজেরাই জানে না ডেলি অ্যাসেসমেন্ট মানেটা কি। তাতে বললেন কি, নো ডিটেনশন ইন দি ক্লাস। কোনও ক্লাসে ডিটেনশন হবে না। খুব ভাল কথা মাস্টারমশায়রা যদি পরীক্ষা করেন তাহলে কিছু ছাত্র পাস করে কিন্তু যদি ডিটেনশন করতে না হয় তাহলে সবাই পাস। তারপর বলছেন কি, ৪র্থ শ্রেণী পর্যন্ত নো ডিটেনশন ইজ নেসেসারি। নো ডিটেনশন যদি হয় আর সব ছেলে পাস করে ক্লাস ফাইভে যখন যাচ্ছে তখন হেডমাস্টার মহাশয় বলছেন যে আমি কিন্তু টেস্ট নেব। টেস্ট নেবেন কি মশায়, গভর্নমেন্ট বলেছেন যে নো ডিটেনশন ইজ নেসেসারি আপনি ভর্তি করতে বাধ্য। তিনি বললেন যে যত ছাত্র পাস তত জায়গাতো আমার নেই, তত তো ঘর আমার নেই, তত তো বেঞ্চ আমার নেই, তাই আমাকে দেখে নিতে হবে ভাল ছাত্র। তার মানে হচ্ছে দেখুন শিক্ষার সংকোচন হচ্ছে কিনা এটা বিবেচনা করতে হবে। শিক্ষা নিয়ে খুব বড় বড় কথা বলা হচ্ছে। তারপর বললেন নো বুক ফর ক্লাস ওয়ান অ্যান্ড ক্লাস টু। সরকার বললেন আমরা বিনা পয়সায় বই দেব এবং সঙ্গে সঙ্গে বলে দিলেন নো বুক ফর ক্লাস ওয়ান অ্যান্ড ক্লাস টু। বুক দিয়েই তো পড়াতে পারেন না মাস্টার মশায়রা আর নো বুক দিয়ে পড়াবার যে ট্যালেন্ট দরকার সেই ট্যালেন্ট কি আছে? আজকে ৪০ : ১ একজন প্রাইমারি মাস্টার রয়েছে, আমি তো গ্যারান্টি দিয়ে বলতে পারি যে, ৪০ : ১ যাদের ক, খ, শিখাতে হয় তাহলে ৫ বছরের মধ্যে একটা মাস্টার কি পড়াতে পারবে ৪০ জন ছাত্রকে?

এই ব্যবস্থা যদি করতে হয় নো ডিটেনশন তাহলে ২৫ : ১ করতে হবে। অথচ এখানে ১০০ জনেতে একজন মাস্টার নেই। আমার বক্তব্য হচ্ছে দুর্নীতি কবছেন, আমার মালদা জেলায় দুর্গাকিংকর ভট্টাচার্য মালদা কলেজের প্রিন্সিপল, তিনি সেখানে সি পি এম দিয়ে মালদা জেলা ভর্তি করে দিলেন, তিনি স্কুল বোর্ডের প্রেসিডেন্ট ছিলেন, তিনি পর্যন্ত এদের দলবাজিতে বিরক্ত হয়ে রেজিগনেশন দিলেন। অবশেষে মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপে থাকতে তাকে রাজি করা হয়েছে। আমার কথা হচ্ছে শিক্ষাব্যবস্থা দলের উর্ধ্বে রেখে অন্য ব্যবস্থাকে যা পারেন করুন। শিক্ষা ব্যবস্থায় দুর্নীতি আনবে না। সমবায় মন্ত্রী এখানে এসেছেন, সমবায় ব্যবস্থা আমাদের এমন যে ৩০ বছরেও আমরা অনেক পিছিয়ে আছি। অনেক মন্ত্রী এসেছেন, কংগ্রেসি মন্ত্রী ও ছিলেন কিন্তু সমবায়ে তাদের বিশ্বাস ছিল না, উনি নাড়াচাড়া করবার চেষ্টা করলেন, কিন্তু আমি যা বুঝেছি কমলবাবু নাড়াচাড়া করলেন, তার দৌরাত্ম্যে সব ঋণ মাফ, কোন ঋণ মাফ হবে আর কোনটা হবে না, সেটা ঠিক নাই, তার ফলে আজকে সমবায়ের ফাইভ পার সেন্টও আদায় হচ্ছে না। এই অবস্থায় গ্রামবাংলায় মানুষ দাদন পাবে কি করে? এই সব কৃষকরা যাবে কোথায়? জয়নাল সাহেবকে আমরা যতই গালাগালি দিই না কেন, তিনি তবু খানিকটা গিয়ার আপ করার চেষ্টা করেছিলেন। ওরা চিৎকার করছেন কিন্তু যতীনবাবুকে এক লাখ টাকা দিলেন এক মাসে তিনি একটা রাস্তা করে দেবেন কিন্তু এক লাখ টাকা দিয়ে একটা কো-অপারেটিভ তৈরি করা সম্ভব নয়। কমলাবাবু কুচবিহারের মন্ত্রী বলে তিনি কেবল কুচবিহার আর জলপাইগুড়ির দিকেই তাকাবেন, আমাদের মালদার দিকে একেবারেই দেখবেন না? উনি এখানে দাঁড়িয়ে বড় বড় কথা বলেছিলেন, জুট তিনি কিনবেন, 'জুট কর্পোরেশন মানি না' জুট কর্পোরেশন তৈরি করব, কিন্তু পাটচাষীরা পাট বিক্রি করতে পারেনি, তারা মার খেয়েছে। এই অবস্থায় কমলবাবুর উচিত ছিল পদত্যাগ করা, তিনি পাট চাষীদের কোনও প্রোটেকশন দিতে পারেননি। তারপর আলু চাষের ব্যাপারে, বৃষ্টিতে সিক্সটিফাইভ পারসেন্ট আলু চাষ নষ্ট হয়ে গেলে, এ সম্বন্ধে রাজ্যপালের ভাষণে একটা সহানুভূতির কথাও নাই। তারপর আমার বক্তব্য হচ্ছে পশ্চিমবাংলায় পুলিশি ব্যবস্থা একেবারে ভেঙে পড়েছে এই অবস্থা কি করেছেন আপনারা ডাকাত দিয়ে বিপ্লব করার জন্য? গ্রামের লোক দিনের পর দিন ঘুমাতে পারছে না, মালদার হবিবপুরে বামুনগোলা থানায় দু মাসের মধ্যে ১২ জন মার্ডার হল, সবাইকে নকশাল বলে চালিয়ে দেওয়া হয়েছে। এমন পুলিশি ব্যবস্থা যে একজন বি ডি ও দিনের পর দিন বাড়িতে এসেছেন, আর ডবলিউ পি স্কীমে দু মাস কাজ করে, চার জন লোককে মেরে চলে গেল, পুলিশ ধরতে পারেনি। হবিবপুর গ্রামে এমন অবস্থা যে একজন লোকও রাত্রে ঘুমাতে পারছে না, সে কংগ্রেসি হোক আর অ-কংগ্রেসি হোক। মানুষের যে সাধারণ অধিকার, সেটা তাদের দিন। মুখ্যমন্ত্রী যত কথাই বলুন না কেন, পুলিশি ব্যবস্থার মধ্যে দলবাজি ঢুকিয়ে দিয়ে এই ব্যবস্থা করেছেন। আমার বক্তব্য হচ্ছে দেশে, গ্রামবাংলায় মানুষ আজকে ঘুমাতে পারছে না। এই অবস্থায় আমি রাজ্যপাল মহোদয়ের যে ভাষণ তার বিরোধিতা করছি, করে আমার বক্তব্য শেষ করছি।

[5-50 — 6-00 p.m.]

**শ্রী বিমালনন্দ মুখার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন

বামফ্রন্টের একটা অংশীদার দল হিসাবে আর সি পি আই দলের পক্ষ থেকে আমি তাকে ধন্যবাদ জ্ঞাপন করছি। বিরোধীপক্ষের সমালোচনা কিছু শুনলাম এবং সেই সমালোচনা খুব অদ্ভুদ লাগল। যুক্তিতর্কের কিছু ভার পাওয়া গেল না। হয়ত বা বিরোধীরা যা আশা করেছিল তাদের সেই আশা পূরণ হয় নি। এই সভাতে কেন্দ্রে ইন্দিরা সরকার প্রতিষ্ঠিত হবার পর দুটি অঙ্গুল দেখিয়ে বলা হয়েছিল আর দু মাস। কিন্তু তার পর অনেক মাস কেটে গিয়েছে, দেখা গেল, বামফ্রন্ট সরকারের অনেক ত্রুটি অনেক সমালোচনা এরা ভেঙ্গে যাবে জনগণ এদের বিরুদ্ধে রায় দেবে রাস্তায় নামলে এই সমালোচনার পরেও গত ২৭এ সেপ্টেম্বর যে সাধারণ ধর্মঘট ডাকা হয়েছিল, তাতে কিন্তু পশ্চিমবাংলার মানুষ বামফ্রন্টের সপক্ষে রায় দিয়েছিল। চেষ্টা হয়েছিল অনেক অনেক গন্ডগোল বাঁধাবার চেষ্টা হয়েছিল কিন্তু কিছুই হল না। হয়ত এই সব দেখে শুনে এবং বামফ্রন্ট সরকারকে ফেলা যাচ্ছে না বুঝে ওরা খানিকটা নিরাশ হয়েছে এবং গলার জোরটা বোধ হয় সেই থেকে একটু কম। আমরা বলি নি যে, বামফ্রন্ট সরকার বিরাট একটা কিছু করেছে এবং বিরাট কিছু করার প্রতিশ্রুতি ছিল না। আমরা নিশ্চয় জানি যে একটা বিশেষ অর্থনৈতিক কাঠামোর ভিতর আমরা কাজ করছি পুঁজিপতি অর্থনীতি। পশ্চিমবাংলা একটা অঙ্গরাজ্য এখানে পুঁজিপতি থাকবে এবং সারা ভারতবর্ষেও পুঁজিপতি অর্থনীতি। আবার সারা ভারতের পুঁজিপতি অর্থনীতি বিশ্বের পুঁজিপতির অংশ। আজকে বিশ্বে পুঁজিপতি সংকট রয়েছে একমাত্র জাপান ছাড়া। আজকে আমেরিকাতেও তা প্রতিফলিত হয়েছে ইংল্যান্ড দেউলিয়া হয়ে যাচ্ছে এবং সেখানে অর্থনৈতিক সঙ্কট মুদ্রাস্ফীতি প্রভাব রয়েছে এবং যেহেতু এই দেশের সঙ্গে আমাদের লেনদেন তার প্রভাব ভারতের উপর পড়ছে এবং পশ্চিমবাংলাতেও পড়ছে। পেট্রোলিয়ামের দর বাড়ার সঙ্গে সঙ্গে দুর্বল দেশগুলির উপর তার ধাক্কা এসে পড়ছে এবং সেই ধাক্কা সামলানো কঠিন হয়ে পড়ছে। উন্নত দেশগুলি হয়ত সেই ধাক্কা সামলাতে পারে। মালিক এবং সরকার এই সব বোঝা চাপিয়ে দিচ্ছে আর সেই বোঝা এসে পড়ছে সমস্ত রাজ্যের মানুষদের উপর। এবার দেখুন ভারত সরকার রেলের মাসুল বৃদ্ধি যদি করে তাহলে সেই মাসুল বৃদ্ধির চাপ সব জিনিসের উপর পড়বে এবং এটাই হল পুঁজিপতি অর্থনীতি স্বরূপ সে বামফ্রন্ট সরকার থাকুক আর যে কেউই ক্ষমতায় আসুক না কেন মূল্যবৃদ্ধি ক্রমাগত ঘটবেই। দুর্নীতি একটি সামাজিক ব্যাধি, এই পুঁজিবাদী ব্যবস্থায় এটা বাড়বে। কথা হচ্ছে, আমরা বামপন্থীরা তার বিরুদ্ধে লড়াই চালাচ্ছি কিনা, তাকে খানিকটা প্রশমিত করার চেষ্টা করছি কি না। সেই চেষ্টা আছে বলে আজকে অধিকাংশ শোষিত জনসাধারণ, তারা আমাদের পক্ষে আছেন। ক্ষুব্ধ হচ্ছেন মালিকশ্রেণী। এই পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারকে ভেঙ্গে দেবার কারণ কি? চেষ্টাই বা কেন? তার একটিমাত্র কারণ হচ্ছে ভবিষ্যতের দিকে তাকিয়ে—পশ্চিমবাংলার বামফ্রন্টকে দেখে ত্রিপুরা হয়েছে, ত্রিপুরাকে দেখে আসামে, এই নির্বাচনে বামপন্থীদের সংখ্যা ৭ থেকে ২৪ দাঁড় করাতে পারা গেছে। আসামের সেই ঢেউকে ঠেকাবার জন্য বিচ্ছিন্নতার আন্দোলন, প্রাদেশিকতার আন্দোলন শুরু হয়েছে। মাননীয় রাজ্যপালের ভাষণেও সেই বিচ্ছিন্নতাবাদের কথার উল্লেখ করা হয়েছে।

আসামের ধাক্কায় মেঘালয়, ত্রিপুরা বা উত্তরপূর্বাঞ্চলের রাজ্যগুলিতে যা ঘটছে সেটা পশ্চিমবাংলায়ও ঘটানো যায় কিনা এবং তারমধ্যে দিয়ে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারকে

কাবু করা যায় কিনা সেই চেষ্টা হচ্ছে। সেইজন্য আইনশৃঙ্খলার প্রশ্ন তুলে সেটা করার চেষ্টা করা হচ্ছে। সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট করা চেষ্টা করার হয়েছে, কিন্তু তারা ব্যর্থ হয়েছে। এই যে ব্যর্থ হয়েছে এটা শুধু বামফ্রন্টের কৃতিত্বে হয়েছে তা নয়, বামফ্রন্ট সরকার উপর থেকে সাহায্য করেছেন, এটা হয়েছে মূলত পশ্চিমবাংলায় বামপন্থী আন্দোলন তার ঐক্য, দৃঢ়তা, সচেতনতা থেকে। সুতরাং আজ পশ্চিমবাংলায় যা হচ্ছে আগামীদিনে সেটা কেরালায় হবে, বিহারে হবে। এখন প্রশ্ন হচ্ছে, বিকল্প কি? জনতা নিশ্চয় নয়। এটা বাস্তবে প্রমাণিত হয়েছে যে বুর্জোয়া দলের কোয়ালিশন ভারতীয় জনসাধারণের কাছে বিকল্প নয়, বিকল্প হচ্ছে বামপন্থা। সুতরাং পশ্চিমবাংলা সরকার যদি টিকে থাকে, এই সরকার যদি পশ্চিমবাংলায় অগ্রসর হয় তাহলে তার প্লাবন আগামীদিনে সারা ভারতবর্ষে প্রসারিত হবে। অতএব একে ভাঙ্গার জন্য সর্বপ্রকারে চেষ্টা হচ্ছে। এখানে আইনশৃঙ্খলার প্রশ্ন তোলা হয়েছে। নিশ্চয় আইনশৃঙ্খলার গন্ডগোল হচ্ছে, এখানে উল্লেখও আছে। কিন্তু কেন ঘটছে এসব? একটা পুঁজিবাদি অর্থনীতিতে বেকারের সংখ্যা বাড়ছে, পুঁজিবাদি অর্থনীতির ফলে একচেটিয়া কারবারিদের অধিক মুনাফার ফলে জিনিসপত্রের দাম বাড়ছে এবং সঙ্কট সমস্ত দিক থেকেই ক্রমাগত বাড়ছে ও বাড়বে, সামাজিক পচন ঘটবে। এই অবস্থায় ওয়াগান ব্রেকার জন্ম নেবে, চোর জন্ম নেবে, ডাকাতির সংখ্যা বাড়বে—এইসব ঘটবে। এরজন্য দায়ী পশ্চিমবঙ্গ সরকার নিশ্চয় নয়, দায়ী হচ্ছে ভারতবর্ষের পুঁজিবাদি অর্থনীতি, দেউলিয়া মরণনোম্মুখ অর্থনীতি। আমরা একে ঠেকিয়ে রাখার চেষ্টা করছি এবং তার ভেতর থেকে বিকল্প শক্তিকে বার করার চেষ্টা করছি। মাননীয় রাজ্যপালের ভাষণের শেষের দিকে বলা হয়েছে, "এক শ্রেয়তর ও আরও ন্যায়ানুগ সমাজ-ব্যবস্থা প্রবর্তনের লক্ষ্যে উপনীতি হতে হবে।" আমাদের কাছে সেই লক্ষ্য হচ্ছে সমাজতান্ত্রিক সমাজ—যেখানে ব্যক্তিগত মালিকানা থাকবে না, একমাত্র লাভের প্রশ্ন থাকবে না, সামাজিক মালিকানা যেখানে থাকবে, দেশের সমস্ত সম্পদ এবং জনবল যেখানে সমাজের কল্যাণের জন্য ব্যয়িত হবে সেই সমাজই আমাদের কাম্য। এখন এই দিকে আমরা অগ্রসর হতে পারছি কিনা সেটা আমাদের দেখতে হবে। এটা পারবে কে? এটা পারবে গণশক্তি। গণশক্তির হাতিয়ারকে আমরা আরও ঐক্যবদ্ধ করতে পারছি কিনা, আরও সংগ্রামমুখী করতে পারছি কিনা সেটাই হচ্ছে প্রশ্ন। সেখানে ত্রুটি আছে, ভুল আছে, আছে নানান রকমের সমস্যা। আমাদের কাছে প্রশ্ন—বিরোধীরা যা খুশি বলুন, শ্রেণী সংগ্রাম বাড়ছে।

[6-00 — 6-10 p.m.]

শ্রেণীবিভক্ত আরও স্পষ্টতর হচ্ছে কি গ্রামাঞ্চলে কি শহরাঞ্চলে। এই অবস্থায় ক্ষিপ্ত হয়েছিল যারা মালিকশ্রেণী, গ্রামের জোতদার, মহাজন, শহরের কলকারখানার মালিক শ্রেণী, কালোবাজারি, ব্যবসায়ীরা যেখানে সামান্যতম আঘাত পড়েছে। বিরাট আঘাত আমরা দিতে পেরেছি এই কথা বলি না এই সীমিত অবস্থায়। বিরাট আঘাত আসবে আগামীদিনে। কিন্তু মানুষের সামনে আমরা রাস্তা খুলে দিয়েছি। দরিদ্র মানুষের জন্য যেটুকু অর্থবল আছে, যেটুকু সুযোগ আছে, গণতান্ত্রিক সুযোগ, সেই সামান্যতম সুযোগগুলি আমরা পৌঁছে দেবার চেষ্টা করেছি। সেখানে ত্রুটি আছে, দুর্বলতা আছে, সমালোচনা আছে। কিন্তু এই ত্রুটি, দুর্বলতা এবং

সমালোচনা সত্ত্বেও পশ্চিমবাংলার মানুষ ধনিকশ্রেণীর দিকে যায়নি, যাবে না। পশ্চিমবাংলার মানুষ কংগ্রেসের দিকে যায়নি, যাবে না। তারা বামফ্রন্ট সরকারের দিকে আছে, কমিউনিস্ট মতবাদের দিকে অগ্রসর হবে আগামীদিনে এবং সেখানে প্রশ্ন হচ্ছে যে আমরা যত বেশি সরকারের কাজগুলিকে আরও ভাল ভাবে করতে পারব, যত বেশি জনজাগরণ সৃষ্টি করতে পারব এবং সংগ্রামকে তীব্রতর করতে পারব, ওরা ততবেশি চিৎকার করবে, ঐ মালিকশ্রেণী ততবেশি উন্মত্ত হবে, পাগল হয়ে যাবে এবং তার প্রতিফলন এই বিধানসভায় হবে, রাজ্যে হবে। আজকে আইনশৃঙ্খলা কারা বিপন্ন করছেন? মানুষকে উস্কানি দিচ্ছেন কি করে আইন শৃঙ্খলাকে বিপন্ন করা যায়, সমাজবিরোধীদের উস্কানি দেওয়া হচ্ছে কি করে আইন শৃঙ্খলা নষ্ট করা যায়, কি করে দেশদ্রোহীদের প্রশ্রয় দেওয়া যায় এবং তার জন্য সংগঠন করে মানুষের মূল্যবোধকে শেষ করে দেওয়ার চেষ্টা করা হচ্ছে। আজকে শিক্ষার ব্যাপারে তাদের অশ্রুবারি ঝরছে। এই অশ্রুবারি, মায়াকান্না কাদের জন্য? আজকে যাদের অবস্থা ভাল তাদের জন্য এই অশ্রুবারি। আমি একটা ছোট্ট কথা বলে আমার বক্তব্য শেষ করব। সেদিন একটা মিছিল আসছিল ইংরাজি তুলে দেওয়া চলবে না বলে। মিছিলের একজনকে ডেকে জিজ্ঞাসা করা হল যে ভাই তুমি ইংরাজি জান? সে বলল, না জানি না তখন তাকে জিজ্ঞাসা করা হল যে তাহলে তুমি ইংরাজি ভাষা তুলে দিলে চলবে না বলছ কেন? সে তখন হাঁ করে তাকিয়ে থাকল। তারপর তার এক কমরেডকে সে ডাকল। সে এসে বলল যে হ্যাঁ আমরা এটা চাইছিনা। তাকে বলা হল যে কেন চাইছো না ভাই? সে ফ্যাল ফ্যাল করে মুখের দিকে তাকালো। জনসাধারণের কাছে, গরিব মানুষের কাছে লেখাপড়ার যে সুযোগ ছিল না, আজকে সে লেখাপড়ার সুযোগ মাতৃভাষায় যদি হয় এবং এটা আমাদের দায়িত্ব যে দরিদ্রতম মানুষের কাছে নিম্নতম শিক্ষাটুকু পৌঁছে দেওয়া। আজকে যারা এম এ, বি এ, ডাক্তার ইত্যাদি হচ্ছে, যাদের হাজার হাজার টাকা আছে, তাদের সংখ্যা খুব বেশি নয়। দরিদ্র মানুষের কাছে সামান্য জ্ঞানের যে আলো, সেই জ্ঞানের আলোকে পৌঁছে দিতে চাই যেটাকে ভয় করে মালিকশ্রেণী, যেটাকে ভুল করে কায়েমি স্বার্থবাদীরা এবং সেজন্য তারা ইংরাজি গোড়া থেকে থাক এই কথা বলছে। কিন্তু আমরা চাই মায়ের ভাষা, মাতৃভাষার মাধ্যমে শিক্ষা হোক। ঐ আসামে চেয়ে দেখুন, বিহারে চেয়ে দেখুন, সারা ভারতবর্ষে মাতৃভাষায় শিক্ষার দাবি দীর্ঘকাল থেকে উঠেছে, স্বাধীনতা আন্দোলনের সময় থেকে উঠেছে। আজকে এরা বলছেন যে ইংরাজি রাখতে হবে উচ্চ শিক্ষার জন্য। কিন্তু সামান্যতম শিক্ষা—গ্রামের গরিব ছেলেটা, চাষীর ঘরের ছেলেটা, ক্ষেতমজুরের ঘরের ছেলেটা, শহরের মজুর ঘরের বস্তির ছেলেটা যদি পায় তার জ্ঞান হবে, সে বুঝতে শিখবে, সেই শিক্ষা বিপদ আনবে। কাজেই কায়েমি স্বার্থবাদীরা সেটা চায়না এবং তার সরকারও। অতএব তারা এই জিনিসটা চাইছে না। সামগ্রিক চিন্তাধারাতে বামফ্রন্ট সরকারের এটা হচ্ছে লক্ষ্য যে গণশক্তি উজ্জীবিত কর, তাকে ঐক্যবদ্ধ কর এবং তাদের সংগ্রামের ক্ষমতাকে বাড়িয়ে যাও যাতে কায়েমি স্বার্থ ভয় পায়। যে শক্তি নিয়ে রাশিয়া, চীন, ভিয়েতনামে পরিবর্তন ঘটেছে, বিপ্লব ঘটেছে, সমাজতন্ত্র ঘটেছে, সেই দিকেই আমরা নিয়ে যেতে চাই। অতএব সেই কারণেও দরিদ্র মানুষ আমাদের সমর্থন করছে হাজার ভুলত্রুটি সত্ত্বেও। হয়ত কিছু ভুলত্রুটি আছে কিন্তু মূল জায়গায় আমরা ঠিক আছি। এই কথা বলে

মাননীয় রাজ্যপাল মহোদয় যে ভাষণ দিয়েছেন এবং তার জন্য যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে, সেই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[6-10 — 6-20 p.m.]

**শ্রীমতী রেনুলিনা সুব্বা ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, সরকার পক্ষের সদস্যেরা নিজেদের সম্বন্ধে সুন্দর সুন্দর কথা বলছেন, কিন্তু তারা জানেন না, এই বামফ্রন্ট সরকার আমাদের পশ্চিমবাংলার সমস্ত গৌরব নষ্ট করে ফেলেছে। আমি প্রথমেই ল অ্যান্ড অর্ডারের কথা বলব। আপনারা বলুন তো এখানে ল অ্যান্ড অর্ডার কোথায় রয়েছে? আমি পাহাড় এলাকায় জনসাধারণের প্রতিনিধিত্ব করি। ১৯৭৭ সালের জানুয়ারি মাসে সি পি এম-এর গুন্ডাবাহিনী আমাদের ওখানে একজন লোককে মার্ডার করল এবং তখন ল মিনিস্টার সেখানে ছিলেন, তিনি ঘটনাটা জানেন। তারপর, ১৯৭৯ সালে আমাদের টি গার্ডেন ইউনিয়নের ভাইস-প্রেসিডেন্টকে গুন্ডারা মার্ডার করল। শুধু তাই নয়, এই ১ মাস আগে কিছু লোক ওই দার্জিলিং টি গার্ডেন অ্যাটাক করল সি পি এম-এর গুন্ডা বাহিনীর সাহায্য নিয়ে। কাজেই বলব দেয়ার ইজ নো ল অ্যান্ড অর্ডার ইন ওয়েস্টবেঙ্গল। আমাদের মুখ্যমন্ত্রী পশ্চিমবাংলায় শান্তি শৃঙ্খলা রক্ষা করতে পারেননি। এবারে আমি বলব পাওয়ার-এর কথা, গতমাসে মুখ্যমন্ত্রী যখন দার্জিলিং-এ গিয়েছিলেন তখন তাকে বলেছিলাম আমাদের পাওয়ার পজিশন খুবই খারাপ। তখন তিনি বললেন Mrs Subba, I am not the God. I can't bring you God from the heaven. I said : You are not the God, but you are Minister to maintain law and order. That is your duty. That is why I am telling you about the power position. তাহলে আপনারাই দেখুন কি রকম হোপলেস চিফ মিনিস্টার পশ্চিমবাংলায় রয়েছে। আমরা তো দেখছি পাওয়ার-এর অবস্থা একেবারেই শেষ হয়ে গেছে। দার্জিলিং-এ কতগুলি টি ইন্ডাস্ট্রি রয়েছে যেগুলো কটেজ ইন্ডাস্ট্রির মতো। কিন্তু দুঃখের সঙ্গে জানাচ্ছি সি পি এম-এর গুন্ডা বাহিনীর জন্য ওই সমস্ত ইন্ডাস্ট্রি বন্ধ হয়ে গেছে। আমি বলছি লেফট ফ্রন্ট গভর্নমেন্ট এ সম্বন্ধে এনকোয়ারি করুন। তারপর এই যে ফরেস্ট ডেভেলপমেন্ট কর্পোরেশন রয়েছে আমি এটাকে বলব ফরেস্ট ফিনিসিং কর্পোরেশন। সমস্ত গাছ কেটে ফেলেছে অথচ কোনও ব্যবস্থা নেই। সেপ্টেম্বর মাসে ধ্বস নেমেছে অথচ রিহ্যাবিলিটেশনের জন্য কোনও কাজ এরা করেননি। আমরা দেখলাম লেফট ফ্রন্ট গভর্নমেন্টের ট্রান্সপোর্ট মিনিস্টার শুধু হেলিকপ্টার নিয়ে ট্যুর করলেন, কোনও রকম ব্যবস্থা করলেন না। তারপর এখন দেখছি বামফ্রন্ট সরকার প্রাইমারি স্টেজ থেকে ইংরাজি তুলে দিতে চাচ্ছেন। আমি জিজ্ঞাসা করি চিফ মিনিস্টার যখন লন্ডন যাবেন বা ফাইনান্স মিনিস্টার যখন মস্কোতে যাবেন তখন তারা সেখানে গিয়ে কি বাংলায় কথা বলবেন? এই ব্যাপারে আমি একটা উদাহরণ দিচ্ছি, ১৯৭৯ সালে দিল্লিতে একটা বিশাল ভারতীয় মহিলা সমিতির কনফারেন্স ছিল। সেই কনফারেন্সে আমি ছিলাম এবং আমাদের পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে ছিলেন শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি। সমস্ত দেশ থেকে এম এল এ, এম এল সি সোস্যাল ওয়েলফেয়ার বোর্ডের প্রেসিডেন্ট এবং সেক্রেটারি ছিলেন। সেই সময়ে দেখলাম শ্রীমতী নিরুপমা চ্যাটাজি স্টেজে উঠলেন এবং উঠে চুপ করে বসে ছিলেন কারণ উনি

ইংরাজি জানেন না। তারপর উনি বাংলায় ডেলিভারি দিলেন। কেরল থেকে একজন এম এল সি আমাকে বললেন উনি কি রকম মিনিস্টার, ইংরাজি ভাষা জানেন না। আপনারা বলুন, দিল্লিতে কেউ বাংলা ভাষা বোঝেন? উনি হিন্দি জানেন না, ইংরাজিও জানেন না। তাই উনি বাধ্য হয়ে বাংলায় ডেলিভারি করলেন। সুতরাং কি অবস্থা বুঝুন। আমি ওয়েস্ট বেঙ্গল থেকে গিয়েছিলাম, আমি খুব লজ্জা পেলাম। সেইজন্য ভাষাজ্ঞান দরকার।

ইংরাজি বাদ দিলে চলবে না। ওনারা এই হাউসের মধ্যে বলছেন যে, ইংরাজি ভাষা তুলে দিলে জনগণ চাকুরি পাবে। আমি বলব এক মুর্খ এম এল এ। ইংরাজি ভাষা হচ্ছে ইন্টারন্যাশনাল ল্যাঙ্গুয়েজ, প্রথম থেকে ফাউনডেশন স্টার্ট করতে হবে তা না হলে দেশের কোনও উন্নতি হবে না। ওরা বলছে ভাষা নিয়ে কোনও এজিটেশন হচ্ছে না কিন্তু আমি বলছি বহু এজিটেশন হচ্ছে। আপনারা খালি ইন্দিরা গান্ধীর কথা বলছেন কিন্তু আমি বলি ইন্দিরা গান্ধী তো দিল্লিতে আছেন, আপনারা জ্যোতিবাবুর কথা বলুন না, ওনার কথা হবে পার্লামেন্ট, জ্যোতিবাবু তো গরিবের দেবতা, জ্যোতি বাবু সমাজবাদ আনবে আপনারা বললেন কিন্তু দুর্গাপুরে ইস্টার্ন বিস্কুট কোম্পানি হচ্ছে ওর ছেলের। সেখানে কি করছেন? সেখানে শ্রমিকদের উপর গুন্ডাবাহিনী নিয়ে অ্যাটাক করেছেন। চন্দনবাবু ফরেন থেকে শিক্ষা নিয়েছেন, জ্যোতিবাবু ফরেন থেকে শিক্ষা নিয়েছেন, আমাদের ফিনান্স মিনিস্টারও তাই। এরা আজকে বড় বড় কথা বলেন কিন্তু কাজে করেন না। কি করে পুঁজিপতিদের কল্যাণ হবে সেইদিকে এই সরকার দেখেন। লেফট ফ্রন্ট গভর্নমেন্ট আসবার পর কটা ব্ল্যাক মার্কেটিয়ারকে ধরা হয়েছে সেটা জবাব দেবেন। আপনারা সব পার্টির প্রোপাগান্ডা করছেন। এডুকেশন মিনিস্টার পার্থ দে রবীন্দ্রনাথের কবিতা নিয়ে আলোচনা করলেন। কিন্তু এখন রবীন্দ্রনাথের যুগ নয়। রবীন্দ্রনাথ যে যুগে ছিলেন তখন মাতৃভাষার দরকার ছিল। এখন অ্যাডভান্স যুগ। সব ভাষা জানতে হবে, তবেই আমাদের ছেলেমেয়েরা কমপিটিশনে আসতে পারবে তা নাহলে কিছুই হবে না। লেফট ফ্রন্ট গভর্নমেন্ট হোপলেসদের হোপ দেয়, ল্যান্ডলেসদের ল্যান্ড দেয়, কিন্তু লাস্ট ইয়ারের মনসুনেতে আমার এলাকায় পুলিশ ফোর্স ব্যবহার করে গরিব লোকেদের বাড়ি ভেঙ্গেছেন। আমার এলাকায় হিমুলে একটা মিটিং ছিল। সেখানে এইসব ব্যাপার নিয়ে গভর্নমেন্ট কো-অর্ডিনেশন কমিটির সঙ্গে আমার খুব ঝগড়া হয়েছিল। উনি বলেছেন আমার এলাকায় গরিবের ঘর বাড়ি ভাঙ্গবেন। আমি মিছিল করব। আমার চ্যালেঞ্জ রইল। এ রকম করলে কিছু হবে না। যারা ডিফলটার হয়েছিল, সে ব্যাপারে আমি তাদের কাছে গিয়েছিলাম, গরিব লোক আছে, তাই কো-অপারেটিভ লোন তারা সময় মতো শোধ করতে পারি নি। ১৯৭৯ সালে আমার এলাকায় ল্যান্ডস্লাইড হয়েছিল, সেইজন্যই ওখানকার গরিব লোকে ডিফলটার হয়েছিল। আমি সেকথা কো-অপারেটিভ ডিপার্টমেন্টকে জানিয়েছিলাম। তাসত্ত্বেও তাদের প্রপার্টি সিজ করা হয়েছে ; গরু, ছাগল ইত্যাদি নিয়ে নিয়েছে এবং কোনও ইনফরমেশন না দিয়ে সকলকে অ্যারেস্ট করেছে। জ্যোতিবাবু তার সেনাবাহিনী—পুলিশের সাহায্য নিয়ে এই কাজ করিয়েছেন। এই জন্যই তখন ওখানে অ্যাজিটেশন স্টার্ট করেছিল। আজকে দেশে ল অ্যান্ড অর্ডার কোথায়, পাওয়ার পজিশন কোথায়? শিক্ষা ক্ষেত্রে মন্ত্রীমহাশয় বড় বড় সেন্টিমেন্টের কথা বলেন। লেফট ফ্রন্ট গভর্নমেন্ট প্রাইমারি টিচারদের অবস্থা জানেন না। বিদ্যালয়ে টেক্সট

বুক নেই, আগে তো টেক্সট বুক থাকত। ওনাকে জিজ্ঞাসা করি, উনি জবাব দেবেন। গভর্নমেন্ট প্রেস থেকে কবে ছাপা হবে? উনি কি জবাব দেবেন। স্কুল আছে, টেক্সট বুক নেই, যেখানে টেক্সট বুক আছে সেখানে পার্টির কাজ চলছে। লেফট ফ্রন্ট গভর্নমেন্ট গরিব লোককে সাহায্য করবেন তবে অর্থনৈতিক উন্নতি হবে। শুধু ইন্দিরা গান্ধী, সঞ্জয় গান্ধী কি করল সেকথা বললে উন্নতি হবে না। নিজেদের ভুলটা সংশোধন করা দরকার। এসব গভর্নর স্পিচে নেই। ইট ইজ অ্যান ইউসলেস স্পিচ।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, বিরোধী পক্ষের তরফ থেকে মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে বিতর্কের সৃষ্টি হয়েছে সে বিতর্ক বিভিন্ন দিক দিয়ে সরকারের উপর দোষারোপ করা হয়েছে এবং এমন কয়েকটি গতানুগতিক তথ্য তুলে ধরা হয়েছে যা বিকৃত। তবে কিছু কিছু জবাব অবশ্য সরকার পক্ষের সদস্যদের পক্ষ থেকে দেওয়া হয়েছে। আমি সেগুলির পুনরুল্লেখ না করে শিল্প, শিল্পায়ন সম্পর্কে ২/৪টি কথা বলব। বিরোধী দলের নেতা মাননীয় শ্রী কাশীকান্ত মৈত্র মহাশয়, তার বক্তব্যের মধ্যে বলেছেন এই তিন বছরের মধ্যে আমাদের দেশে কোনওরকম শিল্পায়ন নাকি হয় নি—

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** আমি সেকথা বলিনি। কোনও রকম চ্যালেঞ্জ করিনি। হলদিয়া সম্পর্কে চেম্বার অব কমার্স যা বলেছিল সেটাই চিফ মিনিস্টারকে বলেছিলাম।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** তাহলে আমিই শুনতে ভুল করেছি।

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী জানেন হি হ্যাজ কন্ট্রাডিকটেড ইউ।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** তারা বলছেন ৩০০ কোটি টাকা যে করবেন তা তো করতে পারেন নি। তার কারণ হল এখানে প্রায় ১৫০ কোটি টাকার মতো ইনভেস্টমেন্ট ইমপ্লিমেনটেড যে হয়ে গেল তার কারণ আছে। এছাড়াও আমি একটি কথা বলব যে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে অসহযোগিতা আছে। অনেকগুলি লাইসেন্স এবং লেটার অব ইনটেন্ট তারা দেননি এই জন্য যে, তাদের বড় বড় পাবলিক আন্ডারটেকিংগুলির সঙ্গে প্রতিযোগিতা হবে বলে। মিশ্র অর্থনীতির এটা নীতি নয়। মিশ্র অর্থনীতি তারা গ্রহণ করেছেন, এবং পুঁজিবাদী সমাজে এই অর্থনীতি চালু আছে, এবং এই অর্থনীতির উপর কেন্দ্র করেই শিল্পন্নয়ন করতে হচ্ছে। এই সরকারকেও এই অবস্থা স্বীকার করে নিয়ে কাজ করতে হচ্ছে। এ ছাড়া ১৯৮১ সালে ৮২ টি প্রোজেক্ট চালু করে কাজে হাত দেওয়া হয়েছে। এই প্রোজেক্টের ইনভেস্টমেন্ট হবে প্রায় ২০০ কোটি টাকার উপর। কিন্তু ১ বছরের মধ্যে এটা হবে না—এটা করতে আরও ২/১ বছর সময় লাগবে। ১৯৮১ সাল থেকে এর ইমপ্লিমেনটেশন শুরু হয়ে গেছে। তাছাড়া, শিল্প যাতে কলকাতা শহর এবং তার আশপাশের মধ্যে না হয়ে যে সমস্ত অনগ্রসর এলাকা আছে সেখানে যাতে শিল্প গঠিত হয় তার জন্য কল্যাণী খড়গপুর এবং হলদিয়ায় আমাদের এলাকায়, ৪১৮ একর জমি দখল করে ৪৯টি ইউনিটকে বিতরণ করে সেখানে কারখানা স্থাপন করেছি, যার দ্বারা ৪০ হাজারের মতো ডাইরেক্ট এমপ্লয়মেন্ট সৃষ্টি হচ্ছে। পাবলিক আন্ডারটেকিং সম্পর্কে অনেক কথা শোনা যায়, এবং বিরোধীপক্ষের সদস্যরা এ

সম্পর্কে কিছু উল্লেখ করেছেন। কংগ্রেস আমলে এই পাবলিক আন্ডারটেকিং বিভাগের মন্ত্রী ছিলেন জয়নাল সাহেব। এই পাবলিক ল আন্ডারটেকিং যখন আমাদের হাতে এল তার আগের বছর ৫ কোটি টাকা লাভ দেখিয়েছিলেন। কোনও পাবলিক আন্ডারটেকিং-এ লাভ নেই বরং ১/২ কোটি বা ৫০ লক্ষ টাকা করে লোকসান হত। আমাদের ৪ বছরের মধ্যে এই পাবলিক আন্ডারটেকিং এ যত ডিপার্টমেন্ট আছে, তার মধ্যে ৩টিতে অলরেডি লাভ করতে শুরু করেছে। একটা হচ্ছে ইলেকট্রো মেডিক্যাল অ্যালায়েড ইন্ডাস্ট্রি লিমিটেড। ওদের সময়ে ২৪ লক্ষ টাকা লোকসান হয়েছিল—সেই ই এম এল এ তে এখন লাভ হচ্ছে। এটা ব্রেক ইভন্ শুধু নয় এতে এখন লাভ হচ্ছে। অ্যাগ্রো-ইন্ডাস্ট্রিজে লোকসান চলছিল সেই অ্যাগ্রো-ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন গত বছর থেকে লাভ করছে। ওয়েস্ট বেঙ্গল স্টেট ওয়ারহাউজিং কর্পোরেশন লোকসান করছিল সেটা এখন লাভ করছে। ডি সি এল-এ যেখানে প্রায় ৭০/৮০ লক্ষ টাকা ক্যাশ লস করছিল—এখন আমরা আশা করছি। ৩/৪ মাসের মধ্যে ক্যাশ প্রফিট করবে। এই পর্যায়ে আমরা ডি সি এল কে নিয়ে এসেছি। দুর্গাপুর কেমিক্যাল সম্বন্ধে অনেক কথা শোনা গেল যে, এই কোম্পানি কোনওদিন লাভ করতে পারিনি ; এমন পর্যায়ে আপনারা তাকে নিয়ে গিয়েছিলেন। কিন্তু এটাকে এমন পর্যায়ে নিয়ে আশা হয়েছে যে, সেখানে এখন রেকর্ড উৎপাদন শুরু করেছে। ক্লোরিন এবং কস্টিক সোডা—উৎপাদন যদি খারাপ না হত তাহলে আজকে বলতে পারতাম—এখানে মাসে ৩/৪ লক্ষ টাকা লাভ হচ্ছে। ডি পি এল এ গত বছর খুব লোকসান হয়েছে। কারণ ১৯৭৮ সালে যে বন্যা হয়েছিল সেই বন্যায় ১/২ নং কোক ওভেন সম্পূর্ণ বন্ধ করে দিতে হয়েছিল, এবং খারাপ হয়ে গিয়েছিল বলে কোক প্রোডাকশন এবং গ্যাস প্রোডাকশন হাফে নেমে যায়। অর্থাৎ ৪৭ লক্ষ টন থেকে ২০/২২ লক্ষ টনের বেশি আমরা পাচ্ছি না। গ্যাস যখন কলকাতা থেকে দেওয়া হয়েছিল ৯০ হাজার কিউবিক মিটার, সেখানে এখন আমরা ৪০-৫০ হাজার করে দিচ্ছি।

[6-30 — 6-40 p.m.]

গত বছর অত্যন্ত কম দেওয়া হয়েছিল। আমাদের ৩টা পাওয়ার স্টেশন ক্ষতিগ্রস্থ হওয়ার জন্য সেগুলো রেনোভেট করতে সময় লেগেছিল, যার জন্য গত বছর ডি পি এল পাওয়ার দিতে পারিনি। সেইজন্য সট্ টার্ম প্রোগ্রাম নিয়ে আমরা কিছুটা রেনোভেট করেছি এবং ডি পি এল কিছুটা স্টেবিলাইজ করেছে ৫০/৬০/৭০ মেগাওয়াট করে কলকাতা সিস্টেমকে বিদ্যুত সরবরাহ করেছে, এবং আমরা একটা দীর্ঘমেয়াদি পরিকল্পনাও গ্রহণ করেছি। এটা যদি আমরা সফল করতে পারি তাহলে কলকাতা সিস্টেমকে আমরা ১০০ থেকে ১২০ মেগাওয়াট দিতে পারব। কে এস এম বা কল্যাণী স্পিনিং মিল যেটা আমরা কিছুটা উন্নতি করেছি। তবে লোকসান এড়াতে পারিনি। সবচেয়ে বড় হেডেক আমাদের রয়েছে—যা আমরা এখনও এড়াতে পারি নি তা হল ওয়েস্টিং হাউস স্যাকস্‌বি ফার্মস। এই সম্পর্কে আমরা সমস্ত রকম প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি। আশা করছি যে সমস্ত অসুবিধা আছে তা কাটিয়ে উঠতে পারব। স্যাকস্‌বি কংগ্রেস আমলেও আড়াই কোটি থেকে তিন কোটি টাকা লোকসান হত। আমরা অস্বীকার করছি না যে আমাদের লোকসান হয়েছে এই বছরে এটাই গড় এর হেডেক

হয়েছে—আমি এগ্রি করি। কিন্তু এর লিগাসি আপনাকে দেখতে হবে—কোথা থেকে লিগাসি আছে। আমার যদি সময় থাকতো তাহলে আমি বিস্তারিত ভাবে বলতাম কি ভাবে হয়েছে। ডাঃ জয়নাল আবেদিন সাহেব একটার পর একটা অর্ডার দিয়ে ঐ কারখানার সমস্ত অর্ডারকে একজিকিউট করে লোকসানে দাঁড় করিয়েছেন। কার্যত যেটা স্যাকস্‌বি ফার্ম-এর কাজ নয় সেগুলির নিয়ে এটিকে আরও ডুবিয়েছেন। এগুলি আমাদের চিন্তা করতে হবে। এই কথা আপনাদের স্বীকার করতেই হবে যে আপনারা পাবলিক আন্ডারটেকিং ডিপার্টমেন্টকে এইভাবে রেখে গিয়েছিলেন। আজকে আমাদের পাবলিক আন্ডারটেকিং ডিপার্টমেন্ট সম্পর্কে অনেক চিন্তা করতে হচ্ছে। আপনারা যে কোম্পানির ফিগার এর কথা বলছেন সে কোম্পানির ফিগার আমি দেব সময় পেলে। তারপর রুগ্ন ও বন্ধ শিল্প পত্র সম্পর্কে বলা হয়েছে। কংগ্রেস আমলে ৫/৬টা কারখানা অধিগ্রহণ করা হয়েছিল। আমরা আসার পর কেন্দ্রীয় সরকারকে দিয়ে প্রায় ১০টা বন্ধ জুট মিল খুলতে পেরেছি। দুটো বড় বড় ওযুধের কারখানা বেঙ্গল কেমিক্যাল ও বেঙ্গল ইমুইনিটি আমরা কেন্দ্রীয় সরকারকে দিয়ে অধিগ্রহণ করিয়ে তা খুলিয়েছি। তাছাড়া যেগুলি কেন্দ্রীয় সরকার খুলতে রাজি হন নি এরূপ প্রায় ৭/৮টি কারখানা আমরা অধিগ্রহণ করেছি। প্রায় ১৪টা কারখানা এখন এই দপ্তরের পক্ষ থেকে চালানো হচ্ছে। মাননীয় সদস্যদের কাছে এইটুকু জানাতে চাই যে এই ১৪টা কারখানার মধ্যে ৬টা কারখানা আমরা ভায়েবল করে তুলতে পেরেছি এবং ৮টা কারখানাকে আমরা ভায়েবল করার চেষ্টা করেছি এগুলির নাম আমি বলছি। ইস্টার্ন ডিস্টিলারি, বিট্রেনিয়া ইঞ্জিনিয়ারিং কোম্পানি, অ্যাঞ্জেল ইন্ডিয়া মেশিন অ্যান্ড টুলস্‌, গ্লুকোনেট লিমিটেড, লিলি বিস্কুট, এবং ম্যাকিনটোজ বার্ন। স্যার, এই কারখানাগুলি খোলার বন্দোবস্ত করে আমাদের সরকারের পক্ষ থেকে প্রায় ৪০ হাজার শ্রমিকের বা কর্মচারীর আমরা চাকরি ফিরিয়ে দিতে পেরেছি। আপনারা নিশ্চয়ই জানেন যে, এই সমস্ত কর্মচারী যারা চাকরি হারিয়েছিলেন তারা বেকার যারা আছেন—নতুন বেকার হয়েছেন তাদের চেয়ে এদের সংসারের প্রতি দায়িত্ব বেশি। এরা ফোর্স করছিল—অনেকে আত্মহত্যা পর্যন্ত করেছেন। কিন্তু বামফ্রন্ট সরকার সেই অবস্থার পরিবর্তন করেছে। এদিক থেকে বলতে পারি শিল্প এবং বাণিজ্য দপ্তরের তরফ থেকে ওই বন্ধ কারখানা এবং অন্যান্য দিকে যে দায়িত্ব গ্রহণ করা হয়েছিল সেগুলি আমরা পালন করছি এবং এগুলি আস্তে আস্তে উন্নতির দিকে যাচ্ছে। আপনারা যে কথাগুলি বলেছেন সেগুলি তথ্যভিত্তিক নয়, শোনা কথা এবং সেইজন্য এই তথ্যভিত্তিক কথাগুলি আপনাদের সামনে রাখলাম।

**শ্রী রাম চ্যাটার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণ সমর্থন করতে উঠে আমি প্রথমেই বলতে চাই যে, আজকে চারিদিকে "সহজপাট, সহজ পাঠ" এই আওয়াজ শুনছি। আপনারা নিশ্চয়ই জানেন গত যুক্তফ্রন্ট সরকারই এই 'সহজ পাঠ' এনেছিল এবং তারপর গ্র্যাজুয়ালি চেঞ্জ হয়েছে। বিরোধীপক্ষের বন্ধুরা আমার একথাটা স্মরণ রাখবেন। একদিন বন্দোমাতরম্‌ বলতে গিয়ে যাদের চোখ দিয়ে জল বেরত তাদের উদ্দেশ্যে আজকে বলতে ইচ্ছা করে, মা, তোমাকে যারা বন্দনা করত আজকে তারা তোমার ভাষাকে বিকৃত করতে চাইছে, সেই ভাষায় কথা বলতে দিতে চাইছে না। দেশ স্বাধীন হল মাতৃভাষায়, ইংরেজি ভাষায় নয়। তাহলে অন্যায় কোথায় হল? শিশু জন্মগ্রহণ করলে, 'মা' বলে, মাদার

বলে না। গরিবের ঘরের লোকেরা ড্যাডি বলবে না, বাবা বলবে। কিন্তু সেই ভাষাকে ওঁরা তছনছ করতে চাচ্ছেন। যে ভাষা আমার আত্মার ভাষা তাকে ওঁরা স্তব্ধ করতে চাচ্ছেন। স্বাধীনতা আন্দোলনের সময় যে ভাষায় ওঁরা বন্দেমাতরম্ বলতেন সেই ভাষাকে আজকে ক্রিপল করতে চাচ্ছেন। আমরা চাই গ্রামের গরিব মানুষ, ক্ষেতমজুর বাংলাভাষায় কথা বলুক, বাংলা ভাষায় হিসেব করুক কিন্তু ওরাঁ বলছেন, না। আমরা দেশের ভান্ডার পূর্ণ করতে চাই, আমরা সব ভাল জিনিস আহরণ করতে চাই, যা কিছু ভাল জিনিস আছে দেশের মানুষ সেটা ভোগ করুক এটা আমরা চাই। ইংরেজি ভাষা হচ্ছে একটা অলঙ্কার এবং সেইজন্য আমরা বলছি মানুষ একটু বড় হোক, ভাষার দিক থেকে একটু সড়গড় হোক, তারপর সে ওই অলঙ্কার পরবে। আজকে যারা ভাষা নিয়ে এত আন্দালন করছেন তারা সকলেই তো বাংলায় বড়। দেশের গবির মানুষ বাংলাভাষায় শিক্ষা গ্রহণ করতে চায় কাজেই তাদের সেই অধিকার নষ্ট করা উচিত নয়। আপনারা কি বিদ্যাপতি এবং চন্ডীদাসের কথা ভুলে গেলেন? স্যার, যে সমস্ত পন্ডিতদের নাম আমরা ছোটবেলা থেকে শুনে আসছি, তারা আজকে এই বাংলাভাষার ব্যাপার নিয়ে কি করেছেন? আমি বলব তারা এই ভাষার ব্যাপারটা নিয়ে রাজনীতি করছেন?

কারণ আজকে দেশের সমৃদ্ধি করতে হলে ভাষা চাই। যার ভাষা নেই তার কিছু নেই। ভাষা যদি সমৃদ্ধশালী না হয় তাহলে একটা জাত সমৃদ্ধশালী হতে পারে না। আপনারা চাচ্ছেন ন্যাশনালিজিম, আপনারা চাচ্ছেন আন্দোলন, আপনারা বাংলাদেশের এই যে আকাশ বাতাস জল সব কিছু ভোগ করছেন আর সেই বাংলা ভাষার আপনারা বিরোধিতা করছেন। কারণ কিছুই নয় ঐ লালবাড়ি। ঐ লালবাড়ি রাইটার্স বিল্ডিং বহুদিনকার ভোগ করার বহুদিনকার আশা সেই আশা ব্যহত হচ্ছে তাই এত ছটফট করছেন। আশাহত মানুষের [**] মতো এদিক ওদিক করছেন। যা ঠিক তাকে বেঠিক করতে চাচ্ছেন। তাই আপনাদের কাছে বলছি একটু স্থির হন, একটু ভাবুন না এরা কি করতে চাচ্ছেন এরা আমাদের বিরুদ্ধে হলেও এরা কি করতে চলেছেন। ওরা বাংলা ভাষাকে জোরদার করতে চলেছেন, সমৃদ্ধশালী করতে চলেছেন। দীর্ঘদিন ইংরাজ ছিল ঠিকই তো তার ভাল কিছু আমরা নিয়েছি, আরও নিতে চাই। এরা বড় হোক, সেগুলি ফেলে দিতে চাইনা। মাদ্রাজের দিকে দেখুন তারা নিজেদের ভাষাই রেখেছে হিন্দি তো নেয়নি। কৈ সেখানে তো কোনও চেঁচামেচি হচ্ছে না। প্রত্যেক দেশে কোথায় নিজেদের ভাষা নেই। প্রত্যেক দেশে নিজের ভাষা আছে। তারা নিজের ভাষায় গান গাইতে গাইতে শহিদ হয়ে যায়। কিন্তু এখানে দেখছি ভাষার বিরুদ্ধে এইভাবে একটা ইউনাইটেড ট্রাই, কিভাবে এই ফ্রন্টটাকে শেষ করা যায়, কিভাবে তাদের জিঘাংসাকে চরিতার্থ করা যায় তার চেষ্টা হচ্ছে। কিন্তু এইভাবে ইউনাইটেড ট্রাই করে সরানো যায় না। কারণ আমরা জানি হাজার হাজার লক্ষ লক্ষ মানুষ রয়েছে, যারা এখনও পুরো লেখাপড়া শেখেনি, আমরা চাচ্ছি যে বয়স্করা তোমরাও কিছু শেখ। যে বাংলা ভাষায় কথা বলে সংবাদপত্র দেখে আমাদের দেশকে এগিয়ে নিয়ে যাবে। তাইজন্যে আপনাদের কাছে বলছি এখন সকলে

Note *Expunged as ordered by the chair.

একসঙ্গে এগিয়ে চলি এই ভাষার মাধ্যমে। এই ভাষার জন্য জয়নাল সাহেব জানেন বাংলা দেশের মানুষ জেগে উঠেছিল। এই ভাষা নিয়ে হয়তো কারও টিকি অন্য জায়গায় বাধা থাকতে পারে কিন্তু এই ভাষা নিয়ে আমরা এগুচ্ছি এবং এগিয়ে যাব। যার ভাষা নেই তার কিছু নেই। আপনারা বলতে পারেন যে বিহারে হিন্দী ভাষা নয়, সে ক্ষমতা আপনাদের নেই। এখানে ফ্রন্ট সরকার আছে তাই প্রতি মুহূর্তে ভাল কাজ করলেও বলেন খারাপ আর খারাপ হলে তো কথাই নেই। এই হচ্ছে অবস্থা। তাইজন্য আমি বলছি যে এই যে ভাষা এই ভাষাকে সমর্থন করবার জন্য আপনারা আমরা সকলে মিলে আসুন একযোগে এগিয়ে যাই কারণ অন্ধ বিরোধিতা নিয়ে এগুলে চলবে না। এই তো অবস্থা। আর আপনাদের মুখে কি শুনছি, ল' অ্যান্ড অর্ডার। ওরে বাপরে ল' অ্যান্ড অর্ডারটি ব্রেকটা কত বেড়ে গিয়েছে। হরিপদবাবু জানেন ঐ কংগ্রেস আমলে দিনের পর দিন কারার অন্তরালে পথে প্রান্তে তারা কত গরিব মানুষের রক্ত ঝরিয়েছে। মানুষ দেখেছে, আমরাও দেখেছি কংগ্রেস আমলে ল' অ্যান্ড অর্ডার কি ছিল। আমরা জানি খাতা চটা সব এম এ পাস করে গেল। খাতা নিয়ে এসে তাতে সই করলেই এম এ পাস। আমরা দেখেছি তখন ল' অ্যান্ড অর্ডার কি, রাতারাতি পরেশ নাথের ওখানে, গোটা ব্যারাকপুর বেল্টে সমস্ত বাক্সগুলি রাত্রে গাড়িতে পাচার হচ্ছে। আমরা দেখেছি পান্ডুয়াতে বৈঁচি ফ্যান্সি ক্লাব পুলিশের সঙ্গে এসে গরিব মানুষের বাড়ি থেকে মুরগি হাঁসটা নিয়ে যাচ্ছে, বাড়ির জানলা খুলে নিয়ে যাচ্ছে। এই তো ছিল ল' অ্যান্ড অর্ডার।

ল অ্যান্ড অর্ডার আপনারা ভাঙতে পারছেন না, সেজন্যই আপনার ল অ্যান্ড অর্ডারের বিরোধিতা করছেন, আমরা ল অ্যান্ড অর্ডার ভাঙতে দিতে চাই না, লক্ষ লক্ষ মানুষ এর পেছনে আছে, আমরা ল অ্যান্ড অর্ডার ভাঙতে দিই না, আপনারা ল অ্যান্ড অর্ডারকে সম্মান দেন না, কিন্তু আমরা সম্মান দিই। আজকে আসুন আমরা সকলে মিলে, আমি আবেদন করছি, আজকে যাতে এই ল অ্যান্ড অর্ডার রাখতে পারি তার চেষ্টা করি। আজকে যারা রিভলভার নিয়ে ঘুরে বেড়াচ্ছে তারা ধরা পড়েছে। বাংলাদেশ থেকে হাজার হাজার রিভলবার আমদানি করে আপনারা যাদের মধ্যে ডিস্ট্রিবিউট করেছেন আজকে তারা ধরা পড়ছে। তাই বলছি আমরা ল অ্যান্ড অর্ডার রাখব। সেজন্য আমি আহ্বান জানাচ্ছি, আসুন এক সঙ্গে চেষ্টা করি, আমাদের সমর্থন করুন। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আই রাইজ অন পয়েন্ট অব অর্ডার আন্ডার রুল থ্রি টুয়েন্টি এইট, মাননীয় মন্ত্রী শ্রী রাম চ্যাটার্জি বক্তৃতা করার সময়, ইউ নো, উনি বলেছেন পাগল কুকুরের মতো ওঁরা ছটফট করছেন। You know opposition has the democratic right to oppose the government under democratic way Chief Minister will not possibly disagree with me. আপনি সুবিধামতো দেখে নেবেন। আমি ইন্টারভেনশন করলে, আপনি বিরক্ত হন, আমাদের এদিকে কেউ এখন নেই, চলে গেছেন if they behave like this এটা বলার কথা, চিফ মিনিস্টারের সামনে একথা বলেছেন। If you allow this to go on I am sorry, Mr. Speaker, Sir, as a part of protest to this behaviour, because it is below the dignity of Parliamen-

tary democracy. আমার চিফ মিনিস্টারের বক্তৃতা শোনার ইচ্ছা ছিল কিন্তু এর প্রতিবাদে, অশালীন মন্তব্যের প্রতিবাদে, অশোভন ব্যবহারের প্রতিবাদে অশোভন ভাষার প্রতিবাদে আমি হাউস ত্যাগ করছি অর আদারওয়াইজ এটা এক্সপাঞ্জ করুন।

**Mr. Speaker :** I will have to look into it and then request him to withdraw if I find it unparliamentary I will have to see the record.

**শ্রী জ্যোতি বসু ঃ** আমি বলছি, উনি একথা যদি বলে থাকেন, আমার ধারণা নিশ্চয়ই এটা আনপার্লামেন্টারি এটা উইথড্র করে নিতে হবে, না হয় এক্সপাঞ্জ করে নিতে হবে, (ডাঃ জয়নাল আবেদিন ঃ থ্যাঙ্ক ইউ স্যার।) আমি ভাল করে শুনিনি, যদি এটা বলে থাকেন তাহলে Certainly unparliamentary।

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** রামবাবু আমাদের পুরানো দিনের বন্ধু, আমি তাকে অনুরোধ করব, উত্তেজনার বশে উনি একথা বলে ফেলেছেন, আমি দুঃখ পেয়েছি, আমি তাকে অনুরোধ করব যে উনি এটা উইথড্র করে নিন।

**শ্রী রাম চ্যাটার্জি ঃ** আমি কাশীবাবু বা জয়নাল সাহেব কাউকেই একথা বলিনি, আমি বলেছি—'পাগলা কুকুর যেমন ক্ষেপে যায়'— এতে যদি কেউ আঘাত পেয়ে থাকেন, নিশ্চয়ই আমি সেটা উইথড্র করছি।

**শ্রী জ্যোতি বসু ঃ** স্পিকার মহাশয়, আমি যা শুনেছি এবং যা নোট নেওয়া হয়েছে আমি যখন ছিলাম বিশেষ করে বিরোধী দলের বন্ধুরা যা বলেছেন সেই নোট আমার কাছে আছে। আমি দেখতে পাচ্ছি এর মধ্যে কিছু কিছু উত্তর দেওয়া হয়ে গেছে এবং সেইজন্য আমার উত্তর দেওয়া সহজ হয়ে গেছে। যা হোক রাজ্যপালের বক্তৃতার উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে আমি সেই প্রস্তাবকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। এটা দেখা যাচ্ছে যেভাবে সংশোধনী দেওয়া উচিত সেইভাবে দেওয়া হয় নি। কেউ কেউ দিয়েছেন আবার অনেকে দেন নি এবং সংশোধনী না দিয়েই বক্তৃতা দিয়েছেন। সংশোধনী দিলে খানিকটা সুবিধা হয়। কতকগুলি বিষয় আছে যেগুলি সম্বন্ধে নানা রকম পরিসংখ্যান দেওয়া হয়েছে আইন শৃঙ্খলা সম্বন্ধে বলা হয়েছে শিল্প সম্বন্ধেও বলা হয়েছে। শিল্প সম্বন্ধে ডাঃ কানাইবাবু বলেছেন এবং বাজেটের সময় পুঙ্খানুপুঙ্খরূপে আলোচনা হবে। আমি শুধু যে নোট নেওয়া হয়েছে, সে সম্বন্ধে দু চার কথা বলব। কাশীকান্ত মৈত্র মহাশয় যা বলেছেন যে সব নাকি এখন সমস্যা। কি মানে বুঝতে পারলাম না। আমি নাকি বিরোধী দলে যখন ছিলাম তখন এই সমস্ত সমস্যা আমি সমাধান করতাম। তা কি করে করব সরকারই সমস্যার সমাধান করবেন। আমরা বলতাম দৃষ্টি আকর্ষণ করতাম তাতে সরকার করুন না করুন সেটা তাদের ইচ্ছা। উনি বলেছেন বিদ্যুতের ক্ষেত্রে সমস্যা আরও জটিল হয়ে গেছে। জানি না কোথা থেকে উনি বললেন। আমি বলতে পারি পরিস্থিতি এখন একটু ভাল হয়ে গেছে। এই সব আগেকার কথা। এটা তো এক বছর দু বছর তিন বছর ধরে বলা হচ্ছে। নতুন পরিস্থিতির কথা বললে ভাল হত। আমি আশা করব সেই অবস্থা যাতে ভাল থেকে যায়। আমরা এর দিকে

একসঙ্গে এগিয়ে চলি এই ভাষার মাধ্যমে। এই ভাষার জন্য জয়নাল সাহেব জানেন বাংলা দেশের মানুষ জেগে উঠেছিল। এই ভাষা নিয়ে হয়তো কারও টিকি অন্য জায়গায় বাধা থাকতে পারে কিন্তু এই ভাষা নিয়ে আমরা এগুচ্ছি এবং এগিয়ে যাব। যার ভাষা নেই তার কিছু নেই। আপনারা বলতে পারেন যে বিহারে হিন্দী ভাষা নয়, সে ক্ষমতা আপনাদের নেই। এখানে ফ্রন্ট সরকার আছে তাই প্রতি মুহূর্তে ভাল কাজ করলেও বলেন খারাপ আর খারাপ হলে তো কথাই নেই। এই হচ্ছে অবস্থা। তাইজন্য আমি বলছি যে এই যে ভাষা এই ভাষাকে সমর্থন করবার জন্য আপনারা আমরা সকলে মিলে আসুন একযোগে এগিয়ে যাই কারণ অন্ধ বিরোধিতা নিয়ে এগুলে চলবে না। এই তো অবস্থা। আর আপনাদের মুখে কি শুনছি, ল' অ্যান্ড অর্ডার। ওরে বাপরে ল' অ্যান্ড অর্ডারটি ব্রেকটা কত বেড়ে গিয়েছে। হরিপদবাবু জানেন ঐ কংগ্রেস আমলে দিনের পর দিন কারার অন্তরালে পথে প্রান্তে তারা কত গরিব মানুষের রক্ত ঝরিয়েছে। মানুষ দেখেছে, আমরাও দেখেছি কংগ্রেস আমলে ল' অ্যান্ড অর্ডার কি ছিল। আমরা জানি খাতা চটা সব এম এ পাস করে গেল। খাতা নিয়ে এসে তাতে সই করলেই এম এ পাস। আমরা দেখেছি তখন ল' অ্যান্ড অর্ডার কি, রাতারাতি পরেশ নাথের ওখানে, গোটা ব্যারাকপুর বেল্টে সমস্ত বাক্সগুলি রাত্রে গাড়িতে পাচার হচ্ছে। আমরা দেখেছি পান্ডুয়াতে বৈঁচি ফ্যান্সি ক্লাব পুলিশের সঙ্গে এসে গরিব মানুষের বাড়ি থেকে মুরগি হাঁসটা নিয়ে যাচ্ছে, বাড়ির জানলা খুলে নিয়ে যাচ্ছে। এই তো ছিল ল' অ্যান্ড অর্ডার।

ল অ্যান্ড অর্ডার আপনারা ভাঙতে পারছেন না, সেজন্যই আপনার ল অ্যান্ড অর্ডারের বিরোধিতা করছেন, আমরা ল অ্যান্ড অর্ডার ভাঙতে দিতে চাই না, লক্ষ লক্ষ মানুষ এর পেছনে আছে, আমরা ল অ্যান্ড অর্ডার ভাঙতে দিই না, আপনারা ল অ্যান্ড অর্ডারকে সম্মান দেন না, কিন্তু আমরা সম্মান দিই। আজকে আসুন আমরা সকলে মিলে, আমি আবেদন করছি, আজকে যাতে এই ল অ্যান্ড অর্ডার রাখতে পারি তার চেষ্টা করি। আজকে যারা রিভলভার নিয়ে ঘুরে বেড়াচ্ছে তারা ধরা পড়েছে। বাংলাদেশ থেকে হাজার হাজার রিভলবার আমদানি করে আপনারা যাদের মধ্যে ডিস্ট্রিবিউট করেছেন আজকে তারা ধরা পড়ছে। তাই বলছি আমরা ল অ্যান্ড অর্ডার রাখব। সেজন্য আমি আহ্বান জানাচ্ছি, আসুন এক সঙ্গে চেষ্টা করি, আমাদের সমর্থন করুন। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আই রাইজ অন পয়েন্ট অব অর্ডার আন্ডার রুল থ্রি টুয়েন্টি এইট, মাননীয় মন্ত্রী শ্রী রাম চ্যাটার্জি বক্তৃতা করার সময়, ইউ নো, উনি বলেছেন পাগল কুকুরের মতো ওঁরা ছটফট করছেন। You know opposition has the democratic right to oppose the government under democratic way Chief Minister will not possibly disagree with me. আপনি সুবিধামতো দেখে নেবেন। আমি ইন্টারভেনশন করলে, আপনি বিরক্ত হন, আমাদের এদিকে কেউ এখন নেই, চলে গেছেন if they behave like this এটা বলার কথা, চিফ মিনিস্টারের সামনে একথা বলেছেন। If you allow this to go on I am sorry, Mr. Speaker, Sir, as a part of protest to this behaviour, because it is below the dignity of Parliamen-

ভট্টাচার্য মহাশয় দিয়েছেন আরও বলবেন যখন বাজেটের সময় আলোচনা হবে। কিন্তু আমি বলতে চাই, এমন কি বিদ্যুতের যে সঙ্কট সেজন্যও তো লে অফ হয়নি। সেই ব্যবস্থাই তো ইউনিয়ানগুলির সঙ্গে, শ্রমিকদের সঙ্গে, মালিকদের সঙ্গে করা হয়েছে। লে অফ হলে তো তুমুল কান্ড হয়ে যেত। সেখানে বিশেষ কিছু এ বিষয়ে হয়নি। তারপর বলেছেন বেকারি বাড়ছে। নিশ্চয় বেড়েছে। যেখানে ধনতান্ত্রিক, সামন্ততান্ত্রিক ব্যবস্থা—এটাও আমি শ্রীমতী গান্ধীকে ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিলের মিটিং-এ বলেছি যতই আপনারা চিৎকার করুন, যতই আপনারা পঞ্চ বার্ষিকী পরিকল্পনা সম্বন্ধে আমাদের আশা দিন—এক বছর হয়ে গিয়েছে আর ৪ বছর পরে বেকারত্ব ঘোচাবার দিকে আপনারা যাবেন, সমাজবাদ আসবে ইত্যাদি যাই বলুন আমরা বলছি কিছুই হবে না বরং বেকার বাড়বে অর্থনৈতিক এই ব্যবস্থা যতদিন থাকবে। উনি বললেন, এটা আমার পিতা প্রণয়ন করেছিলেন, এটাই আমি রাখব-মিক্সড ইকনমি। অর্থাৎ এখানে ধনতন্ত্র থাকবে, সামন্ততন্ত্র থাকবে, একচেটিয়া পুঁজিপতি থাকবে, দেশি-বিদেশি কোম্পানিও থাকবে, গরিব মানুষও থাকবে, ক্ষেতমজুরও থাকবে সবই থাকবে এবং এতেই নাকি উন্নতি হবে। আমরা কিন্তু এটা বিশ্বাস করি না। আমরা কোনও ফাঁকা কথা মানুষকে বলি না। কেউ বলতে পারেন আমরা মানুষকে একথা বলেছি যে এখানে, পশ্চিমবঙ্গে আমাদের পাঠিয়েছেন বলে পশ্চিমবঙ্গকে আলাদা করে নিয়ে বা বামপন্থী সরকার যেখানে আছে সেই জায়গাটা আলাদা করে নিয়ে আমরা বেকার সমস্যার সমধান করে দেব? এটা হতে পারে কখনও? এটা কখনই হতে পারে না। এসব অসত্য কথা কেন বলতে যাব আমরা মানুষকে? কিন্তু এরমধ্যেও মানুষের উপর যে চাপ সৃষ্টি হয়েছে তাকে কতটা লাঘব করতে পারি সেটাই আমরা দেখছি এবং সেই কাজ আমরা করে যাচ্ছি।

এ সম্বন্ধে আমি আর এখন বিশদভাবে কিছু বলছি না, পরবর্তীকালে বিশদভাবে বলা যাবে। ভোলানাথ সেন মহাশয়, তিনি তো থাকেন না, এসে যা খুশি বলে দিয়ে চলে যান। উনি অনেক পরিসংখ্যান দিলেন—এসব পরিসংখ্যান কোথা থেকে পান জানি না। খুন, ডাকাতি, রাহাজানি এইসবের কথা বললেন। দফাওয়ারি বাজেট আলোচনা যখন হবে তখন এ সম্বন্ধে বলা যাবে কাজেই আমি আর এখন এ সম্বন্ধে কিছু বলছি না। উনি বর্গা রেকর্ড নিয়ে অনেক কথা বললেন। ১০।। লক্ষ বোধ হয় রেকর্ড হয়েছে, উনি বলেছেন, প্রকৃত বর্গাদার যারা তারা এটা নয়। তাহলে কারা এটা? আমরা তো কংগ্রেস, কমিউনিস্ট, বামপন্থী এসব দেখিনি বর্গা রেকর্ডিং-এর সময়। উনি এইসব কথা বলে চলে গেলেন। তারপর উনি বললেন, আমরা বেকার-ভাতা দিচ্ছি কেন? উনি এটা পছন্দ করছেন না। পছন্দ করবেন না আমরা জানি। কেন্দ্রীয় সরকারও দেবেন না, কংগ্রেসি সরকার যখন এখানে ছিল তারাও কোনওদিন দেন নি, কাজেই উনি পছন্দ করছেন না। তবে আমি শুনেছি কয়েকটি কংগ্রেস (ই) শাসিত রাজ্য এইরকম একটা স্কীম নিচ্ছেন। এই রাজ্যগুলিকে উনি কি বলবেন সেটা উনিই ঠিক করবেন। এইভাবে উনি সমালোচনা করে গেলেন। তারপর উনি বলেছেন, ৩।। বছরে এখানে একটিও উন্নয়ন প্রকল্প হয়নি—নতুন হাসপাতাল, রাস্তা কিছুই হয়নি। এর জবাব কি দেব আমি জানি না, জবাব দেবার কিছু নেই। তবে এটুকু বলতে পারি সম্পূর্ণ দায়িত্বজ্ঞানহীন লোক, এখানে কখনও কখনও কোর্ট প্যান্ট পরে আসেন এবং তারপর

কোথায় চলে যান তারমধ্যে যা খুশি বলে দিয়ে যান। এই লোক নাকি আবার কংগ্রেসের মুখ্যমন্ত্রী হতে যাচ্ছেন যদি ওরা রাজত্ব পায়। পশ্চিমবাংলার এই রকম দুর্মতি হবে বলে আমি মনে করি না। যদি হয় সর্বনাশ হয়ে যাবে। তারপর উনি বলেছেন যে ইংরাজি শিক্ষা তুলে দেবার চেষ্টা করে সরকার বাঙালির সংস্কৃতির মূলে কুঠারাঘাত করতে চলেছেন। এইসব কথার মানে আপনারা কেউ বুঝতে পারছেন কি, আমি তো বুঝতে পারছি না। তারপর বলেছেন, নেতাজি আই এন ও-তে আই এন ও-এর ভাষা হিন্দি, ইংরাজি স্ক্রিপ্টে করেছিলেন। তা স্ক্রিপ্টের সঙ্গে ভাষার কি সম্পর্কে আছে? কোনও সম্পর্ক নেই। **(ভয়েস ঃ রোম্যান স্ক্রিপ্টে করেছিলেন)** রোম্যান স্ক্রিপ্টে করেছিলেন কিন্তু তার সঙ্গে ভাষার কি সম্পর্ক আছে? তারপর আবার সেই সহজ পাঠ। আবার এটা বারে বারে বলতে হচ্ছে যে কংগ্রেস, এস ইউ সি আরও অনেকে যারা এই সব আন্দোলন করছেন, মুষ্টিমেয় কিছু বুদ্ধিজীবী, তারা কোনওদিন বলেন নি সহজ পাঠের কথা যখন এই বই লেখা হয়েছিল এবং আমরা যখন যুক্তফ্রন্টের ছিলাম, আমরা এটা প্রবর্তন করেছি এবং তখনই হাজার হাজার, লক্ষ লক্ষ ছাপা হয়েছে এবং বিনামূল্যে ছাত্র ছাত্রীদের মধ্যে দেওয়া হয়েছে। হঠাৎ সব জেগে উঠেছেন রবীন্দ্রনাথের ভক্ত। একটা কথাও কেউ কোনওদিন আমাদের বলেন নি এই সহজ পাঠ সম্পর্কে। সহজ পাঠ আছে, আমরা বলেছি আলোচনা চলছে, থাকবে, দেখাযাক মানুষ কি বলে। শান্তিনিকেতনেও সহজ পাঠ পড়াত বলে আমরা জানি না ক্লাস ওয়ান থেকে, যা খোঁজ খবর আমাদের কাছে আছে। এই হচ্ছে তাদের বক্তৃতার নমুনা। তারপর এস ইউ সি-র কথা না বলাই ভাল। ওরা খুব উৎফুল্ল হয়েছেন, ভাবছেন এইসব লোককে—কোথাও ক্ষেতমজুরকে হাজির করে দিয়েছেন, কোথাও কলকারখানা থেকে লোক আনছেন, আর এদিকে বুদ্ধিজীবীদের জেলে পাঠিয়ে দিচ্ছে।

জেলে তারা যাচ্ছে না। তারা আইন অমান্য করছেন, আমি তাদের বলেছি বাড়ি চলে যান, কেন অনর্থক এই সব করবেন। ওরা বলেছেন যে ২১টি রাজ্য এবং ৯টি কেন্দ্র শাসিত অঞ্চলের মধ্যে ১৪টি রাজ্যে প্রাথমিক স্তরে ইংরাজি শেখানো হয়। আমরা বলেছি যে আমরা ৫ ক্লাস থেকে পড়াচ্ছি, ক্লাস ৬ থেকে বাধ্যতামূলক এবং ১২ ক্লাস পর্যন্ত বাধ্যতামূলক। কলেজে উঠে সায়েন্স এবং কমার্স ছিল না, ঐচ্ছিক হলেও সেটা প্রবর্তন করছি, আমরা বাড়িয়ে দিচ্ছি ব্যবস্থাটা। আমরা দেখেছি এক নাগাল্যান্ড ছাড়া প্রথম শ্রেণীতে কোথাও ইংরাজি নেই ভারতবর্ষে এবং এই হচ্ছে অবস্থা। তারপর কোনও জায়গায় ৩ ক্লাস থেকে পড়ানো হয়, কোনও জায়গায় ৪ ক্লাস থেকে পড়ানো হয়, কোনও জায়গায় ৫ ক্লাস থেকে পড়ানো হয়। যেমন ৫ ক্লাস থেকে অন্ধ্রপ্রদেশ, গুজরাট ঐচ্ছিক, কর্ণাটকে, কেরলে, মহারাষ্ট্রে। আবার চতুর্থ শ্রেণী থেকে হয় আসামে, হিমাচল প্রদেশ, মেঘালয়ে, উড়িষ্যায়। তৃতীয় শ্রেণীতে আছে তামিলনাড়ু, ত্রিপুরা মনিপুরে। এক, দুই ক্লাসে একমাত্র নাগাল্যান্ড ছাড়া কোথাও নেই। এই হচ্ছে অবস্থা। এখন এইসব অসত্য প্রচার করা হচ্ছে। এই সব কথা হচ্ছে কারণ ওদের সমস্ত যুক্তিগুলি দুর্বল। মানুষ এগুলি গ্রহণ করছে না তবু মানুষকে বোঝানো হচ্ছে, তাদের বলা হচ্ছে। আমি আশ্চর্য হয়ে গেলাম, হরিপদবাবু বলেছেন যে আমরা প্রতিযোগিতায় হেরে যাব। কি করে হারব? কাদের সঙ্গে প্রতিযোগিতা? ফরাসিদের সঙ্গে, জার্মানদের সঙ্গে, জাপানিদের সঙ্গে, কার সঙ্গে প্রতিযোগিতা? প্রতিযোগিতা যদি হয় সেটা নিজেদের মধ্যে ভারতবর্ষে।

সেখানে ইংরাজি পড়ানো হয় না, এখানেও হবে না। আবার সেখানে ৬ ক্লাস, ৫ ক্লাস, ৪ ক্লাসে ইংরাজি পড়ানো হয় এখানেও হবে। প্রতিযোগিতায় আমরা দাঁড়াব না কেন? প্রতিযোগিতায় যদি অন্য কোনও কারণে আমরা পিছিয়ে থাকি তাহলে সেই কারণটা আপনারা খুঁজুন। ডিসেম্বর পর্যন্ত তো ছিল, আস্তে আস্তে উঠবে, এখনও এ বছর থাকবে এক, দুই ক্লাস বাদ দিয়ে। আবার হরিপদবাবু বললেন যে এত সব বক্তৃতা দিচ্ছেন অথচ নিজেদের ছেলেমেয়েদের বিলেতে পাঠিয়ে ভাল করে লেখাপড়া শিখিয়ে আনছেন—এই রকম দাস সুলভ মনোভাব আমি কখনও শুনিনি।

[7-00 — 7-10 p.m.]

এরকম দাসসুলভ মনোভাব আমি কখনও দেখিনি। এই যে ভারতবর্ষের লোক বৈজ্ঞানিক হচ্ছেন, ডাক্তার হচ্ছেন, তারাকি কিছুই নন? ওই বিলেত গেলেই একেবারে দিগ্‌গজ হয়ে আসবে এসব কথার অর্থ কি? কাজেই বলা যায় আমাদের বিরোধিতা করবার জন্যই এই সমস্ত কথা বলছেন। একজন প্রাক্তন ভাইস-চ্যান্সেলর বলেছেন তাঁর কাছে স্ট্যাটিসটিক্স রয়েছে যারা ইংরেজি স্কুলে পড়েছে তারাই নাকি সব শীর্ষস্থান অধিকার করেছে। কিন্তু আমার কাছে তো উল্টো স্ট্যাটিসটিক্স রয়েছে। এই যে মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক স্কুলে ছেলেদের প্রাইজ দিতে যাই সেখানে দেখেছি বাংলাভাষার মাধ্যমে লেখাপড়া হচ্ছে এই সমস্ত ভাল ভাল স্কুলের ছেলেরা প্রাইজ নিয়ে যাচ্ছে। কাজেই দেখা যাচ্ছে ওরা ভুল তথ্য দিচ্ছেন। কিন্তু কৈ, সত্যেন বসুর কথা তো একবারও বললেন না? রবীন্দ্রনাথের কথা সকলেই জানেন, কিন্তু সেকথাও তো ভাল করে বলেননি। অবশ্য স্বাধীনতার পরে হবে বলে রবীন্দ্রনাথ যেটা আশা করেছিলেন সেটা হয়ত হয়নি—অর্থাৎ ডাক্তার হবে, ইঞ্জিনিয়ার হবে। কিন্তু ওই নিচু ক্লাসে বিজ্ঞান, অঙ্ক, অ্যালজাবরা কোন ভাষায় পড়ে? আমি তো দেখছি সবই আমাদের নিজেদের ভাষায় লেখা হচ্ছে, পড়ানো হচ্ছে। তারা কি শীর্ষস্থানে যেতে পারছে না? ৬ থেকে ১২ ক্লাস পর্যন্ত যদি আমরা ছেলেমেয়েদের পড়াই তাহলে কি তারা ওই ভাষা শিখতে পারবে না? এস ইউ সি-র মাননীয়সদস্য বলেছেন স্টেটসম্যান কাগজে একজন লিখেছেন। আমি সেটা পড়েছি এবং গৌতম চ্যাটার্জি স্টেটসম্যান—এ চিঠি লিখে সেটা পরিষ্কার করে দিয়েছেন। তারপর, আমার বন্ধু প্রাক্তন জজসাহেব শ্রী শঙ্করপ্রসাদ মিত্র বলেছেন আমি নাকি গোয়েবলস্‌-এর মতো কথা বলছি। শুধু তাই নয়, তিনি বলেছেন রাশিয়ায় এবং চীনে প্রথম ক্লাস থেকে পড়ানো হয়। তিনি কবে থেকে রাশিয়া এবং চিনের ভক্ত হলেন জানিনা। তিনি যখন মন্ত্রী ছিলেন এখানেই কোথাও বসতেন এবং আমাদের বিরুদ্ধে শুধু বিষোদ্গার করতেন। যা হোক, আমি ওখানকার কিছু তথ্য দিচ্ছি। রাশিয়ায় ৬ ক্লাস পর্যন্ত অন্য ভাষা পড়ানো হয় না। রাশিয়া একটা কমন ভাষা করতে চায় তাদের রিপাব্লিকের মধ্যে নিচু ক্লাস থেকে এবং সেটাও ঐচ্ছিক। কেউ কেউ বলেছেন আন্তর্জাতিক ভাষা ইংরেজি ভাষা। আমি অন্য দেশে গিয়েছি এবং দেখেছি ইংরেজি জানা লোকই পাওয়া যায় না—মুষ্টিমেয় লোক ইংরেজি পড়েন। ইংরেজি আন্তর্জাতিক ভাষা একথাটার মানে কি? অনেক ভাষাই তো রয়েছে। বরীন্দ্রনাথ কবে বলেছিলেন জাপানি ভাষায় যদি বৈজ্ঞানিক, ডাক্তার, ইঞ্জিনিয়র হতে পারে তাহলে বাংলাভাষায় হবে না কেন?

তবে আমাদের অবস্থা নেই, তবে উনি বলেছেন যে লোকে বলেন বই-পুস্তক নেই-তা সেইসব বই পুস্তক লেখা আরম্ভ করতে হবে। আমরা পারি নি পুরোপুরি এই ব্যাপারে আমাদের অভিযোগ দিতে পারেন কিন্তু উল্টো অভিযোগ আমরা মানব কি করে? সেইজন্য আমি বলছি যে, কত জিনিস নিয়ে আন্দোলন আছে, অনর্থক এই ব্যাপারটা নিয়ে কেন জল ঘোলা করা এটা আমি বুঝতে পারছি না। আমরা যাদের সঙ্গে পরামর্শ করেছি—যতগুলি শিক্ষকদের প্রতিষ্ঠান ছিল যতগুলি আমরা জানতাম—তখন আমরা কংগ্রেস কমিউনিস্ট বা বামপন্থী এইসব তো আমরা দেখিনি—তাদের সঙ্গে আলোচনা করে তো এগুলি করা হয়েছে। তখন তো কেউ কিছু বলেননি? বিজ্ঞাপন বেরিয়েছিল, তখন কেউ কিছু বলেন নি আর এখন হঠাৎ একটা এইভাবে এমন বেরিয়ে গেল যে সহজ পাঠকে আমরা সংশোধন করছি। এই সব মিথ্যা যদি বেরোয় তাহলে খুব কঠিন তবে মিথ্যা কতদিন টিকবে। সেইজন্য আমি এইসবের মধ্যে যাচ্ছি না। অনেকে বঙ্কিমচন্দ্র, বিদ্যাসাগরের নাম বলেছেন আমি আর এইসবের মধ্যে যাচ্ছি না। তারপর ডাঃ জয়নাল আবেদিন সাহেব বলেছেন, আমাদের সরকার ক্ষমতা লাভের আগে নাকি বেকারদের কর্মসংস্থান ব্যবস্থা ছিল কিন্তু বর্তমানে বিশেষ দলের সমর্থক না হলে তাদের কাজের সংস্থান অসম্ভব। অদ্ভুত সব কথা। অসত্য কথা যে কত বলা যায় তা ওনার ভাষণের মধ্যে প্রকাশ পাচ্ছে। ওদের রাজত্বে তো দেখলাম বিশেষ করে ১৯৭২ সালের পর থেকে নানা কমিটি—ঐ এম এল এদের বলা হল ওপেন স্টেটমেন্ট যে তোমরা ১০ থেকে ২০ জনের নাম দাও, মন্ত্রীদের বলা হল যে, তোমরা নাম দাও। তখন ঐ এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ কোথায় কি? ঐ রাইটার্স বিল্ডিংস-এ বসে লিখে দিলেন একে চাকুরি দিতে হবে। হাজার হাজার বিদ্যুত পর্ষদ থেকে আরম্ভ করে ঐ দুর্গাপুরের বিভিন্ন প্রতিষ্ঠানে এমন কি ব্যক্তিগত মালিকানায় যে শিল্প চলছে তাদেরকেও বলা হল চিঠি দিয়ে যে, এদেরকে তোমাদের নিতে হবে। তার মধ্যে সমাজ বিরোধী আছে, ভাল হয়তো কিছু আছে কিন্তু কংগ্রেসি না হলে চলবে না। পারমিট লাইসেন্স যারা নিতে আসতো তাদেরকে বলা হত, কটা খুন করেছো, কটা বামপন্থীকে আক্রমণ করেছো, যদি বেশি করে থাকো তাহলে দুটো ট্যাক্সির পারমিট পাবে আর যদি কম করে থাকো তাহলে একটা ট্যাক্সির পারমিট পাবে। এইভাবে আজও তো হচ্ছে, আমি দেখেছি ঐ মালদাতে হচ্ছে। আমি দেখিনি? এইসব আমাকে খবর নিতে হবে। মালদা যেন একমাত্র পশ্চিমবাংলার জায়গায় রয়েছে কারণ বরকত গণিখান সাহেব ওখান থেকে এসেছেন। দুই মাইল, তিন মাইল অন্তর অন্তর ব্যাঙ্কের শাখা করতে হবে। আমাদের আর জেলা নেই, পশ্চিমবাংলার মানুষের আর কোনও সাহায্যের দরকার নেই। ঐ ব্যাঙ্ক অথরিটি যারা তারাও তো ঘাবড়ে গেছেন যে, আমরা কি করব? দিল্লি থেকে বসে ঢালাও পারমিট দেওয়া হচ্ছে যাদের তারা কারা? ঐ কংগ্রেস (আই)। কারা তারা যাদের দেওয়া হল। কয়লার পারমিট? সুতরাং এইসব জিনিস হচ্ছে। সেইসব কয়লাগুলি গেল কোথায়? যেটুকু ক্ষমতা আছে তারও অপব্যবহার করা হচ্ছে। আর এখানে বলা হচ্ছে এই সমস্ত কথা। আমাদের ছেলেরা বলে আপনারা চমৎকার নিয়ম করেছেন। যখন কংগ্রেস আমলে চাকুরি পেলাম না, নাম লেখাতে পারলাম না এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে গুন্ডাদের জন্য আর আজকে আপনারা সব নীতি নিয়ে বলেছেন। আমরা তো চাকুরি পাচ্ছি না। যাদের

আমরা ভাতা দিচ্ছি ওরা বলছেন—তারা তো আগের লোক, তখন তো আমরা নাম লেখাতে পারিনি, যাদের এখন আপনারা ভাতা দিচ্ছেন তারা কংগ্রেসের লোক। আমি বলি, তা হোক আমরা একটা নীতি নিয়ে বলছি। কংগ্রেস যা করেছে আমরা তা তো করতে পারি না। তাহলে ওদের সঙ্গে আমাদের পার্থক্যটা কি? ওরা অসভ্যতা বর্বরতার পথে আমাদের ছেলেদের নিয়ে গিয়েছিল। আমরা সেই পথে কখনও যেতে পারি না। এই সব আমি বলেছি এই এইভাবেই আমরা চলছি।

**মিঃ স্পিকার ঃ** আপনি একটু বসুন, কিছুটা সময় বাড়াতে হবে। এই আলোচনা ৭-১১ মিনিটে শেষ হবার কথা ছিল কিন্তু আমার মনে হচ্ছে আরও সময় বেশি লাগবে। অতএব হাউসের অনুমতি নিয়ে আরও ১৫ মিনিট সময় বাড়িয়ে দিলাম। আশা করি, এই হাউসের কারও কোনও আপত্তি নেই। এইবার আপনি বলুন।

**শ্রী জ্যোতি বসু ঃ** তারপর ওরা বলেছেন বিরোধীদের জয়নাল সাহেব, তিনি বলেছেন গণতান্ত্রিক আন্দোলনে পুলিশের হস্তক্ষেপ করা ঘোষিত নীতির পরিপন্থী। তার মানেটা কি? আপনারা আমাদের কাছে আবেদন করেছেন যে আপনারা আইন ভাঙবেন, আপনাদের যেন গ্রেপ্তার করি। তা, কি করব তাই গ্রেপ্তার করে ছেড়ে দিচ্ছি, অত টাকা পয়সা নেই যে জেলে রেখে দিয়ে আপনাদের খাওয়াব। এতে অসুবিধা কিছুই নেই। আপনারা যদি মারধোর না করেন, পুলিশও করবে না, আমাদের আন্ডারে যারা আছে তারা কিছুই করবে না, যদি করে শাস্তি পাবে। তারপর তিন বছরের কোর্স নিয়ে নানারকম আক্রমণ হচ্ছে, আমরা একটা ভাল মনে করে পরীক্ষামূলক ভাবে এটা করেছি, দেখুন না কি হয়। এখনও তো অনেক হাতুড়ে ডাক্তার রয়েছে। আমাদের যাঁরা বিশেসজ্ঞ রয়েছেন তারা নিজেরাও ডাক্তার, তারা একটা আলাদা দৃষ্টিভঙ্গি নিয়ে এই সিলেবাস করেছেন, আমাদের এম বি বি এস যারা হবেন তারা এদের পরিপূরক হিসেবে হবেন। তা আপনারা দেখুন না কি হয়। এতে কিন্তু একটু সহযোগিতা দেখছি না। কাজেই আমি আর এর সবগুলো বলছি না, পরে বাজেটের সময় সব বলব। শুধু শ্রী ভারতীর ২/৪টি কথা আমি বলছি। উনি লোডশেডিংয়ের কথা বলেছেন—বড় দেরি হয়ে গেছে। এখন তো হয়নি, আবার যখন পরে হবে তখন বলবেন। আর একটা কথা বললেন যে দেশে চুরি, ডাকাতির কথা, যেভাবে কথাটা বলা হচ্ছে যেন দেশ একেবারে চুরি, ডাকাতিতে ভরে গেছে। তা নয়, কিন্তু কতকগুলি জায়গায় ডাকাতি বেড়েছে। পশ্চিম দিনাজপুরের একটা জায়গায় বেড়েছে। এক জায়গায় ডাকাতের সর্দার ধরা পড়েছে এক বছর আগে, ধরবার সময় সেখানকার ও সির সঙ্গে তার গুলি বিনিময় হয়েছিল, ডাকাত মরে গেছে এবং তারপর সেখানে ডাকাতি কমেছে। জয়নাল সাহেব আমাকে বলেছেন, উনি ওদিক থেকে আসেন এবং আমি অন্যদের মুখেও শুনেছি যে ডাকাতি বেড়েছে, আমি ওদের ডেকে পাঠাচ্ছি শীঘ্র যাতে একটা কিছু ব্যবস্থা করা যায়। উনি বলছেন যে যারা একটু ডাকাত টাকাত ধরছিল তাদের নাকি বদলি করা হয়েছে। এটা আমি জানি না, কিছুদিন আগে বলেছেন সেটা আমি দেখব। আপনারা বলছেন যে আমরা কিছুই করতে পারিনি, তা আমরা বলেছি কি কোনওদিন, যে এই সমাজব্যবস্থায় আমরা সরকারে এলে সমস্ত খুন, রাহাজানি, চুরি, জোচ্চুরি

সমস্ত কিছু বন্ধ হয়ে যাবে? আমরা মার্কসইজমই বুঝি, ধনতান্ত্রিক ব্যবস্থায়, সমান্ততান্ত্রিক ব্যবস্থায় এগুলো যদি কিছু কমানো যায়, জনগণের সহযোগিতা নিয়ে কিছু কিছু লোককে আমরা ধরতে পারি, কিন্তু যখন এটা আপনারা বলছেন, তখন আপনারা ভারতের অন্যান্য জায়গায় একটু তাকিয়ে দেখুন কোথাও কোনও আইন শৃঙ্খলা আছে কিনা?

শ্রমিকরা যখন আন্দোলন করছেন—কর্ণাটকে, বাঙ্গালোরে দেখুন, কতদিন হয়ে গেল বোধকরি ৪০ দিন হয়ে গেল রাষ্ট্রায়ত্ত শিল্পে—কোনও আলোচনা করছেন না তাদের দাবি মেটাচ্ছেন না, কিছুই করছেন না। আমরা বলেছিলাম, ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিল কি আছে? পঞ্চ বার্ষিকী পরিকল্পনা করবেন, পরিকল্পনা বলতে কি শুধু কতকগুলো পরিসংখ্যান। বুঝায়? ইন্দিরা গান্ধীকে বলেছিলাম, জনগণের সহযোগিতায় কথা বলেন কিন্তু বিনা বিচারে আটক করবার আইন আপনি তৈরি করেছেন, কালবাজারি, মজুতদারদের মালা পরিয়েছেন, যারা কালোবাজারে হাজার হাজার কোটি কোটি টাকা করে দেশের সর্বনাশ করছে। আর যখন মজুর কৃষকদের আন্দোলন হয় সেখানে লাঠি, গুলি চালাচ্ছেন। তাদের সহযোগিতা আপনারা তো চাইছেন না, দিল্লিতে ট্রেনে করে হাজার হাজার লোক নিয়ে গেলে কিছু হবে না। দেশের পরিকল্পনাকে এভাবে সার্থক করা যায় না। কিন্তু আমরা উল্টো ব্যবস্থা করছি।বিভিন্ন ভাবে, আলোচনা করে সবকিছু মেটাতে পারছি না। সীমাবদ্ধ ক্ষমতা নিয়ে সব কিছু করা যায় না, কিন্তু আপনারা বলছেন যে আমরা সব কিছু কেন্দ্রের ঘাড়ে চাপিয়ে দিয়েছি।তা নয়, আমরা আমাদের যা করণীয় তা করছি। কোথাও যদি আমরা ব্যর্থ হয়ে থাকি আমাদের নিজেদের গাফিলতির জন্য তাহলে আমরা তা চেপে রাখি না। কেন চেপে রাখব আমরা জনগণের পক্ষে, আমাদের সৎ সাহস আছে সত্য কথা বলার, আমরা জানি যে তাঁরা এটা বুঝবেন। যদি ভুল বোঝাবুঝি হয় তো তাঁরা সত্য কথা বলবেন যা আমরা বলি। এইভাবে আমরা আত্মসমালোচনা করি, এবং এইভাবে একটা নীতি নিয়ে আমরা অগ্রসর হচ্ছি। সাড়ে তিন বছর হয়ে গেল, আমরা মানুষের মধ্যে আছি। তবে এটা আমি বুঝলাম যে কিছু বিরোধী দলের বন্ধু ক্ষিপ্ত হয়ে গেছেন, কারণ আমাদের শিক্ষামন্ত্রী পার্থ দে যখন বক্তৃতা করছিলেন আমি ছিলাম এখানে, শুনছিলাম, আমি ভাবলাম বক্তৃতা ভালই হয়েছে, ওদের যখন চিৎকার করাতে পেরেছেন তখন আমি ওঁকে অভিনন্দন জানাই। উনি আঁতে ঘা দিয়েছেন, ঠিক জায়গায় ঘা দিয়েছেন। তা না হলে চিৎকার হোতো না। এই কথা বলে যে প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** পার্টিকুলার জায়গায় ল অ্যান্ড অর্ডার দেখতে চেয়েছেন, তার জন্য আই থ্যাংক দি চিফ মিনিস্টার।

**মিঃ স্পিকার ঃ** ১২০টি সংশোধনী প্রস্তাব এসেছে, এরমধ্যে ৪০ নম্বর সংশোধনী প্রস্তাবটি ফিট করছে না। বাকি সমস্ত প্রস্তাবগুলো আইনানুগ।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার ইংরাজিতে দেবার অধিকার আছে। কারণ আপনার ফর্ম ইংরাজিতে আছে। এটা জন্মেজয় ওঝা বাবু না হয়ে যদি শ্রীমতী রেণুলীনা সুব্বা হতেন

তাহলে তো তিনি ইংরাজিতে দিতেন, এবং তখন সেটা আপনি গ্রহণ করতেন। এটাই আমার স্পিরিট কনট্রাডিকশন নিয়ে।

**মিঃ স্পিকার ঃ** যে ভাষায় আছে তার সঙ্গে সম্পর্ক মিলছে না।

[7-20 — 7-30 p.m.]

The motion of Shri Deba Prasad Sarkar that—

"কিন্তু দুঃখের বিষয় যে— কেন্দ্রীয় সরকারের সাথে হাত মিলিয়ে রাজ্য সরকার তার জনবিরোধী ভাষা ও শিক্ষানীতি আরোপ করে দেশের জ্ঞান-বিজ্ঞান, সভ্যতা ও মনুষ্যত্বকে যে ধ্বংস করে দিতে চাইছে তার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই : এবং বাস ও ট্রামের ভাড়া বৃদ্ধি করে রাজ্য সরকার যে অর্থনৈতিক শোষণে জর্জরিত সাধারণ মানুষের স্বার্থ সাপক্ষে মালিক শ্রেণীর স্বার্থটিকেই বড় করে দেখেছেন সেকথার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই," was then put and a division taken with the following result :

**NOES**

Abdul Quiyom Molla, Shri

Abdur Razzak Molla, Shri

Adak, Shri Nitai Charan

Anisur Rahman, Shri

Atahar Rahaman, Shri

Banerjee, Shri Amiya

Banerji, Shri Radhika Ranjan

Barman, Shri Manindra Nath

Basu, Shri Debi Prosad

Basu, Shri Gopal

Basu, Shri Jyoti

Basu, Shri Nihar Kumar

Basu Ray, Shri Sunil

Bauri, Shri Gobinda

Baxla, Shri John Arther

Bhattacharya, Dr. Kanailal

Biswas, Shri Hazari

Biswas, Shri Jayanta Kumar

Biswas, Shri Kumud Ranjan

Bora, Shri Badan

Bose, Shri Ashoke Kumar

Chakraborty, Shri Deb Narayan

Chatterjee, Shrimati Nirupama

Chatterjee, Shri Ram

Chatterjee, Shri Tarun

Chhobhan Gazi, Shri

Chowdhury, Shri Benoy Krishna

Choudhury, Shri Gunadhar

Chowdhury, Shri Bikash

Chowdhury, Shri Sibendranarayan

Das, Shri Banamali

Das, Shri Nimai Chandra

De, Shri Partha

Deb, Shri Saral

Ghosal, Shri Aurobindo

Ghosh, Shri Debsaran

Ghosh, Shri Krishna Pada

Goswami, Shri Ramnarayan

.Guha, Shri Nalini Kanta

Gupta, Shri Sitaram

Habib Mustafa, Shri

Haldar, Shri Krishnadhan

Hashim Abdul Halim, Shri

Hira, Shri Sumanta Kumar

Jana, Shri Manindra Nath

Kalimuddin Shams, Shri

Kar, Shri Nani

Khan, Shri Sukhendu

Koley, Shri Barindra Nath

Kuiry, Shri Daman

Mahata, Shri Satya Ranjan

Mahato, Shri Nakul Chandra

Maity, Shri Gunadhar

Maity, Shri Hrishikesh

Majhi, Shri Pannalal

Majumdar, Shri Sunil Kumar

Mal, Shri Trilochan

Mandal, Shri Bhakti Bhusan

Mandal, Shri Gopal

Mandal, Shri Prabhanjan

Mandal, Shri Siddheswar

Mandal, Shri Sudhangshu

Mandal, Shri Sukumar

Mandal, Shri Suvendu

Mandi, Shri Sambhunath

Mazumdar, Shri Dilip Kumar

Mir Fakir Mohammad, Shri

Mitra, Dr. Ashok

Mohammad Ali, Shri

Mohammad Amin, Shri

Mohanta, Shri Madhabendu

Mojumdar, Shri Hemen

Mondal, Shri Raj Kumar

Morazzam Hossain, Shri Syed

Mostafa Bin Quasem, Shri

Mridha, Shri Chitta Ranjan

Mukherjee, Shri Amritendu

Mukherjee, Shri Anil

Mukherjee, Shri Bhabani

Mukherjee, Shri Bimalananda

Mukherjee, Shri Biswanath

Mukherjee, Shri Joykesh

Mukherjee, Shri Narayan

Mukherjee, Shri Niranjan

Mukherjee, Shri Rabin

Murmu, Shri Sarkar

Murmu, Shri Sufal

Naskar, Shri Gangadhar

Naskar, Shri Sundar

Nath, Shri Manoranjan

Neogy, Shri Brajo Gopal

Nezamuddin Md., Shri

Pathak, Shri Patit Paban

Pramanik, Shri Radhika Ranjan

Raj, Shri Aswini Kumar

Ray, Shri Achintya Krishna

Roy, Shri Amalendra

Saha, Shri Kripa Sindhu

Saha, Shri Lakshmi Narayan

Santra, Shri Sunil

Sar, Shri Nikhilananda

Sarkar, Shri Kamal

Satpathy, Shri Ramchandra

Sen, Shri Deb Ranjan

Sen, Shri Lakshmi Charan

Sen, Shri Sachin

Sengupta, Shri Dipak

Sengupta, Shri Prabir

Singh, Shri Chhedilal

Singha Roy, Shri Jogendra Nath

Sinha Roy, Shri Guru Prasad

Sur, Shri Prasanta Kumar

Talukdar, Shri Pralay

**AYES**

Bauri, Shri Bijoy

Haldar, Shri Renupada

Purkait, Shri Prabodh

Sarkar, Shri Deba Prasad

**ABSTS.**

Abedin, Dr. Zainal

Bharati, Shri Haripada

Maitra, Shri Kashi Kanta

Shastri, Shri Vishnu Kant

The Ayes being 4, the Noes 108, and Abstentions-4 the motion was lost.

The motion of Shri Birendra Kumar Moitra that—

74. প্রাথমিক স্তরের নতুন শিক্ষা ব্যবস্থায় ইংরেজি অপসারন সম্বন্ধে বিশিষ্ট শিক্ষাবিদগণ যে রাজনীতি বর্জিত আন্দোলন আরম্ভ করিয়াছেন সে সম্বন্ধে সরকারের মনোভাবের কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই।

The motion of Dr. Zainal Abedin that—

83. সমগ্র পশ্চিমবঙ্গে আইনশৃঙ্খলার গুরুতর অবনতির বিষয়ে রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই ;

The motion of Dr. Zainal Abedin that—

79. রাজ্য সরকারের শিক্ষনীতির ফলে এই রাজ্যের শিক্ষা ব্যবস্থা প্রায় বিপর্যস্ত, রাজ্য সরকারের ভাষানীতি পশ্চিমবঙ্গের পক্ষে মঙ্গলজনক নহে। বিশিষ্ট বুদ্ধিজীবি এবং বিদগ্ধ সমাজ রাজ্য সরকারের এই শিক্ষানীতির বিরুদ্ধে এবং জনবিরোধী ভাষানীতির বিরুদ্ধে শুধু যে সোচ্চার এবং প্রতিবাদমুখর তাহাই নহে, তাহারা কলকাতা হাইকোর্টের প্রাক্তন প্রধান বিচারপতির নেতৃত্বে এক সুবৃহৎ এবং সুসংগঠিত ও সুশৃঙ্খল আন্দোলনের পথে নামিয়াছেন রাজ্য সরকারের সুবৃদ্ধি এবং শুভ চেতনা উদ্রেক করিয়া রাজ্যের অধিবাসীদের পক্ষে কল্যাণকর শিক্ষানীতি এবং ভাষানীতি গ্রহণ করিবার জন্য। কিন্তু মাননীয় রাজ্যপালের ভাষণে এই বিষয়ে কোনও উল্লেখ নাই ;

102. The motion of Shri Kiranmoy Nanda that—গ্রামবাংলাতে কোনও আইনের শাসন নেই। প্রকাশ্য দিবালোকে খুন ডাকাতি প্রভৃতি ঘটনা ব্যাপকভাবে ঘটে চলেছে। শান্তিপ্রিয় নাগরিকদের বিনিদ্র রজনী কাটাতে হচ্ছে। এই বিষয়ে পুলিশি সক্রিয়তার পরিবর্তে প্রশাসককে সম্পূর্ণ নিষ্ক্রিয় করে রেখে এই সরকার দেশে খুনী ও লুঠেরার সংখ্যা বাড়িয়ে জনগণের মনে ভীতির সঞ্চার গড়ে তুলতে সাহায্য করছে—রাজ্যপালের ভাষণে এ বিষয়ের কোনও উল্লেখ নেই।

was then put and a division taken with the following result :-

**NOSE**

Abdul Quiyom Molla, Shri

Abdur Razzak Molla, Shri

Adak, Shri Nitai Charan

Anisur Rahman, Shri

Atahar Rahaman, Shri

Banerjee, Shri Amiya

Banerji, Shri Radhika Ranjan

Barman, Shri Manindra Nath

Basu, Shri Debi Prosad

Basu, Shri Gopal

Basu, Shri Jyoti

Basu, Shri Nihar Kumar

Basu Ray, Shri Sunil

Bauri, Shri Gobinda

Baxla, Shri John Arther

Bhattacharya, Dr. Kanailal

Biswas, Shri Hazari

Biswas, Shri Jayanta Kumar

Biswas, Shri Kumud Ranjan

Bora, Shri Badan

Bose, Shri Ashoke Kumar

Chakraborty, Shri Deb Narayan

Chatterjee, Shrimati Nirupama

Chatterjee, Shri Ram

Chatterjee, Shri Tarun

Chhobhan Gazi, Shri

Chowdhury, Shri Benoy Krishna

Choudhury, Shri Gunadhar

Chowdhury, Shri Bikash

Chowdhury, Shri Sibendranarayan

Das, Shri Banamali

Das, Shri Nimai Chandra

De, Shri Partha

Deb, Shri Saral

Ghosal, Shri Aurobindo

Ghosh, Shri Debsaran

Ghosh, Shri Krishna Pada

Goswami, Shri Ramnarayan

Guha, Shri Nalini Kanta

Gupta, Shri Sitaram

Habib Mustafa, Shri

Haldar, Shri Krishnadhan

Hasim Abdul Halim, Shri

Hira, Shri Sumanta Kumar

Jana, Shri Manindra Nath

Kalimuddin Shams, Shri

Kar, Shri Nani

Khan, Shri Sukhendu

Koley, Shri Barindra Nath

Kuiry, Shri Daman

Mahata, Shri Satya Ranjan

Mahato, Shri Nakul Chandra

Maity, Shri Gunadhar

Maity, Shri Hrishikesh

Majhi, Shri Pannalal

Majumdar, Shri Sunil Kumar

Mal, Shri Trilochan

Mandal, Shri Bhakti Bhusan

Mandal, Shri Gopal

Mandal, Shri Prabhanjan

Mandal, Shri Siddheswar

Mandal, Shri Sudhangshu

Mandal, Shri Sukumar

Mandal, Shri Suvendu

Mandi, Shri Sambhunath

Mazumdar, Shri Dilip Kumar

Mir Fakir Mohammad, Shri

Mitra, Dr. Ashok

Mohammad Ali, Shri

Mohammad Amin, Shri

Mohanta, Shri Madhabendu

Mojumdar, Shri Hemen

Mondal, Shri Raj Kumar

Morazzam Hossain, Shri Syed

Mostafa Bin Quasem, Shri

Mridha, Shri Chitta Ranjan

Mukherjee, Shri Amritendu

Mukherjee, Shri Anil

Mukherjee, Shri Bhabani

Mukherjee, Shri Bimalananda

Mukherjee, Shri Biswanath

Mukherjee, Shri Joykesh

Mukherjee, Shri Narayan

Mukherjee, Shri Niranjan

Mukherjee, Shri Rabin

Murmu, Shri Sarkar

Murmu, Shri Sufal

Naskar, Shri Gangadhar

Naskar, Shri Sundar

Nath, Shri Manoranjan

Neogy, Shri Brajo Gopal

Nizamuddin Md., Shri

Pathak, Shri Patit Paban

Pramanik, Shri Radhika Ranjan

Raj, Shri Aswini Kumar

Ray, Shri Achintya Krishna

Roy, Shri Amalendra

Saha, Shri Kripa Sindhu

Saha, Shri Lakshmi Narayan

Santra, Shri Sunil

Sur, Shri Nikhilananda

Sarkar, Shri Kamal

Satpathy, Shri Ramchandra

Sen, Shri Deb Ranjan

Sen, Shri Lakshmi Charan

Sen, Shri Sachin

Sengupta, Shri Dipak

Sengupta, Shri Prabir

Singh, Shri Chhedilal

Singha Roy, Shri Jogendra Nath

Sinha Roy, Shri Guru Prasad

Sur, Shri Prasanta Kumar

Talukdar, Shri Pralay

**AYES**

Abedin, Dr. Zainal

Banerjee, Shri Binoy

Bharati, Shri Haripada

Das Mahapatra, Shri Balai Lal

Digpati, Shri Panchanan

Maitra, Shri Birendra Kumar

Maitra, Shri Kashi Kanta

Shastri, Shri Vishnu Kant

**ABSTS.**

Bauri, Shri Bijoy

Haldar, Shri Renupada

Purkait, Shri Prabhodh

Sarkar, Shri Deba Prasad

Ayes being 8 and Noes 113 the motion was lost.

1. The motions of **শ্রী শিবনাথ দাস ঃ** উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় এই যে—

বর্তমান সরকারের সমর্থক একটি শ্রমিক সংস্থার বে-পরোয়া বে-আইনি জুলুমবাজির ফলে হলদিয়া প্রভৃতি শিল্পকেন্দ্রে শিল্পগুলো বিপর্যস্ত হচ্ছে, বিশেষ করে হলদিয়া পোর্টে জাহাজ মাল খালাস করতে না পেরে ফিরে যাচ্ছে, তার প্রতিকারের কোনও প্রতিশ্রুতি রাজ্যপালের ভাষণে নেই ;

2. বর্তমান সরকারের একটি শরিক দল হাইকোর্টের নির্দেশকে অমান্য করছে তা প্রতিরোধের জন্য কোনও বক্তব্য রাজ্যপালের ভাষণে নেই ;

3. গ্রামাঞ্চলে ক্ষুদ্র ও কুটির শিল্প স্থাপনের জন্য টাকা দেওয়া হলেও প্রকৃতপক্ষে সেই শিল্প স্থাপিত হয় নাই, সে সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই ; এবং

4. হলদিয়ায় পেট্রো-কেমিক্যালস স্থাপনের ব্যাপারে রাজ্যপালের ভাষণে কোনও প্রতিশ্রুতি নেই। were then put and lost.

5. The motions of **শ্রী কৃষ্ণদাস রায় ঃ** উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় এই যে—

পশ্চিমবঙ্গে যে আইন-শৃঙ্খলার অভাব দেখা দিয়াছে এবং খুনি আসামীদের কোনও রকম বিচার হচ্ছে না সে সম্বন্ধে কোনও প্রতিকারের আশ্বাস রাজ্যপালের ভাষণে

নাই ; এবং

6. বর্তমানে বর্তমান সরকারের একটি শরিকদল প্রভাবান্বিত গ্রাম পঞ্চায়েতে যেভাবে পক্ষপাতিত্ব ও দুর্নীতি চলছে তাহা রোধ করার কোনও পরিকল্পনার কথা রাজ্যপালের ভাষণে নেই। were the put and lost.

7. The motions of **শ্রী মোঃ সোহরাব** ঃ উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় এই যে—

পশ্চিমবঙ্গ সরকার প্রাথমিক স্তরে ইংরেজি পঠন-পাঠন বন্ধ করায় শিক্ষাক্ষেত্রে যে নৈরাজ্য সৃষ্টি হইয়াছে সে সম্বন্ধে রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই ;

8. পশ্চিমবঙ্গে আইন শৃঙ্খলার অবনতি হওয়া সত্ত্বেও এর উন্নতি করার কোনও পরিকল্পনার কথা রাজ্যপালের ভাষণে নেই ;

9. বর্তমান সরকারের সমর্থক রাজ্য সরকারি কর্মচারিদের একটি সংস্থার সদস্যরা যেভাবে বর্তমান সরকারের একটি শরিকদলের দলীয় কর্মী হিসাবে কাজ করছেন তা বন্ধ করার কোনও পরিকল্পনার উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

10. সরকারি কর্মচারিদের 'পে-কমিশন'-এর রিপোর্ট কার্যকর করা সম্বন্ধে কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ; এবং

11. বর্তমান সরকার ক্ষমতায় আসার পর বিভিন্ন বিশ্ববিদ্যালয়, মধ্যশিক্ষা পর্ষদ, উচ্চতর শিক্ষা সংসদ বাতিল করলেও অদ্যাবধি ঐসমস্ত শিক্ষাপ্রতিষ্ঠানে নির্বাচন করার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই। were then put and lost.

12. The motions of **শ্রী অতীশচন্দ্র সিন্‌হা** ঃ উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় এই যে—

আইন-শৃঙ্খলার চরম অবনতি, বর্তমান সরকারের একটি শরিক দলভুক্ত খুনের আসামীদের প্রতি পুলিশের নরম মনোভাব এবং প্রকাশ্যে ঘুরে বেড়ানো সত্ত্বেও তাহাদের গ্রেপ্তার করার প্রয়াসের অভাব—গ্রামবাংলার এই সাধারণ চিত্রের কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

13. গ্রাম পঞ্চায়েতে বামফ্রন্টের শরিক দলভুক্ত সদস্যদের বেপরোয়া চুরি ও স্বজন পোষণ এবং এই ব্যাপক অর্থ অপচয়ের ঘটনার কথার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ; এবং

14. ভূয়া বর্গাদারের বিরুদ্ধে মহামান্য হাইকোর্টের রায় থাকা সত্ত্বেও সরকারি প্রশাসনের সাহায্যে বর্তমান সরকারের একটি শরিকদলের কর্মীরা উক্ত রায়কে মানছেন না—সে সম্বন্ধে কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই। were then put a lost.

15. The motions of **ডাঃ মোতাহার হোসেন ঃ** উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় এই যে—

তিন বৎসরে কমিউনিটি মেডিক্যাল স্কীম চালু করে গ্রামবাংলার মানুষকে নিম্নমানের চিকিৎসা দেবার যে পরিকল্পনা সরকার গ্রহণ করেছেন তাহা বন্ধ করার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ; এবং

16. গ্রামবাংলায় বর্তমান সরকারের একটি শরিকদলের ক্যাডারদের গুন্ডাবাজি ও দুর্নীতি বন্ধ করা সম্বন্ধে কোনও বক্তব্যের উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই। were then put and lost.

17. The motions of **শ্রী সুনীতি চট্টরাজ ঃ** উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় এই যে—

বিভিন্ন শিল্পে বামফ্রন্ট সরকারের শ্রমিক বিরোধী নীতির বিরুদ্ধে কোনও বক্তব্যের উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

18. পশ্চিমবঙ্গে বিদ্যুৎ চলনা ব্যবস্থার অচলাবস্থা দূরীকরণের ব্যাপারে কোনও বক্তব্যের উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ; এবং

19. বর্তমানে পশ্চিমবঙ্গে নিম্নমধ্যবিত্ত ও মধ্যবিত্ত চাষীরা তাদের চাষের ফসল ঘরে তুলতে পারছে না এ সম্পর্কে এবং তার প্রতিকারের ব্যাপারে কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই। were then put and lost.

20. The motions of **শ্রী কাজি হাফিজুর রহমান ঃ** উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় এই যে—

বর্তমানে পশ্চিমবঙ্গে সত্যিকারের ভাগচাষীদের বর্গা রেকর্ড না করিয়া বর্তমান সরকারের একটি শরিকদল সমর্থিত ব্যক্তিদের নামে বর্গা রেকর্ড করা হচ্ছে এ সম্পর্কে এবং তার প্রতিকারের সম্বন্ধে কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই। were then put and lost.

21. The motions of **শ্রী নবকুমার রায় :** উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় এই যে—

বর্তমানে পশ্চিমবঙ্গে সরকারের একটি শরিকদলের কর্মীরা যেভাবে একটি বিরোধী দলের কর্মিদের বাড়ি চড়াও হয়ে নির্যাতন করিতেছে তার প্রতিকারের কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

21. বর্তমানে পশ্চিমবঙ্গে যে হারে বিদ্যুৎ উৎপাদনে ঘাটতি হচ্ছে তার প্রতিকারের কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

23. বর্তমানে পশ্চিমবঙ্গের যে হারে চুরি ডাকাতির ঘটনা ঘটছে তার প্রতিকারের কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

24. বর্তমানে পশ্চিমবঙ্গের যে হারে রাজনৈতিক খুন বেড়েছে তা প্রতিরোধ করার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই; এবং

25. বর্তমানে পশ্চিমবঙ্গে গ্রাম পঞ্চায়েতের প্রধানরা যেভাবে সরকারি অর্থ অপচয় করছে তার সমাধানের কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই।" were then put and lsot.

27. বাস ও ট্রামের ভাড়া বৃদ্ধি করে রাজ্য সরকারের যে অর্থনৈতিক শোষণে জর্জরিত সাধারণ মানুষের স্বার্থ অপেক্ষা মালিক শ্রেণীর স্বার্থটিকেই বড় করে দেখেছেন সেকথার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই।" were then put and lost.

28. The motions of **শ্রী প্রবোধ পুরকাইত :** উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় এই যে—

কংগ্রেস সরকাবের অনুরূপ বর্তমান বামফ্রন্ট সরকারের আমলেও গরিব চাষী, ক্ষেতমজুর ও ভূমিহীনদের উপর জোতদার ও পুলিশ প্রশাসনের আক্রমণ ও অত্যাচারের কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

29. ফসলের সংগ্রহমূল্য বৃদ্ধি করে চাষির ফসলের ন্যায্য দাম বেঁধে দেওয়া এবং মূল্যবৃদ্ধির অনুপাতে ক্ষেতমজুরদের নুন্যতম মজুরি বৃদ্ধি করতে সরকারের ব্যর্থতার কথা রাজ্যপালের ভাষণে নাই ;

30. শ্রমিক ছাঁটাই প্রতিরোধে রাজ্য সরকারের ব্যর্থতার কথা রাজ্যপালের ভাষণে নেই ;

31. গ্রামাঞ্চলের হাসপাতালগুলিতে ডাক্তার এবং ওষুধের অভাবে চিকিৎসা প্রায় বন্ধ হতে চলেছে তার উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই।" were then put and lost.

32. The motions of **শ্রী রেনুপদ হালদার :** উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় এই যে—

শিক্ষার স্বাধীকার হরণে রাজ্য সরকার যে নজিরহীন ইতিহাস সৃষ্টি করেছেন তার উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

33. পৌর নির্বাচন অনুষ্ঠানে রাজ্য সরকারের ব্যর্থতার উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

34. বামফ্রন্ট সরকারের আমলে পঞ্চায়েতে চরম দুর্নীতি ও পক্ষপাতিত্বের কথা রাজ্যপালের ভাষণে নাই ;

35. পানীয় জল সরবরাহে সরকারি ব্যর্থতার উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ; এবং

36. গ্রামীণ হাসপাতালগুলিতে ঔষধাদি সরবরাহে ব্যর্থতার বিষয়ে কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই।" were then put and lost.

37. The motions of **শ্রী বিজয় বাউরি :** উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় এই যে—

কালোবাজারি ও মজুতদারদের শাস্তি বিধানে রাজ্য সরকারের ব্যর্থতার উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

38. মূল্যবৃদ্ধি প্রতিরোধের উদ্দেশ্যে খাদ্যশস্য ও নিত্য প্রয়োজনীয় দ্রব্যের সামগ্রিক রাষ্ট্রীয় বাণিজ্য প্রবর্তনে সরকারের ব্যর্থতার কথা রাজ্যপালের ভাষণে নাই ; এবং

39. বিদ্যুৎ সঙ্কট নিরসনে রাজ্য সরকারের চরম ব্যর্থতার বিষয়ে কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই।" were then put and lost.

40. The motion of Shri Janmejoy Ojha : The following be added at the end of the address in reply, viz.—

"But regret that—

if does not refer to the acute distress of the farmers, mostly marginal and small, on account of failure to secure remunerative price of their produce, unprecedented turmoil in the field of indus-

try and agriculture brought about by shortage of power, danger of life in Calcutta and suburbs caused by combined armed attacks by supporters of a constituent party of the present Government on opponents in rural areas and pitched battles between groups of anti social elements and gangsters, and further aggravation of the situation caused by transport disruption, inaction and indiscipline among personnels."

was then put and lost.

41. The motion of **শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র** : উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় এই যে,—

নিত্য ব্যবহার্য দ্রব্যের অস্বাভাবিক মূল্যবৃদ্ধি এবং অনিয়মিত সরবরাহের ফলে গ্রামবাংলায় যে অসহনীয় অবস্থার সৃষ্টি হইয়াছে এবং প্রকৃতপক্ষে গ্রামবাংলার আর্থিক কাঠামো ভাঙ্গিয়া পড়ার উপক্রম হইয়াছে তাহার যথোচিত উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

42. খাদ্যশস্য সাহায্যে 'খাদ্যের বদলে কাজ' পরিকল্পনাগুলি কার্যকর করিতে না পারায় বহু ভূমিহীন কৃষক অনাহারে, অর্ধাহার বৎসরের অধিকাংশ সময় কাটাইতে বাধ্য হইয়াছেন এবং যখন কাজ চালু ছিল তখনও পঞ্চায়েতের শাসক শ্রেণীর সদস্যগণের পক্ষপাতিত্বের ফলে ভূমিহীন কৃষি শ্রমিকদের অধিকাংশ কাজ পায় নাই,—এ বিষয়ে কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই;

43. খাদ্যাভাবে বর্তমান আর্থিক বৎসরে অন্তত কয়েক শত ব্যক্তি প্রাণ হারাইয়াছেন,—এ বিষয়ে কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

44. বেকারদের এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জসমূহে রেজিস্ট্রেশনের সংখ্যা বৃদ্ধি এবং অপরদিকে চাকুরি দিতে না পারায় যে অসহনীয় অবস্থার সৃষ্টি হইয়াছে এবং যুব সমাজে যে হতাশা দেখা দিয়াছে,—তাহার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

45. মালদহ জেলায় বামনগোলা এবং হবিবপুর থানায় তথাকথিত নকশালপন্থীদের আক্রমণে ক্রমাগত যে হত্যাকান্ড সংঘটিত হইতেছে এবং সরকার জনগণের ধনসম্পত্তি এবং প্রাণ রক্ষা করিতে এবং জনমনে আস্থা এবং সাহস সঞ্চার করিতে ব্যর্থ হইয়াছেন—তার কিছুমাত্র উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

46. মুখ্যমন্ত্রীর ব্যক্তিগত প্রচেষ্টা থাকিলেও থানাগুলিতে শাসকদলের স্থানীয় নেতৃবৃন্দের সম্মতি ব্যতীত অধিকাংশ ক্ষেত্রে ডায়রি পর্যন্ত করা সম্ভব হয় না,—এ বিষয়ে কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

47. রাজ্যে ট্রেন ও বাসে ডাকাতির সংখ্যা বৃদ্ধি হেতু ট্রেন-বাসে যাতায়াত বিপজ্জনক হইয়া পড়িয়াছে—রাজ্যপালের ভাষণে ইহার কোনও উল্লেখ নাই ;

48. রাজ্যে ব্যাঙ্ক ডাকাতির সংখ্যা কি কারণে বৃদ্ধি পাইয়াছে তাহার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

49. রাজ্যে মিনিকিট বিলির ব্যাপারে নানা প্রকার দুর্নীতির উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

50. সরকার প্রত্যক্ষভাবে অথবা মাইনর ইরিগেশন কর্পোরেশনকে দিয়া একটিও নতুন 'ডিপ টিউবওয়েল' বসাতে না পারার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

51. সাম্প্রতিক অসময়ের বৃষ্টির ফলে আলুচাষীদের যে ভীষণ সঙ্কটের মধ্যে পড়িতে হইয়াছে এবং আলুচাষীদের এই বিপদে সরকার কিভাবে তাঁহাদের সাহায্য করিতে চান সে বিষয়ে কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

52. কৃষি বিভাগের 'উত্তরবঙ্গ উন্নয়ন প্রকল্প' হইতে উত্তরবঙ্গের মালদহ ও পশ্চিম দিনাজপুর জেলাকে বাদ দেওয়ার কারণ সম্পর্কে কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

53. কৃষিপণ্যের মূল্যসূচি প্রয়োজনভিত্তিক চাষের ব্যয়ের সহিত সঙ্গতিপূর্ণভাবে বৃদ্ধি না করার কারণ সম্পর্কে কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

54. ডিজেল ও বিদ্যুৎ সরবরাহের অব্যবস্থার ফলে বিশেষভাবে উত্তরবঙ্গে গত মরসুমে চাষীগণ যে ভীষণ বিপদের মধ্যে পড়িয়া ক্ষতিগ্রস্ত হইয়াছেন সে বিষয়ে সামান্যতম উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

55. সরকারি নীতির ফলে সমবায় ব্যাঙ্কসমূহের বিক্রি টাকা আদায়ে বিঘ্ন এবং তাহার ফলে চাষের জন্য দাদন বন্ধ থাকায় এবং সমবায় সমিতির পুরাতন-নতুন সকল সদস্য ঋণ না পাওয়ায় গ্রামের কৃষি অর্থনীতি যে বিপর্যয়ের মুখে আসিয়া দাঁড়াইয়াছে এবং এই সমস্যা সরকার কিভাবে মোকাবিলা করিতে চান সে বিষয়ে কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

56. প্রান্তিক চাষী, ভাগচাষী ও ভূমিহীন কৃষকদের সামাজিক নিরাপত্তা ব্যবস্থা হিসাবে বার্ধক্য পেনসনের জন্য এক কোটি টাকা বরাদ্দের কথা উল্লেখ করা হইলেও কত চাষী এই বৎসর এই সুযোগ লাভ করিতে সমর্থ হইয়াছেন এবং বার্ধক্য পেনসন বন্টনের জন্য যে দলীয় কমিটি নিয়োগ করা হইয়াছে এবং কেবল স্বদলীয় লোকদের এই পেনসন দেওয়ার যে গোপন চক্রান্ত করা হইয়াছে তাহার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

57. আলোচ্য বৎসরে পাটের মরসুমে গরিব চাষীগণ পাট বিক্রি করিতে না পারিয়া যে ক্ষতিগ্রস্ত হইয়াছেন এবং সরকার তাঁহাদের কোনওপ্রকার সাহায্য করিতে পারেন নাই—এই

কথা স্বীকার করা ত হয়ই নাই বরং রাজ্য বিপনন ফেডারেশনকে দেড় কোটি টাকা দেওয়া হইয়াছে বলিয়া উল্লেখ করা হইয়াছে। কিন্তু ইহা দ্বারা বিপনন ফেডারেশন উৎপন্ন পাটের কত শতাংশ খরিদ করিতে সমর্থ হইয়াছেন তাহার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

58. জুট কর্পোরেশন্ অব ইন্ডিয়ার প্রতিটি কাজে পঞ্চায়েতকে খবরদারি করার অধিকার প্রদান করার ফলে যে দুর্নীতি চক্রের সৃষ্টি হইয়াছিল এবং জুট কর্পোরেশন অব ইন্ডিয়া যে সহজভাবে তাহাদের কাজ-কারবার চালাইতে পারে নাই—সে বিষয়ে সামান্যতম উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

59. ভূমিসংস্কারের নামে 'অপারেশন বর্গা' নামক ব্যবস্থায় যেভাবে আসল বর্গাদারকে উচ্ছেদ করিয়া দলীয় লোকদের বর্গাদার নিযুক্ত করা হইয়াছে এই ধরনের কয়েক হাজার অভিযোগ সরকার পাইয়াছেন এবং যথারীতি জোতদারের ষড়যন্ত্র ঘোষণা করিয়া বিচারব্যবস্থার প্রতি সামান্যতম শ্রদ্ধা প্রদর্শন করা হয় নাই এবং অধিকাংশ ক্ষেত্রে গরিব বর্গাদার অর্থাভাবে উচ্চতর আদালতের আশ্রয় গ্রহণ করিতে না পারায় বংশ-পরম্পরায় চাষ করা বর্গা জমি হইতে উচ্ছেদ হইয়াছেন—এই সকল বিষয়ের কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

60. ভাগচাষের মামলাগুলি সত্ত্বর ফয়সালা করার কোনও ব্যবস্থা করিতে সরকার ব্যর্থ হওয়ায় বর্গাদাররা যে হয়রানি হইতেছেন, তাহার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

61. গ্রামাঞ্চলে বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা সম্পূর্ণরূপে অনিশ্চিত এবং ভাঙ্গিয়া পড়িয়াছে এবং বিদ্যুৎ বিভাগের কর্মীগণকে সক্রিয় ও কর্তব্যপরায়ণ এবং দায়িত্বশীল করিতে সরকার সম্পূর্ণ ব্যর্থ হইয়াছে—এই সকল বিষয়ের সামান্যতম উল্লেখও রাজ্যপালের ভাষণে নাই ;

62. পেট্রোলিয়ামজাত দ্রব্যের মূল্যবৃদ্ধির ফলে ট্রামে ভাড়াবৃদ্ধির যুক্তিকে প্রতিষ্ঠিত করার মতো কোনও সংখ্যাতত্ব রাজ্যপালের ভাষণে উপস্থাপিত করা হয় নাই ;

63. 'এখনও এই রাজ্যের ট্রাম ও বাস ভাড়া ভারতে সর্বনিম্ন' এই বক্তব্য সমর্থন করার মতো কোনও পরিসংখ্যান রাজ্যপালের ভাষণে দেওয়া হয় নাই ;

64. পঞ্চায়েত সমিতি ও সমবায় সমিতিগুলির মাধ্যমে মূল্য পরিপোষক পরিকল্প অনুসারে ধান সংগ্রহ ব্যবস্থা সম্পূর্ণ ব্যর্থ হইয়াছে এবং তাহার ফলে এই সংস্থাগুলি ভীষণভাবে আর্থিক ক্ষতির সম্মুখীন হইয়াছেন, এই সকল বিষয়ে কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

65. গ্রামাঞ্চলে অধিকাংশ টিউবওয়েলগুলি অকেজো হইয়া পড়িয়াছে—অধিকাংশ ক্ষেত্রে

পঞ্চায়েত বা সরকার তাহা মেরামত ব্যর্থ হইয়াছেন। অনেক ক্ষেত্রে পঞ্চায়েত প্রধান পুরাতন টিউবওয়েলকে তুলিয়া ঐ পুরাতন পাইপগুলি দিয়া কয়েকটি লোক দেখানো টিউবওয়েল বসাইয়াছেন, এই দুর্নীতি প্রতিরোধে সরকারি ব্যর্থতার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

66. পানীয় জল সরবরাহ সরকারের নৈতিক দায়িত্ব—গ্রামবাসীর ন্যূনতম দাবি এবং স্বীকৃত সাংবিধানিক অধিকার। কিন্তু সরকার এই দায়িত্ব পঞ্চায়েতের উপর চাপাইয়াছেন, অথচ প্রয়োজনীয় অর্থ সরবরাহে অক্ষমতা দেখাইয়াছেন,—এই ঘটনার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

67. পানীয় জলের ব্যাপারেও গ্রামাঞ্চলে যে দুর্নীতি চলিতেছে তাহার সামান্যতম উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

68. আলোচ্য বর্ষে অধিকাংশ প্রাইমারি স্বাস্থ্যকেন্দ্র বা সাবসিডিয়ারি স্বাস্থ্যকেন্দ্র যেখানেই ডাক্তারের পদ শূন্য হইয়াছে বা পূর্ব হইতে শূন্য ছিল সেখানে কোনও ডাক্তার নিয়োগ করা সম্ভব হয় নাই—এই কথাটিও রাজ্যপালের ভাষণে উল্লেখ করা হয় নাই ;

69. যক্ষ্মারোগীদের গ্রামাঞ্চলে চিকিৎসার ব্যবস্থা সম্প্রসারণের কোনও নতুন ব্যবস্থার অভাবের কথা রাজ্যপালের ভাষণে নেই ;

70. মালদহ জেলায় রাজা শরৎচন্দ্র রেড ক্রশ টি বি হাসপাতালটি বহুদিন পূর্বে গ্রহণ করা হইয়াছে অথচ অদ্যাপি সেই হাসপাতালের গৃহটি পি ডব্লিউ ডি-র অধীনে যায় নাই, ফলে জল সরবরাহ ব্যবস্থা সহ সকল বিষয়ে হাসপাতাল বিল্ডিংটি ব্যবহারের অনুপযুক্ত হইয়া পড়িয়াছে—এই ঘটনার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

71. রাজা শরৎচন্দ্র রেড ক্রশ টি বি হাসপাতালের দায়িত্ব সরকার গ্রহণ করিলেও আজও দশ বৎসর পূর্বে অবসরপ্রাপ্ত জনৈক রেডিওলজিস্ট ঐ হাসপাতালে কার্য পরিচালনা করিতেছেন এবং ঐ হাসপাতালের জন্য কোনও পৃথক মেডিকেল অফিসার নাই—এ কথার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

72. সরকারি অধিগ্রহণের পর যক্ষ্মরোগীদের জন্য মালদহ জেলার কোনও হাসপাতালে শয্যা সংখ্যা বৃদ্ধি না করার এবং সমগ্র পশ্চিমবঙ্গে যক্ষ্মরোগ বৃদ্ধি প্রতিরোধের বা চিকিৎসার ব্যবস্থায় সরকারি ব্যর্থতার কারণ সম্পর্কে কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

75. ৩৪নং ন্যাশনাল হাইওয়ের মতো প্রয়োজনীয় রাস্তা দিনের পর দিন মেরামতের অভাবে বন্ধ হইয়া থাকিয়াছে। হাজার হাজার লরি-চালক, বাস-চালক, যাত্রী সাধারণ হয়রান হইয়াছেন। সরকার নতুন রাস্তা তৈয়ারি, পুরাতন রাস্তা মেরামত, রাস্তার উপর জবরদখল বন্ধের ব্যাপারে সম্পূর্ণ ব্যর্থ হইয়াছেন। কিভাবে সরকার এই সমস্যাগুলির মোকাবিলা করিতে চান সে বিষয়ে কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই।"

[7-25 — 7-29 p.m.]

73. পশ্চিমবাংলার শিক্ষাজগতে যে বিশৃঙ্খলা গত এক বৎসরে দেখা গিয়াছে তাহার কারণ এবং এ ব্যাপারে সরকার কি করিয়াছেন বা কি করিতে চান তাহার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ; were then put and lost.

76. The motion of ডাঃ জয়নাল আবেদিন ঃ উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় এই যে,—

এই রাজ্যে শিক্ষিত, অল্প শিক্ষিত এবং অশিক্ষিত বেকারের সংখ্যা সর্বাধিক। বর্তমান সরকারের ক্ষমতা লাভের পূর্বে বেকারদের বিশেষ করিয়া দুর্বল শ্রেণীর কর্মপ্রার্থীদের কিছু কিছু কর্মসংস্থানের ব্যবস্থা থাকিলেও বর্তমানে কর্মপ্রার্থীদের পক্ষে দল বিশেষের সমর্থক কিম্বা সহযোগী না হইলে কাজের সংস্থান প্রায় অসম্ভব। এই অবস্থায় পুলিশ এবং মিলিটারি চাকুরি ছাড়া চাকুরি প্রাপ্তির বয়ঃসীমা শিথিল করা যেমন প্রয়োজন অন্য দিকে সমস্ত রাজ্য জুড়িয়া ব্যাপক উৎপাদনমুখী কর্মসংস্থান সৃষ্টির প্রয়োজন এবং নিয়োগ ব্যবস্থা নিরপেক্ষ হওয়া দরকার। কিন্তু মাননীয় রাজ্যপালের ভাষণে এই বিষয়ে কোনও উল্লেখ নাই ;

77. এই রাজ্যের বিদ্যুৎ ব্যবস্থা এমনই শোচনীয় পর্যায়ে পৌছিয়াছে যে সমগ্র পশ্চিমবঙ্গ এখন অন্ধকার বাংলায় পরিণত হইয়াছে। এর ফলে একদিকে যেমন শিল্পের সম্প্রসারণ আশানুরূপ হয় নাই অন্যদিকে বিদ্যুৎ চালিত সেচ প্রকল্পগুলিও ফল হয় নাই। বহু জায়গায় বোরো ও রবি চাষ বন্ধ। সুতরাং কি শহরাঞ্চলে কি গ্রামাঞ্চলে বেকার ও বসিয়া-থাকা মানুষের কাজের সংস্থান বৃদ্ধির হয় নাই। গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজে রাজ্য সরকারের ব্যর্থতা আরও বেশি। অথচ মাননীয় রাজ্যপালের ভাষণে এই বিষয়ে কোনও উল্লেখ নাই ;

78. এই রাজ্যের পরিবহন ব্যবস্থা এখন শুধু মন্দই নয় বরং অনিশ্চিত এবং নিরাপত্তাবিহীন, যাতায়াত বাসযোগে এবং ট্রেনযোগে কিম্বা জলপথে একদিকে যেমন অনিশ্চিত অন্যদিকে তেমনই, বিপদশঙ্কুল। সরকারি উদাসিনতা এবং ব্যর্থতা সর্বক্ষেত্রে সর্বসময়ে প্রকট। আবার জ্বালানি তেলের মূল্যবৃদ্ধির অজুহাতে সরকার বিনা দ্বিধায় অযৌক্তিকভাবে ট্রাম-বাসের ভাড়া এমনভাবে বাড়াইয়াছেন যাহাতে বেসরকারি মালিকদের সুবিধা হইয়াছে সবচেয়ে বেশি আর সাধারণ মানুষকে গুনিতে হইতেছে এই অতিরিক্ত ভাড়া। এই বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে যে উল্লেখ আছে তাহা অসম্পূর্ণ ; were then put and lost.

The motion of Dr. Zainal Abedin that—

80. কলকাতার সঙ্গে সমগ্র উত্তরবঙ্গ সহ পূর্বাঞ্চলের সমস্ত রাজ্যগুলির সড়ক পথে যোগাযোগ রক্ষিত হয় একমাত্র ন্যাশনাল হাইওয়ে ৩৪ দ্বারা। এই রাস্তার কোনও বিকল্প নেই। কিন্তু বহু স্থানে এই রাস্তা এমনভাবে নষ্ট হইয়াছে যাহা চলাচলের অনুপযুক্ত। বিধানসভায় বিগত অধিবেশনে এই রাস্তার আবশ্যকীয় মেরামতের জন্য উল্লেখ ও অনুরোধ করা হইলেও স্থানবিশেষে এই রাস্তার কোনও মেরামত করা হয় নাই। বিশেষ করিয়া মালদহ হইতে গাজোল পর্যন্ত এই রাস্তার অংশটি যানবাহন চলাচলের পক্ষে প্রায় অযোগ্য। রাজ্যের প্রায় সর্বত্র রাস্তাঘাটের রক্ষণাবেক্ষণে সরকারের উদাসিনতা লক্ষ্যণীয়। যেমন ন্যাশনাল হাইওয়ে ৩১। এর ডালখোলা হইতে ইসলামপুর পর্যন্ত অংশবিশেষ যাহা বিহার এবং পশ্চিমবঙ্গের সীমান্ত অঞ্চলে-অবস্থিত তাহারও কোনও মেরামত হইতেছে না, ফলে পশ্চিম দিনাজপুর জেলা সদর বালুরঘাট হইতে ইসলামপুর মহকুমার যোগাযোগ সাধন করা দুঃসাধ্য হইয়া পড়িয়াছে। এর ফলে এই সমস্ত এলাকায় গুরুতর অপরাধসমূহ উত্তরোত্তর বৃদ্ধি পাইতেছে। ইহার উদারহণ ইসলামপুরের ঘটনাসমূহ। এই বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নাই ;

81. অত্যাবশ্যক পণ্যদ্রব্যাদির মূল্য বৃদ্ধির কারণসমূহের মধ্যে কেন্দ্রীয় সরকারের উপর দোষারোপ করা হইয়াছে কিন্তু রাজ্য সরকার স্বীয় কর্তব্যপালনে যে সম্পূর্ণভাবে ব্যর্থ হইয়াছে তাহার উল্লেখ নাই এই ভাষণে। অন্যদিকে রাজ্য সরকারের নীতির ফলে বড়ব্যবসায়ী মজুতদার, মুনাফাখোর, কালোবাজরিরা যে এই রাজ্যকে স্বর্গরাজ্য ভাবিতেছে মহামান্য রাজ্যপালের ভাষণে তাহারও কোনও উল্লেখ নাই ;

84. পশ্চিম দিনাজপুর জেলার বংশীহারী, কুশুমন্ডি, ইটাহার এবং কালিয়াগঞ্জ থানাসমূহের পরস্পর সংলগ্ন এলাকাসমূহে খুন, ডাকাতি, লুঠ ও আগ্নেয়াস্ত্র সহ অবাধে আক্রমণ এমনভাবে বৃদ্ধি পাইয়াছে যে মানুষ অসহায় বোধ করিতেছে। বহু নৃশংস হত্যাকান্ড সংঘটিত হইয়াছে। এর ফলে মানুষ ভীত-সন্ত্রস্ত এবং নিরুপায় হইয়া মুক্তিপণ প্রদান করিয়া কোনওক্রমে দিনযাপন করিতেছে। এই সমস্ত অপরাধ দমনে সরকার এবং স্থানীয় প্রশাসন শুধু ব্যর্থই নহে, উদাসীনও বলা চলে। মাননীয় রাজ্যপালের ভাষণে এই বিষয় কোনও উল্লেখ নাই ;

85. এই রাজ্যে পশু-চিকিৎসালয়গুলিতে বিশেষ করে মফস্বলে অবস্থিত পশু-চিকিৎসালয়সমূহে প্রায় সর্বত্রই প্রয়োজনীয় ঔষধপত্র নাই এবং নিয়মিত সরবরাহও করা হয় না। ডাক্তারবাবুরা প্রায় থাকেন না। পশু-পক্ষীর এপিডেমিক দেখা দিলে প্রতিষেধক টীকা দেওয়ার ব্যবস্থা নাই। সমগ্র বিষয়টি তদারকী করার কোনও প্রশাসনিক কাঠামো থাকিলেও তাহা উদাসীন এবং উদ্দেশ্যহীন ও নিষ্ক্রিয়—মাননীয় রাজ্যপালের ভাষণে এই বিষয়ে কোনও উল্লেখ নাই ;

82. পশ্চিমবঙ্গ সরকারের পরিবার কল্যাণ পরিকল্পনা অনুসরণ করা হইতেছে, না পরিত্যক্ত হইয়াছে মাননীয় রাজ্যপালের ভাষণে তাহার কোনও উল্লেখ নাই ; were then put and lost.

The motion of Dr. Zainal Abedin that—

86. এই রাজ্যে সমবায় আন্দোলন ক্রমশ ক্ষীয়মাণ। আমানত আন্দোলন কিঞ্চিৎ ফলপ্রসু হইলেও কৃষিঋণদান ব্যবস্থা প্রায় বন্ধ হতে চলেছে। একই সরকার দায়িত্বে থাকিলেও বিভিন্ন দলের বিভিন্ন নেতা এবং মন্ত্রী মহোদয়গণের বক্তব্য ও ঘোষণার ফলে কৃষিঋণ আদায় বহুলাংশে বিঘ্নিত। কংগ্রেস প্রবর্তিত সার্বজনীন সদস্যকরণ অভিযান পরিত্যক্ত না হইলে আশানুরূপ অগ্রগতি হয় নাই। ক্রেতাস্বার্থে সমবায় বিপনন ব্যবস্থাও আশানুরূপভাবে অগ্রসর হয় নাই। সমবায় কর্মচারিদের অসন্তোষ ও আন্দোলন বিভিন্ন সময়ে বিভিন্ন ক্ষেত্রে পরিলক্ষ্যিত হইতেছে। সামগ্রিকভাবে সমবায়ের অগ্রগতি এই রাজ্যে হতাশাব্যঞ্জক—মাননীয় রাজ্যপালের ভাষণে এই বিষয়ে উল্লেখ নাই ;

87. এই সরকারের কার্যকালে সমস্ত নিত্যব্যবহার্য জিনিসপত্রের অস্বাভাবিক মূল্যবৃদ্ধি ত ঘটিয়াছেই কিন্তু তদুপরি কিছু বস্তু দুষ্প্রাপ্যও হইয়াছে। মৎস্য উৎপাদনে উৎসাহ প্রদানে এবং সামুদ্রিক মাছের নিয়মিত সরবরাহ নিশ্চিত করিতে রাজ্য সরকার সম্পূর্ণরূপে ব্যর্থ হইয়াছে। অথচ বৈজ্ঞানিক গবেষণালব্ধ জ্ঞান ও পদ্ধতি প্রয়োগে এই রাজ্যে ১১ লক্ষ পুষ্করিণী এবং অপরিসীম জলাভূমিতে অ্যাকোয়াপ্লোসান সম্ভব। সামুদ্রিক মাছের যোগান বৃদ্ধিও সম্ভব। তবুও আজ মাছের আকাল। মূল্যও চরম—মাননীয় রাজ্যপালের ভাষণে এই সকল বিষয়ের কোনও উল্লেখ নাই ;

88. এই রাজ্যে স্বাস্থ্যকেন্দ্রসমূহ কোথাও ডাক্তার নাই, কোথাও নার্স কিম্বা কম্পাউন্ডার নাই আর ঔষধ প্রায় সর্বত্রই নাই। বড় বড় হাসপাতালগুলিতে অব্যবস্থা চরম। অতিরিক্ত পয়সা ব্যয় না করিলে চিকিৎসা কিম্বা ঔষধ দুইই দুষ্প্রাপ্য এবং সুচিকিৎসা পাইতে হইলে অস্বাভাবিক হারে প্রাইভেট প্র্যাকটিস ফি প্রদান করিতে সাধারণ মানুষ পর্যন্ত বাধ্য হইতেছে। রোগীদের পথ্যের ব্যয় বৃদ্ধি হইতে থাকিলেও খাদ্যের গুণ ও পরিমাণ দুইই ক্রমশ কমিতেছে। তত্ত্বাবধান নাই বলিলেও চলে—মাননীয় রাজ্যপালের ভাষণে এই বিষয়ে কোনও উল্লেখ নাই ;

89. রাজ্য সরকারের বিঘোষিত নীতি এই যে, গণতান্ত্রিক আন্দোলন পুলিশ হস্তক্ষেপ করিবেনা অথচ বিরোধী দলসমূহের দ্বারা সংগঠিত প্রতিটি গণতান্ত্রিক আন্দোলন পুলিশকে এমনভাবে কাজে লাগানো হইয়াছে যে শান্তিপ্রিয় আন্দোলনকারিদের উপর পুলিশ বিনা প্ররোচনায় বলপ্রয়োগ করিয়াছে এবং বহু লোককে আহত এমন কি গুরুতরভাবে আহত এবং নিহত পর্যন্ত করিয়াছে। রাজ্য সরকারের এই কাজের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই ;

90. আইনশৃঙ্খলার রক্ষক পুলিশবাহিনীর মধ্যে নিয়োগ-বদলি ব্যবস্থা এমনভাবে পরিচালিত হইতেছে যে, দল বিশেষের প্রভাব যেন স্থায়ী হয়। আবার পুলিশের মধ্যে দলীয় সংগঠন তৈয়ার করিবার জন্য একটি দলের প্রচেষ্টা পশ্চিমবঙ্গে পরিলক্ষ্যিত হইতেছে। এর ফলে পুলিশের মধ্যে নিরপেক্ষ ও নির্ভীক কর্মচারিদের মনোবল ভাঙ্গিয়া পড়িতেছে

অপরদিকে সাধারণমানুষও পুলিশের সাহায্য হইতে বঞ্চিত হইতেছে—এই বিষয়ে রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নাই ;

91. এই রাজ্যে সংখ্যালঘু সম্প্রদায়ের জন্য মাদ্রাসা শিক্ষাব্যবস্থার সামান্য কিছু উল্লেখ থাকিলেও তাহাদের ধর্মীয় স্থান যেমন কবরস্থান, মসজিদ, ওয়াকফ্ সম্পত্তিসমূহ যাহা বেদখল হইয়া আছে কিম্বা ক্রমশ বেদখল হইতেছে সে সমুদয় উদ্ধার করিবার কিম্বা সুরক্ষিত রাখিবার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই ;

92. কংগ্রেস প্রবর্তিত ভূমিসংস্কার আইন অনুসরণ করিলেও বর্তমান রাজ্য সরকার প্রশাসনকে দলীয় স্বার্থে ব্যবহার করিয়া পশ্চিমবঙ্গে একটি 'তাঁবেদার স্থায়ী কৃষকশ্রেণী' গঠন করিবার অবিরাম প্রচেষ্টা করিয়া চলিয়াছেন ফলে একদিকে যেমন কৃষিতে অনিশ্চয়তা বিদ্যমান অন্যদিকে গ্রামাঞ্চল বিরোধ তেমনই ব্যাপক আকার ধারণ করিতেছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এই বিষয় এমনভাবে উল্লেখ করা হইয়াছে যে, রাজ্য সরকার ভূমিসংস্কার ব্যবস্থায় সফল হইয়াছে। সরকারে ন্যস্ত দশ লক্ষাধিক একর সরকার ভূমিসংস্কার ব্যবস্থায় সফল হইয়াছে। সরকারে ন্যস্ত দশ লক্ষাধিক একর কৃষিজমির মধ্যে এ পর্যন্ত ছয় লক্ষ একরের কিঞ্চিৎ অধিক জমি কৃষিজমিহীনদের মধ্যে বিলি করা হইয়াছে। এই জমির অধিকাংশ বণ্টন করা হইয়াছে কংগ্রেস সরকারের আমলে। বাকি ন্যস্ত জমি যাহা আদালত নিষেধাজ্ঞার আওতায় নাই তাহাও এ পর্যন্ত বিতরণ করা হইতেছে না। ইহার কারণে কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে করা হয় নাই ;

93. রাজ্য সরকারের পক্ষে আঞ্চলিক বৈষম্য দুর করিবার ঘোষণা থাকিলেও এই সরকারের কার্যকালে এই বৈষম্য আরও প্রকট-রূপ ধারণ করিয়াছে। বিশেষ করে যোগাযোগ রক্ষাকারী সড়ক নির্মাণ, সেতু নির্মাণ, আবাস প্রস্তুত, বিদ্যুৎ সরবরাহ, ইনফ্রাস্ট্রাকচার প্রস্তুত এবং বন্যানিয়ন্ত্রণ ও সেচব্যবস্থা সম্প্রসারণের ক্ষেত্রে রাজ্য সরকারের স্থানবিশেষে উদাসিনতা এবং স্থানবিশেষে কোথাও কোথাও কিঞ্চিৎ তৎপরতা পরিলক্ষিত হইতেছে—মাননীয় রাজ্যপালের ভাষণে এই বিষয়ে উল্লেখ নাই ;

94. এই রাজ্যে চিকিৎসা শিক্ষা ব্যবস্থার তিন বছরের সংক্ষিপ্ত শিক্ষা ব্যবস্থা চালু করিয়া রাজ্য সরকার গ্রামের মানুষের জন্য এক রকম নিকৃষ্টমানের চিকিৎসা পদ্ধতি চালু করার চেষ্টা শুধু করিতেছেন না চিকিৎসা শিক্ষামানের স্থায়ী অধপতন এই রাজ্যে সুনিশ্চিত করিতেছেন। সরকারের ঘোষিত সৎ উদ্দেশ্য ও কৈফিয়ৎ যাহাই হোক আই এম এ কিম্বা আই এম সি কিম্বা সাধারণ শিক্ষিত মানুষ কিম্বা চিকিৎসা বিষয়ে সামান্য জানাশোনা আছে এমন ব্যক্তিও কদাপি এই সংক্ষিপ্ত মেডিকেল শিক্ষাক্রম সমর্থন করেন নাই সম্ভবত করিতে পারেন না। সর্ব্বক্ষেত্রে পশ্চিমবঙ্গ দ্রুত অবনমিত হইতে চলিয়াছে সুতরাং মেডিকেল শিক্ষাক্ষেত্রে এই অধপতন এই সরকারের আমলে আদৌ অসম্ভব নহে। কিন্তু শহরে লোকদের জন্য উচ্চমানের শিক্ষা ও চিকিৎসা ব্যবস্থা এবং গ্রামের লোকদের জন্য নিকৃষ্টমানের চিকিৎসা ব্যবস্থা প্রণয়নের প্রয়াস একটি মানবিক অপরাধের

সমান—মাননীয় রাজ্যপালের ভাষণে এই বিষয়ে সংক্ষিপ্ত উল্লেখ থাকিলেও সমগ্র বিষয়টি আলোচিত হয় নাই ;

95. এই রাজ্যে পাটচাষীদের উৎপাদিত ফসলের ন্যায্য মূল্য কিম্বা অন্তত সহায়ক মূল্য নিশ্চিত করিবার কোনও পরিকল্পনা রাজ্য সরকার উপস্থাপিত করিতে ব্যর্থ হইয়াছে। ফসলের ন্যায্য মূল্য কিম্বা সহায়ক মূল্য অনিশ্চিত হওয়ায় চাষীদের বিকল্প অন্য কোনও ফসল চাষে উৎসাহী ও অনুপ্রাণিত করিবার কোনও পরিকল্পনা রাজ্য সরকার এখনও ঘোষণা করেন নাই। সুতরাং পাটচাষ ও পাটচাষীদের অবস্থা অপরিবর্তিত—এই বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নাই ;

96. এই রাজ্যে রেশম উৎপাদনকারী চাষীদের উৎপাদিত রেশমগুটি কিম্বা রেশম সূতা সহায়কমূল্যে ক্রয় করিয়া বৃহৎ ব্যবসায়ী ও মহাজন ও দাদনকারী ব্যবসায়ীদের হাত হইতে চাষীদের রক্ষা করিবার কোনও পরিকল্পনা রাজ্য সরকারের নাই ফলে রেশম উৎপাদনকারীরা নিয়মিতভাবে মহাজন ও বৃহৎ ব্যবয়াসীদের নিকট আত্মসমর্পণ করিয়া আসিতেছে। এর ফলে রেশম চাষে যেমন আশানুরূপ উন্নয়ন সম্ভব হইতেছে না অন্যদিকে চাষীরাও শোষণমুক্ত হইতেছে না—মাননীয় রাজ্যপালের ভাষণে এই বিষয়ে কোনও উল্লেখ নাই ;

97. এই রাজ্যের রাজকোষ হইতে পঞ্চায়েতের মাধ্যমে যথারীতি তদারকী ব্যতিরেকে বহু অর্থ ব্যয়িত হইয়াছে ইহার ফলে জনগণের স্বার্থে উন্নয়নমূলক কাজ এবং প্রকল্পসমূহ কতখানি রূপায়িত হইয়াছে কিম্বা গ্রামাঞ্চলে জনগণের কল্যাণে কি কি স্থায়ী প্রকল্পস্বরূপ সম্পদ সৃষ্টি হইয়াছে তাহার উল্লেখ মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণে নাই ;

98. সমাজের দুর্বল শ্রেণীর মানুষ যেন আদালতে সুবিচার পায় তার জন্য রাজ্য সরকার-এর লিগাল এইড্ প্রকল্প ঘোষিত হইলেও বহু আদেবন নিবেদন করিয়াও সাধারণ মানুষ এখনও কোনও সরকারি সাহায্য পাইতেছে না। নির্দিষ্ট দল বিশেষ ছাড়া অন্য কেহ এই লিগাল এইড্ পাইবার অধিকারী কিনা এই বিষয়ে মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণে কোনও উল্লেখ নাই ;

99. পশ্চিমবঙ্গ সরকার একদিকে যেমন সরকারি উদ্যোগ সৃষ্টি ও সম্প্রসারণে ব্যর্থ হইয়াছে অন্যদিকে তেমনই বেসরকারি মালিকানা এবং বৃহৎ পুঁজিপুতিদের স্থায়ীভাবে সন্তুষ্ট রাখিবার জন্য সর্বদা সচেষ্ট আছে। তাই তাহারা অবাধে মুনাফা লুটিতেছে—এই বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নাই ; এবং

100. রাজ্য সরকার অভাবের সময় উৎপাদনকারী কৃষকদের উৎপাদিত কৃষিপণ্যের সহায়ক মূল্য পর্যন্ত বহু জায়গায় সুনিশ্চিত করিতে সম্পূর্ণ ব্যর্থ হইয়াছে—মাননীয় রাজ্যপালের ভাষণে এই বিষয়ে উল্লেখ নাই। were then put and lost.

101. The motion of **শ্রী কিরণময় নন্দ** : উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত

কথাগুলি যোগ করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় এই যে—

কাজকর্মে গতিশীলতার অভাবের জন্য রাজ্যে সর্বপ্রকার উন্নয়নমূলক কাজ বন্ধ হয়ে গেছে। কিন্তু লুঠতরাজ, খুন, রাহাজানি প্রভৃতি কার্যকলাপে সরকারের প্রত্যাক্ষ্য সহযোগিতার ফলে দুষ্কৃতকারীরা অত্যন্ত গতিশীল ও সক্রিয়—রাজ্যপালের ভাষণে এ বিষয়ের কোনও উল্লেখ নাই ; was then put and lost.

The motion of Shri Kiranmoy Nanda that—

103. পঞ্চায়েতে পক্ষপাতিত্বের মাধ্যমে পঞ্চায়েতি ব্যবস্থার মহৎ উদ্দেশ্যকে জলাঞ্জলি দিয়ে পঞ্চায়েতগুলিকে পক্ষপাতিত্ব ও দুর্নীতির আখড়ায় পরিণত করা হয়েছে—এ বিষয়ে রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই ;

104. নতুন শিল্প স্থাপনে এই সরকার সম্পূর্ণ ব্যর্থ হয়েছে এবং রাজ্যে নতুন কর্মসংস্থান প্রায় বন্ধ হয়ে গেছে। শুধু তাই নয় রাজ্যের বর্তমান সরকারের অসহযোগিতার জন্য পূর্বতন কেন্দ্রীয় সরকারের কাঁথিতে লবণ কারখানা স্থাপনের প্রকল্প বানচাল হয়ে গেছে এবং বেকার সমস্যা সমাধানে অন্তরায় সৃষ্টি করেছে—রাজ্যপালের ভাষণে এ বিষয়ের কোনও উল্লেখ নাই ;

105. নিত্য প্রয়োজনীয় দ্রব্য সুষ্ঠু সরবরাহের পরিবর্তে সরকারি মদতে কালোবাজারিদের হাতে দরিদ্র মেহনতী মানুষদের সমর্পন করা হয়েছে—এ বিষয়ে রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নাই ;

106. শিক্ষাক্ষেত্রে স্বাধিকার নষ্ট করে শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে দলীয় আখড়ায় পরিণত করা হয়েছে, প্রাথমিক স্কুল বোর্ডের নির্বাচন না করে দলীয় অ্যাড হকের মাধ্যমে স্কুল বোর্ডগুলিতে অবৈধ কাজকর্ম চালানো হচ্ছে—রাজ্যপালের ভাষণে এ বিষয়ের কোনও উল্লেখ নাই ;

107. সরকারি সিদ্ধান্ত অনুযায়ী কর্মবিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে চাকুরি দেওয়ার কথা ঘোষণা করা হলেও কর্মবিনিয়োগ কেন্দ্র ছাড়াই চাকুরিতে নিয়োগ করা হয়েছে—এ বিষয়ে রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নাই ;

108. কো-অর্ডিনেশন কমিটি ও জয়েন্ট কাউন্সিলের ঝগড়ার ফলে হাসপাতালগুলিতে অব্যবস্থা হচ্ছে—এ বিষয়ে রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নাই ; এবং

109. সরকারের ভাষানীতির ফলে সর্বত্র বিক্ষোভ সৃষ্টি হয়েছে। প্রাথমিক স্তরে ইংরাজি তুলে দেওয়ার কথা ঘোষণা করা সত্ত্বেও মন্ত্রী ও বড় বড় লোকেদের বাড়ির ছেলেদের ইংলিশ মিডিয়াম স্কুল খোলা রেখে সেখানে পড়ানোর পাকা বন্দোবস্ত রাখা হয়েছে—রাজ্যপালের

ভাষণে এই বিষয়বস্তুর কোনও উল্লেখ নাই।" were then put and lost.

110. The motion of **শ্রী প্রবোধচন্দ্র সিংহ** ঃ উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় এই যে—

নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য ক্রমাগত বৃদ্ধি পাওয়ার ফলে জনসাধারণের যে চরম আর্থিক সংকটের মধ্যে পড়েছেন তার থেকে রেহাই দেওয়ার জন্য নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্যবান নিয়ন্ত্রণের কোনও উল্লেখ নাই এবং মজুতদারি ও কালোবাজারি দমনে ও অতি মুনাফাকারিদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

111. বিগত কয়েক বছরের বন্যা ও খরার ফলে ফসল হানি হওয়ার জন্য পশ্চিমবঙ্গের কৃষক সাধারণ চরম দুর্গতির মধ্যে পড়েছেন। অথচ চাষআবাদ করার জন্য তারা সরকারের নিকট হতে বীজ, সার ও কৃষিলোন ইত্যাদি যেসব ঋণ গ্রহণ করেছিলেন তার সুদ ও আসল কৃষকদের ঘাড়ে এখন একবিরাট বোঝা হয়ে দাঁড়িয়েছে। কৃষকদের ঋণ মুক্ত করার জন্য কৃষিঋণ মকুব করার একান্ত প্রয়োজন। অথচ এই কৃষিঋণ মকুব করার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ; এবং

112. পশ্চিমবঙ্গের বিপুল সংখ্যক বেকার যুবক-যুবতীদের দ্রুত কর্মসংস্থানের জন্য কোনও পরিকল্পনার কথা রাজ্যপালের ভাষণে নেই।" were then put and lost.

113. The motion of **শ্রী এ কে এম হাসানুজ্জামান** ঃ উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় এই যে—

বর্তমানে নিত্যব্যবহার্য দ্রব্যসামগ্রীর মূল্যবৃদ্ধি এবং বন্টনজনিত অব্যবস্থার জন্যে জনসাধারণের অপরিসীম দুঃখকষ্টের কথার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

114. কৃষকের দুরবস্থা, কৃষিঋণ মকুব, কৃষকের প্রয়োজনীয় সার, বীজ প্রভৃতি সস্তায় দেওয়ার কথা, কৃষিতে ভরতুকি দেওয়ার কথা এবং কৃষিজাত পণ্যের ন্যায্য মূল্যের কথার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

115. বামফ্রন্টের ৩৬ দফা কর্মসূচির ৩৩(ক) ধারার কর্মসূচি কতটা কার্যকর হয়েছে, তার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

116. সংখ্যানুপাতে চাকরির কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

117. জবরদখলিকৃত মসজিদ প্রভৃতি উদ্ধারের কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

118. মালদহ, বারাসাত থানার আমিনপুর এলাকায় পুলিশের গুলি চালানোর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

119. আরবী ও মাদ্রাসা শিক্ষার সম্প্রসারণ ব্যবস্থার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

120. রাজ্য সরকার কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠানসমূহের স্বাধিকাব হরণ সংক্রান্ত অগণতান্ত্রিক পদক্ষেপ সমূহের কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ; were then put and lost.

The motion of Shri Asoke Bose that—

১৬ই ফেব্রুয়ারি, ১৯৮১ তারিখে শ্রী অশোককুমার বসু কর্তৃক উপস্থাপিত প্রস্তাব—

'মহামান্য রাজ্যপাল মহাশয় পশ্চিমবঙ্গ বিধানসভায় অদ্য ১৬ই ফেব্রুয়ারি, ১৯৮১ "রাজ্যপালকে তাঁহার ভাষণের প্রত্যুত্তরে নিম্নলিখিত মর্মে একটি সশ্রদ্ধ সম্ভাষণ পাঠানো হউক ঃ—

১৬ই ফেব্রুয়ারি, ১৯৮১ তারিখের অধিবেশনে যে ভাষণ প্রদান করিয়াছেন তজ্জন্য আমরা, এই সভার সদস্যগণ তাঁহাকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছি।"

was then put and agreed to.

## Adjournment

The House was the adjourned at 7.29 p.m. till 1 p.m. on Tuesday, the 24th February, 1981 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Tuesday the 24th February 1981 at 1-00 p.m.

**PRESENT**

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 15 Ministers, 5 Ministers of State and 158 Members.

[1-00—1-10 p.m.]

### Starred Questions
### (to which oral Answers were given)

**বাঁকুড়া জেলার বিষ্ণুপুর মহকুমায় নিয়ন্ত্রিত বাজার**

*১০০। (অনুমোদিত প্রশ্ন নং *১৬।) **শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় :** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া জেলার বিষ্ণুপুর মহকুমায় নিয়ন্ত্রিত বাজারটি এখনও চালু হয় নাই ;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি ; এবং

(গ) উক্ত মহকুমায় একাধিক নিয়ন্ত্রিত বাজার স্থাপন করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

**শ্রী কমলকান্তি গুহ :**

(ক) হ্যাঁ

(খ) বাজার চত্বর নির্মানের জন্য উপযুক্ত জমি এখনও পাওয়া যায় নাই।

(গ) না।

**শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় :** একটি মহকুমায় ৬টি থানা নিয়ে বড় বাজার তৈরি করলে তা কার্যকর হবে কি?

**মিঃ স্পিকার :** এটা সাপ্লিমেন্টারি হয়না।

**শ্রী রজনীকান্ত দলুই :** এখনও পর্যন্ত জায়গা পেলেননা, তাই চালু হচ্ছেনা। জায়গা পাবার জন্য কি ব্যবস্থা নিয়েছেন? যাতে তাড়াতাড়ি পাওয়া যায় তার জন্য কোনও ব্যবস্থা নিয়েছেন কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** জায়গা পাবার জন্য খোঁজাখুজি করছি, জায়গা যখন পাব নিশ্চয়ই করব।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** এত দিনের মধ্যে চালু করবেন, এই টার্গেট ডেট একটা থাকবেনা?

**মিঃ স্পিকার ঃ** সময় সীমার সিদ্ধান্ত দেওয়া যায়না।

**পশ্চিমবঙ্গে ধান ও চাল সংগ্রহের পরিমাণ**

*১০১। (অনুমোদিত প্রশ্ন নং *৫৪।) **শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০-৮১ সালে পশ্চিমবঙ্গে ধান ও চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা কত ছিল;

(খ) ১৯৮১ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত পশ্চিমবঙ্গে মোট কত ধান ও চাল সংগৃহীত হয়েছে; এবং

(গ) বর্তমানে ধানের সংগ্রহমূল্য বৃদ্ধির কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

**শ্রী সুধীনকুমার গুহ ঃ**

(ক) ১৯৮০-৮১ সালে পশ্চিমবঙ্গে ধান ও চাল সংগ্রহের কোনও লক্ষ্য মাত্রা ধার্য করা হয় নাই।

(খ) ১৯৮০-৮১ সালের খরিফ মরশুমে ৩১-১-৮১ পর্যন্ত পশ্চিমবঙ্গে ৩৩,৮৯০ মেঃ টন ধান ও ৬২,৮৯৪ মেঃ টন চাল সংগৃহীত হইয়াছে।

(গ) না।

**পশ্চিমবঙ্গে ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা**

*১০২। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪১।) **শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান শস্য উৎপাদিত বছরের জন্য পশ্চিমবঙ্গ সরকার ধান সংগ্রহের কোনও লক্ষ্যমাত্রা স্থির করিয়াছেন কি;

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, কি পরিমাণ ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা স্থিরীকৃত হইয়াছে; এবং

(গ) আজ পর্যন্ত মোট কত পরিমাণ ধান সংগৃহীত হইয়াছে?

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) বর্তমান খরিফ মরশুমে গত ২০।২।৮১ তারিখ পর্যন্ত মোট ৩১,৩৫৯ মেট্রিক টন ধান সংগৃহীত হইয়াছে। উক্ত তারিখ পর্যন্ত চালের হিসাবে মোট সংগ্রহের পরিমাণ ১,০৬,৪১৭ মেঃ টন।

**শ্রী প্রদ্যোতকুমার মহান্তি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি ১৯৮০-৮১ সালে ধান চাল সংগ্রহের লক্ষ্য মাত্রা ধার্য না করার কারণ কি?

**শ্রী সুধীন কুমার ঃ** আগে যে পরিস্থিতিতে ধান চালের সংগ্রহ মাত্রা ঠিক হোত এখন সেই পরিস্থিতি আর নেই।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই যে ৩৩,৮৯২ মেট্রিক টন চাল সংগ্রহ করেছেন এর মধ্যে পঞ্চায়েতের মাধ্যমে কতটা সংগৃহীত হয়েছে?

**শ্রী সুধীন কুমার ঃ** পঞ্চায়েতের মাধ্যমে ১১ হাজার ৬৫ টন এখনও পর্যন্ত পঞ্চায়েত সংগ্রহ করেছে।

**শ্রী দীপক সেনগুপ্ত ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন বর্তমান বৎসরের জন্য কোনও লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয় নি। তাহলে আপনার দপ্তর কিভাবে সংগ্রহ করবেন এবং তা বন্টন করবার কি রাস্তা গ্রহণ করেছেন?

**শ্রী সুধীন কুমার ঃ** আমাদের এখানে সামগ্রিক যে ঘাটতি সেটা রাজ্যের ভিতর থেকে সংগ্রহ করে তা পূরণ করা সম্ভব নয় বিশেষ করে যখন কেন্দ্রীয় সরকার রাজ্য স্তরে কর্ডন করেছিলেন তখন সংগ্রহ করা সম্ভব ছিল। এখন কর্ডন করা হয় নি বন্ধ করে দিয়েছেন। আগে জোর করে কর্ডন করে চাষিদের কাছ থেকে আদায় করা হোত। বর্তমানে আমরা চাই খোলা বাজারে যে পরিমাণ থাকা দরকার সেটা থাক এবং আমরা রেশন সরবরাহ করে সেই দাম নিয়ন্ত্রন রাখার চেষ্টা করব। এবং সেখানে যে ঘাটতি হবে সেটা কেন্দ্রীয় সরকারকে পূরণ করতে হবে। এটা কেন্দ্রীয় সরকারের নীতি এবং এ পর্যন্ত আমরাও সেই দাবি করছি।

**শ্রী দীপক সেনগুপ্ত ঃ** আমার প্রশ্নটা হচ্ছে যে লক্ষ্য মাত্রা যদি নির্ধারণ না করেন তাহলে ঘাটতি কত এবং আমরা কেন্দ্রীয় সরকারের কাছে চাইব কত সেটা আপনার দপ্তর ঠিক করবেন কি ভিত্তিতে?

**শ্রী সুধীন কুমার ঃ** আমাদের যা সংগ্রহ হবে তারপর যা ঘাটতি থাকবে তা পূরণ করার দায়িত্ব কেন্দ্রীয় সরকারের।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** পশ্চিমবাংলায় কি সংগ্রহ হবে না হবে বাদবাকি কেন্দ্রীয় সরকার দেবে এটা কি তারা আপনাদের বলে দিয়েছে?

**শ্রী সুধীন কুমার ঃ** আমরা সংগ্রহ কতটা করতে পারব সেটা নির্ভর করে এখানে উৎপাদন কত হোল এবং কৃষি উৎপাদন কত হবে যতক্ষণ না পর্যন্ত উৎপাদন শেষ হয় ফসল কাটা হয় ততক্ষণ কারও পক্ষে বলা সম্ভব নয়। উৎপাদনের উপর চাওয়ার পরিমাণ ঠিক করতে হবে। এবং বেশ কিছু খাদ্যশস্য খোলাবাজারের জন্য রাখতে হবে তা না হলে মডিফায়েড রেশন থাকতে পারে না।

## বাঁকুড়া জেলার বিষ্ণুপুর মহকুমায় নিয়ন্ত্রিত বাজার

*১০৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭।) **শ্রী সুমন্তকুমার হীরা ঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বৎসরে ৩১শে জানুয়ারি '৮১ পর্যন্ত পশ্চিমবঙ্গে ধান উৎপাদনের মোট পরিমাণ কত ;

(খ) উক্ত উৎপাদিত ধানের মধ্যে আমন ধানের পরিমাণ কত ;

(গ) গত বৎসরের তুলনায় বর্তমান বৎসরের আমন ফলনের বৃদ্ধির পরিমাণ কত ; এবং

(ঘ) কত বিঘা জমিতে বোরো ধান চাষের সম্ভাবনা রয়েছে এবং উৎপন্ন ফসলের সম্ভাব্য পরিমাণ কত?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) ১৯৮০-৮১ সালে পশ্চিমবঙ্গে আউশ ও আমন ধানের অনুমিত উৎপাদনের মোট পরিমাণ প্রায় ৯৯ লক্ষ মেট্রিক টন।

(খ) উপরোক্ত পরিমাণের মধ্যে আমন ধানের অনুমিত উৎপাদনের পরিমাণ প্রায় ৯০ লক্ষ মেট্রিক টন।

(গ) গত বছরের তুলনায় এ বছর প্রায় ২০ লক্ষ মেট্রিক টন আমন ধান বেশি উৎপন্ন হয়েছে।

(ঘ) বর্তমান বছরে প্রায় ৪ লক্ষ হেক্টর অর্থাৎ প্রায় ৩০ লক্ষ বিঘা জমিতে বোরো ধানের চাষের সম্ভাবনা রয়েছে এবং তাতে ১৬ লক্ষ মেট্রিক টন বোরো ধান উৎপাদন হবে বলে আশা করা যায়।

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, এ বছর রেকর্ড উৎপাদন হয়েছে কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** হ্যাঁ।

[1-10—1-20 p.m.]

**শ্রী রজনীকান্ত দলুই :** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন উৎপাদন বেশি হয়েছে আর খাদ্যমন্ত্রী মহাশয় বলছেন উৎপাদন হয়নি। মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই যে দু রকমের স্টেটমেন্ট দেওয়া হচ্ছে এর কোন্‌টা সত্য?

**মিঃ স্পিকার :** It is a speculative question. It does not arise.

**শ্রী যামিনীভূষন সাহা :** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি এ বছর যা উৎপাদন হয়েছে এবং আমাদের যা প্রয়োজন সেখানে আমাদের ঘাটতি কত হবে?

**শ্রী কমলকান্তি গুহ :** গত যে লোকগণনা হয়েছিল আদমসুমারী তাতে দেখা যাচ্ছে আমাদের পশ্চিমবঙ্গে লোক ছিল ৪ কোটি ৪০ লক্ষ। এখন আমরা ধারণা করে নিচ্ছি ফাইন্যাল রিপোর্ট এখনও আসেনি। পশ্চিমবঙ্গে ৫।। কোটির মতন লোক হবে। যদি ৫০০ গ্রাম ক'রে দৈনিক খেতে দেওয়া যায় তাহলে ৯৯ লক্ষ টন খাদ্যশস্যের প্রয়োজন।

**শ্রী দেবনারায়ন চক্রবর্তী :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এ বৎসর আলু এবং পাটের উৎপাদন কত হয়েছে?

(নো রিপ্লাই।)

### Black Market in Cement

*104. (Admitted Question No. *72) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) it is a fact that a flourishing black market in Cement has developed in West Bengal ; and

(b) if so ; what action has been taken by the State Government in the matter?

**Shri Sudhin Kumar :**

(a) The State Government are aware of existence of a black market in respect of cement.

(b) Actions have been taken to secure higher allotment and delivery of cement according to need and prosecution of the blackmarketeers.

**শ্রী রজনীকান্ত দলুই :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই যে সিমেন্টের ব্ল্যাক মার্কেটিং চলছে, এটা কি সত্য?

**শ্রী সুধীর কুমার ঃ** হ্যাঁ।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই পর্যন্ত কতজন ব্ল্যাক মার্কেটিয়ার্সকে অ্যারেস্ট করেছেন যারা সিমেন্ট নিয়ে চোরাকারবারি করছে?

**শ্রী সুধীন কুমার ঃ** ৩৩৫ জনকে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন, এই সিমেন্টের যে স্কেয়ারসিটি চলছে, এটা কি চোরাকারবারিদের জন্য অর্থাৎ ব্লাক মার্কেটিয়ারসদের জন্য কি এই স্কেয়ারসিটি হচ্ছে? কারণ বাজারে বেশি দাম দিলে সিমেন্ট পাওয়া যায়, কিন্তু ন্যায্য দামে পাওয়া যাচ্ছে না। এর কারণ কি?

**শ্রী সুধীন কুমার ঃ** ঘাটতি থাকলে সেই ঘাটতির সুযোগে যারা ব্যবহার করার জন্য সিমেন্ট পেয়েছেন, তাদের কাছ থেকে সিমেন্ট বেরিয়ে যায় এবং বেরিয়ে গিয়ে সেটা কালোবাজারে বিক্রয় হয়। যদি ঘাটতি না থাকত, যা, যা, প্রয়োজন তারা ন্যায্য দামে পেয়ে যেতেন, বেশি দাম দিতে হতনা। কিন্তু ঘাটতি আছে বলে তারা দিতে আগ্রহী হচ্ছে এবং তার থেকে কালোবাজারির সৃষ্টি হচ্ছে।

**শ্রী নবকুমার রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে এই পারমিট প্রথা তুলে দিলে ব্লাক মার্কেটিং যেটা আছে সেটা কমে যাবে?

**শ্রী সুধীন কুমার ঃ** আমার তা মনে হয়না।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই ঘাটতির কারণ কি এবং গত দুই মাসে আপনাদের যা চাহিদা ছিল তার কতটুকু কেন্দ্রর কাছ থেকে পেয়েছেন, আর কতটুকু পাননি?

**শ্রী সুধীন কুমার ঃ** কেন্দ্রের কাছে আমাদের প্রয়োজনের একটা দাবি আমরা করি, আমাদের কাছে দরখাস্ত যখন যে রকম আছে। কিন্তু আমরা দেখেছি যে কোয়াটারলি যা আমরা পাই তার ডাবল পেলে আমাদের ঘাটতি মেটে। কিন্তু আমরা তার অর্ধেক পাই এবং সেটা দুটো কোয়াটারে কোটাটা দেন। আপনি গত দুই মাসের কথা বলেছেন দুটো কোয়াটার হচ্ছে, গত বছরের শেষ কোয়াটার এবং আর একটা হচ্ছে এই বছরের শেষের কোয়াটার অর্থাৎ জানুয়ারিতে। জানুয়ারির যখন থেকে আমরা সিমেন্ট সরবরাহ করার দায়িত্ব নিয়েছি তখন থেকে দ্বিতীয়বারের যেটুকু কোটা তা পেয়েছি যদিও তা প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন, এটা কি সত্য যে কেন্দ্রীয় সরকার সাফিসিয়েন্ট সিমেন্ট আপনাদের কাছে পাঠাচ্ছেন, যা যা আপনাদের প্রয়োজন কিন্তু সেটা আপনারা বিভিন্ন কারণে তুলতে পারছেন না?

**শ্রী সুধীন কুমার ঃ** সম্পূর্ণ ভুল।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে উন্নয়ন মূলক যে সমস্ত কাজ হচ্ছে দেশে, সেই উন্নয়ন মূলক কাজগুলিকে প্রায়োরিটি দিয়ে সিমেন্ট দেবার কোনও ব্যবস্থা আছে কি?

**শ্রী সুধীন কুমার ঃ** হ্যাঁ। সমস্ত উন্নয়ন মূলক কাজের প্রায়োরিটি থাকে। যেমন সরকারি এবং পঞ্চায়েত স্তরে, স্কুলে, হাসপাতালে ইত্যাদি যা কিছু আছে সমস্ত কাজে যতদূর সম্ভব প্রায়োরিটি দেওয়া হয়।

**মেদিনীপুর জেলার ৭নং রাধাপুর গ্রাম পঞ্চায়েতের জন্য মঞ্জুরীকৃত অর্থ**

১০৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩৪১।) **শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** পঞ্চায়েত এবং সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ভগবানপুর ২নং পঞ্চায়েত সমিতির অন্তর্গত ৭নং রাধাপুর গ্রাম পঞ্চায়েতে আসবাবপত্র কিনিবার জন্য সরকার কর্তৃক কত টাকা মঞ্জুর করা হইয়াছিল ;

(খ) উক্ত মঞ্জুরীকৃত অর্থে ক্রীত আসবাবপত্রে কোনও রাজনৈতিক দলের প্রতীকচিহ্ন খোদাই করা হইয়াছিল কি ; এবং

(গ) হয়ে থাকলে কাহার আদেশে উক্ত প্রতীকচিহ্ন খোদাই করা হয়?

**শ্রী দেবব্রত বন্দোপাধ্যায় ঃ**

(ক) উক্ত উদ্দেশ্যে গ্রাম পঞ্চায়েতটিকে সরকার থেকে কোনও টাকা মঞ্জুর করা হয় নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

**কৃষিঋণ মকুব**

*১০৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩৫।) **শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকারের কৃষিঋণ মকুব করার কোনও পরিকল্পনা আছে কি ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে কোন বছর হইতে উক্ত ঋণ মকুবের পরিকল্পনা গৃহীত হয়েছে ; এবং

(গ) কৃষিকাজের জন্য প্রদত্ত কোন্ কোন্ খাতে (যথা বীজ, সার, অগভীর নলকূপ, পাম্পসেট উক্ত ঋণ মকুবের প্রস্তাব রহিয়াছে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) কৃষি ঋণ বলতে যদি কৃষি দফতর কর্তৃক প্রদত্ত ঋণ বোঝানো হইয়া থাকে তার উত্তর "বিবেচনাধীন আছে"।

(খ) বিবেচনাধীন আছে।

(গ) বিবেচনাধীন আছে।

**গরিব ও প্রান্তিক কৃষকদের কৃষি ঋণ মকুব**

*১০৭। (অনুমোদিত প্রশ্ন নং *৮৩৬।) **শ্রী নীহারকুমার বসু ঃ** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গরিব ও প্রান্তিক কৃষকদের কৃষি ঋণ মকুব করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি ;

(খ) থাকিলে, কোন্ কোন্ শ্রেণীর কৃষকদের ঋণ মকুব করা হবে ; এবং

(গ) কবে নাগাদ এই ব্যবস্থা কার্যকর হবে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) মাননীয় সদস্য "কৃষিঋণ" বলিতে যদি সার, বীজ ও কীটনাশক ক্রয়ের জন্য সরকার হইতে দেওয়া স্বল্প মেয়াদী (Short term) ঋণ বুঝাইয়া থাকেন তাহা হইলে উত্তর হইবে "বিবেচনাধীন আছে"।

(খ) বিবেচনাধীন আছে।

(গ) বিবেচনাধীন আছে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, কয়েকদিন আগে পেপারে এবং রেডিওর মাধ্যমে শুনলাম যে কৃষিমন্ত্রী মহাশয় অ্যানাউন্স করেছেন যে কৃষি দপ্তর থেকে যে সমস্ত কৃষিঋণ দেওয়া হয়েছে সেগুলি মকুব করা হচ্ছে এটা কি সত্য?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমরা জিনিসগুলি দেখছি এবং বিবেচনা করছি যে কোন্ সাল থেকে কোন্ সাল পর্যন্ত ঋণ মকুব করা যাবে, কতটা মকুব করা যাবে, কি কি খাতে মকুব করা যাবে, কত জমির কৃষককে ঋণ মকুব করা যাবে ইত্যাদি এগুলি আমরা খতিয়ে দেখছি। তবে সরকারের সিদ্ধান্ত হচ্ছে ঋণ মকুব করতে হবে। এগুলি না হওয়া পর্যন্ত পুরোপুরিভাবে বলতে পারছি না। সে জন্য বলেছি যে বিবেচনাধীন আছে।

[1-20—1-30 p.m.]

**শ্রী নীহারকুমার বসু ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে সরকারের এই একটি সিদ্ধান্তে আসতে কত সময় লাগবে বলে মনে হয়?

(কোনও উত্তর নাই)

**শ্রী সন্তোষ রাণা ঃ** কৃষিঋণ বলতে কৃষি দপ্তরের ঋণ ছাড়াও কো-অপারেটিভ ঋণ, ব্যাঙ্ক ঋণ প্রভৃতি আছে, কৃষকদের সে ব্যাপারে সরকার কি কিছু চিন্তা ভাবনা করছেন?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমরা ওটাও খতিয়ে দেখছি, তবে ঐ সমবায় ঋণ, ব্যাঙ্ক ঋণ এখন যেগুলো দেওয়া হয়েছে রাজ্য সরকার সেগুলো মকুব করতে পারেন না। সেগুলো রিজার্ভ ব্যাঙ্কের আইনে চলে, সেগুলো কি করা যাবে সেটা রাজ্য সরকার বিবেচনা করে দেখছেন।

**শ্রী সন্তোষ রাণা ঃ** শোধ করার দায়িত্ব যাতে নিতে পারেন সবকার সেরকম কোনও চিন্তা ভাবনা করছেন কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমরা বিবেচনা করছি। স্যার, এটা বলে আমি ওঁর অনেকটা অস্বস্তি দূর করতে পারি, এবারে বাজেট সেশনের মধ্যে বামফ্রন্ট সরকার কৃষকদের এই অবস্থা থেকে মুক্তি দেওয়ার জন্য ঘোষণা করতে পারেন।

**মডিফায়েড রেশন এলাকায় ব্যক্তিগত রেশন কার্ড দিবার কর্মসূচি**

*১০৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪৭৯।) **শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ** মাননীয় খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সরকার মডিফায়েড রেশন এলাকায় ব্যক্তিগত রেশনকার্ড দিবার কোনও কর্মসূচি গ্রহণ করিয়াছেন কিনা ; এবং

(খ) উক্ত কর্মসূচি গৃহীত হইয়া থাকিলে তাহা কতদূর কার্যকর হইয়াছে?

**শ্রী সুধীন কুমার ঃ**

(ক) হ্যাঁ।

(খ) মহামান্য হাইকোর্টের স্থগিতাদেশ পাওয়ার পূর্ব পর্যন্ত ৩, ৬৬, ১১, ৪২১ টি ব্যক্তিগত রেশন কার্ড ছাপা হইয়াছিল। তন্মধ্যে ৩৯ লক্ষ কার্ড বিলি করা হইয়াছিল এবং আরও ১৯, ৬৮, ২৭৯ টি রেশন কার্ড লিখিয়া বিলির জন্য প্রস্তুত করা হইয়াছিল।

মহামান্য হাইকোর্টের স্থগিতাদেশ তুলিয়া লওয়ার জন্য ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী :** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি যে পাড়াগাঁয়ের লোক যদি একটু রেশন কার্ডে জিনিষস পায় বা খেতে পায় তার জন্য কার বুক চড় চড় করেছিল, যার জন্য তিনি এই মামলা করেছিলেন?

**(কোনও উত্তর নাই)**

**পশ্চিমবঙ্গে সিমেন্ট সঙ্কট**

*১০৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫০২।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গে সিমেন্টের অভাবের ফলে বহু উন্নয়নমূলক কর্মসূচি ব্যাহত হচ্ছে ;

(খ) এই রাজ্যে ক্রমবর্ধমান সিমেন্ট সঙ্কটের কারণ কি ; এবং

(গ) পশ্চিমবঙ্গে "লিমপো" যোগানের পরিমাণ কত?

**শ্রী সুধীন কুমার :**

(ক) হ্যাঁ।

(খ) চাহিদার তুলনায় এরাজ্যে সিমেন্ট সরবরাহ খুবই কম। উপরন্তু বরাদ্দকৃত সিমেন্টও সরবরাহ করা হয় না।

(গ) "লিমপো" সিমেন্ট হিসাবে গণ্য করা হয় না এবং পশ্চিমবঙ্গে এর যোগানের পরিমাণ অজ্ঞাত।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে কেন্দ্রের দেয় সিমেন্ট আমরা যথাযথভাবে পাই কিনা?

**শ্রী সুধীন কুমার :** আগেই বলেছি, যেটা আমাদের বরাদ্দ করা হয় সেটা আমাদের কাছে এসে পৌঁছায় না। গত তিন বছরের মধ্যে দুই কোয়ার্টার করে আমাদের বিলে কোটা পেয়েছি। দুই কোয়ার্টার বাদে গত তিন বছরের মধ্যে কখনও আমরা আমাদের পুরো কোটা পাইনি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** আমার প্রশ্নটা হচ্ছে যে আপনি উন্নয়নমূলক কাজের জন্য জেলা পরিষদকে সরাসরি সিমেন্ট বরাদ্দ করেছেন। যার ফলে অনেক সময় ন্যায্যভাবে পঞ্চায়েত সমিতিতে বণ্টিত হচ্ছে না। পঞ্চায়েত সমিতির রিকয়ারমেন্ট মতো সিমেন্ট সরাসরি পঞ্চায়েত সমিতিকে দেবেন কি?

**শ্রী সুধীন কুমার :** আমরা পারিনা। আমরা জেলাশাসক, জেলা সভাধিপতি তাঁকে

জেলার সিমেন্ট দিয়ে দিই। তাঁরাই ঠিক করেন কি পরিমাণ সিমেন্ট উন্নয়নের জন্য ধার্য করবেন, কি পরিমাণ সিমেন্ট জনসধারণের ব্যবহারের জন্য করবেন এবং কি পরিমাণ ঐ ব্লাক কনজাম শানে ব্যবহার করবেন।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** যদি দেখা যায় যে কোনও পঞ্চায়েত সমিতি তাদের উন্নয়নমূলক কাজের জন্য আদৌ সিমেন্ট পাচ্ছে না, তাহলে তার প্রতিকার কি করে হবে?

**শ্রী সুধীন কুমার ঃ** জেলা কর্তৃপক্ষ সে ব্যবস্থা করবেন।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি ডিলারদের কাছে ফ্রি সেলের জন্য কন্ট্রোল রেটে যেটা দেওয়া হয় সেটাকে নিয়ন্ত্রন করার কোনও ব্যবস্থা আছে কি?

**শ্রী সুধীন কুমার ঃ** হ্যাঁ, আছে।

**শ্রী শিবনাথ দাস ঃ** কলাইকুন্ডায় এবং অন্যান্য জায়গায় লক্ষ লক্ষ বস্তা সিমেন্ট নষ্ট হচ্ছে, সেটাই কি সিমেন্ট সঙ্কটের অন্যতম কারণ?

**শ্রী সুধীন কুমার ঃ** প্রত্যেক জায়গায়ই সিমেন্ট আনবার সময়ে কিছু কিছু সিমেন্ট খারাপ হয়ে যায়। কারণ আমরা অনেক সময়ে খোলা ওয়াগানে করে সিমেন্ট আনতে বাধ্য হই, এমন কি বর্ষাকালে পর্যন্ত এই ঘটনা ঘটে। তা নাহলে সিমেন্ট পাব না। তবে আমরা ত্রিপল চাপা দিয়ে নিয়ে আসি। এর পরেও যতটুকু খারাপ হতে পারে ততটুকুই শুধু খারাপ হয় এবং যতটা সম্ভব বাঁচাবার চেষ্টা করা হয়। এছাড়াও রেলওয়ের নিয়ম অনুসারে যেখানে যেখানে তাদের ক্ষতিপূরণ দেওয়ার মতো অবস্থা থাকে সেখানে সেখানে তাদের কাছ থেকে ক্ষতিপূরণ আদায় করবার চেষ্টা করা হয়। যে পরিমাণ নষ্ট হয় সে পরিমাণটা হিসাবের মধ্যেই ধরে নেওয়া হয় [illegible] কিছুটা নষ্ট হবেই এটা ধরে নেওয়া হয়। নষ্টের জন্য আমাদের কোনও ঘা[illegible]। কাজ করতে গেলেও কিছু পরিমাণ সিমেন্ট নষ্ট হয় এবং এই নষ্ট হওয়াটা অপরিহার্য ব্যাপার।

### ময়ুরাক্ষী সেচ এলাকায় সি এ ডি এ কর্মসূচি

*১১০। (অনুমোদিত প্রশ্ন নং *৫৬৫।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কৃষির উন্নতির জন্য ময়ুরাক্ষী সেচ এলাকায় যে সি এ ডি এ আছে উহাতে নির্দিষ্ট এলাকায় কৃষির উন্নতির জন্য পূর্বঘোষিত কর্মসূচির সঙ্গে অনুসৃত কর্মসূচির কোনও পার্থক্য আছে কি; এবং

(খ) থাকিলে উক্ত পার্থক্যগুলি কি কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মন্ত্রী মহাশয় বললেন ঘোষিত কর্মসূচি এবং অনুসৃত কর্মসূচির মধ্যে কোনও তফাত নেই, তাহলে কর্মসূচিগুলি একটু দয়া করে জানাবেন কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** কর্মসূচি হচ্ছে, (১) ভূপ্রকৃতি সমীক্ষা, (২) বিস্তারিত মৃত্তিকা সমীক্ষা, (৩) সমাজ কেন্দ্রীক অর্থনৈতিক সমীক্ষা, (৪) উর্ধাকাশ ফটোর মাধ্যমে সমীক্ষা, (৫) কৃষি জমির উন্নয়নের জন্য (ক) জমি সমান করানো (খ) জমির যথাযথ আকার প্রদান (গ) জলের উৎস তৈরি করা (ঘ) মেঠো নালা খনন (ঙ) এবং ৫ অশ্বশক্তি পাম্প চালিত শ্যালোটিউবওয়েল খননের মাধ্যমে ভূগর্ভস্থ ও মৃত্তিকার উপরে অবস্থিত জলের যুগ্ম ব্যবহার, (৬) ফিল্টার পয়েন্ট তৈরি করা, (৭) যেখানে জলের উৎস আছে সেখানকার ক্ষুদ্র ও প্রান্তিক চাষিদের পাম্প বিতরণ করা এবং কূপ খনন কার্য পরিচালনা করা।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি ময়ূরাক্ষী প্রকল্পের কমান্ড এরিয়া ডেভেলপমেন্ট অথরিটির এই কর্মসূচি কে পরিচালনা করছে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** কৃষি দপ্তর এটা পরিচালনা করছে।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** তাহলে কমান্ড এরিয়া ডেভেলপমেন্ট অথরিটি বলে কোনও অথরিটি আছে কি এবং আলাদাভাবে সেটা কেউ দেখাশোনা করেন কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** ওখানে একজন সুপারেনটেন্ডিং ইঞ্জিনিয়ার আছেন, তিনিই সমস্ত কিছু দেখাশোনা করেন।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** তাহলে কমান্ড এরিয়া ডেভেলপমেন্ট অথরিটি এই কর্মসূচি নিয়ে কি কাজ করছে এবং তাদের কাজ দেখার কি ব্যবস্থা আছে, ঐ অথরিটির কোনও মিটিং হয় কিনা এবং হলে কে খবরা-খবর রাখে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমার দপ্তরই ঐসব খবরা-খবর রাখছে। বর্তমানে খবর হচ্ছে সেখানে কিছু কিছু অগ্রগতি হয়েছে।

## মডিফায়েড রেশন এলাকায় নিত্যপ্রয়োজনীয় দ্রব্য সরবরাহ

*:১১। (অনুমোদিত প্রশ্ন নং *৬৩৪।) **শ্রী গোপাল মন্ডল ঃ** মাননীয় খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মডিফায়েড রেশন এলাকাতে কি কি নিত্যপ্রয়োজনীয় দ্রব্য রেশনে দেওয়া হয় ;

(খ) এগুলির সরবরাহ নিয়মিত কিনা ; এবং

(গ) 'খ' প্রশ্নের উত্তর না হইলে ইহার কারণ কি?

**শ্রী সুধীন কুমার ঃ**

(ক) মডিফায়েড রেশন এলাকাতে রেশন দোকান মারফত চাল, গম, চিনি, রেপসিড তেল, পাম তেল, ডাল, দেশলাই, লেখার পাতা, গায়ে মাখা (সরল) সাবান চা এবং জনতা শাড়ি দেওয়া হয়।

(খ) সরবরাহ নিয়মিত নয়।

(গ) চাল, গম, চিনি, রেপসিড ও পাম তেল কেন্দ্র হতে সরবরাহ করা হয় এবং বাকি দ্রব্যগুলি খোলা বাজার হতে সংগ্রহ করতে হয়। কেন্দ্রীয় সরবরাহ অপ্রতুল ও অনিয়মিত হওয়াতে এবং উৎপাদন ও পরিবহন সংক্রান্ত অসুবিধার জন্য এই দ্রব্যগুলির নিয়মিত সরবরাহ সম্ভব হয় না।

[1-30—1-40 p.m.]

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আপনি বললেন, মডিফায়েড রেশন এলাকায় ডাল, তেল, প্রভৃতি নিত্যপ্রয়োজনীয় দ্রব্য সরবরাহ করা হয় কিন্তু আমি জানি বহু, এলাকায় আদৌ দেওয়া হয় না। এইরকম বহু এলাকা আছে যেখানে দেওয়া হয়না। আপনি এই সম্পর্কে কোনও ব্যবস্থা নেবেন কি?

**শ্রী সুধীন কুমার ঃ** নিশ্চয়ই ব্যবস্থা নেবো।

**শ্রীমতী রেণুলীনা সুব্বা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, পশ্চিমবঙ্গে মডিফায়েড রেশন এলাকায় ডাল, তেল কন্ট্রোলের কাপড় রেপসিড ওয়েল, পাম তেল প্রভৃতি সরবরাহ করা হয় কিন্তু আমার হিল এলাকাতে দেওয়া হয়না, এর কারণটা কি?

**শ্রী সুধীন কুমার ঃ** দার্জিলিং জেলায় গত ১ বছরে কোন কোন জিনিস কি পরিমাণ সরবরাহ করা হয়েছে সেটা আপনাকে আমি দিতে পারি কিন্তু এর জন্য নোটিশ দিতে হবে কারণ প্রত্যেক জেলার জন্য আলাদা আলাদা ভাবে সরবরাহের হিসাব আমি আনিনি। তবে আপনাকে এইটুকু বলতে পারি, দার্জিলিং জেলা হচ্ছে পার্বত্য এলাকায়, সেখানে যোগাযোগ ব্যবস্থা একটু দুরুহ। আমরা বিশেষ করে চেষ্টা করি দার্জিলিং জেলার চাহিদা যথাসম্ভব পূরণ করা।

**শ্রী [illegible]কুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন, গত ১ বছরে গ্রামাঞ্চলের মডিফায়েড এরিয়াতে কত ডাল এবং কত তেল সরবরাহ করেছেন?

**মিঃ স্পিকার ঃ** এ ব্যাপারে নোটিশ দিতে হবে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, গ্রামাঞ্চলে আদৌ ডাল সরবরাহ হয়েছে কিনা?

**শ্রী সুধীন কুমার :** হয়েছে। আমি পরিষ্কার করে বলতে পারি, ৩টি জেলা ছাড়া পশ্চিম বাংলার সমস্ত জেলায় কোনও না কোনও সময়ে কিছু না কিছু পরিমাণ ডাল সরবরাহ করা হয়েছে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** এই যে ৩টি জেলা বাদ আছে বললেন সেই ৩টি জেলার নামগুলি কি বলবেন?

**শ্রী সুধীন কুমার :** এটা তেলের ক্ষেত্রে হবে, আমি ঠিক প্রশ্নটা বুঝিনি, সেইজন্য আমি তেলের সর্ম্পকে বলেছি। ডাল সর্ম্পকে অন্যান্য জেলায় কি পরিমাণ সরবরাহ করা হয়েছে তার সম্পূর্ণ তথ্য সপ্তাহের পর সপ্তাহ আমি দিতে পারি কিন্তু এর জন্য নোটিশ দিতে হবে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে ক্যাটেগরিক্যালি জিজ্ঞাসা করছি, কলিকাতায় খালি ডাল সরবরাহের ব্যবস্থা আছে না গ্রামাঞ্চলে সরবরাহের ব্যবস্থা আছে কারণ গ্রামাঞ্চলে আমি ডাল সরবরাহের ব্যবস্থা দেখিনি সেইজন্য জিজ্ঞাসা করছি।

**শ্রী সুধীন কুমার :** মাননীয় সদস্য একসঙ্গে সমস্ত গ্রামে বাস করেননা।

## উত্তরবঙ্গে বিদেশি রাষ্ট্রের কৃষি অনুদান

*১১২। (অনুমোদিত প্রশ্ন নং *৫৯৬।) **শ্রী সন্তোষকুমার দাস :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে কয়েকটি বিদেশি রাষ্ট্র উত্তরবঙ্গে কৃষি কার্যের উন্নতির জন্য অনুদান দিতে সম্মত হয়েছে; এবং

(খ) সত্য হলে, এই বিষয়ে কেন্দ্রীয় সরকারের সম্মতি আছে কি?

**শ্রী কমলকান্তি গুহ :**

(ক) উত্তরবঙ্গে কৃষি কার্যের উন্নতির জন্য একটি বিদেশি রাষ্ট্রের নিকট হইতে আর্থিক সাহায্য পাওয়ার সম্ভাবনা আছে। ব্যাপারটি এখনও আলোচনার স্তরে আছে।

(খ) কেন্দ্রীয় সরকারের এবিষয়ে সম্মতি আছে।

**শ্রী সন্তোষ দাস :** আর্থিক সাহায্য পেলে কি ধরনের কাজ আরম্ভ হবে?

**শ্রী কমলকান্তি গুহ :** উত্তরবঙ্গে এই পরিকল্পনার কাজ আরম্ভ করার জন্য আমরা রাজ্য সরকার থেকে ইতিমধ্যে কাজ শুরু করে দিয়েছি। এই বছর ১কোটি টাকা বরাদ্দ করা

হয়েছিল তার কাজ শুরু হয়েছে। আগামী বছর ৩কোটি টাকার বরাদ্দ ধরা হয়েছে। আমরা এ বিষয়ে নেদারল্যান্ড সরকারের সঙ্গে আলোচনা করছি যদি, সফল হয় তাহলে ৫০ কোটি টাকার একটা পরিকল্পনা নিয়ে একটা কাজ আরম্ভ হবে।

**শ্রী সন্তোষকুমার দাস ঃ** উত্তরবঙ্গের কৃষির উন্নতির জন্য এইরকম ধরনের পরিকল্পনা হবে কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** সমস্ত জায়গায় হবে। কুচবিহার, জলপাইগুড়ি, শিলিগুড়ি মহকুমায় ১০ লক্ষ একর চাষের জমির মধ্যে ৭লক্ষ একর চাষের জমি অ্যাসিডে ভর্তি উৎপাদন ঠিকমত হয়না। অ্যাসিডিটি নষ্ট করবার জন্য এই পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। প্রত্যেকবার পাহাড় থেকে ঢল নামে বলে জমি চাষের পক্ষে অযোগ্য হয়ে যায় সে জমিগুলি যদি চাষের যোগ্য করা হয় সেই চিন্তা করে এই পরিকল্পনা রচনা করা হয়েছে এবং সেইভাবেই আলোচনা হচ্ছে নেদারল্যান্ড সরকারের সঙ্গে। এই পরিকল্পনা যদি গ্রহণ করা নাও হয় তাহলে আমাদের সরকারের যে সীমিত ক্ষমতা আছে তারমধ্যে দিয়ে আমরা এগিয়ে যাব।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** কৃষি বিভাগের মধ্যে উত্তরবঙ্গের কোন্ কোন্ জেলা পড়ে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** কুচবিহার, জলপাইগুড়ি, দার্জিলিং, পশ্চিম দিনাজপুর, মালদহ।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** রাজ্যপাল ভাষণে বলেছেন তাতে দেখছি কুচবিহার জেলা নেই এটা ওর মধ্যে পড়বে কিনা?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** এ সম্বন্ধে আলাদা প্রশ্ন করবেন।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** সীমিত ক্ষমতার মধ্যে এক কোটি টাকা যে বরাদ্দ ছিল তারমধ্যে কত টাকা খরচা করেছেন?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** ৩৮ লক্ষ টাকা। ইতিমধ্যে খরচ হয়ে গেছে, দুমাসের মধ্যে আরোও খরচ করব।

### Reasons of raising the Tram Fares

*113. (Admitted Question No *717) **Shri Naba Kumar Roy** and **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state the reasons of raising the tram fares of Calcutta Tramways Co. Ltd.?

**Shri Mohammed Amin :** To meet heavy losses due to in the cost of Electricity, spareparts, duties & Taxes tram fare structure was revised.

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** ট্রামে যে লস হচ্ছিল সেটা মিট করার জন্য ট্রামের ভাড়া বাড়ানো হলো, রেলের ভাড়া বাড়ানোর ফলে লস যেকাপ হলো, সেখানে ট্রামের ভাড়া বাড়ার জন্য, যে লস হচ্ছিল, সেটা কি আর এখন হবে না?

**শ্রী মহঃ আমিন ঃ** ১৯৭৫ সালে যখন রিভাইজ করা হয়েছিল তখন অপারেশনাল কস্ট ছিল ৬০ লক্ষ টাকা, সেটা সাড়ে পাঁচ বছরে বেড়ে ৯০ লক্ষ টাকা হয়েছে। সুতরাং এই যে ৩০ লক্ষ টাকা বেশি লস হচ্ছে, ভাড়া বাড়ানোর ফলে সাড়ে সাত আট লক্ষ টাকা মেকাপ হবে, বাকিটা সরকারকে বহন করতে হবে।

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** সম্প্রতি যে ট্রাম পুড়লো তাতে ট্রাম কম্পানির কত লস হবে?

**শ্রী মহম্মদ আমিন ঃ** ওদের এই এজিটেশনের ফলে সমাজ বিরোধীরা দুটো ট্রাম পুড়িয়েছে, তার নূতন মূল্য ২০।২১ লক্ষ টাকার মতো হবে। তবে গাড়ী দুটি পুরানো ছিল বলে, তার দাম কত হবে, তা এখুনি বলা আমার পক্ষে মুশকিল। কিন্তু তার চাইতে বড় কথা হল, বর্তমানে পরিবহনের যে অবস্থা সেখানে এই দুটি ট্রাম কমে যাওয়ায়, যাত্রী সাধারনের পক্ষে খুব ক্ষতিকর হয়েছে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** সরকার বর্তমানে ট্রামের যে ভাড়া বৃদ্ধি করেছেন, তাতে ৮ লক্ষ টাকার সংস্থান হবে। কিন্তু সরকার ওঁদের ৯০ লক্ষ টাকার সাবসিডি দিয়ে থাকেন, অর্থাৎ এই ৮ লক্ষ টাকা সাবসিডি হিসাবে দেয় টাকার তুলনায় কিছু কম নয়। এই অবস্থায় ভাড়া না বাড়িয়ে ট্রাম চালানো আপনাদের পক্ষে সম্ভব নয়?

**শ্রী মহম্মদ আমিন ঃ** ভাড়া না বাড়িয়ে কোনও উপায় নেই, কারণ তেলের দাম ও কয়লার সারচার্জ বাড়ল বলে ইলেকট্রিক রেট ইত্যাটি কস্ট বেড়ে গেছে। এই সমস্ত অ্যাডিশন্যাল বার্ডেন বহন করার ক্ষমতা ট্রাম কোম্পানির নেই, বাজেট প্রভিসনও সরকারের নেই।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** ডিজেলের দাম না হয় বেড়েছে, ইলেকট্রিসিটি চার্জ তো আর বাড়েনি, তাহলে আপনারা ট্রামের ভাড়া বাড়াচ্ছেন কেন? ট্রাম তো আর ডিজেলে চলে না?

**শ্রী মহম্মদ আমিন ঃ** ডিজেলের দাম বাড়া মানে প্রত্যেকটা জিনিসের দাম বাড়া। অতএব, আন্দোলন ও প্রতিবাদ যদি করতেই হয়, তাহলে তা কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে করুন না কেন।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, ডিজেল তেলের দাম বৃদ্ধির ফলে আপনারা ভাড়া বাড়ালেন, কিন্তু অপারেশনাল কস্টের জন্য কি ভাড়া বাড়ছে?

**শ্রী মহম্মদ আমিন ঃ** এর মধ্যে ইলেকট্রিকের একটা ব্যাপার আছে। ইলেকট্রিক বিল আগে ৪ লক্ষ টাকার মতো হত প্রতি মাসে, বর্তমানে সেটা বেড়ে ১০ লক্ষ ৭৫ হাজার টাকায় দাঁড়িয়েছে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** এই যে ইলেকট্রিক কস্ট ৪ লক্ষ থেকে ৭ লক্ষ টাকায় বেড়েছে, তাতে আপনাদের ট্রামের সংখ্যা কত বেড়েছে?

**মিঃ স্পিকার ঃ** দিস্ ইজ এ হাইপোথিটিক্যাল কোশ্চেন।

**শ্রী হবিবুর রহমান ঃ** কংগ্রেসি আন্দোলনকে প্রতিরোধ করার জন্যই কি কংগ্রেসি গুন্ডারা ট্রাম পুড়িয়েছে?

**মিঃ স্পিকার ঃ** দিস্ কোশ্চেন ইজ ডিসঅ্যালাউড।

**পশ্চিমবঙ্গের জন্য বরাদ্দ খাদ্যের পরিমাণ**

*১১৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮০।) **শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০-৮১ সালে কেন্দ্র হইতে পশ্চিমবঙ্গের জন্য খাদ্যের বরাদ্দের পরিমাণ কত ছিল ; এবং

(খ) উক্ত বরাদ্দকৃত খাদ্যের মধ্যে (১৯৮১ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত) এফ সি আই কি পরিমাণ খাদ্য রাজ্যসরকারকে সরবরাহ করিয়াছেন?

**শ্রী সুধীন কুমার ঃ**

(ক) ১৯৮০ সালের ১লা জানুয়ারি হইতে ৩১ শে ডিসেম্বর পর্যন্ত কেন্দ্র হইতে পশ্চিমবঙ্গের জন্য খাদ্যের বরাদ্দের পরিমাণ ছিল, রেশন দোকানের মাধ্যমে বিলির জন্য ১৪,১৫,০০০ মেঃ টন গম এবং ১৯,২৫,০০০ মেঃ টন চাল ময়দা কলের জন্য ৫,৩৮,৬০০ মেঃ টন গম। এ ছাড়া ১৯৮১ সালে জানুয়ারি মাসে সরকারি বন্টন ব্যবস্থার জন্য বরাদ্দ গম ৫৫,০০০ মেঃ টন ও চাল ১,৭৫, ০০০ মেঃ টন এবং ময়দা কলগুলির জন্য বরাদ্দ ৩১,২৭০ মেঃ টন গম।

(খ) কেন্দ্রীয় ভান্ডার হইতে প্রাপ্ত গম ও চাল হইতে ১৯৮০ সালে এফ.সি.আই পশ্চিমবঙ্গকে সরবরাহ করিয়াছিল মোট ২১,৩৭,৫২২ মেঃ টন খাদ্য শস্য যাহার মধ্যে গম হইল ১১,৫৭,০২২ মেঃ টন এবং চাল হইল ৯,৮০,৫০০ মেঃ টন। এছাড়া ১৯৮১ সালে জানুয়ারি মাসে সরবরাহ করিয়াছিল মোট গম ৮৯,৬১৬ মেঃ টন এবং চাল ৪৬,৫২০ মেঃ টন।

**শ্রী দেবনারায়ন চক্রবর্তী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি অনুগ্রহ করে জানাবেন যে এফ.সি.আই. আমাদের পশ্চিমবাংলায় যে পরিমাণ বরাদ্দ তার সবটা সরবরাহ করেন নি তার কারণ কি জানিয়েছেন?

**মিঃ স্পিকার ঃ** এ প্রশ্ন এ থেকে আসে না।

**বীরভূম জেলায় সার সরবরাহ**

*১১৫। (অনুমোদিত প্রশ্ন নং *৮৭৬।) **শ্রী ভবানীপ্রসাদ চ্যাটার্জি ঃ** কৃষি বিভাগের

মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারি হিসাব অনুসারে ১৯৮০-৮১ সালে রবি মরশুমের জন্য বীরভূম জেলায় মোট কত সারের প্রয়োজন ;

(খ) তন্মধ্যে উক্ত বৎসরে কি পরিমাণ সার সরবরাহ করা হইয়াছে ; এবং

(গ) ঐ সময়ে নলহাটী থানায় সার সরবরাহের পরিমাণ কত?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) ১৯৮০ সালের রবি মরসুমের জন্য বীরভূম জেলায় সার সরবরাহের নিম্নলিখিত লক্ষ্যমাত্রা (Target) ধার্য করা হয়েছিল। (টনের হিসাবে) উদ্ভিদ খাদ্যের পরিমাণ অনুসারে ঃ-

| N (নাইট্রোজেন) | P (ফসফেট) | K (পটাশ) |
|---|---|---|
| ৬৭৩০ | ২৮৬৫ | ২৬৩৫ |

(খ) নিম্নলিখিত পরিমাণ সার রবি মরশুমের জন্য বীরভূম জেলায় সরবরাহ করা হয়।

| N | P | K |
|---|---|---|
| ৬৩২০ | ২৭২৫ | ১৭২০ |

(গ) ঐ সময় নলহাটি থানায় নিম্নলিখিত পরিমাণ সার সরবরাহ করা হয়।

| N | P | K |
|---|---|---|
| ৩৯০ | ১৫০ | ১২০ |

**পশ্চিমবঙ্গের জন্য কেন্দ্র কর্তৃক বরাদ্দকৃত চাল ও গমের পরিমাণ**

*১১৬। (অনুমোদিত প্রশ্ন নং *৯৭৫।) **শ্রী কমল সরকার ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের জন্য কেন্দ্র কর্তৃক বিগত ১৯৮০ সালের আগস্ট মাস হইতে প্রতি মাসে বরাদ্দকৃত চাল ও গমের পরিমাণ কত ছিল ; এবং

(খ) উক্ত সময়ে পশ্চিমবঙ্গের চাহিদার পরিমাণ কত ছিল?

**শ্রী সুধীন কুমার ঃ**

(ক) বিগত ১৯৮০ সালের আগস্ট মাস হইতে প্রতি মাসে কেন্দ্র কর্তৃক বরাদ্দকৃত চাল ও গমের পরিমাণ ছিল মেট্রিক টনের হিসাবে—

| সরকারি বন্টন ব্যবস্থার জন্য | | ময়দা কলের জন্য |
|---|---|---|
| চাল | গম | গম |
| ১,৭৫,০০০ | ১,০০,০০০ | ২৬,৫৬০ |
| ১,৭৫,০০০ | ১,০০,০০০ | ২৬,৫৬০ |
| ১,৭৫,০০০ | ৫৫,০০০ | ৩৬,২৭০ |
| ১,৭৫,০০০ | ৫৫,০০০ | ৩৩,০০০ |
| ১,৭৫,০০০ | ৫৫,০০০ | ৩১,২৭০ |

(খ) উক্ত সময়ে পশ্চিমবঙ্গের চাল ও গমের চাহিদার পরিমাণ ছিল মেট্রিক টনের হিসাবে—

| সরকারি বন্টন ব্যবস্থার জন্য | | ময়দা কলের জন্য |
|---|---|---|
| চাল | গম | গম |
| ১,৫০,০০০ | ২,৫০,০০০ | ৫৫,০০০ |
| ১,৫০,০০০ | ২,৫০,০০০ | ৫৫,০০০ |
| ১,৭৫,০০০ | ২,৫০,০০০ | ৫৫,০০০ |
| ১,৭৫,০০০ | ১,৫০,০০০ | ৫৫,০০০ |
| ১,৭৫,০০০ | ১,০০,০০০ | ৪২,০০০ |

**শ্রী কমল সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, আমাদের যে বরাদ্দ এবং চাহিদা এই যে ফারাক এই ফারাক পূরনের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**শ্রী সুধীন কুমার ঃ** আমাদের বন্টন করতে হয় সংগ্রহের উপর সেই সংগ্রহ এবং আমাদের স্থানীয় সংগ্রহের ঘাটতি কেন্দ্র থেকে পূরণ করার কথা, কেন্দ্রীয় সরকার বরাদ্দ করেন। দুটো কারণে এসে পৌছায় না একটা হলো পরিবহন ব্যবস্থা অচল হওয়ার ফলে ঠিক মতো এসে পৌছায় না আর যারা তা নামিয়ে নিয়ে বিতরন করেন সেই এফ.সি.আই. এর অব্যবস্থায় এটা হয়ে থাকে। এই দুটো জিনিস জড়িয়ে আমাদের এখানে ঠিক মতন এসে পৌছায় না। ঘাটতি হচ্ছে গত বছরে খরার জন্য কেন্দ্রীয় সরকার বরাদ্দ কমিয়ে দিয়েছেন এবং ১৫০ হাজার টন আগস্টে বরাদ্দ ছিল সেখানে বর্তমানে বরাদ্দ ৫৫ হাজার টন। এবং তাঁরা বলেছেন যে এর বদলে চাল তাঁরা দেবেন। এখন যখন এই প্রশ্ন এসেছে তখন আমরা ঘাটতি পূরণের চেষ্টা করছি।

**শ্রী কমল সরকার ঃ** এই যে পূরণ হচ্ছেনা একথা কেন্দ্রীয় সরকারকে বলেছেন কি

এবং অন্য রাজ্য থেকে সরাসরি আপনারা কিনতে পারবেন এটা নিয়ে কেন্দ্রের সঙ্গে আলোচনা করেছেন কি?

[1-50—2-00 p.m.]

**শ্রী সুধীন কুমার ঃ** অন্য রাজ্য থেকে আনার ব্যাপারে কোনও বাধা নেই, বাধা হচ্ছে পরিবহন ব্যবস্থা। সারা ভারতবর্ষে এক রাজ্য থেকে অন্য রাজ্যে খাদ্য চলাচলের ক্ষেত্রে কোনও বাধা নেই, কোলকাতা রেশনিং এরিয়া ছাড়া। একমাত্র পরিবহন ব্যবস্থার নিদারুন দুর্বলতা এবং রেলওয়ে ব্যবস্থা এর জন্য দায়ী।

**শ্রী কমল সরকার ঃ** আপনারা কি কেন্দ্রীয় সরকারের কাছে জবাব চেয়েছিলেন এটা না পাবার কারণ কি?

**মিঃ স্পিকার ঃ** এ প্রশ্ন ওঠেনা।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আপনি বলেছেন পশ্চিমবাংলা খাদ্যে স্বয়ং সম্পূর্ণ হয়েছে। তাহলে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাচ্ছেননা একথা বলার কি দরকার?

**শ্রী সুধীন কুমার ঃ** ভারতবর্ষে এক প্রদেশ থেকে অন্য প্রদেশে খাদ্য যাতায়াতের ব্যাপারে কোনও বাধা নেই এবং এই অন্য প্রদেশে যায় বলেই খাদ্যে ঘাটতি হয়। আমাদের এখানে যে ফলন হয়েছে তাতে ইতিমধ্যেই মন্ত্রিসভার সদস্যরা বলেছেন, ইতিপূর্বে এরকম ফলন হয়নি। অবশ্য আমি এটা আমনের কথা বলছি। তবে অন্যগুলির ফলন যদি এরকম হয় তাহলে আমরা লক্ষ্যমাত্রায় পৌঁছাব। তবে এই খাদ্য থেকে অন্য প্রদেশে কতটা যাবে সেটা আমাদের দেখতে হবে এবং যদি দেখি বেশি পরিমাণ গেছে তাহলে আমাদের আমদানি করতে হবে।

## বৃষ্টিতে নষ্ট আলুর পরিমাণ

*১১৭। (অনুমোদিত প্রশ্ন নং *৯০৩।) **শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০ সালের ডিসেম্বর মাসের শেষ সপ্তাহে প্রবল বর্ষনের ফলে পশ্চিমবঙ্গে প্রচুর আলু মাঠের মধ্যে পচে গেছে/যাবে। এ বিষয়ে সরকার অবগত আছেন কি;

(খ) অবগত থাকলে,—

(১) মোট কি পরিমাণ আলু পচে গেছে/যাবে বলে সরকার অনুমান করছেন;

(২) ক্ষতিগ্রস্ত আলুচাষিদের আর্থিক সাহায্য দেবার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(৩) আগামী বৎসরে রোপনের জন্য আলু বীজের কি ব্যবস্থা নেওয়ার পরিকল্পনা করা হচ্ছে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) ১৯৮০ সনের ডিসেম্বর মাসে এই রাজ্যে আলু ফসলের তেমন কোনও ক্ষতির সংবাদ পাওয়া যায়নি।

(১) প্রশ্ন ওঠে না।

(২) ঐ

(৩) ঐ

**শ্রী কমলকান্তি গুহ ঃ** মাননীয় স্পিকার মহাশয়, প্রশ্নকর্তা যে প্রশ্ন করেছেন এবং তার ছাপানো উত্তর যেটা হাউসে দেওয়া হয়েছে তাতে কিছু ভুল আছে সেইজন্য আমি এখন সঠিক উত্তরটি দিচ্ছি। প্রশ্নকর্তা প্রশ্ন করেছেন, "১৯৮০ সালের ডিসেম্বর মাসে প্রবল বর্ষণের ফলে পশ্চিমবাংলায় প্রচুর আলু পচে গেছে একথা সরকার জানেন কিনা"? এর উত্তর হচ্ছে, জানুয়ারির শেষে এবং ফেব্রুয়ারি মাসে যে বর্ষণ হয়েছে তাতে বেশি ক্ষতি হয়েছে বর্ধমান, মেদিনীপুর, হুগলি এবং ২৪ পরগনার। যতদূর জানা গেছে তাতে প্রায় ২০ থেকে ৩০ শতাংশ আলুর ক্ষতি হয়েছে। এর পর প্রশ্নকর্তা প্রশ্ন করেছেন, "এ সম্বন্ধে সরকার কি করছেন"? এর উত্তর হচ্ছে এই ক্ষতির পরিমাণ ভাল করে খতিয়ে দেখা হচ্ছে।

**শ্রী দীপক সেনগুপ্ত ঃ** আপনি এবারে শস্যবীমা চালু করেছেন, কোন কোন জেলার কোথায় কোথায় চালু করেছেন এবং কোন এলাকার লোকেরা শস্যবীমায় উপকৃত হবে বলা সম্ভব হবে কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** বর্ধমান সদর, কাটোয়া, কালনা বীরভূমের সদর, রামপুরহাট, বাঁকুড়ার সদর বিষ্ণুপুর, মেদিনীপুরের তমলুক সদর, ঘাটাল, কন্টাই, হাওড়ার সদর, উলুবেড়িয়া, হুগলির সদর, শ্রীরামপুর, চন্দননগর, আরামবাগ, মুর্শিদাবাদের সদর লালবাগ, জঙ্গীপুর, কান্দী, পশ্চিমদিনাজপুর সদর রায়গঞ্জ, এই সমস্ত এলাকায় যে কৃষকরা আছে, তাদের জন্য আলুর শস্যবীমা চালু করেছি, এই সব এলাকায় যাদের ক্ষতি হবে, শস্যবীমার সুফল তারা পাবে।

**শ্রী দীপক সেনগুপ্ত ঃ** এই বছর থেকেই পাচ্ছে কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** ইতিমধ্যেই চালু হয়ে গেছে, কাজেই কৃষকরা ক্রপ ইন্সিওরেন্স থেকে ক্ষতিপূরণ পাবে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** অন্যান্য জায়গায় শস্যবীমা কত দিনের মধ্যে চালু করা সম্ভব হবে?

**মিঃ স্পিকার ঃ** এটা অন্য একটা প্রশ্ন।

**মিনিবাস ও স্পেশাল বাসে দাঁড়াইয়া যাইবার অনুমতি প্রদান**

*১১৮। (অনুমোদিত প্রশ্ন নং *৯৮৫।) **ডাঃ মোতাহার হোসেন ঃ** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে সরকার মিনিবাস এবং সরকার পরিচালিত স্পেশাল বাসগুলিতে যাত্রীদের দাঁড়াইয়া যাইবার অনুমতি দিয়াছেন ; এবং

(খ) সত্য হইলে, কোন্ তারিখ হইতে এই ব্যবস্থা কার্যকরী হইয়াছে?

**শ্রী মহম্মদ আমিন ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি মিনি বাসে প্রচুর যাত্রী দাঁড়িয়ে যাতায়াত করে?

**শ্রী মহঃ আমিন ঃ** এটা রাস্তায় বেরোলে চোখে পড়ে, না জানার কি আছে? আমরা যাত্রী সাধারনের কাছে আবেদন করে যাচ্ছি যাতে তারা দাঁড়িয়ে না যান।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** যে আইন আছে দাঁড়িয়ে না যাওয়ার জন্য সেই আইন মানছেনা, যারা মানছেনা তাদের সম্বন্ধে কি ব্যবস্থা নেবেন?

**শ্রী মহঃ আমিন ঃ** আইন দ্বারা সমস্ত সমস্যার সমাধান করা যায়না, যারা দাঁড়িয়ে যাচ্ছে তারা অবস্থার চাপে পড়ে যাচ্ছে বাধ্য হয়ে, আমরা কোনও বিকল্প ব্যবস্থা করতে পারছিনা, আগামী দিনে গাড়ি যখন বাড়বে, নিশ্চয়ই চেষ্টা করব দাঁড়িয়ে যাতে না যায়।

**নূতন আদালতগৃহ নির্মাণ**

*১১৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯।) **শ্রী সুমন্তকুমার হীরা ঃ** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গে নতুন আদালতগৃহ নির্মাণের জন্য কেন্দ্রীয় সরকারের নিকট হইতে রাজ্য সরকার অর্থ পেয়েছেন ;

(খ) সত্য হইলে, ইহার পরিমাণ কত এবং উক্ত অর্থে কতগুলি আদালতগৃহ নির্মিত হবে ; এবং

(গ) ব্যাঙ্কশাল আদালতগৃহটি পুনর্নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

**শ্রী হাসিম আবদুল হালিম ঃ**

(ক) হ্যাঁ।

(খ) কেন্দ্রীয় সরকার ১০টি অতিরিক্ত উচ্চ আদালতগৃহ এবং ৫০টি অতিরিক্ত নিম্ন আদালত গৃহ নির্মানের জন্য ৫৭ লক্ষ ৫০ হাজার টাকা রাজ্য সরকারকে বরাদ্দ করিয়াছেন। উক্ত সরকার প্রত্যেকটি উচ্চ আদালত গৃহ নির্মানের জন্য ১ লক্ষ ২৫ হাজার টাকা এবং প্রত্যেকটি নিম্ন আদালত গৃহ নির্মানের জন্য ৯০ হাজার টাকা খরচ নির্ধারিত করিয়াছেন।

(গ) হ্যাঁ।

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** এই যে কেন্দ্রীয় সরকার ১ লক্ষ ২৫ হাজার এবং ৯০ হাজার টাকা দিচ্ছেন, এতে কি কোনও আদালত গৃহ নির্মান করা সম্ভব হচ্ছে?

**শ্রী হাসিম আবদুল হালিম ঃ** এই টাকার মধ্যে বাড়ি নির্মান করা সম্ভব হচ্ছেনা, এক তৃতীয়াংশ টাকা আমাদের খরচ করতে হবে আর দুই তৃতীয়াংশ টাকা কেন্দ্রের আমাদের দিতে হবে।

### পশ্চিমবঙ্গে পাট ক্রয় কেন্দ্র স্থাপন

*১২০। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫।) **শ্রী জন্মেজয় ওঝা ঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০ সালে পশ্চিমবঙ্গে মোট কত পাট উৎপন্ন হয়েছে;

(খ) জে সি আই পশ্চিমবঙ্গে মোট কয়টি পাট ক্রয় কেন্দ্র স্থাপন করেছেন এবং কত পাট ক্রয় করেছেন; এবং

(গ) মেদিনীপুর জেলায় কাঁথি মহকুমায় জে সি আই কোনও পাট ক্রয় কেন্দ্র স্থাপন করেছেন কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) ১৯৮০-৮১ সালে পশ্চিমবঙ্গে মোট ৪৪,৪২,৭০০ গাঁট পাট উৎপন্ন হয়েছে (১ গাঁট = ১৮০ কেজি)

(খ) জে.সি.আই. পশ্চিমবঙ্গে মোট ৪৭টি পাট ক্রয়কেন্দ্র এবং ২৭টি উপকেন্দ্র স্থাপন করেছেন; এবং মোট ৪,২৬,৩০৮ গাঁট পাট ক্রয় করেছেন।

(গ) না।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি কৃষি বিপণন ফেডারেশন, বেনফেড কি ঘাটতি হচ্ছে, তার হিসাব কি আছে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** এটা জে.সি.আই. সম্বন্ধে প্রশ্ন ছিল।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** জে.সি.আই. উৎপন্ন ফসলের কত পারসেন্ট কিনতে পেরেছে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমাদের উৎপাদন হয়েছিল ৪৪ লক্ষ ৪২ হাজার ৭০০, কিনেছে ৪ লক্ষ ৮৬ হাজার ৮ গাঁট।

**Mr. Speaker :** Question hour is over.

## Starred Questions
## (to which written answers were laid on the Table)

### বাংলা ভাষায় ভারতীয় সংবিধান অনুবাদ

১২১। (অনুমোদিত প্রশ্ন নং *৫০৪।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্যে ভাষা কমিশনের উদ্যোগে বাংলা ভাষায় ভারতীয় সংবিধান অনুবাদ করা হচ্ছে ; এবং

(খ) সত্য হলে, এ বিষয়ে ঐ উদ্যোগ কতদূর অগ্রসর হয়েছে?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ ; এবং

(খ) ৩১ তম সংশোধনীসহ ভারতীয় সংবিধানের বঙ্গানুবাদ ভারত সরকারের অনুমোদন পাইয়াছে। উক্ত সংবিধানের ৪০ তম হইতে ৪৫ তম সংশোধনীর বঙ্গানুবাদ ভারত সরকারের অনুমোদনের জন্য পাঠানো হইয়াছে এবং ভারত সরকারের নির্দেশ অনুযায়ী ঐ সংশোধনীগুলি সংবিধানের বঙ্গানুবাদ অন্তর্ভুক্ত করা হইতেছে।

### কল্যাণী এক্সপ্রেস রোডের কাজ

*১২৪। (অনুমোদিত প্রশ্ন নং *৮৫৯।) **শ্রী নীহারকুমার বসু ঃ** পূর্ত (মহানগর উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কল্যাণী এক্সপ্রেস রোডের কাজ কবে নাগাদ শেষ হবে ; এবং

(খ) এই পরিকল্পনার জন্য কত টাকা বরাদ্দ আছে?

**পূর্ত (মহানগর উন্নয়ন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৮৩ সালের মার্চ মাস নাগাদ শেষ হবে বলে আশা করা যায়।

(খ) এই পরিকল্পনার জন্য ১০৩১ লক্ষ টাকা বরাদ্দ আছে।

**নিত্য প্রয়োজনীয় দ্রব্যের ক্রমবর্ধমান মূল্য**

*১২৫। (অনুমোদিত প্রশ্ন নং *৯০৮।) **শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নিত্য প্রয়োজনীয় দ্রব্যসামগ্রীর ক্রমবর্ধমান মূল্য রোধের জন্য সরকার কোনও ব্যবস্থা গ্রহণ করেছেন কিনা ; এবং

(খ) '(ক)' প্রশ্নের উত্তর 'হাঁ' হ'লে, কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) বিভিন্ন নিত্য প্রয়োজনীয় দ্রব্য সরকারি সংগ্রহ ব্যবস্থার মাধ্যমে সংগ্রহ করে বাজার দর অপেক্ষা কম দামে সরকারি বন্টন ব্যবস্থায় অথবা নিয়ন্ত্রিত ব্যবস্থার মাধ্যমে সরবরাহের ব্যবস্থা করা হয়েছে।

**পৌরসভাগুলিতে সরকার মনোনীত বোর্ডের কার্য পরিচালনা**

*১২৬। (অনুমোদিত প্রশ্ন নং *৯৮৬।) **ডাঃ মোতাহার হোসেন ঃ** স্থানীয় প্রশাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবাংলায় মোট কতগুলি পৌরসভায় সরকার মনোনীত বোর্ড কার্য পরিচালনা করিতেছেন ;

(খ) রামপুরহাট পৌরসভায় কোন্ তারিখে, কতদিনের জন্য বর্তমান সরকার 'মনোনীত বোর্ড' প্রথম গঠন করিয়াছিলেন ; এবং

(গ) বর্তমানে উহা কি অবস্থায় রহিয়াছে?

**স্থানীয় প্রশাসন ও নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) মোট এগারটি।

(খ) ১লা আগস্ট ১৯৭৯ তারিখে কার্যভার গ্রহণের তারিখ হইতে ৯ মাসের জন্য মনোনীত বোর্ড গঠন করা হইয়াছিল।

(গ) পরবর্তীকালে উক্ত বোর্ডের মেয়াদ সংশোধন করিয়া ৩০ শে জুন ১৯৮১ পর্যন্ত করা হইয়াছে।

## Unstarred Questions
## (to which written Answers were laid on the Table)

### পঞ্চায়েত সমিতি এলাকায় তথ্য ও সংস্কৃতি দপ্তরের অফিস

১। (অনুমোদিত প্রশ্ন নং ২।) **শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় ঃ** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে ক'টি পঞ্চায়েত সমিতি এলাকায় তথ্য ও সংস্কৃতি দপ্তরের অফিস আছে;

(খ) ১৯৮১-৮২ সনে কয়টি পঞ্চায়েত সমিতি এলাকায় অনুরূপ অফিস খোলার পরিকল্পনা আছে; এবং

(গ) এই দপ্তর এ সকল এলাকায় কি কি বিষয় নিয়ে কাজ করে থাকে?

**তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বর্তমানে ব্লক স্তরে পঞ্চায়েত সমিতি এলাকায় তথ্য ও সংস্কৃতি দপ্তরের অফিস নেই।

(খ) পঞ্চায়েত সমিতি এলাকায় পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের অধীন তথ্যকেন্দ্রগুলির পরিচালনা তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধীনে আনার বিষয়টি সংশ্লিষ্ট দপ্তরের সহিত পরীক্ষা করে দেখা হচ্ছে। তাছাড়া, পঞ্চায়েত সমিতি পর্যায়ে তথ্য ও সংস্কৃতি বিভাগের কাজ কর্মের বিষয়ে যোগাযোগ রক্ষার জন্য ফিল্ড-ওয়ার্কারের পদ সৃষ্টি করা হয়েছে।

(গ) সরকারি বিভিন্ন কার্যক্রম প্রদর্শনীর মাধ্যমে তুলে ধরা, প্রচার পুস্তিকা বিতরনের এবং পল্লীবেতার পরিকল্পনা অনুযায়ী বেতার গ্রাহকযন্ত্র স্থাপনের কাজ, তথ্য চলচ্চিত্র প্রদর্শনীর মতন কাজ এ সকল এলাকায় করা হয়ে থাকে।

### শিল্পে লক আউট ও ধর্মঘট

২। (অনুমোদিত প্রশ্ন নং ১৯।) **শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় শ্রম বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০ সালে শিল্পক্ষেত্রে লক-আউট ও ধর্মঘটের সংখ্যা কত; এবং

(খ) ইহাদের জন্য কত শ্রম-দিবস নষ্ট হয়েছে?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ও (খ) ১৯৮০ সালে সংঘটিত লকআউট ও ধর্মঘটের সংখ্যা এবং ইহাদের জন্য নষ্ট শ্রম-দিবসের সংখ্যা নিম্নে প্রদত্ত হইল ঃ-

| | | | সংখ্যা | নষ্ট শ্রম-দিবস |
|---|---|---|---|---|
| লকআউট | ... | ... | ৯৭ | ৪,৮০৭,১৬৪ |
| ধর্মঘট | ... | ... | ৬৫ | ১,২৩৭,১৯২ |

পূর্ববর্তী বৎসরের লকআউট ও ধর্মঘটের যেগুলি ১৯৮০ সালের প্রারম্ভে চলিতেছিল তাহাদের সংখ্যা ও নষ্ট শ্রম-দিবস নিম্নে প্রদত্ত হইল ঃ

| | | | সংখ্যা | নষ্ট শ্রম-দিবস |
|---|---|---|---|---|
| লকআউট | ... | ... | ৩৮ | ৫,৯৮৩ |
| ধর্মঘট | ... | ... | ১৩ | ২,৮১২ |

### সরকারি তত্ত্বাবধানে রুগ্ন ও দুর্বল শিল্পসংস্থা

৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৭।) **শ্রী জন্মেজয় ওঝা ঃ** বন্ধ ও দুর্বল শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে কতগুলি রুগ্ন ও দুর্বল শিল্প সরকারি তত্ত্বাবধানে আছে ;

(খ) কতজন শ্রমিক ও কর্মচারী ঐসব শিল্পে নিযুক্ত আছে ; এবং

(গ) উক্ত শিল্পে এপ্রিল '৮০ হইতে ডিসেম্বর '৮০ পর্যন্ত মোট কত টাকা লাভ বা লোকসান হইয়াছে?

**বন্ধ ও দুর্বল শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সরকারি তত্ত্বাবধানে রুগ্ন ও দুর্বল শিল্প সংস্থার মোট সংখ্যা ১৪টি (চৌদ্দটি)।

(খ) উপরোক্ত শিল্পসংস্থায় নিযুক্ত শ্রমিক ও কর্মচারির সংখ্যা ১০,০০০ (দশ হাজার) এরও বেশি।

(গ) শিল্প সংস্থাগুলির হিসাব নিকাশ এপ্রিল হইতে মার্চ পর্যন্ত আর্থিক বৎসর অনুযায়ী রাখার পদ্ধতি অনুসৃত হয়। সুতরাং এপ্রিল '৮০ হইতে ডিসেম্বর '৮০ পর্যন্ত আংশিক ভাবে শিল্প সংস্থাগুলির লাভলোকসানের হিসাব নিকাশ চলতি আর্থিক বৎসর শেষ হইবার পূর্বে দেওয়া সম্ভব নয়। চলতি আর্থিক বৎসর শেষ হইবার পর সংস্থাগুলির লাভলোকসানের হিসাব নিকাশ যথাযথভাবে পরীক্ষিত ও নিরীক্ষিত হইবে।

**রাজ্যে বিদেশি পর্যটক**

৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৯।) **শ্রী জন্মেজয় ওঝা ঃ** পর্যটন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০ সালে কতজন বিদেশি পর্যটক পশ্চিমবঙ্গ ভ্রমণ করেছেন ;

(খ) ১৯৭৯ সালে এই সংখ্যা কত ছিল ; এবং

(গ) ইহা কি সত্য যে, এই রাজ্যের পরিবহন, আহার ও বাসস্থান সম্পর্কে বিদেশি ভ্রমণকারীরা গুরুতর অভিযোগ করিয়াছেন?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৩৯৮৭৩ জন।

(খ) ৩৬,৬২৮ জন।

(গ) পর্যটন দপ্তরের কাছে এইরূপ কোনও অভিযোগ আসেনি।

**Advance plan for combating natural calamities**

5. (Admitted question No. 200.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Relief and Welfare (Relief) Department be pleased to state—

(a) whether the State Government has prepared any advance plan for combating disaster in flood and drought prone areas of the State?

(b) if so–

(i) the salient features of the plan ;

(ii) the action taken or directives given to different authorities in the matter ; and

(iii) whether there is any proposal to arrange for training in this respect?

**Minister for Relief and Welfare (Relief) Department :**

(a) Yes ;

(b) (i) The salient features of the plan are disaster warning, preparedness, community response and subsequent rehabilitation with speed, care and effectiveness ;

(ii) As proper co-ordination is the essential requisite for the successful implementation of the Action Plan for Disaster preparedness, instructions and necessary directives are already with the concerned Departments as also with the officials at different levels in the districts for taking advance preparations and to meet situation arising out of natural calamities according to guidelines given by the State Government in this regard;

(ii) Arrangements are already there for giving training to officials in this respect.

**জলপাইগুড়ি জেলার চা বাগানগুলিতে স্থায়ী ও অস্থায়ী শ্রমিক**

৬। (অনুমোদিত প্রশ্ন নং ২২৪।) **শ্রী মনোহর তিরকি :** মাননীয় শ্রমবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলার চা বাগানগুলিতে মোট (১) স্থায়ী এবং (২) অস্থায়ী শ্রমিকের সংখ্যা কত;

(খ) উক্ত শ্রমিকদের গড় দৈনিক মজুরির হার কি?

**শ্রমবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী**

(ক) জলপাইগুড়ি জেলার চা বাগানগুলিতে (দৈনিক মজুরিতে নিযুক্ত) শ্রমিকের সংখ্যা নিম্নরূপ—

| | |
|---|---|
| (১) স্থায়ী | ১,৭২,৪৭৪ জন |
| (২) অস্থায়ী | ৫২,৫০০ জন |

(খ) বর্তমানে উক্ত শ্রমিকদের দৈনিক নগদ মজুরির হার নিম্নরূপ-

(১) ৫০০ একর বা তাহার চেয়ে বেশি আয়তনের চা বাগান-

| | |
|---|---|
| প্রাপ্তবয়স্ক শ্রমিক | ৮ টাকা ৭ পঃ |
| অপ্রাপ্তবয়স্ক শ্রমিক | ৪ টাকা ১৪ পঃ |

(২) ৫০০ একরের কম আয়তনের চা বাগান-

| | |
|---|---|
| প্রাপ্তবয়স্ক শ্রমিক | ৮ টাকা ৭ পঃ |
| অপ্রাপ্তবয়স্ক শ্রমিক | ৪ টাকা ১৪ পঃ |

### তারাপীঠ, বক্রেশ্বর প্রভৃতি তীর্থস্থানে টুরিস্ট লজ নির্মাণ

৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৪১।) **শ্রী মনোহর তিরকি ঃ** পর্যটন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি তারাপীঠ, বক্রেশ্বর, তারকেশ্বর ও জলপেশ-এই তীর্থস্থানগুলোতে সরকারি ব্যয়ে ট্যুরিস্ট লজ নির্মানের কোন পরিকল্পনা আছে কি?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(১) বক্রেশ্বরে একটি ট্যুরিস্ট লজ আছে-বর্তমানে ওয়েস্টবেঙ্গল ট্যুরিজম ডেভেলপমেন্ট করপোরেশনের তত্বাবধানে আছে।

(২) তারাপীঠে একটি টুরিস্ট লজ নির্মানের পরিকল্পনা ছিল কিন্তু নির্বাচিত স্থান উপযুক্ত বিবেচিত না হওয়ায় প্রকল্পটি বর্তমানে পরিত্যক্ত হয়েছে।

(৩) তারকেশ্বর ও জলপেশে কোনও ট্যুরিস্ট লজ নির্মানের পরিকল্পনা নেই।

### বর্গা অপারেশন, কাজের বিনিময়ে খাদ্য ইত্যাদির উপর ডকুমেন্টারি ফিল্ম

৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৪২।) **শ্রী মনোহর তিরকি ঃ** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) অপারেশন বর্গা, কাজের বিনিময়ে খাদ্য প্রকল্প এবং বর্তমান পঞ্চায়েত ব্যবস্থার উপর কোনও ডকুমেন্টারি ফিল্ম তৈরির এবং তা প্রদর্শনীর প্রয়োজনীয়তা সরকার অনুভব ক'রেছেন কি?

(খ) ক'রে থাকলে, এ ব্যাপারে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) অপারেশন বর্গা কাজের বিনিময়ে খাদ্য প্রকল্প বিষয়গুলি বিভিন্ন সময়ে সংবাদ আলেখ্য (নিউজ রিল) তোলা হয়েছে। "নতুন দিগন্ত" নামের তথ্য চিত্রে এগুলি দেখানো হয়েছে। পঞ্চায়েতের বিষয় নিয়ে একটি পৃথক তথ্যচিত্রও নির্মাণ করা হয়েছে। সমস্ত ছবিগুলিই অডিও-ভিজুয়াল ইউনিটের মাধ্যমে দেখানো হচ্ছে। "পঞ্চায়েত" ও "নতুন দিগন্ত" ছবি দুটি ছাড়া আর ছবিগুলি সিনেমা হলে দেখানো হচ্ছে। এবং ওই দুটি তথ্যচিত্র শীঘ্রই সিনেমা হলে দেখানো শুরু হবে।

### লাইসেন্সপ্রাপ্ত দেশি মদের দোকানের সংখ্যা

৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৯।) **শ্রী মনোহর তিরকি ঃ** আবগারি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১লা ফেব্রুয়ারি, ১৯৮১ পর্যন্ত এই রাজ্যে দেশি মদের সরকারি লাইসেন্সপ্রাপ্ত দোকানের সংখ্যা কত; এবং

(খ) এ সংখ্যা বাড়ানোর কোনও পরিকল্পনা আছে কি?

**আবগারি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৮৭৬।

(খ) আবগারি লাইসেন্সের সংখ্যা বাড়ানোর কোনও পরিকল্পনা বর্তমানে সরকারের নেই। তবে কোনও এলাকার জনসাধারণের চাহিদা মেটানোর জন্য ও বেআইনি মদ চোলাই বন্ধ করার উদ্দেশ্যে সেই এলাকার জনসাধারণের ও স্থানীয় বিধানসভার সদস্যের মতামত নিয়ে নূতন আবগারি লাইসেন্স মঞ্জুর করার বিষয় সরকার বিবেচনা করে থাকেন।

**গাঁজা, আফিং ও মদের উপর রাজস্ব আদায়**

১০। (অনুমোদিত প্রশ্ন নং ২৫০।) **শ্রী মনোহর তিরকি ঃ** আবগারি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০-৮১ সালে ১লা ফেব্রুয়ারি, ১৯৮১ পর্যন্ত এই রাজ্যের গাঁজা, আফিং ও মদের উপর থেকে কত টাকা রাজস্ব আদায় হয়েছে; এবং

(খ) ১৯৭০-৮০ সালের তুলনায় ঐ টাকা কত কম বা বেশি?

**আবগারি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৮১ সালের ৩১এ জানুয়ারি পর্যন্ত এই রাজ্যের গাঁজা, আফিং ও মদের উপর থেকে রাজস্ব আদায়ের বিবরণী নিম্নে দেওয়া হইল ঃ-

| | | টাকা (আনুমানিক) |
|---|---|---|
| দেশি মদ | ... | ২০,৯৯,৬৩,৮১৮ |
| বিলাতি মদ | ... | ৬,১৫,২২,৮৪৩ |
| গাঁজা | ... | ৬৪,৪০,১০০ |
| আফিং | ... | ৯,৫৪,৫৭৭ |
| মোট | ... | ২৭,৮৮,৮১,৩৩৮ |

(খ) ১৯৭৯-৮০ সালের ঐ সময়ের তুলনায় ঐ বাবত মোট রাজস্ব ৩০,১৪,২৪০ টাকা বেশি।

**Closure of Industrial Units**

11. (Admitted Question No. 255.) **Shri A. K. M. Hassan Uzzaman** : Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) The number of industrial units closed during the tenure of the present Left Front Government in West Bengal (up to January, 1981).

(b) The number of cases of such closures during the tenure of the present Government (up to January, 1981) due to :

(i) Gheraos and strikes, (ii) Indiscipline, (iii) Violence, (iv) Go-slow, (v) Power cuts, and

(c) The number of workers affected by (a) and (b) ?

**Minister-in-charge of Labour Department :**

(a) 200 (from 21-6-77 to 31-1-81) Besides these Units, 97 Units have been closed permanently.

(b) (i) 5, (ii) 53, (iii) 1, (iv) 3 and (v) 3.

(c) (a) 14,065; for permanently closed units 4,292 and (b) 6,277.

**Note.**–The figures given above are provisional.

**The number of Joint Stock Companies which ceased to work**

12. (Admitted Question No. 259.) **Shri A. K. M. Hassan Uzzaman** : Will the Minister-in-charge of Commerce and Industries Department be pleased to state—

(a) The number of Joint Stock Companies which ceased to work in West Bengal either by liquidation or otherwise during the period from 1st July, 1977 to January, 1981; and

(b) Total paid-up capital of such companies?

**Minister-in-charge of Commerce and Industries Department :**

(a) The number is 181.

(b) Total paid-up capitals of such companies amounts to Rs. 10,32,94,267.

### Number of Industrial Workers

13. (Admitted Question No. 181.) **Shri A. K. M. Hassan Uzzaman :** Will the Minister-in-charge of Labour Department be pleased to state—

(a) Whether the State Government has any information about the number of industrial workers in West Bengal according to their religion; and

(b) if so, the percentage of Muslim in the workers employed in different industries in West Bengal as on the first day on 1978, 1979, 1980 and 1981?

**Minister-in-charge of Labour Department :**

(a) and (b) : Labour Department do not maintain statistics of workers employed on the basis of religion.

### রেজিস্ট্রিকৃত যাত্রাদল

১৪। (অনুমোদিত প্রশ্ন নং ৩৬৮।) **শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলার রেজিস্ট্রিকৃত যাত্রাদলের সংখ্যা কত ; এবং

(খ) এই সমস্ত সংস্থার অভিনেতা ও অভিনেত্রীসহ কর্মচারিদের স্বার্থ সংরক্ষনের কোনও আইন আছে কিনা?

**তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) জানা নেই।

(খ) নেই।

### মল্লিকবাজার (হাওড়া) রোড নির্মাণ

১৫। (অনুমোদিত প্রশ্ন নং ৪২২।) **শ্রী সন্তোষকুমার দাস ঃ** তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মল্লিকবাজার (হাওড়া) রোড তৈরির প্রস্তাবটি বর্তমানে কোন্ পর্যায়ে আছে ; এবং

(খ) তফসিলি অধ্যুষিত এলাকার উক্ত রাস্তা নির্মাণের কাজ কবে আরম্ভ হবে?

**তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) এই বৎসরের আয়-ব্যয়কে উক্ত রাস্তার জন্য কোনও অর্থ বরাদ্দ নেই।

(খ) অর্থের সঙ্কুলান করতে পারলে উক্ত প্রস্তাব বিবেচনা করা হবে।

### গ্রেট ইস্টার্ন হোটেলে কর্মী নিয়োগ

১৬। (অনুমোদিত প্রশ্ন নং ৬৬৭।) **শ্রী সত্যরঞ্জন মাহাতো :** পর্যটন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—১৯৭৮-৭৯ ও ১৯৭৯-৮০ সালে গ্রেট ইস্টার্ন হোটেলে কতজনকে চাকুরি দেওয়া হইয়াছে?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** ১৯৭৮-৭৯ সালে ৫৫ জনকে ও ১৯৭৯-৮০ সালে ৪৫ জনকে।

### তফসিলি ও আদিবাসী ছাত্রছাত্রীদের জন্য আর্থিক সাহায্য

১৭। (অনুমোদিত প্রশ্ন নং ৬৬৮।) **শ্রী সত্যরঞ্জন মাহাতো :** তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তফসিলি ও আদিবাসী ছাত্রছাত্রীদের জন্য সরকার কিভাবে আর্থিক সাহায্য করেন ;

(খ) বাৎসরিক সাহায্যের পরিমাণ কত ;

(গ) ছাত্রছাত্রীদের মাথাপিছু আর্থিক সাহায্যের পরিমাণ কত ; এবং

(ঘ) ১৯৭৯-৮০ সালে পুরুলিয়া জেলার ঐ শ্রেণীর ছাত্রছাত্রীদের কত পরিমাণ আর্থিক সাহায্য করা হয়েছে?

**তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) তফসিলি ও আদিবাসী মঙ্গল বিভাগ হইতে প্রাক-মাধ্যমিক ও মাধ্যমিকোত্তর শ্রেণীতে পড়াশুনা করিবার জন্য বিভিন্ন খাতে আর্থিক সাহায্য দেওয়া হয় তাহার একটি বিবরণ দেওয়া হইল।

(খ) উপরোক্ত বিবরণীতেই বাৎসরিক সাহায্যের পরিমাণ পাওয়া যাইবে।

(গ) ইহাও উক্ত বিবরণীতে পাওয়া যাইবে।

(ঘ) ইহার একটি বিবরণ দেওয়া হইল।

Statement referred to Clause "Ka" of question No. 17 (Admitted question No. 668)

Rules regarding award of Pre-matric stipends to the SCIST students reading in Schools in West Bengal

| | |
|---|---|
| Book Grants and Examination Fees | Scheduled CastesIScheduled Tribes students are sanctioned Book Grants at the following rates : |

| | | | Rs. |
|---|---|---|---|
| Class | V | ... | 10 |
| Class | VI | ... | 30 |
| Class | VII-VIII | ... | 70 |
| Class | IX | ... | 90 |
| Class | X | ... | 50 |

Plucked candidates are not allowed Book Grants.

Madhyamic candidates are sanctioned examination Fees of Rs. 35 only Once plucked candidates are allowed examination fees.

H.C.—SCIST students are granted at the rate of Rs. 75 p.m. as H.C. for 12 months in an academic year.

Income limit Rs. 300 p.m. for Scheduled Castes.

Income limit Rs. 500 p.m. for Scheduled Tribes (boy students)

Plucked candidates are not eligible.

No income limit for Scheduled Tribes Girl hostellers.

| | |
|---|---|
| Maintenance Charges : to D. S. | Scheduled CastesIScheduled Tribes students are granted maintenance charges at the rate of Rs. 20 p.m. for 12 months in an academic year. Plucked candidates are not eligible. Income limit—Rs. 300 p.m. |
| Other Charges : | Other non-refundable compulsory charges are granted to the Scheduled Tribe students only. First failure is condoned. Education up to Class X is free and have the question of granting Tution fees does not arise. |

*Statement referred to Clause 'Gha' of question No. 17 (Admitted question No. 668)*

**PURULIA**

Expected financial and Physical Targets achieved during 1979-80 towards the payment of Pre-matric Scholarship to the Scheduled Caste/Scheduled

Tribe students at the Secondary stage Education

| Category | Scheme | Expected Expenditure<br>Rs. | No. of students covered |
|---|---|---|---|
| Scheduled Castes | Tution Fees ... ... | 37,862 | 855 |
| | Book Grants and Examination Fees ... | 1,12,940 | 2441 |
| | Hostel Charges ... ... | 6,79,460 | 1589 |
| | Maintenance Charges ... | 4,68,960 | 2611 |
| | | 12,99,222 | |
| Scheduled Tribes | Tution Fees ... ... | 1,00,547 | 5877 |
| | Book Grants and Examination Fees ... | 1,87,845 | 4553 |
| | Hostel Charges ... ... | 14,79,535 | 3784 |
| | Maintenance Charges ... | 4,59,700 | 2554 |
| | | 22,27,627 | |

Post-matric Scholarships to Scheduled Caste and Scheduled Tribe students

| | Expenditure<br>Rs. | No. of students covered |
|---|---|---|
| Scheduled Castes ... ... ... ... | 2,14,223 | 242 |
| Scheduled Tribes ... ... ... ... | 2,03,686 | 250 |

### ব্লক ইউথ অফিস

১৮। (অনুমোদিত প্রশ্ন নং ৬৭৪।) **শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** যুব-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৯ সালের এপ্রিল মাস হইতে ১৯৮০ সালের ডিসেম্বর মাস পর্যন্ত সময়ে পশ্চিম বাংলায় মোট কতগুলি ব্লক ইউথ অফিস খোলা হইয়াছে ;

(খ) ব্লক ইউথ অফিসগুলিতে অফিসারদের নিয়োগের জন্য কি কি যোগ্যতাবলী নির্ধারিত হইয়াছে ;

(গ) এই পদগুলি কিভাবে পূরণ করা হয় ; এবং

(ঘ) পুরুলিয়া জেলার কর্মবিনিয়োগকেন্দ্র মারফত এইরূপ কতজন অফিসার (নাম ও ঠিকানা সহ) নিয়োগ করা হইয়াছে?

**যুব-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) মোট ১৩৭টি ব্লক ইউথ অফিস খোলা হইয়াছে।

(খ) (১) শিক্ষাগত যোগ্যতা-কোনও বিশ্ববিদ্যালয়ের স্নাতক।

(২) বয়স-সর্বনিম্ন ২১ বৎসর ও সর্বোচ্চ ৩০ বৎসর।

(৩) অভিজ্ঞতা-সমাজ সেবামূলক কাজের অভিজ্ঞতা বিশেষত গ্রামাঞ্চলে যুবসম্প্রদায়ের মধ্যে কাজ করিবার অভিজ্ঞতা।

(৪) বাঞ্ছনীয়-জনসাধারণের নিকট কোনও বিষয়বস্তু সঠিকরূপে মৌখিকভাবে উপস্থাপনের দক্ষতা।

(গ) এই পদগুলি শতকরা ২৫% বিভাগীয় প্রার্থী থেকে পদোন্নতি দেওয়া হয়। বাকী ৭৫% পদ রাজ্যের বিভিন্ন কর্মবিনিয়োগকেন্দ্র থেকে প্রেরিত প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষা নিয়ে বাছাই করা হয়।

(ঘ) পুরুলিয়া জেলার কর্মবিনিয়োগ কেন্দ্র মারফত যেসব প্রার্থীর নাম এসেছিল তা থেকে নিম্নলিখিত প্রার্থীকে অফিসার পদে নিয়োগ করা হইয়াছে ঃ

শ্রী হাপন চন্দ্র মুর্মু

পিতা-শ্রী দুর্গাচরণ মুর্মু

গ্রাঃ-খায়েরবানী, পোঃ-আঁক্রো,

থানা-মানবাজার, জিলা-পুরুলিয়া।

**Jaldapara Wild Life Sanctuary**

19. (Admitted Question No. 686.) **Shri Habibur Rahaman** and **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Forest Department be pleased to state—

(a) if it is a fact that the animal population in the Jaldapara Wild Life Sanctuary has dwindled during the past few years;

(b) if so:

(i) what are the reasons ; and

(ii) what action has so far been taken by the State Government in the matter?

**Minister-in-charge of the Forests Department :**

(a) No.

(b) Does not arise.

**Scheme to attract tourists to West Bengal**

20. (Admitted Question No. 729.) **Shri Naba Kumar Roy** and **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Tourism Department be pleased to state—

(a) whether the State Government has any scheme to launch an accelerated campaign to attract tourist to West Bengal:

(b) (i) what are the salient features of the scheme; and

(ii) what action has so far been taken by the State Government in the matter?

**Minister-in-charge of the Tourism Department :**

(a) Yes.

(b) (i) A write-up on the Five-Year Plan Programme as stated below,

(ii) Department of Tourism has been persistently following up the schemes and expect to make major additions in the field of tourist accommodation and tourist transport by the end of this financial year.

*Statement referred to clause (b) (i) of question No. 20 (Admitted question No. 729)*

A short write-up on the various tourism schemes proposed for inclusion in the Five-Year Plan 1980-85 and the Annual Plan 1981-82.

The plan outlay on tourism development for the year 1980-81 stands at Rs. 68.00 lakhs per year, aggregate expenditure for five years commencing from 1980-81 to 1984-85 works out at Rs. 340.00 lakhs. The total plan outlay for the Five-Year Plan period 1980-85 has been

proposed at Rs. 382.00 lakhs. i.e. all excess of Rs. 42.00 lakhs only in five years which may be taken as the bare minimum. This represents an average annual growth in the plan outlay by 12.35 per cent. only.

The major programme thrust has been on tourist accommodation with a proposed investment of Rs. 188.00 lakhs. This accounts for roughly about 49.21 per cent. and together with the provision for subsidiary facilities in the field of accommodation as provided under the sub-scheme. Tourist Centres the aggregate outlay in the field of tourist accommodation would work out at Rs. 241.00 lakhs representing about 63 per cent. of the total Five-Year Plan outlay. The reason for such greater emphasis on tourist accommodation is due to the fact that during the ensuing Five-Year Plan period we expect a considerable expansion in the volume of tourist traffic, both domestic and international. in the eastern region States of India. The Government of India aim to achieve a target of 3 million foreign tourists by 1990 and it is expected that about 50 per cent. of them may be induced to visit the eastern region States provided requisite infrastructure, specially in the field of tourist accommodation can be set up progressively paripassu the build-up of the tourist traffic. It is, of course, true that the private sector will undoubtedly have a crucial role to play if the targetted growth in the volume of international tourism is to be achieved. Nevertheless, the State Governments, would be required harness all their resources to play a matching complementary role particularly to cater to the requirements of the tourist on budget.

Tourist accommodation apart, a major portion of the proposed outlay for the Five-Year Plan period is accounted for by the outlay proposed on tourist transport. Though much has been talked about promotion of tourism in the Sunderbans region, precious little has been done so far to translate our subjective contemplation into action. A proposal for the development of tourism in the Sunderban region envisaging an outlay of Rs. 29.00 lakhs was submitted to the Govt. of India sometime back. We do not know what has been the fate of this scheme. We feel that the sooner the Sunderban region is thrown open to the tourists the better it would be for all round promotion and development of tourism not only in West Bengal but in the eastern region States of India as a whole. The dense forest wilderness of the Sunderban, home land of the Bengal Tigers, is perennial source of attraction to the tourists of all sades and denominations. As a preliminary step in the direction of promoting tourism in this region we propose to acquire a specially designed water craft with a matching contingent of road transport fleet. Added to all these, some land-based infrastructure will also have to be provided. On tourist transport a total outlay of Rs. 60.00 lakhs for the Five-Year Plan period has been recommended. This represents about 16% of the total outlay proposed.

The other field of investment which figures high in the relative scale of priorities is contribution of the State Government to the equity share capital of the WBTDC Ltd. The corporation is a fully State owned Public Undertaking with an authorised Equity Share Capital of Rs. 250.00 lakhs.

In the draft Annual Plan for 1981-82 a total provision of Rs. 85.00 lakhs has been made as against the provision of Rs. 68.00 lakhs during the current financial year. The increased outlay is primarily accounted for by the additional expenditure proposed on tourist accommodation. Of the ongoing schemes mention may specially be made of the scheme of Youth Hostel at Salt Lake City at Calcutta and a motel at Asansol satellite township.

Under the Sub-scheme tourist centres, a new scheme development of Gadiara as a tourist centre is proposed to be taken up for execution from the current financial year with the acquisition of about 10 acres of land. What we propose to do is to set up a tourist complex here primarily suited to meet the requirements of middle class tourists and tourist of average means who occasionally feel the urge to escape away from the monotoney and the din and bustle of urban city life. The proposed outlay for 1981-82 intended for setting up primary facilities for accommodation for the tourists of average means stands at Rs. 7.00 lakhs.

W.B.T.D.C. Ltd. is the principal organ for executing some of the tourism schemes which would be run and managed on sound commercial principle. A sum of Rs. 10.00 lakhs has been earmarked in the annual plan for 1981-82 towards the Equity Share Capital of the Corporation.

The Plan proposals have been formulated after careful assessment of all the supporting services and basis inputs needed and it is recognised that the selection of individual tourism projects and the investment programme in the tourism sector must, of necessity, fit into the integrated development plan for the State as a whole with each sector rendering mutual support to other.

[2-00—2-10 p.m.]

## ADJOURNMENT MOTION

**মিঃ স্পিকার ঃ** আজ আমি শ্রী রজনীকান্ত দলুই মহাশয়ের কাছ থেকে একটি মূলতবী প্রস্তাবের নোটিশ পেয়েছি। প্রস্তাবে শ্রী দলুই এফ.সি.আই. কর্মচারিদের আন্দোলনের ফলে রেশন সরবরাহের অবস্থা সম্পর্কে আলোচনা করতে চেয়েছেন। আগামী বাজেট বিতর্কের সময় সভায় এই বিষয়ে আলোচনা করার সুযোগ আছে। তাছাড়া আলোচ্য বিষয়টি সম্পর্কে সদস্য মহাশয় দৃষ্টি আকর্ষনী বা প্রশ্নের মাধ্যমে সভার দৃষ্টি আকর্ষণ করতে পারেন। আমি তাই উপরোক্ত প্রস্তাবে আমার অসম্মতি জ্ঞাপন করছি। তবে সদস্য মহাশয় ইচ্ছা করলে সংশোধিত প্রস্তাবটি সভায় পাঠ করতে পারেন।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** জনসাধারনের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হল- এফ.সি.আই. কর্মচারিদের আন্দোলনের ফলে রেশন সরবরাহে অব্যবস্থা। সাধারণ মানুষের নিত্য প্রয়োজনীয় খাদ্য বস্তু সরবরাহের দায়িত্ব যে রেশনের দোকানগুলির উপর আছে সেগুলি কার্য অচল হতে চলেছে। এফ.সি.আই-তে আন্দোলনের নামে যে অচল. অবস্থা চলছে এই রেশন সঙ্কট তারই ফলশ্রুতি। সেখানের রাজ্য সরকারের থেকে ডেপুটেশনে আসায় কর্মচারিদের আন্দোলন এবং সেখানকার কর্মচারিদের পাল্টা আন্দোলনে এক অচল অবস্থার সৃষ্টি হয়েছে। ১লা এপ্রিল থেকে পশ্চিমবঙ্গ সরকারের এফ.সি.আই অধিগ্রহণের সিদ্ধান্ত এই আন্দোলনকে আরও তীব্র করে দিয়েছে। এক শ্রেণীর গুদাম কর্মীর আন্দোলনও এই ব্যাপারটাকে আরও জটিল করে তুলেছে। এতে আসলে ক্ষতিগ্রস্ত হচ্ছে সাধারণ মানুষ।

স্যার, খাদ্য মন্ত্রী এখানে উপস্থিত আছে এ সম্বন্ধে তিনি যদি একটা স্টেটমেন্ট করেন তাহলে ভাল হয়।

**মিঃ স্পিকার ঃ** মন্ত্রী মহাশয় যদি স্টেটমেন্ট করেন আমার আপত্তি নেই।

**শ্রী সুধীন কুমার ঃ** স্যার, আমি আজই এ সম্বন্ধে একটা স্টেটমেন্ট করতে চাই। খবরের কাগজে বেরিয়েছে যে ওয়াগন থেকে মাল খালাস করা হয় এবং রেশনে তার জন্য সরবরাহ হয়নি। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। আপনি আমাকে যখনই সময় দেবেন তখনই আমি এ সম্বন্ধে স্টেটমেন্ট করব।

### Calling Attention to matters of Urgent Public Importance

**মিঃ স্পিকার ঃ** আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণ নোটিশ পেয়েছি, যথা;

১) প্রাথমিক বিদ্যালয়ে পাঠ্যপুস্তক সরবরাহে অব্যবস্থা—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস,

২) গার্ডেনরিচ এলাকায় গৃহবধূ খুন—শ্রী রজনীকান্ত দলুই,

৩) ওয়াগান খালাশ না হওয়ায় কলিকাতা ও শহরতলীতে রেশন সঙ্কট—শ্রী রজনীকান্ত দলুই,

৪) স্থানীয় লোক নিয়োগে ট্রেড ইউনিয়নের আপত্তি—শ্রী রজনীকান্ত দলুই,

5) Radiation from T.V.Tower—Shri Rajani Kanta Doloi.

6) Increase in number of pending crimina, cases in the Courts—Shri Rajani Kanta Doloi.

7) Proposal for recruitment in the private sector industries through employment exchanges—Shri Rajani Kanta Doloi.

8) Agitation by F.C.I. staff at Cossipore godown—*Shri Rajani Kanta* Doloi.

9) Alleged attack on Congress (I) member—Shri Rajani Kanta Doloi.

10) Alleged reign of terror at Belghoria—Shri Rajani Kanta Doloi.

আমি প্রাথমিক বিদ্যালয়ে পুস্তক সরবরাহের অব্যবস্থা বিষয়ের উপর শ্রী জয়ন্তকুমার বিশ্বাস কর্তৃক আনীত নোটিশ মনোনীত করেছি।

সংশ্লিষ্ট মন্ত্রি মহোদয়, যদি সম্ভব হয়, ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

**শ্রী ভবানী মুখার্জি ঃ** সোমবার ২।৩।৮১ তারিখে স্টেটমেন্ট দেওয়া হবে।

## STATEMENT ON ADJOURNMENT MOTION

**শ্রী সুধীন কুমার ঃ** আমি সকাল বেলায় দেখলাম সংবাদপত্রে মোটা হরফে শিরোনামায় লেখা হয়েছে যে প্রায় ২০০ ওয়াগন খালাস করা হয় নি এবং এর জন্য রেশন ব্যবস্থা বিঘ্নিত হচ্ছে। এখানে যে দায়িত্ব সেটা দুভাগে ভাগ করা আছে। এই মাল খালাস করার দায়িত্ব এফ.সি.আই-এর। তারা দিনে ছয়টি রেক খালাস করতে পারে। এটা হিসাব করে দেখিয়েছেন রেলওয়ে বোর্ড। বর্তমানে আসছে দৈনিক ৪।। টি। অতএব এফ.সি.আই-এর সম্পূর্ণ ক্ষমতার মধ্যেই এটা, এটা তারা খালাস করতে পারেন। এই যে রেক যেটা খালাস হয়নি তারজন্য এফ.সি.আই. কর্তৃপক্ষ দায়ী কারণ তারা, যারা খালাস করেন তাদের প্রাপ্য মজুরি দেন না। এটা হয়ত এবারে হতে পারে কিন্তু বারবার খালাস করার ব্যাপারে স্থানীয় এফ.সি.আই. কর্তৃপক্ষ এই গাফিলতি করছেন। এর ফলে দুটি জিনিস দেখা যাচ্ছে। এখানে এফ.সি.আই. বলছেন খাদ্যশস্য পাঠিও না রেলকে বলছেন এবং এর ফলে পরে রেল বলবেন আপনারা এত খাদ্য চাইছেন অথচ পাঠালে আপনারা নিতে পারেন না। রেলবোর্ড নিজেই বলেছেন যে ৬ রেক খাদ্যশস্য এখানে দৈনিক খালাস করা সম্ভব, তার সমস্ত ব্যবস্থা এখানে আছে। এমন কি আরও দু/একটি ব্যবস্থা হয়ে গেলে যেমন শিয়ালদহের উড়ালপুল হয়ে গেলে আমরা শিয়ালদহের গুদাম যদি ব্যবহার করতে পারি তাহলে আরও একটি করে রেক দৈনিক খালাস করা যাবে। কিন্তু আমরা দেখছি দৈনিক ৪।। টি রেক আসা সত্ত্বেও তারা খালাস করছেন না। বারবার এটা ঘটে থাকে এবং নানা কারণে তারা এই জিনিস ঘটতে দিচ্ছেন। কাগজে আপনারা বারবার দেখে থাকবেন যে খালাস হচ্ছে না। কিছুদিন আগে আমাদের এখানকার গুদামে ১৫ দিনের খাদ্যও ছিল না এমন কঠিন দিনও আমাদের গিয়েছে। কিন্তু বর্তমানে আমাদের সেই অবস্থা নেই। বর্তমানে গুদামে কি খাদ্য আছে তা যদি আপনারা জানতে চান, তাহলে তার হিসাব আমি বলব। আমাদের এক সপ্তাহে যে পরিমাণ খাদ্যদ্রব্য দরকার, এরা যেটুকু ওয়াগন থেকে খালাস করেন নি সেটা মাত্র এর এক তৃতীয়াংশ। অতএব ওয়াগন খালাসের সঙ্গে এটার কোনও সম্পর্ক নেই। বর্তমানে কোলকাতা

এবং হাওড়া মিলিয়ে আমাদের গুদামে যেটা সংগৃহীত আছে সেটা হচ্ছে ১ লক্ষ ১৫ হাজার ৩১২, এরমধ্যে পশ্চিমবঙ্গের চাল যা আছে সেটা হচ্ছে ২২ সপ্তাহের মতন বর্তমান হারে যদি সরবরাহ করা হয়। সেন্ট্রাল পুলের ১৩ সপ্তাহের মতন। গম ৩।। সপ্তাহের মতন বর্তমান হারে যদি গ্রহীতারা গ্রহণ করেন। চিনি আছে ৪।। সপ্তাহের মতন। অতএব এখনই রেশনিং ব্যবস্থা বানচাল হয়ে যাবার যে আশঙ্কা সেটা সম্পূর্ণ অমূলক। খাদ্য এবং চিনি ক্যালকাটা কমপ্লেক্সে যথেষ্ট পরিমানে আছে। কিন্তু অন্য একটি বাধা এখানে উল্লিখিত হয়েছে। এফ.সি.আই.-এর কিছু কর্মচারী ক্ষুব্ধ। এককালে তদানীন্তন পশ্চিমবঙ্গ সরকার এফ.সি.আই কে যখন দায়িত্ব দিয়েছিলেন তখন সেখানে ৪।। থেকে ৫ হাজার কর্মচারীকে ডেপুটেশনে পাঠিয়েছিলেন। ১৯৬৯ সালে আমরা এসে ঠিক করি যে ডেপুটেশনের ক্ষেত্রে একটি নির্দিষ্ট সময় থাকা উচিত। কেন্দ্রীয় ডেপুটেশনেও তাই। যদি আই.এ.এস ডেপুটেড হন তিনিও একটি নির্দিষ্ট সময়ের জন্য হবেন। আমরা ঠিক করেছিলাম প্রত্যেকটি ডেপুটেশন তিন বছরের জন্য হোক। এফ.সি.আই-এ গিয়ে তারা কিছু অধিক লাভ করেন-মহার্ঘভাতা বা অন্যান্য ভাতা এবং বোনাস বাবদ কিছু অতিরিক্ত তারা লাভ করেন। এটা প্রত্যেক তিন বছরের জন্য ভোগ করুক এবং তিন বছর বাদে সে ডিপার্টমেন্টে ফিরে আসুক এবং সেখানে সিনিয়ারিটির ভিত্তিতে তার বদলে আর একজন যান। পর্যায়ক্রমে এইভাবে গেলে কারুর মনেই কোনও ক্ষোভ থাকবে না। কিন্তু পরবর্তীকালে সরকার এটা চালু না রাখায় কিছু লোক দীর্ঘ ১০/১২ বছর এফ.সি.আই-এ রয়ে গিয়েছেন। এফ.সি.আই-এ এমন একটি চক্র সৃষ্টি হয়েছে যে তারা লোককে ছাড়তেও চান না। এখন কেন্দ্রীয় এফ.সি.আই ঠিক করেছেন যে এই পশ্চিমবঙ্গে যে দায়িত্ব তারা বহন করতেন এবং অন্যান্য রাজ্যে কতকগুলি যে দায়িত্ব বহন করতেন সেগুলি তারা এখন ত্যাগ করবেন।

[2-10—2-20 p.m.]

অর্থাত সংগ্রহ, সংরক্ষণ এবং বন্টন এই কাজগুলি রাজ্যের অভ্যান্তরে তারা করবেন না। তাদের কাজ থাকবে, তারা কেন্দ্রীয় সরবরাহ অব্যাহত রাখবেন। কেন্দ্রীয় সরকার বলেন যে ৩ মাসের খাদ্য প্রত্যেক জায়গায় মজুত থাকা দরকার এবং এটা আমাদের সঙ্গে ঠিক হয় যে ২ মাসের খাদ্য তারা রাখবেন এবং এক মাসের খাদ্য আমরা রাখব। এখন পর্যায়ক্রমে তারা বলছেন যে এখনই আপনাদের এই ব্যবস্থা পুরোপুরি গ্রহণ করতে হবে, এই বিষয়ে দেরি করা উচিত নয়। এখন তারা যদি রাখতে না চান আমরা বাধ্য হচ্ছি এবং রাজ্য সরকার যদি এই দায়িত্ব তুলে নেন তাহলে এই কর্মচারিদের কি হবে? তারা বলেন যে আমরা এফ.সি.আইতে অ্যাবজর্ব হতে চাই। আমরা বলেছি যে দেখুন, এটা যদি এফ.সি.আই করে তাহলে আমরা কোনও আপত্তি করব না, কিন্তু আপনারা লিয়েন রেখে যেতে পারবেন না। এই কাজের জন্য নতুন লোক নিযুক্ত হন তাতে আমাদের কোনও আপত্তি করবার কিছু নেই। অতএব আপনারা যদি যান তাহলে পাকাপাকিভাবে যাবেন এবং এটা ঠিক করে যাবেন এই ব্যাপারে আমাদের কোনও দায়িত্ব থাকবে না। এই ব্যাপারে এফ.সি.আই বলেছেন যে আমরা যখন কাজই ছেড়ে গেলাম তখন এই লোকগুলিকে নিয়ে আমরা কি করব?

অতএব এফ.সি.আই এদের অ্যাবজর্ব করবে না। আমরা বলেছি যে পশ্চিমবঙ্গে তাদের যে চাকুরি আছে, সেই চাকুরি থাকবে কিন্তু ওরা যে উপরি পেতেন সেই উপরিটা থাকবে না। এই কারণে তাদের বিক্ষোভ এবং এই বিক্ষোভের জন্য পশ্চিমবঙ্গ সরকার দায়ী নন এবং পশ্চিমবঙ্গের জনসাধারণও দায়ী নয়। এই ব্যাপারে শোধ তুলবার জন্য তারা নিরুপায় হয়ে রেশনিং ব্যবস্থা যাতে বানচাল করা যায় তার জন্য একটা আন্দোলনের প্রোগ্রাম করেছেন। প্রোগ্রামটা এফ.সি.আইকে দিয়েছে, কারণ আমাদের সঙ্গে তো কোনও কথা নেই, তাদের কাছ থেকে এটা আমরা পেয়েছি। সেখানে আছে It has been decided to launch the following programme.

এক নং হচ্ছে ওভারটাইম বয়কট ফ্রম ২৩.২.৮১ অর্থাত ২৩ তারিখ গতকাল গেছে, অতএব এর থেকে আর ওভারটাইম করতে পারবেন না, নিয়মিত কাজ তারা করবেন তাদের প্রোগ্রাম হচ্ছে (২) শ্লোগান, সাউটিং ফর ফার্স্ট টু আওয়ারস। একদফা শ্লোগান সাউটিং এবং আর একদফা হচ্ছে শুধু সাউটিং দিয়ে ফর ফার্স্ট টু আওয়ারস ফ্রম ২৩.২.৮১ টু ২৮.২.৮১, (৩) রিলে মাস হাংগার স্ট্রাইক ফর ৭২ আওয়ারস কমেন্সিং অন ৩.৩.৮১, এবং (৪) মাস ক্যাজুয়াল লিভ অন ১০.৩.৮১ এটা লিখিত, কিন্তু এরপরেও তারা গুদামে কাজ করছে না। কেন্দ্রীয় অফিসের যে পারমিটগুলি, যে কোনও জায়গায় যদি গাফিলতি হয়, যদি সেই পারমিটগুলি ঠিক মতো না যায় তাহলে সরবরাহের ব্যাপারে অসুবিধা হবে। তারপর ওজন করবার জন্য ২টি যন্ত্র আছে। কাশীপুরে যিনি ওজন করবেন, সেই ওজনবাবু না আসার জন্য সব বন্ধ। আর সব যদি আসেও তাহলে ঐ একজনের জন্য সব বন্ধ। এই রকম ভাবে সব ব্যাহত করার চেষ্টা করা হচ্ছে। আমরা এফ.সি.আইকে বলেছি যে দুটি রাস্তা আছে হয় এদের আপনারা অ্যাবজর্ব করুন, দাবি মেনে নিন, আমাদের বলার কিছু নেই। আর দ্বিতীয়তঃ আপনাদের নিজস্ব অনেক লোক আছে যারা কাজ করতে চান, এই কাজ করতে আপনারা বাধ্য, এখনও সেই চুক্তি বলবত আছে। যতক্ষণ না আমরা নিচ্ছি ততক্ষণ এই কাজ করতে আপনারা বাধ্য। আপনাদের অনেক সারপ্লাস কর্মচারী আছে, প্রায় ১২ শত কর্মচারী আছেন, তারা কাজ করতে পারেন, তাদের নিযুক্ত করুন। অথবা বলুন যে এরা কাজ করছে না, অন্যদের দিন। কিন্তু এই বিষয়ে এফ.সি.আই সম্পূর্ণ নীরব। উপর থেকে নিচে পর্যন্ত এফ.সি.আই-এর এক জোট হয়ে তারা বানচাল করার চেষ্টা করছেন। আমি গতকাল তাদের কাছে বলেছি যে আপনারা কি চান বলুন? তারা বলেছেন যে সামান্য বিক্ষোভ হয়েছে, যদি এটা বাড়ে তাহলে আমরা ব্যবস্থা গ্রহণ করব। আমি এই ব্যাপারে সকল স্তরে জিজ্ঞাসা করেছি। হাওড়াতে যারা কন্ট্রাক্টর, তারা বলেছেন যে আমাদের টাকা দেওয়া হচ্ছিল না, শেষ পর্যন্ত কালকে টাকা দেবে স্থির হয়েছে, আমরা ওয়াগন খালাশ করব। তারা বলেছিলেন যে রেশন ডিলার, কন্ট্রাক্টর, যারা রেশন তুলে নিয়ে যান, যেখানে সকাল ৬টা থেকে কাজ করার কথা সেখানে বেলা ৩টার মধ্যেও কাজ শুরু হয়না। এই রকম অব্যবস্থা চলার জন্য সেখানে প্রতিবাদ করা হয়েছে। কাল সন্ধ্যাবেলায় তারা বলে গেছেন যে পশ্চিমবাংলার রেশনিং ব্যবস্থা বজায় রাখার জন্য যে কোনও অসুবিধার সম্মুখীন হয়ে তারা কাজ করবেন। তাঁরা আশা করেন যে, এফ.সি.আই. কর্তৃপক্ষ তাঁদের অফিসের

যেটুকু কাজ এবং তাঁদের জেনারেল ডিপার্টমেন্টের যেটুকু কাজ সেটুকু অন্তত করবেন। এটা আমরা এফ.সি.আই-কে জানিয়েছি। গত শনিবার এফ.সি.আই. কর্তৃপক্ষ দিল্লি থেকে এখানে এসেছিলেন। আগামী শনিবার আবার তাঁদের সঙ্গে বিস্তারিত আলোচনা হবে। কিন্তু ইতিমধ্যে ওরা যদি কোনও ব্যবস্থা নেয় তাহলে আমাদের সরকারকেও বিবেচনা করতে হবে যে, কি করে সরবরাহ ব্যবস্তা অব্যাহত রাখা যায়। দরকার হলে কেন্দ্রীয় সরকারের সাহায্য নেবার চেষ্টা করব।

## MENTION CASES

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জ্যোতি বাবুর পুলিশের তান্ডব এবং নারকীয়তার বহু দৃষ্টান্ত আমরা জানি। সেই রকম আজকেও একটি দৃষ্টান্ত স্থাপিত হয়েছে বেলা সাড়ে ১১-টার সময়ে কলকাতা বিশ্ববিদ্যালয়ের সামনে। সেখানে ছাত্রপরিষদের সদস্যরা যখন রামমোহন কলেজের অধ্যক্ষা সাধনা সরকারে মৃত্যুর বিচার বিভাগীয় তদন্ত দাবি করছিল, ঐ ঘটনার প্রতিবাদ জানাচ্ছিল এবং বাসের ভাড়া ও ট্রামের ভাড়া বৃদ্ধির প্রতিবাদে আন্দোলন করছিল তখন পুলিশ তাদের উপর লাঠি চার্জ করেছে, কাঁদানে গ্যাস ছুড়েছে এবং ১১৯-জন ছেলেকে অ্যারেস্ট করেছে। মিছিল এবং আন্দোলনের উপর বামফ্রন্ট সরকারের এই রকম আক্রমণ অত্যন্ত নিন্দনীয়। ইতিপূর্বে বামফ্রন্ট সরকার এই রকম অসংখ্য আন্দোলনের উপর আক্রমন চালিয়েছেন। আজকের ঘটনা একটা জঘন্য নিন্দনীয় কাজ। সুতরাং আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি যে, তিনি এবিষয়ে হাউসে একটা বিবৃতি দিন। সেই সঙ্গে আজকে যেভাবে পুলিশ বিভিন্ন আন্দোলনের উপর আক্রমন করছে, ছাত্রপরিষদের বিভিন্ন মিছিলের উপর আক্রমন করছে, লাঠি চার্জ করছে কাঁদানে গ্যাস ছুঁড়ছে, ছাত্রদের আহত করছে তাতে আমি পুলিশের এই সমস্ত কাজের প্রতিবাদ জানাচ্ছি।

**শ্রী যামিনীভূষণ সাহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের সংবাদপত্রে দেখলাম কেন্দ্রীয় সরকারের অর্থনীতির একটা সমীক্ষা বেরিয়েছে। তাতে বলা হচ্ছে যে, সমস্ত বেতনের সাথে উৎপাদনকে যুক্ত করতে হবে। কিছু দিন আগে কেন্দ্রীয় সরকার বোনাসের সাথে উৎপাদনকে যুক্ত করতে চেয়েছিলেন। এবারে তাঁরা সিদ্ধান্ত নিয়েছেন, বেতনের সাথে উৎপাদনকে যুক্ত করতে হবে। এই সিদ্ধান্তের কারণ স্বরূপ জানিয়েছেন, রপ্তানি বাড়াতে হবে। আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় এবিষয়ে প্ল্যানিং কমিশনের কাছে তীব্র প্রতিবাদ জানিয়েছেন। কারণ আজকে যে অবস্থা দাঁড়িয়েছে তাতে একচেটিয়া পুঁজিপতি এবং মুনাফাখোর ব্যবসায়ীদের মদত দেওয়া হচ্ছে। অপর দিকে যখন বলা হচ্ছে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে হবে তখন এই অবস্থায় বেকারত্ব তো দূর হবেই না বরঞ্চ বেকার আরও বেড়ে যাবে। সুতরাং অর্থনীতি যদি এই ভাবে চলে তাহলে একটা সামাজিক বিস্ফোরণ দেখা দিতে বাধ্য। আজকে মানুষের গণতান্ত্রিক অধিকার খর্ব করবার জন্যই কেন্দ্রীয় সরকার উঠে পড়ে লেগেছেন। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ রাখছি যে, তিনি প্ল্যানিং কমিশনের কাছে যেভাবে প্রতিবাদ জানিয়েছেন সেই ভাবে পশ্চিমবঙ্গ বিধানসভা থেকেও একটা প্রস্তাবের মাধ্যমে প্রতিবাদ জানানো হোক।

**অধ্যক্ষ মহোদয় ঃ** মাননীয় সদস্য, ১৮০ ধারায় একটি প্রস্তাব এবিষয়ে দিলে, বিবেচনা করে দেখা হবে।

[2-20—2-30 p.m.]

**শ্রী সন্তোষ রাণা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুবর্ণরেখা নদীতে সেতু তৈরির সঙ্গে যুক্ত গাইড বাঁধ ও অ্যপ্রোচ রোড তৈরির কাজে নিযুক্ত ঠিকাদারী শ্রমিকেরা দিনে ৮ থেকে ৯ ঘন্টা বালি কাটার কাজ করে সাড়ে চার টাকা থেকে ৫ টাকা মজুরি পাচ্ছেন। এটা সরকার নির্দ্ধারিত ন্যূনতম মজুরির প্রায় অর্দ্ধেক। মজুরদের পক্ষ থেকে ন্যূনতম মজুরির জন্য দাবি করা হয়েছিল। রাজ্যসরকারের পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় শ্রমিকদের প্রতিনিধির সঙ্গে আলোচনায় বসেছিলেন এবং আলোচনায় বসে তিনি জানান, মজুররা যদি ন্যূনতম মজুরি দাবি করে তাহলে তিনি সেতু তৈরির কাজ বন্ধ করে দেবেন। রাজ্য সরকার যেখানে প্রধান নিয়োগকর্তা সেখানেই যদি শ্রমিকেরা ন্যূনতম মজুরির দাবি করলে কাজ বন্ধ করে দেবার হুমকী দেওয়া হয় তাহলে একটা ন্যূনতম মজুরির আইন রাখার অর্থ কি আছে। সর্বক্ষেত্রে ন্যূনতম মজুরি চালু করার রাজ্যসরকারের যে নীতি রয়েছে সেটাই বা কি অবস্থায় দাঁড়াবে? বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। মন্ত্রী মহাশয় বলছেন, ন্যূনতম মজুরি দাবি করলে কাজ বন্ধ করে দেবো। সুতরাং আমি মুখ্যমন্ত্রী সহ সমগ্র মন্ত্রিসভা এবং সমগ্র বিধানসভার সদস্যদের প্রতি দৃষ্টি আকর্ষণ করলাম।

**শ্রী শান্তিরাম মাহাতো ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিষয়টি হল, আমি সমস্ত গ্রামাঞ্চলের কথা বলতে পারছি না কিন্তু পুরুলিয়ার গ্রামাঞ্চলে রেশন দোকানগুলিতে ১ মাসের উপর হল চিনি দেওয়া একেবারে বন্ধ হয়ে আছে অথচ সরস্বতী পূজার সময়ে শহরের রেশন দোকানগুলিতে চিনি দেওয়া হয়েছিল। সুতরাং এই যে বৈষম্যমূলক নীতি অবলম্বন করা হয়েছে গ্রামের লোকেদের চিনি না খাইয়ে শহরাঞ্চলের লোকেদের চিনি খাওয়ানোর যে ব্যবস্থা এই ব্যাপারের প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করছি। বামফ্রন্টসরকার আজকে যে সাম্যবাদের কথা বলেন সেটা সম্পূর্ণ ভিত্তিহীন কথা। আমি এই ব্যাপারের প্রতি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী রাজকুমার মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি সেচ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গোয়ালবেড়িয়া খালের উপর দুই ভেন্টের স্লুইস আছে। সেই স্লুইসের দুই তীরে যে বাঁধ আছে সেই বাঁধে বিরাট ধ্বস দেখা দিয়েছে। অতি শীঘ্র যদি সেই বাঁধ মেরামত না করা হয় তাহলে মূল স্লুইসের ক্ষতি হবে। তাই আমি আপনার মাধ্যমে সেচ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং শীঘ্রই বাঁধগুলি মেরামত করে যাতে ধ্বসের হাত থেকে রক্ষা পায় তারজন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী কৃষ্ণদাস রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় সমবায় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন বছরের এই সময়টায় পশ্চিম

বঙ্গের পল্লী অঞ্চলে যে সমস্ত ঋণ দেওয়া হয়েছে সেই সমস্ত ঋণ আদায় করা হয়। আপনি জানেন কৃষিঋণ ছাড় দেওয়া হবে, খুব ভাল কথা, কিন্তু আমি বলি সমবায় ঋণ ছাড়া যাবে কিনা সে সম্বন্ধে একটা বিস্তৃত নীতি প্রণয়ন করে হাউসের সামনে রাখা উচিত। আমি সমবায় মন্ত্রী মহাশয়ের কাছে এই আবেদন করি যে সমবায় ঋণ আদায় সম্পর্কে তিনি একটা স্টেটমেন্ট এই বিধানসভার গোচরে আনুন। আনলে সেটা সবাই জানতে পারবে এবং সব জায়গাতে আলোচিত হবে। তাই আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সরল দেব ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মারফতে অর্থমন্ত্রী মহাশয়ের নিকট আবেদন জানাচ্ছি। পে-কমিশনের রিপোর্ট ইতিমধ্যে মন্দ্রন্ত্রসভার কাছে পৌঁছেছে। অবিলম্বে পে-কমিশনের রিপোর্ট যাতে কার্যকর হয় এবং তার এরিয়ার এফেক্ট ইত্যাটি যাতে দিতে পারেন তার জন্য আবেদন জানাচ্ছি। মূল্যবৃদ্ধির চাপে মধ্যবিত্ত সমাজ, সরকারি কর্মচারী, শিক্ষক এবং অশিক্ষক কর্মচারী সকলেই ধুঁকছেন। তাই পে-কমিশনের রিপোর্ট অবিলম্বে যাতে কার্যকর হয় বা সেটা কার্যকর করবার জন্য আপনার মারফতে মাননীয় অর্থমন্ত্রীর নিকট অনুরোধ জানাচ্ছি।

**শ্রী বদন বোরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার নিকট একটি বিশেষ ঘটনা রাখছি। গত ১৫ই ফেব্রুয়ারি বাঁকুড়া জেলার বিষ্ণুপুরে দুই দল সমাজ বিরোধী একটি মহিলাকে কেন্দ্র করে ঝগড়া মারামারি করে। রসিকগঞ্জ এবং চকবাজার দুটি জায়গার দু'দল সমাজবিরোধীদের মধ্যে মারামারি হয়। রসিকগঞ্জের দলটি চকবাজারে গিয়ে এক জনের ঘর পুড়িয়ে দেয়, সেই ঘরে একজন পুলিশ ভাড়াটে ছিল, সে বাধা দিলে তাকে মারধোর করে, মহিলাদের নির্যাতন করে। চকবাজারের দলটি গত ১৮.২.৮১ তারিখে থানায় অভিযোগ করে। পুলিশের সি.আই. রসিকগঞ্জের সমাজবিরোধীদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নিচ্ছেন না, ডি.এম. এ ব্যাপারে উদাসীন আছেন। দুই দল সমাজ বিরোধীই বিষ্ণুপুরের কংগ্রেস (আই) দলের সমর্থক। এরা নানারকম গুন্ডামী, নারী নির্যাতন, এই সব ঘটনা ঘটায়। আমি সেইজন্য মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই কংগ্রেস (আই) সমাজবিরোধীদের শাস্তি মূলক ব্যবস্থা করেন এবং বিষ্ণুপুরের লোকেরা একটু শান্তিতে বসবাস করতে পারে।

**শ্রী নিতাইচরণ আদক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। গত ১৮.২.৮১ তারিখে সন্ধ্যা ৬ টা নাগাদ আমাদের কৃষিকর্মী শ্রী মদন খামরুই মহাশয়কে কংগ্রেসি গুন্ডারা অতর্কিতে আক্রমন করে এবং তিনি গুরুতর আহত হন। ঐদিন রাত্রে কংগ্রেসি নেতৃত্বে ওরা আমাদের পার্টি অফিস পুড়িয়ে দেয়। এইভাবে তারা গ্রামে এক সন্ত্রাসের সৃষ্টি করছে। আমি স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের কাছে জানাতে চাই যে এই সমস্ত দুষ্কৃত কারীদের যেন অবিলম্বে গ্রেপ্তার করা হয় এবং গুন্ডাদের দমন করে যাতে গ্রামের মানুষেরা একটু শান্তিতে বসবাস করতে পারেন তার ব্যবস্থা করা হয়।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পি.ডবলিউ.ি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। শুধু মালদা জেলায় নয়, সারা পশ্চিমবঙ্গেই ৩৪ ন জাতীয় সড়ক তার দুপাশে যে জায়গা আছে সেটা সমস্তটাই পি.ডবলিউ.ডি'র জায়গা। সে দুপাশই সুপরিকল্পিত ভাবে জবর দখল হয়ে গেছে। আমার মনে হয় যারা জবর দখ করেছে তারা বিশেষ কোনও রাজনৈতিক দল দ্বারা পরিচালিত। এজন্য গাড়ি চলাচল প্রা বন্ধ হয়ে যাবার জোগাড় হয়েছে। যখন কলকাতায় রাস্তা থেকে হকার পরিষ্কার করা হচ্ছে সেই সময় গ্রামের রাস্তা দখল হয়ে যাচ্ছে, এই বিষয়ে ব্যবস্থা করার প্রয়োজন আছে বে আমি মনে করি। তাই আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি

**Shri Dawa Narbu La :** The law and order situation in the hills h been deteriorating. This fact was brought to the notice of the Governme but no action has been taken. It was only on the 18th of February la about 200 to 300 CPI(M) workers attacked one Congress(I) active membe Shri Lal Bahadur Biswakarma at Bernsbeg Tea Estate. He was hiding i the house of his elder brother. He was dragged out from the house ar was assaulted with lethal weapons. He sustained several injuries on h person and one of his eyes was broken on the spot. He was admitted the Sadar Hospital. Police simply started a case u/s 323 I.P.C.

Lal Bahadur Biswakarma was lying in a serious condition in tl hospital for two days but the Police did not bother to record his dyir declaration. He died at the Sadar Hospital on 20.2.81 but so far not single person has been arrested by the Police.

I, therefore, request the Hon'ble Minister concerned to take leg action and arrest the anti-social elements who have been doing all the: things in the hills.

[2-30—2-40 p.m.]

**শ্রী রামচন্দ্র সৎপতি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঝাড়গ্রাম মহকুমায় যে বাজার আে সেখানে আমাদের পূর্তমন্ত্রী গিয়ে দেখে এসেছেন যে কি অবস্থা সেখানে চলছে। সেখানে গ্রামের আদিবাসী মানুষরা কেনাবেচা করতে আসে কিন্তু তাদের বসার কোনও জায়গ নেই। সেইজন্য তারা এ বিষয়ে দাবি করে আসছেন। পূর্ত মন্ত্রিমহাশয় প্রতিশ্রুতি দিে এসেছেন বাজারটা হবে, কিন্তু আজ পর্যন্ত কিছুই হচ্ছে না। এ বিষয়ে মানুষের মধে বিক্ষোভ আছে। ইতিমধ্যে সেখানকার বাজার সমিতি এস.ডি.ওর কাছে ডেপুটেশন দিয়েছে কিন্তু তিনিও কিছু করছেন না। এই অবস্থাটা মন্ত্রিসভাকে বিবেচনা করবার জন্য অনুরো করছি যাতে করে বাজারটি নির্মিত হয় এবং তার সম্প্রসারন ঘটে।

**শ্রী সন্তোষকুমার দাস ঃ** স্যার আমি একটি গুরুত্বপূণ বিষয় আপনার মাধ্যমে উল্লে করছি পরিবহন মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবার জন্য। আমি আগেই বলেছি ৭৯নং বা

গতকাল থেকে হঠাৎ বন্ধ হয়ে গেছে কোনও নোটিশ না দিয়ে। এর মূল কারণ হচ্ছে যখনই কোনও বিয়ে বা গঙ্গাসাগরের মেলা হয় তখনই এই রুটের বাস রিজারভেশনে চলে যায়। এই অবস্থার জন্য শান্তির পরিবেশ অস্থির হয়ে যায় এবং সেখানে অশান্তি দেখা দেয়। বাসের মালিকরা এর ফলে অতি মুনাফা লাভ করে। তাই আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি যাতে পরিবহন মন্ত্রি ও আর.টি.এ. একটা ব্যবস্থা করেন।

**শ্রী প্রদ্যোৎকুমার মহান্তি ঃ** স্যার আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের নির্বাচন সংক্রান্ত শাখায় দৃষ্টি আকর্ষণ করছি। আমরা সকলে জানি যে ভোটার লিস্ট তৈরি হচ্ছে। কিন্তু সেই লিস্ট এমন ত্রুটিপূর্ণ ভাবে তৈরি হচ্ছে যার ফলে যখন ভোট হবে তখন দেখা যাবে অনেক প্রকৃত ভোটার ভোট দিতে পারবেনা। গত লোকসভায় নির্বাচনের সময়ে দেখেছি তালিকার পর তালিকা লাল কালি দিয়ে কাটা হয়ে গেছে যার ফলে অনেক জেনুইন ভোটার বাদ পড়ে গেছে। আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি যে কিছুদিন আগে যিনি কেন্দ্রীয় মন্ত্রী ছিলেন সেই শ্রীমতী আভা মাইতির নাম ভোটার তালিকায় কি ভাবে দেখানো হয়েছে এই নতুন ভোটার তালিকায়। Sex এর mention করতে দেখা গেছে যে তার বাবার নাম লেখা আছে, মেল ফিমেল বলে লেখা আছে। কিন্তু যেখানে তার বাবার নাম লেখা আছে সেখানে মৃত বলে লেখা নেই, ফিমেলের জায়গায় মেল লেখা আছে। এইজন্য শ্রীমতী মাইতির তরফ থেকে বারবার কারেকশন করার জন্য দরখাস্ত করা সত্ত্বেও আজ পর্যন্ত কিছু করা হচ্ছে না। এইভাবে কোনও সজাগ ভোটার সে যদি কোনও সংশোধন করতে চায় সে তা করতে পারছে না। তাই আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ নির্বাচন সংক্রান্ত বিভাগের দৃষ্টি আকর্ষণ করছি যে এইরকম ত্রুটি বিচ্যুতি যদি থাকে তাহলে কোনও প্রকার গণতান্ত্রিক নির্বাচন সম্ভব হবে না। সেইজন্য আপনার মাধ্যমে এ বিষয়ে বিশেষ গুরুত্ব দেবার জন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শিবনাথ দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী এবং পরিবহন মন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণ করছি। কিছুদিন আগে হলদিয়া এবং কলকাতার মধ্যে একটি এক্‌সপ্রেস বাস সার্ভিস চালু করা হয়, এবং রায়চক ও কুহাটির মধ্যে একটি ফেরি সার্ভিস চালু করা হয়। ঐ ফেরি লঞ্চের ১৫০ থেকে ২৫০ করে প্যাসেঞ্জার ঐ একটা বাসের মধ্যে এসে ওঠে, ফলে নামে এক্‌সপ্রেস বাস হলেও কার্যত লোকাল বাসের মতো অবস্থা দাঁড়ায়। তাঁর উপর এক্‌সপ্রেস বাস হওয়া সত্ত্বেও যেখানে সেখানে দাঁড় করানো হয়ে থাকে। স্থানীয় প্যাসেঞ্জাররা ইচ্ছামতো দাঁড় করিয়ে যেখানে সেখানে উঠে পড়ে। আবার যেখানে বাস দাঁড় করিয়ে উঠতে পারছে না সেখানে বাস কন্ডাকটরের উপর চড়াও হচ্ছে ও হেলপারকে ভয়ভীতি দেখানো হচ্ছে। আমি গতকাল বাসে ছিলাম, আমি দেখেছি ঐ সমস্ত প্যাসেঞ্জাররা হেলপারদের খুন করা হবে বলে হুমকী দিচ্ছে। তার উপরে বলতে পারি যে, লোকাল বাসে যেখানে ৯০ পয়সার মতো ভাড়া সেখানে এই এক্‌সপ্রেস বাসে ৩-৫০ টাকা ভাড়া দিয়েও কার্যত লোকাল বাসের মতো চালানো হচ্ছে। মাননীয় পরিবহন মন্ত্রীকে বলতে চাই যে, তিনি যেন এখানে অন্তত একটি

করে লোকাল বাস এবং স্টেট বাস কলকাতা এবং রায়চকের মধ্যে চালু করা যায় তার ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী মাধবেন্দু মোহান্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, অদ্যকার আনন্দবাজার পত্রিকায় নদীয়ায় বার্ণিয়া হাইস্কুলের উন্নতিকল্পে আয়োজিত ২৩,২৪,২৫,২৬শে ফেব্রুয়ারি সাংস্কৃতিক অনুষ্ঠান স্থগিতের বিজ্ঞাপন প্রকাশিত হয়েছে। বিজ্ঞাপনটিতে বলা হয়েছে যে, ১৫ই মার্চ নূতন ভাবে বিজ্ঞাপন দিয়া অনুষ্ঠানের কর্মসূচি ঘোষনা করা হবে। বলা হয়েছে কোনও প্রাকৃতিক দুর্যোগের কারণে স্থগিত করা হয় নি, অনিবার্য কারনে অনুষ্ঠান স্থগিতের বিজ্ঞাপনে জনমনে ক্ষোভ সৃষ্টি করেছে। কারণ গত কয়েক মাস ধরে সংবাদ পত্রে বিজ্ঞাপন মাধ্যমে ও অন্যান্য ভাবে প্রচার করা হয়। প্রচার করা হয় বামফ্রন্ট সরকারের মন্ত্রী ও নেতৃবৃন্দ বিভিন্ন দিন উপস্থিত থাকবেন এবং ভাষণ দেবেন ও ভারতবর্ষের খ্যাতনামা শিল্পীরা অংশগ্রহণ করবেন। ইতিমধ্যে প্রচুর অর্থ সংগ্রহ করা হয়েছে। একটা বামফ্রন্ট বিরোধী চক্র এই অনুষ্ঠানের উদ্যোক্তা। এলাকাটি গত বন্যায় ভীষন ভাবে ক্ষতিগ্রস্ত হয়। মানুষের দুর্দশা চলছে। এমতাবস্থায় চড়াও হারে টিকিট বিক্রয় এবং অন্যান্য ভাবে অর্থ সংগ্রহ, খ্যাতনামা শিল্পীদের ও বামফ্রন্ট সরকারের মন্ত্রী ও নেতাদের নাম ঘোষনায় যথেষ্ট উদ্বেগ সৃষ্টি হয়েছে। গরিব জনসাধারণ যাতে প্রতারিত না হন তারজন্য মাননীয় মন্ত্রিমহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করছি।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনার দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে হুগলি জেলায় কংগ্রেসি আমলে দুর্গাপুর রোড আরম্ভ করা হয়েছিল। এবং তার জন্য বহু মানুষের বাড়ি-ঘর, চাষের জমি ইত্যাদি নিয়ে নেওয়া হয়েছিল। সরকার এ ব্যাপারে বেশ কয়েক লক্ষ টাকা ব্যায় করেছেন। এটি এখন সমাজবিরোধীদের আড্ডা খানায় পরিণত হয়েছে। এখন সেখানে ডাকাতি হচ্ছে এবং রাস্তার ধারে যে সমস্ত ইটগুলি ছিল সেগুলি চুরি হয়ে যাচ্ছে এই অবস্থা চলছে। অবিলম্বে অতীতের সরকার বা কেন্দ্রীয় সরকার রাস্তা তৈরি করবেন বলে যে জমিগুলি নিয়েছিলেন তা ফেরৎ দেওয়ার ব্যবস্থা করুন এবং তা না হলে যাতে রাস্তাটি তৈরি করা হয় সেদিকে দৃষ্টি দিন।

**মিঃ স্পিকার ঃ** আমি শ্রী সুনীল বসুরায়কে তাঁর প্রস্তাব উত্থাপন করতে অনুরোধ করছি।

[2-40—2-50 p.m.]

## DISCUSSION ON MOTION UNDER RULE 185

**শ্রী সুনীল বসুরায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ১৮৫ ধারা অনুসারে আমার এই প্রস্তাব তোলবার চৈষ্টা করছি। এই বিধানসভা গভীর উদ্বেগের সহিত লক্ষ্য করিতেছে যে, সমগ্র ভারতে মূল্যবৃদ্ধির উর্ধ্বগতি বিগত একটি বছরে আদৌ হ্রাস পায় নাই, উপরন্তু তাহা তীব্রতর হইতেছে;

এই মূল্যবৃদ্ধি আদৌ কোনও আকস্মিক ঘটনা নহে, পরন্তু, ইহা কেন্দ্রীয় সরকারের অর্থনীতিরই একটি বিষময় ফল, যাহা সম্প্রতি প্রকাশিত হইয়াছে কেন্দ্রীয় সরকার কর্তৃক কয়েকটি অত্যাবশ্যক পণ্যের অস্বাভাবিক মূল্যবৃদ্ধি করিবার মধ্যে। বিগত এক বৎসরের মধ্যে পেট্রোল ও পেট্রোলজাত দ্রব্যাদির মূল্য বৃদ্ধি করা হইয়াছে দুইবার এবং তন্মধ্যে দ্বিতীয় বৃদ্ধি হইয়াছে ১২ই জানুয়ারি, ১৯৮১ তারিখে। উভয় বৃদ্ধিই হইয়াছে বাজেট পেশের ঠিক আগেই। ওপেক দেশগুলিতে পেট্রোলের মূল্যবৃদ্ধির ফলে ভারতে উহার মূল্য লিটার প্রতি তিন টাকার বেশি হইবার কথা নয়। কিন্তু মূল্য ধার্য হইয়াছে ৫ টাকা ৪৮ পয়সা। কেরোসিনের দাম বাড়িয়াছে লিটার প্রতি ১০ পয়সা, ডিজেল ৩৭ পয়সা, সর্বনিম্ন লুব্রিকেট তেল ৩৫ পয়সা, রান্নার গ্যাস সিলিন্ডার পিছু ৫ টাকা ৩ পয়সা। ফারনেস অয়েল, নাপথা বিটুমেন, বিমানে ব্যবহার্য টারবাইন ফুয়েলের দামও অস্বাভাবিক বৃদ্ধি ঘটিয়াছে। মূল্য বাড়িয়াছে কয়লারও গড়ে টন প্রতি ২৭ টাকা, ইস্পাতের মূল্য বাড়িয়াছে শতকরা ২০ ভাগ ;

ষষ্ঠ যোজনায় ১২,২৯০ কোটি টাকার অতিরিক্ত সম্পদ সৃষ্টির অঙ্গস্বরূপ এই মূল্যবৃদ্ধি কার্যকর করা হইতেছে। আলোচ্য মূল্যবৃদ্ধির ফলে সাধারণ মানুষকে বর্তমান আর্থিক বৎসরেই অতিরিক্ত ১২ শত কোটি টাকা খেসারত দিতে হইবে ;

কৃষি, পরিবহন ও শিল্পের উপর এই মূল্যবৃদ্ধি প্রচন্ড আঘাত হানিতে বাধ্য। ইহার ফলে উৎপাদনে মন্দা ও মূল্য বৃদ্ধি অবশম্ভাবী। আর এর প্রকৃত মূল্য হ্রাস পাইতে বাধ্য ;

দর-নিয়ন্ত্রণ ও তাহা নিম্নমুখী করিবার যে প্রতিশ্রুতি কেন্দ্রীয় সরকার দিয়া ছিল তাহা পালিত হয় নাই ;

ফলে সকল পন্যেরই মূল্য বাড়িতেছে। জানুয়ারি মাসেই প্রথম সপ্তাহের তুলনায় দ্বিতীয় সপ্তাহে বাড়িয়াছে শতকরা ৩.৮ ভাগ। বর্তমানে পাইকারি পণ্যমূল্যের সূচক ২৬২.৭ ;

পরিণামে মুদ্রাস্ফীতি, মূল্যবৃদ্ধি, কালোবাজারির প্রসার, জনগণের আয় হ্রাস, জীবনযাত্রার ব্যয়বৃদ্ধি প্রচন্ড ভাবে ঘটিতেছে ;

তাই এই সভা এই পরিস্থিতির উন্নতি বিধানের জন্য, রাজ্যসরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের নিকট দাবি জানাইতেছে যে, কয়লা পেট্রোল এবং পেট্রোলজাত দ্রব্যাদির মূল্য বৃদ্ধি সম্পর্কে কেন্দ্রীয় সরকারের সাম্প্রতিক আদেশ প্রত্যাহার করা হোক।

**শ্রী প্রদ্যোৎকুমার মহান্তি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রী সুনীল বসুরায় মহাশয় যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবের উপর আমি একটা সংশোধনী এনেছি। সংশোধনী দিয়েছি এই কারণে যে, উনি যে প্রস্তাব রেখেছেন সেই প্রস্তাবটি অসম্পূর্ণ। কেননা কেবল মাত্র কেন্দ্রীয় সরকারের উপর দোষারোপ করে মূল্যবৃদ্ধি আমাদের রাজ্যে যে ভাবে বেড়েছে তারজন্য কেবল মাত্র কেন্দ্রীয় সরকারের অর্থনীতি দায়ী এই কথা আমরা স্বীকার করি না বলে এবং রাজ্য সরকারের ব্যর্থতা এবং দায় দায়িত্ব আছে সেটা একটা সংশোধনীর মারফত আমি তাঁর প্রস্তাবের সঙ্গে দিতে চেয়েছি। আমি আমার বক্তব্যের মাধ্যমে আমার সংশোধনকে সমর্থন করবার জন্য শ্রী সুনীল বসুরায়কে অনুরোধ করব এবং তার প্রস্তাবটিকে সম্পূর্ণ

করাবার জন্য যেন তিনি এটা মেনে নেন এবং সমর্থন করেন। এরপর এখন আমি আমার বক্তব্য রাখবার চেষ্টা করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুনীলবাবুর প্রস্তাব সমর্থন করে আমি বলতে পারি যে কোনও দেশের অর্থনীতির ফলে জিনিসপত্রের দাম যে ওঠানামা করে এবং বিশেষকরে কনজিউমার্স গুডস্-এর দাম যে ওঠানামা করে তারজন্য মূলত কেন্দ্রীয় সরকারের অর্থনীতি দায়ী। তবে দ্রব্যমূল্য বৃদ্ধি আজকে শুধু ভারতবর্ষেই হয়নি, সারা পৃথিবীতেই দ্রব্যমূল্য বৃদ্ধি হয়েছে। সুতরাং এই যে দ্রব্যমূল্য বৃদ্ধি হয়েছে এটা পুঁজিবাদী অর্থনীতির ফলে হয়েছে, না সমাজবাদী অর্থনীতির ফলে হয়েছে সেটা যাঁরা অর্থনীতির পন্ডিত তাঁরাই বিচার করবেন। তবে একজন সাধারণ নাগরিক হিসেবে, একজন ভুক্তভোগী হিসেবে আমার যে বোধ সেই বোধের দ্বারা একথা বলতে পারি যে মূলত Inflation-ই হচ্ছে জিনিসপত্রের দাম বৃদ্ধির জন্য দায়ী। স্যার কোনও দেশে যখন মুদ্রাস্ফীতি হয় তার বেসিক রিজন হচ্ছে ৩টি। ১ন, কস্ট পুল ফ্যাক্টর, ২নং ডিম্যান্ড রুল ফ্যাক্টর এবং ৩নং হচ্ছে স্কেয়ারসিটি। সুখের কথা ভারতবর্ষে স্কেয়ারসিটির কথা খুববেশি আসেনি। মূলত যে দুটি কারণে ভারতবর্ষের অর্থনীতিতে মুদ্রাস্ফীতি হয়েছে সেটা হচ্ছে ঐ কস্ট পুল ফ্যাক্টর। কস্ট পুল ফ্যাক্টর ইজ ভেরি প্রমিনেন্ট ইন ইন্ডিয়ান ইকনমি এবং তার ফলে পেট্রোলিয়াম প্রোডাক্টস্, সিমেন্ট এবং আয়রনের দাম বেড়েছে এবং ইন্ডাইরেক্ট ট্যাক্স সরকার বাড়িয়েছেন। ডিম্যান্ড ফ্যাক্টর হচ্ছে সেকেন্ড এবং তারজন্য দায়ী যেমন কেন্দ্রীয় সরকার, তেমনি রাজ্যসরকারও। ডিম্যান্ড পুল ফ্যাক্টর যেটা হয়েছে এবং তারজন্য যে মুদ্রাস্ফীতি হয়েছে তারজন্য দায়ী হচ্ছে ডেফিসিট ফাইনানসিং। ১৯৭৯/৮০ সালে চরণ সিং যখন ভারতবর্ষের অর্থমন্ত্রী ছিলেন তখন তাঁর বাজেটে ডেফিসিট ছিল ১ হাজার ৩৮২ কোটি টাকা। তারপর ইন্দিরা গান্ধীর সরকারের অর্থমন্ত্রী ১৯৮০/৮১ সালের যে বাজেট রাখলেন সেখানে ডেফিসিট দেখালেন ১ হাজার ৪১৭ কোটি এবং ১৯৮০ সালের ৩১শে মে সেই ডেফিসিট গিয়ে দাঁড়াল ৩ হাজার ৫৯৭ কোটি টাকায়। এই ব্যাপারে রিজার্ভ ব্যাঙ্ক কমেন্ট করেছিলেন যে, এই বাজেট ফর্টিসিক্স পারসেন্ট লার্জার দ্যান ডেফিসিট ফাইনানসিং অব প্রিভিয়াস্ গভর্নমেন্ট বাজেট। তারপর, ১৯৫০/৫১ সাল থেকে ১৯৬০/৬১ সাল এই ১০ বছরে অ্যাভারেজ অ্যানুয়াল রেট অব ইনক্রিজ অব কনজিউমার প্রাইস্ ২.০ পারসেন্ট, ১৯৬০/৬১ সাল থেকে ১৯৭০/৭১ সাল এই ১০ বছরে হয়েছে ৩.৩ পারসেন্ট এবং ১৯৭০/৭১ সাল থেকে ১৯৮০/৮১ সাল এই ১০ বছরে হয়েছে ৮.১ পারসেন্ট। মানি ভ্যালু ১৯৫৫ সালকে যদি ১০০ পয়সা ধরি ১৯৬০ সালে এটা হয়েছে ৭৯ পয়সা, ১৯৬৫ সালে হয়েছে ৫৮ পয়সা, ১৯৭০ সালে হয়েছে ৪৩ পয়সা, ১৯৭৫ সালে এটা হয়েছে ২৮ পয়সা এবং ১৯৮০ সালের হিসেব এখনও আসেনি। অর্থাত ১৯৭০/৮০ সালের মধ্যে ন্যাশনাল ইনকাম পার অ্যানাম বেড়েছে থ্রি পারসেন্ট, মানি সাপ্লাই বেড়েছে সেখানে ১৮ পারসেন্ট, ফুডগ্রেন্স-এর দাম বেড়েছে ১.২ পারসেন্ট, ফ্রুটস্ অ্যান্ড ভেজিটেবেলের দাম বেড়েছে ২৫ পারসেন্ট, এগ, মিট অ্যান্ড ফিস বেড়েছে ১৪ পারসেন্ট, ইন্ডাস্ট্রিয়াল ম্যানুফ্যাকচারিং গুডস্ লাইক সুগার, জুট, লেদার, সিমেন্ট, আয়রন ইত্যাদির দাম বেড়েই চলেছে। স্যার, একটু আগে ফুড কর্পোরেশনের

কথায় এখানে বলা হল যে, ফাইভ থাউজেন্ড ক্রোরস্ সাবসিডি তাদের দেওয়া হয়েছে। কেন্দ্রীয় সরকারের ডেফিসিট ফাইনানসিং-এর পলিসির ফলে যে ইনফ্লেশন হয় তাকে কমব্যাট করবার জন্য যে প্রোডাকশন ইনসেনটিভ দেওয়ার দরকার ছিল সেই দুটির মধ্যে বিরাট গ্যাপ থাকার জন্য আজকে মুদ্রাস্ফীতি এবং মানি সাপ্লাই দিনের পর দিন বেড়েই চলেছে। শ্রীমতী ইন্দিরা গান্ধী যখন নূতন সরকার গঠন করলেন তখন তাঁর অর্থমন্ত্রী ভেঙ্কটরমন বলেছিলেন, in his budget speech he promised to bring down prices; to bring down the growth of money supply; to improve our balance payment situation; to pursue the policy which would encourage the savings and investment; to increase the growth rate of economy 5%; to take the fruits of the accelerated growth to weaker section. কিন্তু এর একটাও কার্যকর হয়নি এবং তার ফলে ১৯৮০ সালের অক্টোবর মাসে প্রাইস্ ইনডেক্স গিয়ে দাঁড়াল ২৬৪ পয়েন্ট ২তে।

[2-50—3-00 p.m.]

ব্রেজনেভ সাহেব যখন আমাদের দেশে এসেছিলেন সেই সময় রাশিয়ার সঙ্গে আমাদের যে ট্রেড এগ্রিমেন্ট হয়েছে সেই ট্রেড এগ্রিমেন্টের কথা খবরের কাগজে বেরিয়েছিল, মাননীয় সদস্যরা নিশ্চয় সেসব কথা জানেন। সেই এগ্রিমেন্টে বলা হয়েছে দেওয়া-নেওয়ার ভিত্তিতে এই কাজ করা হবে। এক্সপোর্ট অ্যান্ড ইমপোর্টের মাধ্যমে এটা হবে, টাকার মাধ্যমে হবে না। যা জিনিস আমরা আমদানি করবো জিনিসের মাধ্যমে রপ্তানি করে সেই আমদানির খরচ শোধ করা হবে। সেই এগ্রিমেন্টে বলা হচ্ছে to expund the units in steel sector and to increase production in coal. আমরা যন্ত্রপাতি আমদানি করব। দু দেশের ট্রেড যা বর্তমানে আছে ৫ হাজার কোটি টাকার সেটা ৫ বছরে ১০ হাজার কোটি টাকার করা হবে। খবরের কাগজে বেরিয়েছে Consumer items like food potatoes, onions and garment will be included in the increased exports to Russia. ভারতসরকার যে অর্থনীতি নিয়ে চলেছেন-ডেফিসিট ফিনানসিং সেই অর্থনীতির ফলে এবং বৈদেশিক বাণিজ্যের ব্যাপারে যে সমস্ত এগ্রিমেন্ট আমরা করছি তার ফলে বর্তমানে যে নিত্যব্যবহার্য দ্রব্যের দাম বাড়ছে তাতে আরও অ্যাড হবে কিছুদিন পরে খবরের কাগজের মাধ্যমে আমরা এইসব খবরই পাচ্ছি। ভারতসরকারের অর্থনীতিই মূলত এরজন্য দায়ী সে বিষয়ে কোনও সন্দেহ নেই। পশ্চিমবঙ্গে যে বাজার দর চলেছে সেই পরিপ্রেক্ষিতে আমি কয়েকটি জিনিসের ব্যাপারে হিসাব দেখছিলাম, এখানে উদাহরণ স্বরূপ কয়েকটির কথা বলতে চাই। প্রথমে আমি কাঁচকলার কথা বলব- যে কাঁচকলা নিয়ে শ্রী প্রফুল্লচন্দ্র সেনের নামে অনেক বদনাম করা হয়েছিল, কাঁচকলা ঝুলিয়ে তাঁকে অভ্যর্থনা করা হয়েছিল সেই কাঁচকলার দাম ছিল শ্রী সেনের আমলে ১৯৬৬ সালে ৪ পয়সায় একটি, শ্রী সিদ্ধার্থ রায়ের আমলে ১৯৭৩ সালে সেই কাঁচকলার দাম হ'ল ২০ পয়সায় একটি, ১৯৮০ সালে জ্যোতিবাবুর আমলে সেই কাঁচকলার দাম ২৫/৩০ পয়সায় একটি। বেগুন-কানা বেগুন বলা হত অতুল্য ঘোষ মহাশয়কে প্রফুল্লচন্দ্র সেনের আমলে, সেই বেগুনের দাম ছিল

১৯৬৬ সালে ৫ পয়সা কে.জি, ১৯৭৩ সালে সিদ্ধার্থ রায়ের আমলে সেই বেগুনের কে.জি. হল ৭৫ পয়সা কে.জি. আর জ্যোতিবাবু যখন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী তখন সেই বেগুনের কে.জি. হ'ল ২ টাকা।

| | | | |
|---|---|---|---|
| সর্ষে তেল | ১৯৬৬ সালে ২.২৫, | ১৯৭৩ সালে হল ৭ টাকা, | ১৯৮০ সালে ১৫ টা, |
| " | ....... | ....... ......... ......... ......... | ১৯৮১ সালে ১৬ টাঃ |
| মুগডাল | ১৯৬৬ সালে ১টাঃ | ১৯৭৩ সালে ৩-৫০ টাঃ, | ১৯৮০ সালে ৬ টাঃ, |
| ছোলা | ১৯৬৬ সালে ১.টাঃ | ১৯৭৩ সালে ২-৫০ টাঃ, | ১৯৮০ সালে ৬ টাঃ, |
| মুসুর | ১৯৬৬ সালে ১.২৫, | ১৯৭৩ সালে ২-৪০ টাঃ, | ১৯৮০ সালে ৬ টাঃ, |
| নারকেলতেল | ১৯৬৬ সালে ৪টাঃ, | ১৯৭৩ সালে ১২ টাঃ, আর | ১৯৮০ সালে ২৬ টাঃ, |
| হলুদ | ১৯৬৬ সালে ১.২৫, | ১৯৭৩ সালে ৫ টাঃ, আর | ১৯৮০ সালে ৮ টাঃ, |
| লবন | ১৯৬৬ সালে ১২পঃ কেজি | '৭৩ সালে ৩০পঃ, | ১৯৮০ সালে ৮০পঃকেজি, |

আজকে স্টেট গভর্নমেন্ট ১৯৭৮ সালে ফার্স্ট অক্‌টোবর, খুব দামামা পিটিয়ে ঘোষণা করলেন যে আমরা যে সমস্ত ব্যবসাপত্র চালিয়েছি সরকারের সব জায়গায় অব্যবস্থা ছিল, সমস্ত জায়গায় বুরোক্রেসির পকেটে পয়সা গিয়েছে, তাদের পকেটে সমস্ত গেছে। এবং আগেকার পূর্বতন সরকার জনগণকে সামলে না রেখে লুকিয়ে রেখে জানসাধারণের অসাক্ষাতে, ব্যুরোকেসিকে হাত করে টাকা তাদের পাইয়ে নিজেরা অর্থ তছরূপ করেছে। আমরা ফার্স্ট অক্‌টোবরে কি করলাম? সিমেন্ট ব্যবসা গ্রহণ করলাম, করে কি করেছেন? একটু আগে আমাদের খাদ্য মন্ত্রী উত্তর দিচ্ছিলেন, তাঁর উত্তর কিছু বুঝা যায়না প্রশ্ন করলেও তিনি শুনেননা, যা উত্তর দেন সব ভেগ্‌ কথা বলেন, তিনি যা বলেন তাদের দলের সদস্যরাও কিছু বুঝতে পারেননা, তিনি কোন স্বর্গে বাস করছেন, কোন কল্পনায় বাস করছেন জানিনা, প্রশ্নের উত্তরে তিনি বলেন সদস্যরা গ্রামে বাস করেন না, আমাদের এখানে ২৯৪ জন সদস্যের মধ্যে বেশিরভাগ সদস্যই তো গ্রাম থেকে আসেন, খাদ্যমন্ত্রী কি হাওড়া শহরে বাস করে গ্রামের কথা বেশি জানেন? গ্রামের লোকের দুঃখ আমরা বুঝিনা তিনি বেশি বুঝবেন? সেজন্য বাস্তব উত্তর তিনি দিতে পারেন না, সেই সরকারের সরবরাহ মন্ত্রী অক্‌টোবর মাসে সিমেন্ট বন্টন প্রথা গ্রহণ করলেন, করে প্রত্যক্ষভাবে সিমেন্ট ব্ল্যাক মার্কেটিং -এর ব্যবস্থা করেছেন এবং কেন করেছেন তিনি জানেন না, তাঁরই অনুসৃত নীতির ফলে পশ্চিম বাংলায় যেটুকু সিমেন্ট সরবরাহ হয় সেটুকুও সুষ্ঠুভাবে সরবরাহ হচ্ছেনা, আমি একথা বলছিলাম এজন্য যে কেন্দ্রীয় সরকারের অর্থনীতি দায়ী হলেও, সেই অর্থনীতি রূপায়ণ করার যতটুকু স্কোপ রয়েছে, তা পশ্চিমবঙ্গ সরকারের অকর্মণ্যতা, গাফিলতি এবং ব্যর্থতা ও ত্রুটিপূর্ণ ব্যবস্থা পশ্চিমবাংলার মানুষকে দ্রব্যমূল্যবৃদ্ধিজনিত ব্যবস্থার মধ্যে অত্যন্ত আস্টে পৃষ্ঠে বেঁধে ফেলেছে। আজকে একথা বললে চলবেনা, ১৯৬৬-৬৭ সালে ৫৪ লক্ষ মেট্রিক টন খাদ্য উৎপন্ন হয়েছিল, এবং সেই খাদ্য উৎপাদনের সময়ে প্রফুল্লচন্দ্র সেন

মহাশয় খাদ্যমন্ত্রী এবং মুখ্যমন্ত্রী ছিলেন, তিনি সংগ্রহ করেছিলেন ৫ লক্ষ মেট্রিক টন চাল এবং ধান। আজ কমল গুহ বললেন ৯৯ লক্ষ টন উৎপন্ন হয়েছে, সেখানে খাদ্যমন্ত্রী বলেছেন কত উৎপাদন হয়েছে জানেন। আমাদের সংগ্রহের লক্ষ্যমাত্রা নেই, আমি শুধু ঝুলি নিয়ে বসে আছি, কেন্দ্রীয় সরকার দাও, দাও, দাও। যদি না দাও তো হুমকি দেব, অর্থমন্ত্রী বলবেন সুপ্রীম কোর্টে যাও, আমি বলি, আপনাকে দেবে কেন? আপনার কাছে সংগ্রহের কোনও লক্ষ্য মাত্রা নাই, যতটা গম এবং অর্থ আপনাদের দেওয়া হয়েছে, চাল দেওয়া হয়েছে, সেই টাকা, সেই চাল গম কিভাবে খরচ হয়েছে তার কোনও হিসাব নাই। ব্যুরোক্রেসিকে বাদ দিয়েতো পঞ্চায়েতকে দিয়েছেন। যদি যুক্তির খাতিরে ধরে নিই যে পূর্বতন সরকার ব্যুরোক্রেসির পকেট ভর্ত্তি করেছেন, তবে আপনারা পঞ্চায়েতের মাধ্যমে পার্টি ক্যাডারদের পকেট ভর্তি করেছেন, যে পঞ্চায়েতকে টাকা দিলেন, উন্নয়ন কাজ করতে পারেনি, খরচ করতে পারেনি, অথচ সেই পঞ্চায়েতকে লক্ষ লক্ষ টাকা দিয়েছেন, এই যে ত্রুটিপূর্ণ সংগ্রহ ব্যবস্থা তাতে কেন্দ্রীয় সরকার দ্রব্যমূল্যের জন্য দায়ী হলেও পশ্চিমবঙ্গ সরকারও সেই দায়িত্ব থেকে মুক্ত হতে পারেন না, এঁদের ব্যর্থতাই পশ্চিমবাংলার দ্রব্য মূল্য বৃদ্ধির জন্য দায়ী।

[3-00—3-35 p.m.] (including adjournment)

১৯৬৬-৬৭ সালে আমার পশ্চিমবাংলার রেভিনিউ রিসিট ছিল ১৮৮ কোটি টাকা। ১৯৮০ সালে আমাদের পশ্চিমবাংলার অর্থমন্ত্রী শ্রী অশোক মিত্র মহাশয় রেভিনিউ রিসিট দেখালেন ৯৯২ কোটি টাকা। আমাদের রেভিনিউ রিসিট বেড়ে গেল অথচ কাজ কোথায়? কোনও কাজ হচ্ছে না আমাদের না হোল ডেভেলপমেন্টের কাজ না হোল প্রোডাক্টিভ কিছু। কেবল দেখছি নন ডেভেলপমেন্ট ওয়ার্কের কাজ নন প্রোডাক্টিভ ওয়ার্কের কাজ উৎপাদন বৃদ্ধি হোল না। যে পরিমাণে মুদ্রাস্ফীতি হয়েছে যে পরিমাণে মানি সার্কুলেশন বেড়েছে সেই পরিমাণে উৎপাদন বৃদ্ধি যতটা করা উচিত ছিল তা আপনারা করতে পারেন নি। তার কারণ না আছে সার না আছে বীজ না আছে ইলেকট্রিসিটি, তাহলে কি করে উৎপাদন বাড়বে। আমাদের খাদ্যমন্ত্রী মধ্যে মধ্যে বলেন আমাদের রেশন ব্যবস্থা ভেঙ্গে পড়লো। তা আপনার রেশন ব্যবস্থা ভাঙ্গবে না তো কার রেশন ব্যবস্থা ভাঙ্গবে? আপনি সংগ্রহের একটা লক্ষ্য মাত্রাই ঠিক করেন নি। স্থবীর অপদার্থ হয়ে পড়েছেন। কেন্দ্রীয় সরকার সাহায্য দেবে কিন্তু কতটা দেবে? একথা আমরা জানি যে কেন্দ্রীয় সরকারের অর্থনীতির ফলে মুদ্রাস্ফীতি হয়েছে। কিন্তু পশ্চিমবঙ্গ সরকারের যে মেসিনারি আছে তা দিয়েও পশ্চিমবাংলার মানুষকে কিছুটা রিলিফ দিতে পারতেন যদি আপনারা সুষ্ঠু বৈজ্ঞানিক প্রথায় সঠিক পথে ত্রুটিমুক্ত হয়ে দুর্নীতি মুক্ত হয়ে কাজ করতে পারতেন। আজকে ভারতবর্ষের নীতি যাই হোক না কেন কিছু সুরাহা, কিছুটা সুখস্বাচ্ছন্দ পশ্চিমবাংলায় আনা যেতো। শুধু নিজেদের দলের লোকেদের দুর্নীতি কি করে ধামাচাপা দেব সেই চেষ্টাই আপনারা করছেন। আপনাদের বিভিন্ন পঞ্চায়েতে দুর্নীতি চলছে এবং সেগুলিকে ধামাচাপা দেওয়া হচ্ছে। হয়তো কিছু কিছু ভাল লোক পঞ্চায়েতে আছে তারা হয়তো হিসাব রাখতে জানে না। কিন্তু তাদের গাইড করার কোনও ব্যবস্থা নাই। সুতরাং আমি মাননীয় সদস্য সুনীল বসুরায় মহাশয় যে

প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবকে সমর্থন করি। কিন্তু আমি বলব শুধু কেন্দ্রের উপর দাবি রাখলেই হবে না সঙ্গে সঙ্গে সুনীল বসুরায় মহাশয়কে বলবো পশ্চিমবঙ্গ সরকারের যা কিছু করণীয় আছে তা করতে হবে তাদের যে সমস্ত ক্রটি বিচ্যুতি আছে সেগুলি দূর করতে হবে। এই প্রস্তাব রেখে আমি সুনীল বসুরায় মহাশয়ের প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

(After Recess)

**শ্রীমতী রেণুলীনা সুব্বা ঃ** স্পিকার স্যার, আজকে ১০,০০০ প্রাইমারি টিচার বামফ্রন্ট সরকারের শিক্ষা নীতির বিরুদ্ধে প্রতিবাদ জানাতে এসপ্লানেড ইস্টে মিছিল করে এসেছেন। তাঁরা পাঠ্য পুস্তকের তালিকা থেকে সহজপাঠকে বাদ দেওয়ার বিরুদ্ধেও প্রতিবাদ জানাচ্ছেন। আমি এখানে এডুকেশন মিনিস্টারকে দেখতে পাচ্ছি না। তথাপি আমি আপনার মাধ্যমে এডুকেশন মিনিস্টারকে অনুরোধ করছি যে, তিনি ওঁদের সামনে উপস্থিত হয়ে তাঁর বক্তব্য রাখুন এবং ওঁদের বক্তব্য শুনে আসুন।

**শ্রী অতীশচন্দ্র সিনহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে রুল ১৮৫ অনুযায়ী যে মোশন আনা হয়েছে, সেই মোশনের বিরোধিতা করবার জন্য আমি দু' একটি কথা বলব এবং সঙ্গে সঙ্গে আমাদের মাননীয় সদস্য শ্রী ধীরেন্দ্রনাথ সরকার যে সংশোধনী প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করেও দু' একটি বক্তব্য রাখব। বামফ্রন্ট সরকার বিগত পৌনে চার বছর ধরে প্রায় সব দিকেই তাঁদের ব্যর্থতার পরিচয় রেখেছেন, বিশেষ করে নিত্য প্রয়োজনীয় জিনিসের বন্টন এবং সরবরাহের ব্যাপারে তাঁদের আকাশ ছোঁয়া ব্যর্থতা। সেই সঙ্গে কালোবাজারি, মুনাফাখোরদের ক্রম-বর্দ্ধমান কাজ-কারবারকে বন্ধ করতেও ব্যর্থ হয়েছেন। আমার এই প্রস্তাব দেখে মনে হচ্ছে যে, তাঁরা তাঁদের এই সমস্ত ব্যর্থতাকে ঢাকবার জন্যই আজকে এই প্রস্তাব এনেছেন। কিন্তু আমরা দেখছি যে, অতীতে এই ধরনের কেন্দ্রীয় সরকার বিরোধী প্রস্তাব যখন বামফ্রন্ট সরকারের তরফ থেকে আনা হ'ত তখন তার ভাষা বর্তমান প্রস্তাবের চেয়ে অনেক বেশি কঠোর হ'ত। কি কারণে জানি না, আজকে এই প্রস্তাবের ভাষা খুব মোলায়েম, সুর অনেক নরম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটা জিনিস লক্ষ্য করছি যে, এই সরকারের মুখ্যমন্ত্রী এবং অন্যান্য মন্ত্রীরা বর্তমানে যখন দিল্লিতে কেন্দ্রীয় সরকারের কাছে কোনও বিষয়ে যান তখন তাঁদের বক্তব্য এবং সুর ওখানে এক রকম থাকে এবং যখন কলকাতা বা পশ্চিমবাংলায় ফিরে আসেন তখন আর এক রকম হয়ে যায়, তখন তাঁদের বীরত্ব অনেক গুণ বেড়ে যায় এবং তখন তাঁরা কেন্দ্র বিরোধী কথা বলতে সাহসী হন। আপনি নিশ্চয়ই লক্ষ্য করেছেন যে, জনতা সরকার যখন কেন্দ্রে ছিল তখন কেন্দ্র রাজ্য সম্পর্ক নিয়ে এবং রাজ্যের হাতে অধিক ক্ষমতা দিতে হবে এই দাবিতে কলকাতা এবং গ্রামগঞ্জের দেওয়াল ভর্তি হয়ে গিয়েছিল। বিধানসভায়ও অনেক প্রস্তাব এসেছিল, এমন কি আপনাদের অর্থমন্ত্রী সুপ্রিম কোর্টে কেস করবার হুমকি পর্যন্ত দিয়েছিলেন। নানারকম ভাবে আবহাওয়াকে সর-গরম করা হয়েছিল। কিন্তু আজকে আপনাদের বামফ্রন্ট সরকারের তরফ থেকে সে বিষয়ে কোনও কথা শুনলাম না। আজকে শুধু আপনারা

কোনও রকমে একটা মামুলি প্রস্তাব এনেছেন পশ্চিমবাংলার জনসাধারনকে ভুল বোঝাবার জন্য। আপনারা বোঝাতে চাইছেন যে, নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য বেড়ে যাওয়াতে বামফ্রন্ট সরকারের কিছুই করণীয় নেই, এর জন্য সবটাই কেন্দ্রীয় সরকার দায়ী। আপনারা এই রকম একটা প্রচার চালাবার চেষ্টা করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে ওদের বলে রাখি যে পশ্চিমবাংলার মানুষ এত বোকা নয়। যখন ১৯৭৮ সালে প্রচন্ড বন্যা হল, কেন্দ্রীয় সরকার লক্ষ লক্ষ টন গম দিল বিলি করার জন্য তখন সেই গম আপনাদের ক্যাডারদের মাধ্যমে পঞ্চায়েতের মাধ্যমে বিলি করা হল। এই সমস্ত ক্যাডাররা পঞ্চায়েতের মাধ্যমে সাধারণ মানুষের কাছে গিয়ে বলল যে এই গম আমরা সি.পি.এম-এর কাছ থেকে এনেছি, এটা সি.পি.এম-এর গম। আমরা এই সব জিনিস শুনেছি, এটা আমাদের বাস্তব অভিজ্ঞতা থেকে বলছি। আজকে যখন গম পাচ্ছে না তখন আপনারা বলছেন যে কেন্দ্রীয় সরকার দিচ্ছে না। আজকে পশ্চিমবঙ্গের মানুষ প্রশ্ন করতে শিখেছেন তারা বলছে যে গম যখন এল তখন বলা হচ্ছে সি.পি.এম-এর গম, আর গম যখন দিচ্ছেনা তখন বলা হচ্ছে কেন্দ্র দিচ্ছে না। আপনাদের ভাঁওতা তারা পরিষ্কার বুঝে নিয়েছে। কাজেই পশ্চিমবঙ্গের জাগরিত মানুষের কাছে ভাঁওতা দিয়ে বেশিদিন পার পাবেন না, এই বিষয়ে আপনাদের সচেতন হতে বলি। আমি প্রথমে যে বক্তব্য দিয়ে শুরু করেছিলাম যে আপনাদের সরকারের এই চূড়ান্ত ব্যর্থতা ঢাকবার জন্য সব দোষ কেন্দ্রের উপর চাপাবার অপচেষ্টা করেছেন এবং আজকে সে জন্য এই প্রস্তাব পশ্চিমবঙ্গের বিধানসভায় আনীত হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই কথা বলতে চাই যে পশ্চিমবঙ্গ নিশ্চয়ই একটা ডেফিসিট রাষ্ট্র বিভিন্ন দিক থেকে এবং এই বিষয়ে আমাদের কোনও সংশয় নেই। পশ্চিমবঙ্গে তারা একটা বিরোধী সরকার, কেন্দ্রে যে সরকার আছে তার থেকে সম্পূর্ণ ভিন্ন মতের সরকার। আজকে পশ্চিমবঙ্গের মাটিতে পা দিয়ে, মুখ্যমন্ত্রী দিল্লি থেকে এখানে এসে গালিগালাজ না করে জল মুখে দেন না। সেই পশ্চিমবঙ্গ সরকারকে কেন্দ্রীয় সরকার যতটুকু পারেন নিত্যপ্রয়োজনীয় জিনিস সরবরাহ করে যাচ্ছেন। আপনাদের দপ্তরের মাননীয় মন্ত্রী যদি খবর নেন তাহলে দেখবেন যে ডিজেলের ক্ষেত্রে এখানে যা চাহিদা তার থেকে বেশি সরবরাহ করা হয়েছে। প্রতি মাসে প্রায় ৫০ হাজার মেট্রিক টন ডিজেল সরবরাহ করা হয়েছে। অত্যন্ত দুঃখের সঙ্গে দায়িত্ব নিয়ে বলছি যে ডিজেল সরবরাহ করা হয়েছে তার শতকরা ৭৫ ভাগও এই সরকার কোনওদিন লিফ্‌ট করতে পারেন নি। সিমেন্টের ক্ষেত্রেও তাই। আমাদের কাছে বহু অভিযোগ এসেছে যে পশ্চিমবঙ্গের যে সিমেন্ট দরকার, সেই সিমেন্ট কেন্দ্রীয় সরকার পাঠিয়েছেন, কিন্তু এই সরকারের ত্রুটিপূর্ণ বন্টন ব্যবস্থার জন্য সেই সিমেন্টের অভাব গ্রামেগঞ্জে, শহরে সর্বত্র দেখতে পাই। যে সমস্ত সরকারি প্রতিষ্ঠান আছে, যেমন সি.এম.ডি.এ., পি.ডবলিউ.ডি., হাউসিং এস্টেট ইত্যাদি তাদের প্রয়োজন যতখানি সিমেন্টের, তাদের কন্ট্রাকটরদের চাহিদা মেটানোর জন্য, তাদের কন্ট্রাকটরদের খুশি করার জন্য, তারা যা মাসিক চাহিদা তার থেকে অনেক বেশি ফুলিয়ে ফাঁপিয়ে তারা রাজ্যসরকারকে দেন এবং রাজ্যসরকার সেটা মিটিয়ে থাকেন এবং তার যে অবশ্যম্ভাবী ফল সেটা আমরা দেখতে পাই, সেই সিমেন্টগুলি কন্ট্রাকটরের মাধ্যমে কালোবাজারি, মুনাফাখোরদের কাছে

চলে যাচ্ছে। কালোবাজারে বেশি টাকা দিলে আপনি টন টন সিমেন্ট পেয়ে যাবেন, সেখানে কোনও অভাব হবেনা। কিন্তু সরকারি ন্যায্য দামে সিমেন্ট পাওয়া একটা দুসাধ্য ব্যাপার। আমি সিমেন্টের কথা, ডিজেলের কথা বললাম। কেন্দ্রীয় সরকারের ক্ষমতা সীমিত, গোটা ভারতবর্ষে যা উৎপাদন হয় তার উপর নির্ভর করে তারা পশ্চিমবঙ্গ সরকার এবং অন্যান্য সরকারকে সরবরাহ করেন। কেন্দ্রের সঙ্গে বন্ধুত্বভাবাপন্ন সরকার এটা নয়, তবুও কেন্দ্রীয় সরকার যথাসাধ্য সাহায্য করার জন্য ততপর। কিন্তু যেটুকু সাহায্য তারা আপনাদের করছে সেটারও সুষ্ঠ ভাবে বন্টন করা এবং ভাল ভাবে ইউটিলাইজ করার ক্ষমতা এই অপদার্থ বামফ্রন্ট সরকারের আছে বলে আমি মনে করিনা।

[3-45—3-55 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটি জিনিস গত সাড়ে তিন চার বছর ধরে দেখছি কিন্তু কোনও সদুত্তর পাইনি সেটা হচ্ছে পশ্চিমবাংলায় এই যে কালোবাজারি এবং মুনাফাখোররা আছে তাদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা আপনারা নেননি। আপনারা সবচেয়ে সোচ্চার হয়েছিলেন যখন বিরোধী দলে ছিলেন কিন্তু আজ আপনাদের সেই জিনিস নেই। আজকে তারই প্রকৃষ্ট উদাহরণ হচ্ছে, যেখানেই যান সিমেন্ট, কয়লা, ডিজেল এবং নিত্যপ্রয়োজনীয় প্রতিটি জিনিসের ক্ষেত্রে কালোবাজারিদের রাজত্ব, মুনাফাখোরদের রাজত্ব। এদের শায়েস্তা করবার জন্য, এদের ধরবার জন্য, এদের শাস্তি দেবার জন্য আপনাদের সরকার কোনও কঠোর ব্যবস্থা এই সাড়ে তিন চার বছরে গ্রহণ করেন নি। এটা অত্যন্ত ক্ষোভের কথা। আমি কিছু দিন আগে ১৯৭৯।৮০ সালের সুধীনবাবুর বাজেট বক্তৃতা পড়ছিলাম অবশ্য আমি আজকে সঙ্গে করে আনিনি সেই ভাষণে তিনি বিরাট ফিরিস্তি দিয়েছেন, তিনি এই ভাষনে অনেক কান্না গেয়েছেন, আমাদের এখানে সমাজ বিরোধীদের ধরবার ব্যবস্থা ত্রুটিপূর্ণ, অমুক তমুক ব্যবস্থা ত্রুটি পূর্ণ, কালোবাজারি মুনাফাখোররা আছে, পুলিশের সংখ্যা বাড়েনি এইভাবে নানারকম কাঁদুনি গেয়েছেন কিন্তু আজও এর প্রতিকার করতে পারেননি। সরকারে থেকে কাঁদুনি গেয়ে কোনও লাভ নেই। তাহলে আপনারা গদীতে বসে আছেন কেন? আপনারা কি ভুলে গেছেন যে ৪ বছর ধরে আপনারা ক্ষমতায় এসেছেন? আপনাদের এখন পবিত্র কর্তব্য কালোবাজারিদের ধরে জেলে পোড়া, তাদের শায়েস্তা করা। এই সমস্ত নিত্য প্রয়োজনীয় জিনিস যেগুলি কেন্দ্রীয় সরকার পশ্চিমবাংলায় পাঠাচ্ছেন সেগুলি যাতে সুলভ মূল্যে পশ্চিমবাংলার জনসাধারণ পায় সেটা দেখার পূর্ণ দায়িত্ব আপনাদের সরকারের আছে এবং সেই দায়িত্ব সুষ্ঠু ভাবে পালন করছেন কিনা তা আমার মনে সন্দেহ আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে সমস্ত জিনিসের জন্য কেন্দ্রীয় সরকার দায়ী নন সেগুলি কি হচ্ছে? আপনাদের কৃষি মন্ত্রী মহাশয় সম্ভবত গত বছরে বেশ চড়া গলায় বললেন আলু পাওয়া যাবে ১ টাকা ৭৫ পয়সায়। তারপর কি হলো? ১ টাকা ৭৫ পয়সায় কোথাও পাওয়া গেল না, ২টাকা এবং ২টাকা ৪ আনায় দাম চলে গেল। এ বছরে বৃষ্টির জন্য অধিকাংশ ফসল একেবারে নষ্ট হয়ে গেছে। আপনারা চিন্তা করুন, আগামী দিনে আলুর দাম কোথায় গিয়ে দাঁড়াবে। এই আলুর জন্য কেন্দ্রীয় সরকার দায়ী

নন, সুতরাং এই আলুর জন্য আপনারা কি করছেন? মাছের ব্যাপারে আপনারা কি করেছেন? কেন্দ্রীয় সরকারের প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী পশ্চিমবাংলার জন্য মাছ আগেও টন টন দেননি এখনও দিচ্ছেন না পশ্চিমবাংলার মানুষদের মাছের যে চাহিদা সেই চাহিদা মেটাবার দায়িত্ব আপনাদের সরকারের কিন্তু সেখানে কি হচ্ছে? আমরা আগে দেখেছি, পশ্চিমবাংলায় মাছের চাহিদা মেটাবার জন্য অন্যান্য প্রদেশ থেকে আমদানি করা হত কিন্তু এখন তার সংখ্যা ক্রমশ কমে যাচ্ছে, পরিমাণ কমে যাচ্ছে গত সাড়ে তিন চার বছর ধরে। আমাদের মৎস্য মন্ত্রী মহাশয় বললেন, পাহাড়ের উপর মাছের চাষ হবে। পাহাড়ের উপর চাষ হচ্ছে কিনা তা আমি জানি না তবে জলাশয়ে যে চাষ হওয়া দরকার সেখানেও হচ্ছে কিনা আমার যথেষ্ট সন্দেহ আছে। এই অবস্থার মধ্যে আপনারা ভেবেছেন যা পাওয়া যাচ্ছে না সেগুলির সমস্ত দায়-দায়িত্বের ১০০ ভাগ কেন্দ্রীয় সরকারের ঘাড়ে চাপিয়ে দিয়ে আপনারা ঠুঁটো জগন্নাথ হয়ে ঠান্ডা ঘরে বসে থাকবেন এ জিনিষ পশ্চিমবাংলার মানুষ হতে দেবে না। সুতরাং আপনাদের এখনই সচেতন হবার জন্য অনুরোধ জানাব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটি কথা বলতে চাই, এই অবস্থার মধ্যে বিশেষ করে কয়লা, পেট্রোল এবং পেট্রোলজাত দ্রব্যের যে দাম বেড়েছে সেইসব কথা বলেছেন বিশেষ করে পেট্রোলজাত দ্রব্যের দাম বেড়েছে নিশ্চয়ই এবং দাম যদি না বাড়তো আমি নিশ্চয়ই তাহলে খুশী হতাম কিন্তু এই দাম বাড়ানোর জন্য আপনারা নিশ্চয়ই জানেন কেন্দ্রীয় সরকার দায়ী নন। আপনারা জানেন, ভারতবর্ষের যে তৈল উৎপাদন হয় তা চাহিদার শতকরা ৩০ ভাগ মেটে কিনা সন্দেহ। ভারতবর্ষের চাহিদা মেটাবার জন্য অন্য রাষ্ট্র ইরাক, ইরাণ প্রভৃতি দেশ থেকে তেল আমদানি করতে হয়। সেই সমস্ত দেশ আজকে যদি দিনের পর দিন ব্যারেল প্রতি তেলের দাম বাড়িয়ে যায় তাহলে ভারতসরকার কি করবেন, তাঁদের তেলের দাম বাড়ানো ছাড়া আর কি উপায় আছে? একমাত্র উপায় আছে ভরতুকি দেওয়া। যেভাবে দাম বেড়েছে সেভাবে বাড়লে ভরতুকি দেওয়া ছাড়া কেন্দ্রীয় সরকারের আর কোনও উপায় নেই। ভরতুকি দিতে গেলে কেন্দ্রীয় সরকারকে টাকা ছাপাতে হবে, একসাইজ ডিউটি বাড়িয়ে অন্য কোনও দ্রব্যের উপর ডিউটি চাপিয়ে তা করতে হবে। এই দুটি উপায় আছে, তাতে ইনফ্লেশন হবে। জিনিসপত্রের দাম বাড়বে, কর যদি চাপানো হয় বিভিন্ন জায়গায় জিনিসের দাম বাড়বে। জিনিসপত্রের দাম বাড়ছে, না বাড়লে আমরা খুশী হতাম, কিন্তু আপনারা জানেন যে কয়লার জন্য কয়লার উৎপাদনের জন্য যখন কয়লা শিল্পকে রাষ্ট্রীয় করণ করা হল তখন কয়লা শিল্পে লক্ষ লক্ষ কোটি কোটি মানুষ, শ্রমিক তাদের বেতন দু গুণ তিন গুণ করা হল। সুতরাং কেন্দ্রীয় সরকার কয়লার দাম না বাড়ালে কি করে এই কোটি কোটি মানুষের দুগুণ, তিনগুণ বেতন দেবেন। কয়লার দাম যদি একই রাখতে হত তাহলে সেখানে পেট্রোল, ডিজেলের ক্ষেত্রেও সেই একই উপায় অবলম্বন করতে হত। সব ক্ষেত্রেই একই উপায় অবলম্বন করতে হত, ভরতুকি বাড়াতে হত। তাতে টাকা ছাপাতে হত, নয়ত অন্যান্য জিনিসের উপর কর বাড়াতে হত। এই রকম করতে গেলে ইনফ্লেশন হত, অন্যান্য সাধারণ জিনিসপত্রের দাম বাড়তো, যার ফলে সাধারণ মানুষ ক্ষতিগ্রস্ত হত। কাজেই এমন একটা অবস্থার মধ্যে কেন্দ্রীয় সরকারের এই সিদ্ধান্ত নিতে হবে। এটা করা ছাড়া আর

কোনও উপায় ছিল না। সেইজন্য কেন্দ্রীয় সরকারের এই রকম প্রস্তাব গ্রহণ করার আবশ্যকত ছিল বলে আমি মনে করি। আমার সময় সংক্ষেপ করে দিয়েছেন, কাজেই আমি বেশি কিছু বলতে পারছি না, তবে একটা বিষয় সম্বন্ধে না বলে পারছি না। আপনাদের দায়িত্ব সুষ্ঠভাবে আপনারা পালন করছেন না তার একটা উদাহরন আমি দিচ্ছি প্রফুল্ল সেন মহাশয় যখন মুখ্যমন্ত্রী, খাদ্যমন্ত্রী ছিলেন, তিনি ৫লক্ষ টন ১৯৬৪/৬৫ সালে খাদ্যশস্য সংগ্রহ করার ব্যবস্থা করেছিলেন। পশ্চিমবঙ্গে তখন তাঁর বিরুদ্ধে অনেক জেহাদ ঘোষনা করা হয়েছিল অতখানি খাদ্যশস্য তখন পশ্চিমবঙ্গে উৎপাদন হত না অনেক কম উৎপাদন হত। এখনকার কৃষিমন্ত্রী মহাশয় একদিন জোর গলায় বলেছিলেন অনেক বেশি খাদ্য উৎপাদন হচ্ছে। তখন ৫ লক্ষ টন সংগৃহীত হত এখন সেই ৫ লক্ষ টন কোথায় গিয়ে দাঁড়িয়েছে? গত বছর ৬৫ হাজার মেট্রিক টন এ বছর এখন পর্যন্ত ৩৮ হাজার মেট্রিক টন। সমস্ত ইনফ্রাস্ট্রাকচার আছে, খাদ্যদপ্তরের কর্মীরা আছে, মাস গেলে মাইনে পাচ্ছে। পঞ্চায়েত ক্যাডারদের ধান, চাল সংগ্রহের দায়িত্ব দিয়েছেন, কাজ দেখাতে পারে ভাল কথা। যদি তাঁরা চাল সংগ্রহ করতে পারতেন গ্রামের থেকে তাহলে আপত্তির কিছু ছিল না কিন্তু তাঁরা কত টন চাল সংগ্রহ করেছেন? তিন, চার বড়জোর পাঁচ হাজার মেট্রিক টন। তার বেশি নয়। আমরা যখন ক্ষমতায় ছিলাম তখন তিন লক্ষ, চার লক্ষ মেট্রিক টন লেভি করে সংগ্রহ করতাম। আজকে সেটাকে ৩৮, ৪০ বা ৫০ হাজারে নামিয়েছেন। আড়াই লক্ষ টন কম সংগ্রহ করেছেন এবং এই আড়াই লক্ষ টনের দায়িত্ব কেন্দ্রের উপর চাপিয়ে দিচ্ছেন। যখন আমাদের সরকার ছিল, প্রফুল্ল সেনের সরকার ছিল তখনও অনেক সংগ্রহ ছিল। আপনাদের সরকার কিছু করতে পারছেন না, শুধু কেন্দ্রকে গালিগালাজ দিচ্ছেন। কেন্দ্র দিচ্ছে না, সব দোষের মূল কেন্দ্র। আপনারা যেখানে চাল সংগ্রহ করতে পারেন তা করছেন না চুপ করে বসে রয়েছেন। কোনও আইন নেই। আইন মন্ত্রী মহাশয় খালি আইন জানেন, তার প্রয়োজন হয়না। আপনাদের উৎসাহ, উদ্দীপনা থাকলে কেন্দ্রীয় সরকারকে গালিগালাজ না করে যদি মনে করেন নিজেরাই কাজ করব তাহলে তা করতে পারেন, কিন্তু সে মনোভাব আপনাদের নেই।

[3-55—4-05 p.m.]

আইন সম্বন্ধে আপনাদের জ্ঞান অত্যন্ত কম। আইনমন্ত্রী নিজেই আইন জানেন না বলে আপনাদের এই দুর্দশা। আইন না জানার ফলে কেন্দ্রীয় সরকারকে আপনারা গালাগালি করছেন। পশ্চিমবাংলার মানুষ অত বোকা নয় যে তারা আপনাদের এই ব্যাপারে যুক্তি মেনে নেবে। তাই আমার বক্তব্য শেষ করবার আগে আমি আবার বলছি এই মোশনটা আপনার উইথড্র করে নেন। আপনার সংখ্যাধিক্যের জোরে এটা পাশ করতে পারেন কিন্তু কেন্দ্রীয় সরকার কোনও সময়ে এটা গ্রহণ করবেন না। কারণ রাজনৈতিক কারণে আপনারা এটা এনেছেন। আপনারা বোঝাবার চেষ্টা করছেন যে জিনিসপত্রের দাম বাড়ার জন্য কেন্দ্রীয় সরকার দায়ী, কিন্তু আপনাদের সেই উদ্দেশ্য সফল হবে না। কাজেই এই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সরল দেব ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি এই মোশনটা সমর্থন করে ২।৪টি কথা বলতে চাই। ভারতবর্ষে ফেডারেল সরকার— স্বাভাবিক ভাবে যে কোনও অঙ্গরাজ্যের মূল্য নিয়ন্ত্রণ ক্ষমতা নেই। আমাদের যোজনার মূল লক্ষ্য ছিল গরিব এবং ধনীর মধ্যে বৈষম্য কমিয়ে দেবার তাই ১৯৬৬ সালে যখন ইন্দিরা গান্ধী ক্ষমতায় ছিলেন সেই সময়ে যে আরেকটা যোজনা করবার কথা ছিল যেটা আজকে সপ্তম যোজনা হতে পারত সেটা না করায় গরিব আরও গরিব হচ্ছে, বড়লোক আরও বড়লোক হচ্ছে। ষষ্ঠ যোজনায় দেখছি ১০ হাজার কোটি টাকার জিনিস বাইরে থেকে আমদানি করতে হবে, যার প্রভাব আমাদের মূল্যমানের উপর এসে পড়বে। ১৯৪৫ সালে পন্ডিত নেহেরু বলেছিলেন যে ক্ষমতায় আসবার পর আমি চোরাকারবারিদের ল্যাম্প পোস্টে ঝোলাব। কিন্তু দূর্ভাগ্যের কথা তারা রাজ্যসভার সদস্য হচ্ছে ফেলে ফুপে উঠেছে ওঁর আমলে এবং তার কন্যার আমলে। অতীশ বাবু বললেন তেলের দাম বাড়ছে কারণ ওপেক কেরোসিন, ডিজেল তেলের দাম বাড়িয়েছে বলে যার উপর ভারতসরকারের কোনও দায়িত্ব নেই। ওরা বাড়িয়েছেন ৩টাকা, কিন্তু আপনারা বাড়িয়েছেন ৫.৪৮ পয়সা। ১৯৭৯-৮০ সালে কৃষি উৎপাদন বৃদ্ধি ঘটেছে ১৯ শতাংশ, শিল্প বৃদ্ধি হয়েছে ৪ শতাংশ এটা তারা হিসেবে বলছেন। যখন শ্রীমতী গান্ধী ক্ষমতায় ফিরে এলেন তখন গত বছর পার্লামেন্ট সেশন যখন আরম্ভ হবে তার কিছুদিন আগেই অর্ডিন্যান্স করে রেলের ভাড়া যাত্রীভাড়া এবং মাল পরিবহনের ভাড়া ৩৩ শতাংশ বাড়িয়ে দিলেন যার প্রভাবে মূল্যবৃদ্ধি নিশ্চয় আরও ঘটবে। তারপর আমরা দেখলাম স্পেশাল বেয়ারার বন্ড পার্লামেন্ট বসবার আগেই ২৫ হাজার টাকায় তারা ছাড়লেন যার ফলে কালো টাকা সাদা হয়ে গেল। ওয়াং চু কমিটি তারা বসিয়েছেন কিন্তু এই স্পেশাল বেয়ারার বন্ড ছাড়ার ফলে মূল্যবৃদ্ধি হল এবং যার প্রভাব আমাদের জাতীয় জীবনে নিশ্চয় পড়বে। লোহার দাম নিশ্চয় রাজ্যসরকার কন্ট্রোল করেন না ইস্পাত এর মূল্য ২০ ভাগ বেড়েছে এটা রাজ্য সরকারের দায়িত্ব নয়। কয়লাও রাজ্য সরকার করেন না কেন্দ্রীয় সরকার করেন তাতে দেখা গেছে টন প্রতি ২৭ টাকা বেড়েছে। জবাব হচ্ছে শ্রমিকদের বাড়ানোর জন্য এটা হয়েছে তাই আমি এইকথা বলছি সমস্ত ভারতবর্ষের অর্থনীতি এবং ষষ্ঠ যোজনা লক্ষ্যগুলি যদি আপনারা লক্ষ্য করেন তাহলে দেখবেন পুঁজিবাদী অর্থনীতি বিকাশ ঘটছে এবং তারফলে ইনফ্লেশন হতে বাধ্য। পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার ৩।। বছর পরেও দেখলাম কেন্দ্রীয় সরকার ১৪টি নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য সারা ভারতবর্ষে এক করতে পারেন নি। সারা ভারতবর্ষে একই দামে এই সমস্ত দ্রব্য সরবরাহ করতে পারেন নি। ডালের কথায় বলা যায়, পশ্চিমবঙ্গকে শতকরা ৭৫ ভাগ দাম বেশি দিতে হয়, যদিও এই ডাল প্রধানত বিহার এবং উত্তর প্রদেশ থেকে এখানে আসে। এর উপর সরকার কোনও মূল্য নিয়ন্ত্রণ করতে পারেন নি, কারণ বিহার বা উত্তরপ্রদেশে এগুলির নিয়ন্ত্রণে রয়েছেন কতকগুলি প্রাইভেট ট্রেডারস্। আমরা বার বার করে ইকোয়াল প্রাইস, ইকোয়াল ফ্রেটের কথা বলে আসছি তা করা হয়নি। রাজ্যপালের ভাষণের সময় উল্লেখ করেছিলাম যে, পশ্চিমবাংলার সুতাকল মালিকরা ঠিকমতো সুতা না পাওয়ার ফলে তাদের শিল্পের খুব ক্ষতি হচ্ছে, তারা মারা যাচ্ছে। অথচ মহারাষ্ট্র, গুজরাটের সুতাকল মালিকরা সময়মতো প্রয়োজনীয় সুতা

পাচ্ছে। আমাদের রানিগঞ্জ, আসানসোলের উৎপাদিত কয়লা মাদ্রাজ ও দিল্লিতে বসে একই দামে পেয়ে আছে। এসেনসিয়াল কমোডিটিজের এই হল অবস্থা। ষষ্ঠ যোজনায় দেখেছি ১২০০ কোটি টাকার বাজেট বরাদ্দ হয়েছিল, কিন্তু গত বছর যে বাজেট পেশ করেছেন তাতে ১৪৩৭ কোটি টাকা দেখিয়েছেন অর্থাৎ এই বছরে ঘাটতির পরিমাণ দাঁড়াল ৩০০ কোটি টাকায়। এটা হলে মুদ্রাস্ফীতি তা অনিবার্য। এবং গোটা দেশের মানুষের উপর তার চাপ পড়বে। বিরোধীদলের সদস্যদের কাছে আমরা আশা করেছিলাম যে, তাঁরা এই প্রস্তাব সমর্থন করবেন কিন্তু তাঁরা তা করলেন না। হনি ও সুইটস্ এর প্রায় সবটাই আসে উত্তর প্রদেশ, গুজরাট প্রভৃতি অঞ্চল থেকে এবং মোলাসেস্ থেকে স্পিরিট তৈরি হয়ে থাকে। হোমিওপ্যাথি ওষুধ তৈরির ব্যাপারে এই স্পিরিট হল একান্ত প্রয়োজনীয় সামগ্রী। অথচ এই সমস্ত কাঁচামালের নিয়ন্ত্রন করেন ওখানকার প্রাইভেট্ ট্রেডার্সরা। ফলে মূল্যবৃদ্ধি ঘটছে, এবং পশ্চিমবাংলাতেও তার প্রতিফলন দেখা দিচ্ছে। আমাদের কৃষকরা তাদের উৎপাদিত সামগ্রীর ন্যায্য দাম পায় না। অথচ ঐ সমস্ত সামগ্রী জনসাধারনকে চড়া মূল্যে কিনতে হয়। এগুলি বন্ধ করবার কোনও ব্যবস্থা তাঁরা করেন নি। আর একটি কথা বলতে চাই, আমাদের দেশে ১৯৭৯-৮০ সালে যে কয়লা উৎপন্ন হয় তার পরিমাণ হল ১ কোটি ৬ লক্ষ টন। ১৯৮০-৮১ সালে তা বেড়ে ১ কোটি ১৫ লক্ষ টনে বেড়ে দাঁড়ায়। কিন্তু তা সত্ত্বেও দাম বেড়ে চলেছে। কেন্দ্রীয় সরকার তা নিয়ন্ত্রণ করতে পারলেন না। পশ্চিমবাংলা চিনির ব্যাপারে স্বয়ংসম্পূর্ণ নয় এ ব্যাপারেও তাঁরা নিয়ন্ত্রণ করতে পারলেন না। কেন্দ্রীয় সরকার রাজ্যের সামগ্রীর দাম ঠিক করেন। গত লোকসভা নির্বাচনের সময়ে সমস্ত কল মালিকরা কোটি কোটি টাকা অর্থ সাহায্য করেছিলেন। তাই বিগত ১ বছরে দেখতে পেলাম চিনির দাম কিলো প্রতি ৯, ১০, ১৪,১৫ টাকা হয়ে গেল। এ ব্যাপারে মূল্য বৃদ্ধি রোধ করার কোনও এক্তিয়ার রাজ্যসরকারের নেই। রাজ্যসরকারের এ ব্যাপারে যতটুকু করা দরকার তা তাঁরা করছেন। দূর্নীতি সব দূর হয়ে গেছে এ কথা ত আমরা বলতে পারি না। আমরা ক্ষমতায় আসার পর থেকে দূর্নীতি সব দূর হয়ে গেছে-এ আমরা বলিনি।

[4-05—4-15 p.m.]

ঐ কন্ট্রোলার অফিসগুলি, এসেনসিয়াল কমোডিটির অফিসগুলিতে দূর্নীতি আছে যা আগে ছিলো এবং আমরা তা কমাবার চেষ্টা করছি। সেখানে আমরা বিরোধী দলের সহযোগিতা চেয়েছি। কিন্তু তাঁরা তো সেই ভাবে সহযোগিতা করার জন্য এগিয়ে আসেন নি। জাতীয় আয়ের কথা বলতে গিয়ে বলেছেন যে মুদ্রাস্ফীতি কমিয়েছেন। হাঁ, কিছুটা কমিয়েছেন। কিন্তু তার প্রতিফলন আমরা জাতীয় জীবনে দেখতে পাচ্ছি না। এবারে রেলের মাসুলের বৃদ্ধি করা হয়েছে। যাত্রী ভাড়া এবং মালের ভাড়া ১০ থেকে ১৫ শতাংশ বাড়ানো হয়েছে অথচ যাত্রীদের সুখ সুবিধা কিছু বৃদ্ধি করা হয়নি বা কোনও সুযোগ সুবিধার প্রতিশ্রুতি আমরা দেখতে পেলাম না। ১৯৮০-৮১ সালের যে বাজেট কেন্দ্রীয় সরকার পেশ করেছেন তার মধ্য দিয়ে তাঁরা পশ্চিমবঙ্গ তথা সারা ভারতের মূল্যমান যে পিছিয়ে যাবে না তার প্রতিশ্রুতি নেই। দূর্নীতি সারা ভারতে আছে। ওঁরা বলেছেন যে চোরাকারবারিদের সঙ্গে নাকি

আমরা ঘর করছি। আমি জিজ্ঞাসা করছি যে অতীশ বাবু যখন মন্ত্রী ছিলেন তখন ঘুস না দিলে কি সিমেন্ট পাওয়া যেত বা কেরোসিনের ডিলারসিপ্ লাইসেন্ট পাওয়া যেত তা যেত না। তাহলে দূর্নীতি কি এই সাড়ে তিন বছরে মাথা চাড়া দিয়ে উঠেছে এর আগে কি দূর্নীতি ছিলো না? পুজিবাদী সমাজ ব্যবস্থার মধ্য দিয়ে আমরা ক্ষমতায় এসেছি তাতে এটি থাকা স্বাভাবিক। আমরা যদি বিপ্লবের মধ্য দিয়ে পশ্চিমবাংলায় আসতাম তাহলে তা দুর করা সম্ভব ছিলো। কিন্তু আমরা আছি পুঁজিবাদী সমাজ ব্যবস্থার মধ্যে সীমা বদ্ধ চৌহর্দীর মধ্য দিয়ে নির্বাচনের মধ্য দিয়ে আমরা এসেছি। তার একটি বিচ্যুতি এবং পুঁজিবাদী সমাজ ব্যবস্থার ত্রুটি বিচ্যুতি ও তার প্রতিফলন নিশ্চই ফলবে এবং তাই ঘটছে এবং ঘটবে। নির্বাচনের মধ্য দিয়ে এর প্রতিরোধ করা যায় না। সেইজন্য আমাদের ৬ষ্ঠ যোজনার যে লক্ষ্য যে আমরা স্বাবলম্বী হবো, কিন্তু তা আমরা হতে পারি নি। আমরা বিদেশির উপর পুঁজিবাদীর উপর মোর অ্যান্ড মোর ডিপেডেন্ড হয়ে যাচ্ছি। কারণ নির্বাচনে ১০ হাজার কোটি টাকা খরচ হয়েছে পুঁজিবাদী দেশ থেকে। সুতরাং আপনারা কি করে আশা করেন। এখানে দাঁড়িয়ে আমরা শুনেছি যে পশ্চিমবঙ্গ সরকার নাকি মাল্টি ন্যাশনলের দিকে এগিয়ে যাচ্ছেন। এটা কি সত্য? কেন্দ্রীয় সরকারের অর্থনীতির যোজনার যে লক্ষ্য তাঁরাই তো মাল্টি ন্যাশনলের দিকে এগিয়ে যাচ্ছেন অথচ আওয়াজ আমাদের দিকে। তাই আমি যে মোশন এনেছি তাকে সমর্থন করে আর একবার বলতে চাই যে দেশে যে মূল্য বৃদ্ধি ঘটেছে তার প্রতিফলন জন জীবনে দেখা দিয়েছে। তাতে সাধারন কৃষক গরিব মানুষ মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে একে প্রতিহত করা উচিত। আশা করি বিধান সভার সর্ব সম্মত সিদ্ধান্ত হোক এবং তা দিল্লিতে পাঠানো হোক। অতীশ বাবু বলেছেন যে আপনারা যে রাজনৈতিক প্রস্তাব পাশ করবেন কিন্তু কেন্দ্রীয় সরকার কি এ ব্যাপারে কিছু করবেন, এই ব্যাপারে আমরা বলতে চাই আমরা সাংঘাতিক কিছু করতে চাই না যেটা সত্য কথা সেটা এক যোগে আসুন আমরা কেন্দ্রীয় সরকারের কাছে পাঠাই যে আমাদের মূল্য বৃদ্ধি প্রতিরোধ করতে হবে জনস্বার্থে। এই কথা বলে এই প্রস্তাবকে সমর্থন করে শেষ করছি।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি এই প্রস্তাব সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। আমি বিরোধীদলের দুজন মাননীয় সদস্যের বক্তৃতা শুনেছি। প্রথম বক্তা প্রদ্যোতবাবু শুরু করলেন ভালভাবে, শেষ করলেন ভালভাবে কিন্তু মাঝখানে একটু গোলমাল করলেন। উনি ঠিকই ধরেছেন আসল সমস্যা হচ্ছে ইনফ্লেশন। কিন্তু এই ইনফ্লেশনের জন্য দায়ী কে? অবশ্য এটা নিয়ে এখানে বক্তৃতা করতে হবে এটা আমি মনে করিনা। তবে মাঝখানে প্রদ্যোতবাবু বললেন তা সত্ত্বেও রাজ্যসরকার এটা বন্ধ করতে পারতেন এবং জিনিসপত্রের দাম কমাতে পারতেন এবং এইসব কথা বলতে বলতে আলু, পটল, কাঁচকলা ইত্যাদির কথা বললেন। প্রদ্যোতবাবু আরও বললেন, দ্রব্যমূল্য বৃদ্ধির সব দোষ কেন্দ্রীয় সরকারের উপর চাপিয়ে আমরা এখানে একটা প্রস্তাব পাশ করতে চাই। আমি তাঁকে জিজ্ঞেস করি এই যে দীর্ঘদিন ধরে আলোচিত হচ্ছে ইনফ্লেশন, হাইপার ইনফ্লেশন, প্রাইস্ নিক্রিজ এই ব্যাপারে কখনও স্টেট গভর্নমেন্টকে দায়ী করেছে? ইজ দেয়ার এনি ওয়ান ইকনমিস্ট ইন দিস্ কানট্রি? নো। কাজেই আপনাকে বু..তে হবে কোথা থেকে এটা হচ্ছে।

আমরা কারুর উপর দোষ চাপাইনি। অর্থনীতিবিদদের যে রিসার্চ রয়েছে সেগুলো যদি ভাল করে পড়েন তাহলে বুঝতে পারবেন কার দোষ। উনি বললেন, কালোবাজারিদের কি জেলে পাঠান হয়েছে, ফাঁসীতে লটকান হয়েছে? না হয়নি। আমি তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই, আমরা তো কোন ছার, স্বয়ং পন্ডিত নেহেরু একদিন বলেছিলেন আমার হাতে ক্ষমতা এলে আমি এই সব কালোবাজারিদের ল্যাম্প পোস্টে ঝুলিয়ে ফাঁসী দেব। কিন্তু তিনি পারেননি বা করেননি। অর্থনীতির ছাত্র হিসেবে একথা কি কেউ বলতে পারেন এই যে একটা ইকনমিক ফেনোমেনন, ইনফ্লেশন, প্রাইস্ রাইজ এটা ২/১ জনকে ফাঁসীকাষ্ঠে লটকালেই সমাধান হয়ে যাবে? তাহলে ইন্দিরা গান্ধী সেটা করছেননা কেন? তাঁর হাতে তো অনেক ক্ষমতা রয়েছে, তিনি এটা করছেননা কেন? কাজেই বোঝা দরকার এই পদ্ধতিতে এটা হয়না, হবেনা। এই ব্যাপারে অন্য জায়গায় আমাদের আসতে হবে। আপনারা বলছেন বন্টন সুষ্ঠুভাবে হচ্ছেনা। কি ক'রে হবে? ল অব সাপ্লাই অ্যান্ড ডিম্যান্ড অ্যান্ড অ্যাপার্ট ফ্রম দ্যাট এই যে ইনফ্লেশন, হাইপার ইনফ্লেশন রয়েছে এবং তদুপরি ইনফ্লেশন যদি কেবল জেনারেটই করেতাহলে ঐ আলু, পটল, মুলো কিছু বাদ যাবেনা। কাজেই মূল ব্যাধি সারাতে হবে। মূল্যবৃদ্ধি হয়েছে এবং হচ্ছে এটা বড় কথা নয়, বড় কথা হচ্ছে এই অর্থনৈতিক ব্যবস্থা, এই ধনতান্ত্রিক ব্যবস্থা যদি থাকে তাহলে মূল্য বৃদ্ধি হবে, হবে, হবে-এর হাত থেকে দেশের লোকের পরিত্রান নেই। কাজেই ঐ সমস্ত চিফ স্টান্ট দিয়ে কিছু হবেনা বা ফাঁসীতে লটকালে কিছু হবেনা। ইকনমি যদি সুস্থ খাতে অপারেট না করে তাহলে ঐ পথে কিছু হবেনা। কাজেই আমাদের আসল জায়গায় যেতে হবে এবং সেই জায়গাটা হচ্ছে এই ডেফিসিট ফাইনানসিং-এর পরিবর্তে বর্তমান সরকার আর কোনও ব্যবস্থা করতে পারেন কিনা। বর্তমানে যে অবস্থা চলেছে তাতে আমরা একটা সাংঘাতিক অবস্থায় এসে পড়েছি এবং এর যদি পরিবর্তন না হয় আরও সাংঘাতিক জায়গায় যাওয়া ছাড়া ইন্দিরা গান্ধীরও কোনও উপায় নেই। কাজেই ঐ সমস্ত চিফ স্লোগান দিয়ে কিছু হবেনা। আমরা জিনিসের দাম কিকরে কমাব? ফার্স্ট প্ল্যান হচ্ছে গ্রাউন্ড প্রিপেয়ারিং-এর প্ল্যান। কিন্তু তারপর সেকেন্ড প্ল্যানেই দেখলাম ইনফ্লেশন জেনারেটেড হতে শুরু করল। একজন অর্থনীতিবীদ বলেছেন, ফার্স্ট প্ল্যানে যে ইনফ্লেশন হয়েছে তাতে জিনিসপত্রের দাম সামান্য কিছু বেড়েছে একথা ঠিক।

[4-15—4-25 p.m.]

কিন্তু সেকেন্ড প্ল্যানে দেখা গেল যে ইনফ্লেশন সাংঘাতিকভাবে শুরু হয়েছে এবং সেজন্য একজন অর্থনীতিবিদ বলেছেন Irregular nature of the deficit financing undertaken during the second plan brought about a jerky type of increase in the money supply and was partly responsible for inflation which started during the second plan and took an ugly turn when the third plan was mid-way through. এবং থার্ড প্ল্যান যা শুরু হল ১৯৬১-৬৬ সাল পর্যন্ত, তাতে প্ল্যানাররা কি বলেছেন? বুর্জোয়া প্ল্যানিং-এর সঙ্গে যারা জড়িত তাঁরা বলেছেন, ফোর টু ফাইভ পারসেন্ট টলারেব্‌ল লিমিট ধরা হয়, তার বেশি যদি মূল্যবৃদ্ধি হয়, তাহলে সেটা কতকটা

ধরে নিতে হবে টলারেব্‌ল হবে এবং conducive টু গ্রোথ প্রসেস। প্ল্যানারদের স্বপ্ন থেকে গেল, যেখানে ফোর টু ফাইভ পারসেন্ট বলেছিলেন সেখানে হল কি? হল এই শেষ তিন বছরে ১২ পারসেন্টের বেশি মূল্য বৃদ্ধি হয়ে গেল, সো ফার দি স্টিফেস্ট প্রাইস রাইজ, এবং এখান থেকে শুরু হল, এই থার্ড প্ল্যান থেকে, অতীশ বাবু ভোলা বাবু যা বললেন, তাঁদের আমি বলি যে এই সব জিনিসগুলির দিকে চোখ বুজে থাকলে চলবে না, বুঝতে হবে, বুঝবার চেষ্টা করতে হবে, এবং গোটা ভারতবর্ষকে আজকে কোন জায়গায় নিয়ে যাচ্ছে? সেটা তখনি বুঝতে পারবেন যখন এই সব মৌলিক জিনিসগুলির যারা দেশ শাসন করছেন, তাঁদের মগজে গিয়ে ধাক্কা মারবে, মারছে বলে তো মনে হয়না। কথাবার্তা শুনে মনে হয় থার্ড প্ল্যানিং-এর প্ল্যানাররা যে বিশ্বাস এবং প্রত্যয় নিয়ে চলছিলেন সেই বিশ্বাস এবং প্রত্যয় সমস্ত ভেঙ্গে গেল। দেখা গেল সো ফার দি স্টিফেস্ট প্রাইস রাইজ হয়ে গেল। তার ফল হল কি? থার্ড প্ল্যানের পর ফার্স্ট প্ল্যান, সেকেন্ড প্ল্যান এবং থার্ড প্ল্যান যখন শেষ হব হব এই অবস্থা, সমস্ত প্ল্যানাররা চিৎপাত হয়ে পড়লেন। এবার ফোর্থ প্ল্যানের কি হবে? ফোর্থ প্ল্যান লণ্ডের অবস্থা পর্যন্ত নেই, যতটা ইনফ্লেশন হয়েছে, তার চাপে উলট পালট হয়ে যেতে বসেছে, সেজন্য আপনারা জানেন অ্যানুয়েল প্ল্যান নেওয়া হয়নি? থার্ড প্ল্যানের পর এই অ্যানুয়েল প্ল্যান কেন নিতে হল? প্ল্যানের গোড়ায় গলদ, সেই গোড়ার গলদ দূর করতে পারেননি, এবং এটা মনে রাখতে হবে আমাদের অর্থনীতিতে এক বিরাট সঙ্কট যখন নেমে এসেছে, পণ্ডিতজী চলে গেলেন লাল বাহাদুর শাস্ত্রী এলেন, কিছুদিন থাকলেন, শ্রীমতী ইন্দিরী গান্ধী মন্ত্রী সভায় প্রবেশ করলেন, তারপরে লাল বাহাদুর শাস্ত্রী চলে গেলেন, শ্রীমতী ইন্দিরা গান্ধী বহাল তবিয়তে তখন হাউসে বসলেন এবং ইকনমিক ক্রাইসিস স্টার্টেড ফ্রম দি সেম্‌ ডে বলা যেতে পারে, এবং ঠিক এইভাবে চলেছে তাঁর আমলে, আজকে এটা ভুলে গেলে চলবেনা যে তার আগের ১১ বছরের শাসনে দেখা গেছে ভারতবর্ষের অর্থনীতির বুনিয়াদ সম্পূর্ণ তছনছ করে দেওয়া হয়েছে, এটা আমার বক্তৃতা নয়, এটা রেকর্ড, এটা তথ্য, এটা কেউ কন্ট্রোভার্ট করতে পারবেননা, কিভাবে হাইপার ইনফ্লেশন হয়েছে সারা ভারতবর্ষে? এরাঁ কি ইকনমিস্ট? এরাঁ কি ইকনমিক্‌স বুঝেন? আজকে এই সব প্রশ্ন এসে গেছে। হাইপার ইনফ্লেশন হয়েছে ১৯৭৪-৭৫ সালে, স্টিফেস্ট মানে ২৩.১ শতাংশ, আগের তুলনায় মূল্যবৃদ্ধি হল, এইভাবে দিস ইজ দি প্ল্যানিং প্রসেস অব আওয়ার কানট্রি। আজকে থার্ড ওয়ার্লডে যেসব দেশগুলি আছে তারা খুব গরিব। এই ৩০ বছর ধরে বিভিন্ন প্ল্যান প্রোগ্রাম করে আমরা যেভাবে চলছি তাতে ঐ থার্ড ওয়ার্লডের সঙ্গে আমরা যেতে পারব না। যারা Poorest of the poor country সেখানেও যেতে পারব না। এই হচ্ছে আমাদের অবস্থা এটা অত্যন্ত লজ্জার কথা। যেভাবে আমাদের ইকনমিক প্রসেস চলছে, টপসি টারভি প্রসেস-এ কি এর সমাধান আছে? অতীশবাবুকে সেই দিকে নজর দিতে বলি, চিফ স্ট্যান্ট-এর কিছু কথা বলে কিছুই হবে না। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ ওমর আলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মূল্যবৃদ্ধি সম্পর্কে মাননীয় সুনীল বসুরায় মহাশয় এবং অন্যান্য সদস্যরা যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবকে আমি নীতিগতভাবে

সমর্থন করছি এবং কেবল মাত্র বিধানসভার অভ্যন্তরে এই ধরনের একটা প্রস্তাব পাশ করিয়ে মূল্যবৃদ্ধি জনিত যে সঙ্কট সেই সঙ্কট আমরা কাটিয়ে উঠতে পারব না যদি না আমরা বিধানসভার বাইরে সমগ্র দেশের মানুষকে ঐক্যবদ্ধ করে আমাদের দেশের অর্থনৈতিক অবস্থাকে পালটে দেবার জন্য সংগ্রাম করি। আমি বিশ্বাস করি যাঁরা এই প্রস্তাব উত্থাপন করেছেন তাঁরা একথা ভেবে আগামী দিনে সেই সংগ্রামের জন্য জনগণকে আহ্বান জানাবেন। মূল্যবৃদ্ধি ব্যাপারটি কেন্দ্রের রাজ্য সরকারের ব্যাপার নয় সম্পূর্ণ কেন্দ্রের ব্যাপার তাদের যে অর্থনৈতিক নিয়ম সেই নিয়মের ব্যাপার। এবং আমরা এও জানি কেন্দ্রীয় সরকার যে অর্থনৈতিক সমীক্ষা বের করেছেন তাতেও এই আভাস পাওয়া গিয়েছে। বিভিন্নভাবে কেন্দ্রীয় সরকারের মন্ত্রীদের কাছ থেকে এই সব বক্তব্য শুনছি। আমরা পরিষ্কার দেখছি এই মূল্যবৃদ্ধি দিনের পর দিন আশঙ্কাজনক হচ্ছে। যতদিন পর্যন্ত এই অর্থনৈতিক অবস্থা চলতে থাকবে ততদিন পর্যন্ত এই অবস্থা এড়িয়ে যাবার ক্ষমতা কারও নাই। নিশ্চয় মূল্য বৃদ্ধি হতে পারে এই রকম একটা অর্থনৈতিক অবস্থার মধ্যে। কিন্তু তা হলেও উৎপাদিত পন্যের বন্টন সমগ্র পন্যের ক্ষেত্রে না হলেও নিত্য প্রয়োজনীয় কতকগুলি পন্যের ক্ষেত্রে যদি আমরা পাবলিক ডিসট্রিবিউশন সিস্টেমকে বাড়াতে পারি তাহলে এই রকম একটা অর্থনৈতিক অবস্থার মধ্যেও এই মূল্যবৃদ্ধি খানিকটা কমাতে পারি। একথা আমরা জানি যে কেন্দ্রে এখন যে সরকার বসে আছেন সেই সরকার মূল্যবৃদ্ধি রোধের কোনও নীতি গ্রহণ করতে পারেন নি এবং একথাও জানি কেন্দ্রীয় সরকার পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের প্রতি সমভাবাপন্ন নয় তারা বিমাতৃসুলভ ব্যবহার করছে। কিন্তু যতই একথা বলুন না কেন তা সত্ত্বেও একথা বলব এই সরকারকে ভাবতে যে যেগুলি তাদের আয়ত্তের মধ্যে আছে সেগুলি সম্বন্ধে আপনারা কিছু করতে পারেন কিনা। নিশ্চয় পেট্রোল ডিজেলের দাম, কেরোসিনের দাম বেড়েছে কেন্দ্রীয় সরকারের নীতির ফলে। কিন্তু সরকারি যে দাম সেই দামেও যদি দেশবাসী পায় তাহলেও কিছুটা সুরাহা হয়। সরকারি হিসাবে কেরোসিনের দাম ১৬৪ পয়সা। কিন্তু দেখবেন অনেক জায়গায় তিন টাকার উপরে কেরোসিনের দাম। ডিজেলের দাম ২৬২ পয়সা কিন্তু পল্লীগ্রামের মানুষ সেই ডিজেল তিন টাকায় কিনছে। সিমেন্টের সরকারি দাম ৩০-৫০ পয়সা। কিন্তু দেখবেন সেই সিমেন্ট ৫০ টাকায় কিনতে হচ্ছে। এই মূল্যবৃদ্ধি রোধ করার দায়িত্ব নিশ্চয় রাজ্য সরকারের আছে। সেই দায়িত্ব যদি এই সরকার সঠিকভাবে পালন করেন কেন্দ্রের জন্য যে মূল্যবৃদ্ধির চাপ সেটা কিছুটা রোধ করতে পারব।

[4-25—4-35 p.m.]

এটা নিশ্চয় অপ্রাসঙ্গিক হবে না যদি একথা উত্থাপন করি যে কেরালার যুক্তফ্রন্ট সরকার কয়েকটি নিত্যপ্রয়োজনীয় জিনিস খোলা বাজার থেকে কিনছেন এবং সরকারি বন্টন ব্যবস্থার মাধ্যমে সেগুলি বন্টন করছেন এবং তার ফলে অন্ততপক্ষে কিছুটা মূল্যবৃদ্ধির চাপকে তারা প্রতিহত করতে পারছেন। সেই রকমের একটি অর্গানাইজেশন যদি পশ্চিমবঙ্গে গড়ে তোলা যায় এবং তাকে কার্যকরী করার জন্য যদি আন্তরিকতার সঙ্গে চেষ্টা করা হয় তাহলে কিছুটা চাপ প্রতিহত করা সম্ভব। বিভিন্ন স্তরে বন্টন ব্যবস্থায় যে দুর্নীতি হচ্ছে

কেবলমাত্র আইনপ্রণয়ন করে বা সরকারি অফিসারদের দায়িত্ব দিয়ে তা দূর করা যাবে বলে আমি মনে করি না। যদি পাবলিক ভিজিলেন্স সিস্টেম আমরা চালু করি এবং জনসাধারণকে উৎসাহিত করে তাদের যদি আমরা নিয়োগ করতে পারি তাহলে এই ধরনের দুর্নীতি খানিকটা দূর হতে পারে। অতি-মুনাফার লোভ যা আমাদের রাজ্যে প্রকট, মজুতদারীর যে অবস্থা চলেছে তাকেও খানিকটা খর্ব করতে পারি যদি এই ব্যবস্থা আমরা করি। নিশ্চয় সেই ধরনের দায়িত্ব এই সরকারকে পালন করতে হবে। তবে এর সঙ্গে সঙ্গে আমি একথাও বলব, এইসব পালন করলেও মূল্যবৃদ্ধির যে চাপ সেই চাপকে আমরা পুরোপুরি প্রতিহত করতে পারব না এবং জনসাধারনের জীবনযাত্রার মান যে বড় একটা উন্নত হয়ে যাবে তাও হবে না। সেইজন্য মূল্যবৃদ্ধি জনিত কারণের জন্য যে প্রস্তাব এখানে উত্থাপিত হয়েছে সেই প্রস্তাবকে আমি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আশা করেছিলাম সরকারের তরফ থেকে আমরা এমন একটা বিবৃতি বা স্টেটমেন্ট পাব যাতে রাজ্যসরকার, তার গৃহীত ব্যবস্থাবলি এই প্রাইস কন্ট্রোল করার জন্য বা প্রাইস রাইজকে নিয়ন্ত্রনে আনার জন্য রাখবেন এবং আরনেস্টলি সেই স্টেপগুলিকে ফলো করবেন। দুঃখের কথা তা আমরা পাই নি, পক্ষান্তরে সরকারপক্ষের কতিপয় সদস্য যে প্রস্তাব এখানে উত্থাপন করেছেন তাতে মনে হচ্ছে ঐ কয়লা ও পেট্রোলের মূল্যবৃদ্ধির জন্য সব জিনিসের দাম বেড়ে গিয়েছে। আমার কাছে মনে হচ্ছে বাস্তবে তা নয়। আমরা দেখতে পাচ্ছি Price rise is a world phenomenon now. ইভন সোসালিস্ট ও কমিউনিস্ট কান্ট্রিগুলিও এর থেকে মুক্ত নয়। আমি কোট করছি, I quote from "Foreign Vices". "The People" Republic of China is not free of the vices it so trenchantly attacks capitalist countries for. Inflation speculation and smuggling classic capitalist maladies are now continuing problem with the countries "planned socialist economy". Inflation is supposed to be about zero in the Chinest system is at 5%. speculation is causing serious concern because State owned and co-operative bodies too are secretly helping the economic offenders with certificates, receipts and the use of their bank accounts. Smuggling of currencies, gold, silver and antiques is becoming common. The Chinese customs seized goods worth 24 million yuan in leading port cities and goods worth 50,000 yuan in Beijing in 1980. Among the seized goods are automobiles T.V. sets, cassette recorders." (Sunday, 1st February, 1981).

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটা তুলনা দেই। এরা মস্কোর কন্ট্রোল মার্কেটের ইতিহাস নিশ্চয়ই জানে। আজকে আমরা দেখছি যে সোসালিস্ট কিছু কান্ট্রিজ-এর সঙ্গে রাষ্ট্রীয় পর্যায়ে আমাদের কিছু বাণিজ্যিক লেন দেন আছে। আমরা দেখেছি বছরের পর বছর কন্ট্রাক্টস আর বিইং এনহেন্সড। সোসালিস্ট কান্ট্রিজ-এর সঙ্গে আমাদের ভারতীয় কন্টাক্ট যদি এনহেন্সড করতো, যদি সেই প্রাইস রেইজ জিরো হত, ইনফ্লেশন নিল হত তাহলে এটা হওয়ার কথা নয়। সে জন্য একথা বলতে চাই যে even the communist and

socialist countries are not exception to this world phenomenon of inflation and price rise. আমরা দেখেছি যে আমাদের ওভারঅল ইকোনমি অব ইন্ডিয়া ইজ অ্যান ইকোনমি অব শর্টেজ এবং একথা যদি ভারতের পক্ষে সত্য হয় তাহলে বাংলার পক্ষে ডাবল সত্য এবং তা যদি হয় তাহলে রাজ্যসরকার এবং কেন্দ্রীয় সরকারের মূল দায়িত্ব প্রপার অ্যান্ড সায়েন্টিফিক ইউটিলাইজেশনের এবং বেটার ম্যানেজমেন্ট অব দিস স্কারস মেটেরিয়াল, রিসোর্সেস, মানি রিসোর্সেস উই হ্যাভ। আমরা দুঃখের সঙ্গে লক্ষ্য করেছি যে রাজ্য সরকারই হোক, আর কেন্দ্রীয় সরকারই হোক, তারা নিদারুন ভাবে ব্যর্থ হয়েছে, ইন দেয়ার অ্যাকটিভিটি এবং ইন দেয়ার ম্যানেজমেন্ট অ্যাফেয়ার্স তারা নিদারুন ভাবে ব্যর্থ হয়েছে। যেখানে সাপ্লাই সীমিত, যেখানে ইনফ্লেশন আছে, সেখানে যে ম্যানেজমেন্ট দরকার, যে দক্ষতা দরকার, সেখানে আমরা দেখেছি যে রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকার যুগ্মভাবেই ব্যর্থ হয়েছেন। অন্য দিকে উৎসাহিত করেছে যারা বেশি দামে নিতে পারে। এদের গৃহীত প্রস্তাবের মধ্যে সেটাই মনে হয়। আজকে সিমেন্টের কথাই ধরুন, কেরোসিনের কথাই ধরুন- গ্রামাঞ্চলের মানুষ, গ্রামের কৃষক তারা আলো জ্বালাবার জন্য কেরোসিন পাচ্ছে না। কলকাতাতেও মাঝে মাঝে স্কেয়ারসিটি দেখা দেয়, কিন্তু এখানে কেরোসিন তেল দিয়ে রান্না হচ্ছে। ব্যাড ম্যানেজমেন্ট, এবং ডিস্ট্রিবিউশন ইজ ইরর্যাশনল না হলে এই জিনিস হতে পারেনা। আমরা আলো জ্বালাবার জন্য গ্রামে কেরোসিন তেল পাচ্ছি না, আর সেই কেরোসিন তেল দিয়ে কলকাতায় রান্না হচ্ছে, এই জিনিস আমরা দেখতে পাই। আজকে দীর্ঘদিন ধরে কেরোসিন তেল পাওয়া যাচ্ছে না। আজকে সুযোগের কথা বলা হয়েছে। এবং সুগার-এর উপর আক্রমন করা হয়েছে। আমরা দেখেছি যে ১৯৭০তে সুগারের প্রাইস লেভেল থেকে থাকে ১০০, আজকে সেই প্রাইস লেভেল দাঁড়িয়েছে ৪৯৩ পারসেন্ট। এত ইনক্রিজ হয়েছে। আজকে জনতা বন্ধুরা আছেন, তারা এটা অস্বীকার করতে পারেন না। আমরা দেখেছি It is a bad management during the Janata regime in the sugar affairs of the country. গুড অ্যান্ড মোলাসেস অ্যাফেয়ার-এর এই অবস্থার জন্য আজকে সুগারের এই পরিণতি হয়েছে। আই অ্যাম হ্যাপি, রাত্রে রেডিওতে শুনেছি যে কেন্দ্রীয় সরকার নাকি সুগার এক্‌সপোর্ট বন্ধ করেছে। যে দেশে সুগারের স্কোয়ারসিটি আছে সেখানে ইমপোর্ট অ্যান্ড এক্‌সপোর্ট র‍্যাশানালাইজেশন করতে হবে। আমাদের কোন জিনিসটা কতখানি এক্‌সপোর্ট করতে পারব, কোন জিনিসটা কতখানি ইমপোর্ট করতে পারবো সেগুলি দেখতে হবে। এখানে অনেক সময় নুনের কথা বলা হয়। আমরা খবর রাখি এবং রেডিওতে শুনেছি যে নুনের জাহাজ হলদিয়া থেকে ঘুরে চলে গেল, আনলোডেড হলনা। ইট ইজ এ ব্যাড লেবার ম্যানেজমেন্ট এবং এই ব্যাড ম্যানেজমেন্টের জন্য নুনের মতো একটা এসেনসিয়াল জিনিস আনলোড হলনা এবং ইট ইজ অলসো এ লেবার স্ট্রাইক। আপনি যতখানি প্রতিশ্রুতি দিতে পারেন দিন বাট নট অ্যাট দি কস্ট সব কমন ম্যান। এই প্রস্তাব যে ভাবে উত্থাপিত হয়েছে, এটা যে আংশিক সত্য এর সঙ্গে আমার দ্বিমত নেই। কিন্তু এর সঙ্গে যে সংশোধনীগুলি এসেছে, এগুলি বোধ হয় গ্রহণ করা এই হাউসের পক্ষে সম্মান জনক এবং সমীচিন হবে বলে মনে করিনা। অন্য দিকে বহু কথা বলা হয়েছে। মানি সাপ্লাই-এর ব্যাপারে আমাদের বন্ধুবর অমল রায়কে বলি in a developing

economy where deficit financing to a minimum extent is tollerable or not তা যদি হয় তাহলে আমাদের প্লানারস এবং ইকোনমিস্টদের এই দিকে দৃষ্টি দিতে হবে। আমরা জানতে করতে এক জিনিস. আর যখন বাজেট পেশ হচ্ছে, যখন অডিট হয়ে যাচ্ছে তখন আর একটা ঘটনা ঘটে যাচ্ছে। ১৭শত কোটি টাকা ডেফিসিট. সেটা ২৭ শত কোটি টাকা হয়ে যাচ্ছে। এবারে কত হবে আমরা জানতে পারছি না।

[4-35—4-45 p.m.]

কিন্তু আমার কথা হচ্ছে মানুষের ডিস্ট্রেস বাড়ছে। সুতরাং আপনাদের আজকে অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাকশন নিয়ে. যতখানি রেসনালাইজ্ করা যায় ততখানি করতে হবে এবং এটা আজকে অ্যাসিয়োর করতে হবে। ডিজেলের দাম, পেট্রোলের দাম জনতা রেজিম-এ-ও বাড়ানো ছিল, সেই সময়ে কেন উইথড্র হ'ল না, প্রতিবাদ হ'ল না কেন? আজকে অন্তত পক্ষে রাজ্য সরকার যে সমস্ত অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাকশন নিতে পারেন, সেসমস্তগুলো নিন। অন্তত আজকে চিন্তা করে দেখুন আপনারা পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেম এবং কো-অপারেটিভ ডিস্ট্রিবিউশন সিস্টেম বাড়াতে পারেন কিনা এবং সেই সঙ্গে দেখতে হবে ক্রেতা সমবায়ের র‍্যামিফিকেশন বাড়াতে পারেন কিনা। অন্য দিকে শুধু দাম বাড়ালেই হবে না, মানুষের কেনবার ক্ষমতা আছে? সুতরাং কনজিউমারস রেজিসটেন্সকে এনকারেজ্ করবার সময় এসেছে। এখনই সামান্য আকারে আন্দোলন দানা বাঁধতে শুরু করেছে। In a country where 30% of the people are literate. সেখানে গভর্নমেন্ট যদি কনজিউমার্স রেজিসটেন্সকে এনকারেজ না করে প্রটেকশন না দেয় তাহলে কনজিউমার্স রেজিসটেন্স এগিয়ে যাবে না। সুতরাং স্পেসিফিক কনজিউমার্স রেজিসটেন্স দরকার, but it should not take the shape of Dum Dum **dawai** as it happened in U.F. regime during 1967-69. সুতরাং consumers resistence. Government should patronise and extend which is tolerable to the society. এবং অ্যাট দি সেম টাইম পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেমকে, সাইড বাই সাইড কো-অপারেটিভ ডিস্ট্রিবিউশন সিস্টেমকে প্রপার অ্যাডমিনিসট্রেটিভ সুপারভিসনে এক্সপান্ড করতে হবে। আজকে আমরা দেখছি ব্যক্তিগত মালিকানার দোকানদারদের রেসপনসিবিলিটি অনেক কম থাকে। অপর দিকে আমাদের এসেনসিয়াল সিরিয়ালস-এর ডেফিসিট্ আছে, বিশেষ করে ডালের ডেফিসিট আছে। কমলবাবু কৃষি দপ্তর থেকে এনকারেজ করছেন ফর মোর প্রডাকশন। কিন্তু আপনি প্রশ্নের উত্তরে বললেন আমাদের এখান থেকে এর পরেও সব বাইরে চলে যাচ্ছে, ইউ হ্যাভ নো গ্যারান্টি। কিন্তু দাম এখানে বেশি থাকলে বাইরে থেকে এখানে আসার কথা। দাম তো এখানে হাইয়েস্ট দেখতে পাচ্ছি ডালের এবং সরিষার তেলের। আজকে তেলের দাম ১৬ টাকা, ১৬ টাকা ৮ আনা এবং কোথাও ১৭ টাকা পর্যন্ত দেখতে পাবেন। সুতরাং আজকে অন্য স্টেটের সঙ্গে বার্টার করা যায় কিনা অ্যাট দি গভর্নমেন্ট লেভেল ফর অ্যাসিয়োর্ড সাপ্লাই, এই জিনিসটা খাদ্যমন্ত্রীকে দেখতে অনুরোধ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে প্রস্তাব এসেছে তার উপর বিভিন্ন বন্ধুরা যে সংশোধনীগুলি দিয়েছেন সেগুলি সমেত যেন প্রস্তাবটি গ্রহণ করা হয়, এই অনুরোধ আমি জানাচ্ছি। যদি শুধু প্রস্তাবটি গৃহীত হয় তাহলে half-

hearted exercise is possibly the intension to blame only the Central Government for shirking the responsibility of the State Government. বলে আমি মনে করি। সেই জন্য আমি প্রস্তাবটি অ্যাস্ সাচ্ সমর্থন করছি না। সমস্ত সংশোধনী সহ সমর্থন করছি।

**অধ্যক্ষ মহোদয় :** এই প্রস্তাবের আলোচনায় অংশগ্রহণ করবার জন্য এখনও অনেক বক্তা আছেন। সুতরাং একটু সময় বাড়াতে হবে। তাই আমি এই প্রস্তাব করছি যে, আরও আধ ঘন্টা সময় বাড়িয়ে দেওয়া হোক। আশা করি এই প্রস্তাবে কারও আপত্তি নেই।

**(আধ ঘন্টা সময় বাড়ানো হলো)**

**Seventy-Fifth Report of the Business Advisory Committee.**

**অধ্যক্ষ মহোদয় :** আমি কার্য উপদেষ্টা কমিটির ৭৫-তম প্রতিবেদন পেশ করছি। এই সভার বৈঠক ২৪শে ফেব্রুয়ারি ১৯৮১ তারিখে আমার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। এই বৈঠকে ২৬শে ফেব্রুয়ারি থেকে ৫ই মার্চ, ১৯৮১ তারিখ পর্যন্ত বিধান সভার কার্যক্রমের সময় সূচি নিম্নলিখিত ভাবে সুপারিশ করা হয়েছে।

| | | |
|---|---|---|
| Thursday, 26.2.81 | (i) | Business remaining from 25th February, 1981, if any. |
| | (ii) | The Chandernagore Municipal (Amendment) Bill, 1981. (Intro duction, consideration and passing) 1 hour |
| Friday, 27.2.81-3 p.m. | | Presentation of Budget Estimates of the Government of West Bengal for the year 1981-82. |
| Monday, 2.3.81 | | General Discussion on the Budget - 4 hours. |
| Tuesday, 3.3.81 | | General Discussion on the Budget - 4 hours. |
| Wednesday, 4.3.81 | | General Discussion on the Budget - 4 hours. |
| Thursday, 5.3.81 | | General Discussion on the Budget - 4 hours. |

**মিঃ স্পিকার :** আমি এখন মুখ্য সচেতককে কার্য্য উপদেষ্টা কমিটির প্রতিবেদন গ্রহণের জন্য অনুরোধ করছি।

**শ্রী অশোক বোস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কার্য উপদেষ্টা কমিটির ৭৫তম প্রতিবেদন-এর সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য সভায় উৎথাপন করছি।

**মিঃ স্পিকার :** আশা করি কারও আপত্তি নেই, অতএব গৃহীত হল।

## DISCUSSION ON MOTION UNDER RULE-185

**শ্রী প্রবোধচন্দ্র পুরোকায়েত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী সুনীল বসু রায় এবং আরও অন্যান্য সদস্যরা যে মোশন আন্ডার রুল ১৮৫ এ উপস্থাপনা করেছেন সেই সঙ্গে আমি আমার মূল প্রস্তাবের সঙ্গে সংশোধনী প্রস্তাব সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। এই মূল প্রস্তাবে বলা হয়েছে জিনিসপত্রের যে দাম বেড়েছে তারজন্য কেন্দ্রীয় সরকার দায়ী, কেন্দ্রীয় সরকার জিনিসপত্রের উপর কর ধার্য করেছেন। পেট্রোল, ডিজেল, কেরোসিন এবং পেট্রোলজাত এই সমস্ত জিনিসের উপর যে বাড়তি কর চাপিয়েছেন তারই প্রতিক্রিয়া হিসাবে সমস্ত জিনিসের দাম বেড়েছে। একথা ঠিক কেন্দ্রীয় সরকার যে অর্থনীতির দ্বারা পরিচালনা করছেন সেই অর্থনীতি হচ্ছে পুঁজিবাদী অর্থনীতি এবং তারই অনিবার্য্য পরিনতি হিসাবে এর প্রতিক্রিয়া ঘটতে বাধ্য এবং জিনিসপত্রের দাম এর জন্য বৃদ্ধি হবে এটা আমরা জানি কিন্তু একটা কথা কিছু কিছু জিনিসপত্রের দাম বেড়েছে, সাধারন মানুষের ক্রয়ক্ষমতা অত্যন্ত দুঃসহ অবস্থায় গেছে, জনজীবনে নানারকমের সমস্যা সৃষ্টি হয়েছে এই অবস্থায় রাজ্য সরকার পশ্চিমবঙ্গ বিধানসভায় একটা রেজোলিউশন পাশ করে যদি বামফ্রন্ট সরকার তার দায়িত্ব স্খলন করবার চেষ্টা করেন তাহলে কিন্তু ঠিক হবে না। কারণ এটা আমরা জানি, কেন্দ্রীয় সরকার যে অর্থনীতির দ্বারা পরিচালিত হচ্ছে তারই পরিনতি হিসাবে জিনিসপত্রের দাম বাড়ছে, জনগণের দুঃখকষ্ট বাড়ছে কিন্তু একটা রাজ্য হিসাবে বামফ্রন্ট সরকার যেমন কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে সক্রিয় বিরোধিতা করবেন ঠিক তেমনি এর সাথে সাথে জনগণকে সংগঠিত করে কেন্দ্রীয় সরকার যেভাবে দ্রব্যমূল্য বৃদ্ধি ঘটাচ্ছেন এবং পুঁজিবাদী অর্থনীতি চালাচ্ছেন যারজন্য সাধারন মানুষ নিষ্পেষিত হচ্ছে তারজন্য তার বিরুদ্ধে সক্রিয় সংগঠিত করার যে প্রবনতা এবং যথার্থ সক্রিয় বিরোধিতা করার যে লক্ষ্মণ সেটা বামফ্রন্ট সরকার দেখাতে পারছেন না। কেবলমাত্র এই বিধানসভায় রেজোলিউশন পাশ করে তাদের দায়িত্ব পালন করছেন। এটা আমি গত কয়েক বছর ধরে দেখছি। আজকে যে প্রস্তাব এনেছেন এই প্রস্তাব কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে যেমন এই সভা থেকে সর্বসম্মতভাবে বিরোধিতা করার দরকার তেমনি সাথে সাথে এই সরকার যে দায়িত্ব পালন করছেন না সেই সম্পর্কে বোঝা দরকার। কেন্দ্রীয় সরকার কেরোসিন, ডিজেল, পেট্রোল এবং পেট্রোলজাত জিনিসের দাম বাড়িয়েছেন এবং এর সাথে সাথে কেন্দ্রীয় সরকার একটা অজুহাত দেখাচ্ছেন যে, বাইরের দেশগুলি থেকে এই জিনিসগুলি আমাদের আমদানি করতে হয় সেইজন্য এই সমস্ত জিনিসের দাম বাড়ানো হয়েছে। এই যুক্তি কেন্দ্রীয় সরকার দেখাচ্ছেন। কেন্দ্র এই যুক্তি দেখিয়ে কেরোসিন তেলের লিটার পিছু ১০ পয়সা বাড়িয়েছেন আবার বামফ্রন্ট সরকার লিটার পিছু আরও ২ পয়সা বাড়িয়ে দিলেন। কেন বাড়িয়ে দিলেন? কেন্দ্রীয় সরকার যে যুক্তি দেখাচ্ছে সেই যুক্তি যদি ঠিক হয় তাহলে আপনারা তাদের বিরুদ্ধে বলছেন কিভাবে? জিনিসপত্রের দাম বৃদ্ধি হয়েছে, চুঙ্গি কর বসাচ্ছেন, বিক্রয় কর বসাচ্ছেন এবং সেই অজুহাত দেখিয়ে পেট্রোলজাত দ্রব্যের এবং কেরোসিনের দাম বাড়ানো হয়েছে, ট্রাম-বাসের ভাড়া বাড়ানো হয়েছে।

[4-45—4-55 p.m.]

আমার মূল বক্তব্য যেটা, যে জিনিসপত্রের দাম বাড়ছে। কিন্তু আপনাদের আন্দোলনের সঙ্গে জনসাধারণকে যুক্ত করে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে সক্রিয় বলিষ্ঠ প্রতিরোধ আন্দোলন গড়ে তোলার ক্ষেত্রে আপনাদের ভূমিকা আমরা দেখতে পাচ্ছি না। আমরা এখানে দেখছি যে বাসের ভাড়া বাড়িয়ে দিলেন, আবার সামনে বাজেট আসছে, পরের ধাপে দেখা যাবে জিনিসপত্রের দাম আবার বেড়েছে। কিন্তু তাদের বিরুদ্ধে কোনও সক্রিয় ব্যবস্থা নেই। কেন্দ্রীয় সরকারের সরবরাহ নেই, যতটুকু সরবরাহ আছে সেটুকুও পাওয়া যায় না। গ্রামে গিয়ে দেখুন, কেরোসিন তেলের দাম সরকার বেঁধে দিয়েছেন কিন্তু সেই সরকারি নির্ধারিত দরে কোথাও তেল পাওয়া যায় না। রেশনে সরবরাহ নেই, যতটুকু আছে সেটুকুও ঠিকমতো বন্টন হয় না। আপনারা বলছেন যে, যেসব অসাধু ব্যবসায়ী আছে তাদের বিরুদ্ধে আইন গত ব্যবস্থা নিচ্ছেন, অত্যাবশ্যক পণ্যের ব্যাপারে আইনগত ব্যবস্থা করছেন, এই ব্যবস্থায় পুঁজিবাদী অর্থনীতি কেন্দ্রীয় সরকারের জনস্বার্থ বিরোধী অর্থনীতি তার বিরুদ্ধে একদিকে জনসাধারনের সঙ্গে যুক্ত হওয়া এবং অপরদিকে সক্রিয় প্রতিরোধের আন্দোলন করা দরকার। সেই ব্যবস্থার মাঝখানে সমস্ত নিত্যপ্রয়োজনীয় অত্যাবশ্যকীয় সামগ্রীর রাষ্ট্রীয় বাণিজ্য চালু করার মধ্যে দিয়ে একদিকে সংগ্রহ করা, অপর দিকে সরকারি প্রশাসনে রেশনের মাধ্যমে বা অন্য কোনও বন্টন ব্যবস্থার মাধ্যমে সাধারন মানুষের কাছে খাদ্য পৌঁছে দেওয়া। এই ব্যবস্থা যদি গ্রহণ করেন তাহলে একে সমর্থন করা যায়। আমার কথা, আমার যে প্রস্তাব আমি এনেছি, সেই মূল প্রস্তাবের সঙ্গে আমি যে সংশোধনী প্রস্তাব দিয়েছি এটিকে তার সঙ্গে যুক্ত করে প্রস্তাব গ্রহনের জন্য সকল মাননীয় সদস্যকে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী সুধীন কুমার ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য শ্রী সুনীল বসুরায় মহাশয়, যে মোশন এনেছেন তাকে সম্পূর্ণ সমর্থন করে আমি কয়েকটি কথা আপনাদের সামনে রাখতে চাই। আমরা এটা জানতাম যে আমরা একটা ধনতান্ত্রিক অর্থনীতির মধ্যে বাস এবং আমাদের সেই অর্থনীতির মধ্যে কাজ করতে হবে। কিন্তু তা সত্ত্বেও আমরা বলছি মূল্য বৃদ্ধি রোধ করার চেষ্টা করতে হবে এবং আমরা সে সম্বন্ধে যে পরিষ্কার প্রস্তাবগুলি রেখেছি সেগুলি অনুসরণ করা দরকার। আমরা বলেছিলাম যে আমাদের দেশের শতকরা ৫০জন মানুষ দারিদ্র সীমার নিচে এবং এই ধনতান্ত্রিক অর্থনীতির যে পরিনতি ক্রমবর্ধমান ইনফ্লেশন, মূল্যবৃদ্ধি, এতেই সর্বনাশ হতে চলেছে। অতএব অন্তত এইটুকু করতে চাই। সম্পূর্ণ বদল করার হাত আমাদের নেই, আমরা কেন্দ্রীয় সরকারের কাছে এই প্রস্তাব রেখেছিলাম যে দেশের অধিকাংশ মানুষকে এই সর্বনাশের হাত থেকে বাঁচাবার একটু চেষ্টা করা দরকার। একান্ত প্রয়োজনীয় ১৪/১৫টি ব্যবস্থা এক সঙ্গে না হলেও অন্তত একসঙ্গে ১০টি ব্যবস্থা নেওয়া যায়। সেখান থেকে শুরু করে সেগুলি সারা ভারতবর্ষে এক দামে আমাদের যেটুকু পর্যাপ্ত পরিমাণে আছে সব জিনিস হয়ত আমাদের নেই সে টুকু ভাগ করে লোককে যাতে দিতে পারি তার ব্যবস্থা করা দরকার। এই ব্যবস্থা করতে গেলে দায়িত্ব কেন্দ্রীয় সরকারের থাকবে এবং রাজ্য সরকারেরও থাকবে। দেশের কোনও অংশে কোনও

বস্তু উৎপন্ন হয়না যেটা শুধু কেবল সেখানে ব্যবহার হয়- এক প্রান্তে উৎপন্ন হয় অন্য প্রান্তে সেটা ব্যবহার হয়। কিন্তু বিজ্ঞ ব্যক্তিদের মাথায় এলোনা। তারা এইকথা বলেন কেন্দ্রের কাছে দাবি করে পশ্চিমবঙ্গে ২০ লক্ষ টন খাদ্যের দরকার যেটা তারা শুধু ভিক্ষার পাত্র হাতে নিয়ে যান। আমি এই কথা বলব যে ২০ লক্ষ টন খাদ্য সামগ্রী যদি আমরা না নিই তাহলে পাঞ্জাবের খাদ্যশষ্যের দাম পড়ে যাবে এবং তারা আর উৎপন্ন করবেন না। সেইরকম ভাবে আমরা যদি বস্তা না পাঠাই তাহলে তারাও ফসল রপ্তানি করতে পারবে না। পশ্চিমবাংলায় এবং আসামের চা, পাট থেকে ভারত সরকার বৈদেশিক মুদ্রা অর্জন করেন। আমরা এ কথা বলিনা যে সমস্ত বৈদেশিক মুদ্রা যা অর্জিত হয় তার সমস্ত দায়িত্ব আমাদের বরং এটা সারা ভারতবর্ষের জন্য অর্জিত হয়। সেইরকম সারা ভারতবর্ষে অন্যান্য যে সমস্ত সামগ্রি উৎপাদিত হয় সেগুলি কেন্দ্রীয় সরকারের একলার নয়- সারা ভারতবর্ষের এবং সেক্ষেত্রেও আমাদের দাবি আছে। সুতরাং এটা আমাদের ভিক্ষার পাত্র নয়। এ সম্পর্কে তারা কোনও কিছু জ্ঞান রাখেন না বলেই এইরকম ধরনের কথা তাঁরা বলেন। এখানকার যা কয়লা তাতে অন্য রাজ্যের দাবি আছে। সে হিসাবে আমরা বলেছিলাম কেন্দ্রীয় সরকারকে সংগ্রহ করতে হবে এবং তারা যদি সংগ্রহের দায়িত্ব নেন আমরা তাদের সঙ্গে সঙ্গতি রেখে সেইসব জিনিস ন্যায্য দামে জানসাধারনের কাছে পৌঁছে দেবার দায়িত্ব পালন করব। আমরা এই কথাই শুধু বলিনি তার সঙ্গে কেন্দ্রের কয়েকটি ব্যবস্থার কথাও বলেছিলাম। অর্থাৎ এই ধনতান্ত্রিক ব্যবস্থার মধ্যে কি কি ব্যবস্থা নেওয়া যেতে পারে তা আমরা এক দুই করে বলেছিলাম ভরতুকি সমস্ত জায়গায় দেবার কথা বলিনি, সমস্ত জায়গায় দেওয়াও যায়না। যে সমস্ত জিনিসের মানুষের নিত্যপ্রয়োজনে লাগে সেইসব জিনিসের ভরতুকি দেওয়া যায়। ভরতুকির পয়সা সরকার দেননা, সাধারণ মানুষের দেয় কর থেকেই তারা ভরতুকি দিয়ে থাকেন যা সর্বসাধারণের কাজে লাগে। খাদ্যশস্যের প্রয়োজন আছে এবং সেটা যদি ঘাটতি হয় তাহলে নিজে থেকে আমদানি করতে গেলে যদি ভরতুকি দিতে হয় তাহলে তার প্রয়োজন আছে। আজকে দেখা যাচ্ছে ভরতুকির বিরুদ্ধে কিছু তথা কথিত বুদ্ধিজীবিরা বলছেন ভারতের যা কিছু ইনফ্লেশন, ঘাটতি বাজেট তা সব কিছু হচ্ছে ভরতুকি দেবার ফলে। অতএব চাল ও গম থেকে যেটা দেওয়া হয় সেটা তুলে দেওয়া হোক। ভোজ্য তেল যেটা আনার জন্য ভরতুকি লাগে সেটাও তুলে দেওয়া হোক এবং যে সব একান্ত প্রয়োজনীয় সামগ্রী সেগুলি ওপর থেকেও ভরতুকি তুলে দেওয়া হোক। এটা একটা চালবাজী যাতে করে সাধারণ মানুষের উপর বোঝা বাড়ে, ইনফ্লেশন আরও বাড়ে, ধনী আরও ধনী হয়, কিন্তু যারা অর্থনীতি নিয়ে আলোচনা করেন যে তারা জানেন যে ইনফ্লেশন হচ্ছে ধনীকে আরও ধনী করার একটা রাস্তা। চিরকাল ধনতান্ত্রিক ব্যবস্থায় এই নিয়ম চালু আছে। আমরা যে কথা বলছি সেটা হচ্ছে যে কেন্দ্রের কাছ থেকে দাবি করবার অধিকার আমাদের আছে এবং সেই দাবি মানাবার দায়িত্ব আমাদের। এটা যদি স্বীকার না করেন তাহলে আপনারা কি মনে করছেন যে, যে রাজ্যে যে জিনিস উৎপাদিত হবে তা আর অন্য রাজ্যকে দেওয়া হবে না। যেমন গুজরাট এখন করছে সেখানে বাদাম তেল অধিক পরিমাণে হয় বলে তারা বলছেন যে আমাদের রাজ্যের প্রয়োজন শেষ হলে অন্য রাজ্যে সেটা দেওয়া হবে। এই সমস্ত জিনিস সম্পূর্ণ বেআইনি। চিনি মহারাষ্ট্রে অধিক পরিমাণে উৎপাদিত হয়

তারা তাদের প্রয়োজন মিটিয়ে অন্য রাজ্যকে দেবে এই জিনিস কেন্দ্রীয় সরকার চালাতে দিচ্ছেন, যেটা ঠিক নয়। এই জিনিস হয় না। কিন্তু করে চলেছে, কেন্দ্রীয় সরকার সেই জিনিষ চলতে দিচ্ছে। এই জিনিস চিনিতে ঘটছে, মহারাষ্ট্রে অধিক পরিমাণ চিনি উৎপন্ন হয়। তারা সেখানে তাদের নিজেদের প্রয়োজন মিটিয়ে অন্য লোককে দেবে এই নীতি তারা নিয়েছে। এটা আইন নয়, তারা বেআইনি ভাবে এটা করছে। এই জিনিস চলে না এবং এখানে যেটা বোঝা দরকার যে, আমরা আমাদের তরফ থেকে ১৪/১৫ টি নিত্যপ্রয়োজনীয় সামগ্রী জনসাধারণের কাছে ন্যায্য দামে দেবার চেষ্টা করেছি। কিন্তু তিন বছর আমাদের হয়ে গেল, এবং যারা মূল্য বৃদ্ধি সম্পর্কে অনেক কথা বললেন, তারা যদি দয়া করে

[4-55—5-05 p.m.]

আমাদের রাজ্যের বাইরে যান তাহলে দেখবেন যে পশ্চিমবঙ্গের নিত্য প্রয়োজনীয় দ্রব্য সামগ্রী সামগ্রিক ভাবে অন্যান্য সমস্ত রাজ্যের থেকে কম। তার কারণ এখানে বামফ্রন্ট সরকার, এবং পূর্ণ স্বার্থকতার দাবি আমরা করি না কিন্তু কিছু কিছু বিষয় ভাল এগিয়েছে সেটা সবাই জানে। অন্য দিকে কেন্দ্রীয় সরকার যে জিনিসের উপর দাম বাড়াবেন সেটা আমাদের মানতে হবে। চালের দাম তাঁরা বাড়িয়েছে কিন্তু গমের দাম বাড়াননি। একটা জিনিস সবাইকে আঘাত করছে সেটা হচ্ছে তেলের দাম, তেল মানে খাবার তেলের কথা বলছি না। এই যে পরিবহন খরচ, এক জায়গায় জিনিস তৈরি হয় অন্য জায়গায় তাকে পৌছতে হয়। অনেক ক্ষেত্রে কোনও জিনিস যেখানে উৎপন্ন হয় সেখানে সেটা ব্যবহার হয় না। ব্যবহার হয় সারা দেশে। অতএব সেখানে যদি সামান্য বৃদ্ধি ঘটে তাহলে সমস্ত অর্থনীতিতে তা ছড়িয়ে পড়বে, একটা বিষাক্ত বিষের মতো। অতএব এটা একটা চেন রিয়েকশন হয় সেটা বোঝা দরকার। যখন চরন সিং এর বাজেট দর বাড়ল তখন তিনি বললেন যে টোটাল অ্যাফেক্ট হবে ১০০ টাকায় আট পয়সা। কিন্তু কি দেখা গেল, সরকারি হিসাব অনুযায়ী শতকরা ১৯ ভাগ। আজকে শতকরা ১৩ ভাগ বেড়েছে, বলা হয়েছে সেটা জানুয়ারি পর্যন্ত। অর্থাৎ ফেব্রুয়ারিতে যে দাম গুলো বাড়লো সেইগুলি আজ কেন্দ্রীয় সরকার নূতন ইকনমিক রিভিউ যে পার্লামেন্টে দিয়েছেন, তার মধ্যে আনেন নি। সেখানে শতকরা তেরো ভাগ দেখছি, এখানে বলা হয়েছে We have crossed the hump. আমরা বিপদ কাটিয়ে এসেছি এখানে মৎস্য মন্ত্রী কালকে বিবৃতি রেখেছেন যে আমরা এই যে চাপ সেটা কাটিয়েছি জানুয়ারি পর্যন্ত। কিন্তু জানুয়ারির পর ফেব্রুয়ারি যেটা তিনি করলেন তার ফলে যে কি বাড়বে সে কথা তিনি বললেন না। বাজেট বাদ দিলেও যে কাজ তিনি করেছেন ইস্পাত, কয়লার দাম যে বাড়িয়েছেন তার ফলগুলি দেখব যে চরন সিং এর বাজেটের সঙ্গে এই মন্ত্রীসভার হার প্রায় একই দাঁড়িয়েছে। ওরা ১৩ ভাগ স্বীকার করে নিয়েছেন জানুয়ারি পর্যন্ত ফেব্রুয়ারিতে স্বীকার করছেন না। এই পরিস্থিতিতে আমরা বলেছিলাম কেন্দ্রীয় সরকারকে গুটি কতক দায়িত্ব নিতে হবে সেখানে তাঁরা বলেছেন লোন নেই। অনেকে মনে করেন যে এটা পাড়াপড়শির ভাগাভাগির ব্যাপার এখানে বিহার, মহারাস্ট্র যে চিনি সেটা কি মহারাষ্ট্র সরকারের না প্রাইভেট কোম্পানির। এখানে যে পাট সেটা কি যুক্তফ্রন্ট সরকারের না প্রাইভেট কোম্পানির। এই গুলির রিকুইজিশন করবার

ক্ষমতা কি রাজ্য সরকারের আছে? বক্তৃতা করার আগে সংশোধনীটা পড়া উচিত। ইকনমিক মডিটিস অ্যাক্ট বিল করলে হবে না। আমরা করে দেখিয়েছি যে এইগুলি পরিবর্তন করা রকার। আমরা এখানে বিল তৈরি করে রেখেছিলাম এবং দিল্লিতে পাঠিয়ে দিলে পড়ে াকবে- যতদিন না কেন্দ্রীয় সরকার সেই সংশোধনীতে রাজি হবেন। কেন্দ্রীয় সরকার লেন তোমরা কেন করছ। আমরা করে পাঠিয়ে দেব। শুক্লাজী বলেছেন, এবং পূর্ববর্তী রকারও বলেছেন যে এসেনসিয়াল কমোডিটিস অ্যাক্ট সমন্ধে গুটি কতক ফাঁক আছে যে লি বন্ধ করে দিলে কালোবাজারি রোধ করার সুযোগ আমরা পাব। শুক্লাজী বলেছেন এবং ার আগেও যাঁরাছিলেন তাঁরা বলেছেন যে এসেনসিয়াল কমোডিটি অ্যাক্টের মধ্যে গুটি য়েক ফাঁক আছে যেগুলি বন্ধ করে দিলে কালোবাজারি বন্ধের কিছু কিছু সুযোগ আমরা পতে পারি। ধনতান্ত্রিক ব্যবস্থায় কতকগুলি অবশ্যম্ভাবী পরিনতি আছে সেগুলি থেকে ামরা রেহাই পাব না। কিছু কিছু আমরা করতে পারি। এই কথাই তো আমরা বলেছিলাম। ামরা সেইজন্যই বলি- কেন্দ্রীয় সরকার আজ পর্যন্ত করেন নি। পরশুদিন শুক্লাজী একটা ঠি দিয়েছেন এই বাজেট সেশনে আমরা এটা বিল হিসাবে আনব। কিছুদিন আগে পার্লামেন্ট বার আগে বলেছিলেন যে আমরা অর্ডিনান্স করবো। কি কি বদল করতে হবে স্বীকার রেছেন। কিন্তু বদল টদল আজ পর্যন্ত হলো না। ১৯৮০ সালে শ্রীমতী গান্ধী সরকার রেছেন তারপর যে বদল করতে হবে তা রাজি হয়েছেন। কিন্তু আমরা যদি এখান থেকে রে পাঠাই তা পড়ে থাকবে- যেমন অনেক জিনিস পড়ে আছে। কত বিল তো আমরা াঠাচ্ছি এখান থেকে। বিল পাঠালে হয় না। তাদের হুকুম হওয়া চাই। কয়লার দাম নির্দিষ্ট রতে হবে- পড়ে আছে সেখানে মাসের পর মাস। সেখান থেকে তাঁরা অনুমতি দেবেন বে স্ট্যাটুটারি প্রাইস ফিক্স করতে পারব বা তা নিয়ে কিছু করতে পারবো। তার সঙ্গে সেনসিয়াল কমোডিটি অ্যাক্ট যদি তাঁরা পরিবর্তন না করেন সংশোধনী না করেন তাহলে হবে? আইনের মধ্যে আমাদের চলতে হবে অথচ সে আইনের কত রকম ব্যাখ্যা। এক জ এক দেন- অন্য জজ আর একদেন একই বিষয়ে মত। এর কথা মানলে ওঁর ঘরে নটেম্পট অব কোর্ট আর এঁর কথা মানলে ওঁর ঘরে কনটেম্পট অব কোর্ট। এই জিনিষ খানে চলেছে। এই অবস্থার মাধ্যমেও আমরা চেষ্টা করছি। সুতরাং এই ভাবে করলে হয় । আইন আর অর্থনীতি এক জিনিস নয়। অর্থনীতির ধারা দুটো আইন করে বদলে ওয়া যায় না। এঁরজন্য অর্থনীতির ব্যবস্থা নিতে হবে। সে অর্থনৈতিক ব্যবস্থা ছিলো বলিক ডিস্ট্রিবিউসন। আমরা চেয়েছিলাম যতদুর সুষ্ঠুভাবে সেটাকে ব্যবস্থা করা যায়। ং তারজন্য যে প্রয়োজনীয় আইন তা যদি আমাদের হাতে দেন তাহলে তা আমরা রতে পারব। এখানে অনেক কথা বলা হয়েছে। স্যার, আমি একটু সময় নেব। কথা বা ক্তৃতা দিয়ে অনেকে চলে গেলেন- বলা হলো প্রকিওরমেন্টের কথা। আর মশাই- কিওরমেন্ট কি কারণে করতে হয়। **(গন্ডগোল)** দাম স্থির রাখার জন্য করতে হয়। াকে যেন পায় নায্য দামে এরজন্যই প্রকিওরমেন্টের প্রয়োজন। কি অবস্থায় যে এই কথা া হয়েছে তার জ্ঞান নেই। তখন সেখানে কোনও সেন্ট্রাল স্টক ছিলো না। প্রত্যেক ন্যকেই নির্ভর করতে হতো তারই উপর যে তুমি তোমার নিজের কর। **(গন্ডগোল) (ডাঃ**

**জয়নাল আবেদিন - কি সব বলছেন?)** আমি আপনার কথা শুনেছি। আপনার কথা বলার সময় আমি একটাও বলি নি। কিন্তু যখন কথা বলবেন একটু জ্ঞান নিয়ে কথা বলবেন। গল্প করতে করতে মাঝে মাঝে চিৎকার করলে লাভ হয় না। গল্প করছেন গল্প করুন। ৫ লক্ষ টন করেছিলেন কিন্তু তা আপনারা চেপে রেখেছিলেন যাতে নাকি বাজারে না আসে এবং তারজন্যই আপনারা রাজত্ব হারিয়েছিলেন। আপনারা চাষিদের দাম জোর করে কমিয়ে রেখেছিলেন। আপনারা সেখানে কর্ডন- থানা কর্ডন সব করেছিলেন। আমি যা বলছি তার গভঃ রেকর্ড আছে। কোন্ কোন্ থানাতে দুর্ভিক্ষের অবস্থা হয়েছিলো। আপনারা এই ভাবে সংগ্রহ করেছিলেন ... দেশের লোকের এরূপ মনোভাব আপনারা তৈরি করেছিলেন যে আপনারা উল্টে গেলেন। এটা কি আমরা করে দিয়েছিলাম ..... না সেটা ঐ কৃতিত্ব? কোনটা কৃতিত্ব আর কোনটা ব্যর্থতা এ জ্ঞান এদের নেই। প্রফুল্ল বাবু অমন সুন্দর ব্যবস্থা করেছিলেন তাতেও সব উল্টে গেল। উল্টে তো ঐ জন্যই গেল। এতো লোকের মনে আপনারা কি অবস্থার সৃষ্টি করেছিলেন। তখন কেন্দ্রীয় ভান্ডার ছিলো না। এখন এখানে কেন্দ্রীয় ভান্ডার হয়েছে তারই পরিপ্রেক্ষিতে তারা সেখানে তুলে দিয়েছেন এবং এই গ্যারান্টি দিয়ে তুলে দিয়েছেন তোমাদের যা কিছু প্রয়োজন সব মেটাব। এটা জানেন না কারণ জানার প্রয়োজন ছিলো না। এখানে কিছু বলতে হবে তাই বলে গেলেন। এইজন্যই ৫ লক্ষ টন করেছিলেন। অনেকেই ৫ লক্ষ টন করে। কিন্তু রাজত্ব উল্টে গেলো তো? সেটা আসল ব্যাপার নয়। লোকে নায্য দামে পেল কিনা। গত ৩ বছরে চালের দাম বেড়েছে। কিন্তু যে দাম তার প্রকিওরমেন্ট প্রাইস বেড়েছে সে পরিমাণে বাড়েনি। ৩২ টাকা প্রকিওরমেন্ট প্রাইস বেড়েছে কিন্তু ৩২ পয়সা কি বেড়েছে দাম? তা বাড়েনি। দাম বেড়েছে তা স্বীকার করছি কিন্তু ৩২ পয়সা বাড়ে নি কারণ আমরা এখানে আছি। আপনারা সমগ্র ভাবে জিনিসটা দেখুন। আমি আপনাদের বলব আপনারা অন্য প্রদেশে যান। দেখুন সেখানে কেরোসিন চিনির কি দাম। মহারাষ্ট্র, দিল্লিতে চিনির কি দাম সেটা খোঁজ নিয়ে দেখে আসুন তারপর আমাদের বলবেন তাহলে ভাল হয়। কেন্দ্রীয় সরকার দায়িত্ব নেবেন না। এখন আমাদের এখানে চাল নেই। সম্প্রতি তাঁরা আরও কাটতে আরম্ভ করেছেন। পাঁউরুটির জন্য যে ময়দা দরকার সেখানে তাঁরা গমের পরিমাণ বেঁধে দিয়েছেন। এমন অবস্থায় কেটেছেন যে গ্রামে গম পাওয়া যায় না সেখানে গমের কালোবাজারি হচ্ছে যা আগে ছিলো না- এখন শুরু হয়েছে। গম তাঁরা কেটে দিয়েছেন- পাবলিক ডিস্ট্রিবিউশনকে কেড়ে নিয়েছেন। এ অবস্থা সেখানে হয়েছে। কেরোসিন যদি বিপুল পরিমাণ ঘাটতি হয় তাহলে অন্য কথা। কিন্তু এত ঘাটতি হবার কথা নয়। আমাদের চেয়ে ডবল কেরোসিন পায় মহারাষ্ট্র। তাদের কি জন সংখ্যা আমাদের ডবল? এটা তো মাথাপিছু হিসাব করতে হবে? ডিজেলেও তাই। প্রত্যেক ব্যাপারে আমরা এ জিনিস দেখছি। একজন বললেন যে ডিজেল আমাদের অনেক আছে আমরা লিফ্ট করতে পারি না। লিফ্ট আমরা করি নাকি? লিফ্ট তো কেন্দ্রীয় সরকার করে। লিফ্ট পশ্চিমবঙ্গ সরকার করে না। ওঁর ওটা জানার দরকার করে না। কথা বলতে গেলে যদি জানার দরকার না হয় তাহলে কি হবে- যা হোক বললেই হয়। যা হোক জানা দরকার যে লিফ্ট পশ্চিমবঙ্গ সরকার করেন না। সাধারণ মানুষ কেনে যখন অভাব হয়

তখন তারা কালোবাজারি থেকে কেনে। কাজেই আমরা লিফ্‌ট করতে পারি এ কথা আসে না লিফ্‌ট ডিস্ট্রিবিউশন সমস্ত কেন্দ্রীয় সরকার করেন সবই কেন্দ্রীয় সংস্থার হাতে। আজকে দেখা যাচ্ছে এই ভাবে তাঁরা প্রত্যেক ব্যাপারে আমাদের টাইট করছেন যে পিঠে যদি না মারি তো পেটে মেরে গন্ডোগোল করার চেষ্টা করব। তাই নানাভাবে চেষ্টা করছেন। আমি কয়েকটি কথা বলে শেষ করব। আমরা যে সম্পূর্ণ সার্থক হয়েছি তা নয় আমরা তা বলি না। আমরা বলেছিলাম এই অবস্থার মধ্যে সম্পূর্ণ সার্থক হতে পারে না। তবু আমরা খানিকটা লক্ষ্যতে পৌঁছতে চেষ্টা করব। যদি কেন্দ্রীয় সরকার দায়িত্ব নেন আমরা আমাদের দায়িত্ব নেব। আমরা আজ পর্যন্ত ১৪ টা বস্তু এনেছি সব জেলাতে দিতে পারি নি। সামান্য তেল তা এখানে কোথাও ছিঁটে ফোঁটা ওখানে কোথাও ছিঁটে ফোঁটা.. অর্থাৎ নামে এনেছি বটে কিন্তু সত্যিকারের সকল মানুষকে যদি দিতে পারতাম তাহলে হতো। আমরা কাপড় কাচা সাবান ও দিই আবার গায়ে মাখা সাবানও দিই। কিন্তু কতটুকু পায়। একজন পায় তো আর একজন পায় না। তেল আমরা ডিসেম্বরে ১০ হাজার টন পেয়েছিলাম জানুয়ারিতে সেটা আড়াই হাজার টন করা হলো। আমাদের জিজ্ঞাসা কন্ট্রাকটা কি চলে গেছে... চলে যায় নি। আমি খাদ্য তেলের কথা বলছি। আবার তাদের বলতে সেটা বেড়ে ৫ হলো।

[5-05—5-15 p.m.]

আবার সেটা বলতে ৫ হয়েছে। চিনির ব্যাপারে আমরা দিল্লির চেয়ে বেশি দিচ্ছি এবং দিল্লির খোলাবাজারে চিনির দাম বেশি। পশ্চিমবঙ্গ সরকার তাঁদের দায়িত্ব বর্তমান অবস্থায় পূর্ণভাবে পালন করবার চেষ্টা করছে, কিন্তু কেন্দ্রীয় সরকারের অসহযোগিতার জন্য এটা যতটা সার্থক হওয়া উচিত ছিল ততটা হয়নি।

**মিঃ স্পিকার ঃ** মাননীয় সদস্যদের অনুমতি নিয়ে আমি হাউসের সময় আধঘন্টা বাড়ালাম, আশাকরি আপনারা এতে সম্মতি দেবেন।

**শ্রী সুনীল বসুরায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে মোশন এখানে উত্থাপন করেছি তার উপর ৩টি সংশোধনী প্রস্তাব এসেছে এবং সেটা নিয়ে এতক্ষণ ধরে আলোচনা হল। আমি সমস্ত সংশোধনীর বিরোধিতা করে আমার বক্তব্য শুরু করছি। মোশন আনা হয়েছে কয়েকটা গুরুত্বপূর্ণ পণ্যের দাম যেভাবে বেড়েছে তার বিরোধিতা করে এবং সেই দামগুলি যাতে কম হয় সেইজন্য কেন্দ্রীয় সরকারের কাছে বিধানসভার তরফ থেকে আমরা আবেদন জানাচ্ছি। কিন্তু আমি দেখলাম এই প্রসঙ্গে এখানে অর্থনীতির কথা এসেছে, মুদ্রাস্ফীতির কথা এসেছে, মুদ্রাস্ফীতি কাকে বলে সেইসব প্রশ্ন এসেছে। এসব কথার উত্তর দেবার দরকার নেই, প্রয়োজনও নেই। স্যার, ভারতবর্ষের অর্থনীতি যেটা জমিদার এবং ধনিক শ্রেণীর স্বার্থে পরিচালিত হয় এখানেও দেখলাম তার প্রতিধ্বনি অনেক বক্তার কণ্ঠে। পেট্রোলের দামের ব্যাপার নিয়ে অর্থনৈতিক বিতর্ক হয়েছে এবং তাতে অনেক সদস্য উদ্বেগ প্রকাশ করেছেন যদিও তাঁরা ঐ জমিদার এবং মালিক শ্রেণীর প্রতিনিধি। Rise in Oil price has had a distrous impact on the trade gap which is estimated at anything between Rs. 4300 crores and Rs. 4800 crores for 1980-81. By

contrast last year's trade gap was only Rs.2262 crores and the previous highest was Rs.1222 crores back in 1975-76." স্বাভাবিকভাবে একটা প্রশ্ন যদি ধরা যায় এর ফলে যে আমদানি রপ্তানির হিসাব গোলমাল হয়ে যাবে এবং সেই গোলমাল আমাদের সমস্ত অর্থনীতিকে বিপন্ন করবে। আমরা কি দেখছি? গত এক বছরে জিনিসপত্রের পাইকারি দরের যে মূল্যসুচক তীব্র গতিতে উর্ধ্বগামী হয়েছে। গত অক্টোবর মাসে ছিল ২৬৫, ২৬৪.৭, আর ৭ই ফেব্রুয়ারিতে যে সপ্তাহ শেষ হয়েছে, এটা ২৬৫ অতিক্রম করে গেছে। স্বাভাবিকভাবে এভাবে মূল্যবৃদ্ধি হচ্ছে। এতে গোটা দেশের অর্থনীতির উপর দারুণ বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করতে বাধ্য। সেজন্য ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিল সভাকে এ বিষয়ের উপর যথেষ্ট গুরুত্ব আরোপ করার জন্য অনুরোধ করা হয়েছে। বার বার অনুরোধ করা হয়েছে ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিল কে যাতে প্ল্যানিং কমিশন যাতে মূল্য বৃদ্ধিরোধের উপর গুরুত্ব আরোপ করেন এবং যেগুলি জাতীয় মৌলিক অর্থনীতিকে দাঁড় করায়, সেই ইনফ্রাস্ট্রাকচার অর্থনীতির বাধা হয়ে দাঁড়ায়, কিন্তু বার বার আবেদন জানানো সত্ত্বেও কোনও সাড়া পাওয়া যায় নি। কি পাওয়া গেছে? যে বাজেট গতকাল পেশ হয়েছে, তাতে যে বিবরনী বেরিয়েছে, তাতে দেখা যাচ্ছে, জিনিসপত্রের দাম আরও বাড়বে। সেখানে এই আশা দেওয়া হয়নি যে আগামী বছর স্বাভাবিক অর্থনীতির ধারে কাছে অগ্রসর হতে পারবে। রাষ্ট্রপতি বাজেটের যুক্ত অধিবেশনে লোকসভায় যে ভাষণ দিয়েছেন তাতে তিনি বলেছেন আমরা একটা পাহাড়-এর সামনে এসে দাঁড়িয়েছি, হাম্পের সামনে এসে দাঁড়িয়েছি। এটা আজ তা ভাল করে বাজেটের মধ্য দিয়ে আমাদের সামনে তুলে ধরা হয়েছে, ঘাটতি বিরাট এবং বিপুল। এর ফলে আমাদের অর্থনীতির উপর চাপ সৃষ্টি হবে। বিগত বছরের ঘটনাগুলি থেকে এটা বুঝতে পারব। প্রদ্যোতবাবু ঘাটতি বাজেট নিয়ে অনেক কথা বলেছেন। আমি এখানে শুধু দেখাতে চাচ্ছি গত যোজনাযুক্ত বছরগুলি এবং যোজনাহীন বছরগুলিতে যে পরিমাণ ঘাটতি সংগ্রহ করেছি, তা হচ্ছে প্রায় ১৩০০ কোটি টাকা, ১২৯১০ কোটি টাকা। সময় নাই আমি বিস্তৃত বলতে চাইনা। গত ৩০ বছরে নেট রেজাল্ট ১৩০০ কোটি ঘাটতিতে এসে পৌঁছেছি, ১.৩ পয়সাও উন্নয়ন নাই, এবং আমাদের বিদেশের কাছে দেনা তা দিনের পর দিন বাড়ছে। কিভাবে বাড়ছে? আমরা দেখেছি যে বিদেশের কাছে আমরা অনেক টাকা ধার নিতে বাধ্য হচ্ছি, কেন? কারণ বিদেশের কাছ থেকে ধার না নিলে, বিদেশি পুঁজিবাদীদের কাছ থেকে ধার না নিলে আমাদের অর্থনীতি চলতে পারবেনা। আমরা সাত হাজার কোটি টাকা দেনা শোধ করার পরে আমাদের ১৩০০ কোটি দেনা আছে দুনিয়ার দরবারে এবং নতুন পদ্ধতিতে ঋণ সংগ্রহ করা হচ্ছে, ২০টি প্রজেক্টে কমার্সিয়াল লোক পুঁজিবাদী দেশ থেকে নেব। আমি শুনেছি ইতিমধ্যে বিভিন্ন দেশ থেকে বাণিজ্যিক ঋণ করা হয়েছে প্রায় ১ হাজার ৩০ মিলিয়ন ডলার বিশ্ব ব্যাঙ্কের কাছে, ব্যাঙ্ক ফর ইন্টারন্যাশনল সেটল্‌মেন্ট, তাদের হিসাব অনুযায়ী আমাদের গত বছরের জুন মাস পর্যন্ত দেনা ছিল, বাণিজ্যিক নয়, যেটা বিশ্ব ব্যাঙ্কের দেনা থেকে পৃথক, ৯০৬ মিলিয়ন ডলার।

[5-15—5-25 p.m.]

এবং এর সুদের হার কত? এর সুদের হার ১৭।১৮% যেখানে বিশ্বব্যাঙ্কের সুদের হার হয় ৯%। এই বিশ্বব্যাঙ্কের সুদের হারই আমাদের যেভাবে ডুবিয়ে দিচ্ছে তার উপর বাণিজ্যিক সুদের এই সব পুঁজিপতি দেশ থেকে এবং ঐ সমস্ত দেশের কোম্পানিগুলির কাছ থেকে ব্যাঙ্ক বাড়বে। কারণ এই সমস্ত দেনা শোধ করতে হবে আমাদের দেশের জিনিস রপ্তানি করে এবং আমাদের দেশে তাদের দেশ থেকে আমদানি বাড়িয়ে। ফলে এই আমদানির উপর আমাদের যে নির্ভরশীলতা এই নির্ভরশীলতা বাড়বে এবং সেই নির্ভরশীলতা আমাদের অর্থনীতিকে আরও বিপন্ন করতে বাধ্য। এই নির্ভরশীলতার একটা লক্ষ্যণ কিভাবে আমদানি করা পণ্যগুলিকে আমাদের দেশে যে দরে বিক্রি করার প্রয়োজন তার থেকে অনেক বেশি দরে বিক্রি করতে হচ্ছে সেটা এই পেট্রোলের ক্ষেত্রে দেখা যাচ্ছে। যেখানে ও পি ই সি দেশগুলি তাদের কাছ থেকে এই পেট্রোল যে দরে কিনছে তাতে তিন টাকা দরে বিক্রি করলে যথেষ্ট লাভ থাকে- কিন্তু আমরা বিক্রি করছি ৫.৪৮ পয়সা অর্থাৎ প্রতি লিটারে ২.৪৮ পয়সা পেট্রোলের জন্য নয় এই বাবদ আমরা দিচ্ছি। তাহলে এই টাকা যদি আমাদের দিতে হয় অন্য ব্যয় কমাতে হবে। স্বাভাবিকভাবে দেশে অভ্যন্তরের বাজার সঙ্কুচিত হবে এবং অভ্যন্তরের বাজার থেকে স্বদেশের পণ্য বিদেশগামী হবে এবং তার ফলে ভারতবর্ষের মানুষকে আরও অভাবের মধ্যে দিন কাটাতে বাধ্য করাবে। একথা কি করে বিরোধী পক্ষের মাননীয় সদস্য অস্বীকার করতে পারেন। তাহলে এই যদি অবস্থা হয় তাহলে এখান থেকে আমরা মুখ ফেরাব কিনা স্বদেশমুখী হব কিনা আমরা নিজের পায়ে দাঁড়াবার চেষ্টা করব কিনা যে স্বয়ংভরতার কথা অনেকে বলেন। ইন্দিরা গান্ধী প্রধান মন্ত্রী হবার পর প্রথম যে প্রেস কনফারেন্স করেছিলেন ২১শে অক্টোবর ১৯৮০ তাতে তিনি বলেছিলেন দর কমাবার ক্ষমতা আমার নাই তিনি একথা বলেছেন I am so acutely aware that some prices are high and the main culprits are sugar, gur, petroleum and its products. We are trying our best to control prices. Some prices simply cannot be controlled. I mean all those connected with petroleum. In to-day's world, prices are going up and India cannot be separated from it. কারণ দুনিয়ার পুঁজিপতি বাজারের উপর তাদের কাছে নেওয়া দেনার উপর আমাদের অর্থনীতি যেভাবে নির্ভরশীল তাতে এটাই হচ্ছে একমাত্র স্বীকারোক্তি যে অন্য কিছু করার উপায় নেই। অথচ মাননীয় বিরোধী পক্ষের সদস্য বললেন যে কেন্দ্রীয় সরকারের কোনও দায়িত্ব নেই। তিনি বোধ হয় তাঁদের নেতৃ যেটা প্রেস কনফারেন্সে ভাষণ দিয়েছিলেন সেটা পড়েন নি আমি এটা নিয়েছি যোজনা পত্রিকা থেকে যেটা কেন্দ্রীয় সরকারের কাগজ। এটা যদি না দেখেন তাহলে বিরোধী দলের যে দায়িত্ব সেটা তাঁরা ঠিকমতো পালন করছেন কি এই জবাব জনগণের কাছে গিয়ে তাঁদের দিতে হবে যে আপনারা সেটা পালন করছেন না। একথাটা সবিনয়ে স্বীকার করাটা মঙ্গলজনক হবে বলে আমি মনে করি। এই প্রশ্নটা তাহলে এখানে কেন? পেট্রোলের দর সারের দর কয়লার দরের কথা বলেছে। আমরা আর একটা হিসাব দেখছিলাম যে কিভাবে এই পেট্রোলের দর সারের দর- এটা আমাদের নিত্য প্রয়োজনীয় জিনিস- তার দর কে নিয়ন্ত্রণ ক[illegible]। ইকনমিক

পলেটিক্যাল উইকলি-তে এই সংবাদ দেওয়া হয়েছে। এগরিকালচারাল প্রাইস কমিশন ১৯৮০ সালের জুলাই মাসে চালের সংগ্রহ মূল্য ৯৫ টাকা ঠিক করলেন তার পরবর্তী কালে ডিজেলের দাম দর শতকরা ৫০ ভাগ বৃদ্ধি পায় সারের দর শতকরা ৩৭.৯ ভাগ বৃদ্ধি পায়। তখন চালের সংগ্রহ মূল্য ১০০ টাকা করেছিলেন—কেন্দ্রীয় সরকার ১০৫ টাকা করেছিলেন। আমাদের পশ্চিমবাংলা ১০৫ টাকায় কিনেছে। তাহলে সারের দর বৃদ্ধির উপর সরাসরিভাবে কৃষিজাত পণ্যের দর নির্ভরশীল এবং ওটা বাড়লে কৃষিজাত পণ্যের দর বাড়বে শিল্পজাত পণ্যের দর বাড়বে এটা বুঝবার অক্ষমতা কেন হোল। এটা তো সরকারি তথ্য, তাহলে সরকারি তথ্যকে অস্বীকার করছেন কেন? আমার কথা নয়, স্টেটসম্যান পত্রিকার কথা, তারা বলছেন, অ্যাডমিনিস্টারিং অব প্রাইস যে ভাবে হয়েছে তাতে দর আরও বাড়বে। আয়রন অ্যান্ড স্টিলের সেলিং প্রাইস বাড়ছে, রিটেনশন প্রাইসও বাড়ানো হবে। সেখানে টাটা দরবার করছে, পাবলিক সেকটর দরবার করছে। তারা বলছে, শতকরা ৫০ ভাগ সেলেবল প্রডাকশন হয়, আমাদের বেশি টাকা চাই। টাটা বলছে, ইনসটলড ক্যাপাসিটির বেশি আমরা প্রডাকশন করি কিন্তু তারপরেও আমাদের পড়তায় পোষাচ্ছে না, লাভ হচ্ছে না, আমাকে রিটেনশন প্রাইস বাড়িয়ে দাও। তাহলে সেলেবল স্টিলের রিটেনশন প্রাইস যদি বেড়ে যায় তাহলে গোটা ইকনমিক স্ট্রাকচারই ভেঙ্গে পড়বে, প্রাইস স্ট্রাকচার থাকবে না। আয়রন, স্টিল, কোল, ফার্টিলাইজার, পেট্রোলিয়াম এর উপরই তো গোটা অর্থনীতিটা টিকে আছে। উৎপাদনের সমস্ত শাখাগুলি এর দ্বারা নিয়ন্ত্রিত। সেইজন্যই বলা হয়েছে, পেট্রোলের দর বাড়লে গোটা অর্থনীতিটা ভয়ঙ্করভাবে বিপর্যস্ত হবে। ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিলের মিটিং-এও আমাদের রাজ্যের তরফ থেকে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন, পেট্রোলের দর বাড়লে তারপর বিদেশে পণ্য বেশি রপ্তানি করতে পারবেন এটা কবে ঠিক হ'ল? এখন যদি সমস্ত জিনিসের দর বেড়ে যায় তাহলে বিশ্বের বাজারে আপনারা পৌছাতে পারবেন না। স্বভাবতই আপনারা অর্থনীতিকে যেভাবে বুস্টিং করতে চাইছেন সেই বুস্টিং দিতে পারবেন না। এর ফলে সঙ্কট বাড়বে, কলকারখানা বন্ধ হবে, কৃষি বিপর্যস্ত হবে এবং সাধারণ মানুষের জীবনে দুর্দশা আরও বাড়বে। তারপর আপনারা বলবেন, রাজ্যসরকার দেখো, আমরা কত মহানুভব, আমরা জনগণের উপকার করার জন্য অবতীর্ণ হয়েছি। "ঢাল নেই তলোয়ার নেই নিধিরাম সর্দার।" দরের ক্ষমতা থাকলো কেন্দ্রের হাতে, তাদের বলা হয় যা খুশি করো, তাদের কোনও সমালোচনা হল না সেখানে আমরা বলব, তোমাদের পাপের ভ'র বহন করার জন্য আমরা ধরাধামে অবতীর্ণ হয়েছি, এটা তো হয়না। ভারতীয় অর্থনীতি যারা জানেন, ভারতীয় অর্থনীতিকে যারা বোঝেন ভারতের রাষ্ট্রীয় কাঠামোকে যারা জানেন তারা জানেন ভারতবর্ষের অর্থনীতি হচ্ছে কেন্দ্রীভূত অর্থনীতি। অর্থনীতি সংক্রান্ত সমস্ত নীতি কেন্দ্রে গৃহীত হয় এবং কেন্দ্র থেকেই পরিচালিত হয় এবং দেশের অভ্যন্তরে সমস্ত রাজ্যগুলিতে সেটা প্রসারিত হয়। সেই কেন্দ্রের নীতির যদি সংশোধন করা না হয়, পরিবর্তন করা না হয়, কেন্দ্রকে যদি দর কমাবার ব্যাপারে বাধ্য করা না যায়, মানুষের নিত্যপ্রয়োজনীয় জিনিসগুলি নিয়ন্ত্রিত দরে সরকারি বন্টন ব্যবস্থার, মাধ্যমে বিক্রি করার ব্যবস্থা না করা যায় তাহলে দরের ঐ পাগলা হাতিকে নিয়ন্ত্রন করা সম্ভব হবে

না, এই পাগলা হাতি আমাদের হত্যা করবে। আমরা বাঁচতে চাই, আমরা আমাদের দেশকে ভালোবাসি, আমাদের রাজ্যকে ভালোবাসি, আমরা আমাদের মানুষকে ভালোবাসি, সেই ভালোবাসা নিয়েই আজকে এই প্রস্তাব এখানে উত্থাপন করা হয়েছে দর বৃদ্ধির বিরুদ্ধে। তবে এতে আমরা নিশ্চেষ্ট থাকব না, আমরা যে আবেদন পাঠাব সেই আবেদন সাধারণ মানুষের মধ্যে তার প্রতিধ্বনি তুলবে। সেই প্রতিধ্বনি বিরাট শক্তি সঞ্চয় করে তার নিজস্ব গতিপথে অগ্রসর হবে। সেই পথে কেউ যদি বাধা হয়ে দাঁড়ায় তাহলে সেই বাধা অপসারিত হতে বাধ্য। এই বলে স্যার, আমার এই প্রস্তাব সমর্থন করার জন্য সমস্ত হাউসের কাছে আমি আবেদন জানাচ্ছি এবং এর উপর যে সমস্ত সংশোধনী এসেছে সেগুলির বিরোধিতা করছি।

[5-25—5-35 p.m.]

The motion of Shri Pradyot Kumar Mahanti that—

in para. 8, line 3, after the "প্রত্যাহার করা হোক," the words "এবং রাজ্য সরকারের নিয়ন্ত্রনাধীন নিত্যব্যবহার্য দ্রব্যগুলির বিতরণ ব্যবস্থার ত্রুটিসমূহ দূর করিবার জন্য রাজ্য সরকারকে সক্রিয় ভূমিকা গ্রহণ করিতে অনুরোধ জানাইতেছি" be added, was them put and lost.

The motion of Shri Prabodh Purkait that—

after para. 7, the following new paragraph be inserted, namely :—

"এই সভা আরও উদ্বেগের সহিত লক্ষ্য করিতেছে যে, মূল্যবৃদ্ধির ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের উল্লিখিত পদক্ষেপগুলির সাথে সাথে রাজ্য সরকার কর্তৃক বিক্রয় কর ও চুঙ্গি কর বৃদ্ধি, ডিজেল ও পেট্রোলের ক্ষেত্রে কেন্দ্রের ধার্য করের উপর রাজ্য সরকারের তরফে চাপানো ৯ শতাংশ বিক্রয় কর, কেন্দ্রীয় সরকারের সাথে সাথে রাজ্য সরকার কর্তৃক লিটার প্রতি কেরোসিন তেলের দুপয়সা দর বৃদ্ধি, সম্প্রতিকালে ট্রাম, বাস, ট্যাক্সির ভাড়া এবং রেশনের দর বৃদ্ধি, অত্যাবশ্যকীয় পণ্য আইনের সাহায্যে অসাধু ব্যবসায়ী, কালোবাজারি ও মজুতদারদের শাস্তি বিধানের ক্ষেত্রে রাজ্য সরকারের চরম ব্যর্থতার ফলে এই রাজ্যে জিনিসপত্রের মূল্যবৃদ্ধির সমস্যা আরও ভয়াবহ রূপ পরিগ্রহ করিয়াছে ;"। was then put and lost.

The motion of Shri Dhirendra Nath Sarker that the following be added at the end, namely :—

"মূল্যবৃদ্ধির ক্ষেত্রে রাজ্য সরকারের গুরুত্বপূর্ণ দায়িত্ব আছে। কালোবাজারি বন্ধ না হলে তা ক্রমবর্দ্ধমান আকার ধারণ করে। আকস্মিকভাবে এ রাজ্যের বাস, ট্রাম প্রভৃতির সাম্প্রতিক ভাড়াবৃদ্ধিতে পশ্চিমবাংলার সাধারণ মানুষ উদ্বিগ্ন। রাজ্য সরকারের আয়ত্বাধীন দ্রব্যসমূহের, যেমন আলু প্রভৃতির মূল্যবৃদ্ধি রোধে ব্যর্থ বর্তমান সরকারের কেন্দ্রীয় সরকারের

বিরুদ্ধে দোষারোপ সম্পূর্ণ রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত", was then put and lost.

The motion of Shri Sunil Basu Ray, that—

এই বিধানসভা গভীর উদ্বেগের সহিত লক্ষ্য করিতেছে যে,

সমগ্র ভারতে মূল্যবৃদ্ধির উর্ধ্বগতি বিগত একটি বছরে আদৌ হ্রাস পায় নাই, উপরন্তু তাহা তীব্রতর হইতেছে ;

এই মূল্যবৃদ্ধি আদৌ কোনও আকস্মিক ঘটনা নহে, পরন্তু, ইহা কেন্দ্রীয় সরকারের অর্থনীতিরই একটি বিষময় ফল, যাহা সম্প্রতি প্রকাশিত হয়েছে কেন্দ্রীয় সরকার কর্তৃক কয়েকটি অত্যাবশ্যক পণ্যের অস্বাভাবিক মূল্যবৃদ্ধি করিবার মধ্যে। বিগত এক বৎসরের মধ্যে পেট্রোল ও পেট্রোলজাত দ্রব্যাদির মূল্য বৃদ্ধি করা হইয়াছে দুইবার এবং তন্মধ্যে দ্বিতীয় বৃদ্ধি হইয়াছে ১২ই জানুয়ারি, ১৯৮১ তারিখে। উভয় বৃদ্ধিই হইয়াছে বাজেট পেশের ঠিক আগেই। ওপেক দেশগুলিতে পেট্রোলের মূল্যবৃদ্ধির ফলে ভারতে উহার মূল্য লিটার প্রতি তিন টাকার বেশি হইবার কথা নয়। কিন্তু মূল্য ধার্য হইয়াছে ৫ টাকা ৪৮ পয়সা। কেরোসিনের দাম বাড়িয়াছে লিটার প্রতি ১০ পয়সা, ডিজেল ৩৭ পয়সা, সর্বাধিক লুব্রিকেট তেল ৩৫ পয়সা, রান্নার গ্যাস সিলিন্ডার পিছু ৫ টাকা ৩ পয়সা। ফারনেস অয়েল, ন্যাপথা বিটুমেন, বিমানে ব্যবহার্য টারবাইন ফুয়েলের দামও অস্বাভাবিক বৃদ্ধি ঘটিয়াছে। মূল্য বাড়িয়াছে কয়লারও গড়ে টন প্রতি ২৭ টাকা, ইস্পাতের মূল্য বাড়িয়াছে শতকরা ২০ ভাগ ;

ষষ্ঠ যোজনায় ১২,২৯০ কোটি টাকার অতিরিক্ত সম্পদ সৃষ্টির অঙ্গস্বরূপ এই মূল্যবৃদ্ধি কার্যকর করা হইতেছে। আলোচ্য মূল্যবৃদ্ধির ফলে সাধারণ মানুষকে বর্তমান আর্থিক বৎসরেই অতিরিক্ত ১২ শত কোটি টাকা খেসারত দিতে হইবে ;

কৃষি, পরিবহন ও শিল্পের উপর এই মূল্যবৃদ্ধি প্রচন্ড আঘাত হানিতে বাধ্য। ইহার ফলে উৎপাদনে মন্দা ও মূল্য বৃদ্ধি অবশ্যম্ভাবী। আর এর প্রকৃত মূল্য হ্রাস পাইতে বাধ্য ;

দর-নিয়ন্ত্রণ ও তাহা নিম্নমুখী করিবার যে প্রতিশ্রুতি কেন্দ্রীয় সরকার দিয়াছিল তাহা পালিত হয় নাই ;

ফলে সকল পণ্যেরই মূল্য বাড়িতেছে। জানুয়ারি মাসেই প্রথম সপ্তাহের তুলনায় দ্বিতীয় সপ্তাহে বাড়িয়াছে শতকরা ৩.৮ ভাগ। বর্তমানে পাইকারি পন্যমূল্যের সূচক ২৬২.৭ ;

পরিণামে মুদ্রাস্ফীতি, মূল্যবৃদ্ধি, কালোবাজারির প্রসার, জনগণের আয় হ্রাস, জীবনযাত্রার ব্যয়বৃদ্ধি প্রচন্ড ভাবে ঘটিতেছে ;

তাই এই সভা এই পরিস্থিতির উন্নতি বিধানের জন্য, রাজ্যসরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের নিকট দাবি জানাইতেছে যে, কয়লা, পেট্রোল এবং পেট্রলজাত দ্রব্যাদির মূল্য বৃদ্ধি সম্পর্কে কেন্দ্রীয় সরকারের সাম্প্রতিক আদেশ প্রত্যাহার করা হোক। was then put and agreed to.

**মিঃ স্পিকার ঃ** এখন জনাব মহঃ সোহরাব, আপনি আপনার প্রস্তাব উত্থাপন করুন।

## MOTION UNDER RULE-185

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আমার ১৮৫ ধারায় নিম্নলিখিত প্রস্তাবটি উপস্থিত করছি যেহেতু পশ্চিমবঙ্গের বর্তমান সরকার শিক্ষার প্রাথমিক স্তরে ইংরাজি পঠন পাঠন বন্ধ করিয়া দিতেছেন ;

এবং যেহেতু শহরাঞ্চলে ইংরাজি মাধ্যম বিদ্যালয়ের প্রসারতা থাকায় শহরের ছেলে মেয়েরা ইংরাজি পড়িবার সুযোগ পাইবে ;

এবং যেহেতু শিক্ষানীতির ফলে গ্রাম বাংলার ছেলে মেয়েদের দ্বিতীয় শ্রেণীর নাগরিকে পরিণত হইবার সম্ভাবনা ;

এবং যেহেতু সর্বভারতীয় প্রতিযোগিতার ক্ষেত্রে বাঙ্গালির পিছাইয়া পড়িবার সম্ভাবনা ;

অতএব এই সভা দৃঢ়ভাবে দাবি করিতেছে যে এই রাজ্যের শিক্ষাক্ষেত্রে যে অনিশ্চয়তা দেখা দিয়াছে তাহা দূর করিবার নিমিত্ত বিশিষ্ট শিক্ষাবিদদের সহিত আলোচনা করিয়া সুষ্ঠু শিক্ষানীতি গ্রহণ করা হউক এবং প্রাথমিক স্তরে ইংরাজি পঠন পাঠনের ব্যবস্থা রাখা হউক।

এই প্রস্তাবের মাধ্যমে আমি এই কথা বলতে চাই যে পশ্চিম বঙ্গের গ্রামবাংলার মানুষকে This is the Government which bluffs the common people. This is the Government which sheds crocodile tears for the common people and this is the Government which says one thing and thus just the opposite মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই রেজলিউশনের মাধ্যমে আমি যে কথা বলতে চাই সেটা হচ্ছে, এই বামফ্রন্টের শিক্ষা নীতি বিশেষ করে ভাষা নীতি এবং এই ইংরাজি তুলে দেওয়া নিয়ে গতকাল মন্ত্রী পার্থ বাবু এবং মাননীয় মুখ্যমন্ত্রী, জ্যোতি বাবু একথা বলেছেন এবং সব থেকে আশ্চর্যের কথা হচ্ছে যে এরা কি করে সাধারন মানুষকে বিভ্রান্ত করতে চাচ্ছেন- আমরা কোনও সময়ে কেউ বলিনি যে English medium of instruction. হবে, এ কথা কোনও দিন বলিনি। আর মাননীয় মুখ্যমন্ত্রী বললেন যে আমরা ইংরাজি প্রাইমারি লেভেলে রাখতে চাচ্ছি, আমরা বাংলাকে তুলে দিতে চাচ্ছি, আমরা ইংরাজিতে সমস্ত কিছু করার কথা বলেছি। আমরা এই কথা কখনও বলিনি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কোনও ক্ষেত্রে কেউ বলেনি, কোনও শিক্ষাবিদ বলেনি যে মিডিয়াম অব ইন্সট্রাকশন তার মাতৃভাষায় হবেনা। আমরা সব সময়ে বলেছি যে মাতৃভাষার মাধ্যমে আজকে মাধ্যমিক স্তরে, প্রাথমিক স্তরে, এমন কি উচ্চস্তরেও শিক্ষা দেওয়ার ব্যবস্থা করা হোক। কিন্তু এই বামফ্রন্ট সরকার যেটা করতে যাচ্ছেন- আজকে এরা ইংরাজি তুলে দেবার কথা ঘোষনা করছেন। আপনি আশ্চর্য হয়ে যাবেন যে এই সরকার সল্টলেকে ইংরাজি মিডিয়াম প্রাইমারি স্কুল স্থাপন করেছেন। আজকে একথা কি পার্থবাবু জানেন না? কাজেই যে সরকার গোটা পশ্চিম বাংলার ছোট ছোট ছেলেমেয়েদের জন্য, গ্রামবাংলার ছেলেমেয়েদের জন্য বলছেন যে

ইংরাজি পড়ানো হবেনা, ইংরাজি তুলে দিচ্ছে, সেই সরকারই আবার সল্টলেকে ইংরাজি মিডিয়াম প্রাইমারি স্কুল স্থাপন করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কোঠারি কমিশনের কথা বলা হচ্ছে- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, একজন ল'ইয়ার হিসাবে যে যখন কোনও ল'এর একটা ক্লজ থাকে এবং সঙ্গে সঙ্গে তার যদি কোনও প্রভিসেসা থাকে, সেই প্রভিসেসাকে যদি নামানো যায় তাহলে সেই ক্লজের মেন জিনিসটা মিনিংলেস হয়ে যায়। গতকাল মাননীয় মন্ত্রী কোঠারি কমিশনের রিপোর্ট সম্বন্ধে বলতে গিয়ে এন.সি.ই.আর.টি-র-ও উল্লেখ করলেন। কিন্তু আমি তাঁকে বলব যে, সেখানে পরিবেশ সৃষ্টি করার কথাও বলা হয়েছে। অথচ উনি সে কথা বললেন না। আজকে এখানে যে পরিবেশ রয়েছে তাতে পাড়াগাঁয়ের ছেলেরা ইংরাজি পড়বে না, আর কলকাতা এবং অন্যান্য আর্বান এরিয়ার ছেলেরা মাসে ২০০ টাকা বেতন দিয়ে ইংলিস মিডিয়াম স্কুলে, মিশনারি স্কুলে পড়বে। আজকে মধ্যবিত্ত ঘরের ছেলেরা লেখাপড়া শেখবার জন্য ইংলিস্ মিডিয়াম স্কুলে গিয়ে ভিড় করছে। সুতরাং কোঠারি কমিশনের যেটা সব চেয়ে বড় কথা, সেটার সম্বন্ধে ওঁরা কিছুই বলছেন না। কমন স্কুল যদি না করা যায় তাহলে কি হবে, সে সম্বন্ধে কোঠারি কমিশন কি বলছে দেখুন, Kothari Commission says-The Common School-In a situation of this type we have in India it is the responsibility of the educational system to bring the different social classes and groups together and thus promote the emergence of an egalitarian and integrated society. But this is one of the major weaknesses of the existing educational system. Instead of trying to provide good education to all children, or at least to all the able children from every stratum of society, it is available to a small minority which is selected, not on the basis of talent, but on the basis of its capacity to pay fees. If these evils are to be eliminated and the educational system is to become a powerful instrument of national development in general, and social and national integration in particular, we must move towards the goal of common school system of public education which will be open to all children irrespective of caste, creed, community, religion, economic condition, or social status, where access to good education will depend, not on wealth or class, but on talent; which will maintain adequate standards in all schools and provide, at least, reasonable proportion of quality institutions, which would meet the needs of the average parent, so that he would not ordinarily feel the need to send his children to expensive schools outside the system. সুতরাং পশ্চিম বাংলায় যদি কমন স্কুল সিস্টেম চালু করা যায়- অবশ্য পার্থ বাবু তা করবেন না আজকে পাড়াগাঁয়ে তিন বছরের মেডিকেল কোর্স চালু করে সেখানকার মানুষদের কোয়াক ডাক্তারদের হাতে তুলে দিচ্ছেন। আর এখানকার, কলকাতার মানুষদের শিক্ষিত ডাক্তাররা দেখবে। সেই রকম শিক্ষা ব্যবস্থাও আজকে চালু করা হচ্ছে। কিন্তু আমাদের বক্তব্য ইংরাজিতে শিক্ষা দিতে হবে, ইংরাজির প্রয়োজন আছে। এবিষয়ে আমার একটি প্রশ্নের উত্তরে মাননীয় মন্ত্রী বলেছিলেন শিক্ষা, শিক্ষাক্রম এবং পাঠ্যসূচি নিয়ে যখন আলোচনা হবে তখন তিনি এবিষয়ে

বলবেন। আমি বলতে চাই আজকে রুরাল বেঙ্গলের মানুষকে ভাঁওতা দেওয়া হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়,. মুখে এক কথা বলে কার্যত যদি অন্য রকম করা হয় তাহলে বাংলাদেশের মানুষ এত বোকা নয় যে, কিছু বুঝবে না। আপনারা যে ব্যবস্থা করতে যাচ্ছেন তাতে হুজুরের ছেলে, হুজুর হবে, আর মজুরের ছেলে মজুর হবে। এ বিষয়ে "ইন্ডিয়া টু ডে" পত্রিকায় একটা আর্টিকেল বেরিয়েছে, তাতে লিখছে, Abolition of English is the first step towards digging mutual trench between Bengal and the rest of the country. I wonder if it is a long term plan of some sort. The language policy is a smoke-screen. The Front's real motive is to deprive the people of access to higher education and plug the exchange of educational and cultural ideas and information. It is dangerous for their existence. আজকে আপনারা ইংলিশকে প্রাথমিক শিক্ষার স্তর থেকে তুলে দিচ্ছেন, এর ফলে হায়ার এডুকেশন পেতে ছেলে-মেয়েদের অসুবিধা হবে। মাননীয় মুখ্যমন্ত্রী গতকাল তাঁর স্টেটমেন্টে বলেছেন গোটা ভারতবর্ষের কোনও কোনও জায়গায় প্রাথমিক স্তরে ইংরাজি পড়ানো হয়। তাতে আমরা দেখতে পাচ্ছি কেবল মাত্র ৩/৪টি স্টেটে ক্লাশ ফাইভ্ থেকে ইংরাজি পড়ানো হয়। তা ছাড়া বাকি সব স্টেটেই কোথাও ক্লাশ থ্রি থেকে কোথাও ক্লাশ ফোর থেকে ইংরাজি পড়ানো হয়।

[5-35—5-45 p.m.]

ক্লাস থ্রি, ক্লাস ফোর, ক্লাস ফাইভ কি প্রাথমিক স্তরে নয়? মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষার দিক থেকে বাংলা একদা উন্নত ছিল আজকে সমস্ত দিক থেকে পেছিয়ে দেবার জন্য একটা চক্রান্ত চলেছে। আজকে ন্যাশনাল ইনট্রিগিটির জন্য সমস্ত ভারতবর্ষ যেখানে এক দেশের অধিবাসী, একই সঙ্গে সমস্ত কিছু করতে চাচ্ছে সেখানে পশ্চিমবাংলার মানুষ যদি আজকে এইভাবে পিছিয়ে পড়ে তাহলে দেশ কোথায় যাবে? কালকে পার্থবাবু বললেন, কতকগুলি ছেলের চাকুরির জন্য কি শিক্ষা ব্যবস্থা হবে। চাকুরির জন্য শিক্ষা ব্যবস্থা যদি না হয় তাহলে শিক্ষা ব্যবস্থার মধ্যে কি জব্ ওরিয়েনটেড এডুকেশনের ব্যবস্থা করতে পেরেছেন? আপনারা কিছুই করবেন না। সবাইকে ডিগ্রি দিয়ে মার্কসিজম্ প্রচার করবার ব্যবস্থা নিচ্ছেন। এর মধ্য দিয়ে যুবকদের মধ্যে ফ্রাসটেশন আসবে এবং আপনারা ফ্রাসটেটেড ইউথ সৃষ্টি করার জন্য এই ব্যবস্থা হাতে নিয়েছেন। মাননীয় পার্থবাবু বললেন ইন দি নেম অব ডেমোক্রাটিক এডুকেশন তিনি ফ্রি এডুকেশন করে দিয়েছেন। ইজ ইট ফ্রি এডুকেশন? আপনি ম্যাকসিমাম বলতে পারেন রেমিশন অব টিউশন ফি করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, এতদিন কি ছিল, ক্লাস ফাইভ সিক্স-এ বেতন ছিল ৩ টাকা, সেভেন এবং এইটে বেতন ছিল ৩ টাকা ৭৫ পয়সা, এবং নাইন, টেনে ছিল সাড়ে ৪ টাকা আর এগারো ক্লাসে ছিল ৮ টাকা এটা উনি মকুব করেছেন। হ্যাঁ, নিশ্চয়ই উনি ভাল কাজ করেছেন। কিন্তু ইউ ক্যান নট ক্লেম যে আপনি ফ্রি এডুকেশন করেছেন। আপনি কি করেছেন ফ্রি এডুকেশনের বদলে রেমিশন অব টিউশন ফি করেছেন। কিন্তু আপনারা ক্লাস ১১ এবং ১২ ক্লাসের বই কিনতে যান, দেখবেন ২৫ থেকে ৩০ টাকা কমে পাওয়া যাবে

না। ক্লাস নাইন টেনের বই ১৫ থেকে ২০ টাকার কমে পাওয়া যাবে না। আজকে আপনারা টিউশন ফি মকুব করেছেন কিন্তু এডুকেশনের খরচা প্রচুর বেড়ে গেছে। তবে আপনারা যেটা ক্লেম করেছেন যে ফ্রি এডুকেশন করে দিয়েছি ইট ইজ নট অ্যাটঅল সো-এটা কিছুতেই হতে পারে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে তাই এই হাউসের কাছে অনুরোধ করব যে, আমরা যে রেজোলিউশন এনেছি সেটা সমর্থন করা হোক। গতকাল পার্থবাবু তাঁর বক্তৃতার মধ্যে বলেন নি কিন্তু আজকের খবরের কাগজে দেখলাম তিনি ইন্ড্ করেছেন যে ক্লাস ওয়ান এবং ক্লাস টু পড়ানো হবে না কিন্তু ক্লাস থ্রি, ফোর এবং ফাইভ এ ইংরাজি পড়ানো হবে। আজকে সাধারণ মানুষের যে দাবি সোচ্চার হয়েছে তারজন্য তাঁকে ইন্ড্ করতে হয়েছে এবং তারই জন্য তিনি এই কথা বলেছেন। সেইজন্য এই হাউসের কাছে এই অনুরোধ করছি, পশ্চিমবাংলার মানুষের স্বার্থে পশ্চিমবাংলার মানুষ যাতে পিছিয়ে না যায়, জ্ঞান সাধনায় যাতে পিছিয়ে না পড়ে তারই জন্য এটা সমর্থন করা হোক। আমরা তো কোথাও বলিনি যে ইংরাজির মাধ্যমে করা হোক। অল ইন্ডিয়া কমপিটিশনে, সায়েন্সে এবং টেকনোলজিতে যাতে পিছিয়ে না পড়তে পারে সেইজন্য এই রেজোলিউশন এনেছি এবং এটা সমর্থন করার জন্য আহ্বান জানাচ্ছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, প্রথমে আপনি প্রত্যেক মাননীয় সদস্যকে রেজলিউশন এবং অ্যামেন্ডমেন্টগুলি মুভ করতে বলবেন এটাই রীতি এবং সেভাবে আমাদের অ্যালাউ করবেন।

**মিঃ স্পিকার ঃ** তাহলে সেই ভাবে হোল প্রোগ্রাম ড্র করতে হয়। এভাবেই প্র্যাকটিশ চলছে যে, all amendments are generally taken as moved.

**শ্রী রামনারায়ণ গোস্বামী ঃ** আমার বক্তব্যের যে সময়টুকু চলে গেল সেটা যেন দেওয়া হয়।

**শ্রী শশবিন্দু বেরা ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, আগে অ্যামেন্ডমেন্ট মুভ করতে হবে, এটাই যদি সব সময় প্রসিডিওর হয় তাহলে দ্যাট উইল গো ইনটু রেকর্ডস। সেটাই হল ইউজুয়্যাল প্র্যাকটিশ ইন দি হাউস।

**মিঃ স্পিকার ঃ** আমরা সাধারণত রেজলিউশন এবং অ্যামেন্ডমেন্টগুলি উই টেক দেন অ্যাজ মুভড।

**শ্রী শশবিন্দু বেরা ঃ** It is our special right to move our amendments.

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** স্যার, আপনি হাউসে অনেকদিন আছেন, আপনি জানেন আগে অ্যামেন্ডমেন্ট বা রেজলিউশনগুলিকে ফর্মালি মুভ করতে হতে হয়, সেটা প্রসিডিংসে যায়।

**মিঃ স্পিকার ঃ** তাহলে আমাকে সেইভাবে পার্টি লিস্ট করতে হয়।

**শ্রী রামনারায়াণ গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বামফ্রন্ট সরকার প্রাথমিক স্তর

থেকে ইংরাজি তুলে দেওয়ার যে প্রস্তাব এনেছেন এই প্রস্তাবে অনেক সদস্য আতঙ্ক প্রকাশ করেছেন। তাঁরা বলেছেন যে বামফ্রন্ট সরকার তাঁদের শিক্ষা নীতির মাধ্যমে হিসেবে যে ভাষানীতি চালু করতে চাইছেন এতে নাকি সর্বনাশ হয়ে যাবে। তাঁরা বলেছেন যে পশ্চিম বঙ্গের গ্রামাঞ্চলের ছেলেমেয়েরা দ্বিতীয় শ্রেণীর নাগরিক হয়ে যাবে এবং বাংলা দেশের শিক্ষা, সংস্কৃতি, ঐতিহ্য, কৃষ্টি সবই নাকি বিপর্যস্ত হয়ে যাবে। পশ্চিমবঙ্গের ছেলেরা সর্বভারতীয় প্রতিযোগিতায় হটে যেতে বাধ্য হবে। তাঁরা এইভাবে তাঁদের আতঙ্ক প্রকাশ করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জিজ্ঞাসা করি যে বিরোধীদলের বন্ধুরা এতদিন কি করছিলেন? কিছুদিন আগে তাঁরা সহজপাঠ নিয়ে হৈ চৈ শুরু করলেন, রবি ঠাকুরের কথা নিয়ে সরকারের বিরুদ্ধে দাঁড়ালেন। আমরা যেটা বলছি তা হচ্ছে এই যে আজকে ভাষানীতির যে বিরোধ করা হচ্ছে আতঙ্ক প্রকাশ করা হচ্ছে এটা কোনও বিচ্ছিন্নতা নয়, মাত্র সাড়ে তিন বছর এসেছি আমরা, কিন্তু তার আগে প্রাথমিক শিক্ষার কি অবস্থা ছিল? আজকে প্রাথমিক শিক্ষার অবস্থা দেখে তাই ওঁরা আতঙ্কগ্রস্ত হয়ে হামলা শুরু করেছেন। বাংলা দেশের গরিব মানুষদের ছেলেরা শিক্ষার সুযোগ পাবে। আমরা গ্রাম পঞ্চায়েত থেকে ওদের হটিয়ে দিয়েছি গ্রাম বাংলার ক্ষেতমজুর, কৃষক প্রভৃতির ছেলে মেয়েদের আমরা শিক্ষার ব্যবস্থা করছি। তাতেই ওঁরা বলে বেড়াচ্ছেন যে আমরা ছোটলোক খেপাচ্ছি।

[5-45—5-55 p.m.]

আমরা যখন বেকার ভাতা চালু করি তখন তারা আতঙ্কিত হয়ে বললেন সি.পি.এমের ক্যাডার ভাতা চালু করছি। আমরা যখন শিক্ষার জন্য লড়াই করি, তখন তারা বলেন আমরা শিক্ষা জগতে হস্তক্ষেপ করছি। আমরা বলতে চাই জমিতে কায়েমি স্বার্থ আছে, পঞ্চায়েতে যেমন কায়েমি স্বার্থ ছিল তেমনি শিক্ষা জগতেও কায়েমি স্বার্থ ছিল। আমরা যখন জমিদার জোতদারে কাছ থেকে জমি ছিনিয়ে নিতে চাই ভূমিহীন কৃষকদের দেবার জন্য তখন আমরা অনুরূপভাবে শিক্ষা জগতের যিনি বাগদেবী সেই বাগদেবী যিনি উপরের তলায় শৃঙ্খলিত হয়ে আছে তাঁকেও আমরা মুক্ত করতে চাই। অর্থাৎ জনসাধারণের কাছে আমরা শিক্ষাকে পৌঁছে দিতে চাই। এটা খুব সহজে হবেনা, যেমন জমির লড়াইয়ে জমিদার জোতদার বিরুদ্ধে সহজ হয়নি। পশ্চিমবাংলার মানুষ আমাদের পক্ষে আছে তাদের আশীর্বাদ আমাদের সঙ্গে আছে এবং সেই আশীর্বাদ নিয়ে যেমন আমরা ক্ষেতে খামারে কলকারখানায় লড়াই চালাচ্ছি তেমন শিক্ষা জগতেও বাস্তু ঘুঘুদের বিরুদ্ধে লড়াই করে যাব। আপনারা জানেন আমাদের যে ভাষানীতি সেটা হচ্ছে আমাদের সার্বিক শিক্ষানীতির একটা অংশ। আমাদের এই শিক্ষা নীতির মূল কথা হল তিনটি- সকলের জন্য শিক্ষা ব্যবস্থা চাই। মাতৃভাষায় শিক্ষা চাই, বিজ্ঞান ভিত্তিক শিক্ষা ব্যবস্থা চাই। এই শিক্ষা নীতির পরিপূরক হিসাবে সাঁওতালি ভাষা এবং নেপালি ভাষাকে আমরা স্বীকৃতি দিয়েছি। ১২ ক্লাশ পর্যন্ত শিক্ষা ব্যবস্থা করেছি বিনা বেতনে পড়ার, গ্রামে গ্রামে প্রাইমারি স্কুল করবার চেষ্টা করছি। গতকাল আমাদের মন্ত্রিমহাশয়ের কাছ থেকে শুনলাম ৪ লক্ষের মতো ছেলে এইসব স্কুলে পড়াশুনো করছে, প্রাইমারি স্কুলে নিউট্রিশন প্রথা চালু করেছি এবং আপনারা জানেন যে

স্কুলে শুধুমাত্র বিনা পয়সায় বই দেওয়া হয়না খাতা, শ্লেট ও পোশাক আমরা প্রাইমারি স্কুলে দিয়ে থাকি। শিক্ষা নীতির পরিপূরক হিসাবে অন্য রূপে ভাষাকে দেখছি এবং আমাদের ভাষানীতির মূলকথা হল এই যে ইংরাজিকে আমরা বাতিল করছি না- আমরা শুধু প্রাথমিক স্তর পর্যন্ত দ্বিতীয় ভাষা হিসাবে ইংরাজি রাখার বিরোধী। ওঁরা বলছেন এটা করার ফলে গ্রাম বাংলার ছেলেমেয়েরা দ্বিতীয় শ্রেণীর নাগরিক হয়ে যাবেন। আমরা বলতে চাই ভাষা শুধু ভাব প্রকাশের মাধ্যম নয়, ভাষা হচ্ছে মানসিকতার গঠনের একটা ভালো হাতিয়ার এবং মাতৃভাষা হচ্ছে মানসিক সচেতনার একটা উন্মেষ। তাই আজকে ইংরাজির জন্য এত ওকালত যারা করছেন তারা আসলে পশ্চিমবাংলার মানুষকে দাস মনবৃত্তির মধ্যে আটকে রাখতে চান, ঔপনেবিশক মনোবৃত্তির মধ্যে আটকে রাখতে চান। শহরে ইংলিশ মিডিয়াম স্কুল আছে সেই স্কুলে বড় লোকের ছেলেরা যাবার একটা সুযোগ আছে এদের আমি বলব জাহান্নমে যাবার সুযোগ। তাই রবীন্দ্রনাথ বলেছিলেন- বাংলা ভাষা তখন শিক্ষিত সমাজে অন্দরের মেয়ে মহলে ঢেলে রেখেছিল, সদরে ব্যবহৃত ইংরাজি। আমাদের বাড়িতে এর বিকৃতি ঘটতে পারেনি।

স্বাধীনতার এই ৩৩ বছর পরেও ইংলিশ মিডিয়াম স্কুলগুলি সব শহরের মধ্যে সীমাবদ্ধ। কিন্তু এই সমস্ত ইংলিশ মিডিয়াম স্কুলে পড়াশোনায় স্বাধীন চিন্তা বিকাশের কোনও সুযোগ নেই- এটা একটা বিকারের প্রকাশ মাত্র। খোদ রবিঠাকুর বলেছেন, পৃথিবীর কোথাও ১১ বছরের কম বয়সী ছেলেমেয়েদের দ্বিতীয় ভাষায় শিক্ষার কোনও ব্যবস্থা নেই। জ্যোতিবাবু সমাজতন্ত্রের কথা বলেন, চীন ও রাশিয়ার কথা বলেন। প্রাক্তন বিচারপতি শঙ্করপ্রসাদ মিত্র যিনি এক সময়ে কংগ্রেসি মন্ত্রী ছিলেন তিনি সব সময়ে কন্ট্রাডিক্টারি কথা বলেন। আমি জ্যোতিবাবু বা শঙ্কর বাবু কি বলেন সে দিকে যেতে চাই না। ১৯৩০ সালে রবি ঠাকুর মস্কো সফরে গিয়েছিলেন এবং সেখানে অধ্যাপক পেত্রোসভের সঙ্গে তাঁর আলোচনা হয়েছিল। অধ্যাপক পেত্রোসভের সঙ্গে রবি ঠাকুরের যে আলোচনা তা শারদীয়া সত্যযুগ পত্রিকায় বেরিয়েছে, তাতে দেখা যায় রুশ দেশে ইংরাজিতে কোনও মূল পাঠ্যপুস্তক প্রকাশিত হয় না- সবকিছু রুশ ভাষাতেই প্রকাশ করা হয়। আপনারা সকলেই জানেন যে সত্যযুগ পত্রিকায় ১০ দিন ধরে বেরিয়েছে যে, একমাত্র নাগাল্যান্ড ছাড়া কোনও রাজ্যেই ক্লাস ওয়ান, টু বা থ্রিতে ইংরাজিতে পড়ানো হয় না। জ্যোতিবাবু বলেছেন যে, কর্নাটক, তামিলনাড়ু, কেরালা এইসব রাজ্যে ক্লাস সিক্স থেকে ইংরাজিকে দ্বিতীয় ভাষা হিসাবে পড়ানো হয়, এবং আপনারাও জানেন যে সেটি বেশিরভাগ রাজ্যেই ঐচ্ছিক, আবশ্যিক কিছু নয়। অথচ বিরোধীরা পশ্চিমবাংলায় এটাকে প্রাথমিক স্তর থেকে বহাল রাখবার জন্য জোর দিচ্ছেন। কি মমত্বই না এঁদের এই ইংরাজিকে নিয়ে, যা ইংরেজদেরও বোধ হয় ছিল না- এঁরা সকলেই বড় বড় ইংরেজি জানা পন্ডিত। একটা গল্প আছে যদিও গল্প নয়, একটি সঠিক কথা- একজন শিক্ষক ছাত্রকে ডেকে বলছেন, "আচ্ছা বাবা বলতো, ইংরেজরা এদেশ থেকে চলে গেল কেন ; তা সে বললে- আমাদের নেতাজী, গান্ধীজী- এঁরা সবাই লড়েছিলেন বলে তারা চলে গিয়েছিল। তখন ঐ শিক্ষক বললেন, না, তারা ইংরাজি ভাষার দুর্গতি দেখে এদেশ ছেড়ে চলে গিয়েছিল।" এই ভোলাবাবুর মতো লোক যাঁরা ইংরাজি বলেন তাঁরা

ইংরাজি ভাষার ভাল কিছু করছেন না, তাঁরা ইংরাজি সাহিত্য সম্বন্ধে বোঝেন না, তাঁরা নিজের মাতৃভাষাকে পরিত্যাগ করে ইংরাজি নিয়ে চর্চা করেন বা ইংরাজি বহাল রাখবার জন্য বলছেন। শিশুদের পক্ষে এটা একটা প্রানান্তকর শাস্তি ছাড়া কিছু নয়। তাই রবিঠাকুর বলেছিলেন- ইংরেজি শিখতে গিয়ে বাংলাকে ভুলে গেলে। আমরা ইংরাজি শিখতে গিয়ে বাংলাকে ভুলে যেতে বসেছি আমাদের দেশের মাইকেল মধুসূদন দত্ত যিনি ইংল্যান্ডে গিয়েছিলেন সাহিত্য চর্চা করতে তিনি এদেশে ফিরে এসে বললেন, "মজিনু বিফল তবে অবরেন্যে বরি।" তিনি এই অবরেন্যকে বরণ করবার জন্য সারা জীবন ধরে আক্ষেপ করে গেছেন আর বলেছেন, "যে ভুল করেছিলাম আমি অবরেন্যকে বরণ করতে গিয়ে.....।" তাই আজকে তাঁরা সেই অবরেণ্যকে বরণ করতে চান। এখানে অধ্যাপক হরিপদ ভারতী আছেন, উনি বাংলা ভাষায় পন্ডিত এঁদের রবিঠাকুরের ভাষায় সুর মিলিয়ে বলতে পারি যে, মাতৃভাষায় শিক্ষা হচ্ছে মাতৃস্তন্যে লালিত হওয়ার মতো একটা ব্যাপার। মাতৃভাষাকে বরণ করতে গিয়ে যদি দ্বিতীয় নাগরিকের পরিচয় লাভ করতে হয় তাহলে আমি বলব যে, রবিঠাকুর, রামেন্দ্র সুন্দর ত্রিবেদীর মতো মনীষীরা সেই প্রচেষ্টা করে গেছেন, এবং আমরাও ঐরকম দ্বিতীয় শ্রেণীর নাগরিকত্ব পেতে চাই সে তো আমাদের কাছে এক আশীর্বাদ। কারণ মাতৃভাষাকে বরণ করে আমরা বিশ্বের দরবারে প্রথম শ্রেণীর নাগরিক বলে চিহ্নিত হবার সুযোগ পাব। তাই আমি বলব, বুর্জোয়ারা যত অপবাদই দিন না কেন ২য় শ্রেণীর নাগরিক বলে, আমরা তাতে ক্ষান্ত হব না। রবি ঠাকুর রাশিয়াতে গিয়ে ওখানকার শিক্ষা বিস্তারের প্রচেষ্টাকে প্রশংসা করে বলেছিলেন যে, এখানে এক যজ্ঞ চলছে। কারণ জারের আমলে যেখানে মাত্র ২ জন শিক্ষিত লোক ছিল, আজ সেখানে একটি লোকও নিরক্ষর নেই। এর কারণ হচ্ছে ব্যাপক অর্থনৈতিক অগ্রগতি ও মাতৃভাষার মাধ্যমে শিক্ষাদানের পদ্ধতি। তাই বলে আমরা বলছি না যে, এখনই ইংরাজি একেবারে তুলে দেওয়া হচ্ছে, বরং ইংরাজি কিছুদিন পর্যন্ত থাকবে, এবং আমরা যা বলছি তা হল- প্রাথমিক স্তরে একটা শিশু সব সময়ে তাদের ভাবকে যে ভাষায় প্রকাশ করতে চায় বা পরিবেশকে বুঝতে চায় সেই ভাষায় তারা যদি লেখাপড়া করে তাহলে আপত্তিটা কোথায়?

[5-55—6-05 p.m.]

এটা আমার কথা নয় অনেক সমালোচনার পর শ্রী অতুল ঘোষ যিনি আগেকার কংগ্রেসের সভাপতি ছিলেন সেই অতুল্যবাবু আনন্দবাজার পত্রিকায় বলেছেন যে বড় বয়সে বেশি ভাষা শিখতে অসুবিধা আছে। ইংরাজি ভাষা এত বড় ভাষা হল? ফরাসি ভাষা সে তো খুবই উন্নত ভাষা- উন্নত মানের ভাষা। সুতরাং সে দিক থেকে আমরা বলতে চাই যে তাঁরা যে আশা আকাঙ্খা প্রকাশ করেছেন তা অমূলক। তাঁরা আশঙ্কা করছেন যে বাঙ্গালির জ্ঞান বিজ্ঞান কৃষ্টি সব নষ্ট হবে। কি কৃষ্টিবান সব পুরুষ একেবারে বাংলা দেশের সব ঐতিহ্যের বাহক! বারোটা তো বাজিয়েছেন এই করে, ভারতের কাছে বাংলার নাম ডুবিয়েছেন। আমরা রবীন্দ্রনাথের যোগ্য উত্তরাধিকারী হিসাবে আমাদের পশ্চিমবঙ্গ সরকার যে শিক্ষানীতি নিয়েছেন তাতে ভয় পাবার কিছু নেই। এটাই সবচেয়ে ভাল শিক্ষানীতি। আমি আশা করব

যে আপনারা এই প্রস্তাবের বিরোধিতা করবেন। আমরা যাতে আবার দাঁড়াতে পারি তার সাহায্য আপনারা করবেন। এখানে বলা হয়েছে যে আমরা সর্বভারতীয় প্রতিযোগিতায় হেরে যাব। এই কথা অনেকে বলেছেন। আমি শুধু এই টুকুন বলতে চাই যে, বাঙ্গালি ইংরাজি জানে না তার জন্য হেরে যাবে না। যদি সে হেরে যায় তাহলে তা হলো এই ৩০ বছরের স্বাধীনতা লাভের পর যে প্রাদেশিকতা মাথাতুলে দাঁড়িয়েছে তার যারা রসদ জুগিয়েছেন সেই কংগ্রেস সরকারের ৩০ বছরের পরিনতি। তার পরিনতি হিসাবে আমরা দেখতে পাচ্ছি যে সারা পূর্বাঞ্চল বঞ্চিত এবং সেই কারণে বাংলাকে পিছু হটতে হচ্ছে অন্য কারণে নয়। আমি তীব্র ভাষায় যে প্রস্তাব তিনি এনেছেন সেই প্রস্তাবের বিরোধিতা করছি।

**Shri Sasabindu Bera :** Sir, I beg to move that in line 3 to 9 for the words beginning with "এবং যেহেতু শহরাঞ্চলে" and ending with "পিছাইয়া পড়িবার সম্ভাবনা" the following be substituted, namely :—

"এবং যেহেতু এই রাজ্যে কেবলমাত্র শহরাঞ্চলেই ইংরাজি মাধ্যমে বিদ্যালয়ের সংস্থান রহিয়াছে এবং ঐ সকল বিদ্যালয়ে শিক্ষালাভ অত্যন্ত ব্যয়বহুল ;

এবং যেহেতু এই কারণে সাধারণভাবে গ্রামাঞ্চলের সর্বস্তরের ছেলেমেয়েরা এবং শহরবাসী দরিদ্র ও নিম্নবিত্ত শ্রেণীর ছেলেমেয়েরা এই সকল বিদ্যালয়ে শিক্ষালাভ হইতে বঞ্চিত থাকিয়া যাইবে এবং এই সকল বিদ্যালয়ে শিক্ষালাভ প্রধানত শহরবাসী ধনিকশ্রেণীর ছেলেমেয়েদের মধ্যে সীমাবদ্ধ থাকিবে ;

এবং যেহেতু ইহার ফলে এই শিক্ষা হইতে বঞ্চিত রাজ্যের অধিকাংশ অধিবাসী দ্বিতীয় শ্রেণীর নাগরিকে পরিণত হইবে এবং বৃত্তিগত ও চাকুরিগত কর্মসংস্থানের বহুক্ষেত্র হইতেই দূরে থাকিয়া যাইতে বাধ্য হইবে;

এবং যেহেতু এই শিক্ষানীতির ফলে সামগ্রিকভাবে বাঙালির জ্ঞান-বিজ্ঞান সাধনা, সভ্যতা ও কৃষ্টি বিপর্যস্ত হইবার নিশ্চিত সম্ভাবনা রহিয়াছে ;

এবং যেহেতু ইহার ফলে সর্বভারতীয় প্রতিযোগিতার ক্ষেত্রেও পশ্চিমবঙ্গবাসীদের ক্রমশ আরও পিছাইয়া পড়িবার সুনিশ্চিত আশঙ্কা রহিয়াছে ;"

মাননীয় স্পিকার মহাশয়, আমি এই প্রস্তাবকে মূলত সমর্থন করছি। কিন্তু এই প্রস্তাবের মধ্যে কিছু সীমাবদ্ধতা রয়েছে সেটা দূর করবার জন্য আমি এই সংশোধনী প্রস্তাব এনেছি। প্রস্তাবে বলা হয়েছে, এতে গ্রামবাংলার ছেলেমেয়েরা দ্বিতীয় শ্রেণীর নাগরিকে পরিণত হবে এবং যেহেতু শহরাঞ্চলে ইংলিশ মিডিয়াম স্কুলের ব্যবস্থা রয়েছে. সেইজন্য শহরাঞ্চলের ছেলে-মেয়েরা ঐ ইংলিশ মিডিয়াম স্কুলে পড়ার সুযোগ সুবিধা পায়। কিন্তু আমার বক্তব্য তা নয়। আমার বক্তব্য হচ্ছে শহরাঞ্চলে ইংলিশ মিডিয়াম স্কুল রয়েছে বলে শহরাঞ্চলের সকলেই সেই সুযোগ পায় আসল ঘটনা তা নয়। এখানে ইতিপূর্বে বলা হয়েছে যে, ঐ শিক্ষা অত্যন্ত ব্যয়বহুল বলে শহরের নিম্নবিত্ত এবং দরিদ্র ছেলেমেয়েরাও গ্রামবাংলার ছেলেমেয়েদের মতোই বঞ্চিত থাকে। যিনি এই প্রস্তাব এনেছেন তাঁর দৃষ্টি আকর্ষণ করে

আমি আমার সংশোধনী প্রস্তাবের মধ্যে ২/৩/৪/৫ প্যারাগ্রাফের পরিবর্তন করে যা বলেছি তাতে আমার প্রস্তাব এই ভাবে দাঁড়াবে।

"এবং যেহেতু এই রাজ্যে কেবলমাত্র শহরাঞ্চলেই ইংরাজি মাধ্যম বিদ্যালয়ের সংস্থান রহিয়াছে এবং ঐ সকল বিদ্যালয়ে শিক্ষালাভ অত্যন্ত ব্যয়বহুল ;

এবং যেহেতু এই কারণে সাধারণভাবে গ্রামাঞ্চলের সর্বস্তরের ছেলেমেয়েরা এবং শহরবাসী দরিদ্র ও নিম্নবিত্ত শ্রেণীর ছেলেমেয়েরা এই সকল বিদ্যালয়ে শিক্ষালাভ হইতে বঞ্চিত থাকিয়া যাইবে এবং এই সকল বিদ্যালয়ে শিক্ষালাভ প্রধানত শহরবাসী ধনিকশ্রেণীর ছেলেমেয়েদের মধ্যে সীমাবদ্ধ থাকিবে ;

এবং যেহেতু ইহার ফলে এই শিক্ষা হইতে বঞ্চিত রাজ্যের অধিকাংশ অধিবাসী দ্বিতীয় শ্রেণীর নাগরিকে পরিণত হইবে এবং বৃত্তিগত ও চাকুরিগত কর্মসংস্থানের বহুক্ষেত্র হইতেই দূরে থাকিয়া যাইতে বাধ্য হইবে ;

এবং যেহেতু এই শিক্ষানীতির ফলে সামগ্রিকভাবে বাঙ্গালির জ্ঞান-বিজ্ঞান সাধনা, সভ্যতা ও কৃষ্টি বিপর্যস্ত হইবার নিশ্চিত সম্ভাবনা রহিয়াছে ;

এবং যেহেতু ইহার ফলে সর্বভারতীয় প্রতিযোগিতার ক্ষেত্রেও পশ্চিমবঙ্গবাসীদের ক্রমশ আরও পিছাইয়া পড়িবার সুনিশ্চিত আশঙ্কা রহিয়াছে"।

আমি আশাকরি যিনি এই প্রস্তাব এনেছেন তিনি আমার প্রস্তাব অনুধাবন করবার চেষ্টা করবেন এবং আমার প্রস্তাব গ্রহণ করবেন। আমি মনে করি এটা করলে তাঁর প্রস্তাব একটা পূর্ণাঙ্গ রূপ নেবে।

**মিঃ স্পিকার ঃ** আপনারা কি মিঃ বেরার প্রস্তাব অ্যাকসেপ্ট করছেন?

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** হ্যাঁ, আমরা অ্যাকসেপ্ট করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, "এবং যেহেতু রাজ্যসরকার ১৯৮১ সাল হইতে প্রাথমিক স্তরে ইংরাজি অবলুপ্ত করার সিদ্ধান্ত ঘোষনা করিয়াও সম্প্রতি দৈনিক সংবাদপত্রে বিজ্ঞপ্তি প্রচার করিয়া ঘোষণা করিয়াছেন যে ১৯৮১ সালেও তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণীতে ইংরাজি পাঠ্যপুস্তক বজায় থাকিবে ;

এবং যেহেতু রাজ্যসরকারের শিক্ষানীতি কেন্দ্রীয় সরকারের দীর্ঘদিনের প্রয়াস ইংরাজিকে অপসারন করিয়া হিন্দী চাপাইয়া দেওয়ার পদক্ষেপকে কার্যকর করিতে সাহায্য করিবে।

অতএবং এই সভা দাবি করিতেছে যে পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক প্রাথমিক স্তর হইতে ইংরাজি অবলুপ্ত করার নীতিগত যে সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে তাহা অবিলম্বে প্রত্যাহার করিয়া লওয়া হউক এবং প্রাথমিক স্তরে ইংরাজি পঠন-পাঠনের ব্যবস্থা অব্যাহত রাখা হউক।"

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে প্রস্তাব উত্থাপিত হয়েছে তার মধ্যে কিছু অসংগতি রয়েছে বলে আমি একটা সংশোধনী প্রস্তাব উত্থাপন করেছি এবং আমি অনুরোধ করছি তিনি যেন আমার সংশোধনী গ্রহণ করেন। আমাকে একসঙ্গে বক্তব্য রাখতে বলা হয়েছে এবং আমি সেইভাবেই রাখছি। আমার বক্তব্য হচ্ছে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার প্রাথমিক স্তর থেকে ইংরেজিকে তুলে দেবার যে সিদ্ধান্ত নিয়েছেন তাতে এক কথায় বলতে গেলে বলতে হয় সরকারের ভাষানীতি, শিক্ষানীতির বিরুদ্ধে যে প্রবল জনমত সৃষ্টি হয়েছে, যে আন্দোলন সৃষ্টি হয়েছে তার কাছে সরকার নতীস্বীকার করেছেন। যদিও মুখে তাঁরা সেরকম কিছু বলেননি, কিন্তু কার্যত তাঁরা নতীস্বীকার করেছেন। সম্প্রতি দৈনিক সংবাদপত্রে দেখলাম বামফ্রন্ট সরকার ঘোষনা করেছেন ১৯৮১ সালেও তৃতীয়, চতুর্থ এবং পঞ্চম শ্রেণীতে ইংরেজি পাঠ্যপুস্তক বজায় থাকবে। সরকার প্রাথমিক শিক্ষাস্তর থেকে ইংরেজি তুলে দেবার ব্যাপারে যে যুক্তি দেখিয়েছেন সেগুলি ধোপে টেঁকেনা। তাঁরা বলছেন ইংরেজি শিক্ষার জন্য সার্বজনীন গণশিক্ষা ব্যাহত হচ্ছে। এর কারণ কি ইংরেজি শিক্ষা, না গ্রামে গঞ্জে যে হারে জনসংখ্যা বৃদ্ধি পাচ্ছে তার সঙ্গে সমতা রেখে স্কুল এবং কলেজের সংখ্যা তাঁরা বাড়াতে পারছেননা বলে শিক্ষার বিস্তার হচ্ছেনা? শিক্ষাব্যবস্থা যে হচ্ছেনা তার কারণ দেশের মানুষের চরম অর্থনৈতিক দুরবস্থা, দেশের ৭০ ভাগ মানুষ এখনও দারিদ্র্য সীমার নিচে বাস করে, সাধারণ মানুষের আয় ৩২ পয়সা এবং শিশুরা পর্যন্ত এখানে কাজ করতে বাধ্য হয়। আমি দেখেছি শুধুমাত্র কলকারখানায় ৬ থেকে ১২ বছর বয়সের ২ কোটি চাইল্ড লেবার কাজ করতে বাধ্য হয়। এর সঙ্গে যদি আপনারা কৃষক পরিবারের সংখ্যা ধরেন তাহলে এই সংখ্যা আরও বেশি হবে। কাজেই ইংরেজি ভাষা বাধা, না সোসিও ইকনমিক কন্ডিসন এরজন্য দায়ী সেটা আমাদের ভাবতে হবে।

[6-05—6-15 p.m.]

এর জন্য সোশিও ইকনমিক কন্ডিশন দায়ী, ফলে আজকে তাঁরা কোনঠাসা হয়ে গিয়ে এই সব প্রশ্নের অবতারনা করছেন। দ্বিতীয়তঃ আজকে তাঁরা যে ইংরেজি তুলে দিতে চাইছেন, তার আগে এখানে যে কংগ্রেসি সরকার ছিলেন, তাঁরাও এক সময়ে পশ্চিম বাংলাতে ৩য় শ্রেণী থেকে ইংরেজি তুলে দিয়ে ৫ম শ্রেণীতে ইংরেজি পড়াবার ব্যবস্থা করেছিলেন। কিন্তু যখন দেখা গেল যে এই ব্যবস্থায় শিক্ষার মান নেমে যাচ্ছে, দেশের শিক্ষাবিদরা যখন পরামর্শ দিলেন এতে শিক্ষার মান নামবে, তখন সেই পরামর্শ গৃহীত হয় এবং আবার তৃতীয় শ্রেণী থেকে ইংরেজি শিক্ষা আরম্ভ হয়। ফলে আমাদের সামনে অভিজ্ঞতা যেখানে রয়েছে, সেখানে কেন আবার প্রাথমিক শিক্ষায় ইংরেজি তুলে দিচ্ছেন, সেটা বুঝা মুস্কিল। তৃতীয় কথা হচ্ছে- আজকে তাঁরা কোনঠাসা হয়ে গিয়ে যুক্তির সঙ্গে না পেরে বিষয়ান্তরে চলে যাচ্ছেন এবং তথ্যকে বিকৃত করে অন্য কথা বলছেন, বলেছেন- মাতৃভাষায় শিক্ষা দিচ্ছি। কোন্ ভাষায় এখন শিক্ষা হয়? প্রাথমিক স্তরে মাধ্যমিক স্তরে এবং সর্বোচ্চ স্তর পর্যন্ত মাতৃভাষায়ই তো শিক্ষা দেওয়া হয়, এতো সবাই জানে, এটাকি একটা বিতর্কিত বিষয়? সেইজন্য শিক্ষার সর্বস্তরে মাতৃভাষার মাধ্যমে গড়ে তোলার জন্য, উন্নত

করার জন্যইতো মাতৃভাষার পাশাপাশি ইংরেজি শিক্ষা থাকা দরকার। ওঁরা উল্টা পাল্টা কথা বলছেন, অন্যের কথা কি বলব, যেমন গতকাল লিডার অব দি হাউস, যেভাবে কন্ট্রাডিকশন করার চেষ্টা করলেন হাউসে সেটা আমরা দেখেছি। উনি বলেছেন সাহেবদের সঙ্গে কি আমাদের পশ্চিমবঙ্গের ছেলেরা কম্পিট করবে? আজকে ভারতবর্ষের বেশির ভাগ রাজ্যে প্রাথমিক স্তরে ইংরেজি পড়ান হয়না ইজ ইট ফ্যাক্ট? যে ডাটা তিনি দিয়েছেন, যুগান্তরে বিজ্ঞাপন দিয়েছেন, তাতে ৩০ টি রাজ্যে- কেন্দ্রীয় শাসিত অঞ্চল ৯টি এবং ২৩টি রাজ্যে ইংরেজি আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি বলেছেন নাগাল্যান্ড ছাড়া আর কোথাও প্রথম এবং দ্বিতীয় শ্রেণীতে ইংরেজি পড়ানো হয়না। প্রাথমিক স্তর কি প্রথম এবং দ্বিতীয় শ্রেণী? প্রাথমিক স্তরতো প্রথম শ্রেণী থেকে ৫ম শ্রেণী পর্যন্ত, এখন তিনি কোনঠাসা হয়ে গিয়ে স্কিপ করে গিয়ে বলছেন নাগাল্যান্ড ছাড়া আর কোথাও ইংরেজি পড়ানো হয়না। এই সব তথ্য বিকৃত করার চেষ্টা করছেন। তারপরে আরও বলেছেন পিকিং-এ প্রাথমিক স্তরে ইংরেজি পড়ানো হয়না। কে বলেছে? মুখ্যমন্ত্রী পজিশনে আছেন, ফলে উনি যাই বলবেন তাই কি ধ্রুব সত্য বলে মেনে নিতে হবে? আমার হাতে এই যে পিকিং রিভিউ রয়েছে, এটা সেভেন্থ জানুয়ারির পিকিং রিভিউ, এর ২০ পৃষ্ঠায় লেখা রয়েছে এইজ্ গ্রুপ সেভেন-এ বিশেষ ভাষা শিখতে হয়, সেটা মোস্টলি ইংলিশ, বেশিরভাগ ক্ষেত্রে, মুখ্যমন্ত্রী কি এটা অস্বীকার করতে পারেন? আমি মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনাকে জিজ্ঞাসা করছি। ফলে তিনি এই সব জিনিস বিকৃত করছেন। তিনি বলেছেন সুবিধাভোগী শ্রেণী সৃষ্টি হবে। কে সৃষ্টি করবে? আজকে শ্রেণী বা ক্লাস কে সৃষ্টি করছে? আজকে কেন আপনার ইংলিশ মিডিয়াম স্কুলগুলি রেখে দিচ্ছেন? কাদের জন্য রাখছেন? প্রিভিলেজ ক্লাসের জন্য। তবুও তো সাধারন ঘরের ছেলেমেয়েরা যেটুকু ইংরেজি পড়ার সুযোগ পেত, সেটা পাবেনা। প্রতি বৎসর ইংলিশ মিডিয়ার স্কুল মাস রুম ডেভেলপমেন্ট হচ্ছে, আর এই সাম্রাজ্যবাদী পশ্চিম বঙ্গ সরকার কি করছেন, নিজেরা তাঁরা সল্টলেকে ইংলিশ মিডিয়াম স্কুল খোলেননি? উদ্বোধন করে আসেননি? একদিকে আপনারা বলছেন ইংরেজি তুলে দিতে হবে, অপর দিকে ইংলিশ মিডিয়াম স্কুলগুলি করছেন, কাদের জন্য, তাই আমি জিজ্ঞাসা করি, সুবিধাভোগী শ্রেণী কারা সৃষ্টি করছে? এই সুবিধাভোগী শ্রেণী আপনারাই সৃষ্টি করছেন। দ্বিতীয়ত আপনারা এক দিকে এই করছেন, অন্য দিকে কেন্দ্রীয় সরকার দীর্ঘ দিন ধরে যেভাবে ইংরেজিকে অপসারন করে হিন্দীকে চাপিয়ে দিচ্ছেন, সেটার দিকে দেখুন। ভারতবর্ষে একচেটিয়া পুজিপতিশ্রেণী যারা মূলত হিন্দী ভাষাভাষি তারা অর্থনীতিক শোষননীতি পাশাপাশি সংস্কৃতির ক্ষেত্রেও দমন নীতি চালিয়ে যাচ্ছেন। সেজন্য ভারতবর্ষের একচেটিয়া পুজিপতি শ্রেণীর প্রতিভূ ভারত সরকার ইংরেজি ভাষার অপসারন করে হিন্দীকে চাপিয়ে দেওয়ার চেষ্টা করছেন, যার জন্য এর বিরুদ্ধে দক্ষিণ ভারতে এর বিরুদ্ধে আন্দোলন গড়ে উঠছে। যে ভাষা ও শিক্ষানীতি চালু করতে যাচ্ছেন একচেটিয়া পুজিবাদের প্রতিভূ কেন্দ্রীয় ইংরেজিকে অপসারন করে হিন্দীকে চাপিয়ে দেবার যে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন সেই প্রচেষ্টাকেই আপনারা সাহায্য করছেন। এটাকে আপনারা একটা প্রেসটিজ ইসু করবেন না। আপনারা আজকে আন্দোলনের সামনে কোনঠাসা হয়ে সাময়িকভাবে এই সিদ্ধান্ত স্থগিত

রেখেছেন। আপনারা বলেছেন তৃতীয় থেকে ৫ম শ্রেণী পর্যন্ত থাকবে। এখানে আপনাদের কথা কিছুই না প্রেসটিজ ইস্যু ছাড়া। কিন্তু আমি বলবো যে এই ভাষাগত ব্যাপারে জাতীয় স্বার্থ জড়িত। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয় যেখানে জাতীয় স্বার্থ জড়িত এটা এমন একটা গুরুত্বপূর্ণ বিষয় যার মধ্যে প্রেসটিজ ইস্যু থাকা উচিত নয়। তাই আমি বলব এটা আপনারা করবেন না। আশা করি আপনাদের শুভবুদ্ধির উদয় হবে। আজকে বুদ্ধিজীবী থেকে শুরু করে সারা পশ্চিমবাংলার মানুষ আপনাদের এই ভাষা নীতিকে যেভাবে বর্জন করেছে সেই জনমতকে মূল্য দিয়ে গণতান্ত্রিক চিন্তা চেতনা গণতান্ত্রিক মূল্যবোধকে সম্মান দিয়ে আপনাদের ভাষা নীতি পরিবর্তন করবেন। প্রাথমিক স্তর থেকে যে ইংরাজি তুলে নেবার সিদ্ধান্ত নিয়েছেন এটা আপনারা প্রত্যাহার করবেন আমি এই প্রস্তাবের সঙ্গে আমার যে সং শোধনী প্রস্তাব সেটা গ্রহণ করবার জন্য অনুরোধ করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবীপ্রসাদ বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার একটা প্রস্তাব আছে। আপনার অনুমতি নিয়ে বলছি যে সোরাবি প্রস্তাব এসেছে তার সঙ্গে যে অ্যামেন্ডমেন্ট এসেছে তাকে পাঞ্চ করে একটা ককটেল প্রস্তাব করে একসঙ্গে করে আলোচনা হোক।

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সরকার পক্ষের সকল সদস্যদের কাছে সবিনয়ে নিবেদন করতে চাই যে প্রস্তাব সম্বন্ধে আলোচনা হচ্ছে আমি জানি সেই প্রস্তাব বিপুল ভোটাধিক্যে বর্জিত হবে, পরাজয় হবে। কিন্তু তবুও আমি বলব আজকে এই রকম একটা প্রস্তাব নিয়ে আমরা যখন আলোচনা করছি সেটা একটা নিরুত্তাপ পরিবেশের মধ্যে আলোচনা হওয়া উচিত। কারণ আমি মনে করি অর্থনীতি, শিল্প নীতি এই রকম বিভিন্ন বিষয় আছে শ্রম নীতি, কৃষি নীতি এই সমস্ত বিষয়ে বিভিন্ন রাজনৈতিক দলের রাজনৈতিক ফন্টের তীব্র মতভেদ থাকবে মনকষাকষি থাকা স্বাভাবিক। কিন্তু শিক্ষানীতি এমন একটি প্রশ্ন, ভাষাশিক্ষা-নীতি এমন একটি প্রশ্ন শিক্ষা নীতি সর্বভারতীয় ক্ষেত্রে এমন একটি গুরুত্বপূর্ণ প্রশ্ন যে এই ব্যাপারে আমি অন্তত মনে করি যে দলীয় দৃষ্টিকোন সর্বতোভাবে পরিত্যাগ করা দরকার, সঙ্কীর্ণ একপেশে দৃষ্টিভঙ্গী বর্জন করা দরকার। আলোচনা করে একটা সিদ্ধান্তে সমঝোতায় পৌঁছোনো দরকার; একটা কনসেনসাস-এর পৌঁছানোর চেষ্টা করুন। পার্টি লাইনের ভিত্তিতে এতবড় গুরুত্বপূর্ণ বিষয় সিদ্ধান্ত নেবেন না আপনারা। আমি আগেই বলেছি যে এই প্রস্তাব পরাজিত হবে। তার আগে আমি বলতে চাই। গতকাল আমি কিছুক্ষণ হাউসে এসেছিলাম এবং মাননীয় সদস্য শ্রী সুনীল বসুরায় মহাশয় রাজ্যপালের ভাষনের উপর দীর্ঘ বক্তৃতা করেছিলেন আমি তার বক্তৃতা মনোযোগ সহকারে শুনেছিলাম। তার বক্তব্যের মধ্যে ভাষাগত সংক্রান্ত তিনি যেসব কথা বললেন তার সঙ্গে আমি অনেক জায়গায় একমত আবার অনেক জায়গায় গভীর অমিল ছিল। তাঁর বক্তৃতা মত পার্থক্য সত্ত্বেও আমার ভাল লেগেছিল। মাননীয় মন্ত্রী মহাশয় যখন বক্তৃতা করছিলেন সাধারণভাবে পার্থবাবু আগে একটু রেগে গিয়েছিলেন কিন্তু পরে দেখলাম পার্থবাবু সংযতভাবেই সরকারি নীতি ব্যাখ্যা করলেন। নিরুত্তাপ পরিবেশে তিনি তার বক্তব্য রেখেছিলেন। তাঁর বক্তব্যের অনেক জায়গায় আমি একমত কিন্তু অনেকগুলি জায়গায় আমার গভীর অমিল ছিল। কিন্তু

তবু তাঁর বক্তব্য আমার ভাল লেগেছে। কারণ পারস্যুয়েসিভ্‌নেস্ এটা আজকে সবচেয়ে বেশি প্রয়োজন। আমাদের মাননীয় সদস্য রামনারায়ণ গোস্বামী মহাশয়ের বক্তব্যে লক্ষ্য করলাম তিনি বিরোধীপক্ষের বক্তাদের বক্তব্যের পারসপেকটিভগুলি এমনভাবে তুলে ধরলেন যাতে বিরোধীপক্ষের বক্তব্যগুলি সম্বন্ধে ভ্রান্ত ধারনার সৃষ্টি হয়। এটা ঠিক নয়। একটু বোধ হয় তিনি চটেও গিয়েছিলেন। বিশ্বকবি রবীন্দ্রনাথ যে দৃষ্টিভঙ্গি রেখেছিলেন সেই দৃষ্টিভঙ্গির সঙ্গে বিরোধীদের বক্তব্যের সঙ্গতি কোথায় দেখলেন তিনি? বিশ্ববিখ্যাত বৈজ্ঞানিক সত্যেন বসু মহাশয় যে বাংলা ভাষার মাধ্যমে বিজ্ঞান শিক্ষা দেবার জন্য সারা জীবন চেষ্টা করেছিলেন এবং আমরাও সে কথা বলেছি বলছি এবং মাতৃভাষায় বিজ্ঞান চর্চা অবশ্যই হওয়া দরকার। আমরা তাঁর সঙ্গে এক মত। বিশ্ববিখ্যাত সমাজ বিজ্ঞানী রামেন্দ্র সুন্দর ত্রিবেদী যে কথা বলে গিয়েছিলেন সে সম্বন্ধেও সম্পূর্ণ একমত যে মাতৃভাষার মাধ্যমে শিক্ষার তথা বিজ্ঞান-শিক্ষার প্রয়োজন আমরা আমাদের দলের পক্ষ থেকে এই বক্তব্যগুলিকে আমাদের মূল বক্তব্যের মধ্যে রেখেই আমরা প্রস্তাব রেখেছিলাম। একথাটা ঠিক হয়ত আপনারা বলতে পারেন কতকগুলি রাজনৈতিক দল এরমধ্যে দিয়ে রাজনৈতিক দৃষ্টিভঙ্গি

[6-15—6-25 p.m.]

সামনে নিয়ে আসছেন। আপনারা সরকারপক্ষের লোক, আপনারা এটা বলতে পারেন। আমি সরকারপক্ষে থাকলে হয়ত আমিও বিরোধীপক্ষের বক্তব্য সম্বন্ধে বলতাম, আপনাদের বক্তব্যের মধ্যে একটা পলিটিক্যাল ওভারটোনস এসে যাচ্ছে। কিন্তু আপনারা যে ভাবে বলছেন- মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় আজকে হাউসে নেই, গত দিন যে রকম হালকাভাবে তিনি ভাষা শিক্ষানীতি নিয়ে ভাসাভাসা বক্তব্য রাখলেন তাতে আমি দুঃখিত হলাম, একটা গুরুত্বপূর্ণ বিষয়ে বিরোধীপক্ষের বক্তব্যকে নস্যাৎ করতে গিয়ে এরকম হাল্কা ভাবে কথাগুলি বলবেন আশা বর্জিত, এটা তাঁর কাছে আমি আশা করি নি। একথাটা ঠিকই যতই তাঁরা বলুন, মূল প্রতিপাদ্য বিষয়-বেসিক প্রোপোজিসন, বেসিক অ্যাপ্রোচ, ভাষানীতি সম্বন্ধে বিরোধীপক্ষরা যা বলছেন সেগুলি কিন্তু মাননীয় মুখ্যমন্ত্রীর বা বিভিন্ন বামফ্রন্টের নেতাদের ক্যাজুয়ালি কতকগুলি বক্তব্যের দ্বারা—পৃথিবীর অন্যান্য দেশের ভাষা-শিক্ষানীতি কি সেই হাল্‌কা বক্তব্যের দ্বারা কিন্তু বেসিক অ্যাজামশন কখনও নস্যাত্‌ হয়ে যায়না। আমি মাননীয় শ্রী রামনারায়ণ গোস্বামীকে খুব বিনয়ের সঙ্গে জিজ্ঞাসা করছি সোভিয়েত রাশয়াতে ভাষা শিক্ষানীতিটি কি? আমি কিন্তু একথা বলি না, রাশিয়া একটা নীতি অনুসরণ করছে, চীন সমাজতান্ত্রিক দেশ বলে পরিগণিত, তারাও একটা বিশেষ শিক্ষানীতি অনুসরণ করছে বলে আমাদের দেশকেও তা অনুকরণ বা অনুসরণ করতে হবে যন্ত্রের মতন এর পেছনে কোনও যুক্তি নেই।

এটা আমার দৃষ্টিভঙ্গি নয়। আমরা একটা জিনিস বিচার করব আমাদের দেশের সামগ্রিক স্বার্থে এবং জাতীয় স্বার্থে। কারণ, আমরা জানি, ভারতবর্ষ রাশিয়ার মডেল, চীনেরও মডেলে গড়া না। ভারতবর্ষ সমাজতন্ত্রের পরীক্ষা করবে, ভারতবর্ষে সমাজতন্ত্র প্রতিষ্ঠিত করতে হবে এবং এদেশে নির্ভেজাল, আনডাইলুটেড স্যোসালিজম চাই, শোষনহীন সমাজ

চাই এবং সেই সমাজতন্ত্র হওয়া চাই ভারতীয় সমাজতন্ত্র-ইন্ডিয়ান স্যোসালিজিম not Chinese Communism not Soviet Socialism or Soviet Communism. সে সমাজতন্ত্র হবে জাতীয় সমাজতন্ত্র, নিজের স্বাতন্ত্রে সমুজ্জ্বল। আমাদের মনীষা, আমাদের ঐতিহ্য, আমাদের কৃষ্টি, আমাদের ভৌগলিক পরিবেশ, আমাদের ন্যাশনল ট্রাডিশন সব কিছু মিলিয়ে এটা তৈরি করতে হবে। যে ভাষা শিক্ষানীতি দেশের সার্বিক স্বার্থের সহায়ক, মানুষে মানুষে সমতা সৃষ্টির সহায়ক, দেশকে শক্তিশালী করার সহায়ক, সেই হবে আমাদের নীতি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সোভিয়েট রাশিয়াতে লেনিন যখন বিভিন্ন রিপাবলিকের স্বায়ত্তশাসন-রাইট অব সেল্‌ফ ডিটারমিনেশন বা আত্মনিয়ন্ত্রনের কথা বলেছিলেন তখন সারা বিশ্বে আলোড়ন পড়ে গিয়েছিল। এটা কি আমরা জানি না, না, জেনেও এটা গোপন করার চেষ্টা করা হচ্ছে সেই সোভিয়েট রাশিয়ার পরিস্থিতি আজকে বদলে গেছে। রাশিয়ান ল্যাংগুয়েজ which represents language of 50 per cent of Soviet population ১০০ ভাগ লোকের শতকরা ৫০ ভাগের ভাষা হ'ল রুশ ভাষা। আজারবাইজান, জর্জিয়া, ইউক্রেনের ভাষা বিভিন্ন রুশ প্রজাতন্ত্রের ভাষা আদৌ রুশ ভাষা নয়। অথচ বাধ্যতামূলক ভাবে রুশ জাতীয় ভাষা প্রত্যেককে শিখ্‌তেই হবে। কিন্তু রুশ ভাষা নয়। রাশিয়া তার সংবিধান সংশোধন করে বলে দিয়েছে সারা রাশিয়ায় প্রত্যেক প্রজাতন্ত্রে প্রাথমিক পর্যায় পর্যন্ত মাধ্যমিক স্তরে তো নিশ্চয়-রাশিয়ান ল্যাংগুয়েজ বাধ্যতামূলক। বাধ্যতামূলক রুশ জাতীয় ভাষা। কিন্তু মাতৃভাষাতে তো প্রজাতন্ত্রগুলিতে-সেইসব প্রজাতন্ত্রের আঞ্চলিক মাতৃভাষা। তাহলে একাধিক ভাষা শিক্ষার জন্য রুশ দেশে কি বিজ্ঞানের প্রসার হচ্ছে না? এ কথা তো বলবেন না। বাকিরা যদি প্রাথমিক স্তরে একাধিক ভাষা শিক্ষার নীতি নিয়ে এত উন্নতি লাভ করতে পারে আমরা পারবনা কেন? এটা আপনারা মনে করবেন না যে রাশিয়াকে সমালোচনার দৃষ্টিতে দেখে আমি এসব কথা বলছি। কেন তাঁরা সেদেশে একাধিক ভাষা শিক্ষানীতি চালু করেছেন সেটা তাঁরাই বিচার করে দেখবেন। সেখানে কিন্তু দুটি ভাষা এসে যাচ্ছে- একটি হ'ল রিপাবলিকের ভাষা যেমন জর্জিয়া, ইউক্রেইন, আজারবাইজান রিপাবলিকের ভাষা বা উজবেকিস্তানের ভাষা বা ইউক্রেন্‌ জর্জিয়ার ভাষা এবং আর একটি হ'ল রুশ ভাষা।

রাশিয়া সম্বন্ধে বলতে গিয়ে শ্রী গোস্বামী বিশ্বকবির কথা তুললেন এবং বললেন "রাশিয়ার চিঠির" কথা। এটি আমি বারবার পড়েছি, এটি ব্যক্তিগতভাবে আমার কাছে একটি অত্যন্ত মূল্যবান সম্পদ। আমি মনে করি বারবার এটি পড়া উচিত, যতবারই এটি পড়া যায় ততবারই মনে হয় বিশ্বকবি অনেক কিছু বলে গিয়েছেন যার নতুন করে মূল্যায়ন করা উচিত। আবার এই রাশিয়া, তারা তাদের দেশের যে সমস্ত ক্লাসিক গ্রন্থ, মূল্যবান গ্রন্থ ইংরাজি ভাষায় এবং বিজ্ঞান সংক্রান্ত, টেকনোলজি সংক্রান্ত গ্রন্থগুলি ইংরাজি ভাষায় ছেপেছে। পৃথিবীর কটা দেশ তা করেছে? লেনিন, মার্কস-এর রচনা যত ইংরাজি ভাষায় ছেপে আমাদের দেশে এসেছে আর কোনও দেশ থেকে তত আসে নি। আমাদের দেশে যাঁরা মার্কস, লেনিনের আদর্শে অনুপ্রাণিত হলেন তাঁরাও কিন্তু ইংরাজি ভাষা থেকে এসব জানতে পেরেছেন। সুতরাং ইংরাজি ভাষায় যাঁরা জেনেছেন তাঁদের যদি ভাষা-জ্ঞান না থাকে তাহলে

এটা তাঁদের পক্ষে জানা সম্ভব নয়। প্রখ্যাত ভাষাবিদরা মনে করেন যে ৪ বছর থেকে ১০ বছরের মধ্যে এই বয়সটাই ভাষা শিক্ষার হচ্ছে সব চেয়ে উৎকৃষ্ট সময়। মাতৃভাষায় শিক্ষা ক্লাস ওয়ান থেকে ক্লাশ ফাইভ পর্যন্ত সবটাইতো মাতৃভাষায় তো হচ্ছেই। কিন্তু সেখানে যদি গ্রামের ছেলে এবং শহরের ছেলে মেয়েরা আগের মতো ইংরাজি বর্ণপরিচয় তারা জানবার চেষ্টা করে বা শিক্ষানেয়, এ.বি.সি.ডি'র সঙ্গে পরিচিত হওয়ার সুযোগ পায় তাহলে কি তাদের বুদ্ধি লোপ পাবে? দেশ রসাতলে যাবে? তড়িঘড়ি করে এত বড় পরিবর্তন জোর করে কেন চাপানো হচ্ছে? আজকে উচ্চ শিক্ষার ক্ষেত্রে কি দেখা যাচ্ছে? আপনারা যারা শিক্ষাবিদ, রামবাবু একজন শিক্ষক এই সভায় দু পক্ষেই আরও অনেকে আছেন। আমাদের পক্ষেও আছেন, আপনাদের পক্ষেও আছেন এবং কংগ্রেস পক্ষেও আছেন। আগে পাশ করবার জন্য যে নম্বর ছিল সেটা হচ্ছে ৩০ নম্বর। সেটাকে এখন কমিয়ে এনে গ্রুপ করা হয়েছে- সায়েন্স গ্রুপ, হিউম্যানিটিজ গ্রুপ, ল্যাংগুয়েজ গ্রুপ। ধরুন ৩টি ভাষায় ৯০ নম্বর পেতে হবে। ইংরাজিতে যদি কমও পায়, যদি ২০ নম্বর থেকেও কম পায়, কিন্তু টোটাল মার্কস যদি ৯০ পায় তাহলে তাকে পাশ করিয়ে দেওয়া হয়। আপনারা এটা করতে পারেন যে যারা ইংরাজি পড়তে চায় তারা পড়ুন- প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত যদি কোনও ছাত্র বাংলা, অঙ্ক এবং অন্যান্য বিষয়ে খুব ভাল নম্বর পায়, ইংরাজিতে কম নম্বর পায়, ফেল করে তাতে কোনও ক্ষতি নেই, সেখানে তার প্রমোশনের পথে কোনও বাধা হবেনা, কিন্তু স্টাডি অব ল্যাংগুয়েজ শুরু হোক। এই কথাটা আপনারা একটু ভাবুন। আজকে ভোটের কথাটাই বড় কথা নয়। সংবিধানের ২৯ ধারা এবং সংবিধানের ৩০ ধারায় সংখ্যালঘুদের একটা প্রোটেকশন দেওয়া হয়েছে তাদের শিক্ষা, সংস্কৃতিকে রক্ষা করবার জন্য কালচারাল অ্যান্ড এডুকেশনল রাইটস, প্রটেকশন অব ইন্টারেস্টস অব দি মাইনরিটি। তারপরে বলা হয়েছে ২৯(১) : Any section of the citizens residing in the territory of India or any part thereof having a distinct language, script or culture of its own shall have the right to conserve the same. সংবিধানে এটা আছে। কাজেই আপনি এটা একটু চিন্তা করে দেখবেন। Right of minorities to establish and administer, educational institutions-All minorities, whether based on religion or language, shall have the right to establish and administer educational institutions of their choice. এদেশে সংখ্যালঘু সম্প্রদায়ের মধ্যে যাঁরা ইংরাজি ভাষাকে রাখতে চান, তাঁরা ট্রাস্ট করে, এনডাওমেন্ট করে কলকাতা বা শহরাঞ্চলের বিভিন্ন জায়গায় এই ধরনের ইংলিশ মিডিয়াম স্কুল তাঁরা স্থাপন করবেন- আমি মাননীয় সদস্যদের জানাচ্ছিযে এটা সংবিধানে প্রোটেকটেড, এটা সংবিধানে সংরক্ষিত অধিকার। এটাকে খর্ব করার অধিকার কারুরই নেই। আটকাতে পারবেন না। এটা স্বীকার করতে হবে। এই সংবিধানিক অধিকারে হস্তক্ষেপ করলেই সংখ্যালঘুরা ন্যায় সঙ্গত ভাবেই সঙ্গে সঙ্গে বলবেন যে কন্সটিটিউশনল প্রোটেকশন আমাদের আছে, আমাদের আটকাতে পারবেন না। তাহলে এই যে স্কুলগুলি মাইনরিটিরা খুলবেন বা চালু রাখবেন সেখানে কি হবে? সেখানে সম্পর্ক তো বন্ধ করতে পারবেন না। তাহলে দুইরকম ব্যবস্থা চালু থাকবে। আমাদের এই পলিটিক্যাল কন্ট্রোভার্সির দ্বারা সাধারন মানুষ কি বিভ্রান্ত হবেনা? তারা

তাদের নিজেদের ছেলে মেয়েদের ইংলিশ মিডিয়াম স্কুলে পাঠাতে আগ্রহী হবেন। রাজনীতিবিদদের ছেলেরা কি ইংলিশ মিডিয়াম স্কুল বর্জন করবেন? একটা প্রবনতা, একটা প্রোপেনসিটি, একটা ঝোঁক আসবে ঐ সমস্ত স্কুলে যাওয়ার। এখানে একটা জিনিস মনে করা দরকার। এই যে ঝোঁকটা আসবে, এই ঝোঁকের সুযোগ কারা নিচ্ছে? ঐ যাদের সম্পর্কে আপনারা সমালোচনা করছেন, কায়েমীস্বার্থের কথা বলছেন, যারা ইংরাজি মিডিয়াম স্কুলগুলি করছেন আজকে প্রচন্ড তার চাহিদা হয়ে যাচ্ছে, তাঁরা এইসব ইংলিশ মিডিয়াম স্কুলের টিউশন ফী যথেচ্ছ টাকা বাড়িয়ে দিচ্ছেন এবং এমন কি অভিভাবকদের মধ্যেও একটা রেসারেসি পড়ে যায় যাতে এই সব অত্যন্ত ব্যয়বহুল স্কুলে ছেলেমেয়েদের পড়াতে পারে। ফলে ঐ সমস্ত স্কুলে যাবার জন্য একটা ঝোঁক বেড়েই যাচ্ছে। একটা কথা আমি পরিষ্কার করে নিতে চাই। আমি কিন্তু মনে করি যে মাতৃভাষার মাধ্যমে শিক্ষালাভ করা উচিত। কিন্তু ইংরাজি মিডিয়াম স্কুলে যারা পড়ছেন তারা প্রথম থেকে শেষ পর্যন্ত ইংরাজি শিখছে, ফলে তাদের বাড়তি সুযোগ এসে যাচ্ছে। আর প্রাথমিক স্তরে যাদের ইংরাজি শেখানো হলনা-তারা পরবর্তী কালে হীনমন্যতার রোগে ভুগবে। এরফলে বহু সুযোগ সুবিধা থেকে বঞ্চিত হয়ে জীবন যুদ্ধে পরাজিত হবে। আমার দাবি হচ্ছে যে ভাষা শিক্ষানীতিটা উদার রাখুন। মাতৃভাষার মাধ্যমে যাবতীয় শিক্ষালাভ তো হচ্ছে, কিন্তু সেই সঙ্গে সঙ্গে ইংরাজি ভাষার পরিচয়ও থাক। কারণ ইংরাজি ভাষার মতো এই রকম একটা ইন্টারন্যাশনল ল্যাংগুয়েজ, এই ভাষার সঙ্গে বাল্যককাল থেকে যোগাযোগ থাকলে পরে, এই ভাষাতে বিজ্ঞান, দর্শন, কারিগরিবিদ্যা চর্চা এবং টেকনোলজিতে পারদর্শিতা অর্জন করা সম্ভব হবে তাদের ঝোঁক থাকবে এবং জ্ঞান ভান্ডারের চাবিকাঠি করায়ত্ব করার বড় একটা সুযোগ তাদের থাকবে, সেই সুযোগ থেকে বঞ্চিত হবেনা-ইংরাজি ভাষার সঙ্গে যোগাযোগ যদি রাখা যায়।

[6-25—6-35 p.m.]

কিন্তু সেই সুযোগ থেকে বঞ্চিত হব যদি আপনারা স্টাডি অফ্ ল্যাংগুয়েজ-কে এই রকম একপেশে করে দেন, যদি ইংরাজিকে সেখান থেকে নির্বাসন দেন। অনেক বিশিষ্ট শিক্ষাবিদ এসম্পর্কে বলেছেন। প্রফেসর হীরেন মুখার্জি, তিনি যে দলেরই হোন না কেন, তিনি একজন বিশিষ্ট শিক্ষাবিদ, অন্তত শিক্ষাবিদ হিসাবে তাঁর বক্তব্যকে নিশ্চয়ই গুরুত্ব দিতে হবে। আজকে সি.পি.এম. দলে যাঁরা বিশিষ্ট শিক্ষাবিদ আছেন তাঁদের বক্তব্যকেও আমাদের গুরুত্ব দিতে হবে। তেমনি অকমিউনিস্ট প্রখ্যাত শিক্ষাবিদদের মতামত কে শাসক দলকে শ্রদ্ধা জানাতে হবে, গুরুত্ব দিতে হবে। আজকে অধ্যাপক ডঃ সুশোভন সরকার, ডঃ নিহাররঞ্জন রায়ের মতন অধ্যাপক এবং চিন্তাবিদদের কথাকে গুরুত্ব দিতে হবে। ডঃ সুকুমার সেনের মতো প্রথিত যশা ভাষাবিদ, তাঁর বক্তব্যের কি কোনও মূল্যই আমরা দেব না? ওঁদের বলব কায়েমী স্বার্থের বাহক? এতো যুক্তির কথা নয়, নিছক গালিগালাজ। আমি মাননীয় সদস্যদের এবং বিশেষ করে মাননীয় শিক্ষামন্ত্রীকে জিজ্ঞাসা করছি, আচ্ছা বলুনতো ডঃ নিহাররঞ্জন রায়, ডঃ সুশোভন সরকার, ডঃ প্রতুল গুপ্ত, শ্রীমতী গৌরি আইয়ুব, প্রফেসর

আবু সৈয়দ আইয়ুব যাঁর মাতৃভাষা বাংলা ছিলনা, অথচ যিনি আজকে আমাদের গর্ব, বাংলা দেশের গর্ব, তিনি আজকে অসুস্থ হয়ে পড়ে আছেন, উর্দু ছিল তাঁর মাতৃভাষা, কিন্তু তিনি বাংলা ভাষায় অসাধারণ পান্ডিত্বের নজির রেখে গেছেন এবং তিনি বাংলা ভাষায় রবীন্দ্র নাথের উপর মৌলিক গবেষণা রেখে গেছেন, সুতরাং এঁদের সকলের চিন্তা, এঁদের সব বক্তব্য একপেশে, এঁরা সবাই কায়েমী স্বার্থের প্রতীক? অধ্যাপক অম্লান দত্ত, প্রমথ নাথ বিশির মতো বিশিষ্ট শিক্ষাবিদদের মতামত একেবারে ভুল? এটা কি আমাদের একপেশে নীতি এবং অত্যন্ত সংকীর্ণ দৃষ্টির পরিচায়ক হয়ে দাঁড়াচ্ছে না? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি জিজ্ঞাসা করি ডঃ সুকুমার সেন, ডঃ নিহাররঞ্জন রায় তো সারা জীবন বাংলার সব কিছু রচনা করে গেছেন, বই লিখে গেছেন, প্রেমেন্দ্র মিত্র প্রভৃতি বড় বড় সাহিত্যিকরা তো বাংলা ভাষায় বই লিখেছেন, কবিতা লিখেছেন, তাহলে তাঁরা কেন কায়েমী স্বার্থের প্রতীক হবেন? তাঁরা ইংরাজি ভাষায় তাঁরা সারাজীবন মাতৃভাষায় শিক্ষা চর্চার মন্দিরে সাধনা করেছেন। শিক্ষালাভ করেছিলেন, কিন্তু তাঁদের ভেস্টেড ইন্টারেস্ট রক্ষা করবার কি আছে? দেশ ও জাতির স্বার্থে ভাষা শিক্ষানীতি সম্বন্ধে তাঁদের মতামত ব্যক্ত করাটাই অপরাধ? আপনাদের কাছে আমার অনুরোধ, আপনারা প্রস্তাব এনে আমাদের ভোটে হারিয়ে দিন আমি আপনাদের কাছে নিবেদন করব যে আপনারা একটু উদার মানসিকতার পরিচয় দিন কিন্তু এই রকম ভাবে বিশিষ্ট শিক্ষাবিদ সাহিতিাক স্বীকৃত খ্যাতিনামা ব্যক্তিদের গালাগাল করে একটা কনফ্রনটেশন-এর আবহাওয়া সৃষ্টি করবেন না। এতে কোনও লাভ হয় না। এটা কেউ মনে করবেন না যে, এটা আপনাদের সঙ্গে এস.ইউ.সি.-র বা আপনাদের শরিক দলগুলির সঙ্গে জনতা কংগ্রেসের প্রতিদ্বন্দ্বিতা। এটা তা নয়। এটা এমনই একটা প্রশ্ন যে, এটা নিয়ে সকলেরই আলোচনা করা দরকার। মাননীয় মুখ্যমন্ত্রী সেদিন বললেন যে, ভারতবর্ষের কোথায় এত চাকরি আছে যে আমরা ইংরাজি শিখলেই চাকরি হবে? সংবিধানের ৩৫১ ধারায় হিন্দী ভাষার কথা আছে, যদি আপনাদের কাছে সংবিধান থাকে তাহলে একটু দেখুন, আমি সেই জায়গাটা পড়ছি, "ডাইরেকটিভ ফর ডেভেলপমেন্ট of the Hindi language-It shall be the duty of the Union to promote the spread of the Hindi language, to develop it so that it may serve as a medium of expression for all the elements of the composite culture of India and to secure its enrichment by assimilating without interfering with its genious, the forms, style and expressions used in Hindustani and in the other languages of India specified in the Eighth Schedule, and by drawing, wherever necessary or desirable, for its vocabulary, primarily on Sanskrit and secondarily on other languages." এই অন আদার ল্যাংগুয়েজস অংশটির উপর আমি এমফ্যাসিস দিচ্ছি, এর গুরুত্ব আছে। অর্থাৎ ৩৫১. ধারাটাকে ডাইরেকটিভ প্রিন্সিপলস অফ্ স্টেট পলিসি বলা হচ্ছে। সুতরাং হিন্দী ভাষা চালু হবে, সংবিধানের ৩৫১ ধারায় সেন্ট্রাল গভর্নমেন্ট ডাইরেকটিভ দিতে পারবে, রাষ্ট্র ভাষা হিসাবে হিন্দী চালু হবে। ব্যক্তিগতভাবে আমার নিজের মনে হয় হিন্দী ভাষা কেন চর্চা করলাম না, সর্বভারতী ক্ষেত্রে বক্তৃতা ভাবের আদান প্রদান করতে গেলে হিন্দীতে বক্তৃতা না করতে পারলে সবাইকে বা

বেশি মানুষকে বোঝানো যায় না। আমার কথা ছেড়ে দিলাম। আমি না বলতে পারলেও যাঁরা খানিকটা ভাঙা-ভাঙা হিন্দী ভাষা বলতে পারেন তাঁরাও খানিকটা বোঝাতে পারেন। সুতরাং আজকে বুঝতে হবে যে, একটা কমিউনিকেশন গ্যাপ্ থেকে যাচ্ছে। একটা বিরাট কমিউনিকেশন গ্যাপ রয়ে যাচ্ছে, ভাষা শিক্ষা ভাবের সেতু রচনায় সাহায্য নিয়ে। সুতরাং আমাদের হিন্দী ভাষাও অবশ্যই শিখতে হবে। এর মধ্যে কোনও উষ্মা রেখে লাভ নেই, কারণ এটা যখন সারা ভারতবর্ষের ভাষা হতে চলেছে। কিন্তু চাপিয়ে দিয়ে নয়। অন্য সম্প্রদায়ের উপর নয়, অন্য লিংগুয়েস্টিক মাইনোরিটি-কে দাবিয়ে রেখে নয়। পারস্পরিকতা, উদার শিক্ষা ও ভাবনীতির দ্বারা সহযোগিতার মধ্যে দিয়ে ল্যাংগুয়েজ ডেভেলপ করতে হবে। এটাই সংবিধানের এই ৩৫১ ধারায় বলা হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে হাউসের কাছে এবং বিশেষ করে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আমার নিবেদন যে, সারা ভারতবর্ষে যখন পরীক্ষা হবে হিন্দী ভাষী সমস্ত রাজ্যের যাঁরা তাঁরা জন্মলগ্নের, জন্মসূত্রের জোরেই একটা বিশেষ সুযোগ পাবেন, তাদের একটা সুবিধা আছে। সে সুযোগ আমাদের নেই, দক্ষিন ভারতের কারও নেই, উড়িষ্যা আসামের নেই। সে সুযোগটা কি? যাদের মাতৃভাষা হিন্দী। তারা শুধুমাত্র সেই ভাষা শিক্ষা ও জ্ঞানের দ্বারা সর্বভারতীয় প্রতিযোগিতার ক্ষেত্রে অনিবার্য বাড়তি সুবিধা পাবেন। হিন্দী ভাষা জ্ঞান ভাল রকম আয়ত্ব করতে পারবেন তবেই অহিন্দী ভাষীরা প্রতিযোগিতায় দাঁড়াতে পারবেন। হিন্দীভাষী অঞ্চলে মানুষ যত ভালভাবে বলতে পারবেন আমরা ১০ বছরেও হয়তো হিন্দী সম্বন্ধে পড়াশুনা শিখলেও তত চমৎকার হিন্দী বলতে পারবো না, ঐ রকম কায়দায়, ঐ রকম ঢঙে এবং ঐ রকম স্টাইলে বলতে পারব না। ফলে যে কোনও পরীক্ষায় নিম্নতম স্তরের পরীক্ষায় উচ্চস্তরের কথা ছেড়ে দিচ্ছি- বাঙালির ছেলেরা, দক্ষিন ভারতের ছেলেরা প্রতিযোগিতায় পারেন না। তাহলে হিন্দী ভাষীদের কিন্তু আলাদা সুযোগ হয়ে যাচ্ছে। সর্বভারতীয় ক্ষেত্রে, অতি সাধারণ চাকুরির ক্ষেত্রে বড় বড় চাকুরির কথা ছেড়ে দিন যদি পরীক্ষা হিন্দী ভাষায় হয় তখন তাদের একটা সুযোগ আছে কিন্তু আমরা সেই সুযোগ থেকে বঞ্চিত হয়ে যাই। এই অসম প্রতিযোগিতায় মার খেতে হবেই। এমনিতেই তো আমরা দেখছি, এই যুদ্ধে আমাদের পরাজয় অবসম্ভাবী হয়ে যাবে কারণ আমাদের ইকুইপমেন্ট নেই, আমরা হিন্দিভাষা শিক্ষায় এগুতে পারিনি। তাহলে আমাদের ভাষানীতি এমন হওয়া দরকার যেখানে সংস্কৃত ভাষা থেকে আমাদের প্রেরণা নিতে হবে, হিন্দুস্থানী ভাষা থেকে আমাদের প্রেরণা নিতে হবে। সংস্কৃত ভাষা হচ্ছে গ্রান্ড মাদার অব অল ইন্ডিয়ান লাঙ্গুয়েজ। তাকে নষ্ট করা কখনই চলবে না, তার থেকে উপাদান নিতে হবে এবং আর্টিকেল ৩৫১তে বলছে অন্যান্য ভাষা থেকেও আমাদের উপাদান নিতে হবে। সেই অন্যান্য ভাষার মধ্যে হচ্ছে ইংরাজি ভাষা এবং এই ভাষাকে যদি আমরা লাঙ্গুয়েজ স্টাডির মধ্যে না রাখি তাহলে আমাদের খুব ক্ষতি হয়ে যাবে এবং এটা যদি না করা হয় তাহলে আপনারা যেটা চাচ্ছেন- সাম্য, যেটা শ্রী গোস্বামী বললেন, যেটা শ্রী সুনীল বসুরায় মহাশয় বলবার চেষ্টা করলেন, তা থাকবে না। কিন্তু আমার বক্তব্য হচ্ছে, আমার ধারণা যদি ভ্রান্ত বলে প্রমাণ করিয়ে দিতে পারেন তাহলে আপনাদের ধন্যবাদ জানিয়ে যাব, আগামী দিনের মানুষ আপনাদের ধন্যবাদ জানাবে। কিন্তু আমার গভীরতম আশঙ্কা যে, এই ভাষানীতি যদি আপনারা সংখ্যা গরিষ্ঠের শাসনের জোরে

চাপিয়ে দেন এইভাবে তাহলে দুটো শ্রেণী সমাজ তৈরি হয়ে যাবে। এখানে মাননীয় মন্ত্রী অমৃতেন্দু মুখার্জি মহাশয় আছেন, তিনি নিজে আমার নির্বাচনী কেন্দ্র কৃষ্ণনগরের খবর জানেন- আমি অসুস্থ থাকার জন্য বেশ কয়েকদিন যেতে পারিনি- তারপর আমি গিয়ে দেখলাম, বেশ কয়েকজন ওখানকার শিক্ষাবিদ, ওখানকার পাবলিক প্রসিকিউটর এবং ওখানকার গর্ভনমেন্ট প্লিডার বিশিষ্ট কিছু নাগরিক তাঁরা স্বাক্ষর করেছেন, তাঁরা আবেদন করেছেন যে কৃষ্ণনগর শহরে ভাল ইংরাজি মিডিয়াম স্কুল নেই। তাই একটা ইংলিশ মিডিয়াম স্কুল স্থাপন করতে তারা উদ্যোগী হয়েছেন। তাহলে দেখুন, উপাধ্যক্ষ মহাশয় সরকারের ভাষা ও শিক্ষানীতি মানুষকে উৎসাহিত করছেনা। ইংলিশ মিডিয়াম স্কুল স্থাপনের জন্য এত আগ্রহ দিন দিন বাড়ছে কেন? বিভিন্ন শহরে এই রকম একটা সাড়া পড়ে। কৃষ্ণনগর শহরে মিশনারিদের এইরকম স্কুল আছে কিন্তু মিশনারি ছাড়া অন্য কোনও প্রতিষ্ঠানের ঐরকম স্কুল নেই। কিন্তু প্রশ্ন হচ্ছে, এই ব্যাপারে আপনাদের নীতি পরিষ্কার যদি না থাকে তাহলে ব্যাঙের ছাতার মতন এইরকম তথাকথিত বাজে ইংলিশ মিডিয়াম স্কুল যত্রতত্র গজিয়ে উঠবে এবং ইংরাজি ভাষা ভাল যাঁরা জানেন না তাঁরা মাহিনে নিয়ে মফঃস্বলে এই রকম ইংরাজি মিডিয়াম স্কুলে শিক্ষকতা করবেন। সুতরাং সেইদিক থেকে আমি বলব, যে যে-ভাষানীতি আপনারা নিয়েছেন সেই ভাষানীতি মারাত্মক হবে, এই ভাষানীতির মধ্য থেকে সমাজের বিভিন্ন মূল্যবোধ, যা কিছু সুন্দর যা কিছু শালীন, যা কিছু ভাল সব কিছু নির্বাসন দেবার প্রবণতা এসে যাবে। এবং যে একটা গোঁড়ামি কুসংস্কার মাথা চাড়া দিয়ে উঠবে বৈষম্য দূর করবার জন্য আপনারা কৃত-সংকল্প হচ্ছে বলে মুখে দিনরাত ঘোষণা করছেন সেই বৈষম্য সৃষ্টি করবে এই ভ্রান্তভাষানীতি। সমাজে নূতন ব্রাহ্মণ, নতুন শুদ্র শ্রেণী তৈরি হবে এবং যারা সেই সুযোগ পাবে না তারা নয়া শুদ্র শ্রেণী হয়ে থাকবে। সমাজে যে সুযোগ তাদের পাওয়া দরকার তা থেকে তারা বঞ্চিত হয়ে থাকবে। মাতৃভাষার মাধ্যমে তো শিক্ষা রয়েছে এটাকে আপনারা আরও জোরদার করুন। বাংলা ভাষা প্রসারের জন্য আমি সবিনয়ে জিজ্ঞাসা করছি এই সরকার কতটুকু প্রয়াস নিয়েছেন, বাংলার অল্‌রাউন্ড ডেভেলপমেন্টের জন্য এবং আরও প্রসারের জন্য কতটুকু আপনারা করতে পেরেছেন? পারে নি তো? সুতরাং যখন পারেন নি সেইদিকে আপনারা চেষ্টা চালান। কিন্তু ইংরাজি ভাষাকে নির্বাসন দিয়ে একটা রাজনৈতিক ইস্যু করে সমাজের মধ্যে একটা বিশৃঙ্খলা সৃষ্টি করা এটা ঠিক হবে না। ভাষানীতিকে আপনারা জোর করে যদি চালিয়ে যান তাহলে সেই হঠকারিতা হবে বাঙালির ভবিষ্যতের উপর খড়গাঘাতের সমতুল্য আত্মঘাতীকাজ এবং ভবিষ্যৎ প্রজন্ম আপনাদের কখনই মার্জনা করবে না। তাই আমি আবেদন করবো সরকারের কাছে, গালাগালি অন্তত এই ইস্যুর উপর আমরা কেউ কাউকে যেন না দিই। যারা দেশের স্বীকৃত ভাষাবিদ, যারা স্বীকৃত পন্ডিত, যারা সমাজে স্বীকৃত শিক্ষাবিদ-তারা যে দলের হোক না কেন-আমি এই সরকারের কাছে এই সভার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এবং মন্ত্রীসভার সদস্যদের আবেদন করব যে, তাঁদের সঙ্গে আপনারা আলোচনায় বসুন, সংঘাতের পথ পরিহার করুন এবং সত্যিকারের মাতৃভাষার আরও উৎকর্ষ, যাতে সাধিত হয় সেইদিকে চেষ্টা করুন এবং সঙ্গে সঙ্গে ইংরাজি ভাষাকে রেখে দিন। ইংরাজি ভাষাকে আপাতত পরিহার করার চেষ্টা করে দেশের সর্বনাশ ডেকে আনবেন না। এই কথা বলে আমার

বক্তব্য শেষ করছি।

[6-35—6-45 p.m.]

**শ্রী নির্মলকুমার বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের মাননীয় সদস্য শ্রী কাশীকান্ত মৈত্র মহাশয় আবেগের সুরে বললেন, ভাষার প্রশ্নে, শিক্ষার প্রশ্নে একটা ঐক্যমত সৃষ্টির চেষ্টা করুন এবং এই ব্যাপারে কোনও বিরোধ টেনে আনবেন না। আমি তাঁর আবেদনের সুরের সঙ্গে একমত।

শিক্ষা সংস্কৃতির বিষয়ে সর্বসম্মত কোনও বিশেষ জায়গায় আমরা পৌঁছতে পারতাম, তার চেয়ে ভাল আর কিছু হোতো না। আমার আশঙ্কা হচ্ছে, এখানে একটা দৃষ্টিভঙ্গীর পার্থক্য এসে গেছে এবং তার জন্য এখানে যে পার্থক্য হচ্ছে এটা আমাদের দেশে নূতন নয়। বিভিন্ন দেশের ইতিহাস দেখুন, যখন শিক্ষা ক্ষেত্রে মৌলিক কোনও পরিবর্তনের চেষ্টা করা হয় তখন সেই সমাজের দুর্নীতি তার বিরুদ্ধে রুখে দাঁড়ায়। আমরা স্বাধীনতার পর থেকে বরাবর এই কথা শুনে আসছি, বলে আসছি ইংরাজ আমলের শিক্ষা দাস তৈরির শিক্ষা, কেরানি তৈরির শিক্ষা ব্যবস্থা ছিল, তার কোনও মৌলিক পরিবর্তনের চেষ্টা হচ্ছে না। এখানে ওখানে বলা হয়েছে মাত্র, আজ বামফ্রন্ট সরকার একটা মৌলিক জায়গায় হাত দিয়েছেন বড় পরিবর্তনের কথা বলার সঙ্গে সঙ্গে প্রতিবাদের ঝড় উঠেছে- ঠিক যেন মৌমাছির বা ভীমরুলের চাকে ঢিল পড়েছে। এটা হওয়া স্বাভাবিক, অসম্ভব নয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধীদলের ৪ জন বক্তা বক্তৃতা করেছেন, আমি গভীর আগ্রহের সঙ্গে তা শুনছিলাম। সমালোচনার সুর উঠেছে যে বামফ্রন্ট সরকার এমন একটা ভাষা নীতি গ্রহণ করেছেন যার ফলে ইংরাজিকে নির্বাসন দেওয়া হচ্ছে, ইংরাজিকে তুলে দেওয়া হচ্ছে। স্পষ্ট ভাষায় বলছেন যে সরকার এমন কোনও নীতিগ্রহণ করছেন যে নীতির ফলে ইংরাজি হটাও বলা হচ্ছে। আমি এর বিরোধিতা করব, কারণ বামফ্রন্টের এই ভাষা নীতি ইংরাজিকে তুলে দিচ্ছে না। এই মাত্র কাশীবাবু বক্তব্য রাখলেন যে ইংরাজি ভাষার মাধ্যমে আমরা কত বই পেয়েছি, শিক্ষা সংস্কৃতিতে কত কি পেয়েছি। ইংরাজির সঙ্গে আমাদের বিরোধ নেই। তার উপকারিতা আমরা স্বীকার করি। ভারতবর্ষে ইংরাজি থাকবে, চিরকালের জন্য থাকবে। ইংরাজিকে তুলে দেওয়া যাবে না। মূল প্রশ্ন যেখানে সে জায়গায় যাচ্ছি না। সে জায়গায় বামফ্রন্ট সরকারের বক্তব্যের কোনও সমালোচনা করেন না। চার জন সদস্যর বক্তব্যের মধ্যে একটা পয়েন্ট খুঁজে পেলাম না, যেটা আমি আশা করেছিলাম যে আজকে বিতর্কে তাঁরা বলবেন। প্রাথমিক স্তরে পঞ্চম শ্রেণী পর্যন্ত কেবলমাত্র একটি ভাষায় পড়ানো হবে। তাদের যে শিক্ষার বিষয় সেটা হল মাতৃভাষায় শিক্ষা দেওয়া। ষষ্ঠ শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত ইংরাজি বাধ্যতামূলক থাকবে। অন্য কোনও ভাষা ফ্রেঞ্চ, জার্মান ইত্যাদির পরিবর্তে নয়, অনেক দেশে যেমন আছে ৩/৪টি বিদেশি ভাষার মধ্যে একটিকে নিতে হবে। শিশু তার শিক্ষার মধ্যে একটি ভাষা শিখবে। মাতৃভাষার মাধ্যমে শিক্ষার ফলে ভাল শিখবে কিনা এ বিষয়ে বিস্তৃত আলোচনা আমাদের সামনে রয়েছে। এ বিষয়ে আমাদের দেশের মধ্যে বৈজ্ঞানিক আলোচনা রয়েছে। সেই আলোচনাগুলি আমরা মেনে নিয়েছি তাঁরা মেনে

নিয়েছেন, শিক্ষার বয়ান মাতৃভাষায় হবে। তাঁরা চেয়েছেন বাংলার সঙ্গে ইংরাজি থাক, আমরা বলছি না। বিরোধটা ঐ এক জায়গায়। সবাই সমর্থন করছে। দেবপ্রসাদবাবু, সোহরাব সাহেব, কাশী বাবু মেনে নিয়েছেন। মাতৃভাষায় শিক্ষা চলবে। শুরু থেকে অ, আ,র সঙ্গে এ. বি. থাক, আমরা বলছি না। শুরু করবে বাংলা থেকে, তারপর ইংরাজি আসবে এই জায়গায় বিরোধ। আমাদের দেশে সোভিয়েট এবং চীনের মতো শিক্ষার প্রসার হয়নি। শতকরা ৫০ ভাগের বেশি নিরক্ষর। গ্রামের গরিব লোক কলকারখানার শ্রমিক, নিচের তলার মানুষের মধ্যে শিক্ষার ব্যবস্থা করতে গেলে এক ভাষার বদলে দুই ভাষা দিলে চাপ হয়ে যাবে। শিশু তার নিজের ভাষা খুব ভালভাবে শিখবে। এক্ষেত্রে আমি রবীন্দ্রনাথের কথা থেকে বলব। তিনি তার শিক্ষা বিষয়ক যে প্রবন্ধ আছে তাতে শিক্ষার স্বাঙ্গীকরণ করে বলেছেন পরিষ্কার ভাবে যে নিজের ভাষায় চিন্তাকে ফুটিয়ে তোলা, সাজিয়ে তোলার আনন্দ গোড়া থেকেই পেয়েছি। তাই বুঝেছি মাতৃভাষায় রচনার অভ্যাস সহজ হয়ে গেলে তার পরে যথা সময়ে অন্য ভাষা আয়ত্ব করে সেটাকে সাহস পূর্বক ব্যবহার করতে কলমে বাঁধে না। এটা পরিষ্কার কথা যে শুরু হবে শুধু মাতৃভাষায়, তারপর অন্য ভাষা। এই গ্রন্থে আরেকটা প্রবন্ধ থেকে আমি পড়ে শোনাচ্ছি-শিক্ষার বাহন- সেখানে তিনি আরও স্পষ্ট করে বলেছেন- আমার প্রশ্ন এই প্রপারেটারি ক্লাশ পর্যন্ত এক রকম পড়াইয়া তারপর বিশ্ববিদ্যালয়ের মোড়টার কাছে যদি ইংরেজি বাংলার দুটো বড় রাস্তা খুলিয়া দেওয়া যায়, তাহইলে কি নানা প্রকারের সুবিধা হয় না? অর্থাৎ রবীন্দ্রনাথ পরিষ্কার ভাবে বলেছেন শুরু থেকেই প্রিপেরাটারি যে শিশু মাতৃভাষা বাংলায় শিখবে, তারপর একটা জায়গায় এসে দুটো দরজা খুলে দাও। দীর্ঘকাল আগে এই কথা তিনি বলে গেছেন। আমরা উঠতে বসতে রবীন্দ্রনাথকে নমস্কার করি, সহজপাঠ নিয়ে কথা বলি কিন্তু এই সব কথা বলিনা। আমরা বলছি ইংরেজি থাকবে। শুরুতে প্রস্তাবটি যেহেতু কংগ্রেস (আই) থেকে এসেছে, অবশ্য এখন গান্ধী বললে মহাত্মা গান্ধীর নাম আসেনা ইন্দিরা গান্ধীর নামই আসে সেই মহাত্মা গান্ধী স্বাধীনতার আন্দোলনের সময় যে কথা বলেছিলেন শিক্ষা সম্বন্ধে সেটা আমি বলতে চাই। Ministry of Education, Government of India. 1958. Mahatma Gandhi's thoughts on Education- "The foreign medium has caused brain fag, put an undue strain upon the nerves of our children made them crammers and imitators, unfitted them for original work and thought, and disabled them for transmitting their learning to the family or the masses. The foreign medium has made our children practically foreigners in their own land. It is the greatest tragedy of the existing system. The foreign medium has prevented the growth of our vernaculars. তারপর তিনি কি কঠোর মন্তব্য করেছেন সেটা শুনুন If I have the powers of a despot,. I would today stop the tution of our boys and girls through a foreign medium, and required all the teachers and professors on pain of dismissal to introduce the change forthwith. I would not wait for the preparation of textbooks. They will follow the change. It is an evil that needs a summary remedy

তারপর আবার বলেছেন I must not be understood to decry English or its

noble literature. ইনি ইংরাজি নির্বাসন দেবার কথা বলেননি। কাশীবাবুর সঙ্গে এককালে ছাত্রাবস্থায় আমি আন্দোলন করেছি, শশবিন্দু বাবু যিনি এক সময়ে নেতাজীর কথা বলতেন- এখন বলেন কিনা জানিনা সেই নেতাজি নিজের লেখা আত্মজীবনী 'An Indian Pilgrim' থেকে আমি কিছু পড়তে চাই। নেতাজি নিজে ইংরাজির মাধ্যমে বিদ্যালয়ে পড়েছিলেন যার নাম হচ্ছে প্রোটেস্ট্যান্ট ইউরোপিয়ান স্কুল। পড়বার পর পরবর্তীকালে তিনি তাঁর নিজের আত্মজীবনীতে লিখেছেন মাই স্কুল ওয়াজ- সেখানে তিনি লিখছেন ইংরাজি মাধ্যমে বিদ্যালয়ে পড়ে তাঁর মানসিকতার পরিবর্তন ঘটায়নি এবং সেখানে তিনি বলেছেন The feeling of insignificance- of diffidence- to which I have referred before, continued to haunt me.

কিন্তু তিনি ইংরাজি শিক্ষার বিরোধী ছিলেন না। তিনি বলেছেন, considering everything, I should not send an Indian boy or girl to such a school now. এই অধ্যায়ের শেষ লাইনে তিনি আরও বলেছেন, The proper psychological approach for a cultural approchement between the East and the West is not to force 'English' education on Indian boys when they are young, but to

[6-45—6-55 p.m.]

bring them into close personal contact with the West when they are developed, so that they can judge for themselves what is good and what is bad in the East and in the West. তিনি নিজে ইংরাজি মাধ্যম বিদ্যালয়ে পড়ে পরবর্তীকালে বলেছেন- ভুল হয়েছিল, এতে মানসিকতার বিকাশ হয় না। তিনি আক্ষেপ করে বলেছিলেন প্রথমে তাঁর মাতৃভাষায় শিক্ষা গ্রহণ করা উচিত ছিল। পরবর্তী স্তরে নিশ্চয় ইংরাজিকে মাধ্যম করে শিখতে হবে এ হচ্ছে রবীন্দ্রনাথের কথা মহাত্মা গান্ধীর কথা- এ তো নেতাজীসুভাষ চন্দ্রেরও কথা। স্বাধীনতার পর সব কমিশনের রিপোর্ট- রাধাকৃষ্ণাণ কমিশন, মুদালিয়ার কমিশন, কোঠারি কমিশন সবই আমার কাছে আছে। মোদালিয়ার কমিশনের বা অন্যান্য কমিশনের রিপোর্টটা পড়ার পর বলছি আপনারা পন্ডিত ব্যক্তিদের কথা শুনছেন না, আপনারা দলীয় রাজনীতি করছেন। আপনাদের গতিবিধি দেখে মনে হচ্ছে- রবীন্দ্রনাথ দলীয় রাজনীতি করেছেন, মহাত্মা গান্ধী বামপন্থী হয়ে গেছেন- এটা আমার জানা ছিল না। নেতাজি এখন দলীয় রাজনীতির ঝান্ডা নিয়ে চলেছেন পথে পথে। রাধাকৃষ্ণণ কমিশন ১৯৪৮ সালে গঠিত হয়েছিল। শিক্ষার মাধ্যম সম্পর্কে কি বলা হয়েছে তা আমি ভলিউম্ ওয়ান থেকে পড়ছি, Both from the point of view of education and of general welfare of a community it is essential that their study should be through the instrumentality of their regional language. মোদালিয়ার কমিশনের এবং কৌঠারী কমিশনেরও একই বক্তব্য। ভারতবর্ষে যত শিক্ষা কমিশন হয়েছে তার মধ্যে গুরুত্বপূর্ণ হল কোঠারি কমিশন। প্রফেসর কোঠারি এর সভাপতি ছিলেন। ব্রিটেন, মার্কিন যুক্তরাষ্ট্র, ফ্রান্স, জাপান প্রভৃতি দেশের বিশিষ্ট শিক্ষাবিদ ও ইউনেস্কোর প্রতিনিধিবৃন্দও এঁদের সঙ্গে যুক্ত ছিলেন। তাঁরা ভাষা সম্পর্কে সর্বসম্মতিক্রমে বলেছেন, ১.৫৪ টু সাম

আপ, We are convinced of the advantages of education through the regional languages. We regard the development of regional languages as vital to the general progress of the country, তাঁরা যা বলেছেন তা মানছেন না কেন আপনারা? অন্য আরও অনেক সমস্যা আছে এই সমস্যার সমাধান ত আমাদের করতে হবে। আমাদের দেশের বিশিষ্ট শিক্ষাবিদ, জাতীয় নেতৃবৃন্দ এবং আমাদের জীবনের সমস্ত অভিজ্ঞতা এই কথা বলে যে, শিশু প্রাথমিক স্তরে লেখাপড়া শিখবে নিজের মাতৃভাষায়। কংগ্রেসের আমলে যে সমস্ত কমিশন করা হয়েছিল- রাধাকৃষ্ণাণ কমিশন, মুদালিয়ার কমিশন, কোঠারি কমিশন এঁরা সর্বসম্মতিক্রমে যে প্রতিবেদন দিয়েছিলেন, তা তাঁরা কার্যকর করেন নি- বামফ্রন্ট সরকার এসে তা কার্যকর করবার চেষ্টা করছেন। সঙ্গে সঙ্গে চারিদিকে গেল গেল রব উঠেছে। ইংরাজি তুলে দেওয়ার পরীক্ষা ইতিপূর্বেও হয়েছে, স্বাধীনতার পরেও হয়েছে। ইংরেজ আমলে বিদ্যালয়গুলিতে ক্লাস থ্রি থেকে ক্লাস সিকস্ পর্যন্ত শিক্ষা দেওয়া হত মাতৃভাষার মাধ্যমে, ক্লাস সেভেন থেকে টেন পর্যন্ত ইংরাজি ভাষায় পড়ানো হত ইংরাজি, ভূগোল ইত্যাদি বিষয়গুলো। অর্থাৎ তখন দুরকমের স্কুল ছিল- এক জাতীয় হচ্ছে ইংরাজির মাধ্যমে এবং অন্যটি মাতৃভাষার মাধ্যমে শিক্ষাদানের স্কুল। এবং সাধারণ যে সমস্ত পাবলিক স্কুলগুলি ছিল, সেখানে মাতৃভাষার মাধ্যমে শিক্ষা প্রদানের ব্যবস্থা ছিল। আমি জিজ্ঞাসা করি- তাতে তখন কি ক্ষতি হয়েছিল? কংগ্রেসের আমলেও ত এই একই ব্যবস্থা কার্যকর ছিল। আমরা যখন কলেজে পড়াশোনা করেছিলাম তখন ইনটারমিডিয়েট্, বি, এ, ক্লাসে ইংরাজিতে পড়তে হতো।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** সময় শেষ হয়ে যাবে দেখছি এখনও অনেকে বলবার আছেন। আমার ক্ষমতা আছে মাত্র ১ ঘন্টা বাড়াবার। তাই আমি অনুরোধ করব যে সকলে কম সময় নেবেন এবং আমাদের ঐ সময়ের মধ্যে শেষ করতে হবে। আমি ১ ঘন্টা সময় বাড়াবার জন্য অনুরোধ রাখছি। আমি ধরে নিলাম এতে কারুর আপত্তি নেই। এক ঘন্টা সময় বাড়ান হলো।

**শ্রী নির্মলকুমার বোস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা যখন কলেজে পড়ি ইংরাজি-বাংলা ছাড়া রাষ্ট্রবিজ্ঞান, ইতিহাস, দর্শন ইত্যাদিতে ইংরাজিতে পড়তে হতো। পরবর্তী স্তরে ঠিক হলো এগুলি ইংরাজিতে নয় বাংলা ভাষায় পড়াতে হবে। নানা আপত্তি উঠলো বই কোথায় কি করে পড়ানো যাবে বুঝতে পারবে কি। এই সব কথা উঠলো। কিন্তু প্রায় জোর করেই হলো। কিন্তু এখন তো সব বাংলায় পড়ে। অধ্যাপক হরিপদ ভারতী আছেন তিনি দর্শন পড়ান। আমরা তখন অবরোহ-আরোহ শুনে আঁতকে উঠতাম। এখনকার ছেলে মেয়েরা ডিডাকটিভ-ইনডাকটিভ জানে না তারা অবরোহ-আরোহই জানে। কোনও অসুবিধা হচ্ছে না। অনার্সের ব্যাপারে যখন বাংলা ভাষার কথা এলো সবাই আঁতকে উঠলেন বই কোথায়? এখন অনার্সের ছেলে মেয়েরা পরীক্ষা দিচ্ছে কোনও অসুবিধা হচ্ছে না। সুতরাং এতে কোনও অসুবিধা নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ব্যাপারটা এখন এটাই যে বামফ্রন্ট সরকার সর্বক্ষেত্রে কি কৃষি, কি শিল্প, কি শিক্ষা, স্বাস্থ্য সর্বত্র গণাভিমুখী নীতি গ্রহণ

করেছেন ও করতে যাচ্ছেন। যাতে করে গ্রামের সাধারণ মানুষের মধ্যে এটা ছড়িয়ে পড়ে সে নীতি বামফ্রন্ট সরকার গ্রহণ করেছেন। এতেই এঁদের এত আপত্তি এত বাধা। আমি স্বীকার করি যে কিছু অসুবিধা আছে যা এই প্রস্তাবে বলা হয়েছে। হাঁ, আছে। ইংরাজি মাধ্যমিক বিদ্যালয় রয়েছে। সে কথা তো বলছেন না- বা প্রস্তাবের মধ্যে সোহরাব সাহেব ঢোকাবার চেষ্টা করেন নি যে আপত্তি এখানে যে মাধ্যমিক স্তরে ইংরাজি তুলে দেওয়া হলো। শহরের মাধ্যমিক ইংরাজি বিদ্যালয় এর কথা বললেন। টাকার কথা তো বললেন না? শশবিন্দু বাবুর সংশোধনীতে দেখলাম সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের পাশাপাশি কলকাতা শহরে এরূপ প্রাথমিক বিদ্যালয় আছে যেখানে ২০০ টাকা মাসিক দরকার হয় পড়াতে গেলে। এই যে ২০০ টাকা বেতন সেই সব কথা তো বললেন না। আপনাদের আপত্তি তো এখানে যায় নি। আমি এখানে বলি যে যদিও সংবিধানের বাধা আছে এটা কি করে আমরা দূর করতে পারি। কি করে আমরা সাম্য আনতে পারি, কি করে সংবিধানের বাধা দূর করতে পারি সে কথা তো বলেন নি। একটা ছেলে বিনা মাহিনার স্কুলে পড়বে আর একজন ২০০ টাকা দিয়ে পড়তে যাবে এই যে বাধা এ আমাদের দূর করতে হবে। কাশীবাবু সংবিধানের অনেক কথা বলেছেন। আমি মনে করি না সংখ্যালঘুদের জন্য সংবিধানের যে সুযোগ দেওয়া আছে এটা তার মধ্যে আসবে। অ্যাংলো ইন্ডিয়ানরা যদি কোনও স্কুল করেন সেখানে ইংরাজিতে সব কিছু শেখানো হবে কারণ তাদের মাতৃভাষা ইংরাজি। যদি কেউ ভারতবর্ষে বলে আমার মাতৃভাষা ইংরাজি তাহলে ইংরাজিতে সব শিখতে হবে। কিন্তু ধর্মীয় কারনে কেউ বলবেন যে আমি উর্দু শিখবো না- কেউ বলবেন আমি হিন্দি শিখব না- বাংলা শিখব না ইংরাজি দাও এ হয় না। কাশীবাবু আইনজ্ঞ আমি আইনজ্ঞ নই- আমার ধারণা সংবিধানের এই ধারা ভাষা শিক্ষার ক্ষেত্রে এই ভাবে আসবে না। যদি আসে তাহলে আমাদের এই বিরোধিতার সম্মুখীন হতে হবে সে বাধা আমাদের দূর করতে হবে। বাধা আসে তখন যখন পরিবর্ত্তন আসে। যুগান্তর কালে এই ধরনের অসুবিধার সম্মুখীন হতে হয়- সে অসুবিধা আমাদের দূর করতে হবে। যে আশঙ্কার কথা বলা হয়েছে তা অমূলক বলে আমি মনে করি। মাতৃভাষার মাধ্যমে আমরা যদি সমস্ত প্রাথমিক স্তরে শিক্ষা দিই তাহলে বাংলা ভাষার প্রয়োজনীয়তা সর্বক্ষেত্রে বাড়বে। আমাদের পশ্চিমবাংলার শহরে ও গ্রামে দু রকমের নাগরিক সৃষ্টি হবে এই ধরনের কোনও কাজ করতে পারি না। আমরা যদি ইতিহাস দেখি তাহলে দেখব যে, আই.এ.এস এবং ডাব্লু.বি.সি.এস পরীক্ষায় পাশ করেছে এমন সব ছেলেদের যদি দেখি তাহলে আমরা দেখব যে এদের মধ্যে কজন বাংলার গ্রামের বিদ্যালয়ে পড়েছে আর কজন ইংরাজি ভাষার মাধ্যমিক স্কুলে পড়েছে। আমি নিশ্চিত যদি পরিসংখ্যান নেওয়া যায় তাহলে দেখা যাবে যে বাংলা স্কুলের ছেলেরা বেশি। ইংরাজি মাধ্যম বিদ্যালয়গুলিতে তারা কিছু কচ্‌কচি শেখায়, কায়দা কানুন শেখায়, ভাল ইংরাজি বলতে শেখায়। কিন্তু মূল বস্তু যা তা মাতৃভাষার মাধ্যমে যে স্কুল আছে সেখানে ভাল পড়ানো হয় বা শেখানো হয়। আমাদের অনেক অসুবিধা আছে ত্রুটি আছে, তা যদি আমরা দূর করতে পারি তো এর আরও উন্নতি সম্ভব। সেটা অন্য প্রসঙ্গ, কিন্তু মাতৃভাষায় শিক্ষা করলেই মানসিকতার বিকাশ হবে না প্রতিযোগিতায় টিকতে

পারবে না এটা ঠিক নয়। যাঁরা বড় হয়েছেন তাঁদের সব জীবনী আছে তা পড়লে আমরা জানতে পারব। আরও আপনারা দেখতে পাবেন পরীক্ষায় যারা প্রথম ১৪।১৫ জন হয় তারা সব বাংলা স্কুলের ছাত্র। তাহলেই আমার বক্তব্য পরিষ্কার হবে এই জিনিস যদি আপনারা লক্ষ্য করেন। স্যার, আমি বেশি সময় নেব না। আমি পরিষ্কার করে বলতে চাই যে বিষয়টা অত্যন্ত স্পষ্ট। আমরা যদি বৈজ্ঞানিক আলোচনায় যাই- শিশুর স্বার্থ দেখি ও জনগণের মধ্যে শিক্ষা ছড়িয়ে দেওয়ার কথা ভাবি এবং তারজন্য বিদেশের অভিজ্ঞতার কথা বলি সমস্ত যদি মিলিয়ে নিই তাহলে এটা পরিষ্কার যে বামফ্রন্ট সরকার যে সিদ্ধান্ত গ্রহণ করেছেন তা অত্যন্ত সঠিক সিদ্ধান্ত। তবে আমাদের দেশের বুদ্ধিজীবীরা এর বিরুদ্ধে কেন? তবুও আমাদের দেশের কিছু বুদ্ধিজীবীরা এতে আপত্তি করছেন কেন? ডঃ নীহাররঞ্জন রায়, প্রেমেন্দ্র মিত্র, শংকরপ্রসাদ মিত্রের প্রতি আমি কোনও রকম অসম্মানজনক উক্তি করতে চাইনা। আমার বক্তব্য হচ্ছে শ্রেণীবিভক্ত সমাজে দৃষ্টিভঙ্গীর পার্থক্য হতে বাধ্য। আমরা দেখেছি ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনে যখন আপামর জনসাধারণ এগিয়ে এসেছেন তখন কিছু কিছু নামকরা পন্ডিত, হাইকোর্টের বিচারপতি, ভাল ভাল ব্যারিস্টার, উপাচার্য এরকম একটা মনোভাব পোষণ করতেন, প্রকাশ্যে বলতেন- ভারতবর্ষের মানুষ স্বাধীনতার যোগ্য নয়, ইংরেজ থাকলেই ভারতবর্ষের উপকার হবে। তাঁরা অন্য ক্ষেত্রে কৃতি এবং মনীষী ব্যক্তি, কৃতবিদ্যা ব্যক্তি কিন্তু স্বাধীনতা আন্দোলনে তাঁদের ভিন্ন ধারণা ছিল। কিন্তু

[6-55—7-05 p.m.]

তারজন্য তো স্বাধীনতার জয়রথ আটকে থাকেনি। আমি একটা দৃষ্টান্ত দিচ্ছি। মহাত্মা গান্ধীর অসহযোগ আন্দোলন শুরু হল এবং গান্ধীজী আহ্বান জানালেন ইংরেজের গোলামখানা স্কুল কলেজ থেকে বেরিয়ে এস। বাংলাদেশের অবিসম্বাদী নেতা দেশবন্ধু চিত্তরঞ্জনও এই আবেদন জানালেন। ওয়েলিংটন স্কোয়ারে ন্যাশনল কলেজ স্থাপিত হল- সুভাষচন্দ্র অধ্যক্ষ হলেন, শরৎচন্দ্র চট্টোপাধ্যায় অধ্যাপনা করতে গেলেন। কিন্তু বাংলার বাঘ বলে পরিচিত স্যার আশুতোষ বিরোধিতা করে বললেন এটা ভুল পথ। স্যার আশুতোষ, যাঁর যোগ্যতা এবং কৃতিত্ব সন্দেহের অতীত তিনি বিরোধিতা করে বললেন, এটা ভুল পথ। তখন একদিকে মহাত্মা গান্ধী, দেশবন্ধু চিত্তরঞ্জন এবং অন্যদিকে স্যার আশুতোষ। কিন্তু স্বাধীনতা আন্দোলন, অসহযোগ আন্দোলন এগিয়ে গেল, আশুতোষের প্রতিবাদ গ্রাহ্য হলনা। স্যার আশুতোষকে আমি শ্রদ্ধা করি, ডঃ নীহাররঞ্জন রায় নামকরা ঐতিহাসিক থাকুন, সুকুমার সেন সাহিত্যের নামকরা অধ্যাপক থাকুন, প্রেমেন্দ্র মিত্র নামকরা সাহিত্যিক থাকুন। আমার বক্তব্য হচ্ছে জনগণের স্বার্থে বামফ্রন্ট সরকার যখন একটা ভাষানীতি গ্রহণ করেছেন তখন শ্রমিক কৃষকের সঙ্গে যাঁরা চলেননা, তাদের সঙ্গে যাঁদের ওঠাবসা নেই, অন্য চিন্তাধারা এবং অন্য মানসিকতায় যাঁরা মানুষ তাঁরা ইংরেজির পক্ষে থাকুন। তাঁদের এই বাধা জনগণ মানবেনা, তাঁদের বাধায় এই ভাষানীতির পরিবর্তন হবেনা। আমি সোহরাব সাহেবের প্রস্তাবের বিরোধিতা করে বামফ্রন্ট সরকারের ভাষানীতি সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**শ্রী হরিপদ ভারতী :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, প্রাথমিক স্তরে ইংরেজি বাঁচাও কিংবা ইংরেজি হঠাও এই যে দুটি বেগবতী ধারা আমাদের দেশে প্রবাহিত হচ্ছে এর কোনওটিতেই আমার অবগাহন করবার ইচ্ছে ছিলনা কারণ আমি জানি ভারতবর্ষের ইতিহাস প্রমাণ করেছে ভারতীয় আত্মার একটা সহজাত শক্তি আছে যা কিছু গ্রহণ করার তাকে গ্রহণ কর, যা কিছু বর্জন করার তাকে বর্জন কর। ভারতবর্ষের ইতিহাস প্রমাণ করেছে রাজনৈতিক উত্থান পতনকে অগ্রাহ্য করে, রাজনৈতিক ইচ্ছা বা অভিপ্রায়কে সম্পূর্ণভাবে পর্যুদস্ত করে ভারত তাঁর সমন্বয়ী সাধনার মধ্য দিয়ে একটা ঐতিহ্য গঠন করেছে। ভারতের আত্মা একদিন যখন বাংলাদেশের শ্যামল ভূখন্ডে বাঙময় হয়ে উঠেছিল তখনও প্রশ্ন ছিল, ইংরেজি বিদেশি ভাষা তাকে গ্রহণ করা, ইংরেজি সাহিত্যের পঠন পাঠনের ব্যবস্থা করা, ইংরেজি শিক্ষার প্রবর্তন করা ভারতবর্ষের পক্ষে কল্যাণকর হবেনা। কিন্তু তথাপি ভারতবর্ষ সেদিন ইংরেজি শিক্ষা গ্রহণ করেছিল, বণিকের মানদন্ড রাজদন্ডে রূপান্তরিত হবার পর সেই বিদেশি শাসকের ভাষা এবং সাহিত্যকে আমন্ত্রণ জানিয়েছিলেন ভারতের সেই প্রাণপুরুষের দল, রাজা রামমোহন, বিদ্যাসাগর প্রভৃতি এবং তাঁদের সেই আমন্ত্রণের মধ্য দিয়ে ঐ বিদেশি ভাষা এবং সাহিত্য ভারতবর্ষের নবজাগরণকে সংগঠিত করেছিল। শুধু তাই নয়, তাদের ঐ ভাষা আমাদের সমাজ চেতনা, রাজনৈতিক চেতনা, আমাদের ভাষা এবং সাহিত্যের উপকার করেছিল সে বিষয়ে বোধকরি ইতিহাস সচেতন কোনও ব্যক্তি আপত্তি তুলবেন না। কিন্তু প্রশ্ন আজকে ভারতবর্ষ স্বাধীন হবার ৩৩ বৎসর অতিবাহিত হবার পর আজকে আমাদের

[7-05—7-15 p.m.]

দেশের প্রাথমিক স্তরে ইংরেজিকে আমাদের ভাষারূপে অবশ্য পাঠ্যরূপে রাখব কি রাখবনা, এই প্রশ্ন এসে উপস্থিত হয়েছে। কিন্তু এই প্রশ্নের সঙ্গে একটা বিতর্ক এখানে বার বার উপস্থিত হয়েছে, বার বার সেই বিভ্রান্তি দেখা দিয়েছে, এমন কি আমাদের শ্রদ্ধেয় বন্ধু নির্মল বসু মহাশয় অনেক পরিশ্রম করে বিভিন্ন মনীষীর রচনা থেকে উদ্ধৃতি রেখেছেন, তার মধ্যেও কিন্তু সেই বিভ্রান্তি থেকে গেছে। বারবার শিক্ষার মাধ্যমে আর শিক্ষার বিষয় এই দুয়ের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি সকলেই করেছেন। শিক্ষার মাধ্যম রূপে মহাত্মা গান্ধী বলেছেন, নেতাজী সুভাষচন্দ্র বলেছেন, অন্যান্য মনীষীরা বলেছেন, নিশ্চয়ই সে বিষয়ে, এই সভার কোনও বক্তার কোনও মতভেদ নাই। নিশ্চয়ই শিক্ষার মাধ্যম মাতৃভাষা হবে, মাতৃভাষার মাধ্যম তিনি ইংরেজি শব্দ করে যা বললেন আঞ্চলিক ভাষা, রিজিওনাল ল্যাংগুয়েজ বলে সেই ভাষা হবে, এ বিষয়ে কোনও মতবিরোধ নেই, মতভেদের কারণ ইংরেজি অন্যতম ভাষারূপে থাকবে কিনা শিক্ষার বিষয়রূপে। ইংরেজি আমরা গ্রহণ করলে রসাতলে যাব না আমাদের কোনও কল্যাণ হতে পারবে প্রশ্নটা সেখানে। অতএব বারবার শিক্ষার মাধ্যমে মাতৃভাষা একথা যারা বলতে চাইছেন, তাঁরা আলোচ্য বিষয় থেকে নিশ্চয়ই অনেক দূরে সরে যাচ্ছেন বলে আমার মনে হয়েছে। একমাত্র রবীন্দ্রনাথের কথা নির্মলবাবু যা উদ্ধৃতি করে বলেছেন সেখানে নিঃসন্দেহে ভাষাগত শিক্ষার বিষয়গত বিষয়রূপে ইংরেজির কথা বলা হয়েছে। কিন্তু রবীন্দ্র নাথের উদ্ধৃত করে নিশ্চয়ই লাভ নির্মলবাবুর হবেনা, সরকার পক্ষের

বন্ধুদের হবেনা, কারণ রবীন্দ্রনাথ ইংরেজিকে অবহেলা করেননি, ইংরেজি ভাষা, ইংরেজি সাহিত্যের কাছ থেকে অবদান গ্রহণ করেননি, রবীন্দ্রনাথের মানসলোক তার জন্য সমৃদ্ধ হয়নি, পুষ্ট হয়নি, এমন বক্তব্য নিশ্চয়ই কোনও শিক্ষিত ব্যক্তি কোনও সভায় রাখতে চাইবেননা। কিন্তু রবীন্দ্রনাথ এর যে বক্তব্য উপস্থিত করেছেন, সেই বক্তব্য কিন্তু তাঁর বক্তব্যের সঙ্গে মেলেনা, অনুকূল আবহাওয়া তৈরি করেনা। রবীন্দ্রনাথ কেবল মাত্র প্রাথমিক স্তরের কথা বলেননি। উনি যেকথা উদ্ধৃত করে বলেছেন, তাতে রবীন্দ্রনাথ বিশ্ববিদ্যালয় স্তরে কেবলমাত্র ভাষাকে দুই ধারায় উন্নত ধারায় প্রবাহিত করার কথা বলেছেন। যদিও পূর্বেকার কোনও স্তরে তিনি একথা বলেননি। কিন্তু আপনারা কি করছেন? আপনারা ক্লাস ফাইভ পর্যন্ত ইংরেজিকে তুলে দিতে চাইছেন, অথচ মাধ্যমিক স্তরে আবশ্যিক রাখতে চাইছেন এবং আবার স্নাতক স্তরে গিয়ে আবার ঐচ্ছিক করতে চাইছেন। শিক্ষার মধ্যে কোনও সামঞ্জস্যপূর্ণ নীতি আমি যদি দেখতে পেতাম নিশ্চয়ই সমালোচনা আমি করতাম না প্রাথমিক স্তরে ইংরেজি তুলে দিতে চাইছেন বলে। কারণ আমি মনে করি ইংরেজি ভাষা ইংরেজি সাহিত্য তার অবদানে আমাদের সমৃদ্ধ করে তার কর্তব্য সমাপ্ত করেছে। আজকে ৩০ বছর পরে আবার ইংরেজি ভাষাকে আমাদের প্রাথমিক স্তরে অবশ্য পাঠ্য করতে হবে, না করলে ভারতবর্ষ রসাতলে যাবে, এমন কথা আমি মনে করিনা। কিন্তু প্রশ্ন হচ্ছে প্রাথমিক স্তরে আপনারা ইংরেজি তুলে দিচ্ছেন, মাধ্যমিক স্তরে অবশ্য পাঠ্য করছেন এবং সেখানে যে পাঠ্যসূচি আপনারা রচনা করেছেন, সেই মাধ্যমিক স্তরের পাঠ্যসূচির মধ্য দিয়ে যে ছাত্রছাত্রীরা শিক্ষা লাভ করে, তাদের যদি প্রাথমিক স্তরে ইংরেজি জ্ঞান না থাকে, তাহলে আপনারা যে পুস্তকগুলি তাদের হাতে তুলে দিচ্ছেন, সেগুলিতো এ.বি.সি. শিখবার পুস্তক নয়, সেগুলিতো ইংরেজি শুরু করবার পুস্তক নয়। অতএব এর মধ্যে যে ব্যবধান রচিত হবে, সেই ব্যবধান পূরণ করবে কোনখানে কি দিয়ে, কিভাবে? আজ পর্যন্ত মাধ্যমিক স্তরে যে পুস্তকগুলি পঠিত হয়, আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে জিজ্ঞাসা করছি সেখানে কি এ.বি.সি. শিখবার ব্যবস্থা আছে? অতএব তাদের ইংরাজির কোনও জ্ঞান হোল না মাধ্যমিকস্তরে এসে কোনও শব্দ জ্ঞান নাই, ভাষা জ্ঞান নাই ইংরাজি পুস্তক পাঠ করতে শুরু করলেন। আপনারা মাতৃভাষার প্রতি দরদের কথা বলছেন এবং যে দরদের জন্য প্রাথমিক স্তরে শুধু বাংলা ভাষায় শিক্ষা চাইছেন। আমি আপনাদের দরদকে সত্যিই প্রশংসা করছি। কিন্তু যখন আপনারা আবার স্নাতক স্তরে যাচ্ছেন তখন বলছেন ইংরাজি আর বাংলাকে সমান মর্যাদা দিয়ে বাংলাকে ঐচ্ছিক করেছেন ইংরাজিকে ঐচ্ছিক করেছেন তুল্যমূল্য বিচার করেছেন। অথচ মাতৃভাষার পক্ষে উদাত্ত আহ্বান আপনারা জানিয়েছেন। কিন্তু মাতৃভাষার প্রতি যদি আপনাদের অধিক মর্যাদা থাকতো অধিক সমাদর থাকতো তাহলে স্নাতক স্তরে অবশ্যই বাংলাকে আবশ্যিক করতেন ইংরাজিকে ঐচ্ছিক করতেন তাহলে আমি কোনও ভাষোক্তি করতাম না কোনও সমালোচনা করতাম না। আপনারা বলছেন যে কিষানের পুত্র কন্যাদের সাধারণ মানুষের পুত্র-কন্যাদের শিক্ষা দিতে চান গণ শিক্ষা বিস্তার করতে চাচ্ছেন এবং তাই আপনারা চান যে ইংরাজিকে তুলে দিয়ে কেবলমাত্র প্রাথমিক স্তরে বাংলাকে রাখবেন। আমি প্রশ্ন করি কোন্ সে শিক্ষাবিদ কোন্ সে ভাষা বৈজ্ঞানিক কোন সে মনস্তত্ত্ববিদ

আপনাদের এই শিক্ষা দিয়েছে যে একটা কিষানের ঘরের ছেলে যখন প্রাথমিক শিক্ষা লাভ করে আসে আর একটা অভিজাত শ্রেণীর ছেলে প্রাথমিক শিক্ষা লাভ করে আসে তখন সেখানে এ.বি.সি.ডি. শিক্ষার ক্ষমতা ঐ কিষানের ঘরের মজুরের ঘরের ছেলের নেই কেবলমাত্র শিক্ষকদের ছেলেমেয়েদের আছে- এ কথা আপনাদের কোন ভাষাবিদ বলেছেন। বরং পৃথিবীর সমস্ত ভাষাবিদ সমস্ত বৈজ্ঞানিক মনস্তত্ত্ববিদ এই কথাই বলেছেন যে সমস্ত শিশুই যখন ভাষা শিক্ষা করতে আসে বাংলা ভাষা শিক্ষা করবার যে ক্ষমতা নিয়ে আসে তেমনি ইংরাজি এ.বি.সি.ডি. শিখতেও তারা পারে। কোনও ভাষাবিদ কোনও বৈজ্ঞানিক কোনও মনস্তত্ত্ববিদ তার প্রতিবাদ করেছেন বলে আমার জানা নাই। একটি কথা বার বার বলা হচ্ছে যে আপনারা দেশের মধ্যে দুটি শিক্ষা ব্যবস্থা রাখতে বাধ্য হচ্ছেন এক জায়গায় ইংরাজি অবশ্যই পাঠ্য প্রাথমিক স্তরে আর এক জায়গায় ইংরাজি তুলে দেবেন। এই যে ব্যবধান আপনারা একটা জাতির জীবনে আনতে চাচ্ছেন এই ব্যবধানের মধ্যে আপনারা যে সমস্যা আনতে চাচ্ছেন সে কথাটা আপনারা একবার ভেবে দেখেছেন কি? কালকে শুনলাম মাননীয় শিক্ষামন্ত্রী পার্থবাবুর বক্তৃতা, তিনি কাশীবাবুকে প্রশংসা করেছেন। প্রশংসায় আমার কোনও বাধা নেই। কিন্তু তাঁর বক্তব্য শুনে আমি অবাক আশ্চর্য হয়ে ভাবছিলাম শিক্ষামন্ত্রীর বক্তৃতা শুনছি না, কোনও বিশেষ গুরুর বচন শুনছি। উনি বললেন আমরা প্রাথমিক শিক্ষা দেব শোষনহীন সমাজ তৈরি করবার স্বপ্ন উনি কোথায় বিতরণ করেছেন? এ বি সি ডি না শিখে শুধু অ আ ক খ শিখলে আপনাদের শোষনহীন সমাজ তৈরি হয়ে যাবে এই ধরনের হিং টিং ছট ওঁরা আমাদের কাছে বলতে চাচ্ছেন? অর্থাৎ আপনারা চাইছেন পশ্চিম বাংলার মানুষকে আপনারা শুধু ঐ শিক্ষাই দেবেন? অ আ ক খ শেখাবেন আর কিছু মানুষ ঐখানে শিক্ষা লাভ করে মাধ্যমিক স্তরে যাবে উচ্চ মাধ্যমিক স্তরে যাবে স্নাতক স্তরে যাবে বিশ্ববিদ্যালয়ে যাবে আর এক শ্রেণীর মানুষের জন্য কেবলমাত্র প্রাথমিক শিক্ষা বাংলা ভাষায় শুধু নয় একমাত্র বাংলা ভাষায় শিক্ষা লাভ করে চলে যাবে এই যে ব্যবধান সৃষ্টি করছেন কিছু মানুষকে উচ্চ শিক্ষা থেকে বঞ্চিত করবেন সেই বঞ্চনার বিরুদ্ধে নিশ্চয় প্রতিবাদ জানানো দরকার। গতকাল মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় রাজ্যপালের ভাষনের উপর বিতর্কের জবাবি ভাষণ দিলেন। জবাবি ভাষণের জবাব হয়না তাই আমাদের কিছু করবার ছিল না। আমি বলেছিলাম যে মন্ত্রীরা, অনেক মাননীয় বিধানসভার সদস্যরা, রাজনৈতিক নেতারা তাঁদের পুত্র, কন্যাদের ইংরাজি মাধ্যম স্কুলে পাঠান এবং প্রয়োজন হলে বাইরে থেকে শিক্ষালাভ করিয়ে আনেন। এমন নয় যে মেধাবি ছাত্রকে বিশেষজ্ঞ হবার জন্য বিদেশে পাঠান, হয়ত বা গর্দভ সন্তান, তাকে ওখানে পাঠিয়ে আশা করেন যে সে রেসের ঘোড়ার মতন ফিরে আসবে, ডার্বি জিতবে। এই যে পাঠানোর মানসিকতা এর বিরুদ্ধেই আমি প্রতিবাদ করেছিলাম। আমি বলেছিলাম, দেশের আপামর জনসাধারণকে আপনারা বঞ্চিত রাখবেন ইংরাজি শিক্ষা থেকে অথচ আপনাদের পুত্র, কন্যাদের পাঠাবেন ইংরাজি মিডিয়াম স্কুলে, পাঠাবেন বিলেতে। উনি বললেন, "দাসসুলভ মনোবৃত্তি।" ওঁরা পাঠাবেন ইংরাজি মিডিয়াম স্কুলে ছেলেমেয়েদের, ওঁরা পাঠাবেন বিদেশে ছেলেমেয়েদের মানুষ করবার জন্য। ওঁরা ঐ বিদেশি মদের ফেনিল পেয়ালায় মুখ দেবেন, ওরা ওখানে বসে নানা রকম

ক্যাবারে নাচবেন, ওরা বিদেশে যাবেন কোনও মহান পিতার সন্ধান করবার জন্য, ওরা বিদেশ থেকে অনুপ্রেরণা লাভ করবেন। বিদেশের স্বার্থের যুপকাষ্ঠে দেশের স্বার্থকে বলি দিতে চাইবেন আর আমরা তার প্রতিবাদ করলেই সেটা হয়ে যাবে আমরা ক্রীতদাস সুলভ মনোবৃত্তির পরিচয় দিচ্ছি। ওরা মহান দেশপ্রেমিক। বাংলায় প্রবাদ আছে, রাস্তার মাঝখানে যারা অপকর্ম করেন তার প্রতি যারা দৃষ্টি আকর্ষণ করেন, তার প্রতিবাদ করেন তারা তাদের উপর ক্ষুব্ধ হ'ন। আমি আমার বক্তব্য শেষ করতে গিয়ে একথাই বলব, ইংরাজি যদি তুলে দেন আপত্তি নেই, সমস্ত স্কুল থেকে তুলে দেবেন। ইংরাজি তুলে দিন আপত্তি নেই কিন্তু সেখানে একটি শৃংখলাবদ্ধ, সুনিয়ন্ত্রিত শিক্ষা ব্যবস্থা চালু করুন নতুবা কেবল কিছু মানুষের জন্য এইভাবে বঞ্চনার ইতিহাস রচনা করবেন না। দেশের সমস্ত মানুষের জন্য একই শিক্ষাব্যবস্থা চালু করুন। আমি ইংরাজির জন্য আপনাদের কাছে ওকালতি করতে আসি নি।

**শ্রী প্রলয় তালুকদার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য অধ্যাপক হরিপদ ভারতী মহাশয় গতকাল মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে জবাবি ভাষণ দিয়েছেন সে সম্পর্কে বলতে গিয়ে একটি কটাক্ষ করেছেন। সেটা হচ্ছে, উনি মন্ত্রীসভার উদ্দেশ্যে বলেছেন, এঁরা পাঠাবেন ছেলেমেয়েদের বিলেতে মদের পেয়ালায় চুমুক' দেবার জন্য, ক্যাবারে ড্যান্স করবার জন্য।' এটি একটি কটাক্ষ এবং আমি বলব, এটা অপ্রাসঙ্গিক। হয় তিনি এটা প্রত্যাহার করুন অথবা স্যার, আপনি প্রসিডিংস থেকে এটা বাদ দিন এই অনুরোধ করছি।

**শ্রী হরিপদ ভারতী ঃ** অন এ পয়েন্ট অব পারসোনেল এক্সপ্লানেশন, স্যার, আমার বক্তব্য যা ছিল সেটা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের প্রতি ব্যক্তিগত কটাক্ষ নয়। আমি বলেছি, মন্ত্রীরা, রাজনৈতিক নেতারা এবং অনেক বিধানসভার সদস্যরা ইংরাজি মিডিয়াম স্কুলে ছেলেদের পাঠান, বিলেত থেকে ছেলেদের মানুষ করে নিয়ে আসেন। একথা বলাতে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় আমাকে বললেন, আমি'দাসসুলভ মনোবৃত্তির' পরিচয় দিচ্ছি। যাঁরা এই কাজ করবেন তাঁরা কি দেশপ্রেমিক হবেন আর তার প্রতিবাদ যাঁরা করবেন, তার প্রতি দৃষ্টি আকর্ষণ করবেন তাঁরা কি'দাসসুলভ মনোবৃত্তির' পরিচয় দেবেন? এই প্রশ্নটাই আমি করেছিলাম, মুখ্যমন্ত্রীকে কটাক্ষ করে নয়।

[7-15—7-25 p.m.]

**শ্রী প্রলয় তালুকদার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি টেপ শুনে আগামীকাল রুলিং দেবেন। আমি যা শুনেছি বক্তৃতা তাতে ওঁরা এই শব্দটা ব্যবহার করেছেন। কাজেই আপনি এই অবস্থায় প্রসিডিংস দেখে আগামীকাল রুলিং দেবেন।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এটা জেনারেল কনটেনশনে আছে। উনি পার্টিকুলার কোনও লোকের নাম করেন নি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দীর্ঘ ৩০ বছর বাদে বামফ্রন্টের যে শিক্ষা নীতি, সেই শিক্ষা নীতি নিয়ে রাজ্যের সর্বস্তরে, বুদ্ধিজীবী মানুষ থেকে সাধারণ

মানুষ পর্যন্ত বহু আলোচনা, বহু বিতর্ক চলেছে এবং এই শিক্ষা নীতি হচ্ছে প্রাথমিক স্তরে ইংরাজি তুলে দেওয়া প্রসঙ্গে। প্রথম পর্যায়ে দেখেছিলাম যে ট্রামে, বাসে রাস্তায় সর্বত্র যে আলোচনা হচ্ছে তাতে সরকারি ভাষানীতির বিপক্ষে মানুষের মতামত কিছুটা গড়ে উঠেছে। কিন্তু যেদিন থেকে সামগ্রিক ভাবে বামফ্রন্টের তরফ থেকে মাতৃভাষার স্বপক্ষে, একটি ভাষার স্বপক্ষে বক্তব্যগুলি রাখা শুরু করা হয়েছে সেদিন থেকে মানুষের চিন্তাধারায় পরিবর্তন ঘটেছে এবং এই ভাষানীতিকে দেশের মানুষ ব্যাপক ভাবে সমর্থন জানাচ্ছে। গ্রামের গরিব মানুষ থেকে আরম্ভ করে সর্বস্তরের মানুষ সরকারের যে শিক্ষানীতি প্রাথমিকস্তরে করার জন্য তারা উদ্বিগ্ন নয়। উদ্বিগ্ন হচ্ছেন ঐ শহরের মানুষ, হরিপদ ভারতী মহাশয়ের মতো মানুষ, কাশীবাবুর মতো মানুষ, যারা দুগ্ধ ফেননিভ শয্যায় মানুষ হয়েছে, বড়ো হয়েছে। কারণ তাদের যে স্থিত স্বার্থ সেই স্বার্থের উপর আঘাত হেনেছে বামফ্রন্ট সরকারের এই শিক্ষানীতি। তারা আজকে আঁতকে উঠেছে সঙ্গে সঙ্গে বুদ্ধিজীবী বলে কথিত যারা প্রিভিলেজড ক্লাশ তারাও। আজকে সমাজ ব্যবস্থায় গণমুখী শিক্ষার বিস্তার ঘটুক, জনসাধারণের মধ্যে শিক্ষার আলো ছড়িয়ে পড়ুক, সাধারণ মানুষেরা শিক্ষা প্রাপ্ত হোক- এটা তারা চাননা। সে জন্য তাদের মধ্যে থেকে তীব্র প্রতিবাদ ধ্বনিত হচ্ছে। কিন্তু সভাসমিতির যে মিছিল আমরা দেখেছি, সেই মিছিলে মানুষের অংশ গ্রহণ আমরা দেখিনি। কিছু রাজনৈতিক দলের লোক অংশ গ্রহণ করেছে, কিন্তু বুদ্ধিজীবী যারা চিরকাল ব্যবস্থার পাহারাদার, তারা অংশ গ্রহণ করেছেন। আমি হরিপদবাবুকে অনুসরন করে একথা বলব প্রাথমিক স্তরে শিক্ষার মাধ্যম কি হবে বাংলাভাষা হবে কি অন্য কিছু হবে সেই প্রসঙ্গে যাচ্ছি না। আমি যে কথা বলতে চাই সেটা হচ্ছে, প্রাথমিক স্তরে বিষয়গুলি কি হবে সেই প্রসঙ্গে। এমন কোনও মনস্তত্ত্ববিদ, ভাষাবিদ তাঁর উদ্ধৃতি দিতে পারেন যাঁরা প্রাথমিক স্তরে বিশেষ করে ৬ থেকে ১১ বছর বয়স পর্যন্ত দ্বিতীয় ভাষা শিখতে হবে- একথা বলেছেন? এমন কোনও মনীষীর নাম বলতে পারেন, কাশীবাবু বা দেবপ্রসাদবাবু, যারা প্রাথমিক স্তরে দ্বিতীয় ভাষা শিখতে হবে এই কথা বলেছেন? আমি জানি, যারা প্রাথমিক শিক্ষা নিয়ে আলোচনা করেছেন, প্রাথমিক শিক্ষা সম্পর্কে গবেষনা করেছেন তাদের বক্তব্য হচ্ছে ৬ থেকে ১১ বছর বয়সের জন্য একটি ভাষায় শিক্ষার ব্যবস্থা করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সব কথা ওরা জানেনা তা নয়, ওরাও জানেন। হরিপদবাবু যতই ভাষার কথা বলেন, যতই পন্ডিত মনোভাবের পরিচয় দেন না কেন, এটা তারাও জানেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে স্থিত ব্যবস্থায় আঘাত করছে, প্রিভিলেজ ক্লাশ আহত হয়েছে এই শিক্ষা নীতি শুনে এবং সে জন্য তারা প্রতিবাদে মুখর হয়ে উঠেছে। মাননীয় সদস্য সোহরাব সাহেব এখানে কতকগুলি কথা বললেন এবং ভুল তথ্য উপস্থাপন করলেন, দেবপ্রসাদবাবু ভুল তথ্য উত্থাপন করে বলেছেন যে ভারতবর্ষের ২২টি রাজ্যের মধ্যে কয়েকটা রাজ্যে মাত্র ৪র্থ শ্রেণী, ৬ষ্ঠ শ্রেণী থেকে সেখানে শিক্ষা দেওয়া হয়। আমি জোরের সঙ্গে তাকে চ্যালেঞ্জ জানাতে পারি, তিনি জেনে নিন যে কোন রাজ্যে, কোন স্তর থেকে দ্বিতীয় ভাষায় শিক্ষা দেওয়া হয় ইংরাজি- অন্ধ্রপ্রদেশে শেখান হয় ৫ম শ্রেণী থেকে, গুজরাটে ৫ম শ্রেণী থেকে, হরিয়ানায় ৬ষ্ঠ শ্রেণী থেকে, হিমাচল প্রদেশে ৪র্থ শ্রেণী থেকে, জম্মু কাশ্মীরে ৬ষ্ঠ শ্রেণী থেকে, কেরলে ৫ম শ্রেণী

থেকে, মধ্যপ্রদেশে ৬ষ্ঠ শ্রেণী থেকে, মহারাষ্ট্রে ৫ম শ্রেণী থেকে, উত্তর প্রদেশে ৬ষ্ঠ শ্রেণী থেকে এবং পশ্চিমবাংলায় চলে আসছিল ৩য় শ্রেণী থেকে। আর যেগুলি কেন্দ্র শাসিত অঞ্চল, যেগুলি ইন্দিরা গান্ধীর বরকন্দাজরা শাসন করে সেগুলির ৯টির মধ্যে ৫টি অঞ্চলে চতুর্থ শ্রেণী থেকে ইংরাজি শেখানো হয়। স্বভাবতই এখানে তথ্যের বিকৃতি ঘটছে। আমি কারও প্রতি কটাক্ষ করতে চাইছি না, তথ্যের বিকৃতি শুধু ওঁরাই ঘটাচ্ছেন না, যাঁরা বুদ্ধিজীবী বলে পরিচিত, যাঁরা সমাজের মধ্যে মান্য তাঁরাও ঘটাচ্ছেন। চীন দেশ সম্বন্ধে প্রমথ নাথ বিশি বলেছেন যে, সেখানে প্রাথমিক স্তর থেকেই দ্বিতীয় ভাষা শেখানো হয়। দেবপ্রসাদবাবু আজকে পিকিং রিভিউ-এর উদ্ধৃতি দেখালেন প্রাথমিক স্তরে ইংরাজি শেখানো হয়। আমি তাঁকে বলব যে, না তা হয় না। পিকিং-এ ৭ম শ্রেণী থেকে দ্বিতীয় ভাষা শেখানো হয়। সেই জন্যই বলছি এই সব তথ্য বিকৃতি ঘটিয়ে দেশের মানুষকে বিভ্রান্ত করা যাবে না। আজকে শিক্ষাকে গণমুখী করতে হবে। সোভিয়েত্ রাশিয়া, যেখানে জারের রাজত্ব ছিল সেখানে সেই সময়ে শিক্ষা বিস্তার লাভ করেনি। কিন্তু মহান অক্টোবর বিপ্লবের পরে সেখানে শিক্ষা বিস্তার লাভ করেছিল এবং সেখানে প্রাথমিক স্তরে একটি ভাষা শিক্ষার প্রবর্তন করা হয়। সোভিয়েত রাশিয়ায় আজকে শিক্ষার বিস্তার ঘটেছে, জ্ঞান-বিজ্ঞান শিক্ষার ক্ষেত্রে সোভিয়েত রাশিয়া পৃথিবীর অগ্রগণ্য রাষ্ট্র। আজকে আমরা ভারতবর্ষে ভারতবাসী হিসাবে, বাঙ্গালি হিসাবে প্রতিষ্ঠিত হতে চাই। সেই কারণে শিশু প্রতিভার বিকাশ ঘটাবার জন্যই আজকে তাদের একটা ভাষা শেখাতে হবে। পৃথিবীর সমস্ত বিশেষজ্ঞরাই বলেছেন যে প্রাথমিক স্তরে একটা ভাষাই শেখানো উচিত। একটা ভাষা যে ভাল করে রপ্ত করতে প'রবে, অন্য ভাষা সে সহজেই শিখতে পারবে। ভাষা শিক্ষা হ'ল এমন শিক্ষা যা অনেক মানুষ চট করে শেখে, আবার অনেকের দেরি হয়। আমরা দেখেছি অনেকে দু' তিনটি ভাষা নিয়ে লেখা-পড়া করেন। এটা প্রবনতার ব্যাপার। আমরা আমাদের অভিজ্ঞতায় দেখেছি একটি ছেলে ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথামেটিক্স-এ ভাল নম্বর পেয়েছে, অথচ সে ইংরাজি ভাষা এবং বাংলা ভাষায় ভাল নম্বর পায়নি, ভাল লিখতে পারেনি। তার মানে সেই ছাত্রের মেধা নেই তা নয়। সুতরাং এটা প্রবনতার ব্যাপার। যদি প্রবনতা থাকে তাহলে ৬ষ্ঠ শ্রেণী থেকে ইংরাজি শেখালেও ছাত্র-ছাত্রীরা নিজেদের মেধার ভিত্তিতে ইংরাজি শিখে নেবে। আমরা যখন ছাত্র ছিলাম তখনও তো প্রাথমিক স্তরে ইংরাজি ছিল না, তার মানে আমরা কেউ ইংরাজি জানিনা তা নয়। সুতরাং এটা প্রবনতার ব্যাপার। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, স্বাধীনতার ৩৩ বছর পরে বুদ্ধিজীবীরা বামফ্রন্ট সরকারের শিক্ষা নীতি নিয়ে, ভাষা নীতি নিয়ে সোচ্চার হচ্ছেন। অথচ তাঁদের কাছে আমার জিজ্ঞাস্য যে, তাঁরা এত দিন পর্যন্ত ভারতবর্ষে শিক্ষার সুযোগকে মৌলিক অধিকার হিসাবে লিপিবদ্ধ করার জন্য লড়াই করেননি কেন? এর জন্য আন্দোলন করেননি কেন? আজকে বামপন্থী ছাত্র সংগঠনগুলি একথা বলে আন্দোলন করেছে। রাইট টু এডুকেশনকে মৌলিক অধিকার হিসাবে দাবি করে ডেমোক্রেটিক্ স্টুডেন্টস ফেডারেশন এবং রেভোলিউশনারি ইউথ অর্গানাইজেশন আন্দোলন করছে। আজকে ডঃ নিহাররঞ্জন রায়, ডঃ সুকুমার সেন, প্রমথনাথ বিশি প্রভৃতি বলেছেন কি যে, হ্যাঁ ভারতবর্ষের সংবিধানে রাইট টু এডুকেশনকে মৌলিক অধিকার হিসাবে লিপিবদ্ধ করতে

হবে। কিন্তু ওঁরা সে নিয়ে লড়াই করলেননা কেন? আজকে ওঁরা কায়েমী স্বার্থের পাহারাদার হিসাবে কাজ করছেন, তাই আজকে ওঁরা মানুষ থেকে বিচ্ছিন্ন হয়ে যাচ্ছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভারতবর্ষ একটি বহু ভাষাভাষী দেশ, সুতরাং এখানে ইউনিফর্ম এডুকেশন ব্যবস্থা চালু করার ক্ষেত্রে অসুবিধা আছে, অনেক বাধাবিপত্তি আছে এবং একটি রাজ্যের ক্ষেত্রেও সেই অসুবিধা আছে। আমি ইতিপূর্বে একদিন এই বিধানসভায় প্রশ্ন করেছিলাম যে, ইংলিশ মিডিয়াম স্কুলগুলিকে কি এখানে বন্ধ করে দেওয়া যায় না? সেদিন মাননীয় শিক্ষামন্ত্রী খুবই সংগত কারণে বলেছিলেন যে, এবিষয়ে সংবিধানের বাধা আছে, ইঙ্গভারতীয় সমাজের বাধা আছে। কারণ তাদের মাতৃভাষা ইংরাজি, সুতরাং ইংরাজি তুলে দেওয়া যাবে না। তথাপি পশ্চিম বাংলায় কিন্তু বাংলাভাষা ফার্স্ট ল্যাংগুয়েজ নয়, এটা ঐচ্ছিক।

[7-25—7-35 p.m.]

যে যার ইচ্ছামত নিতে পারে। কলিকাতায় এমন এমন স্কুল আছে, হিন্দী যাদের ভাষা তারা ইংরাজিকে দ্বিতীয় ভাষা করেছে আবার ইংরাজি যাদের ভাষা তারা হিন্দীকে দ্বিতীয় ভাষা করেছে। আমি বলছি, অন্তত এইরকম একটা আইন করুন যে ইংরাজি মিডিয়াম স্কুলে বাংলা থাকবে এবং সঙ্গে সঙ্গে সেখানে মাতৃভাষায় শিক্ষা নিতে হবে- এই রকম একটা আইন করার দরকার আছে। বাংলাভাষাকে বাধ্যতামূলক করতে হবে। বিহার সরকার হিন্দী ভাষাকে বাধ্যতামূলক করেছেন। একটা স্তরে হিন্দী সেখানে শিখতে হবে। আজকে ইংরাজি মিডিয়াম স্কুলে বাংলা ভাষা শিখতে হবে এই রকম বাধ্যতামূলক করার দরকার আছে। এই প্রসঙ্গে আর একটি কথা বলি, এ বিষয়ে কোনও সন্দেহ নেই যে, বামফ্রন্ট সরকারের যে ভাষানীতি যে শিক্ষানীতি সেটা বিপুলভাবে সমর্থিত হয়েছে, একমাত্র ভবিষ্যৎ-এর কর্ণধাররা বিচার করবে এবং বামফ্রন্ট সরকারের সপক্ষে যাবে। একদা বাঙালির ইতিহাস রচনা করেছিলেন নিহাররঞ্জন রায় আর এই একটা বাঙালির ইতিহাস যার একটা অধ্যায় বামফ্রন্ট সরকারের এই শিক্ষানীতি যে শিক্ষানীতির দ্বার এক নতুন উজ্জ্বলতার অধ্যায়ের সূচনা হলো এই ইতিহাস নিহাররঞ্জন রায় লেখেন নি এই ইতিহাস ভারতবর্ষের ভবিষ্যৎ ঐতিহাসকরা লিখবেন- এই বিশ্বাস আমাদের আছে। সঙ্গে সঙ্গে আর একটি কথা বলতে চাই সেটা হচ্ছে বাংলা ভাষায় আমাদের যে প্রীতি, মাতৃভাষায় শিক্ষা প্রসারের জন্য যে প্রচেষ্টা সেই প্রচেষ্টা কিন্তু মাননীয় মন্ত্রীদের মধ্যে উষ্মা হলেও বাস্তবে কার্যকর হয়নি। আমি দেখছি, মন্ত্রীদের মধ্যে বুদ্ধদেব বাবু যে অঙ্গীকার এই বিধানসভায় নিয়েছিলেন সেই অঙ্গীকার তিনি মেনে চলেন। তিনি বাংলা ভাষায় লেখেন। পার্থবাবুও নোট দিয়েছেন বাংলা ভাষায়। কমলবাবুও বাংলাভাষায় নোট দেন কিন্তু অন্যান্য মন্ত্রীদের মধ্যে এই জড়তা কেন? অশোক মিত্র মহাশয় তিনি কোনও কোনও ক্ষেত্রে বাংলায় লেখেন আবার কোনও কোনও ক্ষেত্রে ইংরাজিতে লেখেন। আমার প্রশ্ন হচ্ছে মন্ত্রী মহাশয়দের মধ্যে এই জড়তা কেন? এই মন্ত্রীসভা সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে তাদের নিজেদের কাজকর্মের মধ্য দিয়ে বাংলা ভাষার ব্যাপক ব্যবহার করতে। কিন্তু এখন এই জড়তা কেন? সরকারি কাজে নানান অসুবিধার কথা বলা হয়েছে কিন্তু নোট লেখাটা এমন কোনও ইংরাজি নয় যেটা বাংলায় লিখলেও

চলে এবং বাংলায় লিখলে ছোট হয়ে যায় না, যোগ্যতা কমে যায় না। মুখ্যমন্ত্রী থেকে শুরু করে সর্ব স্তরের মন্ত্রীদের বাংলাভাষার উপর জোর দিতে হবে। বামফ্রন্ট সরকারের ভাষানীতি এবং শিক্ষানীতিকে সমর্থন করছি কিন্তু সঙ্গে সঙ্গে বলছি, বাংলাভাষাকে দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত করতে হলে যে ধরনের দৃঢ়তা, যে ধরনের মানসিকতা প্রয়োজন মন্ত্রীদের দৃঢ়তা পোষন করতে হবে। এই কথা বলে সুনীতিবাবু এবং আরও অন্যান্যরা যে রেজোলিউসন মুভ করেছেন তা অসৎ উদ্দেশ্য নিয়ে এবং মানুষের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি করার জন্য এই প্রস্তাব এখানে উত্থাপন করেছেন আমি তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বিমলানন্দ মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে প্রস্তাব বিরোধী পক্ষরা এনেছেন আমি তার বিরুদ্ধাচারন করে একটি চিরপরিচিত বাংলা কবিতা দিয়ে শুরু করছি। এই কবিতাটি সকলেই জানেন।

" আমরই বাংলা ভাষা, মোদের গরব মোদের আশা,
কি জাদু বাংলা গানে গান গেয়ে দাঁড় মাঝি টানে।

বাকিটার আর দরকার নেই।

এই যে মাঝি দাঁড় টেনে যে গান গায় সেই মাঝি ইংরাজি শেখে না, ইংরাজি বোঝে না। সেই মাঝিকে কলকাতা মহানগরীর রাজপথে টেনে নিয়ে আসা হয়েছে, ইংরাজি সভ্যতায় যাঁরা শিক্ষিত, অভ্যস্ত, যাঁরা রেফ্রিজারেটর ছাড়া বাড়িতে থাকতে পারেননা, টেলিভিশন ছাড়া যাঁদের ছেলেমেয়েদের ভাল লাগে না সেই জায়গায়, সেই সমস্ত বুদ্ধিজীবিদের কাছে নিয়ে আসা হয়েছে। তাঁরা কি দেখতে, কি বুঝতে এসেছেন? যে ইংরাজি প্রাথমিক বিদ্যালয় থেকে যায় তাঁরা তার মাথা মুন্ড কিছুই বোঝেন না, তাঁদের কাজে লাগানো হচ্ছে। এখানে চিন্তাটা কোথায়? ইংরাজ ভারতবর্ষে এসেছিল, রাজত্ব করেছিল, ইংরাজি ভাষাটা তাদের কিছু লোককে শেখানোর প্রয়োজন ছিল, কিছু কেরানি তৈরির প্রয়োজন ছিল। আমাদেরও প্রয়োজন ছিল আমরা ইংরাজি ভাষার ভিতর দিয়ে পাশ্চাত্য সভ্যতা, আধুনিক জ্ঞান, বিজ্ঞানের খবর পেয়েছিলাম বা তার ব্যবহার করেছিলাম ইংরাজি শিখেছিলাম এবং সেই শিক্ষা নিয়ে আমরা উন্নত হয়েছি, ইংরাজি তাতে অনেক সাহায্য করেছে। কিন্তু একটা সময়ে এসে আমাদের দেশবাসী লক্ষ্য করলেন ইংরাজি ভাষার ভিতর দিয়ে, ইংরাজি সভ্যতা আমাদের কি বলে দিল? যে তোমরা চিরকাল পরাধীন থাক, স্বাধীন হওয়ার যোগ্যতা তোমাদের নেই, তোমরা বর্বর। তাই আমাদের দেশে একটা জাতীয়তাবাদী আন্দোলন তৈরি হল, সে আন্দোলন বলল ইংরাজি দেশে থাকবে না। স্মরণ করুন সেই ১৯০৫ সালের বঙ্গভঙ্গ আন্দোলনের কথা, যা হয়েছিল তা ইংরাজি নয়। জাতীয়তাবাদী যে শিক্ষা তার জন্য ন্যাশনল ট্রাস্টের কথা স্মরণ আছে। রাজা সুবোধ মল্লিক স্কোয়ার যার নামে সেই সুবোধ মল্লিক মহাশয় এক লক্ষ টাকা দেন কলেজ তৈরির জন্য এবং ঋষি অরবিন্দ যাঁর অধ্যক্ষ হয়ে এসেছিলেন। জাতীয়তাবাদী আন্দোলন মাতৃভাষায় শিক্ষার জন্য জাতীয় স্বাধীনতার পথে মানুষকে উজ্জীবিত করে এবং সেদিন ইংরাজি শিক্ষা নিয়ে যাঁরা জজ, ম্যাজিস্ট্রেট

হতে চেয়েছিলেন বা সেক্রেটারি ইত্যাদির পদ চেয়েছিলেন তাঁদের নজর ছিল ইংরাজির দিকে। তাঁরা বলেছিলেন ইংরাজকে ঘাঁটিও না। কারণ ইংরাজ থাকলে তাঁদের সুবিধা। পাশাপাশি সারা দেশের মানুষ অন্য জায়গায় গিয়েছিলেন স্বাধীনতার জন্য। ইংরাজের বিরুদ্ধে জাতীয়তাবাদী আন্দোলন করে তারা মাতৃভাষায় শিক্ষা নিতে চেয়েছিল এবং সেদিন তাই মাতৃভাষায় শিক্ষার ভিতর দিয়ে স্বাধীন, মুক্ত ভাষা যাতে গ্রামে গঞ্জে গিয়ে পৌঁছায় তার ব্যবস্থা করা হচ্ছে। আজ শিক্ষাকে মুষ্টিমেয় লোকের ভিতর সীমাবদ্ধ রাখার যে চেষ্টা যা ইংরাজির ভিতর দিয়ে ইঙ্গবঙ্গ সমাজে টিকে থাকছে। এই চেষ্টার ফলটা দেখতে পাচ্ছে না। এটা কেন বলা হয়েছে। গরিব ঘরের ছেলেরা ১০টা ভাষা শিখতে পারে না, শিশুর প্রয়োজন আগে একটা ভাষা শেখার, আগে একটু জ্ঞান আহরণের সঙ্গে সঙ্গে কথা বলতে, একটু লিখতে শিখে একটু অঙ্ক জানতে যাতে সে ক আঁটি ধান হল সেটা বলতে পারে, বুঝতে পারে। আগে একটা ভাষা, তারপর একটু অঙ্ক এই সব শিখে তারপর দ্বিতীয় ভাষা শিখবে, তা না হলে ওভার লোড হয়ে যাবে। আজ পর্যন্ত প্রাথমিক স্তরে নয়, তার পরের স্তরে আধুনিক জ্ঞান, বিজ্ঞান আহরণের এই যুক্তি থাকবে। মুষ্টিমেয় কিছু ধনীর দুলাল নয় বা কিছু উচ্চ মধ্যবিত্ত ঘরের ছেলে নয়, সাধারণ মানুষের ঘরের ছেলেরা যাতে শিখতে পারে তার জন্য এই ব্যবস্থা, এই কথাটা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[7-35 — 7-45 p.m.]

**শ্রী সন্তোষকুমার রাণা ঃ** ডেপুটি স্পিকার মহাশয়, আমি মনে করি না যে এ দেশ থেকে ইংরাজি উঠে গেলেই শিক্ষা জ্ঞান বিজ্ঞান সভ্যতা সমস্ত কিছু নিঃশেষ হয়ে যাবে। আমাদের রাজ্য সরকারের ভাষা নীতি কি তা আমি বেশ কয়েক দিন ধরে বুঝবার চেষ্টা করলাম। ওঁরা কি চাইছেন তা কিছু সদস্যর বক্তৃতা শুনে কিছুটা উপলব্ধি করেছি। তাঁরা বলছেন যে প্রাথমিক স্তর থেকে ইংরাজি তুলে দেবেন এটা তো তারা দৃঢ় প্রতিজ্ঞ এবং

প্রাথমিক স্তরের পর মাধ্যমিক স্তরে ইংরাজিকে বাধ্যতামূলক রাখতে তারা দৃঢ় প্রতিজ্ঞ। কিন্তু এই স্তরেও ইংরাজি কেন তারা রাখতে দৃঢ় প্রতিজ্ঞ তা আমি বুঝতে পারছি না। দেবপ্রকাশ বাবু একটি কথা বলেছেন যে তাঁরা হিন্দি রাখতে চায় না কারণ হিন্দি হচ্ছে ভারতবর্ষে একচেটিয়া পুঁজিপতিদের ভাষা। যারা জাতীয় ঐক্যর কথা বলেন তাঁদের আমি বলব বাংলা এই কূপমুন্ড কথা পরিত্যাগ করতে হবে এবং এটা আমাকে সহযোগিতায় গ্রহণ করতে হবে। তা যদি গ্রহণ করতে হয় তাহলে মাধ্যমিক স্তরে এটাকে অবশ্য পাঠ্য করা উচিত। প্রাথমিক স্তরে যখন শিশু ছোট থাকে তখন সে তার মাতৃভাষা শিখতে পারে, অন্য কোনও ভাষা শেখা তার পক্ষে তখন কঠিন হয়। কিন্তু মাতৃভাষা ছাড়া অন্য কোনও ভাষা যদি শিখতে হয় তাহলেও সেটার পক্ষে সবচেয়ে ভাল সময় হচ্ছে ছোট বয়েস। সুতরাং আমার মতামত সুনির্দিষ্ট ভাবে হচ্ছে যে ইংরাজি তুলে দেওয়া হোক এবং ছোট বেলা থেকে বাংলার পাশাপাশি হিন্দি শেখানো হোক। এই বিষয়ে সকলেই এক মত যে প্রত্যেক শিশুর অধিকার আছে যে মাতৃভাষার মাধ্যমে শিক্ষা অর্জন করা। আমাদের পশ্চিমবঙ্গে কম করে ৩০ লক্ষ আদিবাসী আছে যারা তাদের মাতৃভাষার মাধ্যমে শিক্ষা অর্জন করতে বঞ্চিত

হচ্ছে, আমাদের রাজ্য সরকারের শিক্ষা নীতি তাদের ক্ষেত্রে কোথায় গিয়ে দাঁড়াবে বা তারা আদৌ এই রাজ্যের লোক কিনা সেটা জানতে চাই? সর্বশেষে এই কথা বলতে চাই যে ভাষা নীতির ব্যাপারে রাজ্য সরকারের মনোভাব দুমনা তাঁরা জানেন না যে তাঁরা কি করবেন। অর্থাৎ যখন বিরোধিতা অনেক দিক থেকে শুরু হচ্ছে তখন তারা তিন চার পাঁচ পর্যন্ত রেখে দিয়েছে। অর্থাৎ বরাবরের জন্য ইংরাজি রেখে দিয়েছেন। অর্থাত যেহেতু সমস্ত কংগ্রেস শাসিত সমস্ত রাজ্যে ইংরেজি পড়ানো হয় সেহেতু এটা রাখা হয়েছে। আরও বলা হয়েছে যে কংগ্রেসি আমলে বিভিন্ন কমিশন যা বলেছেন এবং বিভিন্ন কংগ্রেসি শাসিত রাজ্যে যা করা হচ্ছে সেটা কি নেবার চেষ্টা করা হচ্ছে। অর্থাৎ এই বিষয়ে প্রগতিশীলতা কোথায় তার জবাব আমি চাই। এই কথা বলে আমি শেষ করছি।

**শ্রীমতী রেণুলীনা সুব্বা ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহোদয়, বামফ্রন্ট সরকারের শিক্ষা নিয়ে যে দুর্নীতি দেখা দিয়েছে সেটা সম্বন্ধে বলতে গিয়ে সংস্কৃতের একটি শ্লোক থেকে বলতে পারি যে..

রতোরতোর্যন নতরাজ্যহার্যম
নভসুভার্যম নতভালেকার্যে

তাই বলছি যে বিদ্যা হচ্ছে একটা বড় জিনিস, এই বিদ্যাকে নিয়ে এই সরকার যে মনোভাব দেখাচ্ছেন- আমি শিক্ষামনোবিজ্ঞানী রুশোর কথায় বলতে পারি যে শিক্ষক হচ্ছেন একজন কুমোর, আর শিশু হচ্ছে কাঁচা মাটি। কুমোর যেমন করে কাঁচা মাটি দিয়ে হাঁড়ি তৈরি করে- তেমনি করে শিক্ষক শিশুকে ভবিষ্যতের জন্য গোড়ে তোলেন। আমাদের মুখ্যমন্ত্রী গতকাল রাশিয়ার, চায়নার কথা বলেছেন। কিন্তু Chinese Weekly of News and Views এ আছে Report on Chinese Education. Basic Set-Up of the Full-Time Primary School, age of admission—7. courses-Chinese. arithmetic, elementary knowledge of nature, foreign language, politics, physical culture, music, drawing. এবং Students get up at Six-thiry in the morning আবার এর মধ্যে আছে They do morning exercises for a quarter of an hour and in the half hour before breakfast at seven-thirty they recite their foreign language lessions in some quiet corner. "This foreign language fever" is not a fade. They are doing it out of a sense of responsibility. They want to master a foreign language so as to be able to learn from the best in their field and develop China's own science and technology as quickly as possible. এই সাথে সাধারণ জনগণকে চোখের মধ্যে ধুলো দিয়ে তিনি চায়না, রাশিয়া প্রভৃতির কথা বলেছেন। আজকে একটা বড় মিছিল আমার এলাকা থেকে এসেছিল। পশ্চিমবঙ্গের প্রাথমিক শিক্ষক সমিতির হাজার হাজার শিক্ষক- যাঁদের উপর শিক্ষার দায়িত্ব রয়েছে তাঁরা এসেছিলেন এই মিছিলে। কিন্তু মুখ্যমন্ত্রী, যিনি এখানে তখন ছিলেন- তিনি ওখানে একবার গেলেন না। উনি একজন মন্ত্রী, উনি শিক্ষা নিয়ে কথা বলেন, তিনি তাঁর দায়িত্ব নিয়ে, দুর্নীতি নিয়ে কথা বলেন কিন্তু তিনি সেখানে একবার গেলেন না।

অথচ এঁরাই বড় বড় কথা বলেন। রবীন্দ্রনাথ ঠাকুর, মহাত্মা গান্ধী, নেতাজি সুভাষচন্দ্র বসুকে নিয়ে এই সভায় অনেক কিছুই আলোচিত হয়েছে। এঁরা সকলেই বাল্যকালে ইংরাজি ভাষার মাধ্যমে পড়াশুনা করেছেন। এই লেফ্‌টফ্রন্ট গভর্নমেন্ট- যাঁরা শুধুমাত্র বাংলাভাষা ও বাঙালি ছেলেদের নিয়ে কথা বলেন- তাঁরা আমাদের এলাকায় যে অন্য সম্প্রদায়ের মানুষ বাস করেন তাঁদের কথা একবারও বললেন না। এঁরা বললেন না কোথায় একটা ইউনিভার্সিটি তৈরি হবে, কোথায় একটা ল্য কলেজ হবে, সায়েন্স কলেজ হবে? এঁরা ভুলে গেলেন যে এখানে বাঙালি ছাড়াও অন্য মেম্বারের লোকও বাস করেন এটা একটা কমুন্যাল এটিচিউড্‌।

[7-45—7-55 p.m.]

এটা হলো কমিউন্যাল অ্যাটিচুড- ভাল অ্যাটিচুড নয়। প্রাইমারি শিক্ষা যারা নেয় তাদের মধ্যে কত আদিবাসী আছে অন্য কত জাতের লোক আছে কিন্তু সেখানে দেখা যাচ্ছে যে স্কুলে যে শিক্ষা দেওয়া হয় সেখানে নিজের মাতৃভাষায় শিক্ষা দেবার ব্যবস্থা নেই। গতকাল মন্ত্রী মহাশয় নাগাল্যান্ডের কথা বলেছিলেন। কিন্তু আমি শিক্ষা মন্ত্রীকে বলব ..........।

**মিঃ ডেপুটি স্পিকার :** শ্রীমতী সুব্বা আপনি একটু বসুন, আবার আপনাকে বলতে দেবো।

**Shri Ashok Kumar Bose :** Whereas time for discussion on the motion of Shri Suniti Chattaraj and others has been extended by an hour, whereas discussion will not be completed within this extended time, some more time will be required to complete the discussion. Therefore, under rule 290 of the Rules of procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I beg to move that the time for discussion on the motion be further extended by 30 minutes.

**Mr. Speaker :** The motion was then put and agreed to.

**শ্রীমতী রেণুলীনা সুব্বা :** গতকাল মুখ্যমন্ত্রী বলেছেন যে He maintained that doctors, engineers and scientists could be produced in the country with the help of education through mother tongue শিক্ষা শুধু চাকরির জন্য নয়। মনোবিজ্ঞানী রুশো বলেছেন যে শিক্ষায় আমাদের সামাজিক নীতি শেখায় ও মানসিক বিকাশ হয়। কাজেই এটা শুধু চাকরির জন্য নয়। যে ভাবে বামফ্রন্ট সরকার প্রাইমারি স্টেজ থেকে ইংরাজি তুলে দিয়েছেন তাতে আমি আবার বলব যে এটা দুর্নীতি। মুখ্যমন্ত্রী গতকাল আরও বলেছেন যে, উনি বহু সংস্থার সঙ্গে বুদ্ধিজীবীর সঙ্গে ও বড় বড় শিক্ষাবীদদের সঙ্গে পরামর্শ করে এটা করেছেন। আমি এইটাকে মিথ্যা বা অসত্য বলব কারণ জোর করে করলে এটা হবে না। আমি জানি কয়েকদিন আগে বহু লোক, বহু সংস্থা, বহু শিক্ষক কোর্ট

অ্যারেস্ট হয়েছেন। কি ভাবে সব গুন্ডাবাহিনী প্রয়োগ করা হয়েছে। আজকে বামফ্রন্ট সরকার শিক্ষানীতিকে ডাস্টবিনে নিয়ে গিয়ে ফেলেছেন যা মোটেই ঠিক নয়। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পার্থ দে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সোহরাব সাহেব যে প্রস্তাব উত্থাপন করেছেন এবং সুনীতি বাবু যে প্রস্তাব রেখেছেন সেই প্রস্তাবের বিরোধিতা করে আমি কয়েকটি কথা বলতে চাই। সময় বেশি গেলে আমার সুবিধা হতো কিন্তু উপায় নেই সংক্ষেপেই শেষ করব। প্রথম কথা ওঁদের মাননীয়া সদস্যা শ্রীমতী সুব্রা একটা সত্য কথা বলেছেন যে, সে যুগটা এক রকম ছিলো- এ যুগটা অন্য রকম। সত্যই এ যুগটা হচ্ছে ভারতীয় একচেটিয়া পুঁজিপতি জমিদারদের জোটের শাসনে আমরা চলেছি। তাদের স্বার্থে অনেকে চলেছেন তার বিরোধিতা করে আমাদের চলতে হচ্ছে। সে যুগটা ছিলো সাম্রাজ্যবাদের যুগ সেটা চলে গেছে। ঠিক সেই পরিপ্রেক্ষিতে আমি কথাগুলি আলোচনা করব। প্রথমে আমি দুটো বিষয় বলব। মাননীয় সদস্য হরিপদ বাবু যেগুলি তুলেছেন সেই সম্পর্কেই দুটো কথা বলছি। প্রথম কথা হলো যে, আমরা ইতিহাসে দেখেছি যেমন রুশ দেশে ধরুন বা ইংলন্ডে ধরুন সে সব দেশে এক সময় দেশের অভিজাতরা বলতেন যে ফরাসি ভাষা ছাড়া কথাই বলা যায় না এবং ফরাসি ভাষা ছাড়া উন্নত কোনও ভাষা নেই। সেটা উচিত কি অনুচিত তার মধ্যে যাচ্ছি না। কিন্তু প্রশ্ন হল রুশ দেশের লোকেরা বা ইংলন্ডের লোকেরা তাঁদের স্বাধীকার যে অর্জন করেছেন সেটা অর্জন করার সময় তাঁরা অভিজাতদের এই অভ্যাস অনুকরণ করে করেন নি। তাঁদের নিজস্ব স্বকীয় যে মাতৃভাষা সেই মাতৃভাষা অনুসরণ করে ইংরাজি বা রুশ ভাষা অনুসরন করেই স্বকীয়তা অর্জন করতে পেরেছেন যে. অধিকার তাঁদের দরকার ছিলো তা তাঁরা অর্জন করতে পেরেছেন। দ্বিতীয় বিরোধী কথা হল যে সমস্ত দেশগুলিতে সাম্রাজ্যবাদী বিরোধী আন্দোলন গড়ে উঠেছিলো আমাদের দেশ সহ সে আন্দোলন তেমন তেমন গড়ে উঠেছিলো যেমন যেমন সেই সব জাতিগুলির নিজ নিজ মাতৃভাষা বিকশিত হয়েছিলো। এটা হলো ভারতবর্ষেরও ইতিহাস। এটা ভুলে গেলে আমাদের চলবে না। তৃতীয় কথা হলো যাঁরা মনে করেন সমগ্র শিক্ষা ব্যবস্থা কয়েকটি চাকুরির দিকে অভিমুখী হবে চাকুরির দিকে তাকিয়ে থাকবে। তাদের আধুনিক বিশ্বে সমস্ত শিক্ষাবিদরা বলেন একালের ম্যালথুসিয়- একালের ম্যালথাসবাদী। তিনি বলতেন সুযোগ যা সীমাবদ্ধ জনসংখ্যা ক্রমশ বাড়ছে প্রতিদ্বন্দিতাই হল সমাজের মূল মোটিভ। কাজেই তার বিরোধিতা করে আমরা যে কথাগুলি বলছি তা সারা বিশ্বে গণতান্ত্রিক কর্তব্য হিসাবে গৃহীত হয়ে গেছে। মূল কথা হল বিরোধী পক্ষের সদস্যরা বলেছেন আমরাও তো মাতৃভাষার মাধ্যমের কথা বলছি। আমি বলছি তাঁদের ঐ চাওয়ার মধ্যে একটু ভুল আছে। মাতৃভাষার মাধ্যমেই যদি চাইতেন তাহলে তাঁরা বলতেন ইংরাজি ভাষা বা অন্য যে কোনও একটি ভাষা দ্বিতীয় ভাষা হিসাবে শেখার উপযোগিতার কথা। সেই উপযোগিতা কাজে লাগাতে গেলে দ্বিতীয় ভাষা কখন কি ভাবে শেখালে দেশের লোকের উপকার হবে সে নিয়ে আলোচনা করতেন। তাঁরা তার মধ্যে আসছেন না। মাতৃভাষাকে মাধ্যম হিসাবে গ্রহণ করবেন- তাহলে প্রস্তাবে এটা লিখেছেন কেন জ্ঞান বিজ্ঞানের দিক থেকে দেশের লোক বঞ্চিত হবে? মাতৃভাষা ছাড়া

কোনও ভাষার মাধ্যমে জ্ঞান বিজ্ঞান বা যা কিছু দেওয়া সম্ভব তা সম্ভব হয়? এ নিয়ে কাউকে কোট্ করার দরকার নেই উদ্ধৃতি দেবার দরকার নেই। এটা পৃথিবীতে স্বীকৃত হয়ে গেছে। যাঁরা জানেন না যে কোনও একজন শিক্ষাবিদের লেখা পড়লেই চলবে। বিশেষ কারুর পড়তে হবে না। সেইজন্য আমি বলি যাঁকে তাঁরা মানেন কেউ যদি বিবেকানন্দকে জানেন- কেউ যদি গান্ধীজীকে মানেন- কেউ যদি সুভাষচন্দ্রকে মানেন- কেউ যদি মার্কসবাদী হন তাঁদের যে কোনও লোকের লেখা থেকে পড়ে দেখুন। আর আজ সারা বিশ্বে যে গবেষনা হচ্ছে যা বহুদিন ধরেই হচ্ছে সে সম্পর্কেও যদি জানতে চান তো বহু বই আছে যা আমাদের দেশেও পাওয়া যায় সেগুলি পড়ে দেখলেই হবে। আমাদের কথাটা কি? আমাদের কথা হচ্ছে হাঁ, দ্বিতীয় ভাষা হিসাবে ইংরাজি আমাদের দেশে প্রয়োজন আছে। যে প্রস্তাব তাতেও বলা আছে প্রয়োজনীয়তার কথা। দ্বিতীয়, ভাষা হিসাবে একটা কৃত্রিম প্রয়োজনীয়তা আছে আর অকৃত্রিম প্রয়োজনীয়তা আছে। রবীন্দ্রনাথ এই ভাবে ভাগ করেছিলেন খুব বিজ্ঞান সম্মতভাবে। কৃত্রিম প্রয়োজনীয়তাটা কি? কৃত্রিম প্রয়োজনীয়তা হচ্ছে আমাদের দেশে নানা রকম সরকারি কাজে ব্যবসায়ে এই ভাষা রাখা হয়েছে। এই ভাষা রাখার জন্যই কাজগুলি হচ্ছে তা নয়। ঐ ভাষার পরিবর্তে অন্য ভাষা দিলেও কাজগুলি হতো। কিন্তু এখনও আছে কিছুদিন হয়তো থাকতেও পারে। সেইজন্য এর প্রয়োজনীয়তা কৃত্রিম। সে প্রয়োজনীয়তা যাতে আমাদের দেশে সব ছেলে মেয়েরা রপ্ত করে নিতে পারে তার জন্য তাঁদের শেখাতে হবে। ইংরাজি ভাষা অকৃত্রিম প্রয়োজনীয়তা কি? অকৃত্রিম প্রয়োজনীয়তা হচ্ছে এটা এমন একটা ভাষা যে ভাষার সঙ্গে আমাদের দেশের লোকেরা ঐতিহাসিক ভাবে বহু দিন ধরে বহু ভাবে যুক্ত, এবং আমাদের দেশের বিভিন্ন ভাষাভাষী ব্যক্তি এই ভাষার সঙ্গে খানিকটা পরিচিত। তৃতীয় কথা হল যে, এই ভাষাটাতে সঞ্চিত সমস্ত জ্ঞানভান্ডার রয়েছে তা সহজে পৌছে দেওয়া যায়। আমাদের দেশেরও যে সমস্ত বই, আছে তা চীনাভাষা বা রুশ ভাষা লেখা এত বই আমাদের দেশে সঞ্চিত নেই। কিন্তু আমাদের দেশে ইংরাজিতে লেখা অনেক বই সঞ্চিত আছে। সুতরাং সেই সবের মধ্যে আমাদের তাড়াতাড়ি যেতে হবে এবং আমরা যেতে পারব যদি ঐ ভাষা শিখি। তাহলে সীমাবদ্ধ কতকগুলি কাজের জন্য কতকগুলি কৃত্রিম এবং অকৃত্রিম প্রয়োজনে আমাদের এ ভাষা শিখতে হবে। প্রশ্ন হল সেই কৃত্রিম এবং অকৃত্রিম প্রয়োজনের জন্য এ ভাষা শেখার উপযোগী সময় কখন এবং পদ্ধতি কি? এ নিয়ে বিশ্বে বহু গবেষণা হয়েছে। ভাষা শিক্ষার দুইটা দিক আছে একটা হল ভাষা অর্জন- যাকে বলা হয় ল্যাংগুয়েজ অ্যকুইজিশন। ল্যাংগুয়েজ অ্যকুইজিশন হয় কোন কোন ভাষায়? যেটা তার মাতৃভাষা অথবা যে ভাষা পরিবেশে উপস্থিত রয়েছে। কাশীবাবু উদাহরণ দিয়ে বললেন রুশ দেশে রুশ ভাষা প্রাথমিক স্থর থেকে শেখানো হয়। রুশ দেশে রুশ ভাষাটা অন্যান্য মাতৃভাষার সঙ্গে পরিবেশে উপস্থিত রয়েছে। সেটা হলো পরিবেশের ভাষা। তাই সেই ভাষা অ্যাকুজিশন করা সম্ভব অর্জন করা সম্ভব। বাকি ভাষাগুলি কি? বাকি ভাষাগুলিকে বলা হয় ফরেন ল্যাংগুয়েজ। অর্থাৎ সে ভাষা বিদেশ থেকে এসেছে তার কোনও মানে নেই। বিদেশ থেকে না এলেও ফরেন ল্যাংগুয়েজ হতে পারে। পরিবেশে যা উপস্থিত নেই।

[7-55—8-05 p.m.]

সেজন্য তাদের নির্দিষ্ট বয়স পর্যন্ত অপেক্ষা করতে হয়, তা যদি না করা হয় তাহলে কম বয়সে তার সঙ্গে পরিচয় করানো হয়, সেই পরিচয় থাকেনা, সে পরিচয় হারিয়ে ফেলে, সেই পরিচয় ভুলে যায়, এবং সেই পরিচয়ের মধ্যে কোনও বিকৃতি থাকলে, সেই বিকৃতি তাদের ক্ষতি করে। এবং সব চেয়ে বড় কথা হচ্ছে দুটো ভাষা মানে হচ্ছে দুটো আলাদা আলাদা সংস্কৃতি, এই দুটো সংস্কৃতি ছোট শিশুদের মধ্যে সঙ্কট সৃষ্টি করে, সেই সঙ্কট সৃষ্টি করার ফলে তাদের ভাষা শিক্ষা, বিদেশি ভাষা শিক্ষা, গণিত শিক্ষা, সাধারণ শিক্ষা ক্ষতিগ্রস্ত হয়। এই নিয়ে বহু সমীক্ষা হয়েছে, বহু গবেষণা হয়েছে, আমাদের দেশেও হয়েছে এবং ফলে এটা পাওয়া গেছে। কিন্তু প্রশ্নটা তা নয়। প্রশ্ন যা এটা নিয়ে তাঁরা বিশ্বাস করেননা। মাতৃভাষা মানুষকে সব কিছু দিতে পারবে এটা বিশ্বাস করেননা। সেজন্য বলছিলেন মাতৃভাষা শিখলে এবং ইংরেজি ভাষা না শিখলে জ্ঞান বিজ্ঞান থেকে বঞ্চিত হবে, দুটি শ্রেণী সৃষ্টি হবে। এই দুটি শ্রেণী কি আজকে নতুন সৃষ্টি হবে? এটা কি ছিলনা এতদিন? দুটো শ্রেণীর বিপরীতে কোন্ ব্যাপারটা স্থাপন করতে চাইছেন। এস ইউ সি সহ মার্কসবাদীরা স্থাপন করছেন বড় লোকের ছেলেরা ইংরেজি শিখলে দরিদ্র লোকের ছেলেদের ও ইংরেজি শিখতে হবে। অর্থাৎ এঁরা বলতে চাইছেন ভারতবর্ষের জনগণের ধনীদের অনুকরণ করে মুক্তি আসবে। এটার বিরুদ্ধে আমরা। এই যে একটা শ্রেণীর প্রশ্ন এটা গণতান্ত্রিক প্রশ্ন, আমরা এটার বিরুদ্ধে। চমস্কির কথা বলেছেন আমাদের কাশীবাবু। চমস্কির কথাটা কি? ভাষা চেতনা বলে একটা বস্তু আছে। আট থেকে ১১ বছর পর্যন্ত প্রথম ভাষাকে বস্তুগতভাবে, একটা হাতিয়ার ভাষা হিসাবে দেখতে শেখে এবং এটা মাতৃভাষার মাধ্যমেই হতে পারে। এটা হওয়ার পরে দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ এবং পঞ্চম ভাষা ঐ ভাষা চেতনার সাহায্যে দ্রুত আয়ত্ব করতে পারে। এ নিয়ে বহু গবেষণা হয়েছে, আমি সেই সব পুঙ্খানুপুঙ্খরূপে বলতে চাইনা, সে সময় আমার নাই, তবে আমি সভাকে অনুরোধ করব যে আমাকে একটু বলবার সময় দেবেন, আমার বহু কথা বলবার আছে, এখানে বহু বিভ্রান্তিকর কথা ছড়ানো হচ্ছে। উনি বলেছেন, এস.ইউ.সি-এর একজন, উনাকে আমি মার্কসবাদী বলে ধরে নিচ্ছি, হিন্দী চাপিয়ে দেওয়া হচ্ছে। হিন্দীর বিপরীতে আমাদের কি করতে হবে? হিন্দীর বিপরীতে ইংরেজি ভাষাকে স্থাপন করতে হবে? কোন মার্কসবাদে বলা আছে? কোথায় পৃথিবীর কোন দেশে হয়েছে যে একটা ভাষা চাপিয়ে দেওয়ার প্রক্রিয়ার বিরুদ্ধে একটা বিদেশি ভাষাকে হাতিয়ার করে জনগণ এগুতে পেরেছে? এর একমাত্র হাতিয়ার হল সত্যই যদি কোনও ভাষাকে, ইংরেজি কেন, হিন্দী কেন, বাংলা ভাষাকেই যদি কারও উপর চাপিয়ে দেওয়া যায়, তাকে প্রতিহত করার একমাত্র পদ্ধতি হল আপন মাতৃভাষাকে বিকশিত করার পথে এগিয়ে যাওয়া। এই পথে আমরা অগ্রসর হচ্ছি। এটা বুঝতে হবে ইংরেজি ভাষাকে হাতিয়ার করতে পারবেন না। দুশো বছরে ইংরেজি ভাষাকে গ্রহণ করেননি, এই সত্য ভুলে যাচ্ছেন কেন? ভারতবর্ষের এমন একটা এলাকা কি দেখাতে পারেন যেখানে দুশো বছরে ইংরেজি সাহিত্য এবং ভাষায় মুগ্ধ হয়ে মাতৃভাষাকে পরিত্যাগ করে ইংরেজি ভাষাকে গ্রহণ করেছে? দুশো বছরে ইংরেজীকে গ্রহণ করেননি আর আজকে গ্রহণ করতে চাইছেন?

কাজেই আপনারা যা বলছেন তা হল, ভারতবর্ষের একটা প্রভাবশালী অংশের কথাটাই আপনাদের মুখে প্রতিধ্বনিত হচ্ছে। তারা তাদের মতো করে আমাদের দেশের লোককে নকল করতে শেখাচ্ছেন। এটা তাঁরাও জানেন যে নকল কখনও আসলের সমান হয়না, ওরা চায় ইংরেজি শিক্ষার নকল করুক। সেটা আমরা করতে পারিনা। এখানে আমাদের সাধারণ মাধ্যমের সঙ্গে ইংরেজি মাধ্যমের তুলনা করেছেন? ইংরেজি মাধ্যমে সব কিছু পড়ানো হয় ইংরেজিতে, তাহলে এদের সঙ্গে কি করে প্রতিদ্বন্দ্বিতা করবেন? আপনারা কেন ভয় পাচ্ছেন প্রথম শ্রেণী থেকে ইংরেজি তুলে দিতে। আপনারা এজন্যই ভয় পাচ্ছেন, যেকথাটা আপনারা বলতে পারছেননা, আমি স্পষ্ট করে বলে দিচ্ছি,- যখনই দেশের লোক বুঝতে পারবে মাতৃভাষায় আমাদের দেশের সব কাজ হয়, ৫/১০/১৫টি কাজের জন্য ইংরাজি শেখার দরকার হয়, তারা বলবে- আমি তো মাতৃভাষা ভাল করে শিখেছি ৫/১০/১৫টি কাজের জন্য ইংরেজি শিখেছি, তখন তারা বলবে এই কয়টি কাজের জন্য পরীক্ষা কেন ইংরেজিতে নিচ্ছেন, আমরাতো সব কাজই ভালভাবে করতে পারব, ইঞ্জিনিয়ারিং ভাল করে পারব, ডাক্তারী ভাল করে করতে পারব, পেট কাটতে পারব, তবে পরীক্ষা ইংরেজিতে কেন হবে? আমি তো সব কাজ ভাল করতে পারব, আমি ভাল অর্থনীতিবিদ, তখন ইংরেজি উপকরণের মাধ্যমে পরীক্ষা করার জন্য এই যে ছাঁটাই দেওয়া হচ্ছে, এই প্রক্রিয়াটা তারা চ্যালেঞ্জ করবে, তারা বলবে এটা হতে পারেনা, এটার দরকার নাই। তখন এটার সুযোগ নিয়ে আমরা ইংরেজি জানি বলে লোকের উপর মাতব্বরি করা যাবেনা, এটা বন্ধ হয়ে যাবে। এটাই হচ্ছে আসল কথা। এজন্যই এই আপত্তি এটা তাঁরা বলতে পারছেননা, আমি বলে দিলাম আপনাদের মনের কথাটা। এটা জানার পরে ও যদি বলেন- আমরা এটা চাই প্রস্তাবে লিখুন দুটো শ্রেণী অমুক গ্রাম, অমুক শহর। গ্রামের জন্য এত দরদ? কলকাতায়তো অনেক কিছু আছে যা গ্রামে নেই, কোনওদিনতো প্রতিবাদ করেননি? কলকাতা শহরে ট্রাম গাড়ি চলে, বীরভূমে চলেনা, কোনওদিন তো বলেননি গ্রামে ট্রাম গাড়ি চলেনা, অতএব শহরে ট্রাম গাড়ি তুলে দেওয়া হোক্ আর না হয় ট্রাম গাড়ির মতো নকল একটা জিনিষ চালু করা হোক, একথাতো বলেননি? কথাটা হঠাৎ মাথায় জেগে উঠল? কতকগুলি পপুলিস্ট কথা বললে, জনগণের মঙ্গল করছি একথা বললেই কি জনগণের কাছে গ্রহণযোগ্য হবেন? এই সব অসত্য কথার মধ্যে গান্ধীবাদ নেই, মার্কসবাদ নেই, এর মধ্যে কোনও সুভাষবাদ নেই। কোনও বাদ এর মধ্যে নেই এর মধ্যে যেটা আছে সেটা হচ্ছে আমাদের দেশের ধনিক শ্রেণী যে কথা বলতে চাইছে সেই কথা আপনাদের দিয়ে বলাচ্ছে। তাই আমি বলছি এই রকম করতে যাবেন না, এটা খুব মারাত্মক কথা। কাশীবাবুর একটা কথা আমি খুব প্রশংসা করি। উনি বলেছেন আলোচনা করতে। আমিও বলছি আসুন না আলোচনা করি, আমরা কি করতে চাই মানুষরা কি চাইছে সেটা দেখুন না আমাদের তত্ত্ব কি। বুদ্ধিজীবীদের নিয়ে আলোচনা করতে গিয়ে কি অবস্থা হয়েছে সেটা শুনুন। আপনারা জানেন গত অক্টোবর মাসে বুদ্ধিজীবীদের নাম করে রেজেস্ট্রি করে চিঠি দিয়েছি এবং তাতে তিনটি কথা লিখেছি (১) আমরা কি করছি আপনারা যদি কিছু জানতে চান আমরা সব কিছু জানাতে প্রস্তুত আছি এবং জানাব আমাদের নীতি কি দৃষ্টিভঙ্গি কি। (২) আপনাদের যদি কিছু বলার থাকে অত্যন্ত মূল্য দিয়ে আপনাদের সে কথা জানব, আপনারা আমাদের জানান। (৩) সংক্ষেপে

বিবৃত করে দিচ্ছি যে আমরা এই এই জিনিস করতে চাই। কিন্তু আমার কাছে তার উত্তর এলো না তার আগে খবরের কাগজে তার উত্তর বেরিয়ে গেল। তারা ভাবলেন এইতেই আমরা কুপকাত হয়ে যাব। তারা বলল সংবাদপত্রে যে বামফ্রন্ট সরকার কি করতে চায় তার কোনও কথা জানতে চাই না সবই জানা আছে ২নম্বর আপনাদের কাছে আমাদের কোনও উপদেশ নাই এবং ৩ নম্বর হোল বাম পন্থীরা কত নিচু নিকৃষ্ট শ্রেণীর। একজন বৃদ্ধ মানুষ তার সমস্ত সন্ধ্যা নষ্ট করে তার একটা বিবরণ দিলেন। কেন আলোচনা হবে তাদের সঙ্গে কি কারণে আলোচনা হবে? কি চাওয়ার আছে তাদের কাছে, পশ্চিমবাংলার জনগণের গরিব মধ্যবিত্তদের প্রতি তাদের কি কনট্রিবিউশন আছে? তাও আলোচনা করতে প্রস্তুত ছিলাম- কিন্তু এই তার উত্তর। তারা শিক্ষিত নয় মহাত্মা গান্ধী নয়, রবীন্দ্রনাথ নয় ইউনেস্কো এবং এতবড় সব কমিশন হয়েছে কোঠারি কমিশন, মুদালিয়ার কমিশনরা সব শিক্ষিত নয়। মিসেস সুব্বা বললেন প্রাথমিক শিক্ষক সমিতি সম্বন্ধে। ওঁরা আমাদের সিলেবাস কমিটিতে ছিলেন ওঁরা সব এক মত হয়ে বেরিয়ে গেলেন। এখন বাইরে গিয়ে বলেন বিরোধিতা করছি- জানি না কি অভিরুচি। এ তো হতে পারে না। এই কারণে আমি অনুরোধ করব কালকেও অনুরোধ করেছি। রবীন্দ্রনাথ বলে গেছেন মাতৃভাষার মাধ্যমে প্রাথমিক স্তরে শিক্ষা দেওয়া উচিত। প্রাথমিক স্তরে ইংরাজি পড়াতে হবে না। শুধু তাই নয় রবীন্দ্রনাথ ইংরাজি শিখবার জন্য ৭টি বই লিখেছিলেন। বিশ্বভারতীর লোকেরা অচলিত সংগ্রহে স্থান দিয়েছেন সেই বইগুলিকে একটিও ছাপেন নি বিক্রিও করেন নি সেই বইগুলিকে। এবং রবীন্দ্রনাথ বলেছিলেন এই বয়সে আমাদের দেশের ছেলেমেয়েরা ইংরাজি শিখবে না। শুধু তাই নয় রবীন্দ্রনাথ নিজে পরীক্ষা করেছিলেন প্রাথমিক স্তরে ইংরাজি শেখা ছেলেমেয়েদের নিয়ে এবং প্রাথমিক স্তরে ইংরাজি না শিখে আসা ছেলেমেয়েদের নিয়ে। তাদের পড়িয়ে তিনি বলেছিলেন ইংরাজি শিখে আসা ছেলেমেয়েগুলিকে নিয়ে তিনি খুব বিপদে পড়েছেন পড়াতে পারছেন না। আমি সেই বইগুলি নিয়ে এসেছিলাম কালকে আবার যদি চান আমি আপনাদের সেই বইগুলি দিতে রাজী আছি। রবীন্দ্রনাথের 'শিক্ষা চিন্তা' এটা লিখেছেন প্রবোধচন্দ্র সেন মহাশয়। আমাদের দেশে সত্যিই যদি জন দরদী মানুষ উদ্বীগ্ন হয়ে থাকেন তাহলে এই খবরগুলি জানুন এবং যে কোনও মুহূর্তে আমরা প্রস্তুত আছি সেই খবর আপনাদের কাছে পৌঁছে দেবার। কোথায় আমরা এই সব কথা পেয়েছি কেন পেয়েছি কি ব্যাপার কোনও দেশে কি হয়েছে। আমাদের দেশের মানুষদের কাছে এটা প্রমাণ করতে চান যে বামফ্রন্ট সরকার ষড়যন্ত্র করে দুইটি শ্রেণীর সৃষ্টি করছে। ১৯৮১ সালে প্রথম ভারতবর্ষে শ্রেণী সৃষ্টি হচ্ছে, শিক্ষা ব্যবস্থার মধ্যে ঐক্য ছিল ইংরাজি পড়ে ভারতবর্ষ সমাজতন্ত্রের দিকে এগিয়ে গেছে আমরা ষড়যন্ত্র করে শ্রেণী সৃষ্টি করছি গ্রাম শহরে তফাত করে দিচ্ছি তাহলে আমি বলব এই বক্তব্য আপনাদের রাজনৈতিক অভিসন্ধিমূলক এবং এটার উদ্দেশ্য হচ্ছে জনগণকে বিভ্রান্ত করা জনগণকে একটা ভাল কাজ থেকে সরিয়ে রাখা। সেইজন্য শুভবুদ্ধি সম্পন্ন যারা আছেন তাদের বলব এটা পুনর্বিবেচনা করার যথেষ্ট সময় আছে। পরিশেষে এস.ইউ.সি. এবং কংগ্রেসকে বলব এতো ভয় পাবার কোনও কারণ নেই। আমরা কোনও সিদ্ধান্ত পরিবর্তন করি নি আমাদের যে কর্মসূচি ছিল সেই কর্মসূচি অনুযায়ী প্রথম

এবং দ্বিতীয় শ্রেণীতে ১৯৮১ সালে নূতন পাঠক্রম চালু হয়েছে ১৯৮২ সালে তৃতীয় চতুর্থ শ্রেণীতে নূতন পাঠ্যসূচি যথারীতি চালু হবে। ধন্যবাদ।

[8-05—8-15 p.m.]

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার রেজলিউশনের উপর মাননীয় সরকার পক্ষের বিভিন্ন বক্তারা ধান ভাঙ্গতে শিবের গীত গেয়েছেন। এরা জ্ঞানপাপী। জ্ঞানপাপী যারা তাদেরকে বলার কিছু নেই। মাননীয় মন্ত্রী পার্থবাবু নিজেকে একজন বিরাট পন্ডিত হিসাবে মনে করে বলছেন যে যারা বুদ্ধিজীবী তাদের কোনও কন্ট্রিবিউশন নেই, সমস্ত কন্ট্রিবিউশন তার। আর একটা কথা বলেছেন যে এর আগে কোনও শ্রেণী বিভাগ ছিলনা। শ্রেণী বিভাগ ছিল। শ্রেণী বিভাগ যেটা ছিল সেটাকে তুলে দেওয়া দরকার। এখন নুতন ভাবে আবার শ্রেণী বিভাগ করা, নুতন একটা ক্লাশ তৈরি করা- এটাই কি তাদের পরিকল্পনা? আজকে যে অবস্থার সৃষ্টি হচ্ছে, আপনারা মুখে বলছেন সাম্যবাদ, আবার এদিকে শ্রেণী ভাগ করবেন, তাহলে তো এটা কন্ট্রাডিকশন হয়ে যাচ্ছে। সুতরাং যারা জ্ঞান পাপী তাদের বলার কিছু থাকেনা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আরও আশ্চর্য হয়ে যাচ্ছি, মানুষ যে লেজুড়বৃত্তি করতে গিয়ে যে কত অধঃপতনে যেতে পারে সেটা নির্মলবাবুর বক্তৃতা থেকে আজকে প্রমাণ পাওয়া গেল। রেজলিউশনে কখনও আমি বলিনি যে বাংলা ভাষার মাধ্যমে শিক্ষা দেওয়া হবেনা। তিনি গান্ধীজীর কথা বলেছেন, নেতাজির কথা বলেছেন। নেতাজির কথা তো হবেনা। ঠিক যে ইংরাজি মিডিয়াম স্কুলে ভাল ক্লাশ হয়না। আমরাতো আপত্তি করিনি। আমরা চাইছি কি? আমরা চাই যে ইংরাজি প্রাইমারিতে থাক। আজকে মাতৃস্তন থেকে বঞ্চিত হবার কথা বলিনি। সুতরাং নির্মলবাবুর নিশ্চয়ই জানা আছে যে গান্ধীজীর বেসিক এডুকেশন, ফ্রম দি এডুকেশনল পয়েন্ট অব ভিউ আমার মনে হয় পারফেক্টলি কারেক্ট। কিন্তু এটা ফেল করেছে। ফেল করেছে কেন? এটা ঠিক ভাবে সর্বস্তরে চালু হয়নি বলে ফেল করেছে। সুতরাং আজকে আমি যে কথা বলতে চাই যে এই শিক্ষা ব্যবস্থা যদি সর্বস্তরে সুসামঞ্জস্যপূর্ণ না হয় তবে সব ব্যর্থ হবে। আজকে মডার্ন ট্রেন্ড্ ইন এডুকেশন, সেখানে বলেছেন যে এক্সটারনল একজামিনেশন শুড বি অ্যাবোলিসড। এই যে মর্ডার্ন ট্রেন্ড ইন এডুকেশন, কিন্তু সঙ্গে সঙ্গে যদি ইন্টারন্যাল অ্যাসেসমেন্টে সেই ব্যবস্থা না করি তাহলে এক্সটারন্যাল একজামিনেশন যদি অ্যাবোলিসড করি তাহলে কি হবে কাজেই যেকথা বলতে চাচ্ছি যে পরিবেশ যদি ঠিক না হয়, এনভারনমেন্ট যদি ঠিক না হয়, তবে সব ব্যর্থ হবে, মাননীয় মন্ত্রী মহাশয় গতকাল এবং আজকে তাদের প্রাইমারি শিক্ষাক্রমের পাঠ্যসূচির কথা বলেছেন। সেখানে কি বলেছেন দেখুন- মাতৃভাষা ভিন্ন অন্য একটা ভাষায় শিক্ষার্ প্রশ্ন। বর্তমান পৃথিবীতে প্রায় সব দেশে বিদ্যালয় স্তরে মাতৃভাষা ছাড়া আর একটা ভাষা শেখানো হয়। অন্তরাজ্য যোগাযোগতো বটেই, এমন কি অন্তরাজ্যের বিভিন্ন ভাষাভাষীদের মধ্যে পরস্পর ভাব বিনিময়ের জন্য শেখানো প্রয়োজন আছে।

**Mr. Speaker :** Your time is up. Please stop here.

**Shri Md. Soharab :** This is my motion. I will have to finish my speech.

**Mr. Deputy Speaker :** I will not allow you to speak.

**শ্রী মহঃ সোহরাব :** I request you to let me conclude. সুতরাং এই কথাতো এর মধ্যেই আছে এবং যে প্রাথমিক শিক্ষক সমিতির কথা বলেছেন, তারা এই বিষয়ে বলেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি সে জন্য অনুরোধ করব যে গোটা পশ্চিম-বাংলার স্বার্থে আজকে গ্রামে এবং পশ্চিমবাংলায় যাতে নুতন ভাবে ক্লাশ সৃষ্টি না হয় সেজন্য আমি যে মোশন এখানে নিয়ে এসেছি এবং শশবিন্দু বেরা মহাশয় যে অ্যামেন্ডমেন্ট দিয়েছেন, সেটা আপনারা গ্রহণ করবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Sasabindu Bera that in lines 3 to 9 for the words beginning with "এবং যেহেতু শহরাঞ্চলে" and ending with "পিছাইয়া পড়িবার সম্ভাবনা" the following be substituted, namely :—

"এবং যেহেতু এই রাজ্যে কেবলমাত্র শহরাঞ্চলেই ইংরাজি মাধ্যম বিদ্যালয়ের সংস্থান রহিয়াছে এবং ঐ সকল বিদ্যালয়ে শিক্ষালাভ অত্যন্ত ব্যয়বহুল ;

এবং যেহেতু এই কারণে সাধারণভাবে গ্রামাঞ্চলের সর্বস্তরের ছেলেমেয়েরা এবং শহরবাসী দরিদ্র ও নিম্নবিত্ত শ্রেণীর ছেলেমেয়েরা এই সকল বিদ্যালয়ে শিক্ষালাভ হইতে বঞ্চিত থাকিয়া যাইবে এবং এই সকল বিদ্যালয়ে শিক্ষালাভ প্রধানত শহরবাসী ধনিকশ্রেণীর ছেলেমেয়েদের মধ্যে সীমাবদ্ধ থাকিবে ;

এবং যেহেতু ইহার ফলে এই শিক্ষা হইতে বঞ্চিত রাজ্যের অধিকাংশ অধিবাসী দ্বিতীয় শ্রেণীর নাগরিকে পরিণত হইবে এবং বৃত্তিগত ও চাকুরিগত কর্মসংস্থানের বহুক্ষেত্র হইতেই দূরে থাকিয়া যাইতে বাধ্য হইবে ;

এবং যেহেতু এই শিক্ষানীতির ফলে সামগ্রিক ভাবে বাঙালির জ্ঞান-বিজ্ঞান সাধনা, সভ্যতা ও কৃষ্টি বিপর্যস্ত হইবার নিশ্চিত সম্ভাবনা রহিয়াছে ;

এবং যেহেতু ইহার ফলে সর্বভারতীয় প্রতিযোগিতার ক্ষেত্রেও পশ্চিমবঙ্গবাসীদের ক্রমশঃ আরও পিছাইয়া পড়িবার সুনিশ্চিত আশঙ্কা রহিয়াছে ;"

was then put and lost.

The motion of Shri Deba Prasad Sarkar that the para 6 be substituted with the following words, figures and punctuations, namely :—

"এবং যেহেতু রাজ্যসরকার ১৯৮১ সাল হইতে প্রাথমিক স্তরে ইংরাজি অবলুপ্ত করার সিদ্ধান্ত ঘোষণা করিয়াও সম্প্রতি দৈনিক সংবাদপত্রে বিজ্ঞপ্তি প্রচার করিয়া ঘোষণা করিয়াছেন যে ১৯৮১ সালেও তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণীতে

ইংরাজি পাঠ্যপুস্তক বজায় থাকিবে ;

এবং যেহেতু রাজ্যসরকারের শিক্ষানীতি কেন্দ্রীয় সরকারের দীর্ঘদিনের প্রয়াস ইংরাজিকে অপসারণ করিয়া হিন্দী চাপাইয়া দেওয়ার পদক্ষেপকে কার্যকর করিতে সাহায্য করিবে

অতএব এই সভা দাবি করিতেছে যে পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক প্রাথমিক স্তর হইতে ইংরাজি অবলুপ্ত করার নীতিগত যে সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে তাহা অবিলম্বে প্রত্যাহার করিয়া লওয়া হউক এবং প্রাথমিক স্তরে ইংরাজি পঠন-পাঠনের ব্যবস্থা অব্যাহত রাখা হউক।"

was then put and a division taken with the following result :—

**NOES**

Banerji, Shri Radhika Ranjan

Basu, Shri Bimal Kanti

Basu, Debi Prosad

Basu Ray, Shri Sunil

Bauri, Shri Gobinda

Baxla, Shri John Arther

Biswas, Shri Jayanta Kumar

Biswas, Shri Kanti Chandra

Biswas, Shri Kumud Ranjan

Bora, Shri Badan

Bose, Shri Ashoke Kumar

Bose, Shri Nirmal Kumar

Bouri, Shri Nabani

Chatterjee, Shri Bhabani Prosad

Chatterjee, Shri Tarun

Chhobhan Gazi, Shri

Choudhury, Shri Gunadhar

De, Shri Partha

Goswami, Shri Ramnarayan

Goswami, Shri Subhas

Guha, Shri Kamal Kanti

Guha, Shri Nalini Kanta

Gupta, Shri Sitaram

Habib Mustafa, Shri

Hazra, Shri Haran

Let (Bera), Shri Panchanan

Mahata, Shri Satya Ranjan

Maity, Shri Gunadhar

Maity, Shri Hrishikesh

Majhi, Shri Raicharan

Majumdar, Shri Sunil Kumar

Mal, Shri Trilochan

Malik, Shri Sreedhar

Mandal, Shri Gopal

Mandal, Shri Siddheswar

Mandal, Shri Sudhangshu

Mandal, Shri Suvendu

Mazumdar, Shri Dilip Kumar

Mir Abdus Sayeed, Shri

Mir Fakir Mohammad, Shri

Mitra, Dr. Ashok

Mohammad Amin, Shri

Mohanta, Shri Madhabendu

Mojumdar, Shri Hemen

Mondal, Shri Kshiti Ranjan

Mondal, Shri Raj Kumar

Mostafa Bin Quasem, Shri

Mukherjee, Shri Amritendu

Mukherjee, Shri Bimalananda

Mukherjee, Shri Niranjan

Munsi, Shri Maha Bacha

Murmu, Shri Sarkar

Murmu, Shri Sufal

Neogy, Shri Brajo Gopal

Ray, Shri Achintya Krishna

Roy, Shri Amalendra

Samanta, Shri Gouranga

Santra, Shri Sunil

Sanyal, Shri Samarendra Nath

Satpathy, Shri Ramchandra

Sen, Shri Dhirendra Nath

Sen, Shri Sachin

Singh, Shri Chhedilal

Singha Roy, Shri Jogendra Nath

Sinha, Dr. Haramohan

Sk. Siraj Ali, Shri

Sur, Shri Prasanta Kumar

Tah, Shri Dwarka Nath

Talukdar, Shri Pralay

Tudu, Shri Bikram

**AYES**

Bauri, Shri Bijoy

Biswas, Shri Satish Chandra

Chattaraj, Shri Suniti

Halder, Shri Renupada

Purkait, Shri Prabodh

Sarkar, Shri Deba Prasad

**Abst :**

Bapuli, Shri Satya Ranjan

Bera, Shri Sasabindu

Maity, Shri Bankim Behari

the Ayes being 5 and the Noes 70, the motion was lost.

The motion of Shri Md. Sohrab that

যেহেতু পশ্চিমবঙ্গের বর্তমান সরকার শিক্ষার প্রাথমিক স্তরে ইংরাজি পঠন পাঠন বন্ধ করিয়া দিতেছেন ;

এবং যেহেতু শহরাঞ্চলে ইংরাজি মাধ্যম বিদ্যালয়ের প্রসারতা থাকায় শহরের ছেলে মেয়েরা ইংরাজি পড়িবার সুযোগ পাইবে ;

এবং যেহেতু এই শিক্ষানীতির ফলে গ্রাম বাংলার ছেলে মেয়েদের দ্বিতীয় শ্রেণীর নাগরিকে পরিণত হইবার সম্ভাবনা ;

এবং যেহেতু এই শিক্ষানীতির ফলে সামগ্রিকভাবে বাঙ্গালির জ্ঞান বিজ্ঞান সাধনা, সভ্যতা ও কৃষ্টি বিপর্যস্ত হইবার সম্ভাবনা ;

এবং যেহেতু সর্বভারতীয় প্রতিযোগিতার ক্ষেত্রে বাঙ্গালির পিছাইয়া পড়িবার সম্ভাবনা ;

অতএব এই সভা দৃঢ়ভাবে দাবি করিতেছে যে এই রাজ্যের শিক্ষাক্ষেত্রে যে অনিশ্চয়তা দেখা দিয়াছে তাহা দূর করিবার নিমিত্ত বিশিষ্ট শিক্ষাবিদদের সহিত আলোচনা করিয়া সুষ্ঠ শিক্ষানীতি গ্রহণ করা হউক এবং প্রাথমিক স্তরে ইংরাজি পঠন পাঠনের ব্যবস্থা রাখা হউক।

was then put and lost.

## Adjournment

The House was then adjourned at 8.17 p.m. till 1 p.m. on Wednesday, the 25th February, 1981, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Wednesday, the 25th February, 1981 at 1-00 p.m.

### PRESENT

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 14 Ministers, 1 Minister of State and 164 Members.

[1-00 — 1-10 p.m.]

**Shri Rajani Kanta Doloi :** With your permission, Sir, admitted question No.599 to No.600

**মিঃ স্পিকার ঃ** মন্ত্রী মহাশয় এখনও এসে উপস্থিত হননি। সুতরাং এটা আমরা পরে ধরবো। এখন নিয়মিত প্রশ্ন সমূহ আরম্ভ করি।

### Starred Questions
### (to which oral Answers were given)

#### হলদিয়া পেট্রোকেমিক্যাল প্রজেক্টের পরিবর্তন

*১২৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩।) **শ্রী সুমন্তকুমার হীরা ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হলদিয়া পেট্রোকেমিক্যাল প্রজেক্টটি পরিবর্তন করা সম্পর্কে কোনও প্রস্তাব রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পেয়েছেন কি; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, ঐ প্রস্তাবের সারমর্ম কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ**

(ক) ও (খ) না। তবে বিস্তৃত প্রকল্প প্রতিবেদন অনুযায়ী ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশনের অনুরোধক্রমে কেন্দ্রীয় সরকার পেট্রোলিয়াম প্রকল্পের জন্য অনুমতি পত্রটিতে (Letter of Intent) বার্ষিক উৎপাদন ক্ষমতা বৃদ্ধির অনুমোদন করিয়া প্রয়োজনীয় পরিবর্তন করিয়াছেন।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** এই যে পেট্রোকেমিক্যাল যেটা হলদিয়ায় হবে আপনি কি জানেন কাজের প্রথম থেকেই গলদ শুরু হয়েছে, কাজ করতে দেওয়া হচ্ছে না, টেন্ডার নিয়ে দুর্নীতি চলছে বিভিন্ন পত্র-পত্রিকায় বেরুচ্ছে এই সম্পর্কে কোনও খবর রাখেন কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** আমি সমস্ত খবর রেখেছি। আপনি যেকথা বললেন সমস্ত অসত্য।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই পেট্রোকেমিক্যাল কমপ্লেক্স ওখানে করতে যে টাকার দরকার হবে সেই টাকার মধ্যে আপাতত কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে কত টাকা দিতে রাজি হয়েছেন?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** দেখুন, কেন্দ্রীয় সরকারের টাকা দেওয়ার কোনও প্রশ্ন নেই, প্রশ্নটা হচ্ছে এই প্রকল্পে খরচের জন্য সর্বসাকুল্যে ৪২৮ কোটি টাকার দরকার হবে এবং সেই অর্থ জোগাড় করতে হবে। এই অর্থ যোগাড় করার জন্য কেন্দ্রীয় সরকার আমাদের কিছু সাহায্য করবেন। বিভিন্ন ফিনানসিয়াল ইনস্টিটিউশন তারা টাকা দেবেন, ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট টাকা দেবেন এবং কেন্দ্রীয় একটা সংস্থা যেমন, আই.পি.সি.এল. তাদের তরফ থেকেও টাকা চাওয়া হয়েছে। এই সম্পর্কে বিস্তৃত আলোচনা হচ্ছে তবে এখনও ফাইন্যাল কিছু হয়নি।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** পেট্রো কেমিক্যাল কমপ্লেক্সের জন্য মাটি ভরাট করার কাজ যেটা আপাতত হাতে নেওয়া হয়েছে তাতে কত টাকা লাগবে, মাটি ভরাট করতে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** এক কোটি আশি লক্ষ টাকা।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় শিল্প এবং বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি এই যে ৪২৮ কোটি টাকার কথা বললেন কত টাকার অ্যাসিওরেন্স পেয়েছেন?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** যারা আমাদের নো হাউ দিয়েছেন তাদের সঙ্গে ৭ই মার্চ থেকে আরম্ভ করে সমস্ত মার্চ মাসটা আলোচনা হবে, আলোচনা হয়ে একটা ড্রাফট এগ্রিমেন্ট হবে। সেই ড্রাফট এগ্রিমেন্টটা কেন্দ্রীয় সরকার গ্রহণ করে আমাদের গ্রিন সিগন্যাল দিলে তখন চেষ্টা করা হবে। এরসঙ্গে টাকা কড়ির কথাও হয়েছে, যেটা হয়েছে সেটা হচ্ছে ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টকে প্রায় ১০০ কোটি টাকা দিতে হবে বাদ বাকি বাইরে থেকে আসবে, সেও প্রায় ১০০ কোটি টাকার মতো। যে সমস্ত ফাইনানসিয়াল ইনস্টিটিউশন আছে, তাদের সঙ্গে কথা বলেছি, আই.পি.সি.আই. আই.ডি.বি.আই ইত্যাদি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** ক্যাপিট্যাল কস্ট, মেশিনারি ইত্যাদি দেবে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** হ্যাঁ, সবই দেবে।

**বীরভূমের পাগলা নদীর উপর স্লুইস গেট নির্মাণ**

*২৮ (অনুমোদিত প্রশ্ন নং *৬০০।) **ডাঃ মোতাহার হোসেন ঃ** মাননীয় সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলার পাগলা নদীর উপর পাইকরের সন্নিকটে

একটি স্লুইস গেট-কাম-রোড-ওভার নির্মাণের জন্য বিগত সরকার কোনও প্রকল্প বা সমীক্ষা গ্রহণ করিয়াছিলেন; এবং

(খ) সত্য হইলে, উক্ত প্রকল্পের কাজ কবে নাগাদ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ**

(ক) হ্যাঁ।

(খ) বর্তমানে শুধু সেচকার্যের সুবিধার জন্য একটি পরিকল্পনার সমীক্ষার কাজ চলিতেছে। আশা করা যায় যে ১৯৮১-৮২ সালের মধ্যে পরিকল্পনাটি টেকনিক্যাল অ্যাডভাইসরি কমিটির অনুমোদনের জন্য উপস্থাপিত করা যাইবে। পরিকল্পনাটি অনুমোদিত হইলে কার্য আরম্ভ করার ব্যবস্থা করা হইবে।

### Small Newspaper Development Corporation

*129. (Admitted question No. *296.) **Shri A. K. M. Hassan Uzzaman :** Will the Minister-in-charge of the Information and Cultural Affairs Department be pleased to state—

(a) whether the State Government has any scheme to set up a Small Newspaper Development Corporation for all-round development of small newspapers of West Bengal; and

(b) if so—

(i) what are the salient features of the proposal, and

(ii) what is the present position in the matter?

**Shri Buddhadev Bhattacharjee :**

(a) The recommendation of the Fact Finding Committee to set up a Small Newspaper Development Corporation is still under the consideration of the Government. No decision has yet been taken.

(b) Does not arise.

### বীরভূমে সিল্ক-প্রিন্ট কারখানা স্থাপন

*১৩০। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬৭।) **শ্রী ধীরেন্দ্রনাথ সেন ঃ** মাননীয় কুটির ও ক্ষুদ্র শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

[25th February, 1981]

(ক) বীরভূম জেলায় সিল্ক ও সিল্ক জাতীয় কাপড়ের ওপর প্রিন্ট করার জন্য কোনও পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

[1-10 — 1-20 p.m.]

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** বর্তমানে কোথায় কোথায় সিল্ক প্রিন্টের কাজ হয়?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** সমস্ত কিছু দেওয়া সম্ভব নয় মূলত শ্রীরামপুরে হয়।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** অন্য কোথায়ও এরকম সিল্ক প্রিন্টের ব্যবস্থা করার কথা ভাবছেন কি?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** এইরকম ভাবে বলা খুব মুশকিল।

**শ্রী সুনীল মজুমদার ঃ** বীরভূম জেলায় রামপুরহাট, বিষ্ণুপুরের সিল্ক প্রিন্ট করার প্রয়োজনীয়তার কথা চিন্তা করছেন কিনা?

(নো রিপ্লাই)

**Nylon Filament Yarn Plant**

*131. (Admitted question No. *78.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether the State Government has any scheme for setting up of a Nylon Filament Yarn Plant in West Bengal; and

(b) if so—

(i) what are the raw materials required for the plant and from where the raw materials are proposed to be procured,

(ii) where is the plant likely to be set up, and

(iii) what is the present position in the matter?

**Dr. Kanailal Bhattacharyya :**

(a) Yes

(b) (i) the Primary raw material required for producing Nylon - 6 filament yarn is Caprolactum. It is proposed to be imported.

(ii) The site selected was Barjora, in Bankura district.

(iii) The final approval of the Government of India is still awaited.

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** নাইলন ফিলামেন্ট ইয়ার্ন প্ল্যান্টের জন্য র মেটিরিয়াল যদি ইমপোর্ট এর প্রয়োজন হয় তাহলে আমরা তা কেন করতে যাচ্ছি।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** ভবিষ্যতে এটা আমাদের দেশে তৈরি হতে পারে। প্রথম কথা এটা আরম্ভ করতে গেলে ইমপোর্ট করতে হবে কারণ যদি ইমপোর্ট না করি তাহলে খরচ অনেক পড়ে যাবে।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** এই যে নাইলন সিল্ক প্রজেক্ট ফারাক্কায় হবার কথা ছিল, ফারাক্কা থেকে কার মত অনুসারে এটা সরিয়ে নিয়ে যাবার সিদ্ধান্ত হয়েছে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** ১৯৭২ সালে কংগ্রেসের আমলে এটা নিয়ে দরখাস্ত করেছিল, কিন্তু তার দরখাস্ত প্রথমে রিজেক্ট করা হয়। আমি ফাইলে দেখছি এটা বড়জোড়া করবার প্রস্তাব ছিল এবং সেখানে জমিও আছে কাজেই যদি এটা আসে তাহলে মোটামুটি স্থিরিকৃত হবে বড়জোড়া। তারপর অন্য জায়গায় হবে। এটা জয়েন্ট সেক্টরেই হবে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** এর মধ্যে টাটা, বিড়লা আছে কিনা?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** কোনও বাধা নেই কে আসবেন জানিনা। কংগ্রেস আমলে ভোল্টাসকে করা হয়েছিল এখন কাকে ঠিক করব সেটা এখন ঠিক হয়নি। কারণ লাইসেন্স এলে তবে ঠিক করব।

### কলিকাতায় দক্ষিণ ভারতীয় চলচ্চিত্রের প্রদর্শন

*১৩২। (অনুমোদিত প্রশ্ন নং *৫১৫।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলকাতা ও শহরতলির প্রেক্ষাগৃহসমূহে এক শ্রেণীর দক্ষিণ ভারতীয় কুরুচিপূর্ণ চলচ্চিত্র অবাধে প্রদর্শিত হচ্ছে; এবং

(খ) অভিযোগ সত্য হলে ঐ চলচ্চিত্র প্রদর্শন বন্ধ অথবা সেন্সর করার জন্য রাজ্যসরকার কোনও ব্যবস্থা গ্রহণ করছেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

(ক) হ্যাঁ, হচ্ছে।

(খ) সেন্সরের ব্যবস্থা রাজ্য সরকার করেন না। সেন্সর বোর্ড করেন এবং সেটি কেন্দ্রীয় সরকারের অধীন। সেন্সর আবার অনুমোদন করলে রাজ্য সরকারের অধিকার নেই সেই চলচ্চিত্রের প্রদর্শন বন্ধ করা। বিষয়টি নিয়ে কেন্দ্রীয় সরকারের সংশ্লিষ্ট মন্ত্রীকে চিঠি দেওয়া হয়েছে। কোনও ফল হয়নি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** অশ্লীল চলচ্চিত্র প্রদর্শন নিষিদ্ধ করার ব্যাপারে রাজ্য সরকারের কি কিছু করণীয় নেই?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** বর্তমানে যে আইন আছে তাতে একটা পথ আছে রাজ্য সরকার দিল্লি সরকারকে অনুরোধ করতে পারে। আমরা এর মধ্যে ২।৩ বার চিঠি লিখেছি সেন্ট্রাল বোর্ডকে তাদের গাইডলাইন পরিবর্তন করার জন্য কিন্তু কিছু হয়নি। তবে আমরা পোস্টার কন্ট্রোল করতে পারি এবং আমি বলতে পারি ৭।৮টা ফিল্মের অনুমোদন আমরা করিনি।

**শ্রী সরল দেব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আমরা কিছু কিছু অ্যামেন্ডমেন্ট এই বিধানসভায় আনি এবং রাষ্ট্রপতির সম্মতির জন্য দিল্লি পাঠাই তেমনি এই বিধানসভায় আমরা সংশোধনি কিছু আনতে পারব কি এই সমস্ত কুরুচিপূর্ণ ছবির বিরুদ্ধে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** এটা একটা উত্তম প্রস্তাব, এটা ভেবে দেখা যাবে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি এখানে আইন করে বছরে বারো সপ্তাহের বেশি এই সমস্ত অশ্লীল হিন্দি ও দক্ষিণ ভারতীয় চিত্র দেখানো যাবে না এইরকম কোনও আইন করা যেতে পারে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** এটা হয় না। এই ব্যাপারটা কেন্দ্রীয় সরকারের আইনের মধ্যে পড়ে। ঐ সমস্ত ছবির সেনসর করেন কেন্দ্রীয় সরকার। এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কাছে একটা প্রস্তাব পাঠানো যেতে পারে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** কিছুদিন আগে দিল্লিতে তথ্য ও সংস্কৃতি নিয়ে যে বৈঠক হয়েছিল তাতে অনেকেই এই সমস্ত অশ্লীল ছবি বন্ধ করার পক্ষে বক্তব্য রেখেছিলেন। এই ভিত্তিতে কিছু করা যায় না?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** দিল্লির ঐ বৈঠকে অনেকে ভাষণ রেখেছিলেন বটে কিন্তু কার্যত কিছু হল না।

**ঘাটালে বাঁধ সংরক্ষণে দুর্নীতি**

*১৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৪।) **শ্রী কিরণময় নন্দ** ঃ সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঘাটালে ১৯৭৮ সালের বন্যায় ক্ষতিগ্রস্ত সেচ দপ্তরের বাঁধ সংরক্ষণ ও মেরামতের জন্য মোট কত টাকা খরচ হইয়াছিল;

(খ) ঐ বিষয়ে কোনও দুর্নীতির অভিযোগ উঠিয়াছিল কিনা;

(গ) উঠিয়া থাকিলে ঐ বিষয়ে কোনওরূপ তদন্ত হইয়াছিল কিনা; এবং

(ঘ) ঐ তদন্তের ফলাফল কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায়** ঃ

(ক) ১৯৮৯ সালের জানুয়ারি মাস পর্যন্ত তিন কোটি ছিয়ানব্বই লক্ষ, বিয়াল্লিশ হাজার চারশত তেরো টাকা খরচ হইয়াছে এবং ঐ কাজের জন্য আরও দেয় পাওনার (liabilities) পরিমাণ আনুমানিক চৌষট্টি লক্ষ টাকা।

(খ) হ্যাঁ, উঠিয়াছে।

(গ) তদন্ত চলিতেছে।

(ঘ) (গ) প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এ প্রশ্ন ওঠেনা।

**শ্রী জন্মেজয় ওঝা** ঃ ঘাটালে এত টাকা খরচা করে যে বাঁধ তৈরি করা হয়েছে তা কোন স্কীমের আওতায় করা হয়েছে?

**শ্রী প্রভাসচন্দ্র রায়** ঃ এটা এখনই বলা যাবে না, নোটিশ চাই।

**শ্রী জন্মেজয় ওঝা** ঃ ঐ বাঁধের ব্যাপারে যাদের তদন্ত করতে দেওয়া হয়েছিল তারা নাকি এক অন্তরবর্তী রিপোর্টে জানিয়েছেন যে এটা তৈরি করতে ১।। কোটি টাকার বেশি লাগে না?

**শ্রী প্রভাসচন্দ্র রায়** ঃ তদন্ত এখনও চলছে, রিপোর্ট পাওয়া গেলে, পরে জানাব।

**শ্রী রজনীকান্ত দলুই** ঃ এই তদন্ত কবে শুরু হয়েছে এবং কবে তা শেষ হবে?

**শ্রী প্রভাসচন্দ্র রায়** ঃ এক বছর আগে শুরু হয়েছে, কবে শেষ হবে তা বলা যাবে না।

[25th February, 1981]

## Decrease of Tea Plantation Area

*135. (Admitted question No. *689.) **Shri Habibur Rahman and Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of Commerce and Industries Department be pleased to state—

(a) if it is a fact that the area under Tea Plantation in Darjeeling has gone down during the past few years;

(b) if so, the reasons thereof; and

(c) steps taken by the State Government to increase the area and the results thereof?

**Dr. Kanailal Bhattacharyya :**

(a) Since 1977, the plantation in Darjeeling district has not gone down.

(b) Does not arise.

(c) Does not arise.

[1-20 — 1-30 p.m.]

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, ১৯৭৭ সালের পর থেকে দার্জিলিং জেলায় কত জমিতে আপনারা প্ল্যানটেশন করেছেন?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** ১৯৭৭ সালে ছিল ১৮ হাজার ১৩৪ একর এবং ১৯৭৮ সালে ১৮ হাজার ১৫১ একর। অর্থাৎ কম হয়নি, তবে বেশি বাড়েনি। ১৯৮০ সালের ফিগার আমার কাছে নেই। টি বোর্ড যেটা ইসু করে তা থেকে আমরা কালেক্ট করি।

*১৩৬ এবং *১৩৭ হেল্ড ওভার

## বিভিন্ন জেলায় রবীন্দ্রভবন নির্মাণ

*১৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬৯।) **শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** তথ্য ও সাংস্কৃতিক বিষয়ক বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৯-৮০ ও ১৯৮০-৮১ সালে পশ্চিমবাংলায় কোন কোন জেলায় রবীন্দ্রভবন নির্মাণের জন্য অর্থ বরাদ্দ করা হয়েছে? এবং

(খ) উক্ত জেলাগুলির নাম কি ও বরাদ্দ অর্থের পরিমাণ কত?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

(ক) পশ্চিমবাংলার বিভিন্ন জেলা ও মহকুমায় অবস্থিত রবীন্দ্রভবনগুলির সংস্কার ও মেরামতি কাজের জন্য এবং নির্মীয়মান রবীন্দ্রভবনগুলির নির্মাণকার্য শেষ করার জন্য গত ১৯৭৯-৮০ সালে ও বর্তমানে ১৯৮০-৮১ আর্থিক বছরে মোট দশটি জেলা কর্তৃপক্ষের অর্থ বরাদ্দ করা হয়েছে (তালিকা দেওয়া হল)।

এ ছাড়া, মালদা, রায়গঞ্জ, বালুরঘাট, রঘুনাথগঞ্জ, বাঁকুড়া ও ডায়মন্ডহারবারে রবীন্দ্রভবন নির্মাণের জন্য অর্থ বরাদ্দের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

(খ) উক্ত জেলাগুলির নাম এবং বরাদ্দ অর্থের পরিমাণ নিচে দেওয়া তালিকায় দেওয়া হল।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, মালদহের জন্য টাকা বরাদ্দের যে সিদ্ধান্ত করা হয়েছে সেটা কবে নাগাদ যাবে এবং তারজন্য কমিটি তৈরি করা হয়েছে কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আপনারা জানেন গত সভায় যে বিল আমরা পাশ করেছিলাম তাতে রাষ্ট্রপতির অনুমোদন পাওয়া গেছে। মালদহের রবীন্দ্রসদন একটা সমস্যা হয়ে দাঁড়িয়েছে যেভাবে পরিকল্পনা করা হয়েছিল তাতে দেখছি সমস্ত পরিকল্পনা বন্ধ হবার জোগাড়। এত টাকার ব্যাপার রয়েছে কাজেই কি ব্যবস্থা করব বুঝতে পারছিনা। তবে এটুকু বলতে পারি এই বছর দায়িত্ব আমরা নেব।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** যদি পশ্চিমবঙ্গ সরকারের পক্ষে এটা করা অসম্ভব হয় এবং কেন্দ্রীয় সরকার যদি এটা নিতে চান তাহলে তাদের আপনারা দেবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** পশ্চিমবঙ্গ সরকারের পক্ষে অসম্ভব হবেনা বলে মনে হচ্ছে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আপনারা আপনাদের সীমিত ক্ষমতায় এটা করতে পারবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমরা সীমাহীন ক্ষমতা চাইনা। সীমিত ক্ষমতায় পারব বলে আশা করছি।

**শ্রী বিমলকান্তি বসু ঃ** কুচবিহারের অবস্থা জানাবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** সেখানে আমরা ৮০ হাজার টাকা দিয়েছি।

**শ্রী সরল দেব ঃ** বারাসতে রবীন্দ্রভবন নির্মাণের কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** বারাসতের পরিকল্পনা এখনও আমাদের কাছে উপস্থিত হয়নি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মালদহের জন্য কত টাকা বরাদ্দ করা হয়েছে জানাবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মালদহে যে পরিকল্পনা করা হয়েছিল সেটা আমরা বাতিল করেছি এবং ওখানে ছোটখাট একটা কিছু করে ওখানকার কাজ শেষ করতে চাই এবং তারজন্য প্রয়োজন ৮ লক্ষ টাকা।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** ১৯৮০/৮১ সালের মধ্যে কয়টা জেলায় কয়টা রবীন্দ্র ভবন হয়েছে জানাবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** নূতন করে আমরা করছিনা, শুধু পুরানোগুলির সংস্কার করছি। গত বছর ৭ লক্ষ টাকা খরচ করেছি এবং বর্তমান বছরে ১২ লক্ষ টাকা খরচ করছি।

## হলদিয়ায় পেট্রোকেমিক্যাল কমপ্লেক্স স্থাপন

*১৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *৮৩৯।) **শ্রী নীহারকুমার বসু ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হলদিয়ায় পেট্রোকেমিক্যাল কমপ্লেক্স স্থাপনে কেন্দ্রের মঞ্জুরি পাওয়া গিয়াছে কি;

(খ) পাওয়া গিয়া থাকিলে, উক্ত প্রকল্পের অর্থ সংস্থানের কি ব্যবস্থা হয়েছে; এবং

(গ) উক্ত প্রকল্পে কেন্দ্রের বিনিয়োগের পরিমাণ কত হবে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ**

(ক) হলদিয়া পেট্রোকেমিক্যাল কমপ্লেক্স স্থাপনের জন্য কেন্দ্রের নিকট হইতে লেটার অব ইনটেন্ট পাওয়া গিয়াছে; কিন্তু ঐ প্রকল্পের জন্য শিল্প লাইসেন্স এখনও পাওয়া যায় নি।

(খ) প্রকল্পটির জন্য প্রয়োজনীয় অর্থ সংস্থানের ব্যাপারে বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগ করা হচ্ছে, কিন্তু শিল্প লাইসেন্স না পাওয়া পর্যন্ত এর চুড়ান্তরূপ দেওয়া সম্ভব নয়।

(গ) এখন এই প্রশ্ন ওঠে না।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** পেট্রোকেমিক্যাল কমপ্লেক্সের ব্যাপারে ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশনকে যে কন্ট্রাক্ট দিয়েছেন সেটা লোয়েস্ট টেন্ডার ডেকে দিয়েছেন কিনা?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** হ্যাঁ

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আপনার কাছে কি খবর আছে যে একজিকিউটিভ ইঞ্জিনিয়ার ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্টের প্রতি প্রথমে রেস্ট্রিকটেড অ্যাটিচিউড নিয়েছিলেন কারণ ওখানে দুর্নীতির চক্র ম্যালপ্র্যাকটিস করার চেষ্টা করছে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** টেন্ডার যেটা ডাকা হয়েছে সেটা অনেস্টলি ডাকা হয়েছে, আপনি এভাবে ভুল তথ্য দেবেননা, আমাদের যে এস্টিমেটেড কস্ট ছিল তার চেয়ে ২৫ লক্ষ টাকা কমে টেন্ডার অ্যাকসেপ্ট করা হয়েছে, ৫৯ লক্ষ, ৬৮ লক্ষ, ৩৮ লক্ষ এই তিনটি যে টেন্ডার সেটা বিলো এস্টিমেট, লোয়েস্ট টেন্ডার অ্যাকসেপ্ট করা হয়েছে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আমি যদি কমপ্লিট হিসাব এনে দেখিয়ে দিতে পারি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** যদির কোনও প্রশ্ন নাই, কন্ট্রেরি আনতে পারেন, এনে দেখিয়ে দেবেন।

**শ্রী বিমলকান্তি বসু ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন পেট্রো কেমিক্যাল প্রজেক্ট-এর অনুমোদন দেওয়া হয়েছে, মূল যে প্রজেক্ট রাজ্য সরকারের পক্ষ থেকে দেওয়া হয়েছিল, সেটা কি কাটছাঁট করা হয়েছে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** কোনও কাটছাঁট কিছু করা হয়নি, আমরা যেটা দিয়েছিলাম তাতে কম ক্যাপাসিটি ধরা হয়েছিল ৬৪ হাজার টন, পরে সেটা বাড়াতে হল ভায়াবেল হবেনা বলে, এক লক্ষ টন করার জন্য সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে দিয়েছিলাম সেটার লেটার অব ইনটেন্ট সেন্ট্রাল গভর্নমেন্ট মঞ্জুর করেছেন।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** যাদের টেন্ডার লোয়েস্ট টেন্ডার বলে দেওয়া হয়েছে, তাদের কি সমস্ত যন্ত্রপাতি আছে?

**Dr. Kanailal Bhattacharyya :** এটা Best equipted company, যদি কেউ খবর দিয়ে থাকে তো সে interested party.

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** কিন্তু স্থানীয় পেপারে বেরিয়েছে যে?

**(নয়েজ)**

**(নো রিপ্লাই)**

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন রজনীবাবু কন্ট্রাক্টারকে আপনার কাছে সুপারিশ করেছে কিনা?

(নো রিপ্লাই)

**মেদিনীপুরের প্রতাপখালি স্লুইস নির্মাণ**

*১৪০। (অনুমোদিত প্রশ্ন নং *৯৪৮।) **শ্রী বঙ্কিমবিহারি মাইতি ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার প্রতাপখালি খালের নারায়ণপুর স্লুইস

নির্মাণের পরিকল্পনা স্থগিত রাখা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, তাহার কারণ কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ**

(ক) না। মেদিনীপুর জেলার প্রতাপখালি খালের নারায়ণপুর স্লুইস নির্মাণের কার্য তমলুক মাস্টার প্ল্যানের অন্তর্ভুক্ত। এই মাস্টার প্ল্যানটির জন্য আনুমানিক ৮ কোটি ৫৯ লক্ষ টাকা ব্যয় হইবে। মাস্টার প্ল্যানটি বর্তমানে Ganga Flood Control Commission এর বিবেচনাধীন আছে। উক্ত Commision-এর সুপারিশক্রমে Planning Commission-এর অনুমোদন পাওয়া গেলে তমলুক মাস্টার প্ল্যানের অন্তর্ভুক্ত প্রতাপখালি খালের স্লুইসটির নির্মাণকার্য আরম্ভ করা যাইবে।

(খ) প্রশ্ন ওঠে না।

[1-30 — 1-40 p.m.]

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই অনুমোদন গঙ্গা ফ্লাড কন্ট্রোল কমিশনের কাছ থেকে কবে নাগাদ পাওয়া যেতে পারে।

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** মিটিংয়ে যে আলোচনা হয়েছে তাতে বোঝা যাচ্ছে যে আজ কালের মধ্যেই পাওয়া যাবে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** এই গঙ্গা ফ্লাড কন্ট্রোল কমিশনের কাছে এইরকম কতগুলি মাস্টার প্ল্যান ইরিগেশন মিনিস্টার পাঠিয়েছেন?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** সেটা এখনই বলা সম্ভব নয়।

### রুগ্ন বৃহৎ প্রকল্পের অধিগ্রহণ

*১৪১। (অনুমোদিত প্রশ্ন নং *৯৭২।) **শ্রী কমল সরকার ঃ** বন্ধ ও রুগ্ন শিল্প বিভাগের ভ'রপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে রুগ্ন বৃহৎ প্রকল্পের সংখ্যা কত;

(খ) রাজ্য সরকার কোন কোন প্রকল্প অধিগ্রহণের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে সুপারিশ করেছেন; এবং

(গ) রাজ্য সরকারের সুপারিশসমূহের উপরে কেন্দ্রীয় সরকার আজ পর্যন্ত কি ব্যবস্থা নিয়েছেন?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ**

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে কতগুলি বৃহৎ রুগ্ন প্রকল্প আছে তার সঠিক পরিসংখ্যান নেই।

(খ) মোহিনী মিলস লিমিটেড (ইউনিট নং-২) এবং ওরিয়েন্টাল মেটাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড এ দুটি প্রকল্প অধিগ্রহণের জন্য সাম্প্রতিক কালে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে সুপারিশ করেছেন।

(গ) মোহিনী মিলস লিমিটেডের অধিগ্রহণের সুপারিশ কেন্দ্রীয় সরকার জানিয়েছেন যে, প্রকল্পটি অধিগ্রহণের ব্যাপারে বর্তমানে তারা কোনও কার্যকর ব্যবস্থা গ্রহণে সক্ষম নন যেহেতু এই প্রকল্পটির অনুসন্ধানের ব্যাপারে পূর্বে কেন্দ্রীয় সরকার ইন্ডাস্ট্রিজ (ডেভেলপমেন্ট অ্যান্ড রেগুলেশন) অ্যাক্ট, ১৯৫১ অনুসারে যে আদেশ জারি করেছিলেন, সেটি এখন কলিকাতা হাইকোর্টের বিচারাধীন আছে।

ওরিয়েন্টাল মেটাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর অধিগ্রহণ সংক্রান্ত সুপারিশটি এখনও পর্যন্ত কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন আছে।

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে ন্যাশনাল ট্যানারি অধিগ্রহণ করার কথা ভাবছেন কিনা?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** ন্যাশনাল ট্যানারির কথা এখানে আসে না। তবে নেওয়া হবে It has been settled.

**শ্রী মলিন ঘোষ ঃ** ইন্ডিয়ান পেপার পাল্প রিসেন্টলি বন্ধ করে দেওয়া হয়েছে। মন্ত্রী মহাশয় কেন্দ্রের সঙ্গে আলাপ আলোচনা করে এটা অধিগ্রহণ করার কথা ভাবছেন কিনা?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** আমরা জানি এটা লিকুইডেশনে গিয়েছে। কেন্দ্রের সঙ্গে আলাপ আলোচনা করে ব্যবস্থা গ্রহণ করবো।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি মোহিনী মিল ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট অ্যাক্ট অনুসারে ইনভেস্টিগেশন কমপ্লিট হয়েছে কিনা?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** ইনভেস্টিগেশন কমপ্লিট হবার আগেই হাইকোর্ট থেকে এটা বন্ধ করে দেওয়া হয়েছে।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** ইনভেস্টিগেশন হবার আগে হাইকোর্ট কি করে এটা বন্ধ করে দিতে পারে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** সেটা হাইকোর্টের ব্যাপার আমরা বলব কি করে।

**জনতা ধুতি ও শাড়ির উৎপাদন**

*১৪২। (অনুমোদিত প্রশ্ন নং *১০৮৪।) **শ্রী সন্তোষকুমার দাস ঃ** কুটির ও ক্ষুদ্র শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, জনতা ধুতি ও শাড়ি উৎপাদন বন্ধ করে দেওয়ার পরিকল্পনা করা হয়েছে;

(খ) সত্য হলে, তার কারণ কি?

(গ) এই উৎপাদনের ব্যাপারে সরকারের তরফ হইতে কোনও ভরতুকি দেওয়া হয় কিনা; এবং

(ঘ) দেওয়া হলে তাহার পরিমাণ কত?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) হ্যাঁ, দেওয়া হয়।

(ঘ) প্রতি বর্গ মিটারের এক টাকা পঁচিশ পয়সা।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি এই জনতা কাপড় এখন পশ্চিমবাংলায় কত উৎপন্ন হয়?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** ১৯৭৯-৮০ সালে হয়েছে ১৬ বর্গ মিটার। আর ১৯৮০-৮১ সালে ২০ লক্ষ বর্গ মিটার হবে বলে আশা করি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** এই কাপড় কাদের মাধ্যমে বিলি করা হয়?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** এগুলি বিলি হয় হ্যান্ডলুম এপেক্স অ্যান্ড পাওয়ারলুম ডেভেলপমেন্ট কর্পোরেশনের মাধ্যমে, wholesale consumers federation and primary consumers co-operative society-র মাধ্যমে এবং সম্প্রতি পঞ্চায়েত পরিচালিত block level marketing outlet. যে সমস্ত দোকান আছে তাদের মাধ্যমে। আমরা সর্বশেষ সিদ্ধান্ত নিয়েছি পশ্চিমবাংলার সর্বত্র মডিফায়েড রেশনিং-এর মাধ্যমে বিলি করা হবে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, বিলিবন্টনের ব্যাপারে কে কত ভাগ পাবেন সেটা কে ঠিক করেন?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** ডাইরেক্টরেট অফ হ্যান্ডলুম টেক্সটাইল তারা এই জিনিসটা

পরিচালনা করেন।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই জনতা শাড়ি এবং ধুতি এটা কি সম্পূর্ণ হ্যান্ডলুমের, না, এরসঙ্গে পাওয়ারলুম জড়িত?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** আমি যেটা বলছি সেটা সম্পূর্ণ হ্যান্ডলুমের।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়কি জানাবেন, এই জনতা কাপড় তৈরি করার জন্য তাঁতিদের সস্তাদরে সুতা সরবরাহের কোনও ব্যবস্থা আছে কি?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** সস্তাদরে, সুতা সরবরাহের কোনও ব্যবস্থা বর্তমানে নেই। এখন যে ব্যবস্থাটি আছে সেটা হচ্ছে, যতদূর সম্ভব বাজার দরে সুতা সরবরাহের ব্যবস্থা। যারা এই প্রজেক্ট ইমপ্লিমেন্ট করছেন এপেক্স এইচ.পি.ডি.সি—তারা এই সুতা যারা জনতা কাপড় করেন সেই তাঁতিদের মোটামুটি যে বাজার দর, যে দামে তারা কেনেন সেই দামে তাদের সরবরাহ করেন।

**শ্রী বিমলকান্তি বসু ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, এই জনতা কাপড় এম.আর. ডিলারদের মাধ্যমে জেলায় জেলায় বিলিবন্টন করা হচ্ছে। আমার জিজ্ঞাস্য, এই বিলিবন্টনের ব্যাপারে হোলসেল কনজিউমার্সের কোনও ভূমিকা থাকবে, না, সরাসরি এম.আর.ডিলারদেরই দেওয়া হবে?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** এটা এখনই আমার পক্ষে বলা সম্ভব নয় কারণ ফুড ডিপার্টমেন্টের কি সিসটেম আছে আমি জানি না। তবে একথা বলতে পারি ইতিমধ্যে এম.আর.ডিলারদের মারফত এই কাপড় বিক্রি শুরু হয়েছে। আমরা প্রথমে ৫টি জেলাকে ধরেছিলাম, পরে আরও ৫টি এবং এখন কলকাতার স্টাটুটারি রেশনিং এলাকা বাদে ১৫টি জেলাতেই এম.আর. এরিয়ায় এই কাপড় দেবার ব্যবস্থা হয়েছে।

**মহঃ রমজান আলি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যে ৫টি জেলায় দেওয়া হচ্ছে বলে বললেন সেই ৫টি জেলার নাম কি?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** এখন ১৫টি জেলায় দেওয়া হচ্ছে।

**মহঃ রমজান আলি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন, এম.আর.ডিলারদের মাধ্যমে কোন কোন জেলায় এই কাপড় দেওয়া হচ্ছে?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** আমি তো আগেই বললাম যে কলকাতা বাদে, স্টাটুটারি রেশনিং এলাকা বাদে পশ্চিমবাংলার সমস্ত এম.আর.এরিয়ায় এই কাপড় দেওয়া হচ্ছে।

**বীরভূমে নূতন শিল্প স্থাপন**

*১৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *৯৮১।) **ডাঃ মোতাহার হোসেন ঃ শিল্প ও বাণিজ্য**

বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় ১৯৭৭ থেকে ১৯৮০ খ্রীষ্টাব্দের মধ্যে নতুন কোনও শিল্প স্থাপনের ব্যবস্থা নেওয়া হয়েছে কি; এবং

(খ) নেওয়া হয়ে থাকলে কোন স্থানে কোন শিল্প স্থাপনের প্রস্তাব আছে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ**

(ক) হ্যাঁ।

(খ) সিউড়িতে একটি মিনি স্টিল প্ল্যান্ট, বোলপুরে একটি রাইস ব্রান অয়েল এক্সট্রাকশন প্ল্যান্ট এবং সিউড়ির চিনপাই রেল স্টেশনের নিকটবর্তী স্থানে একটি এক্সপ্লোসিভ প্রোজেক্ট স্থাপনের প্রস্তাব আছে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** যে প্রোপোজালগুলি রয়েছে সেগুলির কাজ কতদূর এগিয়েছে মাননীয় মন্ত্রী মহাশয় তা জানাবেন কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** সিউড়ির মিনি স্টিল প্ল্যান্ট যেটা সেটার কাজ ওরা শুরু করে দিয়েছেন—প্রোজেক্ট রিপোর্ট তৈরি করতে আরম্ভ করে দিয়েছেন। রাইস ব্রান অয়েল এক্সট্রাকশন প্ল্যান্টের প্রোজেক্ট রিপোর্ট হচ্ছে। আর এক্সপ্লোসিভ প্রোজেক্ট-এর ব্যাপারে জমি দখলের কাজ শুরু হয়েছে।

## চিত্র পরিচালককে আর্থিক সাহায্য

*১৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *৫৮।) **শ্রী জন্মেজয় ওঝা ঃ** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০ সালে পশ্চিমবঙ্গের কতজন চিত্র পরিচালককে আর্থিক সাহায্য দেওয়া হইয়াছে; এবং

(খ) সাহায্যকৃত অর্থের পরিমাণ কত?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

(ক) ১৯৮০ সালে কোনও চিত্র পরিচালককে কোনও আর্থিক সাহায্য দেওয়া হয়নি। অবশ্য কয়েকজন পরিচালককে দিয়ে সরাসরি সরকারি প্রয়োজনায় কিছু চলচ্চিত্র নির্মাণ করানো হয়েছে।

(খ) এ প্রশ্ন ওঠে না।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, কয়েকজন পরিচালককে দিয়ে

প্রযোজনার কাজ করানো হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন, কোন কোন পরিচালককে দিয়ে এই কাজ করানো হয়েছে এবং তারজন্য কত টাকা ব্যয় হয়েছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** ১৯৮০ সালে সম্পূর্ণ সরকারি প্রযোজনায় বই তোলা হয়েছে সত্যজিৎ রায় মহাশয়কে দিয়ে ''হীরক রাজার দেশে'' এবং শ্রী রাজেন তরফদারকে দিয়ে ''নাগপাশ''। এরজন্য ১৯৮০ সালে তারা নিয়েছেন ১ লক্ষ ৪১ হাজার ৮৯৩ টাকা।

[1-40 — 1-50 p.m.]

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে মৃণাল সেনের পরশুরামের জন্য কি কোনও সাহায্য আপনারা করেছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** প্রশ্নটা ছিল ১৯৮০ সালের। মৃণাল সেনের পরশুরাম ১৯৭৮ সালে হয়েছে।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে আর কোন কোন পরিচালক আবেদন করেছিলেন চিত্র নির্মাণের জন্য?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আপনি প্রথমেই ভুল করছেন। পরিচালককে দেওয়া হয়না, দেওয়া হয় প্রযোজকদের। ১৯৮০ সালে ঐ দুই জন ছাড়াও ৮টি ছবি তৈরি করা হয়েছে ছোট ছেলেমেয়েদের জন্য এবং তারজন্য ব্যয় করা হয়েছে ৪০ লক্ষ ৩৩ হাজার টাকা এবং এটা ৮ জন প্রযোজককে দেওয়া হয়েছে। তাছাড়াও ১১ জন প্রযোজককে অনুদান দেওয়া হয়েছে ১১ লক্ষ ৮৩ হাজার টাকা। আর দুইজন প্রযোজককে ঋণ দেওয়া হয়েছে ১ লক্ষ ৫০ হাজার টাকা।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই ঋণ বা অনুদান যেগুলি দিচ্ছেন তারজন্য কোনও কমিটি আছে, না আপনারা নিজেরাই ঠিক করেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** এরজন্য কমিটি আছে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই কমিটিতে কারা আছেন এবং কবে হয়েছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** এই কমিটি হয়েছে ১৯৭৭ সালের প্রথম দিকে আমরা আসার পরে। এই কমিটিতে আছেন - শ্রী সত্যজিৎ রায়, শ্রী মৃণাল সেন, শ্রী সরোজ দে ইত্যাদি। এই বিষয়ে ডিটেলস চাইলে, আপনি নোটিশ দেবেন, আমি বলে দেব।

***145 Held over**

## Incentive to Industrial Units

*146. (Admitted question No. *79.) **Shri Rajani Kanta Doloi :**

Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to refer to reply to unstarred Assembly Question No.5, dated 7th March, 1980 and to state what result has so far been achieved in respect of setting up or/and expansion of large and medium-scale industrial units after coming into force of the West Bengal Incentive Scheme, 1978 ?

**Dr. Kanailal Bhattacharya :**

The West Bengal Incentive Scheme, 1978 came into force with effect from 1st October, 1978. Till the end of January, 1981, the West Bengal Industrial Development Corporation Limited received, under the scheme, 47 (fortyseven) applications for issue of eligibility certificates, and issued such certificates for 25 (twentyfive) projects. Most of these projects are for location in the backward areas of the State. Of these projects, 2(two) units have already gone into commercial production and another 15 units have already gone into commercial production during 1981-82. Work in respect of the remaining projects is in progress.

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই দুটো ইউনিটের মধ্যে কোনটা মিডিয়াম স্কেল এবং কোনটা লার্জ স্কেল এবং তাদের নাম কি?

**ডঃ কানাই লাল ভট্টাচার্য ঃ** একটা হচ্ছে দার্জিলিংয়ের টুংয়ে অ্যাসেম্বল অব রিস্টওয়াচ, এটা মিডিয়াম স্কেল। আর একটা হচ্ছে কল্যাণী নদীয়ায় ক্যালসিয়াম ডোলোমাইট। এর প্রোজেক্ট Cost হয় ১ কোটি ৪০ লক্ষ টাকা। এটাকেও মিডিয়াম স্কেল বলতে পারেন।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে ৪৭টি অ্যাপলিকেশন এসেছে যারা এলিজিবিলিটি সার্টিফিকেট চেয়েছেন। এর মধ্যে ২৫টি ইসু হয়েছে এবং দুটির কমার্সিয়াল প্রোডাকশন শুরু হয়েছে। বাকিগুলির ক্ষেত্রে কেন হচ্ছে না?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** ইনসেনটিভ দেওয়া হবে কি না এগুলি বিচার বিবেচনা করে দেখা হচ্ছে। তারা কাজ করছে, কন্সট্রাকশন ওয়ার্ক চলছে। তারা আমাদের কাছে কি ইনসেনটিভ পাবে, না পাবে সেটা খতিয়ে দেখা হচ্ছে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই মিডিয়াম স্কেল এবং লার্জ স্কেল তাদের কি ইনসেনটিভ দিচ্ছেন?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** এটাতে সব রয়েছে। If you seek any other information you can see it in the Calcutta Gazette.

**বক্রেশ্বর নদীর উপর ব্যারাজ নির্মাণ**

*১৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬৬।) **শ্রী সুনীল মজুমদার ঃ** সেচ বিভাগের ভারপ্রাপ্ত

মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বন্যা প্রতিরোধের জন্য বক্রেশ্বর নদীর ওপর ব্যারাজ নির্মাণ করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে উক্ত কাজ কবে নাগাদ শুরু হবে?

**শ্রী প্রভাস চন্দ্র রায় ঃ**

(ক) না। তবে, বক্রেশ্বর নদীর উপর Weir টিকে ব্যারাজ এ রূপান্তরিত করার একটি প্রকল্প এবং বক্রেশ্বর সেচ প্রকল্প নামে আর একটি প্রকল্প সরকারের বিবেচনাধীন আছে। এগুলির কোনওটিতেই বন্যা নিয়ন্ত্রণের সংস্থান নেই। এগুলি সেচ কার্যের উদ্দেশ্যে বিবেচিত হচ্ছে।

(খ) এ প্রশ্ন ওঠে না।

**হলদিয়ায় ইস্পাত কারখানা স্থাপন**

*১৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫১৬।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ও শ্রী সন্তোষকুমার দাস ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বিশেষজ্ঞরা উপকূলীয় ইস্পাত কারখানা স্থাপনের জন্য হলদিয়াকে সর্বোত্তম স্থান বলে চিহ্নিত করেছিলেন; এবং

(খ) সত্য হলে, উক্ত কারখানা স্থাপনের ব্যাপারটি বর্তমানে কোন পর্যায়ে আছে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ**

(ক) কারিগরি ও অর্থনৈতিক দিক হইতে পশ্চিমবঙ্গ সরকার হলদিয়াকে উপকূলীয় ইস্পাত কারখানা স্থাপনের জন্য বিশেষ উপযোগী বলিয়া বিবেচনা করেন। এই কারণে পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারকে হলদিয়ায় এইরূপ একটি কারখানা স্থাপনের প্রস্তাব দিয়াছিলেন। কিন্তু বিশেষজ্ঞরা এইরূপ কারখানা স্থাপনের জন্য হলদিয়াকে সর্বোত্তম স্থান বলিয়া চিহ্নিত করিয়াছিলেন এইরূপ কোনও মতামত বা রিপোর্টের কথা পশ্চিমবঙ্গ সরকারের জানা নাই।

(খ) প্রস্তাবটি কেন্দ্রীয় সরকার এখনও গ্রহণ করেন নাই এবং রাজ্য সরকার কেন্দ্রকে এ প্রস্তাবে রাজি হওয়ার জন্য অনুরোধ চালাইয়া যাইতেছেন।

**কয়রাপুরে নূতন স্লুইস গেট নির্মাণ**

*১৫০। (অনুমোদিত প্রশ্ন নং *৮৩৮।) **শ্রী নীহারকুমার বসু ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ব্যারাকপুর মহকুমার ইছাপুর খালে কয়রাপুরের পুরাতন স্লুইস গেটের পরিবর্তে নূতন 'স্লুইস গেট' তৈরি করার কোনও পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি?

(খ) থাকলে কবে নাগাদ এই নূতন 'স্লুইস গেট' তৈরির কাজ শুরু হবে বলে আশা করা যায়; এবং

(গ) এই পরিকল্পনা রূপায়ণে কত টাকা লাগবে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ**

(ক) হ্যাঁ আছে।

(খ) এই কাজের বিস্তারিত Design & Estimate তৈরি করা হইতেছে পরে Estimate টি অনুমোদন লাভ করিলে কাজটি আরম্ভ করা যাইবে।

(গ) এই স্লুইসটি নির্মাণ করিতে প্রায় ৮ লক্ষ টাকা ব্যয় হইবে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** এই যে নূতন করে স্লুইস করা হচ্ছে তাতে আপনার ডিপার্টমেন্টের টাকা পয়সার অভাব আছে বলে কাজ এগুচ্ছেনা একথা কি সত্য?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** এরকম কোনও ঘটনা নেই।

**Setting up of Industry in collaboration with the Birlas**

*151. (Admitted question No. *747.) **Shri Naba Kumar Roy and Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) if it is a fact that West Bengal Industrial Development Corporation has sought industrial license/letter of intent for a joint sector polyester staple fibre project in collaboration with the Birlas; and

(b) if so—

(i) whether the State Government has requested the Government of India to issue industrial license/letter of intent for this project, and

(ii) what is the present position in the matter?

**Dr. Kanailal Bhattacharya :**

(a) Yes.

(b) (i) Yes.

(b) (ii) Pending review of the status of synthetic fibre industry, the Government of India rejected the application on the ground of capacity constraints.

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** বিড়লার সঙ্গে কোলাবোরেশন করে আপনারা এটা করতে চাচ্ছেন এবং বললেন কেন্দ্রীয় সরকার আপনাদের রিজেক্ট করেছেন। আমার প্রশ্ন হচ্ছে রিভিউ কেস হিসেবে এটা আপনারা সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে আবার পাঠাচ্ছেন কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** আমরা কেন্দ্রীয় সরকারকে আবার বলেছি। ৬টি রাজ্য দরখাস্ত করেছিল, কিন্তু একমাত্র যেখানে যেখানে বামফ্রন্ট সরকার রয়েছে তাদেরই রিজেক্ট করেছে। যে ৫টি রাজ্য পেয়েছে তাদের নাম হল, এম.পি. কর্ণাটক, উড়িষ্যা, ইউ.পি., এবং পাঞ্জাব। ইন্ডাষ্ট্রিয়াল লাইসেন্স ৫টি রাজ্যকে দিয়েছে কিন্তু আমাদের কেন রিজেক্ট করল বুঝতে পারছিনা। তবে আমরা আবার দরখাস্ত করেছি।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আপনারা বিড়লা ছাড়া আর কাউকে পেলেননা?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** ইফ ইট কামস উইদিন ফোর কর্নার্স অব এন.আর.টি.পি. অ্যাক্ট এবং ভারত সরকার যদি তাকে বাধা না দেয় তাহলে আমাদের যে ইন্ডাষ্ট্রিয়াল পলিসি সেই অনুসারে আমরা তাকে বাধা দেবনা। ইফ দে কাম আন্ডার দি এম.আর.টি.পি. অ্যাক্ট আমরা তাকে গ্রহণ করব।

### Documentary Film on Rabindranath Tagore

*153. (Admitted question No. *708.) **Shri Habibur Rahman and Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Information and Cultural Affairs Department be pleased to state—

(a) whether the Government has any proposal to make documentary film on Rabindranath Tagore and/or to collaborate with any one in making such documentary film; and

(b) if so, what is the present position in the matter?

**Shri Buddhadeb Bhattacharjee :**

(a) No.

(b) Does not arise.

[1-50 — 2-00 p.m.]

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** পশ্চিমবঙ্গ সরকার রবীন্দ্রনাথ ঠাকুরের উপর একটি ডকুমেন্টারি ফ্লিম তৈরি করার কথা কি চিন্তা করছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় সদস্য মহাশয়ের নিশ্চয়ই জানা আছে, ১৯৬১ সালে রবীন্দ্র জন্মশতবার্ষিকীর সময়ে শ্রী সত্যজিৎ রায় মহাশয় রবীন্দ্রনাথ ঠাকুরের উপর একটা ডকুমেন্টারি ফ্লিম তৈরি করেছিলেন। তারপর আবার রবীন্দ্রনাথের উপর ডকুমেন্টারি করার কোনও তাৎপর্য আছে কিনা তা অন্তত আমি মনেকরি না।

## হিজলি টাইড্যাল ক্যানেল

*১৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *৯৪৫।) **শ্রী বঙ্কিমবিহারী মাইতি ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হিজলি টাইড্যাল ক্যানেলটিকে জাতীয় বাণিজ্য জলপথ প্রকল্পে রূপান্তরিত করা হইতেছে?

(খ) সত্য হইলে, (১) ইহার কাজ কবে নাগাদ আরম্ভ হইবে, এবং (২) ইহার জন্য কত টাকা খরচ হইবে বলিয়া স্থির করা হইতেছে; এবং

(গ) প্রকল্পটি বর্তমানে কোন পর্যায়ে আছে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ**

(ক) হিজলি টাইড্যাল ক্যানালটি পুনরুজ্জীবিত করার একটি প্রকল্প ভারত সরকারের বিবেচনাধীন আছে।

(খ) (১) ও (২) এখনই বলা সম্ভব নয়।

(গ) প্রকল্পটি বর্তমানে সমীক্ষা ও অনুসন্ধানের পর্যায়ে আছে। সম্প্রতি ভারত সরকার, উড়িষ্যা সরকার ও পশ্চিমবঙ্গ সরকারের Technical Officer-গন ঐখানের পশ্চিমবঙ্গের কিছু অংশ যৌথভাবে সমীক্ষা করিয়াছেন।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** হিজলি টাইড্যাল ক্যানালটি জাতীয় বাণিজ্য জলপথ যাতে করা যায় তারজন্য আপনাদের তরফ থেকে কোনও ইনিসিয়েটিভ নিয়েছেন কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** হিজলি টাইড্যাল ক্যানালটি রূপান্তরিত করা যায় কিনা তা নিয়ে আলোচনা করেছি এবং এটা করতে অনেক টাকা লাগবে যদি এটা করা হয় এবং এটা অ্যাকসেপ্ট করেছে এবং সেই অনুযায়ী কাজ চলছে।

## Adjournment Motion

**মিঃ স্পিকার ঃ** আজ আমি সর্বশ্রী ধীরেন্দ্রনাথ সরকার, রজনীকান্ত দলুই, নবকুমার রায়, জয়নাল আবেদিন ও বীরেন্দ্রকুমার মৈত্র এবং প্রবোধচন্দ্র সিন্‌হা মহাশয়দের কাছ থেকে পাঁচটি মুলতুবী প্রস্তাবের নোটিশ পেয়েছি।

প্রথম প্রস্তাবে শ্রী সরকার পশ্চিম দিনাজপুর জেলায় খাদ্য ও সরবরাহ বিভাগে প্রশাসনিক ব্যর্থতা, দ্বিতীয় প্রস্তাবে শ্রী দোলুই, তৃতীয় প্রস্তাবে শ্রী রায়, চতুর্থ প্রস্তাবে ডাঃ আবেদিন ও পঞ্চম প্রস্তাবে শ্রী মৈত্র ও শ্রী সিন্‌হা পশ্চিম দিনাজপুর জেলায় আইন শৃঙ্খলার অবনতি সম্পর্কে আলোচনা করতে চেয়েছেন। প্রথম প্রস্তাবের বিষয়টি আগামী বাজেটের ওপর সাধারণ আলোচনার সময় সভায় আলোচিত হতে পারে। দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ ও পঞ্চম প্রস্তাবের বিষয়গুলি আইন শৃঙ্খলার প্রশ্নের সঙ্গে জড়িত। প্রচলিত আইনের মধ্যেই এর প্রতিকার আছে। তাই আমি সবকটি প্রস্তাবেই আমার অসম্মতি জ্ঞাপন করছি। তবে সদস্যগণ ইচ্ছা করলে সংশোধিত প্রস্তাবগুলি সভায় পাঠ করতে পারেন।

**শ্রী নবকুমার রায় ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবী রাখছেন। বিষয়টি হল-

পশ্চিম দিনাজপুরে আইন শৃঙ্খলার অবনতি।

পশ্চিমবাংলায় বর্তমান সরকার ক্ষমতায় আসার পর হইতেই পশ্চিম দিনাজপুরের গ্রামে খুন ডাকাতি, বন্দুক ছিনতাই, রাহাজানি হচ্ছে। একটি রাজনৈতিক দল পরিচালিত সমাজ বিরোধীরা গ্রামে গ্রামে গিয়ে মধ্যবিত্ত পরিবারের উপর এইসব অত্যাচার করিতেছে। জেলা কর্তৃপক্ষ ও সরকার-এর কাছে এর প্রতিবাদ করা সত্ত্বেও কোনও প্রতিকার পাওয়া যায়নি, গ্রামের শান্তিপ্রিয় জনসাধারণ উৎকণ্ঠার মধ্যে দিন যাপন করিতেছে, এর ফলশ্রুতি হিসাবে গত শনিবার ও রবিবার উক্ত জেলার কুশমন্ডী, বংশিহারি ও ইটাহার থানার ৩৪টি বন্দুক ছিনতাই হয়েছে এবং এক ব্যক্তি বাধা দিতে গেলে খুন হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় ...

(গোলমাল)

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবী রাখছেন। বিষয়টি হল-

পশ্চিম দিনাজপুরে আইন শৃঙ্খলার অবনতি।

গত শনি ও রবিবার পশ্চিম দিনাজপুরের তিনটি থানায় ৩৪টি বন্দুক লুঠ করা হয়েছে। গ্রামবাসিরা এতই আতঙ্কগ্রস্ত যে থানায় এসে অভিযোগ জানানোর সাহস পর্যন্ত নেই। এই তিনটি থানা গত কয়েকমাস যাবত "মুক্ত অঞ্চল" রূপে গন্য করা হয়। সন্ত্রাস লুঠ নর হত্যার অসংখ্য ঘটনা ঘটেছে। পুলিশকে সমস্ত সংবাদ জানানো সত্ত্বেও পুলিশ গ্রামবাসিদের

ধন সম্পত্তি রক্ষা ও নিরাপত্তার ব্যবস্থা করতে ব্যর্থ হয়েছেন। সরকারের "ইনটেলিজেন্স ব্রাঞ্চ" সম্পূর্ণ ব্যর্থ হয়েছেন। মালদহ্ জেলার বামন গোলা হরিপুর থানায় বহু লোক বাড়ি থেকে বেরিয়ে হাট বাজার পর্যন্ত আসতে পারছেন না। সমস্ত মালদহ পশ্চিম দিনাজপুরবাসি আতঙ্কগ্রস্ত অনেকে গ্রাম ত্যাগ করতে বাধ্য হচ্ছেন। জনগণের নিরাপত্তা ব্যবস্থার সাংবিধানিক অধিকার রক্ষা করতে সরকার ব্যর্থ হয়েছেন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবী রাখছেন। বিষয়টি হল পশ্চিম দিনাজপুরে আইন শৃঙ্খলার অবনতি। পশ্চিম দিনাজপুরে, রায়গঞ্জ মহকুমার ইটাহার, কুশমন্ডি, ও বংশিহারি থানার গ্রামে গ্রামে ২১.২.৮১ এবং ২২.২.৮১ তারিখে ৩৪টি বন্দুক লুঠ করে নিয়ে গেছে। একজন প্রতিরোধকারিকে গুলি করে হত্যা করেছে। প্রায় এক বছর ধরে ঐ সমস্ত এলাকায় খুন, ডাকাতি, লুঠ প্রভৃতি হয়ে চলেছে। পুলিশ প্রায় নীরব দর্শকের ভূমিকায় থাকে কিন্তু কোনও পুলিশ কর্মচারী ততপর হলে তাকে ছয় মাসের মধ্যে বদলি করা হয়। ২১.২.৮১ তারিখে অবস্থার আরও অবনতি হয়েছে। অগ্রেতে উপযুক্ত ভাবে অনুসন্ধান কার্য পরিচালনা করে লুণ্ঠিত বন্দুকগুলি উদ্ধার এবং দুষ্কৃতকারিদের ধরা না হলে উক্ত এলাকায় কেউ বাস করতে পারবে না। এইটুকু বলি রাজ্যে পুলিশ প্রশাসন সমগ্র ব্যর্থ হয়েছে এবং রাজ্যে আইন শৃঙ্খলার অবনতি হয়েছে এটা বিধানসভায় আলোচনা হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণে ধন্যবাদসূচক প্রস্তাবে যে সংশোধনী দিয়েছিলাম তাতে ৪নং সংশোধনীতে আমি বলেছিলাম যে পশ্চিম দিনাজপুর কালিয়াগঞ্জ থানায় এবং তার পরস্পর সংলগ্ন এলাকায় খুন, ডাকাতি, লুঠ ইত্যাদি এইসব কথা আমার অ্যামেন্ডমেন্টে ছিল, সেটা দেখিয়েছি। মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করেছি।

**মিঃ স্পিকার ঃ** এইরকম ভাবে বললে এখন কিছু করা সম্ভব নয়। বাজেটের সময়ে বলবেন।

[2-00 — 2-10 p.m.]

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** এতবড় একটা ঘটনা আলোচনা হবেনা এটা হতে পারে না।

**(গোলমাল)**

**মিঃ স্পিকার ঃ** আপনারা বসুন।

**(নয়েজ)**

**শ্রী অশোক বসু ঃ** আপনাকে অনুরোধ করবো আপনি যে সিদ্ধান্ত নিয়েছেন যে মুলতুবী প্রস্তাব শুধু পড়ে যাওয়া হবে..........।

**(নয়েজ)**

**মিঃ স্পিকার ঃ** আপনারা বসুন, আমি দাঁড়িয়েছি। আপনারা অধিকার ভঙ্গ করছেন।

(নয়েজ)

## Calling Attention to matters of urgent Public Importance

**মিঃ স্পিকার ঃ** আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি, যথা ঃ—

১। পশ্চিম দিনাজপুর জেলায় হরিহরপুর হইতে রাধিকাপুর রেল স্টেশন পর্যন্ত রাস্তার দুরাবস্থা - শ্রী ধীরেন্দ্রনাথ সরকার।

২। হাওড়ায় খাদ্যশস্যের ওয়াগন খালাস না হওয়া - শ্রী মহঃ সোহরাব,

৩। কংগ্রেস(ই) অফিসে বোমা - শ্রী রজনীকান্ত দলুই,

৪। স্থানীয় লোক না হওয়ায় সরকারি অফিসে যোগদানে বাধা - শ্রী রজনীকান্ত দলুই,

৫। বিদেশি পর্যটক হ্রাস - শ্রী রজনীকান্ত দলুই,

৬। বি, এস, সি, পার্ট-টু মার্কশিটে নম্বর না থাকার ঘটনা - শ্রী রজনীকান্ত দলুই,

৭। মেদিনীপুরে ১ দিনে ৩টি খুনের ঘটনা - শ্রী রজনীকান্ত দলুই,

৮। পশ্চিম দিনাজপুরে বন্দুক লুঠ ও খুনের ঘটনা - শ্রী ধীরেন্দ্রনাথ সরকার, শ্রী মহঃ সোহরাব, শ্রী কৃষ্ণদাস রায়, শ্রী সত্যরঞ্জন বাপুলি, শ্রী নবকুমার রায়, ডাঃ জয়নাল আবেদিন, শ্রী হরিপদ জানা (ভগবানপুর), ডাঃ বিনোদবিহারী মাঝি এবং শ্রী নানুরাম রায়,

৯। পিংলা থানাধীন কুসুমডাঙ্গা গ্রামে কিশোরি খুন - শ্রী কৃষ্ণদাস রায়,

১০। Alleged murder of one Ajijan Bibi at Gardenrich area - Shri Md. Soharab

১১। Police firing at New Alipur - Shri Rajani Kanta Doloi,

১২। Escape of Naxalities with guns in Raiganj - Shri Rajani Kanta Doloi,

১৩। Increase in mumber of pending criminal cases in different Courts - Shri Rash Behari Pal,

১৪। ডি,ভি,সি,তে বিদ্যুৎ উদ্বৃত্ত হওয়া সত্ত্বেও কলিকাতায় লোডশেডিং - শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র,

১৫। কলিকাতায় গড়ের মাঠের জায়গা দখল - শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র।

আমি Police firing at New Alipur বিষয়ের উপর শ্রী রজনী দলুই কর্তৃক আনীত নোটিশ মনোনীত করেছি।

সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়, যদি সম্ভব হয়, ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

**শ্রী ভবানি মুখার্জি ঃ** আগামি সোমবার।

(Noise)

## STATEMENT ON CALLING ATTENTION

**মিঃ স্পিকার ঃ** এখন আমি স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়কে ২৪ পরগনা জেলার বাসন্তি থানার অন্তর্গত বাসন্তি পঞ্চায়েত সমিতির সভাপতির সাম্প্রতিক মৃত্যুর ঘটনা সম্পর্কে একটি বিবৃতি দিতে অনুরোধ করছি।

(নয়েজ)

**শ্রী জ্যোতি বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভার সদস্য শ্রী নিখিল দাস কর্তৃক বাসন্তি পঞ্চায়েত সমিতির সভাপতি ধনঞ্জয় নায়েক ও তার স্ত্রীর মৃত্যু সম্পর্কে উত্থাপিত দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের উপর আমি এই বিবৃতি দিচ্ছি।

(নয়েজ)

শ্রী ধনঞ্জয় নায়েক ছিলেন বাসন্তি পঞ্চায়েত সমিতির সভাপতি। গত ৯।১০-২-৮১ তারিখের রাত প্রায় সওয়া বারোটা থেকে পৌনে একটার মধ্যে বাসন্তি থানার অন্তর্গত শিবগঞ্জ গ্রামে তার বাড়িতে ডাকাতি হয়। তার বাড়িতে প্রায় ১৫।২০ জন ডাকাত প্রবেশ করে। বাইরের ঘরে শ্রী নায়েক তার ভ্রাতুস্পুত্র অমলকে নিয়ে ঘুমাচ্ছিলেন আর ভেতরের ঘরে তার স্ত্রী তাদের আত্মীয়া দুটি নাবালিকা সহ ঘুমাচ্ছিলেন। ডাকাতরা প্রথমে বাইরের ঘরে ঢুকে অমলকে বেঁধে ফেলে এবং তাকে চুপ করে থাকতে বলে। অপর ২।৩ জন ডাকাত শ্রী নায়েকের কাছ থেকে টাকা পয়সা ইত্যাদি আদায়ের জন্য তাকে প্রহার করতে থাকে। তাছাড়া, আর ৪।৫ জন ডাকাত ভিতরের ঘরে তার স্ত্রীর হাত থেকে চার গাছা ব্রঞ্জের উপর সোনার চুড়ি কেড়ে নেয় এবং সমস্ত ঘর তছনছ করে কিছু সোনার গয়না, একটি টেপ রেকডার, কয়েকটি ক্যাসেট, একটি রেডিও, একটি হাত ঘড়ি ও জামা কাপড় ও অন্যান্য সামগ্রি লুঠ করে। ইতিমধ্যে অমল কোনওরকমে পালিয়ে গিয়ে গ্রামের লোকদের খবর দেয়, ধনঞ্জয় নায়েক ডাকাতদের হাতে গুরুতর ভাবে আহত হন। গ্রামবাসিরা এসে তাকে নীলরতন হাসপাতালে পাঠিয়ে দেয়। গত ১৭।২।৮১ তারিখে মারা যান। স্বামীর মৃত্যু সংবাদ শুনে তার স্ত্রীও শোকে ১৮।২।৮১ তারিখে মারা যান। লুঠ করা সামগ্রির আনুমানিক মূল্য প্রায় চার হাজার টাকা।

খবর পেয়ে এই ঘটনার উপর (গোলমাল) বাসন্তি থানা একটি মামলা রুজু এবং যথাযথ অনুসন্ধান ও তদন্ত চালাতে থাকে। এ পর্যন্ত এই ডাকাতির সঙ্গে জড়িত সন্দেহে ১১ জন ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে। এরা সকলেই কুখ্যাত দুস্কৃতকারি এবং এদের অধিকাংশের বিরুদ্ধে পুর্ব অপরাধের অভিযোগ আছে। ধৃত ব্যক্তিদের জিজ্ঞাসাবাদ করে এই ডাকাতির তথ্য উদঘাটিত হয়েছে। লুঠ করা কিছু সামগ্রিও উদ্ধার করা গেছে।

মৃত ধনঞ্জয় নায়েক আর, এস, পি, দলভুক্ত ছিলেন। এই ঘটনার সঙ্গে রাজনীতির কোনও সম্পর্ক নেই। এটি একটি ডাকাতির ঘটনা। সংশ্লিষ্ট অঞ্চলে শান্তি ও শৃঙ্খলা বজায় রাখবার জন্য স্থানীয় পুলিশকে যথোচিত ব্যবস্থা নিতে বলা হয়েছে।

[2-10 — 2-20 p.m.]

**(নয়েজ অ্যান্ড ইন্টারাপসন্স)**

**শ্রী নির্মলকুমার বসু ঃ** হাউ লং দে উইল কন্টিনিউ দিস ন্যুইসেন্স?

**(নয়েজ অ্যান্ড ইন্টারাপসন্স)**

হাউ লং উই আর গোয়িং টু টলারেট দি টিরানি অব দি মাইনোরিটি?

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার, চিফ মিনিস্টার হাউসেই রয়েছেন কাজেই আমরা যে বিষয় নিয়ে আলোচনা করতে চাচ্ছি সেই ব্যাপারে তিনি রাজী হন।

**(নয়েজ অ্যান্ড ইন্টারাপসন্স)**

**শ্রীমতী অপরাজিতা গোপ্পি ঃ** মাননীয় স্পিকার মহাশয়, নন- পি এস সি শিক্ষকদের সম্বন্ধে....................

**(নয়েজ অ্যান্ড ইন্টারপসন্স)**

**মিঃ স্পিকার ঃ** শ্রী জয়ন্তকুমার বিশ্বাস।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় স্পিকার মহাশয়, ডি ভি সি-র চেয়ারম্যান মিঃ, লুথার এই রাজ্য থেকে ডি ভি সি-র সদর দপ্তর সরাবার.........

**(শ্রী জয়ন্তকুমার বিশ্বাস বলার জন্য উঠে দাঁড়ালেন)**

**(তুমুল হট্টগোল)**

**মিঃ স্পিকার ঃ** আমাদের নির্দিষ্ট নিয়ম ভঙ্গ করে আপনি বক্তৃতা দিচ্ছিলেন, তারপরে আপনারা ৬ জনে উঠে বক্তৃতা দিচ্ছিলেন, কি বলছিলেন আমি শুনিনি। নিয়ম ভঙ্গ করে উনি বলতে লাগলেন, পড়তে দেবার অধিকার দেওয়া হয়েছে যেটা সেটা না বলে, অন্য কিছু বলতে আরম্ভ করলেন, যেমন নবকুমার বাবুকে বন্ধ করার চেষ্টা করেছি, ওকেও বন্ধ করার

চেষ্টা করেছি। ইন দি মিনটাইম **(নয়েজ) সেভারেল মেম্বারস গট আপ।**

আমার কথাটা বলতে দিন। যখন ডাঃ আবেদিন বলছেন, তার মধ্যে আপনারা চেঁচাচ্ছেন, তারপরে আমি কিছু শুনিনি। আগের নির্দিষ্ট নিয়ম যেটার কথা বলা হয়েছে যা এগ্রিড হবে নিয়ম আছে পড়তে দেবার, কিন্তু আমি পড়তে নাও দিতে পারি, কিন্তু আমি পড়তে দিয়েছি, পড়তে উঠে কাল কি বলেছেন, পরশু কি বলেছেন আরম্ভ করেছেন ...**(নয়েজ)**...

এক সঙ্গে সবাই বলে লাভ নেই, একজন বলুন।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিরোধী পক্ষকে অনুরোধ করছি, একজন বলুন আপনারা কি চাইছেন এবং সেটা যদি বলেন আমরা গভর্নমেন্ট পক্ষ থেকে কো-অপারেট করব, একজন বলুন আপনারা কি চাইছেন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী ডঃ কানাইলাল ভট্টাচার্য যে বক্তব্য রাখলেন, আমি আমার বক্তব্য পরিষ্কার বলছি। আমি অ্যাডজোর্নমেন্ট মোশন দিয়েছি, গুরুত্বপূর্ণ বিষয়ে দিয়েছি, আপনি দেখেছেন একাধিক সদস্য এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেছেন গুরুত্বপূর্ণ বিষয়ে অ্যাডজোর্নমেন্ট মোশন আলোচনা করার জন্য এ বিষয়ে অ্যাডজোর্নমেন্ট মোশন আগেও দেওয়া হয়েছে, রাজ্যপালের ভাষণের উপর আলোচনা হয়েছে, মুখ্যমন্ত্রী মহাশয় তার উত্তরও দিয়েছেন, কিন্তু অবস্থার কোনও উন্নতি হয়নি। আমরা এত বড় দুর্ধর্ষ ঘটনার কথা কেউ শুনিনি, বন্দুক লুঠের ঘটনা, মানুষকে হত্যার ঘটনা আমি তুলতে চেয়েছিলাম অ্যাডজোর্নমেন্ট মোশনের মধ্য দিয়ে, আমি আপনার কাছে আবেদন করছি লিডার, অব দি হাউস এখানে আছেন, আপনি তারসঙ্গে পরামর্শ করবেন, এ বিষয়ে যদি অ্যাডজোর্নমেন্ট মোশন তুলতে আপত্তি থাকে, তিনি বলুন কিভাবে এই হাউসে আমরা আলোচনা করতে পারি। কলিং অ্যাটেনশন মোশনের উত্তর মন্ত্রীরা দেন, এই হাউসে নজির তৈরি করেছেন তার উপর আলোচনা করার, এর আগের দিন কানাইবাবু নিজেই স্বীকার করে নিয়েছেন সাধনা সরকারের মৃত্যুর পর, তিনি বলেছিলেন আপনারা আলোচনা করতে পারবেন, আমি এখন এই নিয়ে মাননীয় লিডার অব দি হাউসের কাছে অ্যাপিল করছি এতবড় গুরুত্বপূর্ণ ঘটনা ঘটেছে, এটা একটা বিচ্ছিন্ন ঘটনা নয়, আমরা বহু রকমে আপনার দৃষ্টি আকর্ষণ করেছি। মুখ্যমন্ত্রী উত্তর দিয়েছেন, তারজন্য তাকে ধন্যবাদ দিচ্ছি, কিন্তু তারপরে এই ঘটনা, জানতে চাই পরিষ্কার অবস্থাটা কি। সরকার যদি এই ব্যাপারে অ্যাডজোর্নমেন্ট মোশন অ্যালাউ করতে প্রেস্টিজ ইসু বলে মনে করে থাকেন তাহলে লিডার অব দি হাউস আমাদের পথ বাতলে দেন যে এইভাবে এই পথে হাউসকে অবহিত করা যায়, হাউসে স্টেটমেন্ট দিতে পারেন, আমাদের নিয়ে বসতে পারেন, এত বড় গুরুত্বপূর্ণ ঘটনা এক বছর ধরে চলছে, এ সম্বন্ধে লিডার অব দি হাউসের কাছে জানতে চাইছি, তিনি আমাদের বলে দিন, এটাই চাইছি।

[2-20 — 2-30 p.m.]

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, লিডার অব দি হাউস এখানে উপস্থিত আছে। আমরা তার কাছ থেকে জানতে চাইছি ঘটনা সম্বন্ধে। কারণ বিষয়টি যেহেতু খুবই গুরুত্বপূর্ণ এবং বিরোধী দলের অনেকেই এই বিষয়ে অ্যাডজোর্নমেন্ট মোশন দিয়েছেন

আমি অনুরোধ করব মুখ্যমন্ত্রী এই বিষয়ে একটা বিবৃতি দিন এবং আপনি সেইভাবে এখানে ঘোষণা করুন।

**মিঃ স্পিকার ঃ** হাউসের যে পরিস্থিতি দেখছি বাজেট আলোচনার সময় বিজনেস অ্যাডভাইসরি কমিটি যেভাবে সময় নির্দ্ধারণ করেন সেইভাবে চলছে না। আপনারা এগুলি বাজেট আলোচনার সময় বলতে পারেন। তবে একটা স্টেটমেন্ট দেবার জন্য আমি মুখ্যমন্ত্রীকে বলতে পারি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। মালদা এবং পশ্চিম দিনাজপুরে যে ঘটনা ঘটছে তাতে আপনি এই বিষয়ে হাফ অ্যান আওয়ার কিংবা এক ঘন্টা আলোচনা করার জন্য সময় নির্দ্ধারণ করুন।

(গোলমাল)

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** স্যার, সারা পশ্চিমবাংলায় এই জিনিস চলছে। এটা খুব সিরিয়াস এবং মুখ্যমন্ত্রী এখানে উপস্থিত আছেন আমরা চাইছি এ বিষয়ে একটু আলোচনা হোক। পরে বিল হবে।

(গোলমাল)

**শ্রী জ্যোতি বসু ঃ** স্পিকার মহাশয়, সবাই যদি একসঙ্গে বলে তাহলে জিনিসটা বুঝতে একটু অসুবিধা হয়। আর আমি সব কথা বুঝতেই পারলাম না। আপনি অ্যাডজর্নমেন্ট মোশন পড়তে দিয়েছিলেন। কিন্তু তারমধ্যে কোথা থেকে একটা বই আনলেন এবং রাজ্যপালের বক্তৃতা সেটাও নিয়ে এলেন। তা আমি বুঝতে পারলাম না কি বিবৃতি ওরা চান।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, হাউসের যিনি নেতা, মাননীয় মুখ্যমন্ত্রী, তিনি যখন তার বক্তব্য রাখছিলেন সেই সময় তিনি যা বললেন স্যার, আপনি তা শুনেছেন। ডাঃ জয়নাল আবেদিন, তিনি এই হাউসের দীর্ঘদিনের একজন সদস্য সেটা স্যার সকলেই জানেন অথচ মুখ্যমন্ত্রী মহাশয় যখন তার বক্তব্য রাখছিলেন তখন তিনি বললেন, "কে একজন, কি একটা বই পড়ছিলেন" ইত্যাদি ইত্যাদি। এটা একটা তাচ্ছিল্যের ভাব।

**(নয়েজ)**

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যা বলেছেন সেটা কি আনপার্লামেন্টারি? তা যদি না হয় তাহলে ওরা এত চিৎকার করছেন কেন?

**(নয়েজ)**

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্যার, এইভাবে কি হাউসের ডিসিপ্লিন, ডেকোরাম, ডিসেন্সি মেনটেন করা যাবে? এই কি আমরা ওঁর কাছ থেকে শিখব? আপনি ওঁকে বলুন, হাউসের ডিসিপ্লিন, ডেকোরাম যেন তিনি মেনটেন করেন।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** স্যার, বিরোধীপক্ষ ডিসিপ্লিন, ডেকোরামের কথা বলছেন। মিনিট পাঁচেক আগে যারা ঐরকম একটা অবস্থার সৃষ্টি করেছিলেন তাদের মুখে এসব কথা সাজে না।

**(নয়েজ)**

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** স্যার, মুখ্যমন্ত্রী মহাশয়ের স্টেটমেন্টের কি হল?

**মিঃ স্পিকার ঃ** উনি তো বলতে চাইছিলেন, আপনারাই তো ওকে বলতে দিলেন না। আপনারা এখন বসুন, মুখ্যমন্ত্রী মহাশয় এখন বলবেন।

**শ্রী জ্যোতি বসু ঃ** আমি বলেছি, উনি কি বই পড়ছিলেন আমি জানি না। বই পড়বার কোনও নিয়ম এখানে নেই। নিয়ম যা আছে সেটা আপনি ওদের বলে দিয়েছেন। তারপরই একটা হট্টগোল আরম্ভ হয়ে গেল। এখন আমি যা বুঝলাম সেটা হচ্ছে, পশ্চিম দিনাজপুরে যে ঘটনা ঘটেছে তারজন্য ওরা সবাই একটি বিবৃতি চাইছেন। **(শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ— মাননীয় সদস্যরা বলুন।)** নিশ্চয় আপনারা মান্য, মাননীয়, মান্যবর-সবই আমি বলছি, এটা কিন্তু বড় কথা নয়। আমরা মাননীয়, আপনারা মাননীয়, বাইরের লোকরা আমাদের মাননীয় বলে মনে করছেন সে বিষয়ে কোনও সন্দেহ নেই এবং এসব দেখে আরও বেশি তারা আমাদের মাননীয় মনে করছেন। যাইহোক, আমি যা বলছিলাম সেই কথায় ফিরে আসি। উনি আগেই আমাকে বলেছেন—পশ্চিম দিনাজপুরের কতকগুলি অঞ্চলে খুবই গোলমাল হচ্ছে। উনি যে এলাকা থেকে নির্বাচিত হয়েছেন সেখানেও হচ্ছে। আমি ওর সঙ্গে একমত হয়েছি যে সংখ্যা যা দেখা যাচ্ছে অপরাধের তাতে দেখা যাচ্ছে সেগুলি বেড়েছে সাম্প্রতিককালে। এই ঘটনাটি ঘটেছে বোধহয় রবিবার। এই ঘটনার রিপোর্ট আমাদের কাছে এসেছে গতকাল এবং আমরা দুজন অফিসারকে পাঠিয়েছি, এটা নতুন দেখছি আরম্ভ হয়েছে। যাইহোক সে রিপোর্ট আমরা দেব। অ্যাডজর্নমেন্ট মোশনটা আপনি অনুমোদন করেন নি। এরপর এখানে যেদিন সাধারণ প্রশাসন খাতের বা পুলিশ খাতের ব্যয় বরাদ্দ সম্পর্কে আলোচনা হবে সেই সময় এইসব বিষয় আলোচনা হতে পারে। আপাতত ওরা যদি প্রয়োজনীয় মনে করেন তাহলে কালকে আমি একটা বিবৃতি দিয়ে দিতে পারি। তবে এই প্রসঙ্গে একটা কথা বলি—আমাদের দুজন অফিসার সেখানে গিয়েছেন, তারা ফিরে না এলে আমি পুরো রিপোর্টটি পাবনা। তবে যখন আপনারা বলছেন তখন যেটুকু আমি পেয়েছি তার ভিত্তিতে আমি একটি বিবৃতি দিয়ে দিতে পারি।

[2-30 — 2-40 p.m.]

**শ্রী নির্মলকুমার বোস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মেনশনের আগে আমি একটি বিষয়ে বলতে চাই। বিরোধী দলের মাননীয় সদস্য ডঃ জয়নাল আবেদিনের বিরুদ্ধে আমি এই সভা অবমাননার নির্দিষ্ট অভিযোগ আনছি। আপনি এই বিষয়টা অনুগ্রহ করে একটু শুনুন। মুলতুবী প্রস্তাব উত্থাপন করতে গিয়ে তিনি কি বলেছেন, কি করেছেন তার মধ্যে আমি যাচ্ছি না। আমার অভিযোগ অন্য ব্যাপারে। ডঃ জয়নাল আবেদিন সাহেব, মাননীয় সদস্য, তিনি যখন

বক্তৃতা করছিলেন তখন তিনি জনতা পার্টির ডেপুটি লিডার অধ্যাপক প্রবোধবাবুর দিকে তাকিয়ে বলেছেন যে বসে আছেন কেন, চেঁচান, চেঁচান। এটা আমরা সকলে দেখেছি। কাজেই আপনার কাছে একথা বলতে চাই যে এটা সমস্ত সভার পক্ষে অবমাননাকর, এই সভাকে অবমাননা করা হয়েছে। আপনি হাউস অব কমন্স-এর প্রসিডিংস দেখুন, লোকসভার প্রসিডিংস দেখুন, তিনি অন্য লোককে বলতে পারেন না যে আপনি দাঁড়িয়ে উঠে চেঁচান। এই যে অঙ্গ ভঙ্গি, এটা সভার পক্ষে অবমাননাকর।

**মিঃ স্পিকার ঃ** আই উইল লুক ইন্টু ইট। আপনি লিখিত ভাবে দিন।

## Mention Cases

**শ্রী সরল দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং তার দপ্তরকে বলেছি কিন্তু আজ পর্যন্ত কিছু হয়নি। মধ্যমগ্রাম-এর চৌমাথা থেকে সোদপুর পর্যন্ত যে রাস্তা সেটা ভেঙে চুরমার হয়ে গেছে। প্রতিদিন সেখানে অসংখ্য মানুষ চলার পথে আহত হচ্ছে। অথচ সেই রাস্তা সংস্কার করা হচ্ছে না। আমি সেজন্য আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি আমার এই অনুরোধ পূর্তমন্ত্রীর কাছে পৌঁছে দেবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সন্তোষ রানা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের আবগারি বিভাগে নিয়োগের ক্ষেত্রে একটা বিরাট দুর্নীতির খবর এই সভার কাছে এবং সংশ্লিষ্ট দপ্তরের কাছে তুলে ধরতে চাই। ১৯৭৯ সালের মার্চ মাসে কন্সটেবল-এর জন্য এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে রাজ্য আবগারি বিভাগের বর্তমান পূর্ব শাখায় ৭ জনকে নির্বাচিত করে এবং পুলিশ ভেরিফিকেশন ও মেডিক্যাল করা হয়। কিন্তু ১৯৮০ সালের সেপ্টেম্বর মাসে প্যানেলের ৭ জনের মধ্যে ৫ জনকে বাদ দিয়ে মাত্র ২ জনকে নিয়োগ করা হয়। বাকি ৫ জনকে নিয়োগ করা হয়না। তার জায়গায় অন্য লোককে নিয়োগ করা হয়। সম্পূর্ণ বেআইনি, দুর্নীতিগ্রস্ত ভাবে এই কাজ করা হয়েছে। এর বিরুদ্ধে সারা বাংলা বেকার সমিতি গত ২৭শে জানুয়ারি বর্ধমানের জেলা শাসকের নিকট বিক্ষোভ প্রদর্শন করে। সেই বিক্ষোভকারিদের উপর পুলিশ নির্মমভাবে লাঠি চার্জ করেছে এবং ওখানে যে শান্তিপূর্ণ মিছিল বের হয় তার উপরও আক্রমণ করেছে। এই ঘটনার আমি প্রতিবাদ করছি এবং আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা পশ্চিমবাংলার আইন শৃঙ্খলার ব্যাপারে যে প্রতিদিন খুন হচ্ছে, ডাকাতি হচ্ছে এইসব কথা বলি এবং সেদিনও বলেছিলাম যে মেদিনীপুর জেলার খুনের কথা। আজকে যে কথা বলতে চাই সেটা হচ্ছে, কাঁথি মহকুমার বনমালি চট্টগ্রামের প্রাথমিক স্কুলের সহকারি শিক্ষক প্রবোধ জানাকে ১৪ই ফেব্রুয়ারি সি.পি.এম-এর সশস্ত্র বাহিনী গিয়ে তার বাড়ি আক্রমণ করে এবং তাকে মার্ডার করেছে। এই প্রবোধ জানার বয়স হচ্ছে ৩৬ বছর। তারসঙ্গে স্কুল অ্যাটেনডেন্স কমিটি গঠন নিয়ে বিরোধ ঘটেছিল সি.পি.এম-এর প্রধানের। তারফলে সি.পি.এম-এর লোকেরা গিয়ে তার বাড়ির সামনে গর্ত খুঁড়ে পুকুর করে দেয়। তিনি তখন পুলিশকে জানান। পুলিশ তদন্ত করে ১৩ই ফেব্রুয়ারি।

১৪ই ফেব্রুয়ারি সশস্ত্র বাহিনী অঞ্চল প্রধানের নেতৃত্বে তার বাড়ি চড়াও হয় এবং ঘরের মধ্যে তাকে মার্ডার করেছে। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে বলব যে পশ্চিমবাংলায় খুন আরও বেড়ে যাচ্ছে। পশ্চিমবাংলায় রাহাজানি, চুরি-জোচ্চুরির সঙ্গে সঙ্গে খুনও বেড়ে যাচ্ছে।

স্যার, পশ্চিমবাংলায় খুন, রাহাজানি ক্রমশ বেড়েই চলেছে। মেদিনীপুর জেলায় অনেক ঘটনা ঘটেছে। গত ১৪ই ফেব্রুয়ারি কাঁথি মহকুমায় সহ শিক্ষক শ্রী প্রবোধ জানার হত্যা সম্পর্কে আমি এখানে বক্তব্য রেখেছি। আজ পশ্চিমবাংলায় শিক্ষকরা নিপীড়িত হচ্ছে, শিক্ষাক্ষেত্রে নৈরাজ্য চলছে, আইন শৃঙ্খলা এখানে নেই, বলতে গেলে একটা জঙ্গলের রাজত্ব এখানে চলছে। আমি মুখ্যমন্ত্রীকে বলছি এই সমস্ত যে খুন হচ্ছে সে সম্বন্ধে তিনি তদন্ত করুন এবং এখনও পর্যন্ত কাউকে অ্যারেস্ট করা হয়নি কাজেই অপরাধীদের অ্যারেস্ট করুন। আমি বলছি এরসঙ্গে সি পি এম জড়িত রয়েছে।

**Shri Dawa Narbu La :** I would like to draw the kind attention of the Hon'ble Minister in charge of the Education Department to the following :–

In Kurseong Subdivision there is a college and the total number of students is 350. But the furniture there is not sufficient to meet their needs. Only fifty per cent of the students can be provided with furniture. There is no blackboard, no desk and no chair for the teachers. I have drawn the attention of the Hon'ble Minister several times in the past to these matters but nothing has been done.

Now I would request the Hon'ble Minister again that the said college should be provided with the above-mentioned articles and also a full time librarian should be provided for the college.

**শ্রী হারানচন্দ্র হাজরা ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়ায় এস.এন বোস রোডে ৬৯নং বাস যাতায়াত করে। এই রাস্তাটি হাওড়ার বকুলতলা থেকে সাঁকরাইল স্টেশন পর্যন্ত গেছে। কিন্তু এই রাস্তাটি যেভাবে অকেজো হয়ে পড়েছে তাতে বাস এবং অন্যান্য যানবাহন এই রাস্তা দিয়ে যেতে পারেনা। এই ব্যাপারে পূর্ত বিভাগে আবেদন নিবেদন করা সত্ত্বেও এবং গণ দরখাস্ত দেওয়া সত্ত্বেও আজ পর্যন্ত রাস্তাটির সংস্কারের ব্যবস্থা করা হয়নি। এই রাস্তাটি খুবই গুরুত্বপূর্ণ। হাওড়ার বকুলতলা থেকে সাঁকরাইল স্টেশনের মধ্যবর্তী জায়গায় ভারতবর্ষের সবচেয়ে বড় জুটমিল "ন্যাশনাল জুটমিল" অবস্থিত। এই জুটমিলে হাওড়া, উলুবেড়িয়া এবং পার্শ্ববর্তী এলাকা থেকে বহু লোক কাজ করতে আসে। কাজেই আমি পূর্তমন্ত্রীর কাছে অনুরোধ করছি তিনি যেন অবিলম্বে হাওড়ার বকুলতলা থেকে সাঁকরাইল স্টেশন পর্যন্ত রাস্তাটির সংস্কারের ব্যবস্থা করেন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিম দিনাজপুরের ব্যাপার নিয়ে এখানে এতক্ষণ ধরে

আলোচনা হল। স্যার, রাজ্যপালের ভাষণের উপর বক্তব্য রাখতে গিয়ে আমি বলেছিলাম পুলিশ নিষ্ক্রীয় হয়ে গেছে। পুলিশ যে নিষ্ক্রীয় হয়ে গেছে তার প্রমাণ পাওয়া গেল ওখানে ৩০টি বন্দুক চলে গেল, মানুষ খুন হল অথচ পুলিশ কিছুই করতে পারলনা। ছাত্র পরিষদের ছেলেরা আন্দোলন করলে পুলিশ সেখানে গিয়ে লাঠিচার্জ করতে পারে, কিন্তু এই সমস্ত ক্রিমিন্যালদের তারা ধরতে পারছে না। পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী যেভাবে প্রশাসন চালাচ্ছেন তাতে দেখছি মানুষের গ্রামে বাস করা অসম্ভব হয়ে উঠেছে। গ্রামের লোক রাত্রে জেগে বসে থাকে কারণ কখন ডাকাতি হয়। তাহলে আমাদের এখানে পুলিশ প্রশাসন রয়েছে কেন? আপনারা এই পুলিশ দপ্তরকে তুলে দিয়ে সেই অর্থ অন্য খাতে ব্যয় করুন। যে পুলিশ কোনও কাজ করতে পারেনা তারজন্য আমরা অর্থ ব্যয় করব এটা হয়না। মুখামন্ত্রীর প্রশাসন যন্ত্র সম্পূর্ণ অকেজো, নিষ্ক্রীয় এবং বিকল হয়ে গেছে। কাজেই হয় একে রিপেয়ার করুন, নাহয় অন্য কারুর উপর এর ভার দিন।

[2-40 — 2-50 p.m.]

**শ্রী নানুরাম রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকা গোঘাট ব্লকের কামারপুকুর হতে বদনগঞ্জ রাস্তাটি ১৯৭৬ সালে অনুমোদন লাভ করে এবং এটার কাজ মার্কেটিংয়ের মাধ্যমে হচ্ছিল। কিন্তু মার্কেটিং এর টাকা শেষ হয়ে যাওয়ায় রাস্তার কাজ বন্ধ হয়ে গেছে। গত সেশনে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় প্রশ্নোত্তরের সময়ে বলেছিলেন ওটা কংসাবতীর টাকায় হচ্ছে। কিন্তু রেকর্ডে আছে মার্কেটিংএর টাকায় হচ্ছে। ঐ রাস্তায় দুটি ব্রিজ আছে, তারাজুলি এবং আমোদর। ঐ ব্রিজ দুটির এস্টিমেট হচ্ছে ৫৬ লক্ষ টাকা। আমি ভবানিভবন থেকে ওর এস্টিমেট রাইটার্স বিল্ডিংস-এ আনিয়েছি। এখন মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় বলছেন যে, আমাদের আর টাকা নেই। মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় বিধানসভায় প্রশ্নোত্তর কালে প্রায়ই বলেন আপাতত হচ্ছে না। সেইজন্য আপনার মাধ্যমে পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে ব্রিজ দুটি হয় তারজন্য যেন দৃষ্টি দেন।

**শ্রীমতী অপরাজিতা গোপ্পি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি মাননীয় শিক্ষামন্ত্রী, শ্রী পার্থ দের, দৃষ্টি আকর্ষণ করতে চাই। নন-পি.এস.সি শিক্ষকদের নিয়মিত করণের দাবিতে পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিদ্যালয় শিক্ষক সমিতির কোচবিহার জেলা ইউনিট গত ৫ই ফেব্রুয়ারি থেকে পর্যায়ক্রমে আন্দোলন শুরু করেছেন। ডি.সির কাছে মিছিল সহকারে মুখ্যমন্ত্রীর উদ্দেশ্যে তারা একটি স্মারকলিপি দিয়েছেন। ডি.সি.ইর কাছে ১৪ দিনের এক বিজ্ঞপ্তি দিয়েছেন। তাতে তারা বলেছেন ফেব্রুয়ারির ১ দিন তারা স্কুলে উপস্থিত হয়েও ক্লাস বর্জন করবেন। মার্চের বেতন নেবার নির্দিষ্ট দিন বেতন বয়কট করবেন। এবং পরের দিন বেতন নেবেন। আগামী ২৬এ ফেব্রুয়ারি সেই আন্দোলনের নির্দিষ্ট দিন। তারা সেদিন থেকে আন্দোলন শুরু করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর এইদিকে দৃষ্টি আকর্ষণ করছি এইজন্য, দীর্ঘ ১০ বছর এইসব শিক্ষক-শিক্ষিকা তাদের ন্যায্য প্রাপ্য থেকে বঞ্চিত হচ্ছেন। এমন কি যারা বি.টি পাশ করেছেন তারাও ন্যায্য প্রাপ্য পাচ্ছেন না। প্রতি ৬ মাস অন্তর ১ দিনের জন্য চাকুরিতে তাদের ছেদ

দেওয়া হচ্ছে। বামফ্রন্ট সরকার শিক্ষা ক্ষেত্রে এক নতুন পদক্ষেপ গ্রহণ করেছেন। তারজন্য আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ করছি তিনি যেন অবিলম্বে নন-পি.এস.সি শিক্ষক-শিক্ষিকা সম্পর্কে যেন সহানুভূতির সঙ্গে এই ঘটনা বিবেচনা করে তার জনদরদি সরকারি নীতি ঘোষণা করেন। এই অনুরোধ আপনার মাধ্যমে তার কাছে রাখছি।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২১।২।৮১ তারিখে শনিবার নদীয়া জেলার কোতোয়ালি থানার পোড়াগাছা জুনিয়ার হাইস্কুলের বার্ষিক ক্রীড়া অনুষ্ঠান চলাকালীন একদল সি.পি.এম কর্মী স্লো সাইকেল রেসে তাহাদের অংশগ্রহণ করিবার অনুমতি দিতে শিক্ষকদের নির্দেশ করে। শিক্ষক শ্রী দেবেন্দ্র বিশ্বাস অস্বীকার করলে সি.পি.এম কর্মিগণ শিক্ষকদের মারধোর ও অপমান করে। জনতা কর্মী শ্রী স্বপন প্রামানিক ও প্রাক্তন ছাত্র শরৎ দাস, অমল সরকার, কৃষ্ণগোপাল শীল, নারায়ণ সাহা, দিলীপ দাস, সুখেন চক্রবর্তীরা বাধা দিলে সি.পি.এম কর্মীরা এম.এল.এ শ্রী জ্ঞান বিশ্বাসের উপস্থিতিতে তাহাদের মারধোর করে। এই সম্পর্কে পুলিশে ডায়েরি করা হল কিন্তু যারা বাধা দিল, যারা মারধোর করল ঐসব সি.পি.এম কর্মিদের কিছু না বলে যারা ডায়েরি করল তাহাদের আসামী করিয়া পুলিশের সাহায্যে হয়রান করার চেষ্টা চালানো হচ্ছে। তারা উল্টে এই সমস্ত নিরপরাধ লোকের বিরুদ্ধে পুলিশ কেস করেছে। তাই আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে যেন এই ব্যাপারে ব্যবস্থা নেন।

**শ্রী পঞ্চানন দিকপতি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি বিশেষ গুরুত্বপূর্ণ এবং আশ্চর্যজনক ঘটনার বিষয় আমি আপনার নিকট রাখছি। আরামবাগ মহকুমার খানাকুল থানার কৌর গ্রামে একজন বিশিষ্ট সমাজসেবি শ্রী অনিল সামন্ত গত ২৪.২.৮১ তারিখে সি.পি.এমের গুন্ডাদের মারাত্মক অস্ত্রের দ্বারা আঘাত পেয়ে মারা গেছে। স্থানীয় এম.এল.এ. শ্রী অজয় দে এ খবর পেয়ে ঘটনা স্থলে চলে গেছেন। এ বিষয়ে উপযুক্ত তদন্তের জন্য আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মিঃ স্পিকার স্যার, আপনি নিশ্চয় লক্ষ্য করেছেন যে উদ্দেশ্য প্রণোদিতভাবে কিছুদিন ধরে ডি.ভি.সি'র উৎপাদন বৃদ্ধি পেয়েছে বলে প্রচার করা হচ্ছে। কিন্তু নেপথ্যে যে ষড়যন্ত্র চলছে সে সম্পর্কে মানুষের উদবিগ্ন হওয়ার যথেষ্ট কারণ আছে। সে প্রসঙ্গে আমি রাজ্য মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। আমরা জানতে পেরেছি যে ডি.ভি.সি'র সদর দপ্তর ভবানি ভবন থেকে সরিয়ে অন্য রাজ্যে নিয়ে যাবার একটা গভীর ষড়যন্ত্র চলছে। লুথার সাহেব এ সম্পর্কে দিল্লির সঙ্গে যোগাযোগ করছেন এবং এতে মদত দিচ্ছেন পশ্চিমবঙ্গ থেকে নির্বাচিত লোকসভার সদস্য এবং কেন্দ্রীয় মন্ত্রী শ্রী বরকত গণিখান চৌধুরি। এর সঙ্গে এটাও বলে রাখি আজকে লুথার সাহেবের নেতৃত্বে সেখানে কর্মচারিদের উপর যে নিপীড়ন চলছে সে সম্পর্কেও মন্ত্রী মন্ডলির দৃষ্টি আকর্ষণ করছি। আগে সাসপেন্ড করা হয়েছিল আবার সম্প্রতি আরও ৩০ জনকে সাসপেন্ড করা হয়েছে। একদিকে লুথার সাহেব অত্যাচারের স্টিম রোলার চালিয়ে যাচ্ছেন ডি.ভি.সি'র কর্মচারিদের উপর। অন্যপক্ষে দেখতে পাচ্ছি উৎপাদন বৃদ্ধি পেয়েছে বলে জনসাধারণকে পক্ষে রাখার চেষ্টা হচ্ছে। বিভ্রান্তির সৃষ্টি করা হচ্ছে, এই সঙ্গে চেষ্টা হচ্ছে ডি.ভি.সি'র সদর দপ্তরকে অন্য রাজ্যে নিয়ে যাবার। এর নেতা হচ্ছেন

বরকত গণিখান চৌধুরি সাহেব এবং তার বরকন্দাজ যারা এখানে বসে আছেন তারা নপুংশক, ক্লীব, ওরা প্রতিবাদ করবেন না। কিন্তু পশ্চিমবাংলার মানুষের প্রতিবাদ জানাতে হবে। রাজ্যমন্ত্রিসভাকে এ সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করতে হবে। এখন থেকে প্রতিবাদ না জানালে ব্যবস্থা হয়ে যাবার পর আর কিছু করবার থাকবে না। ওরা ইন্দিরার ভজনা ছাড়া আর কিছু করবেন না। তাই মন্ত্রী মন্ডলির দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলা এ অবস্থা বরদাস্ত করবে না।

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের প্রশাসনকে সি.পি.এমরা কিভাবে কুক্ষিগত করছে তার একটা উদাহরণ দিচ্ছি এবং আপনার মাধ্যমে আমাদের পঞ্চায়েত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের মুর্শিদাবাদ জেলার সুতি এক নম্বর ব্লকে আহিরম গ্রাম আমার কনস্টিটিউয়েন্সির মধ্যে, সেখানে গ্রাম পঞ্চায়েতের প্রধান ছিলেন সি.পি.এমের শ্রী জয়কুমার রায়। মাস কয়েক আগে তার বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনা হয় এবং তার জায়গায় কংগ্রেসের শ্রী ধীরেন ঘোষ প্রধান হন। সে সময় তার বিরুদ্ধে অডিট রিপোর্ট পঞ্চায়েত অফিসার অডিট করেন এবং দেখা যায় যে তার কাছে ৫ হাজার টাকা পাওনা আছে। তাকে বলা হয় যে তুমি টাকা ফেরত দাও। এরপর যখন সে টাকা ফেরত দেয় না তখন ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, ডিস্ট্রিক্ট পঞ্চায়েত অফিসার সকলে বি.ডি.ও.কে চিঠি লেখেন যে তুমি টাকা ফেরত দাও, এবং না দিলে ৭ দিনের মধ্যে ওর নামে কেস স্টার্ট কর। কিন্তু অত্যন্ত আশ্চর্যের কথা এইরকম চিঠি দেওয়া সি.পি.এমের লোকরা গিয়ে বি.ডি.ও.কে ঘেরাও করে এবং জানিয়ে দেয় যে তাদের বিরুদ্ধে কোনও কেস স্টার্ট করতে পারবে না। আমি আপনার মাধ্যমে আহুরা গ্রাম পঞ্চায়েত প্রধান জয়কুমার রায় তার কাছে যে ৫ হাজার টাকা পাওনা আছে তা আদায়ের জন্য আইনানুগ ব্যবস্থার জন্য পঞ্চায়েত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[2-50 — 3-00 p.m.]

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় আলোচনা করছি। কিছুদিন আগে পশ্চিম দিনাজপুর জেলায় আইন শৃঙ্খলা নিয়ে একটা আলোড়ন সৃষ্টি হয়েছিল। আমি সেখানকার প্রতিনিধি হিসাবে বাস্তব চিত্র নিজে দেখেছি। আমার যে গ্রামে বাড়ি সেই গ্রামের পাশে সন্ধ্যার সময় দুজন লোক খুন হয়ে গেছে। এ ছাড়া গত এক বছর ধরে সন্ধ্যে ৬টা থেকে সমাজবিরোধীরা গ্রামের মানুষদের খুন করে আসছে এবং লুঠ করছে। কিন্তু দুঃখের বিষয় পুলিশ এই সমস্ত সমাজবিরোধীদের ধরবার ব্যাপারে নীরব ভূমিকা পালন করে আসছে। সেইজন্য বলছি অচিরে এই জঙ্গলের রাজত্বের অবসান করুন যাতে গ্রামের মানুষ শান্তিতে বাস করতে পারেন এবং কাজকর্ম করতে পারেন। এইদিকে দৃষ্টি দেবার জন্য মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার, এই বিষয়ে আমাদের যে আশঙ্কা ছিল যে আপনি অ্যাডজোর্নমেন্ট মোশনে নেবেন, না কলিং অ্যাটেনশনে নেবেন সেটা ঠিক না হওয়ায় আমি মেনশনে দিয়েছি। আপনারা দেখেছেন যে ইটাহার থানা থেকে ২৭টি এবং কুশমন্ডি থেকে ১টা এবং বংশিহারি থেকে ৬টা বন্দুক গেছে। এই ঘটনা গত এক বছর ধরে চলছে। এই বিষয়ে

বহুবার রিপ্রেজেনটেশন এবং ডেপুটেশন দিয়েছি কিন্তু মূল কথা হচ্ছে চিফ মিনিস্টার নিজেই স্বীকার করেছেন যে যে সেখানে পুলিশ অফিসার ততপর হয়েছিলেন তাতে বংশিহারির ওসি এবং সাবঅর্ডিনেট যারা আছেন তাদের ৬ মাস আগে সেখানে পোস্টিং করা হয়েছিল। এরা গ্রেনেড, রিভলবার, বোমা ধরেছে। কিন্তু দুর্ভাগ্যের বিষয় আপনার দলের মানুষ এদের হয়ে তদ্বির করছেন এবং জামিন নিতে গেছে— পারেনি আমরা দেখলাম স্টাফ যারা গ্রেনেড, রিভলবার রিকোভারি করেছে আপনার এম.এল.এ, স্থানীয় মানুষ এই অফিসারদের ৬ মাসের মধ্যে লক স্টক অ্যান্ড ব্যাটল বদল করে দিলেন। সেইজন্য বলতে চাই এফেকটিভ টিম সেখানে দিন। এমন কোনও ব্যবস্থা নেই যে একটা থানায় একজন অফিসার থাকবেন। অতএব অ্যাডিকয়েড নাম্বার অব পুলিশ, ইন বিটুউইন প্লেসে পুলি ...কেট রাখবার এবং মোবাইল ভ্যান যাতে দিনরাত্রি ভিজিলেন্স রাখতে পারেন সে বিষয়ে ব্যবস্থা করুন। এরিয়া খুব বড় নয় মাত্র ২৬ স্কোয়ার মাইল The whole area affected by this onslaught is not more then 26 squaremiles altogether. এখানে মোবাইল পেট্রোল, পুলিশ ভিজিলেন্স এবং আউট পোস্ট দেবার কোনও অসুবিধা নেই। সেইজন্য আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যেন তিনি এখনি এইসব ব্যবস্থা গ্রহণ করেন, না হলে পুলিশ ও পাবলিকের মর‍্যাল ব্রেকডাউন হতে পারে।

**শ্রী সন্তোষকুমার দাস :** স্যার, এই বিধানসভায় গত বছর মাননীয় শিক্ষামন্ত্রী বলেছিলেন যে মাধ্যমিক বিদ্যালয়গুলি ম্যানেজিং কমিটি আকার ছোট করব এবং প্রাথমিক বিদ্যালয় ও কলেজগুলির মতো কমিটি করে দেব যাতে উপদেষ্টা হিসাবে কাজ করবো। কিন্তু এখনও তা হয়নি। এই সমস্ত কাজ যত তাড়াতাড়ি হবে শিক্ষার ক্ষেত্রে তত মঙ্গল হবে। তিনি কায়েমি স্বার্থের ঘুঘুর বাসা ভাঙ্গতে প্রচেষ্টা করেছিলেন কিন্তু তারা এখনো আছেন। এদের অস্তিত্ব যাতে তাড়াতাড়ি লোপ পায় সেজন্য ৩।৪ জন নিয়ে কমিটি করবার অনুরোধ জানাচ্ছি।

**শ্রী আব্দুল করিম চৌধুরি :** স্যার, আমি এখানে একটি ঘটনার কথা উল্লেখ করতে চাই। স্যার, যে ৩৫টি বন্দুক ছিনতাই হয়েছে কয়েকটি গ্রামে আজকে কাগজে দেখলাম সেটা নূতন ব্যাপার কিছু নয়। পেপারগুলি আজকে ফ্লাস করেছে। কিন্তু এই জুলুম এবং টেররিজিম অনেক দিন ধরে চলছে for the last 7/8 months আমাকে একটি লোক এসে বলেছিলেন যে, হরিরামপুর এলাকায় একজন লোক যে লোক এইসব কাজ করছে, তার নাম চ্যালেঞ্জ করা হয়েছে এবং কয়েকটি লোককে টারগেট করা হয়েছে যে তাদের খুন করবে। এবং তাদের অনেক লোককে মারা হয়েছিল। সেই বিষয়ে ডাঃ জয়নাল আবেদিন গত সেশনে বলেছিলেন যে, ৩৬টি মার্ডার হয়েছিল। বংশিহারি এবং ইটাহারেতে। ঠিক এইভাবে অনেক রকম মার্ডারের টারগেট নেওয়া হয়েছিল। অনেক লোক সেখান থেকে পালিয়ে কেউ কলকাতায়, কেউ পাটনায়, কেউ আবার পুর্নিয়ায় আছে। এইরকমভাবে লোক পালিয়ে বেড়াচ্ছে। সেখান থেকে অনেক ডেপুটেশন মাননীয় মুখ্যমন্ত্রী, ডি.এম., এস.পির কাছে দেওয়া হয়েছে, কিন্তু সরকারি ভাবে কোনও ব্যবস্থা নেওয়া হয় নি। আজকে হঠাৎ যদি এই জিনিসটা এইভাবে বেড়ে চলে, আমার মনে হয় স্যার, ক্যানসার রোগের মতো সারা জেলায় ছড়িয়ে পড়বে। The whole West Dinajpur district has been suffering from panick and terror. তারপর সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে পড়বে। যদি এমন অবস্থায় কোনও ব্যবস্থা না নেন,

তাহলে একটা জটিল অবস্থার সৃষ্টি হবে। এইজন্য আমি বলব, সরকারের তরফ থেকে ব্যবস্থা নেওয়া হোক। সেখানে সি.আর.পি. এবং বি এস এফ-দের দিয়ে কমবাইন্ড অপারেশন করে এই নকশাল পন্থী এবং এক্সট্রিমিস্টদের আইন অনুযায়ী ট্রিট করা হোক। তা নাহলে মুশকিলে পড়তে হবে এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। মালদহ জেলার একদিকে পশ্চিম দিনাজপুর আর একদিকে বাংলা দেশ, অন্যদিকে বিহার। পশ্চিম দিনাজপুর জেলার নকশালি আক্রমণ, বাংলাদেশ থেকে গরু চোরের আক্রমণ, আর বিহার থেকে ডাকাতির আক্রমণ। তিনদিক থেকে আক্রমণ হওয়ার জন্য মালদহ থানার লোকেরা ঘুমাতে পারছে না। কেউ সেখানে বাস করতে পারছে না। তাদের মধ্যে অনেকে টাউনে এসে বাস করছে। বার বার বলা সত্ত্বেও পুলিশ সেখানে কিছু করছে না। সরকার যে কি চাচ্ছেন আমরা কিছু বুঝতে পারছি না। এইসব জায়গাতে নকশালের ততপরতা বেড়েছে এবং ডাকাতির ততপরতা বেড়ে যাওয়া সত্ত্বেও মাত্র ১ জন পুলিশ এবং একজন পুলিশ অফিসার এই থানায় রেখে দেওয়া হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আপনার মাধ্যমে সাজেশন রাখতে চাই, এখানে যে সমস্ত উপদ্রুত এলাকা আছে সেখানে পুলিশের সংখ্যা বাড়ানো হোক এবং অফিসারের সংখ্যা ২ জন করা হোক। থানায় বিভিন্ন এলাকায় এখনই পুলিশ চৌকি বসানো হোক। প্রতিটি থানায় দুটি করে সচল জিপ দেওয়া হোক, থানায় যে জিপ আছে সেগুলি চলে না চললে পেট্রোল খায় বেশি। বি.এস.এফ. এবং অন্য আর্মি দিয়ে রুট মার্চ করানো হলে লোকের মনোবল ফিরে আসবে। আপনি একটি এম.এল.এদের টিম এখানে পাঠাবার ব্যবস্থা করুন। তারা এখানে উভয় দলের লোক হিসাবে সমস্ত জিনিসটা জানতে পারবেন। একটা নিবেদন মুখ্যমন্ত্রীর কাছে আপনার মাধ্যমে জানালাম।

[3-00 — 3-40 p.m.(including adjournment)]

**শ্রী সুমন্তকুমার হীরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সংবাদপত্রে দেখলাম যে, কলিকাতা ইউনির্ভাসিটির সামনে গতকাল ইন্দিরা কংগ্রেসের ছাত্রশাখা যে তান্ডব চালিয়েছে সে ব্যাপারে মাননীয় সদস্য রজনী দলুই গোটা হাউসকে মিসলিড করেছেন, বিভ্রান্ত করেছেন। তিনি বলেছিলেন, ছাত্রদের উপর নাকি পুলিশ গুলি চালিয়েছে ও আক্রমণ করেছে। আমার অনুরোধ, মাননীয় সদস্য যেন এইরকম অসত্য সংবাদ না দেন। সরকারকে বিব্রত করার জন্য, এইরকম বিবৃতি যেন বন্ধ করেন।

গতকাল ছাত্র পরিষদের ছেলেরা সমস্ত ট্রাম, বাস বন্ধ করে দিল, বোমাবাজি করল, ছাত্র ফেডারেশনের ছেলেদের উপর বোমা মারল তখন পুলিশ সরিয়ে দিয়ে জনসাধারণের স্বার্থে রাস্তা অবরোধ মুক্ত করেছে। ছাত্র পরিষদ (আই) পুলিশকে বাধ্য করেছে এই কাজ করতে এবং এর সমস্ত দায়িত্ব ছাত্র পরিষদের। আমি মনেকরি এখানে সরকারের কোনও দায়-দায়িত্ব নেই। ছাত্র পরিষদের বোমার আঘাতে ছাত্র ফেডারেশনের নেতা এবং ছাত্র সংসদের অফিস বিয়ারার গুরুতর আহত হয়েছে। ছাত্র সংসদের অফিসঘর বোমার আঘাতে ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। এইসব ছাত্র পরিষদের গুন্ডাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছি।

[25th February, 1981]

**শ্রী নির্মল বসু :** মাননীয় স্পিকার মহাশয়, গতকাল লোকসভায় কংগ্রেস(আই) সদস্য শ্রী অশোক সেন পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের শিক্ষানীতি এবং বিশেষ করে ভাষা নীতির তীব্র সমালোচনা করেছেন, বিষোদ্গার করেছেন। স্যার, এই বিষয়টি রাজ্য সরকারের এক্তিয়ারে কাজেই এই নিয়ে আমাদের বিধানসভায় আলোচনা হতে পারে। লোকসভায় এই ব্যাপার নিয়ে যে আলোচনা হল তাতে আমি মনে করি এইভাবে আলোচনা করে তিনি বিধানসভার এবং রাজ্য সরকারের কাজে অকারণ হস্তক্ষেপ করেছেন। তাই আমি আপনার কাছে অনুরোধ রাখছি, আপনি আমাদের এই মনোভাব লোকসভার মাননীয় স্পিকারের কাছে পৌঁছে দেবেন।

**Shri Ramzan Ali :** Mr. Speaker, Sir, I draw the kind attention of Hon'ble Chief Minister over the rampant crime and cattle lifting in the villages Beliadanga, Tilogachha under P.S. Chopra in the district of West Dinajpur from where almost all cattle were stolen away at the point of gun. The peasants have stopped their cultivation operation as they are not in a position to purchase the cattle. I therefore request the Hon'ble Chief Minister that armed police force may kindly be deployed there to protect the cattle and the life of the villagers. Thank you.

**শ্রী রাজকুমার মন্ডল :** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে ইনফর্মেশন অ্যান্ড পাবলিক রিলেসন্স মন্ত্রী মহাশয়ের কাছে কয়েকটি অশ্লীল গানের রেকর্ড সম্বন্ধে বক্তব্য রাখছি এবং তাকে অনুরোধ করছি এই সমস্ত রেকর্ডগুলি নিষিদ্ধ করা হোক। এই সমস্ত অশ্লীল এবং অশোভন রেকর্ডগুলির প্রথম অংশ এবং অন্য কিছু অংশ আমি পড়ে শোনাচ্ছি। একটি রেকর্ডে গাইছে, "ও গিন্নি চোর ঢুকেছে মেয়ের ঘরে", আর একটি রেকর্ডে আছে, "ও জামাই তুই কেন মোর ভাতার হইলিনা"। আর একটি রেকর্ডে আছে, "ও ললিতা শোন, শোন ললিতা শোন — আমার সঙ্গে প্রেম করেছে তোর ছোট বোন"। কাজেই আমি অনুরোধ করছি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয় এই সমস্ত রেকর্ডগুলো বাজেয়াপ্ত করুন এবং এই সঙ্গে আর একটি প্রশ্ন রাখছি, এই ধরনের রেকর্ডগুলো বাজারে আসার আগে সেন্সরের ব্যবস্থা কেন হয়না?

**ডাঃ বিনোদবিহারী মাঝি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় ভূমি রাজস্বমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই মূল বর্গা অপারেশনের ফলে বাঁকুড়ার বিষ্ণুপুর থানার রাধানগর গ্রামের অধিবাসী নারায়ণচন্দ্র ব্যানার্জির স্ত্রী বিধবা প্রতিভা ব্যানার্জি তার পুত্র ও কন্যা নিয়ে অনাহারে দিন কাটাচ্ছে। খবরে প্রকাশ কাকলি মৌজার ৪২৭ নং দাগের ১০/১২ বিঘা জমিতে বরাবর, তার স্বামী যখন জীবিত ছিলেন, তাদের গ্রামের ফকির আলি দিন মজুর হিসাবে কাজ করত। বহুদিন ধরে সে কাজ করে আসছে। বর্গা অপারেশন আরম্ভ হলে, বামফ্রন্ট সরকার আসার পরে, সেই সমস্ত জমি তার নামে রেকর্ড করা হয়েছে এবং চাষ হয়ে যাবার পরে সমস্ত ফসল সে নিজের বাড়িতে নিয়ে তুলেছে। এই সম্বন্ধে সংশ্লিষ্ট অফিসার ডি এম এবং এস ডি ও র কাছে দরখাস্ত করেও কোনও সুরাহা হয়নি। আমি আপনার মাধ্যমে মাননীয় ভূমি ও ভূমি রাজস্বমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে তিনি সুবিচার করেন।

**শ্রী মনীন্দ্রনাথ বর্মা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। তুফানগঞ্জ মহকুমায় মাত্র একটি ব্লক, লোক সংখ্যা হচ্ছে ২ লক্ষ ৪২ হাজার, এবারে সেই মহকুমার লোকসংখ্যা দাঁড়াবে ২ লক্ষ ৭৫ কি ৮০ হাজার, এখানে আর একটি ব্লক করার জন্য বহু আবেদন নিবেদন করা হয়েছে, কিন্তু না হওয়ার ফলে এবং একটি মাত্র ব্লক হওয়ার ফলে কাজ ঠিক ঠিক হচ্ছেনা। কারণ একটি ব্লক হওয়ায় সরকার থেকে যে টাকা দেওয়া হয় তাতে কাজ হয়না। সরকার ব্লক ভিত্তিক টাকা দিয়ে থাকেন। ব্লকে যদি ৫০ হাজার লোক থাকে তারজন্য দেওয়া হয় ধরুন ৫ হাজার টাকা আবার লোক সংখ্যা এক লক্ষ হলেও দেওয়া হয় সেই ৫ হাজার টাকা। তুফানগঞ্জ একটি মাত্র ব্লক হওয়ার ফলে সেখানে এইভাবেই টাকা দেওয়া হচ্ছে যদিও সেখানে মানুষের সংখ্যা অনেক বেশি। ফলে এখানকার মানুষ, তুফানগঞ্জের মানুষ অসহায় বোধ করছে। আমি এই ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় তথা মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। দীর্ঘদিন যাতে এভাবে আটকে রাখা না হয় এবং ২য় ব্লক খোলা হয়, সুষ্ঠু ব্যবস্থা হয়, তারজন্য আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি।

(At this Stage the House was adjourned till 3-40 p.m.)

[3-40 — 3-50 p.m.](after adjournment)

## LEGISLATION

**The West Bengal Agricultural Produce Marketing (Regulation) (Amendment) Bill, 1981.**

**শ্রী কমলকান্তি গুহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতিক্রমে "দি ওয়েস্ট বেঙ্গল এগ্রিকালচারাল প্রোডিউস মার্কেটিং (রেগুলেশন) (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৮১ বিলটি পশ্চিমবঙ্গ কৃষিজাত দ্রব্য বিপনন (প্রনিয়ন্ত্রণ) (সংশোধন) বিধেয়ক, ১৯৮১ এই সভায় উপস্থাপিত করছি।

(Secretary then read the title of the Bill)

**শ্রী কমলকান্তি গুহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দি ওয়েস্ট বেঙ্গল এগ্রিকালচারাল প্রোডিউস মার্কেটিং (রেগুলেশন) অ্যামেন্ডমেন্ট বিল, ১৯৮১ বিলটি এই সভায় বিবেচনার জন্য উপস্থাপিত করছি। আপনারা দেখেছেন আমার বিলের উদ্দেশ্যটা কি। প্রথম কথা হচ্ছে আমরা দেখেছি যেসব আমরা নিয়ন্ত্রিত বাজার করছি সেগুলি যাতে কার্যকর করতে না পারি তারজন্য কিছু বেসরকারি বাজার সেই এলাকায় তৈরি হয়ে যাচ্ছে এবং সেগুলিকে আমরা কিছু করতে পারছি না। ফলে কিছু লোক ইচ্ছামত কৃষক যারা বিক্রয় করতে আসে তাদের শোষণ করা হচ্ছে এবং ক্রেতারাও খুব অসুবিধায় পড়ছে। সেইজন্য এই আইনে বলা হয়েছে আমরা সেই বেসরকারি বাজারকে লাইসেন্স নিতে বাধ্য করব এবং সেই লাইসেন্স দেবার সময় আমরা কিছু শর্ত আরোপ করে দেব যাতে তারা এই ধরনের সুযোগ না পায়। এইসব বেসরকারি বাজার দিনের পর দিন মুনাফা করছে কিন্তু বাজারের কোনও উন্নতি করছে না যার ফলে

যারা বিক্রি করতে আসে এবং ক্রেতা সাধারণের খুব অসুবিধা হচ্ছে। সেইজন্য আমি এই বিলটি এনেছি। আরও হচ্ছে আমরা বলেছি যে এই বাজার ছাড়া সেই এলাকায় অন্য কেউ ব্যবসা বাণিজ্য করতে পারবে না এটা আমরা নির্দিষ্ট করে দেব। যারা কৃষক তারা যদি অন্য কৃষককে বিক্রি করে তাদের আমরা লাইসেন্সের মধ্যে আনছি না তাদের উপর হস্তক্ষেপ করছি না তাহলে সাধারণ কৃষকের অসুবিধা হবে। এর দ্বারা নিয়ন্ত্রিত ৩৫টি মার্কেট প্লেস আছে। আমরা দেখেছি, কৃষকরা উৎপাদন করে যাচ্ছে কিন্তু তারা তাদের উৎপাদিত দ্রব্যের দাম পাচ্ছে না। সেখানে ফোড়ে, আড়তদার, মহাজনরা তাদের শোষন করছে। তাছাড়া কৃষকরা যে দামে বিক্রি করছে সেই কম দরটা কিন্তু যারা কিনে খাচ্ছে তারা পাচ্ছে না, অনেক বেশি দামে তাদের কিনতে হচ্ছে। এইসব কারণে আমরা আমাদের এই বিপনন শাখাটিকে খুব জোরদার করার চেষ্টা করছি। আগে এটা কৃষি অধিকর্তার অধীনে ছিল, এখন বিপনন আধিকারিক করেছি। সমস্ত জিনিসটা যাতে জোরদার হয় এবং তা হয়ে পশ্চিমবঙ্গের সমস্ত মহকুমা এই নিয়ন্ত্রণ আইনের আওতায় আসে তারজন্য এটা করেছি। আমরা দ্রুত এগিয়ে যেতে চাই বলে আগের আইনের যে সমস্ত অসুবিধাগুলি ছিল সেটা সংশোধন করে এই আইন এনেছি। মাননীয় সদস্যগণ আশা করি আমার এই বিলকে সমর্থন করবেন।

**মিঃ স্পীকার ঃ** মাননীয় সদস্যগণ, এই বিলের উপর বক্তা হিসাবে কয়েকজনের নাম আমার কাছে দেওয়া আছে এবং তাদের টাইমও দেওয়া আছে। আপনারা জানেন, এই বিলটির উপর ১।। ঘন্টা সময় ধার্য করা আছে, কাজেই আপনাদের আমি বলব, আপনারা আগে এবং পরে কে কতটা বলবেন সেটা আপনাদেরই ঠিক করে নিয়ে আপনাদের যে সময় দেওয়া আছে সেটা ভাগ করে নিতে হবে। যেমন শশবিন্দুবাবুর নামের পাশে ২৫ মিনিট সময় দেওয়া আছে, এই ২৫ মিনিটের মধ্যে আপনি সার্কুলেশন মোশনের উপর কতটা বলবেন এবং অ্যামেন্ডমেন্টের উপর কতটা বলবেন সেটা আপনাকেই ঠিক করে নিয়ে ঐ ২৫ মিনিট সময়টা ভাগ করে নিতে হবে।

**শ্রী শশবিন্দু বেরা ঃ** স্যার, আমার যে অ্যামেন্ডমেন্টগুলি আছে সেগুলি ক্লিয়ার করার জন্য আমাকে তো বলতে হবে, সেখানে আমি অযৌক্তিক কিছু বললে আপনি বসিয়ে দেবেন কিন্তু কথাটা পরিষ্কার করে বলার জন্য যে সময়টুকু দরকার সেইটুকু সময় তো দেবেন। তা না হলে স্যার, লেজিসলেশনের ব্যাপারে আমাদের অধিকারের উপর হস্তক্ষেপ করা হবে বলেই মনে হবে।

**মিঃ স্পীকার ঃ** অধিকারে হস্তক্ষেপ করার কোনও ব্যাপার নেই। বিজনেস অ্যাডভাইসরি কমিটি এই বিলটির জন্য ১।। ঘন্টা সময় ধার্য করেছেন মন্ত্রীর রিপ্লাই সহ, কাজেই ঐ সময়ের মধ্যেই এটা করতে হবে। বিজনেস অ্যাডভাইসরি কমিটি যদি ৪ ঘন্টা সময় দিতেন আমিও তাহলে আপনাদের আরও বেশি সময় দিতে পারতাম কিন্তু সে সময় তো দেওয়া হয়নি কাজেই ১।। ঘন্টায় এই বিলটি শেষ করতে হবে। আপনাকে বলা হচ্ছে, আপনার ২৫ মিনিট সময়টি ভাগ করে নিয়ে আপনি বলবেন। এতে অধিকারে হস্তক্ষেপ কি করে হল?

[3-50 — 4-00 p.m.]

**শ্রী শশবিন্দু বেরা** : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion by the 31st May, 1981.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সত্যি কথা বলতে কি বর্তমান বিলটা এমন গুরুত্বপূর্ণ নয় যাতে জনসাধারণের মতামত গ্রহণের জন্য এটাকে প্রচার করা যেতে পারে। কিন্তু স্যার, অন্য একটি বিশেষ ব্যাপারে আমার কিছু বক্তব্য আছে, সেটা আমি পেশ করছি। স্যার, এটি একটি ছোট আয়তনের বিল, ১৯৭২ সালে মূল আইনটি পাশ হয়েছিল তারপর ১৯৭৫ সালে অ্যাক্ট নং ৩৪,১৯৭৭ সালে অ্যাক্ট নং ১২ এবং ১৯৭৪ সালে অ্যাক্ট নং ২৭ এই তিনটি আইনের দ্বারা এটা সংশোধিত হয়েছে এবং তারপর এখন চতুর্থ সংশোধন এসেছে। স্যার, আমার মতো লোক যারা আইনজীবি নয় আমাদের পক্ষে সবচেয়ে অসুবিধা হচ্ছে এই সংশোধনী সম্বলিত আইনটি আপনার লাইব্রেরিতেও নেই এবং বাজারেও পাওয়া যায়না। মূল আইনের সঙ্গে রাশিকৃত ফ্ল্যাপ জুড়ে জুড়ে এমন অবস্থা হয়েছে যে মূল আইনটি কি ছিল, কি হয়েছে, কি হবে সেটা বের করা আমাদের পক্ষে খুব দুঃসাধ্য ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। আমার মনে হয় আমাদের লেজিসলেশনের ব্যাপারে সাহায্য করার জন্য বিশেষত আপনি যে সময়ের উপর গুরুত্ব দিচ্ছেন সেই সময় সংক্ষেপ করার জন্য অন্তত আমাদের লাইব্রেরিতে অ্যামেন্ডমেন্ট অ্যাক্টটি যাতে আমরা পেতে পারি তার ব্যবস্থা থাকা দরকার। এই বিলটি যদি সার্কুলেট করা হয় তাহলে অন্তত একটা ফল হবে যে এই আইনটা আমরা ঠিকভাবে পেতে পারবো। আমার মনে হয় আইনজীবিরাও বলবেন, এইভাবে আইনটি রাখা উচিত নয়। নতুন একটি আইন আনা হোক যাতে সহজে বোধগম্য হয়। এই আইন সম্পর্কে আমার একটু বক্তব্য আছে। অবজেক্ট অ্যান্ড রিজনস টু মেক প্রভিসন টু ডিনোটিফাই দি এরিয়াস অলরেডি নোটিফায়েড অ্যাজ মার্কেট এরিয়াস মন্ত্রী মহাশয় অবজেক্টস অ্যান্ড রিজনস সম্পর্কে সমস্ত কথাগুলি ব্যাখ্যা করে বলেন নি। তিনি বলেছেন, নিয়ন্ত্রণ মার্কেট এরিয়া থাকা দরকার যাতে আমাদের দেশের কৃষকরা, যারা পন্য উৎপন্ন করেন, তারা যাতে উপযুক্ত মূল্য পান to make provision to denotify-(c) of Objects and reasons - to make provision to denotify areas already notified as market areas. যেগুলি অলরেডি মার্কেট এরিয়া আছে, সেগুলি ডিনোটিফায়েড এরিয়া করবার প্রয়োজন হবে কেন, সেগুলিকে মার্কেট এরিয়া থেকে বাদ দেবার প্রয়োজন হবে কেন, সেটাও ব্যাখ্যা করা হয়নি মন্ত্রী মহাশয়ের উক্তির দ্বারা। আমি আশা করব যে উত্তর দেবার সময়ে তিনি সেটা পরিষ্কার করবেন। মোটামুটি মূল যে আইন সেই আইন সম্পর্কে আমার বিশেষ কিছু বলবার নেই, উদ্দেশ্য সম্পর্কে যে কথা বলা হয়ছে, সেটাও আমি সমর্থন করি। কিন্তু আমার যে ধারনা, এই আইনটি ১৯৭২ সালে রচিত হবার পরে এটাকে স্বার্থক ভাবে কার্যকর করা হয়নি। যারজন্য যারা উৎপাদক তারা সুযোগ সুবিধা পাচ্ছে না, তাদের সুযোগ সুবিধার চিন্তার কথা মাননীয় মন্ত্রী মহাশয় তার বক্তব্যের মধ্যে রেখেছেন। আমি প্রধানত এই কথা বলতে চাই যে এত পরিবর্তন যখন হচ্ছে তখন এই আইনকে রিপিল করে একটা সংশোধনী আকারে নূতন আইন করা হোক। এই কথা বলে আমার সার্কুলেশন মোশনকে সমর্থন করার জন্য অনুরোধ করে আমার বক্তব্য শেষ করছি।

[25th February, 1981 ]

**শ্রী কমলকান্তি গুহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি বক্তব্য রেখেছেন যে আইনটা কেন বারে বারে আসছে। আমি বলছি যে বারে বারে আসবে, আরও আসবে। উনি বলেছেন যে ১৯৭২ সালে এল, ১৯৭৫ সালে এল ১৯৭৮ সালে, এটা বারেবারে আসছে। আবার বলছেন যে সবগুলি মিলিয়ে একসঙ্গে যদি করা যায় তাহলে সুবিধা হবে, সকলে জানতে পারবে, কেন এটা বারেবারে আসবে আমরা যতক্ষণ না মানুষের কাছে এগিয়ে যাব, আমাদের দৃষ্টিভঙ্গি যত মানুষের পক্ষে হবে, ততক্ষণ আমাদের বারেবারে এই আইনের পরিবর্তন ঘটাতে হবে। সময়ের সঙ্গে সঙ্গে এর পরিবর্তন ঘটবে এবং এটা বারেবারে আসবে যতক্ষণ পর্যন্ত আমরা সমাজতন্ত্রে না পৌঁছে যেতে পারছি। কাজেই উনি যে কথা বলেছেন সেটা আমি মানতে পারছি না। আবার নোটিফায়েড এরিয়া সম্পর্কে বলেছেন যে কেন করা হবে? আমি এই কথা বলতে চাই যে আমরা ঠিক করেছি যে প্রতিটি মহকুমা ভিত্তিতে এই নিয়ন্ত্রিত বাজার করব। আগে ইচ্ছামতো কোনও মন্ত্রীর বাড়ির কাছে কয়েকটা গ্রাম নিয়ে বাজার হত, একটা জেলায় দেখা.গেছে ১০টা হয়ে গেল, আবার কোনও জায়গায় হলনা। সেজন্য এখন আমরা ঠিক করেছি যে প্রত্যেকটি মহকুমা এই নিয়ন্ত্রিত বাজারের অধীনে আনব। এখন ইচ্ছামতো এলাকা নেওয়া, ইচ্ছামতো এলাকা বাদ দেওয়া চলবে না। জনসাধারণের কাছে প্রচার করা হোক এই যে কথা বলা হয়েছে সে সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে, জনসাধারণের স্বার্থের কথা ভেবে কৃষি দপ্তর বিপনন শাখার মাধ্যমে কৃষককে ন্যায্যমূল্য দেবার চেষ্টা করছে এবং ন্যায্যমূল্যে সাধারণ মানুষের কাছে জিনিসপত্র পৌঁছে দেবার চেষ্টা করছে। কাজেই প্রচারের কথা যেটা বলা হয়েছে আমি তার বিরোধিতা করছি।

The motion of Shri Sasabindu Bera that the Bill be circulated for the purpose of eliciting opinion was by the 31st May 1981 then put and lost.

[4-00 — 4-10 p.m.]

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রী নিয়ন্ত্রিত বাজার সম্পর্কে যে সংশোধনী বিল এনেছেন তাতে যে সমস্ত ধারা এবং উপধারা সংশোধিত আকারে এসেছে তারজন্য আমি তাকে সাধুবাদ জানাচ্ছি। স্যার, গ্রামাঞ্চলে একটা প্রবাদ বাক্য আছে, "হাঁসে ডিম দেয়, কিন্তু খায় সেটা দারোগাবাবু"। কৃষকদের বেলায়ও ঠিক সেই কথা খাটে। গ্রামের কৃষক যে ফসল তৈরি করছে তারজন্য তার যে মেহনত হয় এবং ফসল তৈরির খরচ হয় সেটা কেউ বোঝে না। মহাজন, শিল্পপতি, জমিদার সকলেই ওই কৃষকদের শোষণ করে এবং তার ফলে দিনের পর দিন তারা গরিব হয়ে পড়ছে। কাজেই উৎপাদক শ্রেণীর উৎপাদিত মালের মূল্য নির্দ্ধারণ করে দেওয়া উচিত। স্যার, বাজারে একটা ঔষধ বেরুলে তার দাম লেখা থাকে, একটা মাজন বেরুলে তার গায়ে দাম লেখা থাকে। কিন্তু কৃষকের উৎপাদিত ফসলের মূল্য নির্দ্ধারিণ করা থাকেনা এবং তার ফলে ধান, আলু পাট যা কিছু সে উৎপন্ন করে সেটা ওই মহাজন, বনিক শ্রেণী এবং ফোড়েরা লুটে নেয় এবং কৃষক বঞ্চিত হয়। কৃষিজাত পণ্যের সঙ্গে শিল্পজাত পণ্যের তুলনা করলে দেখা যাবে ১ কেজি পাটের দাম আটআনা, কিন্তু ১ কেজি পাটের সুতোর দাম ৮/৯ টাকা, ১ কেজি সর্ষের দাম ৩ টাকা,

কিন্তু ১ কেজি সর্ষের তেলের দাম ১৩/১৪/১৫ টাকা। তুলোর ক্ষেত্রে দেখুন, চাষিরা তুলো উৎপন্ন করে খুব কম পয়সা পায় অথচ সেই তুলো থেকে সুতা তৈরি করে মালিকরা প্রচুর টাকা মুনাফা করে। গত ৩১ বছর ধরে কংগ্রেস এবং জনতা সরকারের আমলে মালিকরা এইভাবে দীর্ঘদিন ধরে কৃষকদের শোষণ করেছে। আমরা জানি গোটা ভারতবর্ষের কৃষক শ্রেণী তাদের ফসলের ন্যায্যমূল্য পাবার জন্য সংগ্রাম করে চলেছে। আপনারা তাকিয়ে দেখুন বোম্বে এবং নাগপুরের দিকে। কি ঘটনা সেখানে ঘটল? আমরা দেখেছি বোম্বে থেকে নাগপুর পর্যন্ত হাজার হাজার লোকের মিছিল চলেছে এবং সেই মিছিলের উপর আক্রমণ করা হয়েছে। আজকে রুর‍্যাল প্রডাকশন প্রোগ্রামে কি বলা হচ্ছে, সেখানে বলা হচ্ছে Agriculture is the main occupation of the people of West Bengal. 75 per cent of the people live in the rural areas and the principal output of this State is derived from agriculture and related activity. সুতরাং গ্রাম বাংলার অধিকাংশ মানুষ আজকে এই ফসল থেকে, চাষ থেকে জীবিকা নির্বাহ করছে। তাই আজকে ফসলের দাম বাধার জন্য নিয়ন্ত্রিত মার্কেট তৈরি করার জন্য এবং এই মহাজন এবং ফড়েরা যাতে কৃষকদের শোষণ করতে না পারে তারজন্য পশ্চিমবঙ্গের কৃষিমন্ত্রী আজকে যে আইন প্রণোয়ন করছেন তারজন্য তাকে আমি অভিনন্দন জানাচ্ছি। আজকে আমি বলব, সারা পৃথিবীর উৎপাদনের সঙ্গে আমাদের দেশের কৃষকরা পেছিয়ে পড়ে নাই। সারা পৃথিবীতে ১৯৭৭ সালে ধান চাষ হয়েছে ১৪.২৮ কোটি হেক্টর। চিনে উৎপাদন হয়েছে ৩.৭০ কোটি হেক্টর আর ভারতে হয়েছে ৩.৯৫ কোটি হেক্টর জমিতে। পশ্চিমবাংলায় হয়েছে ৫ হাজার ৪২৪.৭ হেক্টর জমিতে। গমের চাষ হয়েছে ১৯৭৭ সালে সারা পৃথিবীতে ২৩.২৩ কোটি হেক্টর জমিতে। রাশিয়াতে হয়েছে ৬.২০ কোটি হেক্টর জমিতে আর ভারতে হয়েছে ২.৬৭ কোটি হেক্টর জমিতে। পশ্চিমবঙ্গে হয়েছে ৪৮৪.৪ হাজার হেক্টর জমিতে। ১৯৭৭ সালে সারা পৃথিবীতে পাটের চাষ হয়েছে ২৭.৭৪ লক্ষ হেক্টর জমিতে, চিনে হয়েছে ৪.৭৬ লক্ষ হেক্টর জমিতে। ভারতে হয়েছে ১০.৬৯ লক্ষ হেক্টর জমিতে আর বাংলাদেশে হয়েছে ৭.৫১ লক্ষ হেক্টর জমিতে। পশ্চিমবঙ্গে হয়েছে ৪৭৮.৬ হাজার হেক্টর জমিতে। গত ৩১এ জানুয়ারি ১৯৮১ সালে সারা পশ্চিমবাংলায় ৯৯ মেট্রিক টন ধান উৎপন্ন হয়েছে। ২০ লক্ষ টন বেশি পশ্চিমবাংলায় উৎপন্ন হয়েছে। সুতরাং চাষিরা ফসলের কি দাম পাচ্ছে? ফ্লিড সার্ভে ১৯৬৫-৬৬ এর রিপোর্ট যদি দেখা যায় তাহলে দেখা যাবে ০৫ একর জমিতে যে ফসল উৎপন্ন হয়েছে তার ৪২.৯ ভাগ ফসল কৃষক নিজের জন্য রেখে দেয় আর ৫.৫ ভাগ ফসল মজুরদের জন্য রেখে দেয় এবং বীজের জন্য ১.২ ভাগ রেখে দেয় আর ৫০.৪ ভাগ ফসল সে বাজারে বিক্রি করে। ৫.১০ একর জমিতে উৎপন্ন ফসলের ৩২.৪ ভাগ ফসল নিজের জন্য রেখে দেয়, ৫.৪ ভাগ ফসল মজুরদের জন্য রেখে দেয় আর ২.৩ ভাগ ফসল বীজের জন্য রেখে দেয় এবং ৫৯.১ ভাগ ফসল সে বাজারে বিক্রি করে। এই যে ৫৯.১ ভাগ ফসল বাজারে যায় সেই ফসলের উপর কৃষকদের নিয়ন্ত্রণ থাকে না। ঐ মহাজন এবং ফড়েদের কাছে বিক্রি হয়ে যায় কারণ কৃষকদের চাষ করবার সময়ে আগে থেকেই ঐ মহাজনদের কাছ থেকে সার প্রভৃতি কেনার জন্য টাকা ঋণ নিয়েছে। সেইজন্য দেখা যায়, গ্রামে বিক্রি হয়েছে ৫৪.২ ভাগ ফসল আর গ্রামের বাইরে যাচ্ছে ৪৫.৮ ভাগ ফসল।

দশ একর জমিতে যে ফসল হয় তার ৫১.২ ভাগ ফসল জমির আল থেকে বিক্রি

হয়ে যায়। বাজারে যাচ্ছে মাত্র ৪৮.৮ ভাগ, তাহলে দেখা যাচ্ছে কি? Both of the big farmers and small farmers sell a significant production locally. Local sale, however, would be outside the control of the regulated market. অর্থাৎ এতদিন পর্যন্ত সরকারের কোনও নিয়ন্ত্রণ ছিল না এবং এই নিয়ন্ত্রণ না থাকার ফলে এই রেগুলেটেড মার্কেটের সুপারিশ হয়েছিল। আজকে সেজন্য পশ্চিমবঙ্গে ৫৪টি রেগুলেটেড মার্কেট তৈরি হয়েছে। আমাদের হুগলি জেলায় ৩টি রেগুলেটেড মার্কেট তৈরির পথে আমরা এগিয়ে চলেছি, এজন্য চলেছি আজকে এইভাবে ফড়ে, যারা মহাজন তারা সাধারণ মানুষের অভাবের সুযোগ নিয়ে ঋণ দেয়, সেই ঋণ শোধ করার জন্য কৃষকের জমির আল থেকে ফসল চলে যায়। আজকে কৃষক বসে আছে যে ফসলটা বিক্রি করে তার রুগ্ন স্ত্রীর চিকিৎসা হবে, ছেলেটা পড়ছে, তাদের কাপড় চোপড় বা তার যে ঘরের চালটা ধ্বসে গেছে সেটা মেরামত করবে সেজন্য সে ফসলের আশায় বসে আছে কিন্তু মহাজন জমির আল থেকে কম দামে, মাটির দামে তা নিয়ে যায়। কাজেই তাকে আজকে বঞ্চিত হতে হচ্ছে। পশ্চিমবঙ্গে কৃষক আজকে সবচেয়ে বেশি শোষিত, নিপীড়িত হচ্ছে। মহাজন, মালিক শ্রেণী, মজুতদার, সবাই মিলে নিপীড়ন করছে। সেজন্য এই রেগুলেটেড মার্কেটে আজকে তাদের ফসল নির্ধারিত দামে বিক্রি হয় এবং সেই সঙ্গে মালিক, মজুতদার যারা তাদের বুড়া আঙ্গুল দেখাচ্ছে তাদের জন্য এই আইনটা করা দরকার এবং শুধু করলেই হবে না যাতে আইনের প্রয়োগ হয় তারজন্য পেনাল সেকসান করা দরকার। এই কথা বলে আমি এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রী নবকুমার রায় :** মিঃ স্পিকার স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় আমাদের সামনে যে বিল নিয়ে এসেছেন, মাননীয় সদস্য কিছুক্ষণ আগে তার উপকারিতা সম্বন্ধে বলেছিলেন। কিন্তু বিলটা আমাদের কংগ্রেসরাই নিয়ে এসেছিল। মূলতঃ এই যে ফাউন্ডেশনটা কংগ্রেস করেছে, কিছু অ্যামেন্ডমেন্ট বর্তমান সরকার আনতে চাইছেন। অ্যামেন্ডমেন্টটা কি? কিছু ওয়ার্ড অ্যামেন্ডমেন্ট আছে, আর দুই একটি প্যারা অ্যামেন্ডমেন্ট আনতে চাইছেন। এর মধ্যে ছিল যে কমিটি একটা গঠন করা হবে এবং সেটির কারা কারা মেম্বার হবেন তা পরিস্কার উল্লেখ ছিল যে ঐ রেগুলেটিং এরিয়া যতটা আছে তাতে সবকটি বিধানসভার সদস্য থাকবেন। এখানে উনি বলছেন—না, তিনি হবেন না, তাদের ভাইটাল পোর্শন মেন অংশ যার কাছে আছে তিনিই একমাত্র সদস্য হতে পারেন। অন্য মেম্বাররা সদস্য হবেন না। ডিফারেন্সটা ঐখানেই। এখানে উনি বলছেন যে গভর্নমেন্ট প্রেসিডেন্ট এবং ভাইস প্রেসিডেন্ট অ্যাপয়েন্ট করবেন, নির্ধারণ করবেন; এর আগে জানা ছিল এস.ডি.ও. চেয়ারম্যান হবেন, তিনি ভাইস চেয়ারম্যান সিলেক্ট করে দেবেন। কিন্তু এখন আপনারা ডিকটেড করে দেবেন কে চেয়ারম্যান হবে, কে ভাইস চেয়ারম্যান হবে। ক্ষমতাবলে এস.ডি.ও. তার সাবডিভিসনে সাবডিভিসন্যাল অফিসার তার মধ্যে থেকে চেয়ারম্যান আর হচ্ছে না, আমাদের আপত্তি ওখানেই। ঐ জায়গায় মন্ত্রী মহাশয় হঠাৎ এস.ডি.ও'র জায়গায় একটা এস.ডি.ও. তিনি একটা কন্ট্রোলিং অথরিটি সেখানে আমরা একটা ইন্ডিভিজুয়াল ইমপার্সিয়াল অ্যাডমিনিস্ট্রেশন পেতাম, তাকে হটিয়ে দিয়ে তার মনোনীত প্রার্থীকে সরকার মনোনীত প্রার্থী মানে পলিটিক্যাল পার্টি, যারা সরকারকে অ্যাডভাইস করে, সরকার পরিচালনা করে সেই পার্টির পার্টি অ্যাডভাইসে সরকার চলে তাদের দ্বারা মনোনীত

একজন চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান হবেন। আমি বলতে চাইছিলাম আপনি সঙ্গত কারণে এই জিনিসটা একটু দেখে একই জুরিসডিকশনের সাবডিভিশন্যাল অফিসার সেই অধিকারেই বসানো যায় কিনা? এটা ফার্স্ট থিং, সেকেন্ড থিং, উনি বলেছেন যেসব সদস্য যারা অলরেডি আছেন এই বিল হওয়ার পর মেম্বার থাকছেন না তারা। আমি মনেকরি যেসব বিধানসভার সদস্য তাদের মার্কেটিং এরিয়ার মধ্যে থেকে সব কিছুর সদস্য হওয়ার সুযোগ দিচ্ছে তারা কিছুটা সেফ থাকে। সেজন্য আলোচনা করে এবং তার বক্তব্য কমিটির মধ্যে থাকবে। তাদের প্রতিকারের উপায় থাকবে। এতো ধানের বা পার্টির হিসাব দেওয়া নয়। আমি আপনার কাছে এই অনুরোধটুকু রাখব অন্যান্য যেসব এরিয়ার মধ্যে মার্কেটিং এরিয়া রয়েছে সেখানে এম.এল.এ. একজন করে রেখেছেন। সব এম.এল.এ.কে রাখুন, এম.এল.এ.রা তো আইন পরিচালনা করছে। তাদেরও অনেক কিছু সে আছে অ্যাডমিনিস্ট্রেশনের ব্যাপারে। এইভাবে এম.এল.এ.রা সাধারণ মার্কেটিং কমিটির সদস্য তো হতে পারে না, হবেও না। তৃতীয়ত আপনারা বলেছেন সরকার চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যান দেবেন। এস.ডি.ও.কে বাধ্যতামূলক চেয়ারম্যান হিসাবে রাখুন। এই অনুরোধ রেখে যেহেতু এই বিল আপনারা পরিবর্তন করছেন না, সেহেতু একে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-10 — 4-20 p.m.]

**শ্রী অনিল মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলকে সমর্থন জানিয়ে এবং মন্ত্রী মহাশয় যে সংশোধনী এনেছেন তাকে অভিনন্দন জানিয়ে আমি ২।১টি কথা বলতে চাই। বিরোধী দলের সদস্য যেখানে ছিল তাদের সকলকে বাদ দিয়ে একজনকে মাত্র রাখা হয়েছে তাতেই ওর আপত্তি। তিনি বললেন এটা ঠিক এই বিল কংগ্রেস এনেছিল। সমস্ত জিনিস কংগ্রেস এনেছিল কিন্তু তারমধ্যে এনামেলি ছিল। ১৯৭২ সালে কংগ্রেস এটা এনেছিল। ১৯৭৫ সালে এটা অ্যামেন্ডমেন্ট করলেন, কিন্তু সেটা কমপ্লিট হলনা বলে পরবর্তী সময়ে কাজ করতে গিয়ে ১৯৭৭।৭৮ সালে অ্যামেন্ডমেন্ট করলেন। আমি বলব আগে কি হত? আগে কতকগুলি মার্কেট কংগ্রেসি নেতারা বেছে নিয়ে তাদের লোককে বসিয়ে দিতেন। এখন যেটা সরকার করতে যাচ্ছেন সেটা হল প্রত্যেক সাব ডিভিসনে সাবডিভিশনাল মার্কেট তৈরি হবে। অর্থাৎ ওরা যেটা পিক অ্যান্ড চুস করতেন সেটা বন্ধ হয়ে যাবে। সমস্ত পশ্চিমবাংলার বিভিন্ন সাব ডিভিসনের মার্কেট খোলা হবে এবং মার্কেট ইয়ার্ড হবে সেখানকার এম.এল.এ তিনি তার সদস্য থাকবেন। অর্থাৎ বিধানসভার সদস্যদের বাদ দেওয়া হচ্ছে না। মেদিনীপুর, বাঁকুড়া, দিনাজপুরে কোনও একটা জায়গায় মার্কেট হিলে সমস্ত জেলায় বিধানসভার সদস্য এখন আর সেখানকার মেম্বার হচ্ছেন না। এখন যেটা হচ্ছে তা হল প্রত্যেক সাবডিভিসনে মার্কেট তৈরি হবে, মার্কেট এরিয়ার ডিক্লারেশন হবে নোটিফিকেশন হবে এবং প্রত্যেক সাব ডিভিসনে যেখানে মার্কেট খোলা হবে এই এলাকার যিনি এম.এল.এ তাকে সদস্য করা হয়েছে। ইন্দিরা কংগ্রেস থেকে বললেন এস.ডি.ওর পরিবর্তে পার্টির লোক নিয়োগ করা হচ্ছে। ওদের আমলাতন্ত্রের প্রতি কোনও সময় প্রীতি কোনও সময় বিরাগ। কোনও কোনও সময়ে এস.ডি.ও-বা অফিসাররা ওদের হয়ে কাজ করেন তখন ওরা বলেন সব ঠিক আছে। আবার যখন ওরা ন্যায় নীতির উপর ভিত্তি করে কাজ করেন তখন ওরা বলেন এস.ডি.ও, ডি.এম. আমাদের লোক। সেইজন্য এস.ডি.ও, ডি.এম.কে বাদ কেন দেওয়া হয়েছে আমি

বলছি। আমলাতন্ত্রের পরিবর্তে সেখানে যদি একজন লোককে নির্বাচিত বা সরকার থেকে মনোনীত করে দেওয়া হয় তাহলে ভালই হবে। তার কারণ আমরা দেখছি জব অ্যাসিসটেন্টরা আমলাতন্ত্রের পাঁকে পড়ে বহু জায়গায় তাদের নিয়োগ করা যায় নি।

সরকার যাদের মনোনীত করবেন তারা পার্টির লোক না হতে পারেন। বহু জায়গায় সরকারি কলেজে সরকারি যারা নমিনেটেড তারা গভর্নমেন্ট কলেজের প্রিন্সিপ্যাল, অধ্যাপক কিংবা সরকারি অফিসার, যেমন একজন ডেপুটি সেক্রেটারি ইউনির্ভাসিটিতে সরকারী নমিনেশন পেয়ে যান। সুতরাং সরকারি nominated persons may be Government or non-Government that depends upon the Government. আমরা দেখি যে এই সমস্ত লোকেরাই মনোনীত প্রার্থী হন। তিনি বললেন, সেই এলাকার বিধানসভার সদস্যদের কেন নেওয়া হচ্ছে না? এটা ঠিক নয় সেই এলাকার বিধানসভার সদস্যদের রাখা হয়েছে। প্রত্যেক সাবডিভিসনের সমস্ত এম.এল.এ রাখা ঠিক নয়। কারণ মার্কেট হচ্ছে একটা বিশেষ জায়গায়। সেই জায়গায় যিনি এম.এল.এ. আছেন তাকেই রাখা হবে। সুতরাং যে বিল আনা হয়েছে তার সম্বন্ধে একটি কথা বললেন সেটা হল কম্পোজিশন, কন্সিটিউশন সেকশন ফাইভের অ্যামেন্ডমেন্ট সম্বন্ধে। শুধু তাই নয় আরও কতকগুলি ভাইটাল অ্যামেন্ডমেন্ট আছে, যেগুলি সেকশন ৩ এবং ৪ এ আছে। এই সমস্ত ভাইটাল অ্যামেন্ডমেন্টের উদ্দেশ্য হচ্ছে একটা ডাইরেক্টোরেট অফ মার্কেটিং এর নূতনভাবে পরিবর্তন করা। সেখানে ডাইরেক্টোরেট অফ এগ্রিকালচারের মার্কেটিং এ নূতন ভাবে কাজ করার জন্য এইরকম একটা কমিটি করা হয়েছে যাতে করে ঐ মার্কেট এরিয়ার মধ্যে যারা আছেন তাদের এই লাইসেন্স দেওয়া হবে। এটা করা হয়েছে রেগুলেট করার জন্য। কিন্তু এটা কেন করতে হচ্ছে? আমরা বিভিন্ন জায়গায় দেখছি, কলকাতাতে যখন ২ টাকাতে কপি বিক্রি হচ্ছে তখন গ্রামে ২০ পয়সায় বিক্রি হচ্ছে। বহরমপুরের কাছে কয়েকটা স্টেশনে ৪০ পয়সায় জোড়া বাঁধা কপি গরিব চাষীরা বিক্রি করছে, কলকাতায় যার দাম ২ টাকা। এটা হচ্ছে কেবল মার্কেট রেগুলেট করার ব্যবস্থা নেই বলে, এবং যার ফলে গরিব চাষী মার খাচ্ছে। অর্থাৎ গরিব চাষীকে শোষণ করে ওরা বাঁচতে চান। ওরা ভাল'র দিকটা আলোচনা করেন না। সেইজন্য বিলের যে প্রগতির দিকটা আছে সেইসব কথা বলে এই বিলকে সমর্থন করে আমি শেষ করছি।

[4-20 — 4-30 p.m.]

**শ্রী সুভাষ গোস্বামি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রী যে সংশোধনী উত্থাপন করেছেন তাকে আমি সমর্থন করছি। কারণ পারস্পরিক কিছু অবস্থার জন্য এবং রিলেটেড কিছু ব্যবস্থা পরিবর্তনের জন্য এই বিলের সংশোধন অবশ্যম্ভাবি। তাই, যে রেগুলেটেড মার্কেট হবে, এবং সেইসব পরিচালনার জন্য যেসব কমিটি হবে, সে সম্পর্কে বক্তব্য হচ্ছে, যে উদ্দেশ্য নিয়ে বিভিন্ন স্থানে রেগুলেটেড মার্কেটগুলি হয়েছিল এখনও পর্যন্ত যথার্থভাবে সে উদ্দেশ্য সাধিত হয়নি। যারা উৎপাদক তারা যাতে তাদের ন্যায্য মূল্য পান, যারা কনজিউমার, যারা ভোগ করেন, তারা যাতে একটা উচিত মূল্যে সেই সমস্ত দ্রব্য পেতে পারেন সেইরকম একটা ব্যবস্থা কায়েম করার জন্য এই সমস্ত বাজার গড়ে উঠেছিল এবং তার পরিকল্পনা নেওয়া হয়েছিল। কিন্তু এখন পর্যন্ত সেটা কার্যকরভাবে প্রয়োগ করা যায়নি, রেগুলেটেড

মার্কেট অনেক জায়গায় গড়ে ওঠেনি। তবে মার্কেট কমিটি সব জায়গায় আছে। কিন্তু বর্তমানে কমিটির কাজকর্ম অত্যন্ত সীমিত। আমি জানি, ছাতনা ব্লকের ঝাঁটি-পাহাড়িতে একটা রেগুলেটেড মার্কেট আছে। বর্তমানে সেই কমিটির কাজ হচ্ছে সেখানে যে সমস্ত ব্যবসায়ীরা আছে, চালকলের মালিক, হাস্কিং মিলের মালিক, তাদের কাছ থেকে ৫ টাকা, ৭ টাকা, ১০ টাকা করে লাইসেন্স ফি আদায় করা। এক বছর দেখলাম মাত্র ১৭ টাকা আদায় করা হয়েছিল। তাহলে আজকে কমিটিগুলিতে এই অবস্থা চলছে। সুতরাং এর উদ্দেশ্যকে যদি স্বার্থক করতে চাই তাহলে এটাকে আরও কার্যকরভাবে প্রয়োগ করা দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা করতে গেলে এই ব্যবস্থার সঙ্গে সম্পর্ক যুক্ত যে সমস্ত জিনিসগুলি আছে সেগুলির মধ্যে একটা সমন্বয় ঘটানো খুবই দরকার। যেমন গ্রামাঞ্চলে প্রাইমারি এগ্রিকালচারাল ক্রেডিট সোসাইটি আছে, কনজিউমার কো-অপারেটিভ সোসাইটি আছে, মার্কেটিং ফেডারেশন আছে, এগুলির প্রতিটির কাজের মধ্যে একটা সমন্বয় গড়ে তোলা যায় কিনা, বা এগুলিকে একত্রিত করা যায় কিনা সেটা ভেবে দেখতে হবে। আজকে এটা ভেবে দেখার সময় এসেছে। কারণ এগুলির মধ্যে সমন্বয় না থাকলে সমস্ত ব্যবস্থাটাই একটা বিশৃঙ্খল অবস্থায় পর্যবসিত হবে। তাই মাননীয় মন্ত্রী মহোদয়কে আমি অনুরোধ জানাব যে, তিনি এই সমস্ত বিষয়ে একটা সমন্বয় সাধনের চেষ্টা করুন। কারণ গ্রামের সাধারণ উন্নয়ন কার্যসূচির সঙ্গে এই রেগুলেটেড মার্কেট ব্যবস্থা অঙ্গাঙ্গিভাবে জড়িত। মার্কেটিং ব্যবস্থা সম্পর্কে বর্তমানে যে ক্ষতিকর ব্যবস্থা চলছে সেটা দূর করতে হলে শুধু আইনের সংশোধনই নয়, প্রত্যেকটা ব্লক পর্যায়ে একটা করে রেগুলেটেড মার্কেট গড়ে তোলার চেষ্টা করতে হবে। হয়ত এই মুহূর্তে সেটা সম্ভব হবে না। কিন্তু আমাদের সন্দেহ হচ্ছে যে, এক একটি বিরাট সাবডিভিসন এলাকা নিয়ে এক একটি মার্কেট কমিটি কতখানি ফলপ্রসু হবে। সেইজন্য এই এলাকাকে আরও কমিয়ে দুটি বা তিনটি জোনে ভাগ করে যদি করা যায়, অর্থাৎ এক একটি জোনে এক একটি রেগুলেটেড মার্কেট করা যায় তাহলেও কিছুটা কাজ হতে পারে। এই কয়টি কথা বলে এই সংশোধনী বিলকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী চিত্তরঞ্জন মৃধা ঃ** মাননীয় স্পিকার, স্যার, মাননীয় কৃষিমন্ত্রী আজকে আমাদের সামনে "পশ্চিমবঙ্গ কৃষিজাত দ্রব্য বিপনন (প্রনিয়ন্ত্রণ) (সংশোধন) বিধেয়ক, ১৯৮১;" এনেছেন। এই বিলকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করে দু'একটি কথা বলতে চাই। মাননীয় সদস্য নবকুমার বাবু বলেছেন যে এই আইনটি নাকি কংগ্রেসিরা করে গেছেন। কিন্তু আমি তাকে বলব যে, অতীতে ওরা অনেকরকম আইন করেছিলেন, কিন্তু সেগুলিকে কার্যকর করেননি। কৃষকদের জীবন-যাত্রার উন্নতি ঘটাবার জন্য তাকে ব্যবহার করেননি। বরঞ্চ তারা ক্ষেত-মজুর করার দিকে টেনে নিয়ে গেছেন।

আজকে কৃষকের জমিহারার ইতিহাস যদি দেখেন, তাতে দেখবেন কৃষকরা বাজারে মার খাচ্ছে তাদের সমগ্র পণ্য বিক্রয় করতে যেয়ে। তারা ন্যায্যদাম পাচ্ছেনা। ক্রেতা সাধারণের মধ্যে যার হাতে টাকা বেশি আছে, তারা কৃষকদের ফসল অল্প দামে কিনে নেয় এবং এই ব্যবসায়ীরা, ক্রেতারা তাদের ভুড়ি ৩২ ইঞ্চির জায়গায় ৫২ ইঞ্চি করছে, আর গরিবরা জমিহারা হচ্ছে। আজকে কৃষকেরা তাদের উৎপন্ন ফসলের ন্যায্য দাম না পাওয়ায় তারা সারের ঋণ শোধ করতে পারেনা, ফলে তারা শেষ হয়ে গেছে। তাই মাননীয় মন্ত্রী মহাশয়

যে বিল এনেছেন, আমি মনেকরি এটা অত্যন্ত প্রয়োজনীয় বিল, এটা কৃষকের স্বার্থে, কৃষক যাতে পণ্য সামগ্রির ন্যায্য দাম পায় এবং কোনও বাজারের মধ্যে ইচ্ছামত পুজিপতিরা দালাল ফড়িয়াদের মতো যেখানে সেখানে বাজার তৈরি করতে না পারে এবং কৃষকেরা তাদের পণ্য ন্যায্য দামে বিক্রি করতে পারে, এই ব্যবস্থাই এই বিলে তিনি করেছেন। সেজন্য আমি তাকে অভিনন্দন জানাই। সঙ্গে সঙ্গে আমি একটা কথা বলতে চাই। এই কৃষকদের নাম বারে বারে ভাঙিয়ে আমরা খেয়েছি এবং দেখতে পাচ্ছি স্বাধীনতার ৩৫ বছর পরেও তারা বাজারে পণ্যের ন্যায্যমূল্য না পাবার ফলে একটা চালাতে গিয়ে তাদের ঠাই হয়েছে। আজকে রেগুলেটেড মার্কেট থাকলে কৃষক ঠিকমতো দাম পাবে। জনপ্রিয় সরকারের কৃষিমন্ত্রী প্রত্যেক কৃষিপণ্যের কেন্দ্রে একটি কমিটি গঠন করবেন যে কমিটিতে সরকারি মনোনীত ব্যক্তি থাকবেন এবং এই মনোনীত ব্যক্তিদের দ্বারা বাজার নিয়ন্ত্রিত হবে, বেচা কেনার একটা নিয়ম থাকবে এবং বাঁধা ধরার মধ্যে প্রত্যেক ব্লক থেকে থানা জেলা ভিত্তিক একটা নিয়ন্ত্রণ যদি গড়ে তুলতে পারেন, তাহলে একচেটিয়া পুঁজিপতিদের হাতে আর কৃষক মার খাবেনা, তারা বাঁচতে পারবে। এই সঙ্গে আমি এটা বলতে চাই যে কৃষিপণ্যের দাম যাতে কৃষকরা ঠিকমতো পেতে পারে তার তিনি ব্যবস্থা এই আইনে করছেন, কিন্তু অনেক কৃষক আছে যারা কৃষিপণ্য উৎপাদনের সঙ্গে সঙ্গে মাছও উৎপন্ন করে মাছের চাষ করে, তার দাম যাতে তারা পেতে পারে ঠিকমতো, সেই ব্যবস্থা থাকা দরকার আছে। তিনি যেহেতু মার্কেটিং সোসাইটির ব্যবস্থা করেছেন, সেজন্য তিনি অভিনন্দনযোগ্য। আজকে দেখতে পাচ্ছি বাজারে ক্রেতা দুই রকমের। যারা সাধারণ মানুষ তারা বাজারে গিয়ে তাদের দৈনন্দিন জিনিসপত্র কেনাকাটা করে কিন্তু কলকাতা থেকে ফড়িয়ারা যেয়ে সেখানে তাদের সেটা কিনতে দিচ্ছেনা, এই ফড়িয়াদের জন্য তারা ঠিকমতো জিনিসপত্র কিনতে পারেনা। এই ফড়িয়ারা কালো টাকা ঢেলে সস্তায় কৃষকদের জিনিস কিনে নিয়ে আসে। অন্যদিকে যে ক্রেতা সাধারণ তাদের যে কেনার সুযোগ থাকার কথা, সে সুযোগ তারা পায়না, লাইসেন্স প্রাপ্ত ক্রেতারাই কিনবে। এই নিয়ন্ত্রিত মার্কেটিং সোসাইটি অত্যন্ত ভাল জিনিস। সোনাখোলা থেকে আরম্ভ করে বিভিন্ন প্রান্ত থেকে কৃষকেরা যে সমস্ত জিনিস উৎপাদন করে সেগুলি বাজারে নিয়ে আসে বিক্রির জন্য, আজকে কৃষকেরা বামফ্রন্ট সরকারের সাহায্যে এক ফসলের জায়গায় দু ফসলি ফলাচ্ছে, তারা তাদের উৎপন্ন জিনিসের যাতে দর ঠিকমতো পেতে পারে তার ব্যবস্থা যা বিলে করছেন তারজন্য আমি আবার মন্ত্রী মহাশয় ও সরকারকে অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি এবং বিলকে সমর্থন জানাচ্ছি।

[4-30 — 4-40 p.m.]

**শ্রী কমলকান্তি গুহ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, নবকুমারবাবু বললেন যে দলের লোককে বসানোর ব্যবস্থা করা হচ্ছে। আমি কিন্তু এই বিলে সে কথা বলিনি। এখন উনি যে কথা বললেন তার উত্তরে এই কথা বলতে চাই যে কিছু লোক মনে করেন আমাদের টাকা আছে আমরা টাকা দিয়ে মানুষের শ্রম কিনে নেব। আবার কিছু লোক মনে করেন টাকা দিয়ে শ্রম কেনা যায় না। আমরা কিরকমভাবে মানুষের উপকার করতে চাচ্ছি সেটা হচ্ছে যে আমরা বেনো জল ঢোকাতে চাই না। জনস্বার্থে যেখানে যেখানে প্রয়োজন হবে সেখানে আমরা যাদের দিয়ে কাজ ভাল হবে তাদের দিয়ে আমরা কাজ করব। সুভাসবাবু যে কথা বললেন সে

সম্বন্ধে বলি যে ল্যান্ড অ্যাকুইজিশন কালেক্টরের এই প্রস্তাব পাঠানো হয়েছে এবং যা যা করা দরকার সেটা করা হচ্ছে এবং সেটা হলে সেখানকার বাজার কাজ করবে। অনেকে এই বাজার ব্লকে ব্লকে করা দরকার এই কথা বলেছেন। এটা ভুল করে ফেলেছেন। যেখানে প্রধান বাজার হবে কেবল সেইখানেই তা সীমাবদ্ধ থাকবে তা নয়। সেই মহকুমার ভিতর যতগুলি বাজার থাকবে সব বাজারগুলি এর আওতায় আসবে এবং সেখান থেকে সব সুযোগ সুবিধা প্রত্যেকটি বাজার পাবে। নবকুমারবাবু বললেন কংগ্রেস এই আইন এনেছিল। কতকগুলি আইন আনতে হয় তাই এনেছিলেন। কিন্তু সেই আইনটিকে আমরা ধীরে ধীরে রূপান্তর ঘটিয়ে তাকে কার্যকর করার ব্যবস্থা করছি। এই মুহূর্তে খুব বেশি কিছু করতে পারছি না। এই সংবিধানের মধ্যে থেকে খুব বেশি কিছু করা যায় না। আমরা যদি এই সংবিধান করতে পারি তাহলে খুব দ্রুত আমরা এর পরিবর্তন করতে পারতাম। তাই আমাদের আস্তে আস্তে এগোতে হচ্ছে। আমি আমার বক্তব্য এইখানেই শেষ করছি।

The motion of Shri Kamal Kanti Guha that the West Bengal Agricultural Produce Marketing (Regulation) (Amendment) Bill, 1981, be taken into consideration, was then put and agreed to.

### Clauses 1 and 2

The question that clauses 1 and 2 do stand part of the Bill, was then put agreed to.

### Clause 3

**Shri Sasabindu Bera :** Sir, I beg to move that in clause 3(b), in the proposed sub-section (4)(b), lines 3 to 4, the words "free from all encumbrances" be omitted.

I also move that in clause 3(b), at the end of the proviso to the proposed sub-section (4)(b), after the word "prescribed", the words "and the unadjusted liabilities of the dissolved Market Committee shall be the joint liabilities of the vacating members of the dissolved Market Committee and such liabilities may be subsidised by the State Government to such extent as may be deemed fit and proper" be inserted.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, তিন নং ক্লজের মধ্যে দুটি অ্যামেন্ডমেন্ট আছে। মূল আইনের সেকশন থ্রি যেটা বলা হচ্ছে আমি সেখানে একটা সাবস্টিটিউটেড ক্লজ দিতে চাচ্ছি সেটা হচ্ছে State Government may by notification declare that a market area declared as such under sub-section (1) shall cease to be market area under certain conditions. মার্কেট এরিয়া সিজ-এর ব্যাপারে কনসিকোয়েন্স কি হবে সেটা বলা হয়েছে the members of the market committee shall be deemed to have vacated their offices, and (b) the unexpended balance of the Fund and other properties and liabilities shall vest in Government free

from encumbrances and in such manner as may be prescribed

আমি আমার দু নং সংশোধনীতে free from all encumbrances একথাগুলি বাদ দিতে বলছি। কারণ এর পরে যে প্রভিসো আছে, Provided that the liability of the State Government shall be limited to the extent of the unexpended balance of the Market Committee Fund এটাতে দেখা যাচ্ছে market committee fund তার যে balance তার উপর একটা direct charge হচ্ছে liability of the State Govt. কাজেই যে unexpended balance that is being charged, that is not being maintained free from encumbrances কাজেই free from encumbrances কথাটা আদৌ এক্ষেত্রে প্রযোজ্য নয়, কারণ unexpended balance. বা তার other properties সেগুলি unemcumbered থাকবে on account of the liabilities of the Market Committee আমি এইজন্য free from all encumbrances. কথাটা বাদ দিতে বলছি। আমার পরবর্তী সংশোধনী Provided that the liability of the State Govt. shall be limited to the extent of the unexpended balance of the Market Committee Fund and the value of the property vesting in the State Government as may be determined in the manner prescribed. এরসঙ্গে শেষের দিকে যোগ করতে চাইছি। আমার যোগ করার উদ্দেশ্য হচ্ছে এই যে আমরা দেখেছি সরকারের দ্বারা পরিচালিত, নিয়ন্ত্রিত বহু এরকম প্রতিষ্ঠান আছে যেগুলি সরকারের টাকা নিয়ে বা জনসাধারণের টাকা নিয়ে অপচয় করে, অপব্যবহার করে। এই সমস্ত ক্ষেত্রে এই লায়াবিলিটিটা যদি সরকার নেন তাহলে মার্কেট কমিটির যে লায়াবিলিটি তারা সেই লাইবিলিটির জন্য দায়ী থেকে যাচ্ছেন। যারা সেই কমিটিতে ছিলেন, অর্থাৎ সরকারি ব্যবস্থার জন্য এই আইনের বলে যারা সরকারি টাকা বা জনসাধারণের টাকা যেটা মার্কেট কমিটির ফান্ডে যাচ্ছে সেটা আত্মস্মাৎ করবার অবকাশ পাচ্ছে। সেই পথকে রুদ্ধ করা দরকার কারণ মার্কেট কমিটি চলে গেলে তারমধ্যে যারা ছিলেন সেই টাকা তারা আত্মস্মাৎ করে চলে যাবেন। সেইজন্য অ্যাট দি এন্ড অব দিস প্রভিসো আমি এটা অ্যাড করতে চাচ্ছি and the unadjusted liabilities of the dissolved Market Committee shall be the joint liabilities of the vacating members of the dissolved Market Committee and such liabilities may be subsidised by the State Government to such extent as may be deemed fit and proper amendment. আমার কথা হচ্ছে যে যারা এই কমিটিতে থাকবেন তাদের দায় দায়িত্ব থাকা চাই। খুব খারাপ কথা চিন্তা করলে বলতে হয় মার্কেট কমিটিতে সরকারি দলের লোকরা হয়ত অনেক টাকা আত্মস্মাৎ করে ফেলেছে, সেই মার্কেট কমিটি বাতিল হলে তারা সেই টাকা নিয়ে বেমালুম সরে পড়বার সুযোগ পাবেন, তাদের আর কোনও দায় দায়িত্ব থাকবে না। আমার কথা হচ্ছে, তাদের উপর একটা দায় দায়িত্ব থাকা দরকার। অবশ্য প্রয়োজনীয় ক্ষেত্রে সরকার সেই দায় দায়িত্ব থেকে খানিকটা তাদের রেহাই দিতে পারেন যেমন বিবেচিত হবে কিন্তু তা করলেও আমার কথাটা বিবেচনা করার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। অবশ্য তিনি আগেই বলে দিয়েছেন আমাদের অ্যামেন্ডমেন্টগুলি তিনি গ্রহণ করতে পারছেন না কিন্তু তবুও তাকে আমি আবার এটা বিবেচনা করার জন্য অনুরোধ করছি।

**শ্রী কমলকান্তি গুহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শশবিন্দু বেরা মহাশয় যে অ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছেন সেটা আমি গ্রহণ করতে পারছি না। এই প্রসঙ্গে বলি, ধরুন কোনও সদস্য ভালো কাজ করলো কিন্তু করেও হয়ত সেখানে ক্ষতি হয়ে গেল। ভাল কাজ করতে গিয়ে ক্ষতিও হতে পারে। তারপর সেই কমিটি যখন কোনও কারণে ভেঙে দিতে হল তখন তার দায় দায়িত্ব মেম্বারদের উপর থেকে যাবে, এটা ঠিক নয়। তবে সেখানে যদি কেউ প্রস্তাবের বাইরে গিয়ে বেআইনি কাজ করে বা চুরি করে সেখানে তো আইনের ব্যবস্থা আছে, সেই অনুযায়ী ব্যবস্থা হবে। এবারে আমরা ধান কিনতে গিয়ে আমাদের কিছু ক্ষতি হয়েছে কিন্তু সেখানে উদ্দেশ্যটা ভালোই ছিল। সেখানে গভর্নমেন্ট যে দামটা বেঁধে দিয়েছেন তার নিচে যাতে দামটা পড়ে না যায় সেইজন্যই আমরা ধান কিনতে গিয়েছিলাম। তাতে আমাদের কিছু ক্ষতি হয়েছে, ক্ষতিটা আমরা স্বীকার করলাম এবং তা করেই আমরা কাজটা করলাম। এতে মানুষের উপকার হল। এখন এসব ক্ষেত্রে যদি মেম্বারদের ঘাড়ে দায়িত্ব পড়ে তাহলে তো কোনও মেম্বারই ভালো কাজ করতে এগুবে না। সেইজন্য আমি ওর সংশোধনী প্রস্তাব গ্রহণ করতে পারছি না।

[4-40 — 4-50 p.m.]

### Clause 3

The motion of Shri Sasabindu Bera that in clause 3(b), in the proposed sub-section (4)(b), lines 3 to 4, the words "free from all encumbrances" be omitted.

that in clause 3(b), at the end of the proviso to the proposed sub-section (4)(b), after the word "prescribed", the words "and the unadjusted liabilities of the dissolved Market Committee shall be the joint liabilities of the vacating members of the dissolved Market Committee and such liabilities may be subsidised by the State Government to such extent as may be deemed fit and proper" be inserted. were then put and lost.

### Clause 4

**Shri Sasabindu Bera :** I beg to move that in clause 4, for the proposed sub-section (3) of section 4, the following sub-section be substituted, namely :

"(3) Nothing contained in sub-section (2) shall apply to the retail sale of agricultural produce by the producer himself or by any person employed by him when purchase of such produce is made by any person for the purpose of direct consumption and not for the purpose of trade or business."

**Shri Birendra Kumar Maitra :** Sir, I beg to move that clause

5(v) be omitted.

**শ্রী শশবিন্দু বেরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্লজ ৪-তে আমার একটা অ্যামেন্ডমেন্ট আছে। মূল আইনে বলা হয়েছে, সেকশন ৪ অব দি প্রিন্সিপ্যাল অ্যাক্ট, সেটাকে সাব-সেকশন ১, করা হবে এবং তারপর নম্বর ২, সাব-সেকশন ৩ এর সঙ্গে নম্বর ২ অ্যান্ড ৩ জুড়ে দেওয়া হবে। এই ৩টাকে সংশোধন করে পরিবর্তিত আকারে বলা হয়েছে Nothing contained in sub-section (2) shall apply to the sale of agricultural produce by the producer himself or by any person employed by him when such sale is made to an individual who purchases it for his own consumption তারপর (b) তে বলা হয়েছে the purchase by an individual of agricultural produce for his own consumption আমি 'ওন'-এর উপর জোর দিচ্ছি sale of agricultural produce through retail sale. এই ব্যবস্থা রয়েছে। সাব-সেকশন ২তে রেস্ট্রিকশন রয়েছে সেল অ্যান্ড পারচেজের উপর। সেটাকে কিভাবে রিল্যাক্স করা যাবে সেই বিধান দেওয়া হয়েছে সাব-সেকশন ৩ তে। এখানে বলছি যে when sale is made to an individual who purchases it for his own consumption. এখন ওন কনজামশন বলতে কি বোঝাবে? যিনি পারচেজ করবেন তার নিজের কনজামশনের জন্য ব্যবহার হবে? এই কথা বলা হচ্ছে না যে ফর ফ্যামিলি কনজামশন। ফ্যামিলি কনজামশন বললে একটা অসুবিধা থেকে যাচ্ছে। মনে করুন একটা প্রতিষ্ঠানের তরফ থেকে, একটা স্কুলের পক্ষ থেকে বা অন্য যে কোনও একটা সোসাইটির পক্ষ থেকে মাল কিনতে যাচ্ছে। যদি তাদের কনজামশনের জন্য ব্যবহার হয় সেখানে রেস্ট্রিকটেড হয়ে যাচ্ছে আন্ডার প্রপোজড সাব-সেকশন ২তে। এই রেস্ট্রিকশনটাকে রিমুভ করা দরকার। আসলে সরকারের যে উদ্দেশ্য, সেই উদ্দেশ্যকে রেখে আমি এই সাব-সেকশন ৩-তে এইভাবে পরিবর্তন করতে বলেছি যে Nothing contained in sub-section (2) shall apply to the retail sale of agricultural produce by the producer himself or by any person employed by him when purchase of such produce is made by any person for the purpose of direct consumption and not for the purpose of trade or business আসল বক্তব্য হচ্ছে, সেখানে যারা লাইসেন্সভুক্ত না হবেন, জনসাধারণ গিয়ে সেখানে কিনতে পারবেন না, কারণ পাছে ব্যবসা করেন, সেজন্য এই ব্যবস্থা করা হয়েছে। কিন্তু এই ব্যবস্থার দ্বারা একটা ডিফিকাল্টি থেকে যাচ্ছে। যখন ওন কনজামশনের কথা বলা হয়েছে, সেই ওন কনজামশন বললে particular person who will be making the purchase. সেটা রেস্ট্রিকটেড হয়ে যাবে। কাজেই এটা হওয়া উচিত নয়। কারণ ২০ জনের পরিবারের একজন লোক গিয়ে একটা ফ্যামিলির জন্য বা একটা প্রতিষ্ঠানের ২৫ জন গিয়ে ডাইরেক্ট কনজামশনের জন্য গিয়ে কিনতে পারে, এই ব্যবস্থা রাখবার জন্য আমি আমার সংশোধনী প্রস্তাবটি সাব-সেকশন ৩-তে পরিবর্তন করে যে আকারে রেখেছি সেটা মাননীয় মন্ত্রী মহাশয়কে গ্রহণ করার জন্য অনুরোধ করছি।

**শ্রী কমলকান্তি গুহ :** স্যার, এতে বলার কিছু নেই, আমি এটা গ্রহণ করতে পারছি না।

The motion of Shri Sasabindu Bera that in clause 4, for the proposed sub-section (3) of section 4, the following sub-section be substituted namely :

"(3) Nothing contained in sub-section (2) shall apply to the retail sale of agricultural produce by the producer himself or by any person employed by him when purchase of such produce is made by any person for the purpose of direct consumption and not for the purpose of trade or business."

was then put and lost.

The question that Clause 4 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 5**

[4-50 — 5-00 p.m.]

**Shri Sasabindu Bera :** Sir, I beg to move that clause 5 be omitted.

Sir, I also beg to move that in clause 5(c) for item (iii), the following be substituted, namely :

'(iii) in clause (d), line 2, after the words "market area" the words "and if different parts of the market area are within the jurisdiction of different local authorities one person representing each of such local authorities" shall be added'.

Sir, I also beg to move that in clause 5(c) (iv), the proposed proviso to the proposed clause (ddd) be omitted.

Sir, I also beg to move that in clause 5(c), item (iv), for the proposed clause (ddd), the following clause be substituted, namely :

"(ddd) the Member or Members of the West Bengal Legislative Assembly elected thereto from the constituency or the constituencies, as the case may be, comprising the market area or parts thereof :"

Sir, I also beg to move that clause 5 sub-clause (e) item (ii) be omitted.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার ক্লজ ৫-এর উপর ৫/৬/৮/৯ এবং ১০ নং সংশোধনী আছে। আমি মন্ত্রী মহাশয়কে এবং উপস্থিত সদস্যদের আমার ৫নং সংশোধনীটি দয়া করে

শুনতে বলছি। Clause 5 in section 5 the principal act in sub-section (2), after the words "shall have", the words, brackets and figures, "subject to the provision of sub-section (4) of section 3," shall be inserted. তার পরে সেকশন ৫(২) তে ঐ দুটো ওয়ার্ডের পরে, অর্থাৎ শ্যাল হ্যাভের পরে যেটাকে ইনসার্ট করবার কথা বলা হয়েছে সেটাকে ইনসার্ট করলে চেহারাটা কি দাঁড়াবে সেটাও আপনাকে একটু শুনতে অনুরোধ জানাব, section 5 sub-section (2) Every Market Committee shall be a body corporate by such name of the State Govt. may specify, shall have perpetual succession and a common seal, may sue and be sued in its own name, shall acquire, etc, etc. তারপর স্যার, এর যে perpetual succession and a common seal থাকবে এবং এই যে তারপর market committee may sue and be sued in its own name. সেটা কি করে সাবজেক্ট টু দি প্রভিসন অফ সাব-সেকশন ফোর অফ সেকশন থ্রি হবে? এটা আপনাকে একটু চিন্তা করে দেখতে অনুরোধ জানাচ্ছি। সাবসেকশন অফ দি সেকশন থ্রি-তে কি রয়েছে? সাবজেক্ট টু দি প্রভিসন অফ সাব-সেকশন টু, তাতে বলা হচ্ছে, A market committee may with the previous approval of the Board prohibit any transaction in agricultural produce within such distance of a principal market yard or sub-market yard as it may determine sub-section 4 ঐ market committee কে কি কি দেওয়া হচ্ছে, with the previous approval of the Board prohibit any transaction in agricultural produce within such distance of the principal market yard or sub-market yard. এই ক্ষমতা দেওয়া হচ্ছে Every market committee shall have perpetual succession and a common seal, may sue and be sued in its own name এরজন্য How can be related, Sir. কি করে সম্পর্ক থাকতে পারে? Every market committee shall be a body corporate by such name the State Govt. may specify, shall have subject to the provision of sub-section 4 of section 3 perpetual suceession and a common seal, may sue and be sued in its own name. Then several things would be dependent on sub-section 4 of section 3. এটা অ্যাবসোলিউটলি আউট অব পেস অর ইনকনসিসটেন্ট। এটা আদৌ থাকা উচিত নয়, আইনের অঙ্গ-হানি ঘটবে। আমি জানি না, মন্ত্রী মহাশয় শুনছেন কিনা, যদি না শুনে এটাকে বরবাদ করে দিয়ে থাকেন তাহলে এই ভুল আইনের মধ্যে থাকবে এবং তার পূর্ণ দায়িত্ব মন্ত্রী মহাশয়ের উপর বর্তাবে। লেট ইট গো ইন্টু রেকর্ড, স্যার আমার পরবর্তী অ্যামেন্ডমেন্ট হচ্ছে নাম্বার ৬। এখানে কি আছে, ক্লজ ৫(সি) আইটেম (iii) তে আছে in clause (d), for the words "the local authority having jurisdiction over the market area or any part there of" এটা আইনের বিধান হচ্ছে। মার্কেট কমিটির মেম্বারসিপের ব্যাপারে যে প্রভিসন এখানে করা হচ্ছে তাতে একটা ডিফেক্ট থেকে যাচ্ছে। স্যার, local authority having jurisdiction over the market area. এর পরিবর্তে কি করা হচ্ছে the local authority having jurisdiction over the market area or any part thereof. এটা ডিফেক্ট থেকে যাচ্ছে। লোক্যাল অথরিটি বা অথরিটি কথাটা থাকলে না হয় বুঝতাম। একটা

লোক্যাল অথরিটির কথা বলছেন jurisdiction over the market area or any part thereof. একটা পার্টের উপর যদি অথরিটি থাকে তাহলে there may be other part over which there may be local authority যার অথরিটি থাকছে বা যার জুরিসডিকশনের মধ্যে পড়ছে তার কি হবে? আমার বক্তব্য হচ্ছে যে, একটা মার্কেট এরিয়ায় যতগুলি লোক্যাল অথরিটির জুরিসডিকশনের মধ্যে থাকবে প্রত্যেকটির লোক্যাল অথরিটির একজন করে রিপ্রেজেনটেটিভ সেই মার্কেট কমিটির মধ্যে থাকবে এবং এটা থাকা উচিত, ন্যায়-বিচারে এইটাই হওয়া উচিত। সেইজন্য আমি এইটুকু এইভাবে সংশোধন করেছি আমার অ্যামেন্ডমেন্ট নাম্বার (৬)এ। এই মার্কেট এরিয়ার পর আমি এই কথাগুলি যোগ করছি and if different parts of the market area are within the jurisdiction of different local authorities one person representing each of such local authorities. আমার বক্তব্য হচ্ছে, যদি একটি মার্কেট এরিয়া একটি লোক্যাল অথরিটির আন্ডারে থাকে তাহলে একজন থাকবে। যদি একটি মার্কেট এরিয়া একাধিক লোক্যাল অথরিটির জুরিসডিকশনের মধ্যে পড়ে তাহলে প্রত্যেক লোক্যাল অথরিটির একজন করে রিপ্রেজেনটেটিভ সেই মার্কেট কমিটিতে থাকবে। আমার অ্যামেন্ডমেন্ট নাম্বার (৬), হচ্ছে এটাই। ন্যাচারাল জাসটিসের দিক থেকে এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে আমি মনে করছি। তারপর অ্যামেন্ডমেন্ট নাম্বার (৮)। এর ফাইভ (সি) (ফোর) তে যে প্রোপোসড প্রভিসো আছে সেটাকে বাদ দিতে বলছি। এই ব্যাপারে বীরেনবাবুর অ্যামেন্ডমেন্ট আছে এবং আমারও অ্যামেন্ডমেন্ট রয়েছে। আমার বক্তব্য হচ্ছে যে, একটা মার্কেট এরিয়া যদি বিভিন্ন এম.এল.এর কন্সিটিউয়েন্সির মধ্যে পড়ে তাহলে প্রত্যেক এম.এল.একে মার্কেট কমিটির মধ্যে রাখা উচিত। এই যদি রাখা হয় তাহলে এই প্রভিসো রাখবার প্রয়োজন হয় না। যাতে প্রত্যেক এম.এল.এ যাদের কন্সিটিউয়েন্সির মধ্যে মার্কেট এরিয়া পড়ছে বা তার কোনও অংশ পড়ছে তারা যাতে থাকতে পারেন সেটা রাখার জন্য আমার অ্যামেন্ডমেন্ট নাম্বার (৯) দিয়েছি। আমি এখানে বলতে চেয়েছি, প্রপোসড সাব-সেকশন (ডি ডি ডি) এইটা বদলে দিতে চাই। এখানে আছে, the member of the West Bengal Legislative Assembly elected thereto from the constituency comprising a principal market area or a major part of it. এমন একটা মার্কেট এরিয়া না করে যে সমস্ত এম.এল.এ'র কন্সিটিউয়েন্সির মধ্যে পড়বে তা রাখবার জন্য পরিবর্তিত রূপে ক্লজটিকে রাখবার জন্য বলছি। The Member or Members of the West Bengal Legislative Assembly elected thereto from the Constituency or the Constituencies, as the case may be, comprising the market area or parts thereof. বিশেষ বক্তব্যের প্রয়োজন নাই। প্রত্যেক এম.এল.এ. যাতে মার্কেট কমিটিতে থাকতে পারেন তার বিধান থাকা আবশ্যক। তারই জন্য আমার এই সংশোধনী প্রস্তাব।

১০ নম্বর, আমি এতে ক্লজ ৫, সাবক্লজ (ই), আইটেম (ii) সেটাকে বাতিল করার কথা বলছি। কি আছে? ইন সেকশন (৫) সাব, সেকশন ৫(এ) ডাইরেক্টর; সেটাকে বাতিল করবার কথা বলেছি। কি আছে? ইন সেকশন (৫) সাব সেকশন ৫(এ) তে আছে in section 5, sub-section 5 members of every market committee shall be appointed by the State Government in consultation with the Director. এই

'ইন কনসালটেসন" এটাকে বাদ দেওয়ার কোনও কারণ আমি দেখতে পাচ্ছিনা। যে সাধারণ উদ্দেশ্যের কথা বলে সংশোধনী প্রস্তাব আনা হয়েছে সে উদ্দেশ্য হচ্ছে গরিবকে ন্যায্য মূল্য দেওয়ার ব্যাপারে জনসাধারণের মধ্যে আরও এগিয়ে যাওয়ার ব্যাপারে Director of Agriculture (Marketing). তারসঙ্গে কনসালটেশন্ না করলে সে ক্ষেত্রে কি অসুবিধা হবে আমি তা বুঝতে পারছি না। ডাইরেক্টর, তিনি একজন এক্সপার্ট, তার কনসালটেশনটা হেল্পফুল হবে। আপনাদের বাদ রাখাটা উদ্দেশ্য প্রণোদিত শব্দ মনে হচ্ছে। এ প্রসঙ্গে একটা কথা বলছি, এখন মার্কেট স্টেট গভর্নমেন্ট নিজের হাতের মুঠোয় রাখার একটা চেষ্টা করছেন, সেইরকম একটা পরিস্থিতি হয়েছে। আমি এটা ওমিট করতে বলেছি। যেমন ছিল in consultation with the Director. এটা থাকবে। এরজন্য ই(২) যেটা আছে ওটা ওমিটেড হবে। আমি এই সংশোধনী রাখছি। এটুকু আমার অ্যামেন্ডমেন্ট। আমার কথা আর কিছু নেই। অ্যামেন্ডমেন্টের ক্লজ (৫) সম্বন্ধে অ্যামেন্ডমেন্টে যা আছে মন্ত্রী মহাশয় বিবেচনা করবেন।

[5-00 — 5-10 p.m.]

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** Sir, I beg to move that Clause 5(v) be omitted. মাননীয় অধ্যক্ষ মহাশয়, শশবিন্দুবাবু বিস্তৃতভাবে বলেছেন। আমি তাদের একটা জিনিস বলতে চাই যে আমরা এই কমিটিতে থেকে বুঝতে পারি যে ওকে সরকারি কর্মচারিরা যা বুঝিয়েছেন উনি তাই বুঝেছেন। আমরা এর আগে দেখেছিলাম যে আগে এই কমিটিকে নির্বাচিত করতে হবে, কিন্তু তারা তা করতে পারেন নি। এম.এল.এ.দের বাদ দেওয়া সরকারি কর্মচারিদের উদ্দেশ্য এবং মন্ত্রী মহাশয় ঐ ঠান্ডা ঘরে গিয়ে বসেন এবং বুঝে নেন যে এম.এল.এ.দের বাদ দিতে হবে। সাত জন এম.এল.এ. থাকবে, কোন মহকুমায় সাত জন এম.এল.এ. থাকতে পারেন। যেসব এম.এল.এ. থাকবে তাদের রাহা খরচ দিতে হবে, নিজেরা ট্রেনের খরচা দিয়ে যায়, বাসে বিনা পয়সায় যায় তাদের টি.এ. কিছু হয়না। সাত জন এম.এল.এ. থাকলে সরকারি বাবু যারা থাকেন তাদের অনেক অসুবিধা হয়। কাজেই ঐ পঞ্চায়েত নির্বাচন হবে না। আমরা দেখলাম অনেক। কংগ্রেস আমলে দেখলাম এ আমলেও দেখলাম। ক্যাডারের প্রতিনিধিত্ব যাকে দেওয়া হয় সে স্টেট বলতে কিছু বোঝে না। আর গ্রোয়ারের প্রতিনিধিত্ব যাকে বলা হয় সে গ্রো কিছু করেনা। এইরকম লোক যেখানে যায় না, আজকে উনি সেইরকম নমিনেশন দেবেন এবং ওদের ভিতরে সব এম.এল.এ.কে বাদ দিয়ে এদের কোনও এম.এল.এ.কে দিবেন ঠিক করেছেন, আমি এর প্রচন্ড বিরোধিতা করছি। কেবলমাত্র তোষামোদের ফলে সরকারি কর্মচারিদের কথায় এইরকম বিল করবেন না। এম.এল.এ. হয়ে এইরকম বিল সমর্থন করি না, বিরোধিতা করব। সুতরাং আবেদন করব আপনি এটা গ্রহণ করুন।

**শ্রী কমলকান্তি গুহ :** স্যার, কি বিচিত্র রূপ যে একজন বললেন, অফিসারদের সঙ্গে পরামর্শ করবেন না, আর একজন বলছেন অফিসারদের কথা শুনে চলবেন। যাইহোক, আমি এর বিরোধিতা করছি।

**শ্রী শশবিন্দু বেরা :** Since it is the property of the House you cannot retain any inconsistency.

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমি এটা বুঝেই বলেছি। আর একটি কথা হচ্ছে বীরেনবাবু বললেন আপনারা যাদের পাঠান সেই সমস্ত গ্রোয়াররা কিছুই বোঝেন না, আবার বিজনেসও তারা বোঝে না। আপনাদের এরকম কথা পঞ্চায়েত সম্বন্ধে বলা ঠিক নয়। গ্রামের যারা আসেন তারা আপনার চেয়ে কিছুমাত্র কম উপযুক্ত নন। সুতরাং তাদের অপমান করার ধৃষ্টতা না থাকাই উচিত ছিল। যাইহোক, বীরেনবাবু এবং শশবিন্দুবাবু যেসব কথা বললেন আমি তার বিরোধিতা করছি।

The motion of Shri Birendra Kumar Maitra that clause 5(iv) be omitted, was then put and a division taken with the following result :—

**NOES**

Abul Hasan, Shri

Bandyopadhyay, Shri Gopal

Bandyopadhyay, Shri Balai

Basu, Shri Bimal Kanti

Basu, Shri Nihar Kumar

Bauri, Shri Gobinda

Bisui, Shri Santosh

Biswas, Shri Jayanta Kumar

Biswas, Shri Satish Chandra

Bora, Shri Badan

Bose, Shri Ashoke Kumar

Bose, Shri Nirmal Kumar

Chakraborty, Shri Umapati

Chakraborty, Shri Deb Narayan

Chatterjee, Shri Tarun

Chattapadhyay, Shri Sailendra Nath

Choudhury, Shri Gunadhar

Chowdhury, Shri Subhendu Kumar

Das, Shri Jagadish Chandra

Deb, Shri Saral

Ghosal, Shri Aurobindo

Ghosh, Shri Krishnapada

Goppi, Shrimati Aparajita

Guha, Shri Kamal Kanti

Habib Mustafa, Shri

Hasim Abdul Halim, Shri

Hira, Shri Sumanta Kumar

Kar, Shri Nani

Let (Bara), Shri Panchanan

M. Ansar-Uddin, Shri

Maity, Shri Hrishikesh

Majee, Shri Surendra Nath

Majhi, Shri Raicharan

Majhi, Shri Sudhangshu Sekhar

Majumdar, Shri Sunil Kumar

Mal, Shri Trilochan

Malik, Shri Purna Chandra

Mandal, Shri Bhakti Bhusan

Mandal, Shri Gopal

Mandal, Shri Prabhanjan

Mandal, Shri Rabindra Nath

Mandal, Shri Sukumar

Mandal, Shri Suvendu

Mazumdar, Shri Dilip Kumar

Mir Abdus Sayeed, Shri

Mir Fakir Mohammad, Shri

Mohanta, Shri Madhabendu

Mojumdar, Shri Hemen

Mondal, Shri Shashanka Sekhar

Mostafa Bin Quasem, Shri

Mukherjee, Shri Anil

Mukherjee, Shri Bhabani

Mukherjee, Shri Joykesh

Mukherjee, Shri Mahadeb

Mukherjee, Shri Narayan

Munsi, Shri Maha Bachha

Murmu, Shri Sarkar

Murmu, Shri Sufal

Nath, Shri Manoranjan

Pathak, Shri Patit Paban

Phodikar, Shri Prabhas Chandra

Pramanik, Shri Abinash

Pramanik, Shri Radhika Ranjan

Pramanik, Shri Sudhir

Ray, Shri Achintya Krishna

Ray, Shri Matish

Roy Chowdhury, Shri Nirode

Saha, Shri Kripa Sindhu

Samanta, Shri Gouranga

Sar, Shri Nikhilananda

Sarkar, Shri Sailen

Sen Gupta, Shri Dipak

Sen Gupta, Shri Prabir

Singha Roy, Shri Jogendra Nath

Sinha Roy, Shri Guru Prasad

Sk. Siraj Ali, Shri

Talukdar, Shri Pralay

Tudu, Shri Bikram

**AYES**

A.K.M. Hassan Uzzaman, Shri

Bera, Shri Sasabindu

Das Mahapatra, Shri Balai Lal

Jana, Shri Haripada (Bhagabanpur)

Mahanti, Shri Pradyot Kumar

Mahato, Shri Shantiram

Maitra, Shri Kashi Kanta

Maji, Dr. Binode Behari

Omar Ali, Dr.

Paik, Shri Sunirmal

Pal, Shri Ras Behari

Sen, Shri Bholanath

Shaikh Imajuddin, Shri

Sinha, Shri Atish Chandra

Sinha, Shri Prabodh Chandra

**Abstentions**

Roy, Shri Monoranjan

Soren, Shri Suchand

The Ayes being 15, the Noes 78, and Abstentions 2 the motion was lost.

The motions of Shri Sasabindu Bera that -

Clause 5 be omitted,

in clause 5(c) for item (iii), the following be substituted, namely :—

(iii) in clause (d), line 2, after the words "market area" the words "and if different parts of the market area are within the jurisdiction of different local authorities one person representing each of such local authoritees" shall be added",

in clause 5(c)(iv), the proposed proviso to the proviso to the proposed clause (ddd) be omitted,

in clause 5(c), item (iv), for the proposed clause (ddd), the following clause be substituted, namely :—

"(ddd) the Member or Members of the West Bengal Legislative Assembly elected thereto from the constituency or the constituencies, as the case may be, comprising the market area or parts thereof.",

clause 5 sub-clause (e) item (ii) be omitted, was then put and lost.

The question that clause 5 do stand part of the Bill, was then put and agreed to.

**Clauses 6 to 8.**

The question that clauses 6 to 8 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 9**

[5-10 — 5-20 p.m.]

**Shri Sasabindu Bera** : Sir, I beg to move that in clause 9, sub-clause (c) in the proposed proviso, lines 2 to 4, for the words beginning

with "sale by a producer" and ending with "consumption" the words, figures and brackets "retain sale in accordance with provision of sub-section (3) of section 4" be substituted. একজাক্টলি রেসট্রিকশন সেল-এর উপর থেকে তুলে নেবার জন্য যে ক্ষেত্রটা তৈরি করা হয়েছে, যেটার প্রতি আলোকপাত ঘটেছে সেকশন ফোরের প্রসঙ্গে, সেটাকেও এখানে রাখছি, কিন্তু দেখুন সেখানকার সঙ্গে এখানকার একটা পার্থক্য রয়েছে, এখানে বলা হচ্ছে, nothing in this sub-section shall apply to any sale by a producer of his own produce to retail sale. কিন্তু এখানে দেখুন, the sale of agricultural produce by the producer himself or any person employed by him. অর্থাৎ producer or any person employed by him. তাদের ক্ষেত্রে সেলটাকে যেমন করে রিলিজ করে দেওয়া হচ্ছে, তেমন করে এই ক্ষেত্রে কিন্তু এনি পারসন এমপ্লয়েড বাই হিম, সেটা বাদ চলে যাচ্ছে, কিন্তু এর কোনও কারণ দেখতে পাচ্ছি না। এখানে সেটা ফারদার রেসট্রিকশন কেন? তা ছাড়া purchase by an individual of agricultural produce for his own consumption. সেখানে যে প্রভিসন ছিল সেটাকেও এখানে রাখা হচ্ছে না। আসলে সেকশন ফোর-এর অ্যামেন্ডমেন্ট দ্বারা রেসট্রিকটেড সেল অ্যান্ড পার্চেস, তাকে বিশেষ বিশেষ ক্ষেত্রে মঞ্জুর করে দেবার যে বিধান ছিল বা যে ব্যবস্থা করা হয়েছিল, এই সংশোধনীর দ্বারা এখনও সেই বিধানই থাকবে। সেখানে দেখছি প্রডিউসার হিমসেল্ফ অ্যান্ড পারসন এমপ্লয়েড বাই হিম এবং এর ফলে এখানে কোনও কিছুই আটকাচ্ছে না। সুতরাং এটা কি হচ্ছে আমি বুঝতে পারছি না। আমার বক্তব্য হচ্ছে এনি পারসন এমপ্লয়েড বাই হিম এটা অ্যামেন্ড করে নতুন সাব-সেকশন যেটা ইন্ট্রোডিউসড হচ্ছে তার মধ্যেই এটা কভার হওয়া উচিত এবং সেইজন্যই আমি এই সংশোধনী দিয়েছি। কারণ This is an inconsistency, which should be removed. Actually, this will be covered by section 4(3) এই সমস্ত ইনকনসিসটেন্সি থাকা উচিত নয়। বীরেণবাবু ইতিমধ্যেই বলেছেন যে মন্ত্রী মহাশয় হয়ত অন্যের দ্বারা পরিচালিত হচ্ছেন, যার ফলে তিনি হয়ত কিছু বুঝতে পারছেন না বা তিনি ভাবছেন সংখ্যাগরিষ্ঠতা আছে যে বিলই আনব পাশ হয়ে যাবে। কিন্তু আমি তাকে বলব যে, এই ভুল বিল পাশ করার জন্য আমরা বিরোধী পক্ষরা দায়ী হব না, ওরা দায়ী হবেন। সেইজন্যই এই অ্যামেন্ডমেন্টটি মুভ করছি এবং এটি মুভ করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কমলকান্তি গুহ ঃ** স্যার, আমি এই অ্যামেন্ডমেন্টটি গ্রহণ করছি না।

The motion of Shri Sasabindu Bera that in clause 9, sub-clause (c) in the proposed proviso, lines 2 to 4, for the words beginning with "sale by a producer" and ending with "consumption" the words, figures and brackets "retail sale in accordance with the provision of sub-section (3) of section 4" be substituted was then put and lost.

The question that clause 9 do stand part of the Bill was then put and agreed to.

## Clauses 10 to 14 and the Preamble

The question that clauses 10 to 14 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Kamal Kanti Guha :** Sir, I beg to move that the West Bengal Agricultural Produce Marketing (Regulation) (Amendment) Bill, 1981, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

## The West Bengal Shops and Establishments (Amendment) Bill, 1981.

**Shri Krishna Pada Ghosh :** Sir, I beg to introduce the West Bengal Shops and Establishments (Amendment) Bill, 1981.

(Secretary then read the Title of the Bill)

**Shri Krishna Pada Ghosh :** Sir, I beg to move that the West Bengal Shops and Establishments (Amendment) Bill, 1981, be taken into consideration.

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কোনও বক্তৃতা দিতে চাইনা, এটা খুব সামান্য বিল, ওয়েস্ট বেঙ্গল শপ্স অ্যান্ড এস্টাবলিশমেন্ট অ্যাক্টের যে সংজ্ঞা তা পরিবর্তন করছি, কারণ অনেকে আছে যারা কাজ করে বিভিন্ন এস্টাবলিশমেন্টে, কিন্তু আইনের আওতায় পড়েনা, আমি তাদের এই আইনের আওতার মধ্যে আনার জন্য এই বিলের যে ডেফিনিশন সেটাকে এক্সপান্ড করছি, এর বেশি কিছু করতে চাইনা। উদ্দেশ্য খুব সীমাবদ্ধ, আমি এখন বক্তৃতা করতে চাইনা, মাননীয় সদস্যদের বক্তব্য শোনার পর যদি বলার দরকার মনেকরি, তখন বলব।

[5-20 — 5-30 p.m.]

**শ্রী বলাইলালদাস মহাপাত্র ঃ** মাননীয় শ্রমমন্ত্রী এই যে ওয়েস্ট বেঙ্গল শপ্স অ্যান্ড এস্টাবলিশমেন্ট (অ্যামেন্ডমেন্ট) বিল এনেছেন, আমি তা আন্তরিকভাবে সমর্থন করছি এবং এখানে তিনি যে আইনের ক্ষেত্র প্রসারিত করছেন সেজন্য আমি তাকে ধন্যবাদ দিচ্ছি। বিশেষ করে ১৯৬৩ সালে আইনটি যখন পাশ হয় তখন কিছু কিছু বিষয় সম্বন্ধে কন্সিডার করার কথা ছিল, এখন যে মন্ত্রী মহাশয় আনলেন সলিসিটার, অডিটার, চাটার্ড অ্যাকাউনটেন্ট, চিকিৎসাজীবি, স্থপতি, ইঞ্জিনিয়ার, হিসাব রক্ষক বা করপরামর্শদাতা প্রতিষ্ঠান অথবা ততকালে কোনও আইন অনুযায়ী নিবন্ধভুক্ত কোনও সমিতি, অথবা নিবন্ধ ভুক্ত হউক বা না হউক, কোনও দাতব্য বা অন্যবিধ ট্রাস্ট, যাহা লাভের উদ্দেশ্যে হউক বা কোনও ব্যবসায় কারবার বা পেশা কিংবা তত সম্পর্কিত বা তদানুসঙ্গিক বা ততসহায়ক কার্য চালাইয়া যায়, এটা যে এনেছেন তারজন্য আমি তাকে ধন্যবাদ দিচ্ছি। কারণ এগুলি থাকার জন্য শ্রমিকরা তাদের

সুযোগ সুবিধা পাওয়া উচিত তা থেকে তারা বঞ্চিত হচ্ছিল। এই পটভূমিকায় বলতে হয় যখন এই আইনটি প্রথম আসে তখন সেটা সোজা রাস্তায় আসেনি মাননীয় মন্ত্রী মহাশয় তিনি একজন বিশিষ্ট শ্রমিক নেতা তিনি এটা জানেন। এই আইনটাকে আনার জন্য একটা বিরাট আন্দোলন করতে হয়েছিল যার ফল স্বরূপ এই আইনটি এসেছিল। ছোট ছোট এবং বড় বড় বিভিন্ন কলকারখানার মালিক দোকান-পাট ইত্যাদির মালিকরা কিরকমভাবে শ্রমিকদের প্রতি অত্যাচার করত কিভাবে তাদের উপর শোষণ চলেছিল তা সকলেই জানেন এবং এরজন্য অনেক আন্দোলন হয়। ১৯৪০ সালে শ্রমিক স্তরে একটা বিরাট আন্দোলন গড়ে উঠে এবং তার প্রধান লক্ষ্য ছিল কলকাতার বড় বাজার। তার নেতৃত্ব দিয়ে স্বর্গত বিশিষ্ট নেতা সুরেশচন্দ্র ব্যানার্জি এবং এই বড় বাজারে যে আন্দোলন গড়ে উঠেছিল তারসঙ্গে প্রত্যক্ষভাবে যুক্ত ছিলেন নেতাজি সুভাসচন্দ্র। এবং এরজন্য শ্রমিকদের বহু অত্যাচার সহ্য করতে হয়েছিল অনেককে হাজতে যেতে হয়েছিল অনেক শ্রমিক আহত হয়েছিল। তখন ততকালীন মন্ত্রী সারওয়ার্দি সাহেব প্রতিশ্রুতি দেন যে তিনি আইন আনবেন। নেতাজির বিরাট প্রভাবে এই আইন হয়েছিল। তারপর দীর্ঘদিন চলে যাবার পর ১৯৬৩ সালে সমাজের পরিবর্তনকে লক্ষ্য করে শ্রমিক চেতনার ভিত্তিতে কংগ্রেস সরকার একটা আইন এনেছিলেন। ততকালীন শ্রমমন্ত্রী শ্রী বিজয়সিং নাহার এই বিল এনেছিলেন এবং আইনটিকে আরও উন্নত করার চেষ্টা করেছিলেন। বর্তমানে সরকারি দলের অনেকে আছেন যারা অনেক অভিযোগ করেছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয় কঠোরভাবে সমালোচনা করেছিলেন অভিযোগ, তুলেছিলেন। তাই আমি বলব এই সামান্যটুকু পরিবর্তন না করে এই আইনটিকে আরও ভালভাবে যদি পরিবর্তন করতেন তাহলে আমি আরও খুশি হতাম। তখনকার দিনে অভিযোগ ছিল শ্রমিকরা যে দাবি দাওয়া তুলেছিল আইনে তা থেকে তাদের বঞ্চিত করা হয়েছে। সামগ্রিকভাবে সমস্ত কিছু লক্ষ্য করে মাননীয় মন্ত্রী মহাশয় যদি একটা সর্বাত্মক বিল আনতেন তাহলে তাকে আমরা ধন্যবাদ দিতাম। কিন্তু তা না করে কিছু ব্যবসায়ীকে অন্তর্ভুক্ত এই বিলটি এনেছেন। এবং তাতে এই আইনের কোনও উন্নতি ঘটেনি। আমি অনুরোধ করব ভবিষ্যতে শ্রমিকদের দাবি দাওয়ার ভিত্তিতে এবং তারা যে মালিকদের দ্বারা অত্যাচারিত হচ্ছে তার ভিত্তিতে যত শীঘ্র পারেন একটা পূর্ণাঙ্গ বিল আনবেন। ১৯৬৩ সালে যে আলোচনা হয়েছিল শ্রমিকরা তাদের যে সুযোগ সুবিধার কথা তুলেছিল সেই সুযোগ সুবিধা তারা পাচ্ছে না। এবং এই অভিযোগ নিশ্চয় তাদের কাছ থেকে আপনাদের কাছে এসেছে। ১১ দফা সুযোগ সুবিধা দেওয়া হয়েছিল সেই সুযোগ সুবিধা থেকে তারা বঞ্চিত হচ্ছে। আমি একটু স্মরণ করিয়ে দিই যে দোকান কর্মচারিদের মালিকরা যা খুশি বেতন দিয়ে থাকে এবং তা খুব কম তাদের একটা অস্বাস্থ্যকর পরিবেশে বাস করতে হয় এবং ঐসব ঝাঁকা মুটেরা কিভাবে দিন কাটায় তা নিশ্চয় উনি জানেন।

[5-30 — 5-40 p.m.]

যে সমস্ত সুযোগ সুবিধা দেওয়া হয়েছে তার থেকে আজও শ্রমিক, কর্মচারিরা বঞ্চিত হয়ে আছেন। সেখানে প্রায় ১১/১২ দফা সুযোগ সুবিধা দেওয়া হয়েছিল আমি তারমধ্যে কয়েকটি দফা নিয়ে এখানে আলোচনা করব। এগুলি যদি সংশোধন না করেন অথবা প্রয়োগের ক্ষেত্রে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন না করেন তাহলে যত সুন্দর সুন্দর আইন তৈরি

করুন সবই বানচাল হয়ে যাবে। আইনে আছে ১।। দিন উপর্যুপরি ছুটি থাকবে এ তারসঙ্গে হলিডের ব্যবস্থা আছে। মাননীয় মন্ত্রী মহাশয় অনুসন্ধান করে দেখবেন কতগু দোকানে ১।। দিন ছুটি থাকে। এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রী মহাশয়কে আরও বলি, আপ দেখবেন, অনেক দোকানের রেজিস্টেশন নেই। দোকান রেজিস্ট্রিভুক্ত না হওয়ার জন্য তাে আইনের আওতায় আনা যাচ্ছে না। যাতে রেজিস্ট্রেশনটা বাধ্যতামূলক করা হয় সেদিকে দৃ দেবার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি অনুরোধ করছি। এটা বাধ্যতামূলক হলে কর্মচারি এই আইনের আওতায় আসতে পারবেন। এক্ষেত্রে আইনের ফাঁক দিয়ে কেউ যাতে বেরি যেতে না পারে সেটাও দেখতে হবে। এই প্রসঙ্গে ইনপেক্টরদের সঙ্গে যোগসাজসে মালিক আইনকে ফাঁকি দেয়, এ বিষয়ে দৃষ্টি দেবার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বিশেষভা অনুরোধ করব। আইনে যে হলিডের ব্যবস্থা আছে তাতে আমরা দেখছি অন্যান্য রাজ্যে তা ৬/৭ দিন ছুটি পায় এবং তারজন্য পুরো বেতনও পায় কিন্তু এখানে ১।। দিনের বেতন প বটে সব জায়গায় তাও পায় না—কিন্তু হলিডের দিনে তাদের কাজ করতে বাধ্য করা হ কাজ না করলে সেখানে ছাঁটাই হয়ে যাবার সম্ভাবনা থাকে, তাদের এরজন্য কোন ওভারটাইমও দেওয়া হয়না। তারপর মন্ত্রী মহাশয় অনুসন্ধান করলে আরও দেখতে পাবে তাদের দিনে ৮।। ঘন্টা কাজ করার কথা, সপ্তাহে ৪৮ ঘন্টা, কিন্তু দেখা যায় সকাল ১০ থেকে রাত্রি ১০টা পর্যন্ত তাদের কাজ করতে হয়। যদিও সেখানে আইনে ১।। ঘন্টা ছুটি ব্যবস্থা আছে কিন্তু বাস্তবে দেখা যায় সেই ছুটি তারা পায় না, কোনওরকমে হয়ত আধঘ তারা ছুটি পায়, বাকি সমস্ত সময়টা তাদের কাজ করতে বাধ্য করা হয়। সেখানে ক করতে না চাইলে ছাঁটাই হবার যে আশঙ্কা আছে তার কোনও প্রতিকারের ব্যবস্থা না থাক জন্য তারা বাধ্য হয়ে সকাল ১০টা থেকে রাত্রি ১০/১১টা পর্যন্ত কাজ করতে বাধ্য হ এই প্রসঙ্গে হোটেলের কথা একটু বলি। আইনে আছে হোটেল, রেস্তোরা, খাবারের দোকানগু রাত্রি ১১ টার সময় বন্ধ হয়ে যাবে কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয় যদি অনুসন্ধান করে দেখে তাহলে দেখবেন রাত্রি একটা দুটোর আগে কোনও হোটেল, রেস্তোরা বন্ধ হয়না। হোটে রেস্তোরায় যারা কাজ করেন আপনি জানেন স্যার, তারা খুব অল্প বেতন পান, এই অ বেতনে তাদের ভোরবেলা থেকে রাত্রি একটা দুটো পর্যন্ত কাজ করতে হয় অথচ তারজ তারা ওভারটাইম হিসাবে কিছুই পায়না। এই প্রসঙ্গে আমি আমাদের এম.এল.এ হোস্টেলে কথা বলি। এম.এল.এ. হোস্টেলে যে ক্যানটিনটি আছে তার কর্মচারিদের সকাল ৫টা থে রাত্রি ১।।/২টা পর্যন্ত কাজ করতে হয়। এত কাজ করে তাদের কেউ হয়ত ৫০ টাকা বে হয়ত ৬০/৭০ টাকা বেতন পায়। বেতন আগে এদের আরও কম ছিল এখন কিছুটা বে এই টাকা হয়েছে। এদের প্রভিডেন্ট ফান্ডের ব্যবস্থা নেই, গ্রাচুয়িটির ব্যবস্থা নেই, কোনওর সুযোগ সুবিধাই নেই। এইভাবে তাদের ফাঁকি দেওয়া হচ্ছে। আইনে ব্যবস্থা থাকলেও সে কার্যকর হচ্ছে না। তাছাড়া স্যার, এই সমস্ত কর্মচারিরা যে সামান্য বেতন পায় তাও নি দিনে দেবার কোনও ব্যবস্থা নেই, এক্ষেত্রে মালিকদের খেয়ালখুশির উপর তাদের নির্ভর কর হয়। কিছু বলতে গেলে ছাঁটাই হয়ে যাবার আশঙ্কা থাকে এবং ছাঁটাই হলে যেখানে প্রতিকা কোনও ব্যবস্থা নেই তাই ভয়ে তারা কিছু বলতে পারেন না। এরা যাতে মাসের এ নির্দিষ্ট দিনে বেতন পায় তারজন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে দৃষ্টি দিতে অনুরোধ করছি। স মাস্টার মহাশয়রা সরকারি কর্মচারিরা মাসের পয়লা তারিখে মাহিনা না পেলে তারা ধ

করে আর ঐ কর্মচারিরা যারা সামান্য টাকা বেতন পায় এবং যে টাকার উপর তাদের পরিবার নির্ভরশীল সেই টাকাও তারা নির্দিষ্ট দিনে পায় না। মাননীয় মন্ত্রী মহাশয় বলতে পারেন তারা মামলা করে না কেন? স্যার, দোকানের কর্মচারিরা, যারা সামান্য বেতন পায় তারা মামলা করে ৫ বছর ঝুলতে যাবে এটা কি সম্ভব? এটা কিছুতেই সম্ভব নয়। তাছাড়া মাননীয় মন্ত্রী মহাশয় বলতে পারেন সরকারের ইন্সপেক্টররা আছেন, তাদের বললে সেই মামলা শুরু করে দেবেন। এই ইন্সপেক্টরদের সম্বন্ধে মাননীয় অধ্যক্ষ মহাশয় নিজেই কি অভিমত পোষণ করেন সেটা উল্লেখ করলেই আপনারা বুঝতে পারবেন। তারপর মিনিমাম ওয়েজ অ্যাক্টের কথা বলা হয়েছে। আপনি খোঁজ করে দেখুন যে মিনিমাম ওয়েজ কোন কোন জায়গায় আছে। অনেক জায়গায় রেজিস্ট্রেশনই নেই। অনেক জায়গায় অ্যাপয়েন্টমেন্ট লেটারই দেওয়া হয়না এবং সেখানে কোনও হাজিরা বই নেই। ফলে সেখানে মিনিমাম ওয়েজ প্রয়োগ করবেন সে সুবিধা নেই। কারণ মিনিমাম ওয়েজ অ্যাক্ট করবার জন্য অথবা ইন্ডাস্ট্রিয়াল ডিসপুট অ্যাক্টে যদি কোনও মামলা করতে হয় তাহলে সেখানে রেজিস্ট্রেশন দরকার, অ্যাটেনডেন্স রেজিস্টার দরকার এবং দোকান রেজেস্ট্রিভুক্ত কিনা সেটা দেখা দরকার। এগুলি যদি থাকে তাহলে সেটা হতে পারে। এগুলি যদি না থাকে তাহলে সেখানে মিনিমাম ওয়েজ অ্যাক্ট অথবা ডিসপুট অ্যাক্ট চলতে পারেনা। ধরুন, সেখানে কিছু ডিসপুট পাওয়া গেল যে অন্যায়ভাবে ছাঁটাই করা হয়েছে। তারপর মামলা করতে গেলে দেখা যাবে যে সেখানে মালিক বলছে, ও আমার কর্মচারী নয়। সেখানে কোনও খাতাপত্র পাবেন না, কোনও হিসাব পাবেন না। এই হচ্ছে সেখানকার অবস্থা। কাজেই সেখানে কোনও কাজ হতে পারেনা, আইনও প্রয়োগ করতে পারছেন না। এই ত্রুটিগুলি কেন হচ্ছে সেটা দেখা দরকার এবং আশাকরি সেগুলি আপনি দেখবেন। তারপর ইন্সপেক্টর সম্পর্কে বহু অভিযোগ আছে। আপনার চিফ ইন্সপেক্টর বলুন, আর ইন্সপেক্টরই বলুন তাদের সম্পর্কে বহু অভিযোগ আছে। এই সমস্ত ইন্সপেক্টররা সব জায়গায় আসেনা এবং মালিকদের সঙ্গে তাদের একটা যোগসাজস আছে। এদের ঘুষ না দিলে, টাকা না দিলে কোনও কাজ হয়না। আমি বলছি না যে তাদের মধ্যে সৎ কর্মচারী নেই। কিন্তু শতকরা যদি ৫ জন সৎ হয়, বাকি ৯৫ জন ঘুষ খায়। এই যদি অবস্থা হয় তাহলে আইন করে কি হবে? আপনি যদি ইন্সপেক্টরের উপর নির্ভর করেন তাহলে এই আইন করেও কিছু করতে পারবেন না। যদি আইনকে ভালভাবে চালাতে চান তাহলে শুধু ইন্সপেক্টরের উপর নির্ভর করলে চলবে না। আপনাকে দেখতে হবে যে কিভাবে মেশিনারিকে আরও সুন্দর করা যায়, কিভাবে সবল করা যায়, শক্তিশালি করা যায় তার উপর গুরুত্ব দিতে হবে। তারপর আমি আর একটা অভিযোগ করব। আইনে আছে যে মিথ্যা কাগজপত্র তৈরি করলে জেল বা জরিমানা হবে। কিন্তু সেখানে মিথ্যা কাগজ পত্র অবাধে চলছে। ইন্সপেক্টরকে টাকা দিলে সেখানে অবাধে জাল কাগজপত্র তৈরি হতে পারে। যদিও আইনে বলা আছে যে মিথ্যা কাগজ পত্র তৈরি করলে জেল বা জরিমানা হবে, কিন্তু এই জিনিস অবাধে চলছে। সেজন্য আপনাকে অনুরোধ করব যে আপনি যখন আইন আনছেন, সেই আইন যাতে ভাল ভাবে প্রয়োগ হয়, যাতে মেশিনারি আরও শক্ত হয়, শক্তিশালি হয় সেইদিকে নজর রাখবেন। এই বিল যখন আগে এসেছিল এবং সেই বিলের উপর যখন আলোচনা চলেছিল তখন আমাদের বর্তমান অধ্যক্ষ মহাশয়, তিনি বিরোধী দলে বসতেন, তিনি তখন যে কথা বলেছিলেন সেটা আজও প্রযোজ্য। এখনকার স্পিকার তখনকার স্পিকারকে

বলেছিলেন।

"স্পিকার মহোদয়,

আমি এই আইনের একটি বিষয়ে বিশেষ করে এখানে উল্লেখ করতে চাই। এখানে দেখা যাচ্ছে যে কোনও অসুবিধা হলে ইন্সপেক্টর কোর্টে কোনও মামলা রেফার না করলে তারা কেউ রেফার করতে পারবে না। এর থেকে সমস্ত আইনের ভিতরে ইন্সপেক্টরকে যেভাবে পাওয়ার দেওয়া হয়েছে তাতে আমার সন্দেহ হয়েছে যে একদিকে বলা উচিত কি না জানিনা আপনারা নিশ্চয়ই বুঝতে পারেন যে ইন্সপেক্টর হেন জীব জগতে যেখানে আছে তার সেখানে একটা সুযোগ সুবিধা থাকে। যারজন্য যতই অন্যায় অন্য লোকের উপর হোক তারা আর এগুতে পারবেনা। যেহেতু ইন্সপেক্টর মহোদয় সদয় হবেন না। এইরকম একটা ব্যবস্থা এখানে আছে। আমি আইনের প্রয়োগ যেখানে দেখছি সমস্ত জায়গায় আমাদের কলকাতাইয়া ভাষায় যাকে গ্যাড়াকল বলে তার দ্বারা মানুষ পীড়িত হচ্ছে। সেদিক দিয়ে সমস্ত বিলের মধ্যে থেকে ইন্সপেক্টরের যতখানি প্রভাব আছে তা কি করে খর্ব করা যায় সেই বিষয়ে মন্ত্রী মহাশয়কে দৃষ্টি দিতে বলি।" এই কথা তিনি বলেছিলেন। কাজেই ইন্সপেক্টরের উপর নির্ভর না করে, কিভাবে আরও ভাল করা যায়, আইনকে আরও সুন্দর করা যায় এবং পরে যাতে একটা সর্বাত্মক বিল আনা যায় তারজন্য চেষ্টা করুন। আমি যে অভিযোগ করেছি, আশা করব সেদিকে আপনি দৃষ্টি দেবেন। এই কথা বলে আপনাকে ধন্যবাদ দিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[5-40 — 5-50 p.m.]

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শ্রমমন্ত্রী কর্তৃক আনিত "পশ্চিমবঙ্গ দোকান ও প্রতিষ্ঠান (সংশোধন) বিধেয়ক, ১৯৮১;"কে আমি সর্বতোভাবে সমর্থন করছি। এই শপ্স অ্যান্ড এস্টাবলিশমেন্টস অ্যাক্ট সম্পর্কে এবং এই সংশোধনী সম্পর্কে নিশ্চয়ই অনেক কিছু বলার আছে। তথাপি আমি বিলের উল্লিখিত অংশের উপরই আমার বক্তব্য সীমাবদ্ধ রাখব। এই প্রসঙ্গে আমি শ্রমমন্ত্রী মহোদয়কে বলব যে, তিনি এই শপ্স অ্যান্ড এস্টাবলিশমেন্ট অ্যাক্ট-এর কাজকর্মের সঙ্গে যারা যুক্ত, ট্রেড ইউনিয়ানিস্ট এবং অফিসার, তাদের ডেকে এনে এই বিলের ধারাগুলি সম্পর্কে তাদের সঙ্গে আলোচনা করুন। কারণ এবিষয়ে যে সমস্ত সুবিধা এবং অসুবিধাগুলি আছে, যেগুলি নিয়ে আজকে এত বিতর্ক আছে, সেগুলি নিয়ে আলোচনা করা প্রয়োজন। আলোচনার পর প্রয়োজন হলে বিভিন্ন ধারার উপর অ্যামেন্ডমেন্ট আনবার চেষ্টা করতে হবে। আজকে যে সংশোধনী বিলটি এসেছে এটি মূলত কয়েকটি প্রতিষ্ঠান আইনের ফাঁক দিয়ে এই আইনের আওতার বাইরে থাকছিল, তাদেরও এর অন্তর্ভুক্ত করার জন্য। আমরা জানি সেই সমস্ত প্রতিষ্ঠান কর্মচারিরা আছেন, লাভজনকভাবে সেই সমস্ত প্রতিষ্ঠান পরিচালিত হয়, কিন্তু সমস্তটা ব্যক্তিগতভাবে মালিকরা ভোগ করে, কর্মচারিদের কোনও সুযোগ-সুবিধা দেওয়া হয়না। আপনি জানেন অতীতে আমরা দেখেছি আইন যারা প্রণয়ন করতেন তারা সবাই উকিল ব্যরিস্টার ছিলেন, তারা তাদের নিজেদের স্বার্থে ঐ সমস্ত সলিসিটর ফার্মকে এই আইনের বাইরে রেখেছিলেন। কারণ তারা জানতেন চাকরি জীবনের পরে তাদেরও আবার ওকালতি বা ব্যারিস্টারি করতে হবে। সেই কারণেই ইন্ডাস্ট্রিয়াল

ডিসপুট অ্যাক্ট বা এই আইনের বাইরে ঐ সমস্ত ব্যবসাকে রাখা হয়েছিল। আজকে তাই শ্রমমন্ত্রীর এই প্রচেষ্টা অভিনন্দনযোগ্য। যে সমস্ত প্রতিষ্ঠানে কর্মচারী আছে এবং যে সমস্ত প্রতিষ্ঠান লাভের ভিত্তিতে প্রতিষ্ঠিত হয়েছে, সে সমস্ত প্রতিষ্ঠানের কর্মচারিদের এই আইনের আওতায় আনা হচ্ছে। ভবিষ্যতে হয়ত দেখা যাবে এর সঙ্গে আরও কিছু সংযোজন হবে। তবে এই যে বৃহৎ অংশ এই আইনের বাইরে ছিল এদের এই সংশোধনীর মাধ্যমে অন্তর্ভুক্ত করা হচ্ছে। সেইজন্য আমি শ্রমমন্ত্রীকে বার বার আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। আমি এই প্রসঙ্গে আরও দু'একটি কথা বলব। একটা কথা হচ্ছে আইন তৈরি হয়ে যাবার পরও হয়ত দেখা যাবে যে এর মধ্যে অনেক ত্রুটি রয়ে গেছে। তবে বেশিরভাগ ক্ষেত্রেই আমরা দেখতে পাই আইনের উদ্দেশ্য ব্যাহত হয় আইন প্রয়োগ সম্পর্কে সুষ্ঠু ব্যবস্থা না থাকার জন্য। তাই মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি বলব যে, বিশেষ করে শ্রমিক স্বার্থে আমরা যে আইনগুলি করি সেগুলির প্রয়োগের ক্ষেত্রে সুষ্ঠু ব্যবস্থা করা প্রয়োজন। শ্রমিকদের কল্যাণে যে সমস্ত আইন আছে এবং সেই সমস্ত আইনের মধ্যে যে সমস্ত শ্রমিকরা আছেন তাদের মধ্যে দোকান কর্মচারিরা হচ্ছে সবচেয়ে দুর্বলতম অংশ, এটা নিশ্চয়ই সকলেই জানেন। প্রথমত এই সমস্ত সংস্থার খাতায় সমস্ত কর্মীদের নাম লেখা থাকে না এবং যখনই প্রয়োজন হয় মালিকরা তাদের আত্মীয়-স্বজনের নাম এরমধ্যে ঢুকিয়ে দেয় এবং আইনকে ফাঁকি দেওয়ার চেষ্টা করে। সুতরাং আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব যে, এই আইনকে ঠিকমতো প্রয়োগ করার ক্ষেত্রে এর পিছনে আরও কিছু রুল বা ঐ জাতীয় কিছু করা প্রয়োজন। আমি আজকে বলাই-বাবুর সঙ্গে একমত যে, শুধু ইন্সপেক্টরদের উপর ছেড়ে দিলে চলবে না। দোকান কর্মচারিদের জন্য যে সমস্ত ব্যবস্থা আজকে আইনের মধ্যে রয়েছে সেগুলি যাতে মালিকরা মানতে বাধ্য হয় তারজন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। সেটা কিভাবে করা যায় তা মাননীয় মন্ত্রী মহাশয়কে বিবেচনা করে দেখতে হবে। আমি এবিষয়ে বলব যে, এই সমস্ত প্রতিষ্ঠান, দোকান বা সলিসিটর ফার্মকে পাক্ষিক বা কম পক্ষে মাসিক রিটার্ন সরকারের কাছে দিতে হবে, এইরকম একটা ব্যবস্থা করতে হবে। সেই রিটার্নে দোকানের নাম, মালিকের নাম এবং কর্মচারিদের নামও দিতে হবে। বিভিন্ন শপ্স অ্যান্ড এসট্যাবলিশমেন্ট অ্যাক্টে যে সমস্ত ধারা আছে সেগুলি কতটা কে কিভাবে মানছেন বা মানছেন না সেগুলি লিখিতভাবে দপ্তরে জমা দেওয়া দরকার এবং তারই ভিত্তিতে যদি ইন্সপেক্টররা যান তাহলে আমরা সুফল পাব এবং যাদের উদ্দেশ্যে এই বিল আনা হয়েছে তারাও এর থেকে উপকৃত হবে এবং যে উদ্দেশ্য নিয়ে মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় এই বিল এনেছেন সেই উদ্দেশ্যও সার্থক হবে। আমি এই প্রসঙ্গে আর একটি কথা বলতে চাই যে, দোকান কর্মচারিরা এই আইনের আওতাভুক্ত। আমাদের শহরাঞ্চলে যে সমস্ত শ্রমিক কর্মচারিরা আছেন যেহেতু তারা একসঙ্গে অনেকেই আছেন সেইহেতু তাদের কথা আমরা বুঝি এবং জানি এবং অনেক ক্ষেত্রে তাদের সমস্যার কথাও ব্যক্ত হয় কিন্তু শহরাঞ্চলের আশেপাশে যে সমস্ত কর্মচারিরা আছেন তাদের সংখ্যা যদি হিসাব করা যায় তাহলে শহরাঞ্চলের চেয়ে কোনও অংশে কম নয়। বড় বাজারে যে মুটিয়ারা আছে তাদের সংখ্যাও কম নহে। এদের যদি এই আইনে যুক্ত করতে পারেন তারজন্য মন্ত্রী মহাশয়কে দেখতে অনুরোধ করছি। কারণ এদের কোনও নিয়ম নেই, তারা কোথায় কাজ করেন তার ঠিক-ঠিকানা নেই অথচ বৃহত্তর কলিকাতা শহরে কাজকর্ম চালু রাখবার জন্য অক্লান্ত পরিশ্রম করেন। প্রতিটি দোকানের সঙ্গে জড়িত হয়ে এই মুটিয়ারা আছেন। এদের নাম রেকর্ডভুক্ত

করার জন্য আমি মন্ত্রী মহাশয়কে তার ডিপার্টমেন্টে যথাযথ নির্দেশ দেবার জন্য অনুরোধ জানাচ্ছি। মাননীয় মন্ত্রী মহাশয়ের নিশ্চয়ই স্মরণে আছে, এই বড়বাজারের মুটিয়াদের যখন বোনাসের আন্দোলন হয়েছিল সেই সময়ে দোকানের মালিকরা বললেন ওরা অনেকগুলি দোকানে কাজ করে সুতরাং বোনাস পাবে না। সেই আন্দোলনের কথা আপনার নিশ্চয়ই স্মরণে আছে। সেই আন্দোলনকে ভিত্তি করে আমাদের দেশের অনেক গণ্যমান্য ব্যক্তিরা অনেক নিন্দনীয় কাজ করেছেন। তাই আমি বলছি, এই সমস্ত লোকদের কোনও মতেই বাদ দেওয়া চলতে পারে না। এরা ব্যবসা জগতে অবিচ্ছেদ্দ অংশ। এই সমস্ত শ্রমিক কর্মচারিদের কথা আপনাকে মনে রাখবার জন্য অনুরোধ করছি। আমি পরিশেষে এই বিল আনার জন্য আপনাকে আর একবার ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শান্তিরাম মাহাতো ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই হাউসে শপ্স অ্যান্ড এসট্যাবলিশমেন্ট বিল যেটা আনা হয়েছে সেই বিল সম্বন্ধে মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে, শপ্স অ্যান্ড এসটাবলিশমেন্ট অ্যাক্টে যে সংজ্ঞা দেওয়া আছে সেই সংজ্ঞার কিছু পরিবর্তন করে আরও এমন কিছু শ্রমিক আছে যে সমস্ত শ্রমিকেরা এই আইনের আওতার মধ্যে পড়ে না সেই সমস্ত শ্রমিকদের সুযোগ সুবিধা করে দেবার জন্য এই বিল আনা হয়েছে।

আমি মনেকরি এই যে বিল এখানে আনা হয়েছে এই বিলে শ্রমিক স্বার্থ ছাড়াও আরও একটা অন্যরকম উদ্দেশ্য আছে। যেটা, আজকে ভাষা ও শিক্ষা নীতি নিয়ে সারা পশ্চিমবাংলার বুদ্ধিজীবি মানুষ যেভাবে বিভ্রান্তিমূলক শিক্ষানীতির জন্য যে আন্দোলনে নেমেছেন সেইসব বুদ্ধিজীবি মানুষের বিরুদ্ধে আজকে বিল এনে তাদের বিরুদ্ধে একটা জেহাদ ঘোষণা করেছেন। তারা বলছেন যে একজন আইনজীবি শপ্স অ্যান্ড এস্টাবলিশমেন্ট অ্যাক্টের আওতায় পড়বে। একজন আইনজীবির যদি সকাল ৮টা থেকে রাত্রি ৮টা পর্যন্ত চেম্বার খোলা থাকে আইন জীবির কাজ কি করে চলবে? যারা আইনজীবির কাছে পরামর্শ নিতে আসবেন আইনজীবি কি তাদের বলে দেবেন যে তোমরা ৮টার পর এস না? একজন ডাক্তারের চেম্বার বেলা ৮টা থেকে রাত্রি ৮টা পর্যন্ত খোলা থাকবে সেখানে ৮টার পর কোনও রোগি এলে ডাক্তার কি তাকে দেখবেন না, বলে দেবেন বেরিয়ে যান? কোনও অপারেশন করার সময় অর্ধেক অপারেশন হওয়ার পর যদি ৮টা বেজে যায় তাহলে কি ডাক্তার অপারেশন বন্ধ করে দেবেন!' কিন্তু তারা যদি ৮টার সময় বন্ধ না করেন তাহলে অন্য আইনের জালে পড়ে যাবেন, সেইজন্যই আমি এই বিলের বিরোধিতা করছি। ডাক্তারদের চেম্বারের ব্যাপারটা এই বিলের বাইরে রাখা দরকার ছিল। আরও তিনি বলেছেন যে আমরা যদি দেখতাম যে কোনও রাজনৈতিক দলের পার্টি অফিসকে এই বিলের আওতায় এনেছেন তাহলে আমি নিশ্চয় সমর্থন করতাম। পার্টি অফিসে দিনরাত কাজ চলে সেখানে কর্মচারী আছে, বাড়িতেও লোকে কাজ করে তাদের কথা এখানে বলেন নি, কাজেই এই বিলকে আমি সমর্থন করতে পারছি না, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-50 — 6-00 p.m.]

**শ্রী অরবিন্দ ঘোষাল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার পূর্ববর্তী বক্তা যে কথা বলে

গেলেন সেটা শুনে আমার একটা প্রবাদের কথা মনে হল। Relevancy is the first casualty in Assembly. উনি সব জায়গায় বুদ্ধিজীবিদের সম্বন্ধে একটা কথা চালিয়ে দিচ্ছেন। একটা ছেলে সে শুধু শ্মশানের সম্বন্ধে রচনা জানত এবং লিখতে পারত, তাকে একবার মামার বাড়ির সম্বন্ধে রচনা লিখতে বলা হলে সে সেখানেও শ্মশানের রচনা লিখেছিল। এখানেও ঠিক সেইরকম বুদ্ধিজীবিদের সম্বন্ধে ঠিক সেই ধরনের মুখস্ত কথা বলা হচ্ছে। এখন প্রশ্নটা হচ্ছে কোন বেতন কিভাবে হবে সেটাই বিলের মধ্যে আছে মাননীয় সদস্য বাপুলি মহাশয় ওটা পড়েন নি, ভাল করে পড়লে বুঝতে পারতেন। একটা সংজ্ঞা বাড়ানো হয়েছে, যেটা আমাদের অনেকদিনের দাবি ছিল। উনি ভাল করে পড়লে বুঝতে পারতেন যে সংজ্ঞাটা বাড়াতে হবে। অনেক এজেন্সি কমিশনে এবং ঐ জাতীয় দোকানে কর্মচারী যারা কাজ করে তাদেরও এই আইনের আওতায় আনতে হবে এটাই আমাদের দাবি ছিল। তারসঙ্গে অবশ্য একথাও বলা হয়েছে ওয়ার্কিং আওয়ার্স কাজের ঘন্টা, বোনাস ইত্যাদির কথা। আমরা যা চেয়েছিলাম সে সম্পর্কে একটা কমপ্রিহেনসিভ বিল আনা হোক। যারা পাচ্ছিলেন না তাদেরও এই বিলের আওতায় আনা হোক। তাদেরকে ঐ আইনের আওতায় এনে দেবার ব্যবস্থা করা হচ্ছে বলে আমি এই আইনকে সমর্থন করছি। তারসঙ্গে আমি মন্ত্রী মহাশয়কে একটা অনুরোধ করব এটা সত্য যে ক্ষেতমজুর, পাওয়ারলুম কিংবা স্মল ইঞ্জিনিয়ারিং ওয়ার্কার যারা আন অর্গানাইজড এদের জন্য আইন থাকলেও সেই আইন কার্যকর করা বা ইমপ্লিমেন্টিং অথরিটি কে দিয়ে কাজ করানো সব সময় সম্ভব হচ্ছে না, যারফলে যারা প্রথম থেকে আছে তাদের উপর অত্যাচার হচ্ছে। নিম্ন মধ্যবিত্ত দোকান কর্মচারী যারা দোকানে কাজ করেন তাদের ঐ দুজন, চারজন, ছয়জন কর্মচারিদের কোনও সংগঠন নেই, ইউনিয়ন নেই। এই আইনের আওতায় এসেও তারা কাজ করতে পারেন না। হাওড়া স্টোর্স এবং রত্নদীপ এর কর্মচারী কোনও কারণে ছাঁটাই হয়ে গেলে তারা অন্য নাম দিয়ে একটা দোকান চালাচ্ছে মাল কিন্তু ওই দোকানেরই। অর্থাৎ সংগঠন না থাকার ফলে এই জিনিস হচ্ছে সেজন্য যদি ইমপ্লিমেনশন অথরিটি শপ এসটাব্লিশমেন্টের লোকেরা যদি মালিকদের স্বার্থ না দেখেন তাহলে সব এস্টাবলিশমেন্টের যে আইন আছে সেগুলিকে কার্যকর করা যেতে পারে। এবং দোকান কর্মচারিরা অনেক সুযোগ সুবিধা পেত। আমি ওয়ার্কিং আওয়ার্স সম্পর্কে একটু বলব। এই বিষয়ে অনেক কেস করেছি। সব এস্টাবলিশমেন্ট এর কর্মচারিদের ক্ষেত্রে দেখেছি ২০ বছর ধরে কাজ করছেন অথচ দোকানের কোনও খাতায় তাদের নাম নেই। যারজন্য ন্যায্য পাওনা ট্রাইব্যুনাল করে পাওয়া সম্ভব হয় না। অতএব কথা হচ্ছে যত লোকই বাড়ান না কেন যদি ইমপ্লিমেনটেশন অথরিটি যদি ভাল না হয় তাহলে সুযোগ সুবিধা লোকে পাবেনা। এই বলে বিলকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-00 — 6-10 p.m.]

**শ্রী মতীশ রায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের শ্রমমন্ত্রী দোকান কর্মচারী সংস্থা বর্তমান আইনের সংশোধন এনেছেন তাকে সমর্থন জানিয়ে আমি ২।৪টি কথা বলতে চাই। প্রথম হচ্ছে ১৯৬৩ সালে মূল যে আইন তৈরি হয়েছিল তারমধ্যে অনেক ত্রুটি ছিল এবং এরফলে যে মহৎ উদ্দেশ্য নিয়ে আইন রচিত হয়েছিল দোকান কর্মচারী এবং সংস্থার কর্মচারির জন্য তারা তার পরিপূর্ণ সুযোগ সুবিধা পায়নি। আজকে অর্থনৈতিক সঙ্কটের ফলে বিভিন্ন

সংস্থার মালিক বিভিন্ন কায়দায় ব্যবসা পরিচালনা করছেন, এবং বর্তমানে আইনের দুর্বলতা থাকার জন্য কর্মচারিরা ব্যাপকভাবে শোষিত হচ্ছে। এইটাই হচ্ছে বাস্তব অভিজ্ঞতা। তাই মন্ত্রী মহাশয় দোকান কর্মচারী, কমার্সিয়াল এস্টাবলিশমেন্টের যে সংজ্ঞা তাকে প্রগতিশীল করছেন বলে তিনি প্রশংসার যোগ্য। আমি এক্ষেত্রে কয়েকটি বিশেষ ধরনের ঘটনার কথা বলব অর্থাৎ অনেক ধর্মীয় প্রতিষ্ঠানে বেশ মোটা সংখ্যক কর্মচারী কাজ করেন। কলকাতায় বহু ধর্মীয়-প্রতিষ্ঠান আছে। সেখানে কয়েকশত কর্মচারী দিনরাত্রি কাজ করে চলেছেন। কিন্তু তাদের যে পারিশ্রমিক আজকে দেওয়া হয় আজকের দিনে সেটা লজ্জার বিষয়। তাই মাননীয় শ্রমমন্ত্রীকে অনুরোধ করব যে তিনি যে জায়গায় চ্যারিটেবিল অর আদার ট্রাস্ট বলেছেন যে যদি সম্ভব হয় তাহলে সেখানে রিলিজিয়াস ট্রাস্ট করুন। অর্থাৎ কলকাতার পরেশনাথের মন্দির, জৈন টেম্পল, কালিঘাটের মন্দির ইত্যাদির যে সব কর্মচারী আছেন তারা বেতন কাঠামো, ছুটি, বোনাস ইত্যাদির কোনও সুযোগ সুবিধা পান না। সেইদিকে লক্ষ্য রেখে আপনাকে অনুরোধ করব এই জায়গায় আমি যে প্রস্তাব করলাম তা যদি সম্ভব হয় তাহলে আপনি গ্রহণ করবেন, না হলে আগামী দিনে এই আইনের পরিবর্তন করে সংশোধন করবেন। আর একটি কথা হচ্ছে আমাদের আইনের দুর্বলতার সুযোগ নিয়ে ভোলা বাবুর মতো লোকেরা হাইকোর্টে যান। সেইজন্য বলছি এখানে সংজ্ঞায় যে নামগুলির উল্লেখ করা হয়েছে সেই সংজ্ঞাগুলির ব্যাখ্যা যদি মূল আইনে দেওয়া হয় তাহলে সেই দুর্বল জায়গাগুলি থাকবে না। সেইজন্য অনুরোধ করব আগামী দিনে যখন আইনের সংজ্ঞাগুলি যথাযথভাবে লিপিবদ্ধ করা হবে তখন যেন এইদিকে সজাগ দৃষ্টি দেওয়া হয়।

আর একটা কথা বলতে চাই, এই সরকার প্রতিষ্ঠিত হবার পর শ্রমমন্ত্রী হোটেল রেষ্টুরেন্ট কর্মচারিদের জন্য ইতিমধ্যেই ন্যূনতম বেতন ধার্য করেছেন। কলকাতার বুকেই এই দরিদ্র কর্মচারির সংখ্যা ৩০।৪০ হাজার। কিন্তু তার কোনওরকম সুযোগ সুবিধা আইনে পাচ্ছেন কিনা সন্দেহ আছে। কারণ মালিকের সঙ্গে অফিসারদের একটা আঁতাত আছে। দোকান কর্মচারির সংস্থার অফিসার যারা তারা বেশিদিন কাজ করতে পারেন না যদি তিনি সৎ হন। অথচ দোকান কর্মচারী সংস্থার গুরুত্ব দিনের পর দিন বাড়ছে। সেটাকে একটা পূর্ণাঙ্গ ডাইরেক্টোরেটে যাতে আমরা রূপান্তরিত করতে পারি সেদিকে আপনি দৃষ্টি দিন, এখানে যে সমস্ত ইন্সপেক্টর এবং কর্মচারী আছেন তাদের সংখ্যা বাড়ানো দরকার এবং যে প্যানেল প্রভিসন দোকান কর্মচারী সংস্থা আইনে সেই প্যানেল প্রভিসনের প্রয়োজনীয় সংশোধনী করে তাকে আরও কঠোর করা উচিত যাতে মালিকদের ফাঁকি দেবার যে প্রচেষ্টা সেটাকে বন্ধ করা যায়। আমরা দেখছি দীর্ঘদিন কেস ঝুলে থাকে এবং বিভিন্ন কোর্টে যায় যার সুযোগ শ্রমিক কর্মচারিরা পান না। সেজন্য বলছি, শ্রমিক-কর্মচারী, মালিকদের প্রতিনিধি এবং সরকারি প্রতিনিধিদের নিয়ে একটা কমিটি করে এই বিষয়গুলোর তদন্ত করে এই আইনের যাতে সংশোধন করে পূর্ণাঙ্গ আইনে রূপান্তরিত করা যায় তারজন্য শ্রমমন্ত্রীকে অনুরোধ করছি। কমার্সিয়াল এস্টাবলিশমেন্টের ক্ষেত্রে এবং বিভিন্ন সংস্থার ক্ষেত্রে যেভাবে আইনের সংশোধন করা হচ্ছে সেক্ষেত্রে আমি বলব, উদ্দেশ্যে যেখানে বলা হয়েছে অ্যাকাউন্টটেন্ট সেখানে যদি চাটার্ড অ্যাকাউন্টটেন্টদের বসানো যায় তাহলে আইনের যে ত্রুটি আছে, সেগুলো দূর করা যায়। তিনি এখানে বলেছেন, এই আইনের দ্বারা বুদ্ধিজীবি মানুষরা ক্ষতিগ্রস্ত হবেন। তিনি জানেন কিনা জানি না বুদ্ধিজীবিদের মধ্যে দুটি চিন্তাধারা আছে একশ্রেণী যারা দেশকে

মানুষকে ভাল বাসেন, যারা দেশের সত্যিই মঙ্গল চান, আর এক শ্রেণীর বুদ্ধিজীবি আছেন যারা নিজেদের বুদ্ধি নিজেদের স্বার্থে ব্যবহার করেন নিজেদের সম্পদ বাড়িয়ে তুলতে। আমরা শেষোক্ত দলের লোক নই। আমরা সেই সমস্ত বুদ্ধিজীবিদের সমর্থন করি যারা দেশের মানুষদের অধিকার দিতে চান। আর যে বুদ্ধিজীবিরা তা করেন না, তাদের সাথে আমরা নেই। সেইজন্য আজকে আমি দোকান কর্মচারিদের স্বার্থে দৃঢ় পদক্ষেপে মাননীয় শ্রমমন্ত্রী যে আইন এনেছেন সেই আইনকে সর্বান্তকরণে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত সংক্ষেপে দু'একটি কথা বলব, কারণ এখানে বেশি কথা বলবার প্রয়োজন হচ্ছে না এবং তার কারণ হচ্ছে কংগ্রেস(আই) সদস্যরা ছাড়া বাকি সবাই এই বিলকে সমর্থন করেছেন। কংগ্রেস(আই) দলের মাননীয় সদস্য যে যুক্তিতে এই বিলটিকে সমর্থন করতে পারেননি, সেটা হচ্ছে কাজের ঘন্টা অর্থাৎ কোনও আইনজীবির অফিস যদি আটটা থেকে আটটা পর্যন্ত খোলা থাকে, তাহলে এই আইন অনুযায়ী কি করে কাজ হবে? কোনও ডাক্তার যদি তার ডাক্তারখানায় ৮টা থেকে ৮টা পর্যন্ত কাজ করেন, তাহলে কি করে এই আইন সেখানে চলবে? সুতরাং ওয়ার্কিং আওয়ার্স-এর লিমিট করার প্রয়োজন আছে এবং সেখানে সিফ্ট অনুযায়ী কাজ হতে পারে। এটাই হচ্ছে আমাদের বক্তব্য।

**Shri Bholanath Sen :** But here the provision is that no shop to be opened before 8 O'clock in the morning and no shop can be kept open after 8 O'clock in the evening.

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** সেসব জায়গায়, যেসব জায়গায় এই ধরনের কাজের প্রয়োজন হয়, দু'ধরনের লোক কাজ করতে পারে। যদি ৮টা থেকে ৮টা পর্যন্ত কাজ হয়, তাহলে এক ধরনের লোক সকাল আটটা থেকে দুপুর দুটো পর্যন্ত কাজ করে চলে যেতে পারে, এবং দুপুর থেকে রাত্রি আটটা পর্যন্ত আর এক ধরনের লোক কাজ করতে পারে। সিফ্ট করে ডিউটি ভাগ করে দিয়ে এগ্রিমেন্ট করতে পারে।

**শ্রী ভোলানাথ সেন ঃ** কিন্তু রাত্রি ১০টা পর্যন্ত কাজ হয় যেখানে সেখানে কি হবে? এই আইন অনুযায়ী রাত্রি ৮টার পর ক্যান নট বি কেপ্ট ওপেন।

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** এগুলি অ্যাডজাস্টমেন্টের ব্যাপার। সেসব ক্ষেত্রে বেশি সংখ্যায় কর্মচারী নিয়োগ করলেই হবে। সুতরাং এগুলি কোনও যুক্তি নয়। একজনকে আইন থেকে বাদ দেওয়ার ফলে সে ১২ ঘন্টা, ১৪ ঘন্টা কাজ করবে, এটা কখনই হতে পারে না। এরপরেও যদি কোনও প্রাকটিক্যাল ডিফিকাল্টি দেখা দেয় তাহলে আমরা সে বিষয়ে আলোচনা করে রুল খানিকটা চেঞ্জ করতে পারব। সুতরাং এসবগুলি কোনও যুক্তি নয়। মূলত যেকথা বার বার উঠছে সেটা হচ্ছে শুধু মাত্র ইন্সপেক্টরদের উপর, নির্ভরশীল হওয়া যায় না। এটা আমরাও জানি। ফ্যাক্টরি ইন্সপেক্টর, শপ অ্যান্ড এস্টাবলিশমেন্টস ইন্সপেক্টর, ই.এস আই. ইন্সপেক্টর, সকলকেই তো দেখছি। এদের উপর নির্ভর করা যায় না। সুতরাং যেটা করা যায় সেটা হচ্ছে এই বিল পাশ হবার পর বিভিন্ন গ্রুপের, বিভিন্ন পার্টির সদস্যদের সঙ্গে এবিষয়ে আলোচনা করতে পারি এবং আলোচনা করে দেখতে পারি যে, এ বিষয়ে কোনও স্পেশ্যাল

রুলস করা যায় কিনা। সুতরাং সেটা নিয়ে আলোচনা হতে পারে। তারপর কথা হচ্ছে আমরা জানি প্রয়োগের ক্ষেত্রে অনেক ডিফেক্ট আছে, লুপহোলস আছে। সেগুলিকে রিমুভ করতে হবে, সেইজন্য আমাদের আরও আলোচনা করা দরকার। তারপর মাননীয় সদস্য মতীশ রায় রিলিজিয়াস ট্রাস্ট সম্বন্ধে যেটা বলেছেন, সেটা নিয়ে আমি ঠিক চিন্তা করিনি, এটা নিয়েও আমাদের আলোচনা করা যেতে পারে। আমি শুনলাম তামিলনাড়ুতে, কেরালায় নাকি এই রকম হয়েছে। তবে আমার কাছে সে সম্বন্ধে কোনও নজির নেই। ভবিষ্যতে আমরা সে বিষয়ে আলোচনা করতে পারি। সুতরাং বর্তমানে বিলটি যেভাবে এসেছে সেইভাবেই পাশ হোক। আমি এই কয়টি কথা বলেই সমস্ত সদস্যদের বিলটিকে পূর্ণ সমর্থন জানাতে বলছি।

The motion of Shri Krishna Pada Ghosh that the West Bengal Shops and Establishments (Amendment) Bill, 1981 be taken into consideration was then put and agreed to.

**Clauses 1 and 2 and Preamble**

The question that Clauses 1 and 2 and Preamble do stand part of the Bill were then put and agreed to.

**Shri Krishna Pada Ghosh :** Sir, I beg to move that the West Bengal Shops and Establishments (Amendment) Bill, 1981 as settled in the Assembly, be passed.

**শ্রী ভোলানাথ সেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সত্যই খুব কৃতজ্ঞ যে মাননীয় মন্ত্রী মহাশয় বললেন তিনি পরে এই নিয়ে আমাদের সঙ্গে আলোচনা করবেন যদি আমরা তাকে বুঝাতে পারি যে ডিফেক্ট আছে এবং সেই ডিফেক্ট তিনি কিওর করবেন। ডিফেক্ট হয়ে গেছে এই কারণে, যদিও পাওয়ার ছিল, ন্যাচার অব ওয়ার্ড কন্সিডার করা হয়নি। ডিফারেন্ট ইন্ডাস্ট্রিকে আনা উচিত, এই পাওয়ার আজ থাকা সত্ত্বেও ন্যাচার অব ওয়ার্ড আসেনি। বলা হয়েছে স্টেটমেন্ট অব অবজেক্টস অ্যান্ড রিজনসে এমপ্লয়িরা বলছে ডিপ্রাইভড হচ্ছে ন্যাচার অব ওয়ার্ক কন্সিডার করা হয়নি বলে। যেমন ধরুন প্লেস অব এন্টারটেইনমেন্ট হোটেল অ্যান্ড রেস্টুরেন্ট-এ সেখানে রাত ১১টা পর্যন্ত কাজ হয়, কোনও হাসপাতাল, সেখানে হোল নাইট কাজ করতে হয়, এমন বহু আছে, ডাক্তার আছেন, চেম্বারে রাত্রি পর্যন্ত কাজ করেন, নার্সিং হোম আছে, উকিল ব্যারিস্টার, তাদের ক্লায়েন্ট আসে রাত পর্যন্ত কাজ করতে হয়, দিনের বেলায় প্রফেশনে ব্যস্ত থাকেন, রাত্রে টাইপিস্ট স্টেনোগ্রাফার দিয়ে কাজ করান, অনেক সময় ওভার নাইট কাজ করতে হয়, ধরুন কোনও একটি জাহাজ চলে যাচ্ছে ঠকিয়ে, সারা রাত ধরে কাজ চলে অ্যাডমিরাল্টি অফ জুরিসডিকশন যাকে বলে, আপনি জানেন, এই সমস্ত ক্ষেত্রে বেশি আওয়ারস কাজ করতে হয়, এগুলির কথা চিন্তা করতে হবে। অপর পক্ষে দেড় দিন ছুটি যেটা মেইন, এক্সপ্লেইন করা হয়নি, এটা এক্সপ্লেইন করবেন। বেশির ভাগ লোক বাইরে আসে এখানে কাজ করার জন্য, শনিবারে রবিবারে বাড়িতে চলে যায়, আপনি বলছেন এরা প্রফেশনাল দে ডু নট বিলং টু অর্ডিনারি ইন্ডাস্ট্রি, প্রফেশনাল লোক কিন্তু এস্টাবলিশমেন্ট হয় যদি একটা লোকও কাজ করে, টাইপিস্ট স্টেনোগ্রাফার প্রফেশনাল লোক তাদের অন্যভাবে ডিল করছেন। এই ধরনের কর্মচারী যাতে বেনিফিট পেতে পারে, সেটা দেখতে হবে।

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** আমি আগে যেটা বললাম শপ্স-দোকান খোলা বন্ধ করার একটা নির্দিষ্ট টাইম আছে, এস্টাবলিশমেন্টের ব্যাপারে তা নেই, এটা ভ্যারি করতে পারে।

The motion of Shri Krishna Pada Ghosh that the West Bengal Shops and Establishments (Amendment) Bill, 1981, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 6.10 p.m. till 1 p.m. on Thursday, the 26th February, 1981, at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Thursday, the 26th February, 1981 at 1.00 p.m.

**PRESENT**

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 13 Ministers, 2 Ministers of State and 148 Members.

[1-00 — 1-10 p.m.]

## Held over Starred Questions
## (to which oral Answers were given)

### আশ্রয়হীন প্রতিবন্ধীদের পুনর্বাসন ব্যবস্থা

*৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *৫২৮।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, আশ্রয়হীন প্রতিবন্ধীদের পুনর্বাসনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি ঃ** হ্যাঁ আছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** কি কি পরিকল্পনা আছে?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি ঃ** আর্থিক পুনর্বাসনের জন্য সরকার চলতি বছরে ৪০০ জন প্রতিবন্ধীকে এককালীন ১,০০০ টাকা অনুদান দিতে মনস্ত করেছেন। এই অনুদানের উদ্দেশ্য হল যাতে প্রতিবন্ধীরা স্বাধীন বৃত্তি গ্রহণ করে সুস্থ্য ও সামাজিক জীবন যাপন করতে সক্ষম হয়। এই বাবদ ৪ লক্ষ টাকা চলতি বছরে খরচ করা হবে। সরকারি এবং সরকারি সাহায্যপ্রাপ্ত আবাসের মাধ্যমে মূক বধির ও দৃষ্টিহীন শিশুদের প্রতিষ্ঠানকে সাহায্য দেওয়া হচ্ছে। কুচবিহারে দৃষ্টিহীন শিশুদের এবং রায়গঞ্জে মূক বধির শিশুদের জন্য সরকারি প্রতিষ্ঠান আছে। রামকৃষ্ণ মিশন, নরেন্দ্রপুর এবং বাঁকুড়ায় হিন্দু কুষ্ঠ নিবারণ সংঘে এই ধরণের বেসরকারি প্রতিষ্ঠান আছে। অষ্টম শ্রেণী পর্যন্ত পাঠরত প্রতিবন্ধী ছাত্রদের বৃত্তি দেওয়ার ব্যবস্থা আছে। পঞ্চম শ্রেণী মাসিক ২০ টাকা ষষ্ঠ শ্রেণী হইতে ৮ম শ্রেণী পর্যন্ত মাসিক ৩০ টাকা হারে এই বৃত্তি দেওয়া হয়। বর্তমানে বৃত্তিপ্রাপ্ত ছাত্রছাত্রীর সংখ্যা ৩০৫। চলতি বছরে ২,৭৫,০০০ টাকা বরাদ্দ আছে। পঙ্গু ব্যক্তিদের কল্যাণের জন্য বিকলাঙ্গ ভাতা চালু আছে। এই ভাতার পরিমাণ মাসিক ৩০ টাকা। বর্তমান বৎসরে ২৭০০ জনকে এই ভাতা দেওয়ার ব্যবস্থা নেওয়া হয়েছে। প্রতিবন্ধীদের কল্যাণের জন্য বিভিন্ন সরকারি দপ্তর কর্মসূচি গ্রহণ করে থাকেন। এই দপ্তরগুলির মধ্যে সমন্বয় সাধনের জন্য একটি উপদেষ্টা পর্ষদ গঠন

করা হয়েছে। সাধারণভাবে সরকারি চাকুরির শতকরা দুই ভাগ প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত আছে। ১৯৮০ সালের মধ্যে প্রতিটি সরকারি দপ্তরে যাতে যোগ্যতা অনুসারে কমপক্ষে একজন প্রতিবন্ধীকে নিয়োগ করা হয় তার জন্য সরকারি আদেশ জারি করা হয়েছে। ফলাফল এখনও সংগৃহীত হয়নি। প্রতিবন্ধীদের কর্মে নিয়োগের জন্য শ্রম দপ্তরের অধীনে একটি বিশেষ কর্মসংস্থান কেন্দ্র আছে। প্রতিবন্ধীদের চলাফেরা ও জীবিকা অর্জনের সুবিধার্থে সহায়ক যন্ত্রপাতি যথা হিয়ারিং এড্ কৃত্রিম অঙ্গ-প্রত্যঙ্গ হুইল চেয়ার ইত্যাদি বিনা মূল্যে প্রদান করার ব্যবস্থা আছে। পারিবারিক আয় মাসিক ৫০০ টাকা পর্যন্ত হইলে এই সাহায্য দেওয়া হয়। বিশেষ বিশেষ ক্ষেত্রে ৫০০ টাকার বেশি আয়ের ব্যক্তিদের এই সাহায্য প্রদান করা হয়। শারীরিক প্রতিবন্ধীদের বৃত্তিমূলক শিক্ষাদানের জন্য কয়েকটি শিক্ষন কেন্দ্র খুলিবার পরিকল্পনা আছে। এ ছাড়া সরকারি এবং বেসরকারি যে সব সংস্থা আছে তাদের সাহায্য করা হয়।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** এই আন্তর্জাতিক প্রতিবন্ধী বৎসর হিসাবে কেন্দ্রীয় সরকার বা পৃথিবীর অন্য কোনও দেশ বা প্রতিষ্ঠান রাজ্য সরকারে টাকা দিয়েছেন কি?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি ঃ** বিশ্বপ্রতিবন্ধী বৎসর এ বছর ঘোষণা করা হয়েছে। তার জন্য পশ্চিমবাংলা সরকারের পক্ষ থেকে কতকগুলি পরিকল্পনা নিয়েছে। কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে কোনও সাহায্যের সংবাদ আমার কাছে নাই।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** কলকাতায় প্রকাশ্য রাস্তায় যে সমস্ত প্রতিবন্ধী ঘোরাঘুরি করে, ভিক্ষা করে তারাও কি এই পরিকল্পনায় পড়ে?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি ঃ** আমাদের কাছে কোনও দরখাস্ত দিলে আমরা নিশ্চয় তা বিবেচনা করব।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি, যে সমস্ত প্রতিবন্ধী কোয়ালিফায়েড—বি. এ. পাশ বা হায়ার সেকেন্ডারি পাশ—চাকরির ক্ষেত্রে অগ্রাধিকারের ভিত্তিতে তাদের সুযোগ-সুবিধা দেওয়াও কোনও ব্যবস্থা আছে কি?

**শ্রীমতী 'নিরুপমা চ্যাটার্জি ঃ** ১৯৭৪ সালে প্রথম আইন হয় যে শতকরা দুভাগ এদের নিতে হবে। আমরা দেখেছি সেই ধরনের নিয়োগ হয়নি। ১৯৮০ সালে আমরা সিদ্ধান্ত করলাম প্রত্যেক ডিপার্টমেন্টকে একজন করে নিতে হবে। যেমন আমাদের ডিপার্টমেন্ট হয়ত ৪ জন, তথ্য সংস্কৃতি ডিপার্টমেন্টে হয়ত ৫ জন, কৃষি বিভাগের হয়ত দু'জন, স্বাস্থ্য দপ্তর নিয়েছেন, এইভাবে আমরা যে অনুরোধ করেছিলাম সেই অনুরোধ বিভাগগুলি রেখেছেন এবং প্রত্যেকেই নিয়েছেন।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** এখন এর পারসেন্টেজটা কি রকম দাঁড়িয়েছে মাননীয় মন্ত্রী মহাদয় তা বলতে পারেন কি?

**(নো রিপ্লাই)**

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** মাননীয়া মন্ত্রী মহোদয় বললেন, দরখাস্ত করতে হবে। আমার

জিজ্ঞাস্য, যারা আশ্রয়হীন এবং যাদের গার্জেন বলে কেউ নেই তাদের রাস্তা থেকে ধরে নিয়ে এসে আশ্রয়ে রাখার কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জিঃ** যাদের কেউ কোথাও নেই, যারা ভিক্ষা করে সেই ভবঘুরেদের জন্য আশ্রয়ের ব্যবস্থা আছে। রাস্তায় যে সমস্ত পাগল ঘুরে বেড়ায় তাদের রাখার জন্য কিছু কিছু কেস আমাদের কাছে এসেছে আমরা তাদেরও রাখি।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়াঃ** আমার জিজ্ঞাস্য, যাদের জন্য দরখাস্ত করার কেউ নেই তাদের ধরে এনে আশ্রয়শিবিরে রাখার কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

(নো রিপ্লাই)

**সরকারি শিশু রক্ষণাগার**

*৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪১।) **শ্রী সুমন্তকুমার হীরাঃ** ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মোট সরকারি শিশু রক্ষণাগারের সংখ্যা কত ;

(খ) উক্ত রক্ষণাগারে মোট কতগুলি শিশু রক্ষণাবেক্ষণ করা হয় ; এবং

(গ) উক্ত রক্ষণাবেক্ষণের জন্য সরকারের মাসিক খরচের পরিমাণ কত?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জিঃ**

(ক) ১৬টি

(খ) ২৪১৫ জন শিশু

(গ) উক্ত রক্ষণাবেক্ষণের জন্য সরকারের মাসে গড়ে ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) টাকা খরচ হয়। উক্ত খরচের মধ্যে কর্মচারিদের বেতন ভাতা, শিশুদের খাদ্য, পরিধেয় চিকিৎসা, শিক্ষা ইত্যাদি।

**শ্রী সুমন্তকুমার হীরাঃ** এই শিশু রক্ষণাগারে শিশুদের জন্য যা ব্যয় হয় খাদ্য ইত্যাদির জন্য তার কত পারসেন্ট সরকার ব্যয় করেন মাননীয় মন্ত্রী মহোদয় তা জানাবেন কি?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জিঃ** আগে ছিল ৫৫ টাকা, এখন করা হয়েছে ৭০।। টাকা, বেসরকারি যে সংস্থা আছে তাদের আমরা ৮০ টাকা করে দিই।

**শ্রী সুমন্তকুমার হীরাঃ** মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি, প্রাক্তন কংগ্রেসি আমলে এই ধরণের কোনও পরিকল্পনা তাঁরা গ্রহণ করেছিলেন কিনা?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জিঃ** এই ধরনের হোম ছিল তবে সেগুলি সঠিকভাবে পরিচালনা করা হয়নি। যেমন এখানে ভিজিটার্স বোর্ড থাকা দরকার সেই ভিজিটার্স বোর্ড ছিল না।

[1-10 – 1-20 p.m.]

**শ্রী নানুরাম রায়ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই যে ১৬টি শিশু রক্ষণাগারের কথা বললেন, এগুলি কোথায় কোথায় অবস্থিত?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জিঃ** এগুলি আছে—ধ্রুবাশ্রম, আড়িয়াদহ, ১৯৫। দুস্থ শিশু আবাস, সেখানে আছে ২০০ জন। বিদ্যাসাগর বালিয়া ভবন, সেখানে আছে ৪০০ জন। দুস্থ আবাস, উত্তরপাড়া হুগলি, সেখানে আছে ১৭০ জন। রিফর্মারি স্কুল, সেখানে আছে ১৮০ জন। হোম ফর নন—ডেলিং কোয়েন্স বয়েস, বহরমপুর, সেখানে আছে ২০০ জন রিফর্মারি স্কুল ফর ডেলিং কোয়েন্স এবং নন-ডেলিং কোয়েন্স বয়েস, মুর্শিদাবাদ, সেখানে আছে ২৩০ জন। এই ধরনের অনেকগুলি আছে।

**শ্রী জন্মেজয় ওঝাঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, বামফ্রন্ট ক্ষমতায় আসার পরে কটা নুতন শিশু আবাস করা হয়েছে?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জিঃ** বামফ্রন্ট সরকার আসার পরে এই পর্যন্ত জলপাইগুড়ি, কুচবিহার ছাড়াও বেসরকারি সংস্থা যারা দরখাস্ত করেছেন, তারা অনুমোদন পেয়েছেন ৪/৫টি। আরও আমরা যা পাঠিয়েছি দিল্লি থেকে অনুমোদন হয়ে আসেনি।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর)ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে পার হেডে পার মান্থে যে অ্যালটমেন্ট আছে, তার বাইরে বেসরকারি সংস্থা বেশি করে রিয়েলাইজেশন করছে, এটা কি আপনার জানা আছে?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জিঃ** অনেক স্বেচ্ছাসেবী হোম আছে যারা সরকারি সাহায্য পায়, আবার বিদেশের কাছ থেকেও কিছু কিছু সুযোগ-সুবিধা নেয় ওদের দেখিয়ে, এই জিনিস আমরা জেনেছি।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর)ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে বেসরকারি প্রতিষ্ঠান, যাদের আপনারা রক্ষণাগারের জন্য স্যাংশন দিয়েছেন, সেখানে যে সমস্ত শিশু আছে, পার হেড পার মান্থে যে অ্যালোকেশন আছে, তার বাইরে রিয়েলাইজেশন করেন?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জিঃ** আপনার কাছে সেই রকম খবর থাকলে আমাদের জানাবেন। আমরা নিশ্চয়ই এই সম্পর্কে খোঁজখবর নেব।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকারঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে শিশু রক্ষণাগারে শিশু ভর্তির সাধারণ নিয়ম কি?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জিঃ** রাস্তায় যে সমস্ত শিশু পাওয়া যায়, হাসপাতালে যে সমস্ত শিশু পাওয়া যায়, জেল থেকে যে সমস্ত শিশু পাওয়া যায় তাদের রাখা হয়। এ ছাড়াও দুস্থ এবং অসহায় যারা তাদের যে নিয়ম আছে, সেই নিয়মগুলি দেখে তাদের রাখা হয়।

## কলিকাতায় তফসিলি জাতি ও উপজাতি ছাত্রদের জন্য ছাত্রাবাস

*৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪২।) **শ্রী সুমন্তকুমার হীরা ঃ** তফসিলি জাতি ও উপজাতি কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি তফসিলি জাতি ও উপজাতিভুক্ত ছাত্রছাত্রীদের জন্য কলিকাতায় সরকারের নিজস্ব জমিতে প্রস্তাবিত ছাত্রাবাস গৃহ নির্মাণের পরিকল্পনা কতদুর অগ্রসর হয়েছে?

**ডাঃ শম্ভুনাথ মান্ডি ঃ** তফসিলি জাতি ও আদিবাসী ছাত্রদের জন্য কলিকাতার উল্টোডাঙ্গায় সরকারের নিজস্ব জমিতে প্রস্তাবিত ছাত্রাবাস গৃহটি পাইল ফাউন্ডেশনের কাজটি করার প্রয়োজনীয় নির্দেশ সংশ্লিষ্ট নির্বাহি বাস্তুকার (Executive Engineer) কর্তৃক প্রদত্ত হইয়াছে এবং কাজটি খুব শীঘ্রই আরম্ভ হইবে।

কলিকাতার আলিপুরের হেস্টিংস হাউস প্রাঙ্গনে তফসিলি জাতি ও আদিবাসী ছাত্রীদের জন্য একটি ছাত্রী-নিবাস নির্মাণের প্রয়োজনীয় একখন্ড জমি পাওয়ার আশ্বাস শিক্ষা বিভাগ হইতে পাওয়া গিয়াছে।

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে কোন সালে উল্টোডাঙ্গা ছাত্রাবাস নির্মাণের জন্য পরিকল্পনা নেওয়া হয়েছিল এবং বর্তমানে কি অবস্থায় আছে?

**ডাঃ শম্ভুনাথ মান্ডি ঃ** গত ১৯৭৮ সালে এই পরিকল্পনা নেওয়া হয়েছে। তবে কিছু কারণের জন্য আমরা কাজ শুরু করতে পারিনি। কারণ হচ্ছে, প্রাথমিক পর্যায়ে ছাত্রাবাস নির্মাণের জন্য প্ল্যান ও এস্টিমেট তৈরি করা হয়। কিন্তু সি. আই. টি কর্তৃপক্ষের নিকট হইতে দীর্ঘমেয়াদী লিজ গ্রহণের শর্তের অনুকুলে ৬০ পারসেন্ট কভারেজ না হওয়ায় প্রাথমিক প্ল্যান বাতিল হয়ে যায় এবং পরবর্তীকালে ৬৫ জন ছাত্রের উপযোগী ৫তলা ছাত্রাবাস নির্মাণের পরিকল্পনা সরকার কর্তৃক অনুমোদিত হয়। কনস্ট্রাকশন বোর্ডের কলকাতা এক নম্বর ডিভিসনের নির্বাহী বাস্তুকার একজন ভূ-সমীক্ষকের মাধ্যমে ঐ প্লটের অভ্যন্তরে মৃত্তিকা পবীক্ষা করে এই মর্মে মতামত দেন যে প্রস্তাবিত ছাত্রাবাস গৃহটির ভিত্তি ভূমি সুদৃঢ় করতে হলে ১৬"×৭০" আয়তন বিশিষ্ট ৬৫টি কংক্রিটের স্তম্ভ ভিত্তিমূলে প্রোথিত করতে হবে এবং তার জন্য ৪,৮০,০০০.০০ টাকা অতিরিক্ত খরচ হবে। এই অনুযায়ী সরকার কর্তৃক এই অতিরিক্ত ব্যয়সহ সর্বমোট ১৬,৬৯,২৬৪.০০ টাকা সংশোধিত আনুমানিক নির্মাণের ব্যয় অনুমোদিত হয়। এযাবৎ উক্ত নির্মাণ কার্যের জন্য কনস্ট্রাকশন বোর্ডের কলকাতা এক নম্বর ডিভিশনের নির্বাহী বাস্তুকারকে ৭,০৫,০০০.০০ টাকা ব্যয় দুই কিস্তিতে মঞ্জুর করা হয়েছে। কনস্ট্রাকশন বোর্ডের উক্ত ব্যয়বরাদ্দের মধ্যে ৫ লক্ষ টাকা খরচ করার অনুমতি পত্র মুখ্য বাস্তুকার অর্থবিভাগের সম্মতিক্রমে এই নির্বাহী বস্তুকারকে মঞ্জুর করা হয়েছে।

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কলকাতার বহুবাজার অঞ্চলে উদয়ন ছাত্রাবাসটিতে তফসিলি জাতির ছাত্ররা বাস করে, কিন্তু ওটির বাড়ির মালিক হচ্ছে আনন্দবাজার পত্রিকা, সুতরাং এই ছাত্রাবাসটি অধিগ্রহণ করার জন্য কোনও ব্যবস্থা গ্রহণ করা হবে কিনা?

**ডাঃ শম্ভুনাথ মান্ডি ঃ** এ বিষয়ে শিক্ষা বিভাগের সঙ্গে আলোচনা চলছে।

**শ্রী ন্যাথিনাল মুর্মু ঃ** উপজাতি কল্যাণ দফতরের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, এই যে ছাত্রাবাসটি নির্মিত হচ্ছে, এই ছাত্রাবাসটির পরিচালন ব্যবস্থা শিক্ষা বিভাগের অধীনে থাকবে, না উপজাতি কল্যাণ দফতরের অধীনে থাকবে?

**ডাঃ শম্ভুনাথ মান্ডি ঃ** এটা আমাদের উপজাতি কল্যাণ দফতরের অধীনেই থাকবে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** উল্টোডাঙ্গায় '৭৮ সালে ছাত্রাবাস নির্মাণের জন্য জমি নেওয়া হয়েছে এবং সেখানে নির্মাণ কার্য শুরু হবে বলছেন ১লা মার্চে ১৯৮১ সালে। তাহলে আলিপুরে '৮১ সালে জমি নেওয়া হচ্ছে, কাজ শুরু হবে কি আপনারা আবার ক্ষমতায় এলে পরে?

**ডাঃ শম্ভুনাথ মান্ডি ঃ** যাতে ওখানে জমি পাওয়া যায় তারজন্য শিক্ষা বিভাগের কাছ থেকে গ্রিন সিগনাল পেয়েছি, প্ল্যান এবং স্কীম যত তাড়াতাড়ি করা যায় তার জন্য চেষ্টা করছি।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন উল্টোডাঙ্গায় যে ছাত্রাবাসটি নির্মিত হচ্ছে সেটিতে কতজন ছাত্র বাস করতে পারবেন?

**শ্রী শম্ভুনাথ মান্ডি ঃ** আমি তো ইতিপূর্বেই বলেছি যে, ৬৫ জন ছাত্র এখানে থাকতে পারবেন।

## Starred Questions
## (to which oral Answers were given)

### বেলেঘাটা অঞ্চলে পুনর্বাসন দপ্তর কর্তৃক জমি অধিগ্রহণ

***১৫৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৩।) **শ্রী সুমন্তকুমার হীরা ঃ** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে,—

(১) পূর্ব কলিকাতার বেলেঘাটা অঞ্চলের রাসমণি বাগানে (কুলিয়া ট্যাংরা ফার্স্ট লেন স্কীম) পুনর্বাসন দপ্তর কর্তৃক কিছু জমি অধিগৃহীত হয়েছিল ও

(২) উক্ত জমির জন্য কেন্দ্রীয় সরকার নির্দিষ্ট পরিমাণ অর্থ অনুমোদনের প্রতিশ্রুতি দিয়েছিলেন ; এবং

(খ) সত্য হইলে, কেন্দ্রীয় সরকারের প্রতিশ্রুতি অর্থ রাজ্যসরকারের হাতে এসেছে কি?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি ঃ** (ক) (১) হ্যাঁ, অধিগ্রহণের সিদ্ধান্ত হয়েছিল এবং উক্ত জমি পুনর্বাসন দপ্তরের দখলেই রয়েছে অধিগ্রহণের পর (তবে, স্কীমের নাম কুলিয়া ট্যাংরা

ফাস্ট লেন স্কীম নয়, তা কুলিয়া ট্যাংরা থার্ড অ্যান্ড ফোর্থ স্কীম এবং ক্যানাল সাউথ রোড স্কীম)

(২) ১৯৫৯-৬০ সালের হিসাবে জানুয়ারি কেন্দ্রীয় সরকার জমির মূল্য বাবদ মোট ২,৮৩,১০০ টাকা দেবার প্রতিশ্রুতি দিয়েছিলেন।

(খ) উক্ত প্রতিশ্রুত অর্থ রাজ্য সরকারের হাতে এসেছে।

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কেন্দ্রীয় সরকারের প্রতিশ্রুত অর্থের চেয়ে অতিরিক্ত যে অর্থের প্রয়োজন হচ্ছে ল্যান্ডের ভ্যালুয়েশন বেড়ে যাবার জন্য, সেই অর্থটা কেন্দ্রীয় সরকার দিতে রাজী আছেন কি?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি ঃ** আমরা আমাদের বিভাগের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে লিখেছি, কিন্তু ওঁরা এখনও সম্মত হননি এবং দীর্ঘ দিন কোনও টাকা আসছে না।

[1-20 – 1-30 p.m.]

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে তিনি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা পেয়েছেন। আমার প্রশ্ন হচ্ছে, এই টাকা কবে পেয়েছেন এবং তার মধ্যে কত টাকা খরচা হয়েছে।

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি ঃ** খরচা সবই হয়েছে, অ্যাকুইজিশনের জন্য আরও টাকার দরকার হবে। এই ব্যাপার নিয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা চলছে এবং একটা এগ্রিমেন্টও হয়েছে কেননা বর্তমান ভ্যালুয়েশন অনুযায়ী জমির দাম আরও বেড়ে গেছে এবং কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে টাকা পাওয়া গেছে তার চেয়ে আরও টাকার দরকার।

### তফসিলি জাতি ও আদিবাসীদের কল্যাণের জন্য অর্থব্যয়

***১৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *৬১।) শ্রী জন্মেজয় ওঝা ঃ** তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) তফসিলি জাতি ও আদিবাসীদের কল্যাণের জন্য ১৯৭৯-৮০ সালে ববাদ্দকৃত টাকার কত পরিমাণ ব্যয় হইয়াছে ; এবং

(খ) ১৯৮০-৮১ সালের জানুয়ারি, ১৯৮১ পর্যন্ত এই খাতে কত টাকা ব্যয় করা হইয়াছে?

**ডাঃ শম্ভুনাথ মান্ডি ঃ** ১৯৭৯-৮০ সালে তফসিলি জাতি ও আদিবাসীদের কল্যাণের জন্য এই বিভাগের বাজেটে মোট ১১ কোটি ৯০ লক্ষ ৯৮ হাজার টাকা বরাদ্দ ছিল। ঐ বাবদ মোট ব্যয়ের পরিমাণ ১১ কোটি ৪২ লক্ষ ৯১ হাজার টাকা।

১৯৮০-৮১ সালের জানুয়ারি '৮১ পর্যন্ত বিভিন্ন কর্মসূচিতে মোট ১২ কোটি ৪১ লক্ষ

১২ হাজার টাকা মঞ্জুর করা হইয়াছে। তাহার মধ্যে কত টাকা ১৯৮১ সালের জানুয়ারি পর্যন্ত ব্যয় হইয়াছে সেই তথ্য সংগ্রহ করিতে কিছু সময় লাগিবে।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এত কম খরচ হয়েছে কেন এবং যে স্কীমগুলি নেওয়া হয়েছিল তার সবগুলিই কি কার্যকর হয়েছে?

**ডাঃ শম্ভুনাথ মান্ডি ঃ** সবগুলিই কার্যকর হয়েছে। স্টাইপেন্ডের জন্য সুইটেবল দরখাস্ত পাওয়া যায়নি বলে আমরা টাকা দিতে পারিনি। সেই কারণে খরচা হয়নি।

**ডাঃ বিনোদবিহারী মাঝি ঃ** এই টাকার মধ্যে কত টাকা কেন্দ্রীয় সরকার দিয়েছেন আর কত টাকা রাজ্য সরকার দিয়েছেন?

**ডাঃ শম্ভুনাথ মান্ডি ঃ** নোটিশ দিলে বলে দেব।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** এই টাকা যেটা খরচ করতে পারলেন না—এর মধ্যে সেন্ট্রাল গভর্নমেন্টের কত টাকা দেওয়া ছিল?

**ডাঃ শম্ভুনাথ মান্ডি ঃ** আমি বলেছিলাম সেন্ট্রাল গভর্নমেন্টকে সমস্ত টাকা দিতে হবে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** টাকা থেকেও আপনি খরচ করতে পারলেন না এটার জন্য কে দায়ী? আপনার ডিপার্টমেন্টের অক্ষমতার জন্যই খরচা করতে পারেননি—এটা আপনি স্বীকার করবেন কি?

**মিঃ স্পিকার ঃ** দিজ কোয়েশ্চেন ডাস্ নট অ্যারাইজ।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** টাকা থাকতে খরচ করতে পারলেন না এর জন্য কে দায়ী?

**ডাঃ শম্ভুনাথ মান্ডি ঃ** টাকা খরচা হয়নি এ কথা কে বলল?

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** ৫০ লক্ষ টাকা ১৯৭৯-৮০ সালে উনি খরচ করতে পারেননি, তাহলে কি আমরা ধরে নেব যে উনি অযোগ্য?

**ডাঃ শম্ভুনাথ মান্ডি ঃ** ছাত্রদের আমরা যে স্টাইপেন্ড—সাহায্য দিই, তার একটা সিলিং লিমিট আছে, তার মধ্যে, আমরা যেখান থেকে দরখাস্ত পাই সেখানে সাহায্য দিই।

**শ্রী মহঃ সোহরাব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এটা কি শুধু ছাত্রদের দেওয়া হয়?

**ডাঃ শম্ভুনাথ মান্ডি ঃ** এ প্রশ্নের উত্তর আগেই দিয়েছি। আমরা টাকা খরচ করেছি, প্রায় ১১-১২ লক্ষ টাকা খরচ হয়েছে।

## Recruitment in Messers. Eastern Biscuits, Durgapur

***157.** (Admitted question No.*81.) **Shri Rajani Kanta Doloi :** Will

the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) if it is a fact that Messers. Eastern Biscuits, the Durgapur-based biscuit unit, have flouted the State Government directive on recruitment through the Employment Exchange ; and

(b) if so,—

(i) the action taken by the State Government in the matter.

(ii) the number of persons recruited through employment Exchange by this firm from January, 1979 to January, 1981, and

(iii) the number of persons recruited by the firm from outside?

**Shri Krishna Pada Ghosh :**

(a) No.

(b) (i) Does not arise

(ii) No recruitment has been reported till date.

(iii) 47 (Approximately)

**শ্রী রজনীকান্ত দলুইঃ** এই যে ইস্টার্ন বিস্কুট কোম্পানিতে ৪৭ জনকে এমপ্লয়মেন্ট দেওয়া হয়েছে, কি বেসিসে দেওয়া হয়েছে, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের থ্রু দিয়ে না নিয়ে আউটসাইড থেকে দেওয়া হল এর কারণ কি?

**শ্রী কৃষ্ণপদ ঘোষঃ** মাননীয় সদস্য জানেন যে প্রাইভেট সেক্টর আন্ডারটেকিং যেগুলি, সেখানে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে নিতে হবে এমন কোনও কমপালশন নেই।

**শ্রী রজনীকান্ত দলুইঃ** আপনি কি জানেন, এখানে লেবার ট্রাবলের জন্য বিস্কুট কারখানাটি বন্ধ হয়ে রয়েছে?

**শ্রী কৃষ্ণপদ ঘোষঃ** কোয়েশ্চেন ইজ ইরিভ্যালেন্ট।

**শ্রী রজনীকান্ত দলুইঃ** কারখানায় লোকাল রিক্রুটমেন্ট নিয়ে আন্দোলন চলছে, এ বিষয়ে আপনি কোনও খবর পেয়েছেন কি?

**শ্রী কৃষ্ণপদ ঘোষঃ** এ প্রশ্নের সাথে কোনও সম্পর্ক নাই।

**শ্রী মহঃ সোহরাবঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন, এই বিস্কুট কোম্পানির প্রপাইটারদের নাম কি?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** আমি কি করে বলব, আপনি রেজিস্টার অব কোম্পানিস এর যে লিস্ট আছে তা থেকে দেখে নেবেন। মালিকদের নাম রেজিস্টার্ড কোম্পানির কাছে যে লিস্ট আছে তার থেকে পাওয়া যাবে।

[1-30 – 1-40 p.m.]

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** চন্দন বসু নামে কোনও ব্যক্তি কি এই কোম্পানির মালিক?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** এক কথা ঘুরিয়ে জিজ্ঞাসা করলে একই জবাব হবে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** এই কারখানা শ্রমিকরা বিগত দুমাস ধরে এই পুনর্বহাল এই আন্দোলন করছে এবং মালিক পক্ষ থেকে আক্রমণ করে ছাঁটাই শ্রমিক সুভাষকে আহত করেছে—এ বিষয়ে এফ. আই. আর. করে কোনও কিছু সরকারি সাহায্য পাওয়া যাচ্ছে না এটা কি জানেন?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** এই কারখানার নিযুক্ত কোনও শ্রমিক আন্দোলন করছে না।

**শ্রী দীপক সেনগুপ্ত ঃ** আপনি (b) (iii)-তে বলেছেন the number of persons recruited by the firm from outside. আউট সাইড শব্দের মধ্যে কি বোঝাতে চেয়েছেন?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** আউট সাইড কথাটার আক্ষরিক মানে হচ্ছে নট ফ্রম দি ওপেন মার্কেট।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** প্রাইভেট সেক্টরে যে সমস্ত ফ্যাক্টরিগুলি আছে সেখানে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে লোক নেওয়া হবে এই রকম ডাইরেক্টিভ দেবেন কি?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** আমি ভাবছি এবং আপনাদেরও ভাবা দরকার এবং এটা দিল্লিকে বলা দরকার।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আপনি কি জানেন যে এই যে দুমাস ধরে আন্দোলন চলছে শ্রমিকদের এই বিষয়ে মুখ্যমন্ত্রী দুবার দুর্গাপুরে গিয়েছিলেন, সেখানকার ইউনিয়নের সঙ্গে আলোচনায় তিনি ফেল করেছেন।

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** কোনও রকম ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট হলে আমরা সেটেল করব, তবে এই প্রশ্ন এর সঙ্গে জড়িত নয়।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী ইউনিয়ন লিডারদের ডেকে ফয়সলা করার চেষ্টা করে তিনি ফেল হয়েছেন।

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** আমি এই ব্যাপারে কোনও খবর রাখিনা।

**প্রতিবন্ধীদের কর্মসংস্থান**

***১৫৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৫২৯।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, পশ্চিমবঙ্গে প্রতিবন্ধীদের কর্মসংস্থান ও স্বনির্ভর ক'রে গড়ে তোলার জন্য রাজ্য সরকার কি কি কর্মসূচি গ্রহণ করেছেন?

(ক) পশ্চিমবঙ্গে সরকারি অফিসে প্রতিবন্ধীদের কর্মসংস্থানের জন্য প্রতি বিভাগের নিয়োগ কর্তার অধীনে মোট পদ সংখ্যার শতকরা দু'ভাগ প্রতিবন্ধীদের জন্য ১৯৭৪ সাল থেকে সংরক্ষিত করার আদেশ বলবৎ আছে। কিন্তু এই ব্যবস্থার বিশেষ কোনও সুফল না পাওয়ায় ১৯৮০ সালে উপরোক্ত সংরক্ষণকে বজায় রেখে আর একটা নতুন আদেশনামা জারি করা হয়েছে। এই আদেশনামায় নির্দেশ দেওয়া হয়েছে যে সরকারি দপ্তরের প্রতিটি নিয়োগকর্তার অধীনে মোট পদ সংখ্যা যাইহোক না কেন ১৯৮০ সালের মধ্যে যোগ্যতা অনুসারে কমপক্ষে একজন প্রতিবন্ধীকে নিয়োগ করতে হবে।

(খ) প্রতিবন্ধীদের স্বনির্ভর করার জন্য একটা ব্যাপক অর্থনৈতিক অনুদান প্রকল্প হাতে নেওয়া হয়েছে। এই প্রকল্পে প্রতি বছর কমপক্ষে ৪০০ জন প্রতিবন্ধীকে প্রতিজনকে ১০০০ (এক হাজার টাকা) আর্থিক অনুদানের মাধ্যমে স্বনির্ভর করে গড়ে তোলা হবে। ১৯৮০-৮১ এই আর্থিক বছর থেকে এই প্রকল্প চালু করা হচ্ছে।

(গ) প্রতিবন্ধীদের কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষাদানের মাধ্যমে স্বনির্ভর করে তোলার জন্য কতগুলি শিক্ষণকেন্দ্র প্রতিষ্ঠা করার কাজ আরম্ভ করার পরিকল্পনা অনুসারে কাজ শুরু করা হচ্ছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** প্রতিবন্ধীদের চাকরি সংরক্ষণের ব্যাপারে দুই পারসেন্ট থেকে বাড়িয়ে চার পারসেন্ট করার কথা চিন্তা করছেন কি?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি ঃ** বর্তমানে যেটা আছে সেটাই আগে ঠিক মতো কার্যকর করা হোক, তারপরে ওটা বিবেচনা করা যাবে।

**নলহাটিতে ওয়াটার ওয়ার্কস-এর কাজ**

***১৬০।** (অনুমোদিত প্রশ্ন নং *৮৭৩।) **শ্রী ভবানীপ্রসাদ চ্যাটার্জি ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বীরভূমের নলহাটিতে প্রস্তাবিত ওয়াটার ওয়ার্কসটির কাজ বর্তমানে কি কি অবস্থায় আছে ; এবং

(খ) উহার কাজ কত দিনের মধ্যে সমাপ্ত হবে ব'লে আশা করা যায়?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ**

(ক) দুইটি উচ্চ জলাধার নির্মাণ ছাড়া প্রকল্পটির সব কাজই কার্যত শেষ হইয়াছে।

(খ) এ সম্বন্ধে এখনই সঠিকভাবে বলা সম্ভব নয়।

**শ্রী ভবানীপ্রসাদ চ্যাটার্জি ঃ** উক্ত ওয়াটার ওয়ার্কসটির রূপায়ণের ব্যাপারে কত টাকা ব্যয় হয়েছে?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** নোটিশ দিলে বলতে পারব।

**ডাঃ মোতাহার হোসেন ঃ** ঐ পরিকল্পনাটি সরকার কোন সালে অনুমোদন দিয়েছিলেন?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** পরিকল্পনাটি ১৯৭৫ সালে মঞ্জুর করা হয়েছিল।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** ছয় বছর আগে কাজটি হাতে নেওয়া সত্ত্বেও কবে শেষ হবে এখনও বলছেন না কেন?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** রেলওয়ে কতৃপক্ষের সঙ্গে এখনও মীমাংসা হয়নি তারা বলছেন যে রেল লাইনের নিচে দিয়ে পাইপ দিতে দেবে না, এবং এই কারণে আমাদের এত দেরি হচ্ছে। তবে শীঘ্র সম্ভব হয়, তার চেষ্টা করছি।

**পঞ্চান্নগ্রাম উন্নয়ন পরিকল্পনা**

***১৬১।** (অনুমোদিত প্রশ্ন নং *৮৪১।) **শ্রী নীহারকুমার বসু ঃ** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২৪-পরগনা জেলার পঞ্চান্নগ্রাম উন্নয়ন পরিকল্পনা বর্তমানে কি পর্যায়ে আছে;

(খ) এই পরিকল্পনার কাজ কবে নাগাদ শেষ হবে;

(গ) কোন শ্রেণীর উদ্বাস্তুদের উক্ত পরিকল্পনায় পুনর্বাসন দেওয়া হবে/হচ্ছে; এবং

(ঘ) এই পরিকল্পনায় পুনর্বাসন দেবার জন্য কোনও আবেদন আহ্বান করা হয়েছে/হয়েছিল কি?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি ঃ**

(ক) ২৪ পরগনা জেলার পঞ্চান্নগ্রাম উন্নয়ন পরিকল্পনার কাজে কিছু অসুবিধার সৃষ্টি হয়েছে কারণ অনেক জমি নিচু বা বর্ষাকালে জলে ডুবে যায়। এ পর্যন্ত তিন শতাধিক উদ্বাস্তুকে এখানে পুনর্বাসন দেওয়া হয়েছে। কিন্তু সর্বাঙ্গীন উন্নয়ন প্রকল্পে হাত দেওয়ার আগে, অর্থাৎ, রাস্তাঘাট, নর্দমা ইত্যাদি, নির্মাণের আগে গড়ে প্রায় ৪ ফুট নিচু জমিতে মাটি ফেলে উঁচু করতে হবে। এ বিষয়ে এখন খুঁটিয়ে দেখা হচ্ছে।

(খ) উন্নয়ন পরিকল্পনার কাজ কবে শেষ হবে, সে কথা এখনই বলা সম্ভব নয়। তবে ঐ জায়গায় অপেক্ষাকৃত উঁচু জমি কিছু মাটি ভরাট করে পুনর্বাসনের কাজ শুরু হয়েছে।

(গ) কোনও নির্দিষ্ট পরিকল্পনার জন্য কখনও আবেদন আহ্বান করা হয় না। তবে যাঁরা ঐ প্রকল্পে পুনর্বাসনের জন্য আবেদন করেছেন, তাঁদের সম্পর্কে নিশ্চয়ই বিবেচনা করা হবে।

**শ্রী নীহারকুমার বসু :** এই প্রকল্পে কেন্দ্রীয় সরকারের কোনও অনুদান আছে?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি :** না, এই পর্যায়ে এই প্রকল্পে পার্টিকুলারলি কোনও খরচা হয়নি। তবে উন্নয়ন প্রকল্পে যে যা আছে আর্বান এলাকায় ও প্রতি ব্লক এলাকা প্রতি টাকা নির্ধারিত আছে সেটা স্যাংশন আছে। কিন্তু যে টাকা ধরা আছে তাতে উন্নয়ন হচ্ছে না। তাই আমরা আরও ২৫ লক্ষ টাকা না হলে এর উন্নয়ন হতে পাচ্ছে না বলে কেন্দ্রীয় সরকারকে আমরা জানিয়েছি। কিন্তু তাঁরা হ্যাঁ বা না কোনও উত্তরই দেননি।

**শ্রী নীহারকুমার বসু :** কিছু কিছু উদ্বাস্তু পরিবার আছে যারা এখনও পুনর্বাসনের ক্ষেত্রে কোনও সরকারি সাহায্য পাননি বলে শহর ও শহরতলীতে অতিকষ্টে আছে তাদের পুর্নবাসনের জন্য অন্য কোনও এই রকম ধরনের পরিকল্পনা করার ইচ্ছা আছে কি?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি :** নূতন করে অ্যাকুইজিশন করা কষ্টসাধ্য। এল ডি পি অ্যাক্ট আমরা করতে পারছি না হাইকোর্টের রায়ের জন্য। তবে আমরা চ্যালেঞ্জ করেছি সেটা যদি নাকচ করতে পারি তাহলে নিশ্চয়ই এরূপ ধরনের নূতন পরিকল্পনা গ্রহণ করব।

## Persons receiving unemployment allowance

***162.** (Admitted question No.*304.) **Shri A. K. M. Hassan Uzzaman :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) if it is a fact that persons receiving unemployment allowance are required to work with different projects and some extra payments are allowed to them, considering their work, at the rate of Rs.200 for every 100 days, and

(b) if so—

(i) the extra payment, if any, allowed to them,

(ii) the number of persons covered by the unemployment assistance scheme (as on 31st January, 1981), and

(*iii*) the number of them receiving additional payment for work in different projects.

**Shri Krishna Pada Ghosh :**

(a) Yes,

(ʰ) (i) The figures are not ready by available.

(ii) 2,73,481 approximately.

(iii) The figures are not ready by available.

**ডঃ স্বদেশরঞ্জন মাঝি ঃ** যাদের আনএমপ্লয়মেন্ট অ্যালাউন্স দেওয়া হচ্ছে তাদের কি পারমানেন্ট পোস্টে নেবার ব্যবস্থা করা হচ্ছে?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** এ প্রশ্ন এ থেকে আসে না।

**শ্রী সরল দেব ঃ** ১০০ দিন কাজ করবার জন্য যাদের ২০০ টাকা করে দেওয়া হচ্ছে তাদের সংখ্যা কত?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** কমপাইন্ড ওয়েতে এই সংখ্যা আমাদের কাছে আসেনি বা তৈরি হয়নি।

**শ্রী সরল দেব ঃ** সরকারি যে নিয়োগ হচ্ছে সেখানে এদের মধ্যে থেকে লোক নেবার ক্ষেত্রে প্রায়রিটি দেবেন কিনা?

**Mr. Speaker :** This supplementary is irrelevant.

**কলকারখানায় ধর্মঘট ও শ্রম-দিবস অপচয়**

***১৬৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৩৮।) **শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮০ সালে পশ্চিমবঙ্গে বিভিন্ন কলকারখানায় মোট কয়টি ধর্মঘটের ঘটনা ঘটেছে ;

(খ) উক্ত ধর্মঘটের ফলে মোট কত শ্রম-দিবস নষ্ট হয়েছে ; এবং

(গ) উক্ত শ্রম-দিবস নষ্ট হওয়ার ফলে উৎপাদন ব্যাহত হওয়ায় আনুমানিক আর্থিক ক্ষতির পরিমাণ কত?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ**

(ক) ১৯৮০ সালে সংঘটিত ধর্মঘটের সংখ্যা ৬৫টি। ইহা ছাড়া পূর্ববর্তী বৎসরে সংঘটিত ধর্মঘটের মধ্যে যেগুলি ১৯৮০ সালের গোড়ায় চলিতেছিল তাহার সংখ্যা ১৩টি।

(খ) মোট নষ্ট শ্রমদিবসের সংখ্যা ১২,৪০,০০৪।

(গ) এই পরিসংখ্যান রাখা হয় না।

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, ১৯৮০ সালে যে সংখ্যক ধর্মঘট হয়েছিল সেটা ১৯৭৯ সালের তুলনায় কম না বেশি?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** সেই সংখ্যা আমার কাছে এখন নেই। তবে ১৯৭৯ সাল থেকে ১৯৮০ সালে কম হয়েছে টু মাই নলেজ।

**চিকিৎসকবিহীন প্রাথমিক ও উপ-স্বাস্থ্যকেন্দ্র**

***১৬৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৯৫৭।) **শ্রী শিবনাথ দাস ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে মোট কতগুলি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও উপ-স্বাস্থ্যকেন্দ্র আছে ;

(খ) ঐ স্বাস্থ্যকেন্দ্র ও উপ-স্বাস্থ্যকেন্দ্রগুলির মধ্যে কতগুলিতে কোনও ডাক্তার নাই ; এবং

(গ) ডাক্তারহীন স্বাস্থ্য ও উপ-স্বাস্থ্যকেন্দ্রগুলিতে ডাক্তার দেওয়ার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ**

(ক) প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র - ৩৩৫

উপ-স্বাস্থ্যকেন্দ্র - ৮৩৪

(খ) সব প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রেই ডাক্তার দেওয়া হয়েছে।

উপ-স্বাস্থ্যকেন্দ্র - ২৩৫টি

উপ-স্বাস্থ্যকেন্দ্রে কোনও ডাক্তার নাই।

(গ) পাবলিক সার্ভিস কমিশনের সুপারিশ অনুযায়ী ও অ্যাড-হক্ ভিত্তিতে ডাক্তার নিয়োগের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

**ডাঃ বিনোদবিহারী মাঝিঃ** মন্ত্রী মহাশয় বললেন সমস্ত প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার দেওয়া হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে, এঁরা কি অ্যালোপ্যাথ, না হোমিওপ্যাথ, না আয়ুর্বেদিক ডাক্তার?

**শ্রী ননী ভট্টাচার্যঃ** প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে অ্যালোপ্যাথ ডাক্তার রয়েছে। তবে কিছু কিছু সাবসিডিয়ারি হেল্‌থ সেন্টারে যেখানে ডাক্তার নেই সেখানে হোমিওপ্যাথ ডাক্তারদের দেওয়া হয়েছে এবং এখন পর্যন্ত ১৩৭ জন হোমিওপ্যাথ ডাক্তারকে দেওয়া হয়েছে।

**শ্রী রজনীকান্ত দলুইঃ** এই যে ২৩৫টি উপ-স্বাস্থ্য কেন্দ্রে ডাক্তার দিতে পারেননি সেখানে আপনি ডি এম এস পাশ করা হোমিওপ্যাথ ডাক্তারদের দেবেন কি?

**শ্রী ননী ভট্টাচার্যঃ** হোমিওপ্যাথিক ডিসপেনসারি আমরা কিছু কিছু খুলছি। কিন্তু এই ২৩৫টিতে হোমিওপ্যাথ ডাক্তারদের দেব একথা আমরা ভাবছি না।

**শ্রী জন্মেজয় ওঝাঃ** যে সমস্ত স্বাস্থ্যকেন্দ্রে হোমিওপ্যাথ ডাক্তার দেওয়া হয়েছে সেখানে কি হোমিওপ্যাথিক ঔষধ দেওয়া হয়েছে?

**শ্রী ননী ভট্টাচার্যঃ** হ্যাঁ।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর)ঃ** যাঁদের অ্যাডহক ভিত্তিতে নেওয়া হয়েছে তাঁদের পার্মানেন্ট করবার কোনও প্রোপোজাল আছে কিনা?

**শ্রী ননী ভট্টাচার্যঃ** অ্যাডহক বেসিসে যাঁদের নেওয়া হয়েছে তাঁদের নাম এখনও পি এস সি-র কাছে যায়নি এবং তাঁরাও তাঁদের নাম পি এস সি-র কাছে পাঠাননি। তাঁরা পি এস সি থেকে অনুমোদন পেলে সার্ভিসে পাকাপোক্তভাবে নিযুক্ত হবেন।

**শ্রী রজনীকান্ত দলুইঃ** উপ-স্বাস্থ্যকেন্দ্রে যে সমস্ত হোমিওপ্যাথিক ডাক্তারদের দিয়েছেন তাঁরা হোমিওপ্যাথিক প্রাকটিস করছেন, না অ্যালোপ্যাথিক প্রাকটিস করছেন?

**শ্রী ননী ভট্টাচার্যঃ** হোমিওপ্যাথিক ডাক্তার অ্যালোপ্যাথিক চিকিৎসা করছেন এরকম কোনও রিপোর্ট আমার কাছে নেই।

[1-50 – 2-00 p.m.]

**শ্রী মহম্মদ সোহরাবঃ** এই যে ১৩৭ জন হোমিওপ্যাথ ডাক্তারের কথা বললেন, এর মধ্যে কি বি এম এস আছেন কেউ?

**শ্রী ননী ভট্টাচার্যঃ** মাননীয় সদস্যের জানা উচিত যে বি এম এস ডাক্তার এখনও পর্যন্ত বেরোয়নি।

**শ্রী দেবপ্রসাদ সরকারঃ** আপনি বলেছেন ২৩৫টি ক্ষেত্রে ডাক্তারের পদ পূরণের জন্য পদক্ষেপ নেওয়া হয়েছে, সেটা কি?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** অ্যাডহক অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে, এমন কি পি.এস.সি ও অ্যাডভার্টাইজ করেছে খালিপদ পূরণের জন্য।

## গ্র্যাচুইটির হিসাব সংক্রান্ত সুপ্রিম কোর্টের রায়

***১৬৭।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৫০।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, দি পেমেন্ট অব গ্র্যাচুইটি অ্যাক্ট, ১৯৭২-এ বর্ণিত সকল কর্মচারীর ক্ষেত্রে গ্র্যাচুইটির প্রাপ্য টাকার হিসাব ২৬ দিনে মাস ধরিয়া হিসাব করিতে হইতে বলিয়া সম্প্রতি সুপ্রিম কোর্ট যে রায় দিয়াছেন তাহা কার্যকরি করিবার জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** গ্র্যাচুইটির কোনও দাবি কন্ট্রোলিং অফিসার অথবা আপীল কর্তৃপক্ষের নিকট উপস্থাপিত হইলে ঐ দাবি বিবেচনার সময় সংশ্লিষ্ট অফিসারগণ সুপ্রীম কোর্টের সাম্প্রতিক রায়টি অনুসরণ করিতেছেন।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** কন্ট্রোলিং অথরিটির কাছে গেলে এটা হবে, কিন্তু এমপ্লয়িরা নিজেরা যাতে এটা করে, সেই রকম ব্যবস্থা কি করা যায়না?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** করা যায়, এইরকম কমপ্লেন এলেই করা যায়।

## রামপুরহাট মহকুমা হাসপাতাল উন্নয়ন

***১৬৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৯৭৭।) **ডাঃ মোতাহার হোসেন ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৩১-শয্যাবিশিষ্ট রামপুরহাট মহকুমা হাসপাতালটিকে ২৫০-শয্যা-বিশিষ্ট হাসপাতালে রূপান্তর করার এবং তৎসব "ব্লাড ব্যাঙ্ক" স্থাপনের ব্যবস্থা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে,—

(১) কবে সরকার এই প্রকল্প অনুমোদন করিয়াছেন, ও

(২) ইহার অগ্রগতি কোন্ পর্যায়ে রহিয়াছে?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** (ক) শয্যা সংখ্যা বৃদ্ধির ব্যবস্থা এখনও হয়নি। তবে ব্লাড-ব্যাঙ্ক স্থাপনের ব্যবস্থা হচ্ছে।

(খ) শয্যা সংখ্যা বৃদ্ধির প্রস্তাব যথা সময়ে বিবেচিত হবে। ব্লাডব্যাঙ্ক—১৯৭৮ সালের ১০ই জানুয়ারি সরকার রামপুরহাট হাসপাতালে ব্লাডব্যাঙ্ক স্থাপনের জন্য প্রশাসনিক অনুমোদন দিয়েছেন, কিন্তু হাসপাতালে উপযুক্ত স্থানাভাবহেতু ব্লাড ব্যাঙ্কটি খোলা সম্ভব হয়নি। যাতে ঐ ব্লাড ব্যাঙ্কটি সত্বর খোলা যায়, তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে।

**ডাঃ মোতাহার হোসেন ঃ** এই হাসপাতালে ২৫০ বেড করার জন্য বিগত সরকার কি অ্যাডমিনিস্ট্রেটিভ প্রোপোজাল দিয়েছিলেন?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** না।

**ডাঃ মোতাহার হোসেন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি দায়িত্ব নিয়ে একথা বলছেন?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** আমি যতদূর খবর রাখি ফাইল পত্রে অ্যাডমিনিস্ট্রেটিভ প্রোপোজাল দেওয়া হয়েছে বলে কিছু নেই।

**ডাঃ মোতাহার হোসেন ঃ** তাহলে মাননীয় মন্ত্রী মহাশয়ের সন্দেহের অবকাশ আছে।

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** এ ব্যাপারে কোনও সন্দেহের অবকাশ নেই। অ্যাডমিনিস্ট্রেটিভ ব্যাপার থাকলে অন্য রকম ব্যাপার হত।

**ডাঃ মোতাহার হোসেন ঃ** উনি বলেছেন যথাসময়ে বিবেচনা করা যাবে, এই যথা সময়ের মানদন্ডটা কি?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** যেখানে ২৫০টি বেডের কম শয্যা সংখ্যা আছে, সেখানে ২৫০ করবার জন্য আমরা চেষ্টা করছি, আর যেখানে ২৫০ আছে, খুব কাউডেড হসপিটাল, সেগুলিতে যাতে আরও বাড়ানো যায় তার জন্য চেষ্টা চরিত্র করছি।

**ডাঃ মোতাহার হোসেন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে একটি বেডে তিনটি করে পেশেন্ট আছে, ফ্লোরেও থাকতে হয় অনেককে?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** কোনও কোনও ওয়ার্ডে দুটি, এমন কি তিনটি পেশেন্টও আছে।

## Growth rate of employment in the organised sector

***169.** (Admitted question No. *728.) **Shri Naba Kumar Roy and Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) if it is a fact that the trend in the growth rate of employment in the organised sector has declined during the period from 1st July, 1977 to 31st January, 1981;

(b) if so, what action has been taken to arrest this declining trend; and

(c) what was total employment in the organised sector during 1977-78, 1978-79, 1979-80 and 1980-81 (up to January, 1981)?

**Shri Krishna Pada Ghosh :** (a) There was a declining trend in

the growth of employment during the quarter ending on 3.9.78, 31.12.78 and 31.3.79. Thereafter the position began to improve from 1.4.79 on the basis of figures available upto 30.9.79.

Actual position in respect of the subsequent period is not known.

(b) The declining trend started during the quarter ended on 31.3.79. The matter is being reviewed.

(c) i) 1977-78 - 25,29,640

ii) 1978-79 - 25,28,772

iii) 1979-80 - 25,66,644

(upto 30.9.79)

**শ্রী রজনীকান্ত দলুইঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে এই যে গ্রোথ রেট অব এমপ্লয়মেন্ট কেন কমলো এতদিন হয়ে গেল এখনও কোনও তার রিভিউ করতে পারলেন না কেন?

**শ্রী কৃষ্ণপদ ঘোষঃ** এইটা হল ফ্যাক্ট যুক্তির ব্যাপার নয়, সেইজন্য এখন বলা যাবে না।

### টি বি হাসপাতাল

*১৭০। (অনুমোদিত প্রশ্ন নং *১০০৮) **শ্রী সন্তোষকুমার দাস ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় দয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে রাজ্যের বিভিন্ন টি বি হাসপাতালগুলিতে শয্যা-সংখ্যা কত;

(খ) উক্ত হাসপাতালগুলিতে শয্যা-সংখ্যা বৃদ্ধি করার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(গ) বর্তমানে রাজ্যের কতজন টি বি রোগির বিভিন্ন হাসপাতালে ভর্তির জন্য আবেদন সরকারের নিকট বিবেচনাধীন আছে?

**শ্রী ননী ভট্টাচার্যঃ** (ক) মোট শয্যা সংখ্যা ৪,৭৭০ টি।

(খ) বর্তমান বৎসরে দার্জিলিং টি. বি. হাসপাতালে ২০টি শয্যা বৃদ্ধি করার অনুমোদন দেওয়া হয়েছে।

(গ) ১০৪টি (২১.২.৮১ তারিখ পর্যন্ত)

**শ্রী সন্তোষকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি একজন টি. বি. রোগী দরখাস্ত করলে তাকে ভর্তি করতে সাধারণত কত দিন সময় লাগে?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** আগে ৬ সপ্তাহ লাগতো এখন একটু কমেছে। তার কারণ হচ্ছে রোগীকে ছেড়ে দিলেও সে যেতে চাইতো না। এখন দুই থেকে আড়াই মাস সময় লাগছে। প্রতি সপ্তাহে একটা বোর্ড আছে তার মিটিং হয় এবং সেখানেই ঠিক হয়।

**বিড়ি শ্রমিক ও মালিকদের মধ্যে কনট্র্যাক্ট সার্ভিস ব্যবস্থা**

***১৭১।** (অনুমোদিত প্রশ্ন নং *৯০৫।) **শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বিড়ি মালিক ও শ্রমিক শ্রেণীর মধ্যে কনট্র্যাক্ট সার্ভিস-এর ব্যবস্থা এখনও চালু আছে; এবং

(খ) অবগত থাকিলে, ঐ ব্যবস্থা বিলোপ করার ব্যাপারে সরকার কোনও ব্যবস্থা গ্রহণ করিতেছেন কি?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** (ক ও খ) বিড়ি মালিক ও শ্রমিক শ্রেণীর মধ্যে কন্ট্রাক্ট সার্ভিস-এর ব্যবস্থা চালু নেই ও তাহা বিলোপ করার ব্যাপারে কোনও ব্যবস্থা নেওয়ার প্রশ্ন ওঠে না। তবে, অনেক ক্ষেত্রে, 'মুন্সী' নামে এক শ্রেণীর লোক মালিক-এর কাছে বিড়িপাতা ও তামাক নিয়ে বিভিন্ন শ্রমিককে দিয়ে বাড়িতে বিড়ি বাঁধিয়ে মালিকের কাছে জমা দেয়। বিড়ি মালিকদের লাইসেন্স নেওয়া ও শ্রমিকদের ন্যূনতম মজুরি দেওয়া বাধ্যতামূলক।

**শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই বিড়ি শ্রমিকরা কারখানার শ্রমিকদের মত সুযোগ সুবিধা পান কিনা?

**মিঃ স্পিকার ঃ** এই প্রশ্ন এর থেকে আসে না।

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি বিড়ি শিল্পে বিড়ি সিগার অ্যাক্ট চালু করবেন কিনা?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** মাননীয় সদস্য জানেন যে এটা চালু করা হয়েছে বাই নোটিফিকেশন এবং এই আইন চালু করার ফলে মালিকা মুনিম প্রথা চালু করেছেন।

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** বিড়ি শ্রমিকরা যে মিনিমাম ওয়েজ পাচ্ছে না এ সম্বন্ধে আপনি কি করেছেন।

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** মিনিমাম ওয়েজ দিচ্ছে না। কারণ হচ্ছে বিড়ি শ্রমিকরা তেমন

সংগঠিত নয় যাতে করে মালিকদের কাছ থেকে এই মিনিমাম ওয়েজ আদায় করে নেয় এবং আইনেও এমন কোনও পথ নেই যে আদায় করে দেওয়া যায়। We cannot plug the loopholes.

[2-00 – 2-10 p.m.]

**শ্রী অনিল মুখার্জিঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই বিড়ি এবং সিগারেট অ্যাক্ট এটা সেন্ট্রাল অ্যাক্ট কিনা এবং শ্রমিকদের স্বার্থ রক্ষা করার জন্য এই আইনে কোনও প্রভিসন আছে কিনা?

**শ্রী কৃষ্ণপদ ঘোষঃ** হ্যাঁ, এটা কেন্দ্রীয় আইন।

**শ্রী মহম্মদ সোহরাবঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এটা চালু করার দায়িত্ব রাজ্য সরকারের কিনা?

**শ্রী কৃষ্ণপদ ঘোষঃ** চালু তো করা হয়েছে। চালু করা মানে নোটিফিকেশন দেওয়া।

## Starred Questions
## (to which written Answers were laid on the Table)

### Basantia Primary Health Centrel at Contai Block II

***172.** (Admitted question No.*1015.) **Shri Rasbehari Pal:** Will the Minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to state—

(a) when the construction of Basantia Primary Health Centrel at Contai Block II, district Midnapore, was started;

(b) whether it has been completed; and

(c) if not, the reasons thereof?

**Minister-in-charge of Health and Family Welfare Deptt. :—**

(a) In the middle of 1974;

(b) No;

(c) The owners of some plots of land acquired for setting up the P.H.C. obtained from Hon'ble High Court injunction against continuance of the constructional work. Hence the constructional works were stopped.

## উলুবেড়িয়া জেনারেল হাসপাতাল

***১৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *১০১৮।) শ্রী রাজকুমার মন্ডল ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উলুবেড়িয়া জেনারেল হসপিটালের শয্যা-সংখ্যা বৃদ্ধির কোনও প্রস্তাব সরকারের আছে কিনা; এবং

(খ) ঐ হাসপাতালে একজন অতিরিক্ত স্ত্রী-রোগ বিশেষজ্ঞ নিয়োগ এবং ই সি জি মেশিন স্থাপনের ব্যাপারে সরকার কোনও ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কি?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) না।

## পুরুলিয়া জেলা সদর হাসাপাতালের অ্যাম্বুলেন্স বাবদ অর্থ বরাদ্দ

***১৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *১০৫৫।) শ্রী শান্তিরাম মাহাতো ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৭২ থেকে মে, ১৯৭৭ পর্যন্ত পুরুলিয়া জেলার সদর হাসপাতালের অ্যাম্বুলেন্সে রোগী বহনের খরচ বাবদ গড়ে বৎসরে কত টাকা বরাদ্দ হইত এবং বর্তমান সরকার উক্ত হাসপাতালের অ্যাম্বুলেন্সে রোগী পরিবহন বাবদ বাৎসরিক কত টাকা বরাদ্দ করিয়াছেন ; এবং

(খ) উক্ত বরাদ্দ বৃদ্ধির কোনও প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কিনা?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৭২ থেকে যে, ১৯৭৭ পর্যন্ত পুরুলিয়া সদর হাসপাতালের অ্যাম্বুলেন্সে রোগী বহনের অ্যাম্বুলেন্স পিছু ব্যয়-বরাদ্দের হার ছিল এই রকম ঃ—

১৯৭২ থেকে ১৯৭৫ সালের ডিসেম্বর পর্যন্ত—জ্বালানি খরচ বাৎসরিক ৯০০০ টাকা।

ছোট-খাট মেরামতি বাৎসরিক ২৫০০ টাকা।

১৯৭৬ সাল থেকে মে, ১৯৭৭ পর্যন্ত—জ্বালানি খরচ বাৎসরিক—১৫০০০ টাকা ছোট-খাট মেরামতি

বাৎসরিক—২৫০০ টাকা এর পর থেকে জ্বালানির দরুন অ্যাম্বুলেন্স পিছু বর্দ্ধিত ব্যয়-বরাদ্দ করা হয়েছে বাৎসরিক ২০,০০০ টাকা।

(খ) আছে।

## ADJOURNMENT MOTION

**মিঃ স্পিকার ঃ** আজ আমি শ্রী রজনীকান্ত দলুই মহাশয়ের কাছ থেকে একটি, শ্রী সামসুদ্দিন আহমেদ এবং কাজী হাফিজুর রহমান মহাশয়ের কাছ থেকে একটি ও শ্রী জন্মেজয় ওঝা মহাশয়ের কাছ থেকে একটি এই মোট তিনটি মুলতুবী প্রস্তাবের নোটিশ পেয়েছি।

প্রথম প্রস্তাবে শ্রী দলুই বিদ্যুৎ পর্ষদে বিশৃঙ্খলা, দ্বিতীয় প্রস্তাবে শ্রী আহমেদ এবং শ্রী রহমান ও তৃতীয় প্রস্তাবকে শ্রী ওঝা পশ্চিমবঙ্গের আইনশৃঙ্খলার অবনতি সম্পর্কে আলোচনা করতে চেয়েছেন।

প্রথম প্রস্তাবের বিষয়টি আগামী বাজেট বিতর্কের সময় সভায় আলোচিত হতে পারে।

দ্বিতীয় এবং তৃতীয় প্রস্তাবগুলি আইন-শৃঙ্খলার প্রশ্নের সঙ্গে জড়িত প্রচলিত আইনের মধ্যেও এর প্রতিকার আছে। তা ছাড়া আগামী পুলিশ বাজেটের সময় এই বিষয়ে আলোচনা করার সুযোগ আছে। তাই আমি সব কটি প্রস্তাবেই আমার অসম্মতি জ্ঞাপন করছি। তবে ইচ্ছা করলে সদস্যগণ সংশোধিত প্রস্তাবগুলি সভায় পাঠ করতে পারেন।

মাননীয় সদস্যগণ, মুলতুবী প্রস্তাবের ব্যাপারে আমি আরও কয়েকটি কথা আপনাদের বলতে চাই। আপনারা দেখবেন, ৫৯ ধারা এবং ৬২ ধারায় কোথাও পড়তে দেবার এবং বক্তৃতা করতে দেবার অধিকার কিন্তু নেই। এটা নিয়ে আপনারা যদি বারবার দাবি করতে থাকেন তাহলে আমি আপনাদের অনুরোধ করব, আপনারা প্রথমে রুলস চেঞ্জ করুন। আজকে যে ভাবে সংবাদপত্রে খবর প্রকাশিত হয়েছে তাতে মনে হচ্ছে স্পিকারই যেন বাধা দিচ্ছেন—এইরকম ভাবে সংবাদ প্রকাশিত হয়েছে। রির্পোটারদের এটা করা উচিত হয়নি। এখানে আইন যা আছে তাতে কারুর কোনও অধিকার নেই বক্তৃতা দেবার।

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** স্যার, একটা কনভেনশন চলে আসছে।

**মিঃ স্পিকার ঃ** কেন্দ্রেও এই দাবি করেছিলেন বিরোধীরা কিন্তু মিঃ জাখ্খর সেটা রিফিউজ করেছেন। আপনারা যদি চান আমি রুলিং আনিয়ে দিতে পারি। কাজেই আমি অনুরোধ করব, আগে আপনারা রুলস চেঞ্জ করুন তারপর এগুলি করবেন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্যার, একটা কনভেনশন চলে আসছে, আপনি আমাদের পড়বার সুযোগ দিয়েছেন। বক্তৃতা কেউ দিতে চান না তবে স্যার, এই প্রসঙ্গে আপনাকে বলি, এডিট যে ভাবে করা হয় তাতে তার ধড়, মুন্ডু কিছুই থাকে না, সেইজন্য বাধ্য হয়ে

বলতে হয়।

**মিঃ স্পিকার ঃ** আপনাদের তো স্টেটমেন্ট অব ফ্যাক্টস পড়ার কথাই নয়। আপনারা আইনটা পড়ুন, দেখবেন, সেখানে শুধু মোশনটা পড়তে দেবার অধিকার আছে। এখন এখানে যেটা চালু হয়েছে সেটা আমিও দিয়ে থাকি। তবে স্টেটমেন্ট অব ফ্যাক্টস পড়ার কথাই এডিট করে যেটুকু দেওয়া হয় সেটুকুও অতিরিক্ত দেওয়া হয়।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** এটা কনভেনশনে দাঁড়িয়ে গিয়েছে।

**মিঃ স্পিকার ঃ** কালকের ঘটনার পুনরাবৃত্তি যাতে না হয় সেইজন্যই আমি এই কথাগুলি আপনাদের বললাম।

**Shri Shamsuddin Ahmad :** Sir, this House do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, deterioration in the law and order situation in the State. The law and order situation and administration in all respects have totally deteriorated all over the State of West Bengal. Everywhere the incidence of dacoity, theft of electric cables and posts, theft of cattle, theft of shallow tubewell, etc., in broad day light have become day to day affair. Murder, arson, etc., are hapening as normal matters. These are happening largely in the districts of Malda, West Dinajpur and Murshidabad. In Kaliachak constituency and in the constituency of Bhagabangola people of all categories are having sleepless nights.

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মূলতবী রাখছেন। বিষয়টি হল—

গ্রামাঞ্চলে ফ্যাসিস্ট উপায়ে প্রধান শাসক দলের বিরোধীদের নির্মূল করার চেষ্টা।

গত ১৯শে ফেব্রুয়ারি একটি রাজনৈতিক দল মেদিনীপুর জেলার এগরা শহরে কতগুলি দাবির ভিত্তিতে বন্ধ আহ্বান করলে ও মিছিল করলে পূর্বাহ্নে সমবেত অন্য একটি রাজনৈতিক দলের সমর্থকেরা তাদের উপর সশস্ত্র আক্রমণ চালায় এবং তাদের আহত ও ছত্রভঙ্গ করে। পুলিশ থাকে নীরব দর্শক। গত ১০ই জানুয়ারি পটাশপুরের কাকুড়িয়া গ্রামের গরিব ভাগচাষী চিন্তামনি সী-এর বাড়িতে হামলা ও লুটপাট চলে। ২১শে ফেব্রুয়ারি ইড়দা গ্রামের বহু বাড়িতে হামলা চলে। ব্যাপক নিগ্রহ এবং বোমাবাজি করে সন্ত্রাস সৃষ্টি চলে। তাদের অপরাধ তারা গত ১০ই ফেব্রুয়ারি ইড়দা গ্রামে বিরোধীপক্ষের একটি রাজনৈতিক দলের সভায় যোগ দিয়েছেন। তাদের শাসানো হয়েছে আত্মসমর্পন ও পাইকারি জরিমানা না দিলে গ্রাম জ্বালিয়ে

দেওয়া হবে। শাসক দলের গণতন্ত্র হত্যাকারী এই সন্ত্রাস ও ফ্যাসিস্ট কৌশল আলোচনার জন্য অদ্যকার সভা মুলতবী রাখা হউক।

## Calling Attention to matters of Urgent Public Importance.

**মিঃ স্পিকার ঃ** আমি আজকে নিম্নলিখিত বিষয়ের উপর একটি মাত্র দৃষ্টি আকর্ষনী নোটিশ পেয়েছি, যথা—(ক) ২৫.২.৮১ তারিখে পান্ডুয়া ও শিমলাগড় স্টেশনের মাঝে ট্রেন ও লরির সংঘর্ষ। এটা অবশ্য ঠিক আমার এক্তিয়ারের মধ্যে পড়েনা, এটা সেন্ট্রাল গভর্নমেন্টের ব্যাপার। তবে যেহেতু এটা একটা দুর্ঘটনার ব্যাপার, এটা আমি গ্রহণ করেছি। মন্ত্রী মহাশয় কবে উত্তর দেবেন।

**শ্রী জ্যোতি বসু ঃ** নেক্সট উইক।

[2-10 – 2-20 p.m.]

## STATEMENT UNDER RULE-346

**Shri Jyoti Basu :** Mr. Speaker, Sir, I rise to make a statement on the recent very disquitting incidents of gun snatching from private licensees in the district of West Dinajpur. The Government has taken a serious view of these incidents. Additional police reinforcements including two Companies of E.F.R. have been sent to the district. Two teams of senior officers belonging to the Intelligence Branch and the C.I.D. under the leadership of the D.I.G., C.I.D., have been camping in Raiganj in order to take effective measures to contain criminal activities of this type, to allay panic in the minds of the people and to go all out for recovery of the stolen guns and apprehension of the criminals. D.I.G., Northern Range, and Commissioner Jalpaiguri Divn., have also visited the area. I promise to make a more detailed statement after these officers return from Raiganj. At this stage, I will share with the members the information so far received about these incidents.

2. The earliest intimation about the series of incidents indicate that on the night of 22-8-81, between different hours after the sunset, groups of persons, reportedly a section of the Naxalites, being armed with bombs, fire-arms and other deadly weapons, raided some villages in the Itahar P.S., Bangshihari P.S. and Kushmandi P.S. of West Dinajpur. On that night, 37 guns were taken away from the gun licensees in Itahar P.S.; one from Kushmandi P.S. and six from Bangshihari P.S. Subsequent information received indicates that on the 24th night, nine

more guns were stolen from Itahar P.S., five from Kushmandi P.S. and one from Bangshihari P.S. In all, therefore, according to information received, the number of guns taken away stands at 59. It has been reported that the gun licensees are not comming to the Thana to lodge any complaint. Police are moving in villages to ascertain the actual position. In one of the incidents one gun licensee was killed and four persons sustained minor injuries. In another incident in Bangshihari, along with the gun, the raiders are reported to have taken away cash, gold and ornaments also.

3. It has further been reported that while committing the operations, the raiders shouted slogans like "Naxalbari Zindabad", "Biplabi Sarkar Zindabad", etc., and in some cases they fired shots in the air to terrorise the villagers. They also distributed printed Bengali leaflets in the name of one Rudra with a rubber stamp of the so-called Biplabi Sarkar. Other slogans shouted include the slogan, "Charu Majumdar Zindabad, Majutdar, Jotedar, Sudkhor, Galakata Chalchhe, Chalbe".

4. The distressing aspect of the series of the incidents of gun snatching has been that there was no assistance at all from the licensees excepting for two cases. Guns stolen are mostly S.B.B.L. guns. The area of operation of about 35-40 square k.m. encompassing portions of the three police stations of Itahar, Kushmandi and Bangshihari. The B.S.F. and the Government of Bihar have been alerted. A dog squad and metal detectors are being sent to the places of occurrence for helping investigation. Interrogation has been going on and nine persons have been arrested so far.

5. Vigorous attempts are continuing for simultaneous searches of Naxalite hide-outs jointly with S.P., Malda. Patrolling in the affected belt, both by day and night and follow up actions on the statements of arrested persons, intelligence reports for securing the arrest of culprits and recovery of the guns are continuing. New camps are being set up. We have asked the local administration to ensure that there is no harassment of ordinary villagers in the name of enquiry and investigation.

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** স্পিকার স্যার, আমি এ সম্পর্কে কোনও বিতর্ক তুলতে চাই না। মাননীয় মুখ্যমন্ত্রী যে সংক্ষিপ্ত এবং অত্যন্ত উদ্বেগজনক বিবৃতি রাখলেন তাতে একটা জিনিস খুবই পরিষ্কার যে, এই বিষয় নিয়ে বিভিন্ন পত্র-পত্রিকায় যে সমস্ত খবর বেরিয়েছে তার

সাবস্টেনশিয়াল এলিমেন্ট মাননীয় মুখ্যমন্ত্রীর বিবৃতির মধ্যে রয়েছে, এটা ঠিকই। যে সারকমসটেন্স এখানে ঘটেছে তাতে দুটি জিনিসের প্রতি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি। প্রথম কথা হচ্ছে নকশাল বাড়ির নাম করে যে জিনিস হচ্ছে—এটা দীর্ঘদিনের একটা প্রবণতা, আমারা দেখেছি কিছু কিছু পুলিশ অফিসার নিজেদের অক্ষমতা ঢাকবার জন্য এইভাবে চলছেন—পুলিশ বলছে, নকশাল বাড়ির আন্দোলনের সঙ্গে যুক্ত উগ্রপন্থীরা এইসব জিনিস করছে। সেই সঙ্গে যারা কুখ্যাত ডাকাত এবং নটোরিয়াস ক্রিমিনালস, তারা একটা স্মোক্সক্রিন ক্রিয়েট করে নিজেদের ঢাকবার জন্য এই জিনিস করছে। সুতরাং আমার বক্তব্য হচ্ছে এসম্পর্কে মানীয় মুখ্যমন্ত্রী যদি একটু পরিষ্কার করে আগেই বলতেন, তাহলে ব্যাপারটা অন্য রকম হ'ত। কিন্তু যেহেতু মাননীয় মুখ্যমন্ত্রী এখানে এইভাবে বিবৃতি দিলেন এবং এই বিবৃতি থাকার ফলে ইনভেস্টিগেশন অফিসারদের পক্ষে একটা লাইন পেতে অসুবিধা হল না। তারা একটা লাইন পেয়ে গেল যে—এই বোধ হয় নকশালপন্থীরাই করেছে। যেহেতু কতগুলি লিফলেট বেরিয়েছে, শ্লোগান দিয়েছে, বিপ্লবী সরকারের নাম নিয়েছে সেহেতু নকশালী তৎপরতাই এর সঙ্গে যুক্ত এটা যদি ধরে নেওয়া হয় তাহলে ইনভেস্টিগেশন ব্যাহত হবে—কারণ মাননীয় মুখ্যমন্ত্রীর স্মরণ আছে, কিছু দিন আগে জি. পি. ও.-তে বোমা ছোঁড়া হয় এবং পি. পি. ও.-তে কেন্দ্রীয় সরকারের নিরীহ মহিলা কর্মীসমেত কর্মীরা গুরুতর রূপে আহত হ'ন এবং আগুনে পুড়ে যান। এইরকম অবস্থার পর যারা সেখানে বোমা ছুঁড়েছিলেন তারা সেই সময়ে শ্লোগান দিয়েছিল নকশাল বাড়ি জিন্দাবাদ, নকশাল-বাড়ি লাল-সেলাম। সে বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রী বলেছিলেন, ওদের সঙ্গে নকশাল-বাড়ির কোনও সম্পর্ক নেই। সুতরাং আমি এ বিষয়েও মাননীয় মুখ্যমন্ত্রীকে বলব যে, তাঁর এ বিষয়েও পুলিশকে একটু সতর্ক করে দেওয়া দরকার, এলার্ট করে দেওয়া দরকার এবং পাবলিককেও অ্যালার্ট করে দেওয়া দরকার, ওরা যেন এসকেপ করে না যায়। তৃতীয় কথা হচ্ছে এই রকম গুরুত্বপূর্ণ পটভূমিতে পশ্চিম বাংলার অন্যান্য জেলাতে সরকারি তৎপরতা কতটা রয়েছে সে সম্পর্কে মাননীয় মুখ্যমন্ত্রী যদি হাউসকে আশ্বস্ত করেন এবং দেশবাসীকে আশ্বস্ত করেন, তাহলে আমি মনে করি সেটা অত্যন্ত সময়োপযোগী হবে।

**শ্রী নবকুমার রায়ঃ** স্যার, ওখানে তিনটি থানাকে ওরা মুক্তাঞ্চল ঘোষণা করেছে। কুশমুন্ডি থানা, বংশীহারী থানা, ইটাহার থানা এবং কালীয়াগঞ্জ থানা। কালীয়াগঞ্জ থানার মধ্যে মহেন্দ্রগোলা বলে একটা গ্রাম আছে, সেখানে ৪০জন পুলিশ নিয়ে একটা বেস ক্যাম্প আছে, সেটার চার্জে রয়েছেন রায়গঞ্জের সি. আই.। সেদিন কিন্তু ওরা প্রায় ১৫০ জন লোক মিলে পুলিশের সামনেই মিছিল করে এবং এই অপারেশন করার জন্য একটা মিটিং করে। বেশ ক্যাম্পের অফিসাররা এটা জানতেন। কিন্তু তা সত্ত্বেও কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। স্পিকার স্যার, এখন প্রশ্ন হচ্ছে নকশাল বাড়ির নাম নিয়ে এই জিনিস যদি দুষ্কৃতকারীরা করে তাহলে তো সাধারণ মানুষ গ্রামের মধ্যে বাস করতে পারবে না। সুতরাং এর ভিতরে কি রহস্য আছে সেটা দেখা দরকার। সব চেয়ে বড় কথা হচ্ছে পার্টিকুলারলি কংগ্রেস(ই)-র

সদস্যদের উপর, সমর্থকদের উপর হামলা করা হচ্ছে। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে এটা এনকোয়ারি করে দেখতে অনুরোধ করছি। কংগ্রেস(ই)-র লোকেদের ওখান থেকে তুলে নিয়ে যাওয়া হচ্ছে। অথচ কংগ্রেসি ছাড়া অন্য লোকেদের উপর আক্রমন করা হচ্ছে না বা তাদের তুলে নিয়ে যাওয়া হচ্ছে না।

## MENTION CASES

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় শ্রমমন্ত্রীর কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষন করছি। কিছুদিন আগে প্রশ্নোত্তরের সময়ে বিড়ি শ্রমিকদের কথা উল্লেখিত হয়েছিল। বাঁকুড়া জেলায় প্রায় ৩০ হাজার শ্রমিক দুর্গতির মধ্যে পড়েছে। মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় যদি একটু খোঁজ-খবর করেন তাহলে দেখবেন, ওয়েজেস অ্যাক্টে যে বেতন আছে সেই বেতন মালিকেরা দিচ্ছে না। কারখানার বাইরে তারা বিভিন্ন শ্রমিকদের কম মাহিনা দিয়ে বিড়ি তৈরি করাচ্ছে ফলে সমস্ত বাঁকুড়া জেলার বিড়ি শ্রমিকরা নিদারুণ অবস্থার মধ্যে পতিত হয়েছে। এ ছাড়া হাইকোর্টের আইন বলে যে বোনাস দেওয়ার ব্যাপার ছিল সেটাতেও শ্রমিকরা বঞ্চিত হয়েছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, তিনি যদি এই শ্রমিকদের স্বার্থ রক্ষা করার জন্য কেন্দ্রীয় সরকারের সঙ্গে আইন পরিবর্তনের ব্যাপার নিয়ে কথা-বার্তা বলেন তাহলে খুব ভাল হয়।

[2-20 – 2-30 p.m.]

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত অধিবেশনে আমি এই প্রসঙ্গে উল্লেখ করেছিলাম, বাধ্য হয়ে আর একবার উল্লেখ করতে হচ্ছে। গঙ্গায় যে ধরনের চড়া পড়ছে, গতবার এই নিয়ে খুব হৈচৈ হয়েছে, আমরা দিল্লি গিয়ে প্রধানমন্ত্রীকে বোঝাবার চেষ্টা করেছি। আমাদের বুদ্ধিমতো আমরা তাঁকে বুঝিয়েছিলাম এবং ভেবেছিলাম যে তিনি বুঝেছেন, কিন্তু এখন পর্যন্ত সে সম্পর্কে কোনও কাজ হয়নি। এই হুগলি নদীতে অনেকগুলো ফেরি সার্ভিস চালু করা হয়েছে। পরিবহনের অসুবিধার জন্য এটা করতে হয়েছে। আজকে ফেব্রুয়ারি মাসেও দেখছি, গত বছর এপ্রিলে যে ধরণের চড়া পড়েছিল এ বছর তার চেয়েও বেশি চড়া দেখা দিচ্ছে। অবিলম্বে যদি ব্যবস্থা না করা যায় তাহলে এবারে এপ্রিলে এই জলপথ আর জলপথ থাকবে না, অন্য ধরনের পথ হয়ে যাবে। তাই আমি আপনার মাধ্যমে সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রী মহাশয়ের কাছে—কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করে ড্রেজিংয়ের কোনও ব্যবস্থা করা যায় কিনা, দেখবার জন্য অনুরোধ জানাচ্ছি।

**ডাঃ বিনোদবিহারী মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষন করছি। বাঁকুড়া জেলায় রায়পুর থানার চিতোর গ্রামে ভীষণ অন্যায়ভাবে অপারেশন বর্গা হচ্ছে এবং সেজন্য ওখানে একটা সন্ত্রাসের সৃষ্টি হয়েছে। বাঁকুড়ার চিতোর

গ্রামে শ্রী নবকুমার মিশ্র, মিহির কুমার মিশ্র এবং শ্রী ভাস্কর মিশ্র জানিয়েছেন যে গত জুন মাসে তাঁদের ধান জমি সি. পি. এম. ক্যাডাররা বর্গা অপারেশন রেকর্ড করিয়েছে। তাঁরা কর্তৃপক্ষের কাছে সুবিচার চেয়েছিলেন, কিন্তু সুবিচার না পেয়ে বাধ্য হয়ে হাইকোর্টে গেছেন। হাইকোর্টের নোটিশ পাওয়ার পর তারা ক্ষুব্ধ হয়ে তাঁদের ৩৫ বিঘা জমির ফসল কেটে নিয়েছে। তাদের জমিতে তাঁদের কোনও রকম কাজ করতে দিচ্ছেন না। গ্রীষ্মকালীন ফসল যেটুকু হয় সেটা তোলবার সুযোগ তাঁরা পাননি। সরকার থেকে জল দেওয়া হচ্ছে ক্যাডারা শ্রমিকদের জমিতে কাজ করতে দিচ্ছে না যার জন্য তাঁদের জমির ফসল নষ্ট হয়ে গেছে। সেইজন্য আমি আপনার মাধ্যমে একটা দরখাস্ত মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে দিচ্ছি, তিনি যেন এর সুবিচার করেন।

**শ্রী ননী কর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বৈষম্যের প্রতি আপনার দৃষ্টি আকর্ষন করছি।

**মিঃ স্পিকার ঃ** এখানে বৈষম্যের প্রতি দৃষ্টি আকর্ষন করা যাবে না।

**শ্রী ননী কর ঃ** গ্রামের ডিপ টিউবওয়েল দুরকম অর্গানাইজেশনে চলে। একটি অ্যাগ্রো ইরিগেশন, অপরটি মাইনর ইরিগেশন। অ্যাগ্রো ইরিগেশনে যে ডিপ টিউবওয়েল আছে তার কর ৯৬ টাকা, আর মাইনর ইরিগেশনের কর ঘন্টা প্রতি ২৩ টাকা ৭৫ পয়সা। তাতে তার কর দাঁড়ায় ৫৮০ টাকা। হিজলিয়ার অশোক নগরের গ্রামে গ্রামেডিপ টিউবওয়েল আছে। একটিতে ৯৬ টাকা এবং আর একটি ৫৮০ টাকা। আমি এ সম্পর্কে মাননীয় কৃষিমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষন করেছিলাম। তিনি বলেছিলেন যে ৫৮০ টাকাটা কমানো হবে, কিন্তু আজ পর্যন্ত কোনও ব্যবস্থা হচ্ছে না। আমি আপনার মাধ্যমে—গ্রামের মানুষেরা যে দরখাস্তটি দিয়েছে—সেটি কৃষিমন্ত্রী মহাশয়কে দিচ্ছি, তিনি যাতে একটু অর্ডার দিতে পারেন এটি কমাবার জন্য এবং এই বৈষম্যটি যাতে দূর হয় সেটির দিকে একটু দৃষ্টি দেন।

**শ্রী শৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষন করে বলতে চাই আজকে দেশে টি বি. রোগ দেশে অত্যন্ত মারাত্মক আকার ধারণ করেছে এর প্রার্দুভাব এত বেড়েছে যে আজকে স্বাস্থ্যমন্ত্রী বলেলেন অতীতে ৬ সপ্তাহ আবেদন করবার পর সেই রোগীকে হাসপাতালে ভর্তি করা হত কিন্তু এখন আড়াই/তিন মাস লাগে। এইরকম অবস্থায় গৌরহাটি এবং শ্রীরামপুর হাসপাতালে ১৯৭৬-৭৭ সালে রোগীদের অবস্থা খুব খারাপ হয় এবং এখানকার কর্মচারীরাও আন্দোলন করেন। এই অবস্থায় মুখ্যমন্ত্রী এবং স্বাস্থ্যমন্ত্রীর হস্তক্ষেপের ফলে অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করা হয়েছে তিন বছর আগে। সরকারিভাবে এই হাসপাতাল ২টি এখনও অধিগ্রহণ করা হয়নি। গত বছর স্বাস্থ্যমন্ত্রী ও পরিষদীয় মন্ত্রীর উপস্থিতিতে মিটিং হয়েছিল। সেখানে কয়েকটা শর্তের কথা বলেছিলেন যেগুলি কর্মচারীরা পালন করছেন। অর্থাৎ তাদের কোনও জায়গায় স্থানান্তরিক করা এবং বেতন বাড়বে না। কিন্তু এক বছর হল এই দুটি হাসপাতাল অধিগ্রহণ করা হচ্ছে না। এ বিষয়ে আপনার

মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন করব যাতে অধিগ্রহণ তিনি তাড়াতাড়ি করেন।

**শ্রী কমলকান্তি গুহ ঃ** স্যার আপনার অনুমতি নিয়ে ননীবাবু যে বিষয়ে বলেছেন সে বিষয়ে সরকারি নীতি কি বলছি। আমরা দেখেছি জলকর বিভিন্ন ধরনের আছে এবং বৈষম্য খুব বেশি থাকার ফলে কৃষকদের বিক্ষোভ আছে। জলকর একটা সুনির্দিষ্ট নীতি অনুসারে যাতে হয় এবং একই নীতি অনুসৃত হয় সে সব ঠিক করার জন্য একটা কমিটি গঠন করা হয়েছে যারা এটা বিবেচনা করছেন। কিন্তু যতদিন পর্যন্ত কোনও কিছু সিদ্ধান্ত না হয় ততদিন পর্যন্ত ঠিক করেছি মাইনর ইরিগেশন কর্পোরেশনের যে সমস্ত ডিপ টিউবওয়েল আছে যার জন্য ৪৮০ টাকা জলকর দিতে হয় সেখানে আপাতত ২৪০ টাকা করে নেব। তারপর কমিটির চূড়ান্ত সিদ্ধান্ত হলে তা ঠিক করব। এটা আমরা সবাইকে জানিয়ে দিয়েছি এবং আগামীকাল এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ারদের ডাকা হয়েছে তাদের কাছে এটা ব্যাখ্যা করা হবে।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ** স্যার, আমি একটা জরুরি বিষয় আপনার মাধ্যমে বলতে চাই। পান্ডুয়া-সিমলাগড় স্টেশনের মধ্যে যে রেল গেটটি আছে সেখানে গতকাল একটি ভয়াবহ দুর্ঘটনা ঘটে গেছে। একটা আপ ট্রেনের সঙ্গে ইটবোঝাই লরির সংঘর্ষের ফলে ৯ জন ব্যক্তি মারা গেছেন এবং আরও আহত হয়েছে। কারণ সেখানে রেলওয়ে গুমটি আছে এবং খুব কুয়াশাও ছিল। সেখানকার· সঙ্গে রেলের স্টেশনের কোনও যোগাযোগ নেই, একটা লোককে ২৪ ঘন্টা ডিউটি দিতে হয় যার ফলে প্রায়ই এক্সিডেন্ট ঘটছে। সেখানে একটা কাঁঠালগাছ ও আম গাছ থাকার ফলে গাড়ি আসছে কিনা বোঝা যায় না। এই গেটটি যাতে এ ক্লাস গেট হয় এবং আধুনিকীকরণ হয় তাহলে ভাল হয়। গত দশদিন আগে একজন মারা গেছে, তার কিছুদিন আগে ২০ বছরের একটি ছেলে মারা গেছে। এইভাবে প্রতি মাসে এক্সিডেন্ট হচ্ছে। সেইজন্য রেল কর্তৃপক্ষ যাতে গেটটিকে আধুনিকীকরণ কর তৈরি করেন এবং উপযুক্ত সংখ্যক কর্মচারী রাখেন এবং যাদের এক্সিডেন্ট হয়েছে তারা যাতে ক্ষতিপূরণ পান এই আবেদন রেখে আমি শেষ করছি।

[2-30 – 2-40 p.m.]

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যখন গ্রামে যাই তখন সেখানে খবরের কাগজ পাই না, সে সময় আমাদের রেডিও'র সংবাদের উপর নির্ভর করতে হয়। তখন আমাদের কাছে ছোট রেডিও ট্রানজিস্টর থাকলে তা থেকে সংবাদ শুনে থাকি। আপনার মাধ্যমে অল ইন্ডিয়া রেডিও কর্তৃপক্ষকে জানাতে চাই যে তাঁরা যে সংবাদ পরিবেশন করে থাকেন তা প্রায়ই শোনা যায় না। এবং সন্ধ্যাবেলার সংবাদের ত কথাই নেই। এই ব্যাপারে আমি একটি নির্দিষ্ট তারিখের উল্লেখ করে বলতে পারি যে, এই মাসের ১১।১২ তারিখে খুব দুরের একটি গ্রামে ছিলাম—ঐ দিন সন্ধ্যাবেলা কিছুই শোনা গেল না। ১২ তারিখে সকাল ৬-২০ মিনিটের সংবাদ কিছু শোনা গেল না—আরম্ভ হয়ে তা আবার বন্ধ হয়ে গেল। কলকাতা হচ্ছে একটা বড় জায়গা, এখানকার অল ইন্ডিয়া রেডিও স্টেশন সেই

হিসাবে খুব গুরুত্বপূর্ণ। তাঁদের যে ট্রান্সমিশন'এর ব্যবস্থা আছে তার মাধ্যমে তাঁরা এইভাবে ত্রুটিপূর্ণ ও অব্যবস্থার মধ্যে সংবাদ পরিবেশন করে থাকেন। সেইজন্য আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করব তাঁরা দিল্লির সংবাদ বা অন্য সংবাদ পরিবেশনের সময়ে আরও ভাল ব্যবস্থা গ্রহণ করার জন্য দিল্লির কর্তৃপক্ষের সঙ্গে যেন যোগাযোগ করেন।

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষন করছি আপনি জানেন, সরকারি ব্যবস্থায় যে সমস্ত কলেজ আছে সেখানে অধ্যাপকদের মাসের ১লা তারিখে বেতন দেবার কথা ছিল। কিন্তু দুঃখের বিষয়ে পশ্চিমবঙ্গের প্রায় শতাধিক কলেজের অধ্যাপক সরকারি দপ্তর থেকে অর্ডার না যাওয়ার দরুণ নিয়মিতভাবে বেতন পাচ্ছেন না—এমনকি জানুয়ারি, ফেব্রুয়ারি মাসের বেতন পর্যন্ত তাঁরা পাননি। এই ব্যাপারে আমি উচ্চশিক্ষা দপ্তরের মন্ত্রীকে আপনার মাধ্যমে অনুরোধ করব যে, নিয়মিত বেতন দানের ক্ষেত্রে যে সমস্ত ত্রুটি বিচ্যুতিগুলি রয়েছে, সেগুলিকে তিনি যেন দূর করবার ব্যবস্থা গ্রহণ করেন এবং কলেজগুলিতে স্যাংশনিক মেমো পাঠান, যাতে এই সমস্ত কলেজগুলির অধ্যাপকরা তাঁদের বেতন পেতে পারেন তার ব্যবস্থা গ্রহণ করেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, একটা রাস্তার প্রতি আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষন করছি। মেদিনীপুর জেলায় ললাটজঙ্কার রাস্তা একটি গুরুত্বপূর্ণ রাস্তা। এই রাস্তা গোবরধনপুর হইতে ইটাবেরিয়া অংশ ১৯৬২ সাল থেকে হওয়ার কথা ছিল কিন্তু নানা কারণে বন্ধ হয়ে যায়। ১৯৭২ সাল থেকে শুরু হয়, কিন্তু ছয় বছরের মধ্যে রাস্তা পাকা হয় মাত্র এক কিলোমিটার। যুক্তফ্রন্ট আসার পর, ১৯৭৯ সাল পর্যন্ত কিছুটা কাজ হয়েছিল তারপর একেবারে বন্ধ হয়ে যায়। এই রাস্তাটি যাতে আবার শুরু হয় তার জন্য আমি এবং জনসাধারণ অনেক চেষ্টা করেছিলাম। আমার একটা চিঠির উত্তরে মাননীয় মন্ত্রী মহাশয় বলেছিলেন যে বাজেটে টাকা পয়সার অভাব, ২/১ মাসের মধ্যে আরম্ভ হবে। কিন্তু দেখতে পাচ্ছি এখনও পর্যন্ত শুরু হয়নি। এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার বার বার আশ্বাস দিয়েছেন কিন্তু কিছুই কাজ হচ্ছে না। সেই জন্য আপনার মাধ্যমে জনগণের দুর্গতির প্রতি মাননীয় পূর্ত মন্ত্রীর কাছে দৃষ্টি আকর্ষন করছি। এই রাস্তার কাজ যাতে অবিলম্বে শুরু হয় এবং যথাযথ সময়ে কাজ হয় তার ব্যবস্থা করবেন।

**শ্রী মহাদেব মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের উল্লেখ করছি এবং মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি। পুরুলিয়া জেলায় জে. কে. কলেজে একটা জটিল অবস্থার সৃষ্টি হয়েছে। এখানে প্রিন্সিপাল এবপং গভর্নিং বডির মধ্যে অসহযোগিতা শুরু হয়েছে। ফলে তার জন্য প্রিন্সিপালকে সাসপেন্ড করা হয়েছে। তাকে সাসপেন্ড করা সত্ত্বেও তিনি দিনের পর দিন আসছেন সেখান থেকে সরে যাচ্ছেন না। তার ফলে আমরা দেখছি যে মাধ্যমিক পরীক্ষার সিট্ যা নাকি জে কে কলেজে পড়েছে সেখানে

মাধ্যমিক পরীক্ষায় গোলমাল সৃষ্টি হতে পারে। সেই কারণে আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষন করছি যাতে এই অবস্থার অবসান করে সেখানে মাধ্যমিক পরীক্ষা যেন সুষ্ঠুভাবে—ভালভাবে হতে পারে তার একটা ব্যবস্থা করুন এবং ঐ যে সাসপেন্ডেড প্রিন্সিপাল তিনি যেন কলেজের ভেতরে প্রবেশ করতে না পারেন সেটার ব্যবস্থা করুন। অন্ততপক্ষে মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করে যাতে এই সমস্যার সমাধান করা যায় সেটার চেষ্টা করুন।

**শ্রী রজনীকান্ত দলুইঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়; প্রতিদিন পশ্চিমবঙ্গে যে খুন হচ্ছে তার কথা বলছি। মেদিনীপুর জেলায় প্রতিদিন যে খুন হচ্ছে তার সম্বন্ধে আমি প্রতিদিন একবার করে বলে যাচ্ছি কাল ও পরশু বলেছি আজ সেখানে মেদিনীপুর জেলার কাঁথি মহকুমার ভগবানপুর থানায় একটা খুন হয়েছে শ্রী অনিল মান্না ৪২ বৎসর বয়স। তাঁর দোষ হয়েছিল সি পি এম অঞ্চল প্রধান যিনি তিনি ৪০ থেকে ৫০ হাজার টাকা আত্মসাৎ করেছিলেন ফুড ফর ওয়ার্ক কাজের জন্য এবং ধান কাটার সময় সি পি এমরা জোর করে ধান কেটেছে এর বিরুদ্ধে তিনি উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষন করেছিলেন এবং দরখাস্ত করেছিলেন বিভিন্ন জায়গায়। সেই দরখাস্তের ফলে একটা এনকোয়ারি হয়েছিল। ২১এ ফেব্রুয়ারি যখন এনকোয়ারি হচ্ছিল—কাঁথির এস ডি ও এনকোয়ারি করছিলেন সে সময় ওখানকার লোকেদের সংগঠিত করে ঐ অনিলবাবু—শ্রী অনিল মান্না ২১শে ফেব্রুয়ারি এই অবস্থার প্রমাণ করেছিলেন যে যিনি অঞ্চল প্রধান আছেন শ্রী পরেশচন্দ্র দেব সি পি এম অঞ্চল প্রধান তিনি যে অন্যায় করেছেন এত টাকা আত্মসাৎ করেছেন—ঐ পঞ্চায়েতের এত টাকা আত্মসাৎ করেছেন সেটা প্রমাণ করেছিলেন। এবং তার ফলে ২২এ ফেব্রুয়ারি সন্ধ্যা ৭-৩০ মিঃ এর সময় তাঁর বাড়িতে গিয়ে সিপিএম-এর সশস্ত্র গুন্ডারা তাকে খুন করেছে—তিনি নিহত হয়েছেন। সে অঞ্চলে অরাজকতা চলেছে পুলিশ আজ অবধি কাউকে অ্যারেস্ট করেনি। এটা শুধু কাঁথিতেই নয় সমগ্র মেদিনীপুর জেলাতে ঘটবে। সেখানে রোজ ১-২-৩টা করে খুন হচ্ছে। সমগ্র পশ্চিমবাংলায় গোটা রাজত্বে রোজ ৫.৬.৭ করে এ ভাবে খুন হচ্ছে। তাই আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে বলব যে অবিলম্বে খুনের রাজনীতি বন্ধ করুন ও দেশে শান্তি শৃঙ্খলা আনুন।

**শ্রী সামসুদ্দিন আহমেদঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার এলাকার গরিব কৃষকদের কি দুরবস্থা তার কথা বলতে চাইছি। কালিয়াচক থানার ৩ নং ব্লকে ১৮টি ডিপ্ টিউবওয়েল, প্রায় ২০০টি শ্যালো টিউবওয়েল এগুলি সব বিদ্যুৎ চালিত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিদ্যুৎ বিভ্রাটের জন্য নয় অন্য ব্যাপার যা আমি বলবার চেষ্টা করছি সেটা হল আইনশৃঙ্খলার ব্যাপার। কথা হল বিদ্যুৎ পরিবাহক যে তার ও পোল সেগুলি সব লোপাট হয়ে যাচ্ছে দিনের বেলায় চোখের সামনে। সেখানে তার নেই পোল নেই। একদিকে সেচের অভাবে হাজার হাজার বিঘা বোরো ধান বর্তমানে সেখানে নষ্ট হয়ে যাচ্ছে। যদি দু-তিন ঘন্টাও বিদ্যুৎ পাওয়া যেত তাতেই চলতে পারত কিন্তু সেখানে তার নেই—পোল নেই।

তাই আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি—এখানে কৃষি বিভাগ জড়িত হচ্ছে, পুলিশ বিভাগ জড়িত হচ্ছে। চোখের সামনে এই জিনিস হচ্ছে। স্থান না থাকার জন্য তারগুলি গলিয়ে বিক্রি হচ্ছে। পুলিশ সেখানে নিরব দর্শকের ভূমিকা পালন করছে। কেউ কোনও অভিযোগ করলে তাকেই উল্টে ফ্যাসাদে পড়তে হচ্ছে। তাই আপনার মাধ্যমে বলতে চাই শুধু বিদ্যুৎ বিভ্রাটের জন্য নয় আজকে সেখানে অরাজকতা চলেছে। তারা পোল না থাকার জন্য ঐ পোল পড়ে যাওয়ার জন্য যা বিদ্যুৎ তা পরিবহনের অভাবে সমস্ত সেচ স্তব্ধ হয়ে যাচ্ছে। গোটা কালিয়াচক থানা তথা সমগ্র মালদহ জেলাতে এই জিনিস হচ্ছে। যা খবর তাতে বিভিন্ন জেলাতে এই অবস্থার সৃষ্টি হয়েছে এবং এটা রক্ষণাবেক্ষণের জন্য সেই ইলেকট্রিসিটি বোর্ডকে বলা হচ্ছে—কারণ তারাই হচ্ছেন এর মালিক তারা কিন্তু কেউ এর দায়-দায়িত্ব নিচ্ছেন না। তারা বলছেন আপনারা থানায় গিয়ে বলুন। আবাব থানায় গিয়ে বলতে গেলে মানুষ দিশাহারা হচ্ছে।

[2-40 – 2-50 p.m.]

তাঁরা কোনও দায়-দায়িত্ব নিচ্ছেন না, তাঁরা বলছেন আপনারা থানায় গিয়ে বলুন। স্যার, আপনি জানেন সাধারণ মানুষ থানায় যেতে অনেক সময় দ্বিধা বোধ করে। দিনের বেলায় তার কেটে নিয়ে যাচ্ছে, অথচ তার জন্য কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে না। অবশ্য ফরাক্কায় যেখানে সি আর পি, রয়েছে, সীমান্ত রক্ষী বাহিনী রয়েছে তারা প্রত্যেকটি ক্রিমিন্যালকে ধরেছে এবং আটকে দিয়েছে। বোরোধান যা চাষ হয়েছিল সেগুলো সব শেষ হয়ে যাচ্ছে সেচের অভাবে। মালদহ এবং মুর্শিদাবাদে বন্যার জলে প্রচুর বোরোধান অলরেডি নষ্ট হয়ে গেছে। এর উপর রয়েছে আবার ডিজেলের অসুবিধা। আমি এই ব্যাপারে বিদ্যুৎকে একটুও দোষ দেব না কারণ ২/৩ ঘন্টা বিদ্যুৎ থাকে। আমি অনুরোধ করছি এই সমস্ত তার এবং পোলগুলো যাতে রক্ষা হয় তারজন্য সরকার অবিলম্বে ব্যবস্থা অবলম্বন করুন।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আজকে খবরের কাগজে দেখলাম অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশন যে সমস্ত খেলোয়াড়রা শিবির ত্যাগ করেছিল তাদের সম্পর্কে নরম ব্যবস্থা গ্রহণ করেছেন এবং তারা শিবিরে ফিরে গেছে। স্যার, যে সমস্ত খেলোয়াড়রা শিবির ত্যাগ করেছিল তাদের প্রতি পশ্চিমবাংলার মানুষ অত্যন্ত ক্ষুব্ধ এবং আমাদের মুখ্যমন্ত্রী এবং পূর্তমন্ত্রী দেশের মানুষের সেই ক্ষোভই এখানে প্রকাশ করেছেন। একথা ঠিক যে তারা অত্যন্ত গর্হিত কাজ করেছে। আমি অনুরোধ করব ফুটবল ফেডারেশন ওই সমস্ত খেলোয়াড়দের প্রতি এখন যে মনোভাব নিয়েছেন তাতে পশ্চিমবঙ্গ সরকার যেন তাদের পূর্বের মনোভাব বা দৃষ্টিভঙ্গি থেকে ফিরে না আসেন। তবে হ্যাঁ, তারা যদি লিখিতভাবে দেশবাসীর কাছে ক্ষমা প্রার্থনা করে তবে দেশের মানুষ তাদের ক্ষমা করতে পারেন। কিন্তু দুঃখের বিষয় তারা দেশের মানুষের কাছে ক্ষমা প্রার্থনা না করে বরং উদ্ধত আচরণই করছে। কাজেই অনুরোধ করছি পশ্চিমবঙ্গ সরকার ইতিপূর্বে তাদের প্রতি যে মনোভাব প্রকাশ করেছেন তার যেন পরিবর্তন

না হয় এবং মাননীয় মন্ত্রী শ্রী যতীন চক্রবর্তী মহাশয় খেলোয়াড়দের যে সমস্ত সুযোগ সুবিধা দেওয়া হয়েছে তা উইথড্র করা হবে বলে যে কথা বলেছিলেন তা থেকে তিনিও যেন ফিরে না আসেন।

**শ্রী সন্তোষ রাণা** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদিও এ বছর আমন মরশুমে পশ্চিমবাংলায় খুব ভাল ফসল হয়েছে এবং রেকর্ড উৎপাদন হবে যা গতকাল মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে শুনলাম, কিন্তু কতকগুলি এলাকা এ বছর খরার প্রকোপের মধ্যে পড়েছে। আমাদের ঝাড়গ্রাম মহকুমার গোপীবল্লভপুর, নয়াগ্রাম এবং সাঁকরাইল থানা বিশেষভাবে এ বছর খরার প্রকোপের মধ্যে পড়েছে, যার ফলে পশ্চিমবাংলার অন্যান্য জায়গায় ভাল ফসল হলেও এই অঞ্চলে ভাল চাষ হয়নি এবং আমন চাষ নষ্ট হয়ে গেছে। এজন্য এই অঞ্চলের হাজার হাজার ক্ষেত মজুর এবং গরিব কৃষকের কোনও কাজ নাই। যারা কাজের জন্য গিয়েছিল, বাইরে কাজ পায়নি বলে ফিরে এসেছে এবং হাজার হাজার মানুষ কর্মহীন অবস্থায় বসে আছে। সরকারের কাছে অনুরোধ যেন অবিলম্বে তাদের কাজের ব্যবস্থা করা হয়। কেন্দ্র থেকে ফুড ফর ওয়ার্কে যে গম দেওয়া হত, তা না দেওয়ার ফলে অসুবিধার সৃষ্টি হয়েছে, সেটা আমরা জানি। কিন্তু যেখানে সারা রাজ্যে ভাল ফসল উৎপন্ন হয়েছে, সেই অবস্থায় যদি কোনও বিশেষ এলাকা বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হয়, খরার প্রকোপে পড়ে, তাহলে অন্যান্য এলাকা থেকে খাদ্য সংগ্রহ করে রিলিফ অপারেশন কেন চালু করা হবেনা, এই হচ্ছে আমার প্রশ্ন। এটা আমি সরকারের কাছে দাবি করছি যে অবিলম্বে এই তিনটি খরাপীড়িত এলাকায় রিলিফ, ফুড ফর ওয়ার্ক ইত্যাদি কাজকর্ম যেন শুরু করা হয়।

**শ্রী সন্তোষকুমার দাস** : মাননীয় স্পিকার মহাশয়, আমাদের প্রাথমিক বিদ্যালয়গুলিতে গত বছর রুটি দেবার পরিকল্পনা নেওয়া হয়েছিল এবং রুটি দেওয়া হয়েছিল, তার মধ্যে পাঁচলাসহ কয়েকটি সার্কেলে গত তিনমাস ধরে রুটি দেওয়া হচ্ছে না, রুটি দেওয়া বন্ধ আছে। ফলে প্রাথমিক ছাত্রছাত্রীরা যে সুবিধাটুকু পেয়েছিল, সেই সুযোগ-সুবিধা থেকে তারা বঞ্চিত হচ্ছে। সেজন্য আমি মাননীয় প্রাথমিক শিক্ষামন্ত্রী মহাশয়, তথা মাধ্যমিক শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষন করছি যাতে আবার সুষ্ঠুভাবে সমস্ত সার্কেলে প্রতি ব্লকে এই রুটি দেওয়া হয়।

**শ্রী স্বদেশরঞ্জন মাঝি** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যা বলতে যাচ্ছি সে বিষয়টা আপাতদৃষ্টিতে সামান্য মনে হলেও এর ফলশ্রুতি খুব কঠিন। আমি বিষয়টা প্রথমে উল্লেখ করি। আমার বিধানসভা কেন্দ্র পাঁশকুড়া পূর্ব জাতীয় সড়ক ৬ নম্বর, কোলাঘাট হয়ে সোজা পশ্চিমে অনেকটা যেয়ে দেওলিয়া বাজার বলে একটা বাজার আছে, তার পাশে সকাল এবং সন্ধ্যাবেলায়—ভোর চারটে থেকে বেলা দশটা পর্যন্ত ফুলের হাট বসে, যে ফুল কলকাতায় আসে, সেই জাতীয় সড়ক লোকের পার হয়ে যেতে হয় অপর দিকে, তিনটি স্কুল আছে—একটি হাই স্কুল, একটি গার্লস স্কুল এবং আর একটি প্রাথমিক স্কুল, সেই রাস্তা দিয়ে ট্রাক এবং

যানবাহন এত দ্রুত গতিতে পাস করে প্রায় ৫০/৬০ কিঃ মিঃ বেগে, যার ফলে ১৯৮০ সালে দুর্ঘটনায় চারটি প্রাণ হারায়। এই দুর্ঘটনা রোধ করার জন্য একটি বাঁধ তৈরি করার জন্য সরকারি লোকজনকে দিনের পর দিন বলেও কোনও লাভ হয়নি, তারা কর্ণপাত করেনি, যদিও এই সালে কোনও দুর্ঘটনা এখন পর্যন্ত ঘটেনি, আমি পি ডবলিউ ডি মিনিস্টারের দৃষ্টি আকর্ষন করে বলতে চাই সত্বর যাতে এই কাজ হয়, সেই ব্যবস্থা তিনি যেন করেন। ওখানকার গ্রাম পঞ্চায়েত প্রধান একটি আবেদন জানিয়েছেন, সেটা আপনার মাধ্যমে তাঁর কাছে পাঠাচ্ছি এবং কাজটি করবার জন্য অনুরোধ জানাচ্ছি।

[2-50 – 3-00 p.m.]

**শ্রী হরিপদ জানা (পিংলা) ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি। মেদিনীপুর জেলার পিংলা থানায় বাগনাবাড় গ্রামে জনৈক ব্যক্তি শ্রী শ্রীধরচন্দ্র মাইতি মহাশয় স্কুলে শিক্ষকতা করতেন। গত ১৯৭৮ সালের বিধ্বংসী বন্যায় তার বাড়ির সমস্ত কিছু ধ্বংস হয়ে যায়। পরে কোনওরকমে একটু আশ্রয় করে কালাতিপাত করছিলেন। কিন্তু এমনই দুর্ভাগ্য যে গত ২০।৫।৭৯ তারিখে তাও পুড়ে ছাই হয়ে যায়। ভিখারি পর্যায়ে জীবন যাপন করতে হচ্ছে। এতদবস্থায় তাঁর ৭।৮।৮০ তারিখে শিক্ষকতার কার্যকাল শেষ হয়ে যাওয়ায় রিটায়ার্ড হয়েছেন। আপনার মাধ্যমে শিক্ষা মন্ত্রী মহোদয়ের নিকট আমার নিবেদন যে তার পুত্র স্কুল ফাইন্যাল পাশ করেছে। এখন যদি অনুগ্রহ করে মেদিনীপুর স্কুল বোর্ডকে তিনি যদি একটু বলে দেন যাতে ঐ ছেলেটি তার যোগ্যতা বিবেচনা করে একটি চাকুরির ব্যবস্থা হয়। এবং তাহলে ঐ পরিবারের লোকজনকে অনাহারের হাত থেকে অব্যাহতি দেওয়া যেতে পারে। এই সঙ্গে আপনার মাধ্যমে শ্রী মাইতি মহাশয় যে আবেদন দিয়েছেন সেটি মন্ত্রী মহাশয়ের কাছে দেবার জন্য অনুরোধ করছি।

**শ্রী হরিপদ ভারতী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রামবাংলায় কি জাতীয় মগের মুল্লুকের মত ঘটনাগুলি ঘটছে তার একটা প্রকট দৃষ্টান্ত দিয়ে আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী তথা পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি এবং ব্যক্তিগত তাঁর হস্তক্ষেপের জন্য আবেদন জানাচ্ছি। ঘটনাটি মেদিনীপুর জেলার চন্দ্রকোনা থানার অন্তর্গত মান্ডুগ্রামের ঘটনা। ঐ গ্রামে মৃত রাখালচন্দ্র ঘোষ মহাশয় তাঁর জীবিত অবস্থায় তাঁর দুই পুত্রকে লিপিবদ্ধভাবে তাঁর সমস্ত জমি বন্টন করে দিয়ে যান এবং মৃত্যুর পরে ছেলেরা ঐ সম্পত্তির মালিক হয় এবং তাদের নামে সেই জমি যথারীতি নথিভুক্ত হয় খাজনা ইত্যাদি যথাযতভাবে প্রদান করে। কিছু কাল পরে তার জ্যেষ্ঠ পুত্রের মৃত্যু হয় এবং তার সাত পুত্র ঐ জমির ওয়ারিশ হয়। তাদের নামগুলিও রেজেষ্ট্রিভুক্ত হয় এবং তাদের খাজনা সরকারি কোষাগারে জমা হয় এবং তারপর তারা সরকারি ঋণও লাভ করে। কিন্তু অকস্মাত ১৯৭৯ সালের সেপ্টেম্বর মাসে সরকারের [illegible] ভেস্ট হয়ে গেছে। [illegible] কোনও নোটিশ [illegible] ঘোষের নামে [illegible]

ঘোষ মৃত, সেই নোটিশ গ্রহণ করতে পারে তার পুত্র এবং পৌত্ররা। পরে তারা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে যাতায়াত করে প্রমাণাদি দিয়ে প্রতিপন্ন করতে চায় যে জমির মালিক তারাই ভেস্ট হবার কোনও কারণ নেই। কিন্তু দেখা গেল কোনওভাবেই তারা কোনও পাত্তা পেল না। তখন তারা সংশ্লিষ্ট কর্তা ব্যক্তিদের অনুরোধে মহামান্য হাইকোর্টের দ্বারস্থ হলেন এবং হাইকোর্ট ইনজাংশন জারি করলেন ৪।২।৮০ তারিখে। কিন্তু দেখা গেল ২৮।১১।৮০ তারিখে সেখানকার অঞ্চল প্রধানের নেতৃত্বে অনেক সি. পি. এম. কর্মী অস্ত্র-শস্ত্র সজ্জিত হয়ে ঐ জমি আক্রমণ করল সেখানকার ধান লুঠ করল এবং এদের শাসিয়ে গেল যদি কোনও আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য চেষ্টা করেন তাহলে তাদের নিহত করা হবে। তারা তখন অনন্যা উপায় হয়ে আবার হাইকোর্টের দ্বারস্থ হলেন এবং গত ২৪।১২।৮০ তারিখে হাইকোর্ট আবার ইনজাংশন জারি করল ঐ জমিতে বাইরের কোনও লোক বা সরকারি কর্মচারী প্রবেশ করতে পারবে না এবং জমির ধান যেটা লুণ্ঠিত হয়েছে ওখানকার অঞ্চল প্রধান সেটা যেন তাঁর হেফাজতে রেখে দেন যেন ওয়েস্ট না করেন। কিন্তু হাইকোর্টের এই আদেশ অমান্য করে ওখানকার সি. পি. এম. কর্মীরা সেই ধান বিক্রি করেছে এবং সেই টাকা নিজেদের মধ্যে ভাগ করে নিয়েছে এবং আরও উপরন্তু ঐ জমির মালিকের প্রতিবেশি একজন সি. পি. এম নেতা ঐ জমিটা আধা-আধি ভাগ করে নিয়ে পাঁচিল তুলে দিয়েছে। এখন সরকারি ভেস্ট জমিই যদি হয় কোনও একটা দলের লোক যেহেতু সে সরকারি দলের লোক সেই জমির মালিকানা নিতে পারে কিনা এর জন্য আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি এবং আইনের শাসন যাতে প্রতিষ্ঠিত হয় তার জন্য তাঁর প্রতি আবেদন জানাচ্ছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে বিদ্যুৎমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি। স্যার, দেখা যাচ্ছে ডি. পি. এল-এ চরম দুরাবস্থা চলেছে এবং তা চলার জন্য সেখানে কোনও বিদ্যুৎ উৎপাদন হচ্ছে না। ওদিকে তো লুথার সাহেবের পেছনে উনি লেগেছিলেন, লুথার সাহেবের টেলিফোন পর্যন্ত কেটে দিয়েছিলেন। সেখানে ডি. ভি. সিতে দেখা যাচ্ছে বিদ্যুৎ উৎপাদন এত হচ্ছে যে অত বিদ্যুৎ পশ্চিমবঙ্গ সরকার নিতে পারছেন না, তা নেবার মতোন কোনও উপায় নাকি নেই। আমি স্যার, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে জানাচ্ছি যে তিনি যে ডি. পি. এল-এ দলবাজি করছেন তারজন্য সেখানে বিদ্যুৎ উৎপাদন হচ্ছে না। আমি বলব, তিনি ডি. ভি. সির চেয়ারম্যানের সঙ্গে যেন সহযোগিতা করেন যাতে পশ্চিমবঙ্গে সেখান থেকে যা বিদ্যুৎ আসছে সেটা অব্যাহত থাকতে পারে। সরকারি কর্মচারিদের যে একটা সংস্থা আছে তা ক্যানসেল করার জন্য যে চক্রান্ত চলছে ভেতরে ভেতরে তাতে সেখানে হিংসাত্মক কাজ চলছে, ডি. ভি. সি এত যে উৎপাদন করছে এটা যেন ব্যাহত হয় সেই চেষ্টা চলছে এ সংবাদ আমরা পেয়েছি। স্যার, আপনার কাছে অনুরোধ, আপনি মুখ্যমন্ত্রী মহাশয়কে বলবেন, তাঁর পুলিশ দিয়ে তদন্ত করিয়ে যেন যথাযথ ব্যবস্থা অবলম্বন করেন এবং ডি. ভি. সিতে বিদ্যুৎ উৎপাদন যা হচ্ছে সেটা যেন বন্ধ না করেন। তা ছাড়া ডি. পি. এল-এর ব্যর্থতা,

অক্ষমতার জন্য তিনি যেন অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করেন। দলবাজির জন্য ডি. পি. এল-এর আজকে এই চরম দুরাবস্থার কথাটা মাননীয় বিদ্যুৎমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীকে জানাচ্ছি।

## Laying of Report

### The Annual Report and Accounts of the West Bengal Pharmaceutical and Phytochemical Development Corporation Limited for 1979-80

**Shri Bhabani Mukherjee :** Sir, with your permission I beg to lay the Sixth Annual Report and Accounts of the West Bengal Pharmaceutical and Phytochemical Development Corporation Limited for the year 1979-80.

## LEGISLATION

### The Chandernagore Municipal (Amendment) Bill, 1981.

**Shri Prasanta Kumar Sur :** Sir, I beg to introduce the Chandernagore Municipal (Amendment) Bill, 1981.

(Secretary then read the Title of the Bill)

**Shri Prasanta Kumar Sur :** Sir, I beg to move that the Chandernagore Municipal (Amendment) Bill, 1981, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটি একটি খুবই সংক্ষিপ্ত বিল, একটি ধারার সংশোধন করতে চাওয়া হচ্ছে। এখানে যেটা করতে চাওয়া হচ্ছে সেটা হচ্ছে এই যে, আমরা যখন পৌরসভার বিভিন্ন ওয়ার্ডগুলি ভাগ করি তখন তার মধ্যে একটা সমতা রাখার চেষ্টা করি—জনসংখ্যা, ভৌগোলিক দিক, ব্যবসাবানিজ্য ইত্যাদির ব্যাপারে। চন্দননগর মিউনিসিপ্যাল অ্যাক্টে সেখানে যে ধারায় এটা করা হয়—সাধারণ কাউন্সিলার বা অল্ডারম্যান যাদের আমরা খানিকটা উপদেশ নিই অর্থাৎ সরকার তাঁদের সাথে আলাপ আলোচনা করে যে ব্যবস্থা করেন চন্দননগর মিউনিসিপ্যাল অ্যাক্টে সেই ব্যবস্থা নেই। এটা খানিকটা সরকার খেয়ালখুশী মতো করতে পারে বর্তমানে সেই ব্যবস্থা আছে। আমরা সরকারের পক্ষ থেকে মনে করি যে জনসাধারণের প্রতিনিধিত্ব যারা করেন, তাদের সঙ্গে আলাপ-আলোচনা করে করা উচিত এবং আমাদের বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্ট, ১৯৩২, এর ২০ নম্বর ধারায় যে ব্যবস্থা আছে সেই ব্যবস্থায় এই ধরণের আলোচনার সুযোগ আছে। সেই ধারাটি চন্দননগর মিউনিসিপ্যাল অ্যাক্টের মধ্যে সংযোজন করতে চাই। সে জন্য আপনাদের সামনে আমি এটা উত্থাপন করছি, আশা করছি আপনারা এটা সমর্থন করবেন।

[3-00 – 3-10 p.m.]

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পৌরমন্ত্রী মহাশয় যে বিল এনেছেন, নীতিগতভাবে এই বিলে আমাদের কারও আপত্তি নেই। কিন্তু চন্দননগর মিউনিসিপ্যাল আইনে আরও কিছু কিছু ল্যাকুনা আছে, সেগুলিও আনা উচিত ছিল। কিন্তু এটা হঠাৎ কেন আনলেন তা আমি বুঝতে পারছি না। এটা অ্যাডমিনিস্ট্রেটিভ অর্ডার দিয়ে করা যেত। সে জন্য আমি একটা অ্যামেন্ডমেন্ট দিয়েছি। সরকার যদি পরামর্শ করতে চান সেখানে অ্যাডমিনিস্ট্রেটিভ অর্ডার করে করা যেত। সেজন্য বিল আনার কি প্রয়োজন হল তা আমি জানিনা। এর মধ্যে আর একটা জিনিস আমি বুঝতে পারছি না। সেটা হচ্ছে, কনস্টিটিউশন ভাগ সাধারণত পপুলেশনের ভিত্তিতে হওয়া উচিত, পপুলেশনটাই মেন ফ্যাক্টর থাকা উচিত, তবে জিওগ্রাফিক্যাল কনডিশনও থাকতে পারে। এখানে একটা কথা লেখা আছে—কমার্শিয়াল ইমপর্টেন্ট অব দি এরিয়া। কমার্শিয়াল ইমপট্যান্স কথাটার কি যুক্তি আছে আমি জানিনা। কমার্শিয়াল ইমপর্টান্স বলে একটা এলাকা এবং পল্লী অঞ্চল বলে একটা এলাকায় এইভাবে ভাগ হতে পারে কিনা আমি জানিনা। এইখানে আমার আপত্তি আছে। তবে নীতিগতভাবে কোনও আপত্তি নেই। এই কমার্শিয়াল ইমপট্যান্স কথাটা তুলে দেবার জন্য আমি একটা অ্যামেন্ডমেন্ট দিয়েছি, মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি এটা ভেবে দেখুন। কোনও আইনে কমার্শিয়াল ইমপর্টান্স বলে আলাদাভাবে কিছু দেওয়া নেই। আর জিওগ্রাফিক্যাল কনডিশন থাকতে পারে। কিন্তু মেনলি পপুলেশনটাই এর ক্রাইটেরিয়ান হওয়া উচিত বলে আমি মনে করি। সে জন্য এই বিষয়টির উপর জোর দেবার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ভবানী মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটা খুব ছোট। আমাদের পৌর মন্ত্রী মহাশয় এই বিষয়ে বলেছেন। আমার বেশি কিছু বলার নেই। বীরেনবাবু যে কথা বলেছেন, বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্ট সম্পর্কে, আমি যতটুকু জানি তাতে এটা আছে অর্থাৎ কমার্শিয়াল ইমপট্যান্স-এর কথা তার মধ্যে আছে এবং সেই সমস্তগুলি কনসিডার করেই করা হবে। আমি শুধু এই কথা বলতে চাই যে সম্প্রতি চন্দননগরে যখন এই কর্পোরেশন হয়, তখন শহরটাকে যে ভাবে ভাগ করা হয়েছে, তারপরে দেখা যায় যে জনসংখ্যা ক্রমাগত বৃদ্ধিপ্রাপ্ত হয়েছে, যে যে ওয়ার্ডগুলি বর্তমানে আছে সেখানে জনসংখ্যার মধ্যে কোনও সামঞ্জস্য নেই। কোনও কোনও এলাকায় ৩ হাজার, আবার কোনও কোনও এলাকায় ৮ হাজার আছে। অতএব ওয়ার্ডগুলি পুনরায় নির্ধারণ প্রয়োজন আছে। ওয়ার্ডের এলাকা পুনর্নির্দ্ধারনকালে বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্টে যে ডেমোক্রাটিক ক্যারেক্টার আছে অর্থাৎ পরামর্শ নেওয়া হবে সেখানকার নির্বাচিত কমিশনারদের সঙ্গে, সেটা চন্দননগর মিউনিসিপ্যাল-এর ক্ষেত্রে ছিলনা। সেজন্য এই সংশোধনী আনা হয়েছে। চন্দননগর শহরটি ছোট আপনারা জানেন। কিন্তু এখানে হঠাৎ একটা কর্পোরেশন হয়েছে তা নয়। পশ্চিমবঙ্গের মধ্যে দ্বিতীয় কর্পোরেশন। কলকাতার পরে যখন কর্পোরেশন হয়েছিল, তার কারণ হচ্ছে আন্তর্জাতিক চুক্তির মধ্যে দিয়ে চন্দননগর মার্জ হয়। এটা ছোট হলেও এর একটা ঐতিহ্য আছে এবং পুরানো আমলের ফরাসিদের

আইনের কাঠামোর মধ্যে। সেখানে মেয়র পোস্ট ছিল। আর সবচেয়ে বড় কথা হচ্ছে, ঐ ঔপনিবেসিক কাঠামোর মধ্যে অনেক অগণতান্ত্রিক ব্যবস্থা ছিল। সেখানে নাগরিকদের "এ" ক্যাটাগরি সিটিজেন, "বি" ক্যাটাগরি সিটিজেন, এইভাবে ভাগ করে রাখা হয়েছিল। আমরা আন্দোলন করে সেটা উঠিয়ে দিতে বাধ্য করেছিলাম। কিন্তু ওখানে অ্যাডাল্ট ফ্রানচাইস গোড়া থেকে ছিল, মেয়র পোস্ট ছিল। সব চেয়ে বড় কথা ওখানে মেয়রের এমন ক্ষমতা ছিল যে, মেয়রের অনুমতি ছাড়া পুলিশ শহরে গুলি চালাতে পারত না। এই সব ফরাসি ব্যবস্থা সেখানে চালু ছিল। খুব অটোক্রেটিক ব্যবস্থা যেমন ছিল তেমনই আবার ফরাসি ডেমক্রেটিক অ্যাসপেক্টস-এর প্রতিফলনও ছিল। এসব ছাড়াও কিছু কিছু বাড়তি অধিকারও পৌর প্রতিষ্ঠানের আছে। যেমন চন্দননগরে আপ টু ক্লাশ ইলেভেন কতগুলি স্কুলের পরিচালন ব্যবস্থা কর্পোরেশনের হাতে। যেগুলি আগে গভর্নমেন্ট স্কুল ছিল, সেগুলি এখন পৌর প্রতিষ্ঠান পরিচালনা করছে। সেসব দিক চিন্তা করেই আজকে এই সংশোধনী আনা হয়েছে। সারা পশ্চিমবাংলার সঙ্গে নতুন করে সমন্বয় সাধন করতে হবে। ওয়ার্ডগুলিকে মূলত জন-সংখ্যার ভিত্তিতে ভাগ করতে হবে, সেই সঙ্গে ভৌগোলিক অবস্থা ও বাণিজ্যিক গুরুত্বের কথাও বলা হয়েছে। তবে কমার্শিয়াল ইমপর্টেন্সের যথাযথ তাৎপর্য স্পেসিফিক্যালি কি হয়, জানি না। মোটামুটি অর্থ, এটা বোধ হয় সেইসব জায়গায় এমন কিছু ফিচার্স থাকতে পারে যে, যেগুলি বিচার করে ওয়ার্ডগুলির ব্যবস্থা করতে হবে। এই কথা কয়টি বলে পৌরমন্ত্রী অগণতান্ত্রিক ব্যবস্থার বিলোপ করে গণতন্ত্রীকরণের জন্য যে সংশোধনী এনেছেন তাকে সমর্থন জানাচ্ছি।

**Shri Dawa Narbu La :** Mr. Speaker, Sir, while going through this Bill I could find that the democratic right of the people has clearly been ignored. So, from here I could see that this Government has taken steps to protect the democratic right of the people. But previously in West Bengal, in all the municipalities only tax payers were allowed to cast their votes to elect the Councillors and Commissioners. But it was, during the Congress regime, the adult franchise had been introduced in all the municipalities in West Bengal. By simply passing the Bill democratic right will not be saved. To save the democratic right and to implement it properly election should be held. But for the last 4 years in this Left Front Government's regime no municipal election has been held in west Bengal. For instance in Darjeeling district there are 4 municipalities. All municipalities have been superseded. So, I cannot see how they protect the democratic right. In 1977, immediately after the Left front came into power, Kurseong Municipality was superseded and that was followed in Siliguri also. Again very recently Kalimpong Municipality has been superseded. By superseding the municipalities I do not know whether the cratic right is protected or not. Lastly, Sir, I support the views of Shri Birendra Kumar Maitra the geographical

condition and commercial importance should not be considered. I do not know why this is to be considered ? Population is the main thing and population should be considered at the time of delimination.

[3-10 – 3-20 p.m.]

**শ্রী নির্মলকুমার বোস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পৌরমন্ত্রী চন্দননগর পৌর (সংশোধন) বিধেয়ক, ১৯৮১ যেটা এনেছেন তাকে আমি সমর্থন করছি এবং আমার বক্তব্য বিশেষ কিছু নেই তার কারণ এই বিধেয়কটি আনা হয়েছে বামফ্রন্ট সরকারের যে মূল নীতি, সকল প্রতিষ্ঠানের সঙ্গে পরামর্শ করে গণতন্ত্রীকরণ করার যে উদ্দেশ্য, সেই উদ্দেশ্য নিয়ে আনা হয়েছে। চন্দননগর পৌর প্রতিষ্ঠান যে জায়গাতে অবস্থিত, সরকার ইচ্ছা করলে নিজেই করতে পারতেন কিন্তু সরকার নিজে না করে নির্বাচিত প্রতিনিধিদের সঙ্গে পরামর্শ করে করবেন এবং ওয়ার্ডের ব্যাপারটা স্থির করবার ক্ষেত্রে জনসংখ্যা, ভৌগোলিক গুরুত্ব, বাণিজ্যিক গুরুত্ব—এগুলি ভাববেন এবং এগুলি ভেবেই সেইদিক থেকেই করা হয়েছে। চন্দননগর পৌর প্রতিষ্ঠানকে সম্মুখে রেখে আমি এই প্রসঙ্গে একটি কথা বলতে চাই। আমাদের মাননীয় পরিষদীয় দপ্তরের মন্ত্রী শ্রী ভবানী মুখার্জি মহাশয় বললেন এবং এই সভার সদস্যদের জানা আছে যে, পরিষদীয় মন্ত্রী মহাশয় এক সময়ে এই চন্দননগর পৌর প্রতিষ্ঠানের মেয়র ছিলেন এবং তাঁর নেতৃত্বে চন্দননগর পৌর প্রতিষ্ঠানে অনেক প্রগতিশীল ভাল কাজ হয়েছিল। এটা একটা ঐতিহাসিক কারণে কর্পোরেশনের মর্যাদা পেয়েছে। জনসংখ্যার দিক থেকে এটা সাধারণভাবে কর্পোরেশন হবার কথা নয়। কিন্তু তার ফলে আমাদের পশ্চিমবঙ্গে শ্রেণী বিভাগ ৩ রকমের হয়েছে। কলিকাতা জনসংখ্যার দিক থেকে একটা বড় কর্পোরেশন। হাওড়া কর্পোরেশনের জায়গা নিতে চলেছে আর সাধারণ ছোট মিউনিসিপ্যালিটি আর তার মাঝখানে একটা চন্দননগর কর্পোরেশন। কিন্তু এই শ্রেণী বিভাগের ব্যাপারটা আমাদের পশ্চিমবঙ্গে একটু অন্যভাবে ভাবার দরকার। ইতিপূর্বে পৌর প্রতিষ্ঠান সংক্রান্ত যে বিধেয়ক সে বিষয়ে আমি আলোচনা প্রসঙ্গে বলেছিলাম, বর্তমানে চন্দননগর পৌর প্রতিষ্ঠান ঐতিহাসিক কারণে ভিন্ন পর্যায়ে রাখলেও ২ রকমের প্রতিষ্ঠান আছে। এক, কলিকাতা, হাওড়ার মতোন কর্পোরেশন আর অন্য মিউনিসিপ্যালিটি। কিন্তু এই অন্য মিউনিসিপ্যালিটির মধ্যে একেবারে ছোট মিউনিসিপ্যালিটি আছে, বড় মিউনিসিপ্যালিটিও আছে। সুতরাং মাননীয় পৌরমন্ত্রীকে আমি অনুরোধ করছি তিনি ইতিপূর্বে বিবেচনা করবেন বলে আশ্বাস দিয়েছেন—তিনি এই সম্পর্কে একটু ভাবুন। কর্পোরেশনের বাইরে যে পৌর প্রতিষ্ঠানগুলি রয়েছে তার ভিতরে একটু বড় যেগুলি সেগুলি নিয়ে আর একটি পর্যায় করা উচিৎ এবং তারজন্য আর একটি আইন করা দরকার। তাদের গঠন, তাদের আর্থিক অবস্থা, তাদের কাজকর্ম একটু অন্যভাবে ভাবার প্রয়োজন। সুতরাং তৃতীয় একটা বিষয় ভাবার জন্য অনুরোধ করছি।

**শ্রী মনোরঞ্জন রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, চন্দননগর পৌর (সংশোধন) বিধেয়ক, ১৯৮১ নামে যে বিলটা উত্থাপিত হয়েছে সেই বিলটিকে আমি সমর্থন করছি। ফরাসি

ঔপনিবেশিক ব্যবস্থার পর এবং চন্দননগরে যে বিশেষ ভৌগোলিক অবস্থান ছিল তাতে গঙ্গার দিকের উঁচু দিক এবং নিচুর দিকে জল সব সময়ে গমন করে এবং তার ফলে জি. টি. রোডের দক্ষিণাংশের খানিকটা সব সময়ে ডুবে থাকে। সেখানে ডীচ সংস্কার প্রভৃতির ব্যাপারে যে সমস্ত সমস্যা দেখা দেয় সেইদিক থেকে এবং ভৌগোলিক অবস্থানগত দিক থেকে এখানে যে বিল আনা হয়েছে এবং তাতে সেখানকার মানুষেরা তাদের প্রতিনিধিত্ব অর্জন করবার যে সুযোগ আগামীদিনে পাচ্ছে সেই কারণে আমি এই বিলটিকে সমর্থন করছি। সঙ্গে সঙ্গে ফরাসি ঔপনিবেশিক ব্যবস্থার আমলের সময়ে যে সমস্ত বিশেষ বিশেষ গণতন্ত্রের পক্ষে জিনিসগুলি রয়েছে সেগুলি এবং বর্তমান বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্টে যেসমস্ত জিনিস রয়েছে এই দুটোকে অ্যামালগামেট করে আগামীদিনে মিউনিসিপ্যাল কর্পোরেশন বিলটি যাতে পূর্নাঙ্গ রূপে আনা সম্ভব হয় সেইদিকে মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষন করে এই বিলটিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পৌরমন্ত্রী চন্দননগর পৌর (সংশোধন) বিধেয়ক, ১৯৮১ যেটা এনেছেন তাকে আমি সমর্থন করছি। বিরোধী পক্ষের মাননীয় সদস্য বীরেন মৈত্র মহাশয় বললেন যে, বাণিজ্যিক এই দিক দিয়ে কেন সমস্ত নির্বাচন কেন্দ্র ভাগ হবে? আমি বলছি, পুরানো যে সমস্ত শহর সেই শহরগুলি পরিকল্পিতভাবে গড়ে ওঠেনি কিন্তু পরিকল্পিত শহরের একটা সুযোগ-সুবিধা নাগরিকরা ভোগ করে থাকেন যেমন, আমরা কল্যাণীর ক্ষেত্রে দেখতে পাই পরিকল্পিতভাবে গড়ে উঠেছে। সেখানকার নাগরিকরা বাড়তি সুযোগ-সুবিধা পেয়ে থাকেন। নতুন করে পুরানো শহরগুলিকে যদি আধুনিকীকরণ করতে হয় তাহলে জনসংখ্যা, ভৌগোলিক অবস্থা এবং বাণিজ্যিক অবস্থার উপরও গুরুত্ব দিতে হবে।

একটি পৌর এলাকা উন্নয়নের জন্য আমি তাঁকে অভিনন্দন জানাই। বাণিজ্যিক এলাকা অনুন্নত হলে তার উন্নয়নের কর্মসূচি গ্রহণ অসুবিধা হয় সেদিক থেকে তিনি অত্যন্ত বাস্তব দৃষ্টিভঙ্গীর পরিচয় দিয়েছেন, সেজন্য আমি তাঁকে অভিনন্দন জানাই। দ্বিতীয়ত ১৯৫৫ সালে তফসিলি অ্যাক্টের ৫নং অনুচ্ছেদে যে বিষয়টি আছে তার মধ্যে গণতান্ত্রিকতার লেশ মাত্র নেই। সেখানে যে নির্বাচন কেন্দ্র ভাগ করা হয়েছে, এবং জনসাধারণ মানুষের প্রতিনিধি সকলকে নেওয়া হয়েছে সেটা অভিনন্দনযোগ্য। এই রকম গণতান্ত্রিক ব্যবস্থায় জনসাধারণের মতামত থাকবে এটা খুবই স্বাভাবিক, সেদিক থেকে এই বিল অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং অভিনন্দনযোগ্য। এর সঙ্গে সঙ্গে যে কথাটা বলব, আমাদের দেশে পঞ্চায়েত নির্বাচন হয়ে গেছে, পৌর নির্বাচনের আইন সংশোধন করা হয়েছে। নির্বাচন তাড়াতাড়ি করতে হবে। আমরা জানি পঞ্চায়েত, পৌরব্যবস্থা ইত্যাদির মধ্যে দিয়ে যাঁরা নির্বাচিত হয়ে আসেন তাঁদের মধ্যে দিয়েই আগামী দিনের প্রশাসক তৈরি হয়, এইজন্য নির্বাচন তাড়াতাড়ি করা দরকার। আমি শ্রী ভবানী মুখার্জি মহাশয়কে অভিনন্দন জানাচ্ছি, উনিই এক সময় চন্দননগর মিউনিসিপ্যালিটির কাউন্সিলার ও মেয়র ছিলেন। নির্বাচনের মধ্যে দিয়ে গণতান্ত্রিক মানুষের

প্রতিনিধিরা থাকবেন, রাজনীতির প্রশাসক তৈরি হতে পারবেন, কাজের অভিজ্ঞতা সৃষ্টি হবে। সেদিক থেকে এই বিলকে সমর্থন করে এবং সাথে সাথে তাঁরা যাকে পাঠাবেন সরকারকে সেটা পালন করতে হবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বিশেষ কিছু বলার নেই। যেটা বীরেনবাবু বলেছেন সেটার উত্তর জয়ন্ত বাবু ইতিমধ্যে দিয়েছেন। কথাটা হল একটা গ্রামের এবং একটা শহরের ব্যাপার। আমার মনে হয় ব্যবসা বাণিজ্য এই কথাটার বেশি বিশ্লেষণের প্রয়োজন নেই। আমি তাহলে বলতে পারতাম পঞ্চায়েতের কথা, শহরের কথা বললাম কেন? শহরের জন্য পৌরসভা, শহর বলতে গেলে খানিকটা ব্যবসা বাণিজ্যের কথা আসে। সুতরাং আমার মনে হয় এটা ব্যাখ্যার অপেক্ষা রাখে না। তা নয়, কথাটা হচ্ছে ভাগ যখন করা হবে শহরের মধ্যে ব্যবসা বাণিজ্য থাকছে, সে কথাটা প্রথমে বুঝতে হবে। ভাগ করার সময় সেটা ব্যবহার করতে হবে। এটাই হল কথা। আমাদের দায়ানরবুলা সাহেব তার বক্তব্য বলে চলে গেলেন। নির্বাচনের কথা আমরা বার বার বলেছি। ১৯৭৮ সালে আমরা নির্বাচন ঘোষণা করলাম, তখন সারা পশ্চিমবঙ্গে অভূতপূর্ব বন্যা হল, নির্বাচন হল না। ১৯৭৯ সালে আমরা করতে গিয়েছিলাম, তখন জানুয়ারি মাসে সিক্সথ জানুয়ারি লোকসভার নির্বাচন হল, আমরা ১৮ই ডিসেম্বর ঘোষণা করেছিলাম, নির্বাচন করতে পারলাম না। আবার আমরা যখন ১৯৮০ সালে করতে যাই তখন স্বরাষ্ট্র সচিব দিল্লি থেকে লিখে পাঠালেন যে সেনসাস হবে, সেনসাসের সময় এই ধরনের কাজ করবেন না। এটা কিন্তু ডাইভারসন। কেন্দ্রীয় সরকারের নির্দেশে নির্বাচন বন্ধ রাখা হল। আমরা ক্ষমতায় আসবার পর তিন-তিন বার চেষ্টা করেছি। কিন্তু করতে পারিনি। সমস্ত ঘটনাই জানেন তবু বার বার একটা কথা বলার চেষ্টা করা হয় যে নির্বাচন করা হয় না।

[3-20 – 3-33 p.m.]

আমি আবার ঘোষণা করছি ৩১এ মে আমরা সমস্ত পৌরসভার নির্বাচন করব। কলকাতার কর্পোরেশনের জন্য হবে না কারণ যে আইন আপনারা পাশ করেছেন তাতে কেন্দ্রীয় সরকার এবং তাঁদের উপদেশে রাষ্ট্রপতি যে অনুমোদন দেননি। সুতরাং আমরা করতে পারব না। হাওড়া কর্পোরেশন বিল আপনারা পাশ করেছেন যার অনুমোদন আমরা পাইনি। চাকদহে আরেকটা কোন কেস আছে সেখানেও নির্বাচন হবে না। তাছাড়া ২০টি পৌরসভার নির্বাচন ৩১এ মে করব এই ঘোষণা করছি। কিন্তু আপনারা দেখবেন কেন্দ্র থেকে নির্দেশ আসবে এখনই আমরা উপনির্বাচন করতে যাচ্ছি, অতএব হবে না। এইরকম ভাবে বারেবারে অসুবিধার সৃষ্টি হচ্ছে। তা সত্ত্বেও বলছি আমরা ৩১এ মে পৌরসভার নির্বাচন করব। এই বিলে একটি মাত্র কথা হচ্ছে আমরা গণতান্ত্রিকরণ করতে চাই। সরকারের যেমন অধিকার ছিল তারা যা ইচ্ছা করতে পারতেন, সেখানে আমরা বলেছি নির্বাচিত প্রতিনিধিদের সঙ্গে আলোচনা করে করতে হবে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Prasanta Kumar Sur that the Chandernagore Municipal (Amendment) Bill, 1981, be taken into consideration, was then put and agreed to.

**Clause 1**

The question that clause 1 do stand part of the Bill, was then put and agreed to.

**Clause 2**

**Shri Birendra Kumar Maitra :** Sir, I beg to move that in Clause 2, in the proposed sub-section (1) of section 15, lines 7 and 8, the words "and commercial importance" be omitted.

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ক্লজ টুতে যে অ্যামেন্ডমেন্ট এনেছি সেটা উত্থাপন করছি। মন্ত্রী মহাশয় বললেন মিউনিসিপ্যালিটি করতে গেলে সেখানে ব্যবসা-বানিজ্য থাকবেই—এতে আপত্তি নেই। কিন্তু ১৯৩২ সালে যে আইন হয়েছিল সেটা সব সময় কপি করতে হবে তার কি মানে আছে। কারণ দেশ অনেক এগিয়ে গেছে শহরের এক জায়গায় ব্যবসা নেই। চন্দননগরের যখন ধা কমিশন হয়েছে তখন বড় বাজার বলতে একটা জায়গা ছিল। কিন্তু এখন ব্যবসা-বাণিজ্য আনাচে-কানাচে ছড়িয়ে গেছে এবং পপুলেশনও বেড়েছে কাজেই ১৯৩২ সালের কপি কেন করতে হবে। এই বিলের বিরোধিতা আমি করছি না গণতান্ত্রিকরণ করছেন ভালো কথা আমার বক্তব্য হচ্ছে ইলেকটেড লোকের সঙ্গে গভর্নমেন্টকে কনসাল্ট করতে হবে কিন্তু যখন বোর্ড থাকবে না তখন কার সঙ্গে কনসাল্ট করবে? অ্যাপয়েন্টটেড বোর্ডের সঙ্গে যদি কনসাল্ট করতে হয় তাহলে কেস হবে। আপনারা এই চিন্তা করেছেন কিনা জানিনা।

আমার বক্তব্য হল পপুলেশন ঠিক আছে, জিওগ্রাফিকাল কনডিশনও ঠিক আছে, কিন্তু কনস্টিটিউয়েন্সির ইমপরট্যান্স এর ব্যাপারে আপনি যে এক্সপ্লানেশন দিয়েছেন সে বিষয়ে আমি স্যাটিস্‌ফায়েড নই। এটা থাকবে কি থাকবে না সেটা বড় কথা নয়, আমার মনে হচ্ছে—যদি কোনও ব্যবসায়ী আপনাকে টাকা দেন তাহলে তাঁরা যাতে সব সম্প্রদায়কে নিয়ে ইলেকটেড হতে পারেন একটা কনস্টিটিউয়েন্সি গঠনের ব্যাপারে এই রকম একটা ধারা আপনি রেখেছেন এখানে। এটা হচ্ছে আমার ধারণা।

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি একটা সংশোধনী রাখতে চাই যে, I beg to move that in clause 2, in the proposed sub-section (1) of section 15, for the words "the Corporation" appearing in line 3, the word, "Chandernagore" be substituted.

ব্যাপারটি সামান্যই এখানে লেখা আছে। কর্পোরেশন কথাটাকে বাদ দিয়ে "চন্দননগর" কথাটা এখানে লেখা হোক, অর্থাৎ সবটাকে এখানে ঢোকানো হোক।

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** প্রবীরবাবু যে অ্যামেন্ডমেন্ট এখানে এনেছেন সেটির যথেষ্ট যৌক্তিকতা আছে, আমার ড্রাফ্‌টিং-এ একটা ভুল ছিল। কারণ কর্পোরেশন হচ্ছে একটা কর্পোরেট বডি, একে বাদ দেওয়া যায় না, এতে যে এরিয়াটা আছে সেই এরিয়াতে কর্পোরেশন কাজ করবে—এর মধ্যে রেলিভ্যান্সি আছে, সেইজন্য আমি এটাকে অ্যাকসেপ্ট করছি। বীরেনবাবু যেভাবে বললেন সেটা আমি বুঝলাম না। কারণ একটা পৌর এলাকা ১০।১৫টা ভাগে ভাগ হবে, কিন্তু তিনি যেটা বললেন সেটা হল, কোনও জায়গায় বেশি ব্যবসা-বানিজ্য থাকলে সেখানে একটা ওয়ার্ড হবে। কিন্তু ব্যবসা-বানিজ্য বেশি হলে সেখানে নিশ্চয়ই একটা ওয়ার্ড হবে—এতো হচ্ছে সাধারণ ব্যাপার। আর সেইজন্যই ওয়ার্ডকে বাদ দেওয়া যায় না। এ ব্যাপারে আমি যেটাকে শহর বলেছি সেটাকে আপনি আরও সুন্দর করে বলেছেন। এক সময়ে চন্দননগরে ব্যবসা-বানিজ্য এক জায়গায় কেন্দ্রীভূত ছিল আজকে সেখানে তা ছড়িয়ে ছিটিয়ে গড়ে উঠেছে—তার কারণ হচ্ছে ব্যবসা-বানিজ্যের বিস্তৃতি লাভ ঘটেছে। এখানে আমি বলতে চাই যে, শহর হিসাবে যেটা গড়ে উঠেছে সেটাকে ভাগ করতে গেলে এই জিনিসগুলি আমাদের বিবেচনা করতে হবে। এই হল আমার বক্তব্য।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** তাহলে চন্দননগর বলে থাকছে না—'দি মিউনিসিপ্যাল এরিয়া' বলে লেখা থাকবে—এই ভাবে ভাগ করা হবে বলছেন।

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** চন্দননগরকে ভাগ করা যায় না কারণ অ্যাক্টে যে ডেফিনেশন আছে তাতে পরিষ্কারভাবে সব লেখা আছে—অতএব চন্দননগর বললেই যথেষ্ট হবে। অ্যাক্টে যা আছে that will mean the area.

The motion of Shri Birendra Kumar Maitra that in Clause 2, in the proposed sub-section (1) of section 15, lines 7 and 8 the words "and commercial importance" be omitted was then put and lost.

The motion of Shri Prabir Sengupta that in clause 2, in the proposed sub-section (1) of section 15, for the words "the Corporation" appearing in line 3, the word, "Chandernagore" be substituted was then put and agreed to.

The question that clause 2 as amended, do stand part of the Bill was then put and agreed to.

**Preamble**

The question that the Preamble do stand part of the Bill was then

put and agreed to.

**Shri Prasanta Kumar Sur :** I beg to move that the Chandernagore Municipal (Amendment) Bill, 1981, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 3.33 p.m. till 3 p.m. on Friday, the 27th February, 1981 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Friday, the 27th February, 1981 at 3-00 p.m.

### PRESENT

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 20 Ministers, 6 Ministers of State and 163 Members.

[3-00 — 3-10 p.m.]

### PRESENTATION OF BUDGET ESTIMATES, 1981-82

**ডঃ অশোক মিত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার অনুমতি নিয়ে আমি পশ্চিমবঙ্গ সরকারের ১৯৮১-৮২ সালের বাজেট বরাদ্দ পেশ করছি। এই রাজ্যে বামফ্রন্ট সরকারের বর্তমানে মেয়াদের যেহেতু এটাই শেষ বছর, গত চার বছরে বাজেটের মধ্যবর্তিতায় আমরা কতটুকু সাফল্য অর্জন করতে পেরেছি তার একটি সংক্ষিপ্ত পর্যালোচনা দিয়ে শুরু করা বোধ হয় অসমীচীন হবে না।

১

বর্তমান সাংবিধানিক কাঠামোয় রাজ্য সরকারের আর্থিক ক্ষমতা অত্যন্ত সীমাবদ্ধ, এই সত্য এক মুহূর্তের জন্যও ভুলে থাকা দুরূহ। তা সত্ত্বেও এই ক'বছরে যা যা করা সম্ভব হয়েছে, তার জন্য ঈষৎ আত্মপ্রসাদের কারণ আমাদের আছে। ১৯৭৬-৭৭ সালে, অর্থাৎ আমাদের কার্যভার গ্রহণ করার আগের বছর, রাজ্য বাজেটে প্রতিফলিত মোট বরাদ্দের পরিমাণ ছিল ৭৬৬ কোটি টাকা। চলতি বছরে, ১৯৮০-৮১ সালে, সংশোধিত হিসাব থেকে দেখা যাবে যে এই বরাদ্দের পরিমাণ বেড়ে ১,৫৮৫ কোটি টাকায় দাঁড়িয়েছে। অর্থাৎ কিনা গত চার বছরে বিভিন্ন খাতে রাজ্য সরকারের ব্যয়ের পরিমাণ দ্বিগুণেরও বেশি বেড়েছে। সাম্প্রতিক মূল্যবৃদ্ধির জন্য আমরা কোনওভাবেই দায়ী নই, কিন্তু এই মূল্যবৃদ্ধির কথা মনে রেখেও এটা বলা চলে মাত্র চার বছরে বাজেট বরাদ্দের এই পরিমাণ বৃদ্ধি ভারতীয় অর্থসংস্থানের ইতিহাসে অভূতপূর্ব। এই বর্ধিত ববাদ্দের একটি বড় অংশ ব্যয়িত হয়েছে উন্নয়নের স্বার্থে। ১৯৭৬-৭৭ সালে রাজ্য বাজেটে সর্বমোট ৭৬৬ কোটি টাকা বরাদ্দের মধ্যে পরিকল্পনার জন্য চিহ্নিত রাখা হয়েছিল মাত্র ২০৪ কোটি টাকা, এবং পরিকল্পনা বহির্ভূত ব্যয় ও পরিকল্পনাগত ব্যয়ের আনুপাতিক হার ছিল ৩ ঃ ১। ১৯৮০-৮১ সালে পরিকল্পনার জন্য ব্যয়ের পরিমাণ বেড়ে দাঁড়িয়েছে ৫৩৩ কোটি টাকা, এবং পরিকল্পনা বহির্ভূত ও পরিকল্পনাগত ব্যয়ের আনুপাতিক হার কমে দাঁড়িয়েছে ২ ঃ ১। রাজ্য বিদ্যুৎ পর্ষদের মতো রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলির বিনিয়োগ এই সঙ্গে যোগ করলে দেখা যাবে, রাজ্য পরিকল্পনার সামগ্রিক পরিমাণ ১৯৮০-৮১ সালে ৫৮০ কোটি টাকায় পৌঁছেছে, অর্থাৎ চার বছরে পরিকল্পনা বরাদ্দে বৃদ্ধির পরিমাণ প্রায় তিন গুণ। যেকোনও [illegible] সরকারের পক্ষে এটাও এক অদৃষ্টপূর্ব

সাফল্য। এই রাজ্যে উন্নয়নমূলক কর্মসূচি অব্যাহত রাখার এবং ব্যাপকতর করার লক্ষ্যে আমরা অবিচল। রাজস্বের সীমাবদ্ধতা সত্ত্বেও এবং আমাদের রাজ্য পরিকল্পনায় কেন্দ্রীয় সহায়তার পরিমাণ ক্রমশ কমে এলেও এই লক্ষ্য পূরণে, মানতেই হয়, আমরা গত কয়েক বছরে অনেকটাই এগোতে পেরেছি।

বিভিন্ন ক্ষেত্রে বরাদ্দ কি রকম বেড়েছে তার একটি ধারণা পেতে মাননীয় সদস্যরা আগ্রহশীল থাকতে পারেন। কৃষি বিভাগ ব্যয়ের পরিমাণ ১৯৭৬-৭৭ সালে ছিল ৪০ কোটি টাকা, সেটা বেড়ে ১৯৮০-৮১ সালে ১০০ কোটি টাকার মতো হয়েছে। সেচ ও জলপথ বিভাগে ব্যয়ের পরিমাণ এই চার বছরে প্রায় তিন গুণ বেড়েছে। বিদ্যুৎ বিভাগেও বরাদ্দ অনুরূপ বেড়েছে। উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ব্যয় বরাদ্দ ১৩ কোটি টাকা থেকে বেড়ে এই ক বছরে প্রায় ৪৫ কোটি টাকায় দাঁড়িয়েছে। শিক্ষা বিভাগে বরাদ্দ ১৯৭৬-৭৭ সালে ছিল ১৩৫ কোটি টাকা, ১৯৮০-৮১ সালে তা দ্বিগুণ হয়েছে ; গোটা বাজেটের শতকরা ১৭ ভাগ এখন শিক্ষা খাতে খরচ হচ্ছে। জনস্বাস্থ্য ও চিকিৎসা বিভাগের বরাদ্দ বেড়েছে শতকরা ৫০ ভাগ। স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের বরাদ্দ ১৯৭৬-৭৭ সালে ছিল ১৮ কোটি টাকা, তা বেড়ে ১৯৮০-৮১ সালে প্রায় ৫৯ কোটি টাকায় দাঁড়াবে বলে মনে হয়। বাণিজ্য ও শিল্প বিভাগে ব্যয়ের পরিমাণ দ্বিগুণ হয়েছে ; কুটির ও ক্ষুদ্রশিল্প বিভাগের ব্যয় প্রায় আড়াই গুণ বেড়েছে।

সরকারি কাজকর্মের এই চমকপ্রদ সম্প্রসারণে রাজ্যের সাধারণ মানুষ প্রভূত লাভবান হয়েছেন। এই প্রথম ভূমিহীন কৃষক, ভাগচাষী এবং ছোট ও মাঝারি চাষী সহ শত সহস্র সরকারি ব্যয় থেকে প্রত্যক্ষ সুফল পেয়েছেন। উপকৃত হয়েছেন ছোট ছোট কারিগর, দুর্বল শিল্পের পুনরুজ্জীবনের প্রয়াসে লিপ্ত অথবা নতুন কারখানা খুলতে আগ্রহী শিল্পমালিকরা, উপকৃত হয়েছেন লক্ষ লক্ষ ছাত্রছাত্রী, উচ্চ মাধ্যমিক স্তর পর্যন্ত শিক্ষালাভ তাদের জন্য অবৈতনিক করে দেওয়া হয়েছে ; এক বিপুল সংখ্যক বালক-বালিকাদের জন্য বিনামূল্যে বিদ্যালয় চলাকালীন খাদ্য, বিনামূল্যে পরিধেয় এবং বিনামূল্যে পুস্তক সরবরাহের ব্যবস্থা করা হয়েছে। পঞ্চায়েতের নায়কত্বে পল্লী উন্নয়ন কর্মসূচিমূলক কাজ অনেক বেড়ে যাওয়ায় বহু কল্যাণ সাধিত হয়েছে, হরিজন-আদিবাসীদের জন্যও প্রচুর নতুন ব্যবস্থা নেওয়া হয়েছে। শহরের ও গ্রামে সম্প্রসারিত জল সরবরাহ ও স্বাস্থ্যব্যবস্থাদির মধ্য দিয়ে উপকার ছড়িয়ে পড়েছে, ছড়িয়ে পড়েছে ছোট ছোট শহরে এবং কলকাতা মহানাগরিক এলাকায় পৌর সুযোগসুবিধা দ্রুত প্রসারের মধ্য দিয়ে, কলা ও সংস্কৃতির ক্ষেত্রে নতুন নতুন কর্মসূচির মধ্য দিয়ে, সরকারি কর্মচারী, শিক্ষক ও শিক্ষাকর্মী, পৌর কর্মচারী এবং সরকারের কাছ থেকে বেতন ও ভাতা প্রাপক আরও যারা আছেন তাদের বর্ধিত উপার্জনের মধ্য দিয়ে।

বাজেটসংক্রান্ত কাগজপত্রের সঙ্গে মাননীয় সদস্যরা একখন্ড করে আর্থিক সমীক্ষা পেয়েছেন। ১৯৭৭-৭৮ সাল থেকে পরিকল্পনাগত ব্যয়বৃদ্ধির ফলে আমরা সামগ্রিকভাবে কতটা এগোতে পেরেছি উক্ত সমীক্ষা থেকে সে সম্পর্কে কিছু ধারণা করা সম্ভব। এখানে ওখানে হতোদ্যম বা আপেক্ষিক অসাফল্যের উদাহরণ যে নেই তা নয়, কিন্তু, মোটের উপর, কৃষিতে শিল্পে, শিক্ষা-সংস্কৃতি, জনস্বাস্থ্য এবং সমাজসেবার ক্ষেত্রে, পূর্তকর্মে এবং শহর ও গ্রাম পরিকল্পনায়

নতুন এক গতিবেগ যে সঞ্চারিত হয়েছে তা অত্যন্ত স্পষ্ট। অসাফল্য বা অসুবিধাগুলিকে এড়িয়ে যাওয়া আমাদের উদ্দেশ্য নয়। অসাফল্যগুলিকে এড়িয়ে গেলে উল্টো ফলই ঘটবে, কারণ ব্যর্থতা বিশ্লেষণ করার মধ্য দিয়েই সমাধানের পথ খুঁজে পাওয়া সম্ভব। তাহলেও এটা বলতেই হয়, এমনকি বিদ্যুতের ব্যাপারেও আমাদের সাফল্য তুচ্ছাতিতুচ্ছ নয়। এই রাজ্যে বিদ্যুতসঙ্কটের প্রধান কারণ একটাই ঃ ১৯৬৫ সাল থেকে ১৯৭৫ সালের মধ্যে রাজ্যে বিদ্যুৎ-উৎপাদন শক্তি এক মেগাওয়াটও বাড়ে নি। সরবরাহ বৃদ্ধির জন্য বিভিন্ন স্বল্পমেয়াদী ব্যবস্থা গ্রহণ করা ছাড়াও ১৯৭৭-৭৮ সাল থেকে শুরু করে আমরা অন্য যেসব ব্যবস্থা নিয়েছি, তার ফলে ১৯৮১-৮২ সাল থেকে ১৯৮৭-৮৮ সাল পর্যন্ত রাজ্যের বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা প্রতি বছরই কিছু না কিছু বাড়বে ; ১৯৮৭-৮৮ সালে পশ্চিমবঙ্গে নিহিত বিদ্যুৎ উৎপাদন শক্তি ১৯৭৭-৭৮ সালের শক্তির অন্তত আড়াই গুণ বেশি হবে।

রাজ্যের অর্থব্যবস্থার বিভিন্ন ক্ষেত্রে সাফল্য-অসাফল্যের বিবরণ আর্থিক সমীক্ষাতে আরও বিশদ বর্ণনা করা হয়েছে। ১৯৭৯-৮০ সালে খরার ধাক্কা রাজ্যের কৃষি চমৎকার সামলে উঠেছে। চলতি বছরে খাদ্যশস্যের উৎপাদন এই রাজ্যের সর্বকালের রেকর্ড। খাদ্যশস্যের এই বর্ধিত উৎপাদনে কৃষকসমাজের বিভিন্ন অংশের ভূমিকা বিশেষ উল্লেখযোগ্য। ভূমিসংস্কারের নানা উদ্যোগ, সেচব্যবস্থা নবীকরণ, পঞ্চায়েতের কাজকর্ম, ঋণব্যবস্থার পুনর্বিন্যাস এবং ক্ষেতমজুর, মাঝারি ও ছোট চাষী তথা ভাগচাষীদের সমস্যা সম্পর্কে সরকারের নিরবচ্ছিন্ন সজাগ দৃষ্টির ফলে গ্রামাঞ্চলে বর্ধিত আয়ের একটি বড় অংশ দরিদ্রতর কৃষককুলের করতলগত হয়েছে, এধরনের ঘটনা আগে কখনও ঘটে নি। গেল কয়েক বছরের অধ্যবসায়ে কয়েক লক্ষ ভাগচাষীর নাম এখন নিবন্ধীকৃত করা সম্ভব হয়েছে ; তারা এখন ব্যাঙ্ক থেকে অর্থসাহায্য পর্যন্ত দাবি করতে পারেন। বিগত চার বছরের রাজ্যের বলতে গেলে সব কটি জেলাতেই ক্ষেতমজুরির হার প্রায় দ্বিগুণ হয়েছে। আমাদের পক্ষে সবচেয়ে যা গর্বের কথা, প্রাথমিক শিক্ষার প্রসার পরিবর্তনের ধারাকে আরও অনেকটা এগিয়ে নিয়ে গেছে।

[3-10 — 3-20 p.m]

১৯৭৭-৭৮ সাল থেকে রাজ্য সরকার দ্বারা বিভিন্ন ব্যবস্থা অবলম্বনের ফলে কুটির ও ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে যে বিশেষ সাফল্য লক্ষ্য করা যাচ্ছে আর্থিক সমীক্ষায় তার উল্লেখ আছে। সেই সঙ্গে কাজের বিনিময়ে খাদ্য ও পল্লী-উন্নয়নের অন্যান্য কার্যসূচি গ্রামাঞ্চলে কর্মসংস্থানের সুযোগ বহুগুণ প্রসারিত করেছে।

সংগঠিত শিল্পক্ষেত্রেও অগ্রগতি উল্লেখযোগ্য, যদিও এখানে আমাদের সামর্থ্যের সীমাবদ্ধতার কথা মনে রাখতে হয়। আমাদের শিল্পকাঠামো দেশের সামগ্রিক আর্থিক কাঠামোর সঙ্গে ওতপ্রোত জড়িত। যতদিন না এই দেশের মানুষ আমূল কাঠামোগত সংস্কারের প্রত্যন্তে পর্যাপ্ত ক্রয়ক্ষমতায় উপনীত হচ্ছেন, ততদিন শিল্পসম্ভারের জন্য অন্তর্দেশিয় বাজারের অভাব ঘটবে, এবং স্বভাবতই শিল্পবিকাশে মন্থরতা বজায় থাকবে। তাছাড়া, বিভিন্ন অত্যাবশ্যক পণ্যের মূল্যনির্ধারণের কেন্দ্রীয় সরকারের মানসিকতা, বিভিন্ন রাজ্যে পরিকল্পনা বাবদ সহায়তদানের ক্ষেত্রে উক্ত সরকারের নীতি, কেন্দ্রীয় বিনিয়োগ আঞ্চলিক একদেশদর্শিতা এবং ব্যাঙ্ক ও অন্যান্য রাষ্ট্রীয় অর্থপ্রতিষ্ঠানগুলির ঋণবরাদ্দের ক্ষেত্রে অনুরূপ আঞ্চলিক পক্ষপাতিত্ব, এমন

এক অবস্থার সৃষ্টি করেছে যে পূর্বাঞ্চলের রাজ্যগুলিকে—বিশেষ করে পশ্চিমবঙ্গকে—শিল্পবিকাশহীনতা থেকে উদ্ভূত জাতীয় সঙ্কটের প্রাধন ভুক্তভোগী হতে হচ্ছে। কেন্দ্র ও রাজ্যগুলির মধ্যে আর্থিক ক্ষমতার পুনর্বিন্যাসের আশু প্রয়োজনীয়তা, মাশুল সমীকরণ তথা কেন্দ্রীয় সরকারের মূল্যনির্ধারণ নীতির অন্তর্লীন অসমাঞ্জস্য, পরিকল্পনা বরাদ্দ কেন্দ্রের প্রত্যক্ষ বিনিয়োগ এবং সেই সঙ্গে ব্যাঙ্ক ও কেন্দ্রীয় অর্থ প্রতিষ্ঠানগুলি কর্তৃক প্রদত্ত ঋণের আঞ্চলিক অসঙ্গতির দিকে জাতির দৃষ্টি আকর্ষণ করার জন্য আমরা নিরন্তর প্রচেষ্টা চালিয়ে আসছি। রাজ্যগুলির অধিকতর আর্থিক ক্ষমতার দাবি না মানতে কেন্দ্রীয় সরকার বদ্ধপরিকর, আমাদের প্রয়াস এখনও পর্যন্ত ফলবান হয় নি। অন্য সমস্ত জাতীয় স্বার্থ বিসর্জন দিয়ে যেন-তেন প্রকারেণ রপ্তানি বৃদ্ধি এবং অপেক্ষাকৃত সম্পন্নশ্রেণীর মানুষের দিকে টেনে যাবতীয় সিদ্ধান্ত নেওয়ার বর্তমান নীতিতে অনড় থাকতেও ওই সরকার কৃতসংকল্প—পরিমাণে আর্থিক উন্নতির হার অথবা দরিদ্র ও মধ্যবিত্ত শ্রেণীর দুর্গতি যাই হোক না কেন।

সদ্যপ্রণীত ১৯৮০-৮৫ সালের পঞ্চবার্ষিক পরিকল্পনার উদ্দেশ্যলক্ষ্যাদি নিয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আমাদের মতভেদের কথা মাননীয় সদস্যরা অবশ্যই অবগত আছেন। আঞ্চলিক বৈষম্যের বিপদ, শ্রেণীগত উপার্জনবিন্যাসের পরিবর্তন সাধনের আবশ্যকতা, স্বদেশি প্রযুক্তিজ্ঞানের তথা অতিরিক্ত কর্মসংস্থানের আশু প্রসার, অতিরিক্ত কর্মসংস্থান ইত্যাদি স্বীকৃত জাতীয় লক্ষ্যকে পাশে ফেলে রেখে একমাত্র রপ্তানি বাণিজ্যের উপর নির্ভরতার অযৌক্তিকতা—এ সমস্ত বিবেচনা করে আমরা পরিকল্পনাকে ঢেলে সাজাবার সনির্বন্ধ অনুরোধ করেছিলাম ; কিন্তু আমাদের অনুরোধ কর্ণপাত করা হয় নি। কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচির জন্য বরাদ্দ খাদ্যশস্য কমিয়ে এবং বিগত চার বছরে আমরা পশ্চিমবঙ্গে যে হারে এগিয়েছি সেই হারের আর রাজ্য পরিকল্পনার মাত্রা বাড়িয়ে যেতে পারব না এই অনুজ্ঞা জারি করে কেন্দ্রীয় সরকার যে কোনও দারিদ্রনিবারক নীতি ও কর্মপদ্ধতি সম্পর্কে তাদের বিরুদ্ধে মনোভাবই সুস্পষ্ট করে তুলেছেন। মাননীয় সদস্যগণ অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে ১৯৮০-৮১ সালে আমরা রাজ্য পরিকল্পনার বহর ১৯৭৯-৮০ সালের তুলনায় ১০০ কোটি টাকা বাড়িয়েছিলাম, কিন্তু পরিকল্পনা কমিশন এখন বলছেন আগামী বছর, অর্থাৎ ১৯৮১-৮২ সালে, রাজ্য পরিকল্পনার পরিমাণ মাত্র ৯০ কোটি টাকা বাড়ানো যাবে এবং তাও পার্বত্য এলাকা উন্নয়ন কিম্বা আদিবাসী উন্নয়নের জন্য বাড়তি কেন্দ্রীয় সাহায্যের টাকা ধরে নিয়ে। যেসব রাজ্যে উন্নয়ন ত্বরান্বিত হলে উন্নয়নের সুফল ধনীদের কুক্ষিগত থাকবে না, পক্ষান্তরে সমাজের দরিদ্রতর শ্রেণীর মধ্যে ছড়িয়ে পড়বে, কেন্দ্র চাইছেন না যে সে সব রাজ্যে উন্নয়নের ধারা ক্ষিপ্রতর হোক ঃ আমরা যদি এই এই বিষন্ন সিদ্ধান্তে পৌছুই, তা হলে তা তেমন অন্যায় হবে না।

কেন্দ্রীয় সরকারের অনুসৃত নীতিগুলি—পরিকল্পনা কমিশন তো নিমিত্তমাত্র—আমাদের সকলের পক্ষেই অতএব গভীরভাবে বিচার্য। অপেক্ষাকৃত সমৃদ্ধিশালী রাজ্য ও অঞ্চলগুলি আরও সমৃদ্ধিশালী হোক—কেন্দ্রীয় সিদ্ধান্তের এটাই বোধহয় গূঢ়ার্থ। দু'একটা উদাহরণ দিয়ে বলি। পশ্চিমবঙ্গের পঞ্চবার্ষিকী পরিকল্পনার মোট পরিমাণ ৫,০০০ কোটি টাকা স্থির করার জন্য আমরা প্রস্তাব রেখেছিলাম, তা নিমর্মভাবে ছাঁটাই করা হল। পক্ষান্তরে পশ্চিমবঙ্গের জনসংখ্যার অর্ধেকেরও কম জনসংখ্যা, এমন একটি রাজ্যের ক্ষেত্রে পঞ্চবার্ষিকী পরিকল্পনার

মোট পরিমাণ যা অনুমোদন করা হয়েছে তা আমাদের চেয়েও ঢের বেশি। সম্পদ সংগ্রহে সফলতা দেখিয়েছে যে-সব রাজ্য তাদের বাধা দেওয়া ঠিক হবে না, তারা এগিয়ে যাক, এমনতর যুক্তির নিক্তিতেও এ ধরনের পক্ষপাতিত্ব ব্যাখ্যা করা যায় না। রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়ার সাম্প্রতিক এক সমীক্ষায় ধরা পড়েছে যে, বর্তমান বছর ২২টি রাজ্য সরকার ৪৬ কোটি টাকা বাড়তি রাজস্ব আদায়ের প্রস্তাব করেছিলেন, তার মধ্যে পুরোপুরি অর্ধেক, অর্থাৎ ২৩ কোটি টাকা, আমরা একা পশ্চিমবঙ্গে তুলছি। সম্পদ আহরণে আমাদের এই সাফল্য কিন্তু কেন্দ্রীয় সরকারকে আদৌ প্রভাবিত করতে পারে নি। আরও যা তাজ্জব ব্যাপার, পশ্চিমবঙ্গই একমাত্র রাজ্য যার ক্ষেত্রে ১৯৮১-৮২ সালে বরাদ্দ কেন্দ্রীয় অর্থ সাহায্যের পরিমাণ আগের বছরের তুলনায় কমেছে ; বর্তমান বছরের পরিমাণ ১১৯ কোটি টাকা থেকে কমিয়ে আগামী বছর ১০৯ কোটি টাকা করা হবে বলে ঘোষণা করা হয়েছে। আরও একটি দৃষ্টান্ত আমি তুলে ধরছিঃ পূর্ব ও উত্তর-পূর্বাঞ্চলে বিদ্যুৎ-শক্তির চরমতম অপ্রতুলতা সত্ত্বেও ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনায় বিদ্যুৎ উৎপাদনের জন্য এই অঞ্চলের ক্ষেত্রে সবচেয়ে কম অর্থ বরাদ্দ করা হয়েছে।

ঠিক এরই পাশাপাশি কেন্দ্রীয় ভয়াবহ মুদ্রাস্ফীতির নীতি অনুসরণ করছেন। ১৯৭৯-৮০ সালের কেন্দ্রীয় বাজেট থেকে মূল্যবৃদ্ধির সূত্রপাত। বহু পূর্ব প্রতিশ্রুতি সত্ত্বেও কেন্দ্রের নতুন সরকার মুদ্রাস্ফীতিরোধের জন্য আদৌ কিছু করেন নি। বরঞ্চ উল্টোটা হয়েছে। গরিব এবং মধ্যবিত্ত শ্রেণীর মানুষের ব্যবহার্য সবরকম জিনিসপত্রের উপর পরোক্ষ কর চাপানো ছাড়াও এই সরকার বিগত এক বছরে চিনি, কয়লা, কেরোসিন, ডিজেল তেল এবং লোহা ও ইস্পাতের মতো প্রয়োজনীয় দ্রব্যাদির দাম বাড়াতে বিভিন্ন প্রশাসনিক ব্যবস্থা নিয়েছেন। গত ২৪ মাসে মূল্যসূচক প্রায় ৫০ শতংশ বৃদ্ধি পেয়েছে ; এটা সম্পূর্ণভাবে কেন্দ্রীয় সরকারের নীতির ফলেই হয়েছে। এই মুদ্রাস্ফীতি ব্যাপক সামাজিক খিন্নতার সৃষ্টি করেছে। সবচেয়ে যা পরিতাপের বিষয়, এই মূল্যবৃদ্ধির কোনও অর্থনৈতিক যুক্তি নেই। এমন কি পেট্রোলিয়ামজাত দ্রব্যাদির ক্ষেত্রেও মূল্যবৃদ্ধির অপ্রতিরোধ্য ছিল না। আমদানি মূল্য বেড়েছে, অতএব দাম বাড়াতে হবে, কেন্দ্র সরকারের এই উক্তি অন্তঃসারশূন্য। পেট্রোলিয়ামজাত দ্রব্যাদির অভ্যন্তরিন মূল্য বাড়িয়ে বাড়তি বিদেশিমুদ্রা অর্জন করা যায় না। পক্ষান্তরে, এ ধরনের অভ্যন্তরিন মূল্যবৃদ্ধি ঘটলে রপ্তানি ক্ষেত্রে আরও অসুবিধা দেখা দেয়। এই উপসংহারে শেষ পর্যন্ত তাই পৌঁছুতে হয় যে মূল্যবৃদ্ধির একমাত্র উদ্দেশ্য কেন্দ্রীয় সরকারের তাৎক্ষণিক প্রয়োজনহেতু রাজস্ব সংগ্রহ করা এবং বড় বড় ব্যবসায়ী ও শিল্পপতিদের খুশি রাখা।

এই প্রলয়ঙ্কর মুদ্রাস্ফীতি সাধারণ মানুষের জীবনযাত্রা যেমন দুর্বিষহ করে তুলেছে, তেমনি রাজ্য সরকারের হিসেবনিকেশকেই বানচাল করে দিচ্ছে। মূল্যবৃদ্ধির হাত থেকে পরিত্রাণ পাওয়ার জন্য বিভিন্ন মানুষ ও শ্রেণীর সাহায্যের দাবি রাজ্য সরকারকেই প্রধানত শুনতে হয়। তা হলেও আমি এটা বলবই রাজ্য সরকারগুলি তাদের নিজেদের কাজকর্ম পরিচালনার ক্ষেত্রে সামগ্রিকভাবে কেন্দ্রীয় সরকারের চেয়ে বেশি দায়িত্বশীলতার পরিচয় দিয়েছেন। ১৯৭৯-৮০ সালে ২২টি রাজ্য সরকারের সামগ্রিক ঘাটতি ছিল ৪৫০ কোটি টাকারও কম ; কেন্দ্রীয় সরকারের বাজেটে ঘাটতি ছিল ২,৭০০ কোটি টাকার বেশি। বর্তমান বছরেও রাজ্য সরকারগুলির সম্মিলিত ঘাটতির পরিমাণ ৫০০ কোটি টাকার বেশি হবে বলে মনে হয় না ; পক্ষান্তরে

কেন্দ্রীয় সরকার আগামী কাল যে বাজেট পেশ করবেন তাতে পূর্বাভাস থেকে মনে হয়, ঘাটতি ২,০০০ কোটি টাকা ছাড়িয়ে যাবে।

এই প্রসঙ্গে বিশেষ গুরুত্বপূর্ণ একটি বিষয়ের উল্লেখ করছি। যখন দাম বাড়ে, নির্দিষ্ট আয়ের এবং খেটে-খাওয়া মানুষরাই সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হন। এই শ্রেণীর লোকদের কিছুটা সুবিধা দেওয়ার উদ্দেশ্যে সরকারি বন্টনযোগ্য ব্যাপকতর করা, বিশেষ করে ১৪টি নিত্যপ্রয়োজনীয় জিনিস সারা দেশে শহর ও গ্রামের সাধারণ মানুষের কাছে একই মূল্যে বণ্টনের ব্যবস্থা চালু করার জন্য আমরা ক্রমান্বয়ে কেন্দ্রের কাছে অবেদন করে আসছি। এক বছরেরও আগে দেওয়া প্রতিশ্রুতি সত্ত্বেও এই ব্যবস্থাকে বাস্তবায়িত করার জন্য কেন্দ্রীয় সরকার কোনও উদ্যোগ নেন নি। সারা দেশে ব্যাপক সরকারি সংগ্রহ ছাড়া সরকারি বন্টন ব্যবস্থা সফল হতে পারে না। কেবলমাত্র কেন্দ্রীয় সরকারের পক্ষেই এই কাজ করা সম্ভব। তাছাড়া, কখনও-কখনও দুষ্প্রাপ্য দ্রব্যাদি বিদেশ থেকে আমদানি করা প্রয়োজন হতে পারে, কিম্বা কোনও কোনও দ্রব্যের মূল্যের ক্ষেত্রে অনুদান দেওয়া দরকার হতে পারে, যাতে দরিদ্র মানুষের কষ্টের কিছুটা লাঘব হয়। এ-সবই কেন্দ্রীয় সরকারের দায়িত্ব, অথচ তারা কোনও ব্যবস্থা নেন নি। আমাদের সঙীন আর্থিক অবস্থা এবং কেন্দ্রীয় সরবরাহের নিদারুণ অনিশ্চয়তা সত্ত্বেও এরই মধ্যে পশ্চিমবঙ্গ সরকার এই রাজ্যে সরকারি বণ্টন জোরদার করার যথাসাধ্য চেষ্টা করেছেন ; কোনও কোনও ক্ষেত্রে—যেমন ডালের ক্ষেত্রে—অনুদানও দিচ্ছেন।

[3-20 — 3-30 p.m.]

কেন্দ্রের বিবিধ নীতি রাজ্য সরকারের আর্থিক সমস্যা বহুগুণ বাড়িয়ে তুলেছে। রাজ্যগুলির রাজ্যস্বভান্ডার বাড়ানো একান্ত প্রয়োজন, এই যুক্তির প্রতি কেন্দ্র বিন্দুতম সহানুভূতি না-দেখানোয় সমস্যা আরও জটিল হচ্ছে। কেন্দ্রীয় সরকার এমন কতগুলি ব্যবস্থা পর পর নিয়েছেন যার ফলে বর্তমানে রাজ্য সরকারগুলির যতটুকু সীমিত আর্থিক ক্ষমতা আছে তাও ক্রমশ হ্রাস পাওয়ার আশঙ্কা। আমি অতীতে কয়েকবার অতিরিক্ত অন্তঃশুল্ক (বিশেষ গুরুত্বপূর্ণ দ্রব্যাদি) আইনের [Additional Duties of Excise (Goods of Special Importance) Act] প্রতি মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করেছি, এই আইনের ফলে রাজ্য সরকারগুলি চিনি, সুতীবস্ত্র এবং তামাকের উপর বিক্রয় কর ধার্য করার সাংবিধানিক অধিকার প্রয়োগের ক্ষেত্রে ভীষণ ক্ষতিগ্রস্ত হয়েছে। গত বছর বাজেট বরাদ্দ পেশ করার সময় এই আইন এবং সম্পর্কযুক্ত অন্যান্য কেন্দ্রীয় আইন অবৈধ ঘোষণা করার জন্য সংবিধানের ১৩১ ধারা অনুযায়ী আমরা সুপ্রিম কোর্টে যে আবেদন পেশ করেছি তার উল্লেখ করেছিলাম। বিষয়টি সুপ্রীম কোর্টে বিচারাধীন আছে, অথচ তাসত্ত্বেও কেন্দ্রীয় সরকার সম্প্রতি বিক্রয় করের আওতাভুক্ত বেশ কিছু পণ্য অতিরিক্ত অন্তঃশুল্কের আওতাধীন করার জন্য নতুন করে প্রয়াস শুরু করেছেন। এই পণ্যগুলির মধ্যে ঔষধাদি, বনস্পতি, কার্পাস সুতো, আকরিক লোহা, কাগজ ও পিচবোর্ড, পেট্রোলিয়ামজাত দ্রব্যাদি এবং লোহা ও ইস্পাতজাত দ্রব্য ধরা হয়েছে। সারকে কেন্দ্রীয় বিক্রয় কর আইনের অধীনে আনার কথাও বলা হয়েছে, যাতে সারের উপর বিক্রয় করের হার নির্ধারণ করার ক্ষেত্রে রাজ্য সরকারের ক্ষমতা খর্ব করা যায়।

কেন্দ্রীয় সরকারের বিভিন্ন সিদ্ধান্তের ফলে, বিক্রয় করের মাধ্যমে রাজ্য সরকারের রাজস্ব সংগ্রহের সম্ভাবনা এমনিতেই ক্রমশ সঙ্কুচিত হয়ে আসছিল। পশ্চিমবঙ্গের চারটি প্রধান শিল্প হল—চা, পাট, কয়লা এবং লোহা ও ইস্পাত। এই রাজ্যে উৎপাদিত চা এবং পাটজাত দ্রব্যের একটা বড় অংশ রপ্তানি করা হয়, তাই তা বিক্রয়করমুক্ত। তাছাড়া, কয়লা এবং লোহা ও ইস্পাতজাত দ্রব্যাদিকে কেন্দ্রীয় সরকার ঘোষিত দ্রব্য অ্যাখ্যা দিয়েছেন, এই পন্থায় ঐ দ্রব্যগুলির উপর ৪ শতাংশের বেশি হারে বিক্রয় কর বসানোর অধিকার থেকে আমাদের বিরত করেছেন। কেন্দ্র যদি একের পর এক বিভিন্ন পণ্যকে বিক্রয় করের আওতা থেকে এভাবে সরিয়ে নেওয়ার চেষ্টা করেন সংবিধানের সপ্তম তফসিলের রাজ্য তালিকার অন্তর্ভুক্ত ৫৪ সংখ্যক ধারাটি তা হলে অচিরে অর্থহীনতায় পর্যবসিত হবে। কেন্দ্রের এই প্রয়াস সর্বশক্তি দিয়ে রোধ করতে আমরা দৃঢ়প্রতিজ্ঞ।

যে বছর প্রায় শেষ হতে চলল তা আমাদের পক্ষে তাই আর্থিক দিক থেকে সঙ্কটসঙ্কুল থেকেছে ; এই সঙ্কট ১৯৮১-৮২ সালেও, ধরে নেওয়া যায়, অব্যাহত থাকবে। একটু আগে আমি পরিকল্পনার বরাদ্দ এবং নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের বণ্টন ব্যবস্থা নিয়ে কেন্দ্রের সঙ্গে আমাদের মতপার্থক্যের উল্লেখ করেছি। প্রধান প্রধান পণ্যাদির উৎপাদনের ক্ষেত্রে বিশৃঙ্খলার দরুন আমাদের উপর বাড়তি চাপ এসে পড়েছে এবং এ ব্যাপারে প্রাথমিক দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। ডিসেম্বর মাস পর্যন্ত পাওয়া হিসেব অনুযায়ী লোহা, ইস্পাত, সিমেন্ট, রাসায়নিক সার এবং কাগজের উৎপাদন গত বছরের তুলনায় এ বছর লক্ষ্যণীয়ভাবে কম হয়েছে। আসামের নৈরাজ্যের ফলে পেট্রোলজাত দ্রব্যাদির উৎপাদন ব্যহত হয়েছে। গত বছর অনুরূপ সময় যে পরিমাণ বিদ্যুৎ উৎপাদিত হয়েছিল এ বছর তার তুলনায় সারা দেশে কম উৎপাদিত হয়েছে ; এরই মধ্যে পশ্চিমবঙ্গ ব্যতিক্রম, এ বছর আমাদের অধিকাংশ তাপবিদ্যুৎ কেন্দ্রগুলি আগের তুলনায় ঢের ভাল কাজ করেছে। কয়লার উৎপাদন সামান্য বাড়লেও রেলচলাচলে বিশৃঙ্খলার দরুণ কয়লাসহ সমস্ত অত্যাবশ্যক পণ্যের পরিবহন গুরুতর ক্ষতিগ্রস্ত হয়েছে। এই সমস্ত ঘটনাক্রমে এবং সেই সঙ্গে কেন্দ্রীয় সরকার কর্তৃক থেকে থেকে মূল্যবৃদ্ধি, জাতীয় অর্থব্যবস্থায় গভীর ক্ষতের সৃষ্টি করেছে ; আমরাও যে ঈষদ আক্রান্ত তাতে অবাক হবার কিছু নেই। এসব কিছু সত্ত্বেও এবং কেন্দ্রীয় সরবরাহে অনিয়মতা সত্ত্বেও, আমরা সারা বছর ধরে যে বিস্তৃত বণ্টন ব্যবস্থা চালু রাখতে পেরেছি, কৃষি ও শিল্প ক্ষেত্রে যে সফলতা দেখাতে পেরেছি এবং জনগণের কাছ থেকে যে সহানুভূতি ও সহযোগিতা পেয়েছি, তার সম্মিলিত ফলশ্রুতি হিসেবে এই কঠিন মাসগুলির পরীক্ষা উত্তীর্ণ হওয়া সম্ভব হয়েছে। বর্ষাকালে বেশ কয়েকটি জেলায় বন্যা দেখা দেওয়ায় ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে, কিন্তু পঞ্চায়েতসহ গোটা প্রসাশন যে রকম দ্রুততার সঙ্গে ত্রাণসাহায্য নিয়ে এগিয়ে গেছেন তাতে দুর্গতির মাত্রা ছাড়িয়ে যেতে পারে নি।

নতুন শিল্প খোলা অথবা রুগ্ন শিল্প পুনরুজ্জীবনে কেন্দ্রের সহযোগিতা হতাশাব্যঞ্জক থেকেছে। হলদিয়ায় জাহাজ মেরামতি কারখানা স্থাপন, সল্টলেকে ইলেকট্রোড কারখানা তৈরি, দুর্গাপুরে ট্রাক নির্মাণকারী সংস্থা স্থাপন ইত্যাদি অতীতে যেসব প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল সে সব এখনও পূরণ হয় নি। হলদিয়ায় আমাদের পেট্রোকেমিক্যাল কমপ্লেক্সের জন্য ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় তাদের নিজস্ব খাতে অর্থ বরাদ্দ করতে কেন্দ্র এখনও সম্মত হন নি—যদিও

বেশ কয়েকটি অন্য রাজ্যের অনুরূপ প্রকল্পের ক্ষেত্রে এ ধরনের অর্থ বরাদ্দ করা হয়েছে। এ সমস্ত ব্যাপারেই রাজ্য সরকার কেন্দ্রের সঙ্গে নিরবচ্ছিন্ন আলাপ-আলোচনা চালিয়ে যেতে যথাসাধ্য চেষ্টা করবেন, রাজনৈতিক মতপার্থক্য যাতে আর্থিক বাধা সৃষ্টি না করে সেদিকে আমাদের দৃষ্টি থাকবে। তা হলেও আমাকে আর একবার এটা বলতেই হয় যে, আমরাই একমাত্র রাজ্য যাদের ক্ষেত্রে ১৯৮০-৮১ সালের তুলনায় ১৯৮১-৮২ সালে কেন্দ্রে যোজনা সহায়তার পরিমাণ হ্রাসপ্রাপ্ত হবে। কেন্দ্র বাজার থেকে আমাদের অধিকতর পরিমাণে ঋণ সংগ্রহ করতে দিতে পর্যন্ত সম্মত হন নি। এতৎসত্ত্বেও আমরা ১৯৮১-৮২ সালে আমাদের বার্ষিক পরিকল্পনার পরিমাণ চলতি বছরের তুলনায় ৯০ কোটি টাকা বাড়াবার প্রস্তাব রেখেছি।

আমার সহযোগী মন্ত্রীরা মঞ্জুরির দাবি জানাতে গিয়ে মাননীয় সদস্যদের কাছে চলতি আর্থিক বছরে স্ব-স্ব বিভাগের ক্রিয়াকর্মের বিস্তারিত বিবরণ এবং সেই সঙ্গে ১৯৮১-৮২ সালের জন্য প্রস্তাবিত বিষয়াদি সম্পর্কে বলবেন। আমি অতএব, ওই সব প্রসঙ্গে যাব না, শুধু অন্য কয়েকটি জরুরি বিষয়ের প্রতি মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করব।

এ বছর পশ্চিমবঙ্গে চমৎকার ফলন হয়েছে, তার উল্লেখ আগে করেছি। আমরা গর্ববোধ করছি যে, পঞ্চায়েত, সমবায় সমিতি ও রাজ্য মার্কেটিং কমিটিগুলি কৃষকদের কাছ থেকে সরাসরি ধান কিনতে দৃঢ়প্রত্যয়ে সামিল হওয়ার দরুন সারা মরসুম ধানের দর সন্তোষজনক থেকেছে মাঝারি ও ছোট চাষীরা তাদের শস্যের জন্য বেশ ভালো দামই পেয়েছেন। সর্ষে ও আলুর ক্ষেত্রেও এ-বছর এ রকম সরাসরি কেনার উদ্যোগ নেওয়া হয়েছে, গমের ক্ষেত্রেও নেওয়া হবে। ভারতের খাদ্যনিগমের কাছ থেকে খাদ্যশস্য ও চিনির ক্ষেত্রে সংগ্রহ, মজুত ও বন্টন সংক্রান্ত কিছু কিছু কাজকর্ম আমরা শিঘ্রই নিজেদের হাতে নেওয়ার প্রস্তাব করেছি ; তাই এটা আশা করা যায় যে, আগামী মরসুমে প্রত্যক্ষ ক্রয়ের ব্যবস্থা আরও সম্প্রসারণ করা সম্ভব হবে ; ফলে খাদ্যশস্যের মজুত ভান্ডার যেমন গড়ে তোলা যাবে তেমনি চাষীদেরও আরও ভাল দাম দেওয়া যাবে। সঙ্গে সঙ্গে এটাও বলতে হয় যে, গমের ন্যূনতম পরিপোষক মূল্য কেন্দ্রীয় সরকার যে-হারে বিগত কয়েক বছর বাড়িয়েছেন, ধানের ক্ষেত্রে তা করা হয় নি ; এর যাতে পরিবর্তন হয়, কেন্দ্রীয় সরকার যাতে ধানচাষীদের দাবির ন্যায্যতা মেনে নেন, তার জন্য আমরা চেষ্টা চালিয়ে যাব।

কেন্দ্রের মনোভাবের দরুন রাজ্যের ছোট ও প্রান্তিক পাটচাষীরা যে চরম দুর্দশায় পড়েছেন তার উল্লেখ না করে পারছি না। চলতি বছরে এই রাজ্যে পাটের প্রচুর ফলন হয়েছিল, কিন্তু নির্ধারিত ন্যূনতম পরিপোষক মূল্য উচিতের চেয়েও কম থাকা সত্ত্বেও জুট কর্পোরেশন অব ইন্ডিয়াকে দিয়ে পর্যাপ্ত পাট কেনানো সম্ভব হয় নি। ফলে দরদাম বাজারে দারুণ পড়ে যায় ; সুযোগ নেয় অসাধু ব্যবসায়ী ও অন্যান্যরা। কটন কর্পোরেশন অব ইন্ডিয়া এবং জুট কর্পোরেশন অব ইন্ডিয়া দুটিই কেন্দ্রীয় সরকারের সংস্থা। গত দশ বছর ধরে কটন কর্পোরেশন অব ইন্ডিয়া ঘোষিত ন্যূনতম পরিপোষক মূল্যের উপর আরও অনেক বেশি দাম দিয়ে কাঁচা তুলো কিনছেন। পক্ষান্তরে, জুট কর্পোরেশন অব ইন্ডিয়াকে এমন কি নিম্নতম সহায়ক মূল্যেও যথেষ্ট পরিমাণ পাট কেনাতে রাজি করানো যাচ্ছে না। দরিদ্র পাট উৎপাদনকারিদের প্রতি এই বৈষম্যের বিরুদ্ধে আমাদের সংগঠিত প্রতিবাদ জ্ঞাপন করতেই হবে। কেন্দ্রীয় সরকার যদি

সহানুভূতিহীন থাকেন, আমাদের পক্ষে নিজস্ব ক্রয়ব্যবস্থা চালু করা ছাড়া কোনও উপায় থাকবে না। তারজন্য যথাযথ ব্যাঙ্ক ঋণের ব্যবস্থা করতে হবে। প্রয়োজন হলে আংশিকভাবে পাটচাষ কমিয়ে অন্য ফলনের কথাও ভাবতে হবে।

১৯৫৩ সাল থেকে রাজ্য সরকার সার, বীজ এবং কীটনাশক কেনার জন্য কৃষকদের স্বল্পকালীন ঋণ (তাকাভি ঋণ) দিয়ে আসছেন। এই ঋণ বাবদ মোট বকেয়া, মূলধন এবং সুদ দুটোই ধরে, বর্তমানে প্রায় ৩৬ কোটি টাকায় দাঁড়িয়েছে। এই বকেয়া পাওনার একটি বড় অংশ ক্ষুদ্র এবং প্রান্তিক চাষীদের দায়ভার। সাম্প্রতিক মূল্যবৃদ্ধি এবং ১৯৭৮ সালের বিধ্বংসী বন্যা ও পরের বছরের খরাজনিত ক্ষয়ক্ষতির ফলে দরিদ্র কৃষকদের পক্ষে এই ঋণ পরিশোধ করা দুঃসাধ্য। পরিস্থিতি পর্যালোচনা করে রাজ্য সরকার আনন্দের সঙ্গে ঘোষণা করছেন যে, অসেচযোগ্য এলাকায় ৬ একর পর্যন্ত এবং সেচযোগ্য এলাকায় ৪ একর পর্যন্ত জমির অধিকারী যেসব কৃষকের এ ধরনের বকেয়া ঋণ রয়েছে অবিলম্বে তাদের সেই ঋণ পুরোপুরি মকুব করা হবে। অন্যান্যদের ক্ষেত্রে দুটো আলাদা প্রস্তাব রাখা হচ্ছে। অনাদায়ী মূলধনের টাকা বার্ষিক পাঁচটি কিস্তিতে ফেরত দিতে তাদের অনুরোধ জানানো হবে ; এই কিস্তিগুলি যদি সময়মতো দেওয়া হয়, তা হলে তাদের ক্ষেত্রে ধার্য সুদ পুরোপুরি ছাড় দেওয়া হবে। অথবা এই কৃষকরা যদি আগামী ডিসেম্বরের মধ্যে তাদের অর্ধেক ঋণ শোধ করে দিতে প্রস্তুত থাকেন, তা হলে বকেয়া ৫০ শতাংশ মকুব করা হবে।

[3-30— 3-40 p.m.]

১৯৭৫ এবং ১৯৭৬ সালে জোরদার খাদ্য উৎপাদন কর্মসূচির (Accelerated Food Production Programme) শর্তানুসারে, প্রধানত খরায় সাহায্য দানের উদ্দেশ্য, রাজ্য সরকার অগভীর নলকূপ পাম্পসেট প্রভৃতি বসানোর জন্য যে ঋণ দিয়েছিলেন, সেই ঋণের ক্ষেত্রেও রাজ্য সরকার অসেচযোগ্য এলাকায় ৬ একর পর্যন্ত এবং সেচযোগ্য এলাকায় ৪ একর পর্যন্ত জমির অধিকারী কৃষকদের ঋণ মকুব করার সিদ্ধান্ত নিয়েছেন। অন্যান্যদের ক্ষেত্রে, পাঁচটি বার্ষিক বকেয়া কিস্তিতে মূলধন, শোধ করা হলে দেয় সুদ মকুব করা হবে। আমাদের কাছে কিছু কিছু অভিযোগ আছে যে এই কর্মসূচিতে কৃষকদের উপর থেকে অনেক ক্ষেত্রে জোর করে ঋণ চাপিয়ে দেওয়া হয়েছিল, ঋণের টাকায় বসানো অগভীর নলকূপ এবং পাম্পসেটের অনেকগুলি সেচকার্যে লাগেনি। এ সব ব্যাপারই অনুসন্ধান করে দেখা হবে এবং উচিত মনে হলে ঋণ মকুব করা হবে। এ সমস্ত সিদ্ধান্তের ফলে অন্তত চল্লিশ কোটি টাকার মতো কৃষিঋণ সরকার কর্তৃক ছাড় দেওয়া হল।

আর একটি বিষয় উল্লেখ করতে চাই। ১৯৭৮-৭৯ সাল থেকে আমরা বাণিজ্যিক ব্যাঙ্ক, সমবায় সমিতি ইত্যাদি বিভিন্ন আর্থিক সংস্থা থেকে ছোট ও মাঝারি কৃষক, ভাগচাষী এবং স্বনিযুক্ত ব্যক্তিদের ঋণের ব্যাপারে বাজেটের মারফৎ কিছু কিছু সাহায্য দিয়ে আসছি। এসব সংস্থা থেকে ভাগচাষী এবং ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকরা যে অর্থ ধার নিয়ে থাকেন, তা যদি তারা ঠিক সময়ে শোধ করেন, তাহলে সুদের পুরো টাকাটা সরকার দিয়ে দেন। আমাদের সামর্থ্য সীমিত তা হলেও ছোট ও মাঝারি চাষী, ভাগচাষী, পাট্টাপ্রাপক, সাধারণ কারিগর মৎস্যজীবী প্রভৃতির ক্ষেত্রে এই সাহায্য ব্যবস্থার আরও কিছু সম্প্রসারণ সম্ভব কিনা তা

সরকার পরীক্ষা করে দেখছেন।

মাননীয় সদস্যদের হয়তো মনে আছে, গত বছর আমরা বাজেট বিবৃতিতে আভাস দিয়েছিলাম যে বাণিজ্যিক ব্যাঙ্কগুলির কাজকর্মের উন্নতি না ঘটালে রাজ্য সরকার নিজেদের মালিকানায় একটি বাণিজ্যিক ব্যাঙ্ক স্থাপন করতে বাধ্য হবে। এই রাজ্যের গ্রামাঞ্চলে বাণিজ্যিক ব্যাঙ্কের ঋণ ও জমার আনুপাতিক (Credit-deposit ratio) গভীর উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে। সারা দেশের হিসেব যদি ধরা যায়, এই ক্ষেত্রে তাদের ভূমিকা পশ্চিমবঙ্গে সবচেয়ে শোচনীয়। মাঝে মাঝে অভিযোগ শোনা যায়, এই রাজ্যের কৃষিক্ষেত্রে দত্ত ঋণের পুনরুদ্ধার আশাব্যঞ্জক নয়। এই কথা ঠিক নয় ; বাণিজ্যিক ব্যাঙ্কগুলির কৃষিঋণ পুনরুদ্ধারের হার পশ্চিমবঙ্গে হালে অনেকটাই বেড়েছে ; ১৯৭৫ সালের জুন মাসে যা ছিল ৩২ শতাংশ, ১৯৭৮ সালের জুনে তা বেড়ে দাঁড়িয়েছে ৪১ শতাংশে। গরিবদের ঋণ দেওয়ার ক্ষেত্রে ডিপোজিট অ্যান্ড ক্রেডিট গ্যারান্টি কর্পোরেশন অব ইন্ডিয়ার গ্যারান্টি আছে, পাওনা টাকা পুনরুদ্ধারের ক্ষেত্রে তাই অনিশ্চিয়তার কোনও কারণ নেই। বাণিজ্যিক ব্যাঙ্কগুলি ঋণ ও জমার আনুপাতিক হার বাড়ানোর ব্যাপারে যথেষ্ট উদ্যমশীল হয়ে মহারাষ্ট্রের মতো পরিস্থিতি যদি এখানে তৈরি করতে পারতেন, তাহলে এই রাজ্যের কৃষি শিল্প এবং বাণিজ্য উন্নয়নের তথা কর্মসংস্থানের জন্য ৫০০ কোটি টাকা অতিরিক্ত ঋণ পাওয়া সম্ভব হত। এই অবস্থার পরিপ্রেক্ষিতে, আমরা এখন ১৯৪৯ সালের ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট-এর ২২ সংখ্যক ধারা অনুযায়ী ৫ কোটি টাকার অনুমোদিত মূলধন নিয়ে একটি ব্যাঙ্কিং সংস্থা চালু করার জন্য লাইসেন্স মঞ্জুরির অনুমতি চেয়ে রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়ার কাছে আবেদন করেছি। প্রস্তাবিত সংস্থার প্রারম্ভিক আদায়ীকৃত মূলধন হবে ১ কোটি টাকা, এবং অনুমোদিত মূলধনের শতকরা ২০ ভাগ পর্যন্ত অংশগ্রহণের জন্য জনসাধারণকে আমন্ত্রণ জানানো হবে। ব্যাঙ্কের কার্যকর তহবিল শুরুতে আসবে রাজ্য সরকারের অধীন রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলি জমা টাকা থেকে ; যে-কোনও সময়েই এই টাকার পরিমাণ ৪০ কোটি থেকে ৫০ কোটি। আমার বিন্দুমাত্র সন্দেহ নেই যে, রিজার্ভ ব্যাঙ্ক থেকে অনুমোদন লাভের পর ব্যাঙ্কটি চালু হলে সাধারণ লোকের কাছ থেকেও একটি বিরাট অঙ্ক জমা পড়বে, এবং আমরা মোট জমা টাকার তিন-চতুর্থাংশ এই রাজ্যে আর্থিক উন্নতি ও কর্মসংস্থান বাড়ানোর শুভ কাজে ব্যবহার করতে পারব।

কিছু কিছু ব্যাঙ্ক নয় এমন আর্থিক সংস্থার সাম্প্রতিক কার্যকলাপে রাজ্য সরকার অত্যন্ত উদ্বিগ্ন। সঞ্চয় ও বিনিয়োগ বৃদ্ধিসাধক ক্রিয়াকর্মের ছুতোয়, এবং প্রায়ই অসার কতগুলি প্রতিশ্রুতির ভিত্তিতে, এ ধরনের বেশ কিছু সংস্থা সমাজের দরিদ্রতর মানুষের কাছ থেকে পয়সাকড়ি আদায় করছে। অন্য কিছু কিছু সংস্থা অত্যন্ত চড়া হারে সুদ দিয়ে অর্থ সংগ্রহ করছে ; নানা সন্দেহজনক কাজকর্মে টাকা খাটানো হচ্ছে বলেই এত বেশি হারে সুদ দেওয়া সম্ভব হচ্ছে। এ ধরনের বিপথগামী সংস্থাগুলির বিরুদ্ধে রাজ্য সরকার কঠোর ব্যবস্থা নিতে কৃতসংকল্প। ব্যানিং অব প্রাইজ চিটস্ অ্যান্ড মানি সার্কুলেশন স্কীমস অ্যাক্ট, ১৯৭৮ যেটি কেন্দ্রীয় আইন, এই উদ্দেশ্যে প্রয়োগ করা হচ্ছে। তা ছাড়া মাননীয় সদস্যরা জানেন যে, বাণিজ্যিক ঋণদানের বিষয়টি ১৯৪০ সালের বঙ্গীয় মহাজন আইনের (Bengal Money-Landers Act, 1940) আওতায় আনার জন্য উক্ত আইনকে সংশোধন করে একটি অর্ডিন্যান্সও বিধানসভায় অধিবেশন বন্ধ থাকাকালীন জারি করা হয়েছে।

কেন্দ্রীয় সরকারের মুদ্রাস্ফীতিপ্রবণতাসর্বস্ব অর্থনীতির প্রধান বলি হয়েছেন শ্রমিক এবং কৃষকসহ মধ্য, নিম্নমধ্যবিত্ত এবং দরিদ্র শ্রেণীর মানুষ। বিশেষ করে তাদের কথা মনে রেখে যৌথ বীমার একটি প্রকল্প আমি ঘোষণা করছি। এই বীমার সুযোগসুবিধা মধ্যবিত্ত এবং শ্রমিক শ্রেণীর একটি বিরাট অংশ নিতে পারবেন। প্রাথমিক এবং মাধ্যমিক স্কুলের শিক্ষক, বিশ্ববিদ্যালয় ও কলেজের শিক্ষক, শিক্ষা প্রতিষ্ঠানের অন্যান্য কর্মচারী, পৌর কর্মচারী, দোকানদার, দোকান কর্মচারী, সরকার থেকে প্রান্তিক অর্থ (margin money) গ্রহণকারী শিল্পোদ্যোগী জেলা শিল্প কেন্দ্র অথবা রাজ্যের ক্ষুদ্র ও কুটির শিল্প অধিকার কর্তৃক অনুমোদিত অন্যান্য শিল্পোদ্যোগী, সাধারণ পেশাভুক্ত ব্যক্তি যথা আইনবিদ, চিকিৎসক প্রভৃতি সকলেই এই প্রকল্পের সুযোগ নিতে পারবেন। ১৮-৫৫ বছর বয়ঃক্রমের ব্যক্তিদের মধ্যে যারা গোষ্ঠী গঠন করতে রাজি থাকবেন, রাজ্য সরকারের ব্যবস্থাপনায় লাইফ ইনসিওরেন্স কর্পোরেশন তাদের জন্য কোনও-না-কোনও যৌথ বীমার ব্যবস্থা করা হবে। যাদের মাসিক আয় ৫০০ টাকার কম, প্রথম তিন বছর তাদের পলিসির জন্য দেয় প্রিমিয়াম রাজ্য সরকার দেবেন। সীমিত আয়ের হাজার হাজার মানুষ এই প্রকল্প থেকে উপকৃত হবেন বলে আমি আশা রাখি।

আগামী ৩১এ মার্চ বেকার ভাতা কর্মসূচির তিন বছর পূর্ণ হবে। এই কর্মসূচির ফলে বর্তমানে প্রায় ৩০০,০০০ ব্যক্তি উপকৃত হচ্ছেন। দেশের সমাজিক-আর্থিক ব্যবস্থার অসঙ্গতিহেতু যে অসংখ্য তরুণ-তরুণী কর্মসংস্থান থেকে বঞ্চিত, তাদের সাহায্যে এগিয়ে আসার এক উজ্জ্বল দৃষ্টান্ত আমরা উপস্থাপন করতে পেরেছি। আমাদের এই উদ্যোগ সর্বত্র অভিনন্দিত হয়েছে, অন্য অনেক রাজ্যে অনুসরণ করা হচ্ছে। এই কর্মসূচিটি অব্যাহত রাখতে আমরা বদ্ধপরিকর, যদিও কেন্দ্রীয় সরকার সংবিধানের ৪১ সংখ্যক অনুচ্ছেদ সত্ত্বেও এই কর্মসূচি বাবদ ব্যয় ভারের অংশ বহন করতে অস্বীকার করেছেন। ১৯৭৮-৭৯ সাল থেকে যারা এই সাহায্য পেয়ে এসেছেন, আগামী এপ্রিল থেকে তারা তা আর পাবেন না। তাদের জন্য আমি একটি বিকল্প ব্যবস্থার ঘোষণা করছি। তাদের মধ্যে যারা ১৯৮১ সালের পয়লা এপ্রিল চল্লিশ বছর বয়ঃক্রম উত্তীর্ণ করেন নি এবং এখন পর্যন্ত কোনও কাজের সংস্থান করতে পারেন নি, তারা স্বনিযুক্ত প্রকল্প অনুযায়ী প্রান্তিক অর্থের জন্য রাজ্য সরকারের কাছে আবেদন করতে পারবেন ; পশ্চিমবঙ্গ অর্থ সংস্থা (West Bengal Financial Corporation) এবং জেলা শিল্পকেন্দ্রগুলি অগ্রাধিকারের ভিত্তিতে তাদের প্রকল্প রচনা ও রূপায়ণ যথাসম্ভব সাহায্য করবেন।

মাননীয় সদস্যরা জানেন যে বেতন কমিশন সম্প্রতি চূড়ান্ত প্রতিবেদন পেশ করেছেন। কমিশনের বিচার্য বিষয়ের আওতাভুক্ত কর্মচারিদের সংগঠনগুলির কাছে এই প্রতিবেদন, পাঠানো হয়েছে। আগামীকাল, ২৮এ ফেব্রুয়ারির মধ্যে এই প্রতিবেদন সম্পর্কে তাদের লিখিত মন্তব্য জানাতে এ-সব সংগঠনকে অনুরোধ জ্ঞাপন করা হয়েছে। পশ্চিমবঙ্গের সরকারি কর্মচারিদের কাছে বামফ্রন্টের অন্যতম প্রধান অঙ্গীকার ছিল কেন্দ্রীয় সরকারি কর্মচারিদের সমহারে মহার্ঘ ভাতা প্রদান এই অঙ্গীকার ইতিমধ্যেই পুরোপুরি পালন করা হয়েছে। বেতন কমিশনের সুপারিশক্রমে সরকারি কর্মচারিদের জন্য অবসরকালীন ব্যবস্থাদিও আমরা ইতিমধ্যে ঘোষণা করেছি। কমিশনের অন্যান্য প্রধান প্রধান সুপারিশ পরীক্ষা করে দেখা হচ্ছে। কর্মচারী সংগঠনগুলির মতামত বিবেচনা করে বিধানসভার বর্তমান অধিবেশনেই এ সম্পর্কে আমাদের

সিদ্ধান্তগুলি ঘোষণা করা আমাদের অভিপ্রায়। তবে মাননীয় সদস্যদের কাছে আমি এখনই বলতে চাই যে, কমিশনের যা সম্ভবত সবচেয়ে তাৎপর্যপূর্ণ সুপারিশ, সরকারি ক্ষেত্রে সর্বনিম্ন মূল বেতন মাসিক ২২০ টাকা ধার্য করা হোক, রাজ্য সরকারের কাছে সম্পূর্ণ গ্রহণযোগ্য ; এই প্রস্তাব যথাযথ রূপায়িত হবে। ফলে পশ্চিমবঙ্গ সরকারের সর্বনিম্ন বেতনভুক কর্মচারীর মোট বেতন আমার ধারণা সারা দেশের সরকারি ক্ষেত্রে সর্বোচ্চ হবে, এমনকি কেন্দ্রীয় সরকারের সর্বনিম্ন বেতনভোগী কর্মচারীর বেতনের থেকেও তা বেশি হবে। কমিশনের আর একটি সুপারিশ—শিক্ষক, শিক্ষাকর্মী এবং অন্যান্য যারা এখনও পর্যন্ত মাসিক ৩১-৩৯ টাকা হারে তথাকথিত মহার্ঘবেতন (dearness pay) পান নি, সেটা তাদের দেওয়া উচিত—তাও সরকারের কাছে পরিপূর্ণ গ্রহণযোগ্য।

বেতন কমিশনের নির্দেশ অনুযায়ী ঘোষিত অবসরকালীন ব্যবস্থাদি ১৯৭৮ সালের পয়লা এপ্রিল থেকে যারা অবসর নিয়েছেন বা ভবিষ্যতে নেবেন তাদের ক্ষেত্রে প্রযোজ্য। ঐ তারিখের আগে যারা অবসর গ্রহণ করেছেন তাদের জন্য মাসিক তিরিশ টাকা বাড়তি পেনসনের ঘোষণা ইতিমধ্যে করা হয়েছে। সব মিলিয়ে হিসাব করলে দেখা যাবে, ১৯৭৭ সালের জুন মাসে আমরা যখন সরকারে আসি, তখন যিনি মাত্র ৬৩ টাকা পেনসন পেতেন, তিনি আজ পাচ্ছেন মাসে ১৩৮ টাকা।

৩

এবার আমি বাজেটের বিশদ আর্থিক হিসেবনিকাশের প্রসঙ্গে আসব। গত বছরের এই তারিখে বার্ষিক আর্থিক বিবরণী পেশ করার সময় আমি বলেছিলাম যে ১৯৭৯-৮০ সালের অন্তিম ঘাটতি ২৩ কোটি টাকার মতো হবে। কিন্তু কিছু কিছু রাজস্ব কম আদায় হওয়ায় এবং কয়েকটি ক্ষেত্রে বাড়তি খরচের ফলে, প্রকৃত ঘাটতির পরিমাণ কিছু বেশি হয়ে পড়ে। পশ্চিমবঙ্গে অ্যাকাউন্ট্যান্ট জেনারেলের কাছ থেকে পাওয়া হিসাব মতো ১৯৮০ সালের ৩১এ মার্চ তারিখে রাজ্যের ভান্ডারে ঘাটতি পরিমাণ ছিল ৪০ কোটি টাকা ; রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডয়ার হিসাব অনুযায়ী এই ঘাটতির পরিমাণ আর একটু বেশি—৬৫ কোটি টাকা। আজকে প্রস্তাবিত বাজেট বরাদ্দে আমি রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়ার দেওয়া হিসাবটিই গ্রহণ করেছি।

[3-40 — 3-50 p.m.]

সুতরাং আগে যা ভাবা গিয়েছিল বর্তমান আর্থিক বছর ১৯৮০-৮১ সালের প্রারম্ভিক ঘাটতি ছিল তার থেকে ৪২·কোটি টাকা বেশি। গত বছরের পেশ করা হিসাবে এ-বছরের অন্তিম ঘাটতি ধরা হয়েছিল ৪৩ কোটি টাকা। প্রারম্ভিক ঘাটতির পরিমাণ বেশি হওয়ায় অন্তিম ঘাটতির পরিমাণও বেড়ে তাই ৮৫ কোটি টাকায় দাঁড়াবার কথা। কিন্তু ইতিমধ্যে অন্যান্য পরিবর্তনও ঘটেছে। গত বছর আমি কতগুলি অতিরিক্ত কর ধার্য করার প্রস্তাব রেখেছিলাম। ১৯৪৪ সালের বঙ্গীয় কৃষি-আয়কর আইনের সংশোধনীর উপর আদালতে মামলা শুরু হওয়ায় চায়ের মোট আয়ের উপর কর ধার্য করার আইনগত সিদ্ধান্তের সুযোগ আমরা এখনও নিতে পারি নি। গত বছর আমি অন্য যে প্রস্তাব রেখেছিলাম সেই প্রস্তাব অনুযায়ী ১৯৭২ সালের পশ্চিমবঙ্গ কৃষিদ্রব্য বিপণন (নিয়ন্ত্রণ) আইন (১৯৭২)-এর সংশোধনের উদ্দেশ্যে

আমরা কেন্দ্রীয় সরকারের কাছে একটি বিল পাঠিয়েছি। চায়ের বিপণন যাতে আরও ভালো করে নিয়ন্ত্রণ করা যায় এবং সেই সঙ্গে রাজ্যের অর্থভান্ডারে রাজস্ব সংগ্রহের পরিমাণ বাড়ে সেই উদ্দেশ্যে বিলটি তৈরি হয়েছে। দুর্ভাগ্যবশত, কেন্দ্রীয় সরকার এই সংশোধনীতে তাদের সম্মতি জানান নি, বর্তমানে পশ্চিমবঙ্গে উৎপাদিত চায়ের শতকরা পঞ্চাশ ভাগও নীলামের মারফৎ বিক্রয় হয় না। সরকারি নীলামের মাধ্যমে চা বিক্রির পরিমাণ বাড়ানো এবং চা শিল্পের আহৃত উপার্জনের একটি অংশ রাজ্যের আর্থিক উন্নয়নের প্রয়োজনে প্রশ্নটি গুরুত্বপূর্ন বলে এই বিষয়টি পরে আমি আবার উল্লেখ করব।

রাজস্ব সংগ্রহের ব্যাপারে এ-সব অসুবিধা ছাড়াও, বর্তমান আর্থিক বছরে পশ্চিমবঙ্গ সরকারের আর্থিক ব্যবস্থা অন্য নানা কারণেও ব্যাহত হয়েছে। জিনিসপত্রের দাম উধ্বগতি ; মজুরির হারও বেড়েছে ; রাজ্যের ব্যায়ের উপর এই সব কিছুর প্রভাব পড়েছে। দু একটি জেলায় বন্যার দরুন অনিবার্য অতিরিক্ত খরচ হয়েছে। অবিশ্রান্ত মূল্যবৃদ্ধিহেতু রাজ্য সরকারি কর্মচারী এবং অন্যান্যদের অতিরিক্ত মহার্ঘভাতা দিতে হয়েছে। তাছাড়া আসাম থেকে বিতাড়িত বেশ কয়েক হাজার নাগরিকের ভরণপোষণের দায়িত্ব আমাদের নিতে হয়েছে, এ পর্যন্ত কেন্দ্রীয় সরকার এই ব্যয়ের কোনও ক্ষতিপূরণ করেন নি। কয়লার জন্য আমাদের বাড়তি রয়্যালটি পাওয়ার আশা পূরণ হয় নি। তবে অন্য কয়েকটি রাজস্ব আদায়ের ক্ষেত্রে উল্লেখযোগ্য উন্নতি ঘটেছে। সার্বিক পরিস্থিতি বিবেচনা করে আমরা খুবই চেষ্টা করেছি যাতে বছরের আয়-ব্যায়ের মধ্যে সমতা আনা যায়। পরিকল্পনা খাতে ব্যয় অব্যাহত রেখে পরিকল্পনা-বহির্ভূত ব্যয়ের অঙ্কে কিছুটা সংকোচসাধন প্রয়াস করা হয়েছে সারা বছর ধরে। এখন মনে হচ্ছে বর্তমান আর্থিক বছরে আমাদের আয় এবং ব্যয়ের মধ্যে শেষ পর্যন্ত সমতা থাকবে, এবং এই বছরের গোড়ায় যে ঘাটতি ছিল সেই একই ঘাটতি নিয়ে—অর্থাৎ ৬৫ কোটি টাকা—বছর শেষ হবে।

১৯৮১-৮২ সালের সমস্যা আরও জটিল। বর্তমান বছরের চেয়ে ৯০ কোটি টাকা বেশি রাজ্য পরিকল্পনার জন্য বরাদ্দ করতে হবে, অন্যদিকে কেন্দ্রীয় সাহায্যও ক্রমশ কমে আসছে। বেতন কমিশনের সুপারিশ কার্যকর করার প্রশ্নও আছে ; আপাতত অবশ্য তা হিসেবে ধরা হচ্ছে না।

বাড়তি রাজস্ব সংগ্রহ প্রয়োজন অথচ নতুন কর বসানোর প্রভৃতি অসুবিধা সেজন্য আমরা স্বল্প সঞ্চয় সংগ্রহের উপর বিশেষ জোর দিয়েছি। স্বল্প সঞ্চয় সংগ্রহের দুই-তৃতীয়াংশ রাজ্যের অর্থভান্ডার ঋণ হিসাবে ফিরে আসে। সাম্প্রতিক কালে আমাদের রাজ্যে এই ঋণসংগ্রহের বিশেষ অগ্রগতি ঘটেছে। স্বল্প সঞ্চয় সংগ্রহের নিট পরিমাণ ১৯৭৬-৭৭ সালে ছিল মাত্র ৪৬ কোটি টাকা ; তা ক্রমশ বেড়ে ১৯৭৭-৭৮ সালে ৭৬ কোটি টাকায়, ১৯৭৮-৭৯ সালে ১১৪ কোটি টাকায় এবং ১৯৭৯-৮০ সালে ১৫৪ কোটি টাকায় দাঁড়িয়েছে। বর্তমান বছরে স্বল্প সঞ্চয় বাড়ানোর প্রচেষ্টা ব্যাপকতর করা হয়েছে, ব্লক স্তরে সংগ্রহের ব্যবস্থা জোরদার করা হয়েছে। অবাঞ্ছনীয় আর্থিক লেনদেন লিপ্ত বেসরকারি অর্থ প্রতিষ্ঠানগুলির বিরুদ্ধে হালে যেসব ব্যবস্থা নেওয়া হয়েছে, তাতে স্বল্প সঞ্চয় বাড়াতে অতিরিক্ত সুবিধা হতে পারে। আগামী বছর এ সব ব্যবস্থাই আরও ক্রমশ জোরদার করা হবে। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ১৪৪

কোটি টাকা ঋণ যাতে সংগ্রহ করতে পারি সেই উদ্দেশ্যে ১৯৮১-৮২ সালে নিট ২১৬ কোটি টাকা সংগ্রহের লক্ষ্যমাত্রাপূরণে আমরা বদ্ধপরিকর।

কিন্তু তা হলেও অতিরিক্ত রাজস্ব সংগ্রহের জন্য যদি অন্য কোনও উদ্যোগ না নেওয়া হয়, আমাদের হিসাব অনুযায়ী ১৯৮১-৮২ সালের শেষে রাজ্যের খাতে তাহলে ঘাটতি থাকবে ১০৭ কোটি টাকা। এতটা ঘাটতি রাখা সমীচীন হবে না। সুতরাং বাধ্য হয়েই আমাকে কিছু কর-বসানোর কথাও চিন্তা করতে হচ্ছে।

এখানে কিন্তু একটা দুটো কথা বলতে হয়। বাজেট-ঘাটতিকে কমিয়ে আনার প্রয়োজন অবশ্যই আছে, কিন্তু সেই সঙ্গে এটাও মনে রাখা দরকার যে রাজ্যের রাজস্ব কাঠামোর পরিবর্তন এমনভাবে করা উচিত সাধারণ মানুষের দুর্দশা যাতে অন্তত খানিকটা কমে, রাজ্যে শিল্প ও বাণিজ্য অধিক প্রাণসঞ্চার হয়, পশ্চিমবঙ্গে সামগ্রিকভাবে আর্থিক ক্রিয়াকর্ম তথা কর্মসংস্থান দ্রুত প্রসার লাভ করে। আর্থিক উন্নয়নের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ সহ সমগ্র পূর্বাঞ্চলের প্রতি কেন্দ্রের মনোভাব, এবং নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদির নিরন্তর মূল্যবৃদ্ধির মধ্য দিয়ে শ্রমজীবী ও মধ্যবিত্ত মানুষের জীবনযাত্রার মানকে নিম্নগামী করে তোলার উদ্দেশ্যে কেন্দ্রীয় সরকারের ক্রমান্বয় প্রয়াসের পরিপ্রেক্ষিতে প্রশ্নটি আরও বিশেষ বিচার্য। যেখানে কেন্দ্র সাধারণ মানুষের দুর্দশা বাড়াতে উদগ্রীব, সেই অবস্থায় রাজ্য সরকারের দুর্দশা কমানোর ক্ষমতা অবশ্যই সীমিত। তাহলেও নতুন কর প্রস্তাবের মুহূর্তে দারিদ্র ও মধ্যবিত্ত শ্রেণীর স্বার্থ এবং শিল্প ও বাণিজ্য কর্মসংস্থানের সুযোগ-সুবিধা বৃদ্ধির প্রসঙ্গ পাশে সরিয়ে রাখা অকর্তব্য হবে। গত সপ্তাহে যে মারাত্মক ভাড়ামাশুল দরদাম-বাড়ানো রেল বাজেট পেশ করা হয়েছে, এবং ধরাই যেতে পারে আগামীকাল কেন্দ্রীয় বাজেট সাধারণ মানুষের উপর আরেক দফা যে ভয়ঙ্কর কর ও মূল্যবৃদ্ধির বোঝা চাপানো হবে, তা বিশেষ করে আমাকে মনে রাখতেই হবে।

গোড়াতেই বিক্রয় কর-কাঠামোর পুনর্গঠন ও সরলীকরণের উদ্দেশ্যে কয়েকটি প্রস্তাব আমি রাখছি। বিক্রয় কর রাজ্যের রাজস্ব ব্যবস্থার কেন্দ্রবিন্দু, এবং আগেই বলেছি, আমরা দ্ব্যর্থহীন ভাষায় কেন্দ্রকে জানিয়ে দিয়েছি যে, সংবিধানের সপ্তম তফসিলের রাজ্য তালিকায় অন্তর্ভুক্ত ৫৪ সংখ্যক ধারায় রাজস্ব সংগ্রহের যে ক্ষমতা রাজ্যগুলিকে দেওয়া আছে তার কোনও সঙ্কোচনে আমরা কখনই সম্মত হব না। তবে ক্রমপরিবর্তনশীল পরিস্থিতির দিকে লক্ষ্য রেখে কর-কাঠামো পুনর্বিন্যাসের প্রয়োজনীয়তা সম্পর্কেও আমরা সচেতন। উদাহরণত, এই রাজ্যে একাধিক বিক্রয় কর আইন চালু থাকায় কর দাতাদের যে অসুবিধা হচ্ছে সে বিষয় আমরা সম্পূর্ণ অবহিত আছি। তাই ১৯৪১ সালের বঙ্গীয় রাজস্ব (বিক্রয় কর) আইন [Bengal Finance (Sales Tax) Act, 1941], ১৯৫৪ সালের পশ্চিমবঙ্গ বিক্রয় কর আইন (West Bengal Sales Tax Act, 1954), ১৯৪১ সালের বঙ্গীয় কাঁচা পাট কর আইন (Bengal Raw Jute Taxation Act, 1941) এবং ১৯৭২ সালের পশ্চিমবঙ্গ ধান্য ক্রয় কর আইন, (West Bengal Paddy Purchase Tax Act, 1972) এই চারটি আইনের সংশ্লেষন করে একটি অখন্ড আইন প্রণয়ন করার প্রস্তাব আমি তাই বিধানসভার কোনও আশু অধিবেশনে আনব। তাছাড়া বর্তমান অধিবেশনেই প্রশাসনিক সংস্কারের উদ্দেশ্যে আমি ১৯৪৪ সালের বঙ্গীয় কৃষি উপার্জন আইন (Bengal Agricultural Income

Tax Act, 1944) ১৯৭৯ সালের পশ্চিমবঙ্গ রাজ্য পেশা, ব্যবসা, বৃত্তি এবং কর্ম কর আইন (West Bengal State Taxes on Profession, Trades, Callings and Employments Act, 1972) কিছু কিছু সংশোধনের প্রস্তাব রাখব।

এবার পর-পর কিছু কর কমানোর প্রস্তাব উত্থাপন করছি। রাজ্যের শিল্প ব্যবস্থার প্রসার ও আধুনিকীকরণ, বিশেষত অনুন্নত এলাকায় ক্ষুদ্রশিল্পের প্রসারের উপর রাজ্য সরকার বিশেষ গুরুত্ব আরোপ করে থাকেন। আমার সর্বপ্রথম ঘোষণা এই যে নবস্থাপিত ক্ষুদ্রশিল্প সংস্থাগুলির ক্ষেত্রে তিন বছরের জন্য বিক্রয় কর ছাড়ের যে ব্যবস্থা বর্তমানে প্রচলিত আছে তার সময়সীমা আরও বাড়িয়ে কলকাতা মহানগর এলাকার জন্য পাঁচ বছর এবং এই এলাকার বাইরের অঞ্চলের জন্য সাত বছর করা হবে। সেই সঙ্গে এই করমুক্তির সুযোগ গ্রহণের শর্ত হিসাবে বিনিয়োগের ঊর্ধ্বসীমাকে অনুর্ধ্ব ১০ লক্ষ টাকা থেকে বাড়িয়ে অনুর্ধ্ব ২০ লক্ষ টাকা করা হচ্ছে। অনুন্নত এলাকাগুলিতে অবস্থিত ক্ষুদ্র ইস্পাত কারখানাগুলির ক্ষেত্রে উৎপাদনের উদ্দেশ্যে বিদ্যুৎ ব্যবহারের শুরু থেকে পাঁচ বছরের জন্য যে তিরিশ শতাংশ বিদ্যুৎ অনুদানের ব্যবস্থা আছে তারও সময়সীমা বাড়িয়ে সাত বছর করা হচ্ছে।

[3-50 — 4-00 p.m.]

রাজ্যে শিল্পপ্রসার যাতে আরও বেশি করে হয় সেই উদ্দেশ্যে শিল্পে প্রযুক্ত কাঁচামালের উপর করের ক্ষেত্রে আমি কয়েকটি মৌল পরিবর্তনের কথা ঘোষণা করছি। ১৯৫৪ সালের পশ্চিমবঙ্গ বিক্রয় কর আইনের আওতাভুক্ত কোনও পণ্য ১৯৪১ সালের বঙ্গীয় রাজস্ব (বিক্রয় কর) আইনের আওতাভুক্ত কোনও পণ্যের উৎপাদনের উদ্দেশ্যে কাঁচামাল হিসাবে বিক্রীত হলে সুবিধাজনক হারে বিক্রয় করের ব্যবস্থা নেই। এখন থেকে এই সুযোগ দেওয়া হবে। আরও যে সুবিধাদানের কথা বলছি তা এই যে, কয়লা-উৎপনাদকারী সংস্থাগুলি ছাড়া অন্য সকলের ক্ষেত্রে প্রত্যক্ষভাবে উৎপাদনের জন্য ব্যবহৃত কাঁচামাল ও প্যাকিং দ্রব্যাদির উপর বিক্রয় করের সুবিধাজনক হার শতকরা তিন থেকে আরও কমিয়ে শতকরা এক ভাগ করা হচ্ছে। কয়লা-উৎপাদনকারী সংস্থাগুলির ক্ষেত্রে বর্তমানে প্রচলিত হার বজায় থাকবে।

সাম্প্রতিক মুদ্রাস্ফীতির কথা বিবেচনা করে এবং ক্ষুদ্র ব্যবসায়ী ও দোকানদারের অকারণ হয়রানির অবসানকল্পে ১৯৪১ সালের বঙ্গীয় রাজস্ব (বিক্রয় কর) আইনের ধারায় করারোপযোগ্য বিক্রয়ের পরিমাণকে দ্বিগুণ করে, আমদানিকারকদের ক্ষেত্রে ১০,০০০ টাকা থেকে ২০,০০০ টাকা, উৎপাদকদের ক্ষেত্রের ২৫,০০০ টাকা থেকে ৫০,০০০ টাকা ও পুনর্বিক্রয়কারিদের ক্ষেত্রে ৫০,০০০ টাকা থেকে বাড়িয়ে ১ লক্ষ টাকা করার প্রস্তাব করছি। "সামারি অ্যাসেসমেন্ট" (বা ব্যবসায়ীর উপস্থিতি ছাড়াই রিটার্ন-এর ভিত্তিতে কর নির্ধারণ প্রথা)-র প্রচলন এবং 'ডিক্লারেশন ফর্ম'-এর দ্রুততর সরবরাহের উদ্দেশ্যে কিছু কিছু পদ্ধতিতে পরিবর্তনও করা হচ্ছে।

মাননীয় সদস্যরা জানেন যে, কেন্দ্রীয় সরকার সম্প্রতি অত্যন্ত অযৌক্তিকভাবে মৌল ঔষধাদির (Basic durgs) দাম আচমকা বাড়িয়ে দিয়েছেন। ফলে জনসাধারণের দুর্দশা ভীষণ

বেড়েছে। পশ্চিমবঙ্গে তাদের অসুবিধার কিছুটা লাঘব ঘটাতে চাই। উৎপাদনে ব্যবহৃত কাঁচামালের ক্ষেত্রে প্রযোজ্য বিক্রয় করের সুবিধাজনক হার সাধরণভাবে শতকরা তিন থেকে শতকরা এক করার ফলে স্বতঃই মৌল ঔষধাদির উপর প্রযোজ্য বিক্রয় করের হারও শতকরা তিন থেকে কমে শতকরা এক হবে। আমি আরও প্রস্তাব করছি যে, উৎপাদিত ঔষধের ক্ষেত্রে বিক্রয় করের হার ১৯৫৪ সালের পশ্চিমবঙ্গ বিক্রয় কর আইনের ধারায় প্রযোজ্য প্রথম বিক্রয়ের উপর শতকরা সাত থেকে কমিয়ে শতকরা চার করা হবে।

রাজ্যের অনেক অপেক্ষাকৃত অনুন্নত অঞ্চলে লাক্ষাশিল্পের আলাদা গুরুত্ব আছে। ১৯৪১ সালের বঙ্গীয় রাজস্ব (বিক্রয় কর) আইনের প্রথম তফসিলে লাক্ষা ও লাক্ষাপাতকে অন্তর্ভুক্ত করে তাদের করমুক্ত করার আমি প্রস্তাব করছি। লৌহেতর ধাতুর সাহায্যে আমাদের রাজ্যে প্রচুর পরিমাণ টিউব, পাইপ, রড সেকশন তার ও পাত-এর উৎপাদন হয়ে থাকে ; এ-সমস্ত জিনিস নথিভুক্ত ব্যবসায়ী বা সরকারের কাছে বিক্রিত হলে আন্তঃরাজ্য করের হার শতকরা চার থেকে কমিয়ে শতকরা দুই করার আমি প্রস্তাব রাখছি। তাছাড়া সংবাদপত্র শিল্পকে বিশেষত ক্ষুদ্র ও মাঝারি সংবাদপত্রগুলিকে, কিছু সুবিধাদানে প্রস্তাবও আমি রাখছি। সংবাদপত্র প্রকাশকদের কাছে বিক্রিত নিউজপ্রিন্ট-এর উপর আন্তঃরাজ্য বিক্রয় করের সম্পূর্ণ বিলোপসাধন করা হবে। রাজ্যের ক্ষুদ্র ও মাঝারি সংবাদপত্রগুলি নিউজপ্রিন্ট কেনবার সময় যা বিক্রয় কর দেবেন, পুরোটা অনুদান হিসাবে তাদের ফেরত দেওয়া হবে ; গড় বিক্রয় পূর্ববর্তী বছর যথাক্রমে ১৫,০০০ এবং ৫০,০০০-এর মধ্যে ছিল, এধরনের সংবাদপত্রাদিকে এই ব্যবস্থায় ছোট ও মাঝারি বলে বিবেচনা করা হবে।

বিক্রয় করের ক্ষেত্রে আরও দুটি পরিবর্তন ঘোষণা করছি। মেঝে ঢাকবার জন্য ব্যবহৃত সামগ্রীর উপর কর হারের পুনর্বিন্যাস করার উদ্দেশ্যে আমি 'পি ভি সি' টালিকে ১৯৫৪ সালের পশ্চিমবঙ্গ বিক্রয় কর আইনের আওতায় এনে প্রথম বিক্রয়ের উপর কারারোপের প্রস্তাব করছি। 'পি ভি সি' টালি ও লিনোলিয়ামের ক্ষেত্রে বর্তমানে প্রচলিত কর-হার যথাক্রমে শতকরা আট এবং শতকরা কুড়ি ; এবং তা পাল্টে উভয়ক্ষেত্রেই শতকরা পনেরো রাখার প্রস্তাব করছি। ফর্ক লিফট ট্রাককে ১৯৫৪ সালের পশ্চিমবঙ্গ বিক্রয়কর আইনের আওতায় এনে তার উপর শতকরা দশ টাকা হারে করারোপ করার প্রস্তাব করছি।

১৯৬২ সাল থেকে ১৯৭২ সালের আইন অনুযায়ী পণ্যপ্রবেশ করের হারসমূহ কিছুদিন আগে পরিবর্তন করা হয়েছিল ; তা পুনর্বিবেচনার জন্য সরকার বেশ কয়েকটি আবেদন পেয়েছেন। সেগুলি বিশেষভাবে পরীক্ষা করে দেখা হয়েছে। কলকাতা মহানগর এলাকায় শিল্প প্রসার ও কর্মসংস্থানের ক্ষেত্রে রাসায়নিক ও ইলেকট্রনিক শিল্পের বিশেষ ভূমিকা আছে। আমি মনে করি যে এই দুই শিল্পকেই কিছুটা বাড়তি সাহায্য দেওয়া প্রয়োজন। অতএব ১৯৭২ সালের পণ্যপ্রবেশ কর আইনের হারের কিছু কিছু অদলবদলের আমি প্রস্তাব করছি। ঐ আইনের তফসিলের ৬০(খ)(৪) ধারায় উল্লিখিত "অন্যত্র বর্ণিত নয় এরূপ সমস্ত রসায়ন-দ্রব্য" এর উপর এখন থেকে দুই শতাংশের পরিবর্তে এক শতাংশ হারে কর বসবে। অন্য রাজ্য থেকে আমদানিকৃত অ্যালকোহল ব্যবহারকারী শিল্পস্থাগুলিকে সম্প্রতি নানা অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে। সেই কথা মনে রেখে ১৬(ঘ) ও ১৬(ঙ) ধারার অন্তর্গত ডিনেচার্ড

স্পিরিট, মেথিলেটেড স্পিরিট এবং বিশেষভাবে উল্লিখিত নয় এমন সবরকম শিল্পে ব্যবহারযোগ্য মিথানল ব্যতীত অ্যালকোহলের উপর থেকে পণ্যপ্রবেশ কর সম্পূর্ণ বিলোপ করা হচ্ছে ১৯৭২ সালের আইনের তফসিলের ৫১(ভ) ও ৫২ ধারায় বর্ণিত ইলেকট্রনিক দ্রব্যাদির উৎপাদনে ব্যবহৃতব্য কিছু কিছু বিশেষ উৎপাদন ও যন্ত্রাংশের উপর থেকেও পণ্যপ্রবেশ কর সম্পূর্ণ তুলে নেওয়া হচ্ছে।

আরও কয়েকটি অদল-বদলের উল্লেখ করতে চাই। করপ্রয়োগ অসমাঞ্জস্য দূরীকরণের উদ্দেশ্যে ১৯৭২ সালের আইনের ২৩(ঙ) ক্রমিক সংখ্যায় বর্ণিত ধাতুকণা ও ধাতুচূর্ণের উপর করের হার এখন থেকে পাঁচ শতাংশের জায়গা এক শতাংশ হবে। অনুরূপভাবে ৪২(ঙ) ক্রমিক সংখ্যায় বর্ণিত অ্যালুমিনিয়াম পাত ও ফয়েলের উপর করের হার এখন থেকে চার শতাংশের জায়গায় এক শতাংশ হবে। ৫৬(ঘ) ধারায় বর্ণিত কারবন ব্ল্যাক এর উপর করের হার এখন থেকে দুই শতাংশের জায়গায় এক শতাংশ হবে।

কাঠ ও কাঠের তৈরি আসবাবপত্রের মধ্যে কর হারের বৈষম্য দূর কবার জন্যও আমি প্রস্তাব রাখছি। ৩৭(ক) ধারায় বর্ণিত সমস্ত পণ্যাদিই এখন থেকে আসবাবপত্রের মতো দুই শতাংশ হারে করযোগ্য হবে। সাধারণ মানুষকে খানিকটা সুবিধাদানের জন্য দৈনন্দিন ব্যবহারের বাসনকোসনের উপর এখন থেকে করের হার দুই শতাংশের জায়গায় অর্ধ শতাংশ হবে।

মাননীয় সদস্যদের হয়তো মনে আছে যে, ১৯৮০-৮১ সালের বাজেটে সিগারেট ও তামাকের উপর পণ্যপ্রবেশ কর আরোপের পর এই সভার গত অধিবেশনে কয়েকটি সংশোধন কার্যকর করা হয়েছিল। প্রশাসনিক কারণে এবং রাজস্ববৃদ্ধিকে সুনিশ্চিত করার প্রয়োজনে সিগারেট ও তামাকের উপর প্রবেশ করের হারের খানিকটা নিম্নমুখী পুনর্বিন্যাস বাঞ্ছনীয় বলে আমার মনে হয়। প্রতিটি সিগারেট, সিগার বা চুরুট পিছু যেখানে দাম দশ পয়সা পর্যন্ত অথবা তার বেশি করের বর্তমান হার যথাক্রমে এক পয়সা ও দুই পয়সা থেকে কমিয়ে তাই প্রতি দশটি সিগারেট অথবা সিগার অথবা চুরুট পিছু যথাক্রমে দুই পয়সা ও পাঁচ পয়সা করা হচ্ছে। পাইপে ব্যবহার করার তামাকের উপর করের হার প্রতি গ্রামে দুই পয়সা থেকে কমিয়ে এক পয়সা করা হবে। সিগারেট, সিগার, চুরুট উৎপাদনে ব্যবহৃত অথবা পাইপে ব্যবহৃত কাঁচা তামাক সহ অন্য সব ধরনের তামাকের উপর প্রবেশ করের হাব কিলোগ্রাম পিছু ১০০ পয়সার জায়গায় ২০ পয়সা করা হচ্ছে। অন্য যেকোনও উদ্দেশ্যে ব্যবহৃত তামাকের ক্ষেত্রে এই হার কিলোগ্রাম প্রতি ৫০ পয়সা থেকে কমিয়ে ১০ পয়সা করা হবে।

[4-00 — 4-10 p.m.]

পণ্যপ্রবেশ করের হার কমাবার যে প্রস্তাবগুলি রাখা হল সেগুলি বিজ্ঞপ্তির মারফৎ ১৯৮১ সালের পয়লা মার্চ থেকে কার্যকর করা হবে।

বিক্রয় কর ও পণ্যপ্রবেশ কর এই উভয় ক্ষেত্রেই কর কমানোর যে সমস্ত সুদূরপ্রসারী সিদ্ধান্ত ঘোষণা করা হল তাতে, আমার ধারণা, অনেক শিল্পজাত দ্রব্য ও ভোগ্য পণ্যের দাম কমবে, এবং এসব পণ্যের উৎপাদন এই রাজ্যে অনেকটাই বাড়বে, ফলে কর্মসংস্থানেরও

জোয়ার দেখা দেবে। রাজস্বের তেমন ক্ষতি হবে বলে আমি মনে করি না। বরং কর কমানোর ফলে যেহেতু শিল্পে প্রাণচঞ্চল্য আসবে, আগামী বছর রাজস্ব না কমে আমার বিবেচনায় আরও অন্তত ৫ কোটি টাকা বাড়বে।

তাহলেও আমাদের যা আর্থিক দায়ভার, আরও কিছু অতিরিক্ত রাজস্ব সংগ্রহের প্রস্তাব না করলেই নয়। তবে এই বাড়তি বোঝার সামান্যতম অংশও সাধারণ মানুষের উপরে চাপিয়ে দেওয়া অত্যন্ত অসঙ্গত হবে ; ইতিমধ্যেই কেন্দ্রের মূল্যনীতি ও কর-নীতির ফলে তাদের দুর্ভোগের চূড়ান্ত হয়েছে। এই প্রসঙ্গে আমি একটু আগে একটি বিশেষ বিষয়ে যা বলেছি আর একবার উল্লেখ করতে চাই। কেন্দ্রের কয়েকটি সিদ্ধান্তের ফলে, কয়লা, লোহা ও ইস্পাত, পাট এবং চা—পশ্চিমবঙ্গের এই চারটি প্রধান শিল্প থেকে আমরা রাজ্য সরকার অতি সামান্যই রাজস্ব সংগ্রহ করতে পারছি। ১৯৭৯-৮০ সালের এই চারটি শিল্পের উৎপাদন থেকে সংগৃহীত অর্থের মোট পরিমাণ ছিল ২,৫০০ কোটি টাকার মতো। অথচ এই শিল্পচতুষ্টয় থেকে সমস্ত খাত মিলিয়ে রাজ্য সরকারের মোট প্রাপ্তি হয়েছিল মাত্র ৫৫ কোটি টাকা, অর্থাৎ ২.৫ শতাংশও নয়। মাননীয় সদস্যরা জানেন যে, কয়লার উপর রয়্যালটির পুনর্নির্ধারণ ১৯৭৯ সালের আগস্ট মাসে করার কথা ছিল, কিন্তু কেন্দ্রীয় সরকার মাত্র এই মাসে এ বিষয়ে তাদের সিদ্ধান্ত ঘোষণা করেছেন। আমাদের প্রস্তাব অনুযায়ী মূল্যের উপর ১৫ শতাংশ হারে রয়্যালটি নির্ধারণ করতে রাজি না হয়ে, তারা আমাদের কয়লার উপর রয়্যালটির হার গড়ে প্রতি মেট্রিক টনে মাত্র ১.৬০ টাকা বাড়াতে সম্মত হয়েছেন। কিন্তু সেই সঙ্গে তারা কয়লার মূল্য মেট্রিক টন পিছু পুরো ২৭ টাকা করে বাড়িয়ে দিয়েছেন। এই মূল্যবৃদ্ধির ফলে আমাদের রাজ্যে উৎপাদিত কয়লা থেকে কেন্দ্রের বার্ষিক আয় ৬০ কোটি টাকার মতো বেড়ে যাবে কিন্তু রয়্যালটি থেকে আমাদের প্রাপ্তি বৃদ্ধি ঘটবে মাত্র সাড়ে তিন কোটি টাকা। এটা স্পষ্টতই ঘোর অন্যায়। বর্তমানে পুরোপুরি কেন্দ্রের নিয়ন্ত্রণাধীন কয়লা শিল্প, এই শিল্পের উচিত পশ্চিমবঙ্গে উৎপাদন ও কর্মসংস্থান প্রসারে আরও ব্যাপক সাহায্য করা। এই সব বিবেচনা করে আমি প্রস্তাব করছি যে, ১৯৭৬ সালের পশ্চিমবঙ্গ গ্রামীণ উৎপাদন ও কর্মসংস্থান আইনের ধারায় কয়লার উপরে সেস-এর পরিমাণ মেট্রিক টন পিছু ২.৫০ টাকা থেকে বাড়িয়ে ৫ টাকা এবং পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা আইনের ধারায় কয়লার উপর শিক্ষা সেস-এর পরিমাণ মেট্রিক টন পিছু ৫০ পয়সা থেকে বাড়িয়ে এক টাকা করা হোক।

আমি আরও একটি নতুন করের কথা বলছি—যা যুগপৎ রাজস্ববৃদ্ধি এবং সেই সঙ্গে নীলাম সংস্থাদি মারফৎ চা বিক্রির ব্যাপারে সাহায্য করবে। চায়ের উপর গ্রামীণ কর্মসংস্থান ও উৎপাদন সেস বসাবার প্রস্তাব আমি রাখছি। এই সেস-এর পরিমাণ হবে চালানীকৃত চায়ের প্রতি কিলোগ্রাম পিছু অনধিক ৬ টাকা। যেহেতু কলকাতা ও শিলিগুড়ি চা-নীলাম কেন্দ্রগুলি এই রাজ্যে উৎপাদন ও কর্মসংস্থানের ব্যাপারে ইতিমধ্যেই সক্রিয় ভূমিকা পালন করছে, তাদের চালানীকৃত চা-কে এই সেস-এর আওতা থেকে বাদ দেওয়া হবে।

কয়লার উপর প্রস্তাবিত দুটি সেস-এর হারের পরিবর্তনের ফলে অতিরিক্ত রাজস্বের আনুমানিক পরিমাণ হবে ৭ কোটি টাকা। আর চা-বাগানের উপর সেস বসানোর আনুমানিক

রাজস্ব আসবে ৩০ কোটি টাকা।

বিক্রয় কর এবং সেস সম্পর্কিত পরিবর্তনশীল কার্যকর করার জন্য বিধানসভার বর্তমান অধিবেশনের উপযুক্ত সংশোধনী প্রস্তাব আনা হবে এবং যথাযত বিজ্ঞপ্তি দিয়ে জানানো হবে।

অতিরিক্ত রাজস্ব সংগ্রহের এই বিভিন্ন পদক্ষেপের ফলে মোট বাড়তি সংগ্রহের পরিমাণ দাঁড়াবে ৪২ কোটি টাকার মতো। ফলে ১৯৮১-৮২ সালেও আমরা ব্যয় ও আয়ের মধ্যে সমতা আনতে পারব বলে মনে হয়, এবং বছরের অন্তিম ঘাটতি শুরুতে যা ৬৫ কোটি টাকা তাই থেকে যাবে। এই ঘাটতি আসলে ১৯৭৯-৮০ সালেরই দায়ভাগ। কেন্দ্রীয় সরকারের বাৎসরিক ঘাটতি তা যতই বিপুল হোক না কেন পরের রাজস্ব বছরে বর্তায় না ; আমাদের ক্ষেত্রে ব্যাপারটা অন্যরকম হবার কোনও কারণ নেই। আমি তাই আশা করব কেন্দ্রীয় সরকার বিষয়টি সহানুভূতির সঙ্গে বিবেচনা করবেন এবং এই ৬৫ কোটি টাকার ঘাটতি পূরণের উদ্দেশ্যে আমাদের একটি দীর্ঘমেয়াদী ঋণ দিতে সম্মত হবেন।

৪

আমি আমার বক্তব্যের প্রান্তে পৌছেছি। পাঁচটি বার্ষিক বাজেটে পেশ করার অভিজ্ঞতা থেকে আমি সবিনয়ে একটি বিষয়ের উল্লেখ করতে চাই ; আশা করব, দলমত নির্বিশেষে মাননীয় সদস্যরা তা অনুগ্রহ করে বিবেচনা করে দেখবেন। সংবিধানে যে বিধিব্যবস্থা আছে এবং ইদানিং যেভাবে সেগুলি কেন্দ্রীয় সরকার কর্তৃক ব্যাখ্যা ও ব্যবহার করা হচ্ছে, তাতে রাজ্য সরকারের পক্ষে দায়িত্ব পালন উত্তরোত্তর দুরূহতর হয়ে পড়ছে। সাম্প্রতিক মুদ্রাস্ফীতি, আর্থিক ক্ষেত্রে অগ্রগামী বিশৃঙ্খলা এবং ফলশ্রুতি হিসাবে ক্রমবর্ধমান কর্মহিনতা ঃ পরিণামে রাজ্য সরকারের দায়িত্বের বোঝা বেড়েই চলেছে। এই দায়িত্ব যথাযথ পালন করতে হলে যে সামর্থ্য প্রয়োজন রাজ্য সরকারগুলির তা আদৌ নেই, এবং কেন্দ্রের আপাতত যা মনোভাব, তাতে এই সমার্থ্য ক্রমশ ক্ষীয়মাণ হবার আশঙ্কা। এ রকম যদি ঘটে, আমাদের অর্থব্যবস্থার তা হলে অপরিসীম ক্ষতি সাধিত হবে, রাষ্ট্রব্যবস্থার উপর পর্যন্ত তার প্রভাব পড়তে বাধ্য। প্রতি বছর বাজেট বিবৃতিতে আমি বিষয়টি বিশদ করে উল্লেখ করেছি, কারণ জাতির ভবিষ্যৎ অনেকটাই এই সমস্যার সুষ্ঠু সমাধানের উপর নির্ভর করছে।

এ-সমস্ত বিষয়েই শেষ পর্যন্ত আমরা পশ্চিমবঙ্গের সাধারণ মানুষের কাছে উপদেশ ও অনুপ্রেরণা ভিক্ষা করব। এই রাজ্যের জনগণের বিপুল সমর্থনে আমরা রাজ্য চালনার দায়িত্ব পেয়েছি ; তাদের ভালবালা, ভরসা, অনুকম্পা এই দায়িত্বপালনে আমাদের পাথেয় জুগিয়েছে। সাধারণ মানুষের সার্বিক স্বার্থসাধনই আমাদের প্রতিটি বাজেটের ধ্যানধারণার কেন্দ্রবিন্দু হয়ে থেকেছে। আমাদের সামনে আর্থিক বা অন্য যে কোনও পরীক্ষাই আসুক না কেন, এই বিশ্বাসে স্থিত থেকে আমরা এগিয়ে যাব যে জনগণ আমাদের সঙ্গেই আছেন, থাকবেন, আমরা জনগণের পাশাপাশি আছি, থাকব।

**পশ্চিমবঙ্গের বার্ষিক অর্থনৈতিক বিবরণী, ১৯৮১-৮২**

(হাজার টাকার হিসাব)

| | প্রকৃত ১৯৭৯-৮০ | বাজেট, ১৯৮০-৮১ | সংশোধিত, ১৯৮০-৮১ | বাজেট, ১৯৮১-৮২ |
|---|---|---|---|---|
| আদায় | | | | |
| প্রারম্ভিক তহিবল | +১৮,২৩,৪৩ | —২৩,০০,০০ | —৬৫,০১,০০(ক) | —৬৫,০১,০০০ |
| রাজস্ব আদায় | ৯,৬৩,১৪,৫০ | ১১,২৩,৭২,৮৮ | ১১,৭৫,৭০,৮৫ | ১২,৯৭,৫৬,৫৩ |
| ঋণ খাতে আদায়— | | | | |
| সরকারি ঋণ | ৯,০১,০৬,২৮ | ৫,৩৪,৯৯,৮৫ | ৯,৬২,৮১,০৪ | ৭,২০,২৬,৩০ |
| ঋণ | ২৮,৯২,১০ | ৪৬,৭১,১০ | ৫৪,৮৭,৪৫ | ৩৯,৮৬,৬৪ |
| সম্ভাব্য তহবিল ও সরকারি হিসাব থেকে আদায়। | ১৩,৯৮,৮৩,৪৬, | ১৩,৭৪,১৬,৭১ | ১৫,৫১,৪৩,৪৭ | ১৫,৭২,৭৯,৯১ |
| মোট | ৩৩,১০,১৯,৭৭ | ৩০,৫৬,৬১,৩৪ | ১৫,৯৯,৬১,৮১,৮১ | ৩৫,৬৫,৪৮,৩৮ |
| ব্যয় | | | | |
| রাজস্ব খাতে ব্যয় | ৯,৭৬,৮৪,৯০ | ১১,০৯,৫৫,৬৪ | ১১,৭৯,৭৩,৩২ | ১২,৬৪,০৫,৯৫ |
| মূলধন খাতে ব্যয় | ৮০,৮৫,৭০ | ১,৭১,৭৯,৬২ | ২,০০,৩০,৬৭ | ১,৪৮,৭০,১৫ |
| ঋণখাতে ব্যয়— | | | | |
| সরকারি ঋণ | ৭,১৫,৬৯,৮৬ | ৩,২৭,২৪,০৮ | ৬,৯২,৭৭,৪১ | ৫,২১,৪৪,৭৬ |
| ঋণ | ১,৪৬,১০,১৭ | ২,০৪,৮১,৪২ | ২,০৫,৪৮,৯৬ | ২,১৬,০৯,৬৪ |
| সম্ভাব্য তহবিল ও সরকারি হিসাব থেকে ব্যয়। | ১৪,৩০,৯৬,২৩ | ১৩,২৬,৫০,২২ | ১৪,৮৬,৫২,৪৫ | ১৫,২২,১৮,৮৮ |
| সমাপ্তি তহবিল | —৪০,২৭,০৯ | —৮৩,২৯,৬৪ | —৬৫,০১,০০ | —১,০৭,০১,০০ |
| মোট | ৩৩,১০,১৯,৭৭ | ৩০,৫৬,৬১,৩৪ | ৩৬,৯৯,৮১,৮১ | ৩৫,৬৫,৪৮,৩৮ |

## পশ্চিমবঙ্গের বার্ষিক অর্থনৈতিক বিবরণী, ১৯৮১-৮২

(হাজার টাকার হিসাব)

| | প্রকৃত ১৯৭৯-৮০ | বাজেট, ১৯৮০-৮১ | সংশোধিত, ১৯৮০-৮১ | বাজেট, ১৯৮১-৮২ |
|---|---|---|---|---|
| **নিট ফল** | | | | |
| উদ্বৃত্ত (+) | | | | |
| ঘাটতি (—) | | | | |
| (ক) রাজস্ব খাতে | —১৩,৭০,৪০ | +১৪,১৭,২৪ | —৪,০২,৪৭ | +৩৩,৫০,৫৮ |
| (খ) রাজস্ব খাতে বাইরে | —৪৪,৮০,১২ | —৭৪,৪৬,৮৮ | +৪,০২,৪৭ | —৭৫,৫০,৫৮ |
| (গ) প্রারম্ভিক তহবিল বাদে নিট | —৫৮,৫০,৫২ | —৬০,২৯,৬৪ | | —৪২,০০,০০ |
| (ঘ) প্রারম্ভিক তহবিল সহ নিট | —৪০,২৭,০৯ | —৮৩,২৯,৬৪ | —৬৫,০১,০০ | —১,০৭,০১,০০ |
| (ঙ) অতিরিক্ত সম্পদ সংগ্রহ | | (১) ১৫,০০,০০* (২) ২৫,০০,০০ | | +৪২,০০,০০ |
| (চ) প্রতিশ্রুত অতিরিক্ত ব্যয় | | | | |
| (ছ) প্রারম্ভিক তহবিল এবং (চ) ও (ঙ) নং দফা সহ। | | —৪৩,২৯,৬৪ | | —৬৫,০১,০০ |

(ক) রিজার্ভ ব্যাঙ্কের রিপোর্ট অনুযায়ী।

*১৯৭৯-৮০ সালে কেন্দ্রীয় সরকারের নিকট কয়লার উপর রয়্যালটির হার পরিবর্তনের প্রস্তাবের দরুন।

**মিঃ স্পিকার ঃ** সভার কাজ আগামী সোমবার ২রা মার্চ, ১৯৮১ তারিখে বেলা ১টা পর্যন্ত মুলতুবি রইল।

## Adjournment

The House was then adjourned at 4-08 p.m. till 1 p.m. on Monday, 2nd March 1981, at the Assembly House, Calcutta.

# INDEX TO THE

## West Bengal Legislative Assembly Proceedings

## (Official Report)

**Vol: 74 No-I (Seventy Fourth Session) (February to April, 1981)**

(The 16th, 17th, 18th, 19th, 20th, 23rd, 24th, 25th, 26th & 27th February, 1981)

**Amendments to Governor's Address**

PP-150-166

**Bill**

The Chandernagore Municipal (Amendment) Bill, 1981 PP-677-684

The West Bengal Shops and Establishments (Amendment) Bill, 1981 PP-629-640

The West Bengal Agricultural Produce Marketing (Regulation) (Amendment) Bill, 1981 PP-605-629

**Discussion on Governor's Address**

by—Shri Amalendra Ray PP-114-119

by—Shri Anil Mukherjee PP-103-108

by—Shri Arabinda Ghosal PP-180-183

by—Shri Atahar Rahman PP-217-222

by—Shri Bholanath Sen PP-85-94

by—Shri Bimalananda Mukherjee PP-389-393

by—Dr. Binod Behari Majhi PP-176-180

by—Shri Birendra Kumar Moitra PP-385-389

by—Shri Binoy Banerjee PP-357-361

by—Shri Biswanath Mukherjee PP-299-308

by—Shri Brajo Gopal Neogy PP-312-315

by—Shri Debaprasad Sarkar PP-108-114

by—Shri Debiprasad Basu PP-206-209

by—Shri Debsaran Ghosh PP-308-312

by—Shri Dhirendra Nath Sarkar PP-317-318

by—Shri Dipak Sengupta PP-375-381

by—Shri Gopal Basu PP-94-103

by—Shri Gouranga Samanta PP-214-215

by—Shri Haripada Bharati PP-289-299

by—Shri Janmejoy Ojha PP-209-214

by—Shri Jogendra Nath Singha Ray P-318

by—Shri Jyoti Basu PP-400-408

by—Dr. Kanailal Bhattacharjee PP-395-397

by—Shri Kashi Kanta Moitra PP-69-85

by—Shri Monoranjan Ray PP-215-217

by—Shri Nanuram Ray PP-318-320

by—Shri Nakul Mahato PP-171-176

by—Shri Nikhil Das PP-192-198

by—Shri Partha De PP-367-375

by—Shri Rajani Kanta Doloi PP-277-282

by—Shri Ram Chatterjee PP-397-399

by—Shri Renuleena Subba PP-393-395

by—Shri Renupada Haldar PP-381-383

by—Shri Sandip Das PP-258-265

by—Shri Santosh Rana PP-199-202

by—Shri Saral Deb PP-282-289

by—Shri Satya Ranjan Bapuli PP-361-367

by—Shri Shibnath Das PP-202-206

by—Shri Subash Goswami PP-383-385

by—Shri Sunil Basu Ray PP-269-277

by—Shri Swadesh Ranjan Majhi PP-166-171

by—Shri Trilochan Mal PP-315-316

by—Dr. Zainal Abedin PP-183-192

**Discussion on the Motion Under Rule 185-regarding the Government's decision to abolish English in the Primary Education Stage**

by—Shri Bimalananda Mukherjee PP-551-552

by—Shri Deba Prasad Sarkar PP-527-530

by—Shri Haripada Bharati PP-544-547

by—Shri Jayanta Kumar Biswas PP-547-551

by—Shri Kashi Kanta Moitra PP-530-538

by—Shri Md. Sohrab PP-519-522, PP-560-562

by—Shri Nirmal Kumar Basu PP-538-543

by—Shri Partha De PP-555-560

by—Shri Ram Narayan Goswami PP-522-526

by—Smt. Renuleena Subba PP-553-555

by—Shri Sasabindu Bera PP-526-527

by—Shri Sontosh Kumar Rana PP-552-553

**Discussion on Motion Under Rule 185 regarding price hike of essential Commodities**

by—Shri Amalendra Ray PP-499-501

by—Shri Atish Chandra Sinha PP-492-496

by—Dr. Omar Ali PP-501-503

by—Shri Probodh Chandra Purakait PP-507-508

by—Shri Prodyot Kumar Mahanti PP-487-492

by—Shri Saral Deb PP-497-499

by—Shri Sudhin Kumar PP-508-513

by—Shri Sunil Basu Ray PP-486-487, PP-513-518

by—Dr. Zainal Abedin PP-503-506

**Discussion on the Chandennagar Municipal (Amendment) Bill, 1981**

by—Shri Bhabani Mukherjee PP-678-679

by—Shri Birendra Kumar Moitra PP-678-683

by—Shri Dawa Narbu La PP-679-680

by—Shri Jayanta Kumar Biswas PP-681-682

by—Shri Monoranjan Ray PP-680-681

by—Shri Nirmal Kumar Bose P-680

by—Shri Prasanta Kumar Sur P-677, P-682, P-684

**Discussion on the West Bengal Agricultural produce Marketing (Regulation) (Amendment) Bill, 1981**

by—Shri Anil Mukherjee PP-611-612

by—Shri Chittaranjan Mridha PP-613-614

by—Shri Deb Narayan Chakraborty PP-608-610

by—Shri Kamal Kanti Guha PP-605-606, P-608, PP-614-615

by—Shri Naba Kumar Ray PP-610-611

by—Shri Sasabindu Bera PP-606-607, PP-615-616, PP-618-622

by—Shri Subash Goswami PP-612-613

**Discussion on the West Bengal Shops and Establishmer (Amendment) Bill, 1981**

by—Shri Arabinda Ghosal PP-635-636

by—Shri Balailal Dasmahapatra PP-629-633

by—Shri Bholanath Sen PP-639-640

by—Shri Krishna Pada Ghosh P-629, PP-638-639

by—Shri Motish Ray PP-636-638

by—Shri Patit Paban Pathak PP-633-635

by—Shri Santiram Mahato P-635

**Governor's Address** PP-1-17

**Laying of Report**

The Annual Report and Accounts of the West Bengal Pharmaceutica and Phytochemical Development Corporation Limited for 1979-80

by—Shri Bhabani Mukherjee P-677

The Annual Report of the State Fisheries Development Corporatioı Limited for 1979-80 P-258

The Annual Report and Accounts of the West Bengal Industrial Development Corporation Limited for 1979-80 PP-68-69

The Annual Report of the West Bengal Essential Commodities Supply Corporation Limited for 1978-79 P-68

**Laying of Ordinances**

The Burdwan University (Temporary Supersession) (Second Amendment) Ordinance, 1980 P-67

The Berhampur Electric Supply Company Limited (Undertaking) Acquisition Ordinance, 1981 P-68

The Barakar Electric Supply Installation (Acquisition) Ordinance, 1981 P-68

The Bengal Money-lenders (Amendment) Ordinance, 1981 P-68

The Kalyani University (Temporary Supersession) (Second Amendment) Ordinance, 1980 P-68

The North Bengal University (Temporary Supersession) (Second Amendment) Ordinance, 1980 P-67

**Mention Cases** PP-668-677

PP-597-605

PP-481-486

PP-352-357

PP-255-258

PP-144-150

PP-56-67

**Motion of Thanks** PP-20-21

**Obituary Reference**

of—Shri Sarat Sardar P-27

of—Shri Dinesh Majumder PP-23-24

of—Shri Binode Behari Mukhopadhyay PP-25-26

of—Shri Bomkesh Majumder P-24

of—Shri Md. Ali Karim Bagla PP-24-25

of—Shri Nandalal Gurung P-24

of—Shri Deba Prakash Rai P-24

**Presentation of Budget Estimates, 1981-82**

by—Dr. Ashok Mitra PP-687-707

**Presentation of Report**

Seventy-Fifth Report of the Business Advisory Committee P-506

74th Report of the Business Advisory Committee PP-198-199

73rd Report of the Business Advisory Committee PP-21-22

**Point of Information**

by—Shri Nirmal Basu P-141

**Question**

Advance plan for Combating natural calamities

by—Shri Rajani Kanta Doloi PP-464-465

Basantia Primary Health Centre at Contai Block-II

by—Shri Rashbehari Pal P-661

Bhagwanpur Nandigram Master Plan

by—Shri Haripada Jana P-48

Block Marketing of Cement

by—Shri Rajani Kanta Doloi PP-441-443

Closure of Industrial Units

by—Shri A.K.M. Hassan Uzzaman P-468

Construction of the Bridge over Haldi river at Narghat

by—Shri Haripada Jana (Bhaganpur) PP-244-245

Construction of Low-Cost Cinema Houses

by—Shri Rajani Kanta Doloi PP-27-29

Conversion of Bhagwanpur Primary Health Centre into Rural Hospital

by—Shri Haripada Jana PP-135-136

Construction of Tourist Lodge at different places

by—Shri Habibur Rahaman and Shri Rajani Kanta Doloi PP-51-52

Decline of production of Jute products

by—Shri Naba Kumar Ray and Shri Rajani Kanta Doloi PP-44-46

Decrease of Tea plantation Area

by—Shri Habibur Rahman and Shri Rajani Kanta Doloi P-574

District Level Employment Generation Council

by—Shri Rajani Kanta Doloi PP-127-128

Documentary Film on Rabindranath Tagore

by—Shri Habibur Rahman and Shri Rajani Kanta Doloi PP-587-588

Growth rate of employment in the Organised Sector

by—Shri Naba Kumar Ray and Rajani Kanta Doloi PP-658-659

Implementation of the report of the Fact Finding Committee

by—Shri Rajani Kanta Doloi and Shri A.K.M. Hassan Uzzaman PP-40-41

Incentive to Industrial Units

by—Shri Rajani Kanta Doloi PP-583-584

Jaldapara Wild Life Sanctuary

by—Shri Habibur Rahman and Shri Rajani Kanta Doloi PP-473-474

Memorial for late Syed Badrudduja

by—Shri A.K.M. Hassan Uzzaman P-229

Metalled Road from Bhagabanpur to Taropakiya

by—Shri Haripada Jana PP-229-230

Number of Industrial Workers

by—Shri A.K.M. Hassan Uzzaman P-469

Nylon Filament yarn plant

by—Shri Rajani Kanta Doloi PP-570-571

The number of Joint Stock Companies which ceased to work

by—Shri A.K.M. Hassan Uzzaman P-468

Pay Commission Report

by—Shri Haripada Jana PP-339-340

Payment of Bonus to the workers of Khadi and Village Industries Board

by—Shri Haripada Jana PP-35-36

Persons receiving Unemployment Allowance

by—Shri A.K.M. Hassan Uzzaman PP-653-654

Piped water supply Scheme in Bhagwanpur Block-I

by—Shri Haripada Jana PP-123-124

Power Supply to Bhabha Atomic Energy centre, Salt Lake

by—Shri Habibur Rahaman and Shri Rajani Kanta Doloi PP-237-238

Realisation of Sales Tax dues

by—Shri Rajani Kanta Doloi PP-324-326

Reasons of raising the Tram Fares

by—Shri Naba Kumar Ray and Shri Rajani Kanta Doloi PP-451-453

Recommendation of Secondary Education Commission

by—Shri Habibur Rahman and Shri Rajani Kanta Doloi PP-336-337

Recruitment in Messers Eastern Biscuits, Durgapur

by—Shri Rajani Kanta Doloi PP-648-651

Revision of tariff rates for power supply

by—Shri Rajani Kanta Doloi PP-228-229

Scheme to attract tourists to West Bengal

by—Shri Naba Kumar Ray & Shri Rajani Kanta Doloi PP-474-476

Setting up of Carbonisation plant and Ship repairing yard

by—Shri A.K.M. Hassan Uzzaman PP-47-48

Setting up of Industry in Collaboration with the Birlas

by—Shri Naba Kumar Ray and Shri Rajani Kanta Doloi PP-586-587

Share of priority Sectors in Bank Credits in West Bengal

by—Shri A.K.M. Hassan Uzzaman PP-341-344

Small Newspaper Development Corporation

by—Shri A.K.M. Hassan Uzzaman P-569

Steps to develop Sugar Industry

by—Shri Dinesh Chandra Dakua P-44

Supply of Molasses for alcohol production

by—Shri Naba Kumar Ray and Shri Rajani Kanta Doloi PP-334-335

Universalisation of primary Education in West Bengal

by—Shri Dinesh Chandra Dakua PP-335-336

অবহেলিত ও প্রকাশিত সাহিত্য কর্মের মুদ্রণ

—শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় P-39

অযোধ্যা পাহাড়ে শৈলনিবাস স্থাপন

—শ্রী সত্যরঞ্জন মাহাতো P-44

আবগারি কর

—শ্রী সত্যরঞ্জন মাহাতো PP-333-334

আশ্রয়হীন প্রতিবন্ধীদের পুনর্বাসন ব্যবস্থা

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-641-643

আসাম হইতে আগত উদ্বাস্তু

—শ্রী জন্মেজয় ওঝা PP-136-137

আহমেদপুর চিনিকলে লোকসান

—শ্রী অমলেন্দ্র রায় PP-41-43

উত্তরবঙ্গে বিদেশি রাষ্ট্রের কৃষি অনুদান

—শ্রী সন্তোষকুমার দাস PP-450-451

উলুবেড়িয়া জেনারেল হাসপাতাল

—শ্রী রাজকুমার মন্ডল P-662

কংগ্রেস (ই)-এর বিক্ষোভ ও ডেপুটেশন

—শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় PP-223-224

কলকাতা উৎসব

—শ্রী সন্তোষকুমার দাস P-43

কলকাতায় অপসংস্কৃতিমূলক নাটকের অভিনয়

—শ্রী সন্তোষকুমার দাস PP-49-50

কলকাতায় সরকারের ন্যাস্ত জমির পরিমাণ

—শ্রী সুমন্তকুমার হীরা PP-36-37

কলিকাতা যুবকেন্দ্র

—শ্রী সুমন্তকুমার হীরা PP-240-241

কলিকাতায় তফসিলি জাতি ও উপজাতি ছাত্রদের জন্য ছাত্রাবাস

—শ্রী সুমন্তকুমার হীরা PP-645-646

কলিকাতায় দক্ষিণ ভারতীয় চলচ্চিত্রের প্রদর্শন

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-571-572

কলেজ অব লেদার টেকনোলজি

—শ্রী সুমন্তকুমার হীরা P-339

কলকারখানায় ধর্মঘট ও শ্রমদিবস অপচয়

—শ্রী প্রবোধচন্দ্র সিনহা PP-654-655

কল্যাণী এক্সপ্রেস রোডের কাজ

—শ্রী নীহারকুমার বসু PP-460-461

কৃষিঋণ মকুব

—শ্রী প্রবোধচন্দ্র সিনহা PP-443-444

কয়রাপুরে নতুন স্লুইস গেট নির্মাণ

—শ্রী নীহারকুমার বসু PP-585-586

খেলার মরশুমে ইডেনে দুর্ঘটনায় মৃত ব্যক্তিদের পরিবারবর্গকে আর্থিক সাহায্য

—শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় PP-239-240

গরিব ও প্রান্তিক কৃষকদের কৃষিঋণ মকুব

—শ্রী নীহারকুমার বসু PP-444-445

গাঁজা, আফিং ও মদের উপর রাজস্ব আদায়

—শ্রী মনোহর তিরকি P-467

গ্রেট ইস্টার্ন হোটেলে কর্মী নিয়োগ

—শ্রী সত্যরঞ্জন মাহাতো P-470

গ্র্যাচুইটির হিসাব সংক্রান্ত সুপ্রিম কোর্টের রায়

—শ্রী অমলেন্দ্র রায় P-657

গোড়াবাড়ি বিষ্ণুপুর কৃষ্ণবাঁধ মৎস্য প্রকল্প

—শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় PP-134-135

ঘাটালে বাঁধ সংরক্ষণে দুর্নীতি

—শ্রী কিরণময় নন্দ P-573

চিকিৎসকবিহীন প্রাথমিক ও উপ-স্বাস্থ্যকেন্দ্র

—শ্রী শিবনাথ দাস PP-655-657

চিত্র পরিচালককে আর্থিক সাহায্য

—শ্রী জন্মেজয় ওঝা PP-582-583

জলপাইগুড়ি জেলার চা বাগানগুলিতে স্থায়ী ও অস্থায়ী শ্রমিক

—শ্রী মনোহর তিরকি P-465

জনতা ধুতি ও শাড়ির উৎপাদন

—শ্রী সন্তোষকুমার দাস PP-580-581

জলদাপাড়া অভয়ারন্যে গন্ডারের সংখ্যা

—শ্রী বিশ্বনাথ চৌধুরি P-49

চুঙ্গিকর আদায়

—শ্রী সন্তোষকুমার দাস PP-326-328

জাজিগ্রাম ও কাঠিয়া-এদরাকপুর উপস্বাস্থ্যকেন্দ্র

—ডাঃ মোতাহার হোসেন PP-140-141

জাতীয় গৃহ সংগঠন

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-245-246

জ্বালানি সঙ্কট মোচনে বন-সৃজন

—শ্রী সুমন্তকুমার হীরা PP-46-47

টি বি হাসপাতাল

—শ্রী সন্তোষকুমার দাস PP-659-660

ট্রলার ও ফিশিং হারবার

—শ্রী জন্মেজয় ওঝা PP-122-123

ডি ভি সি হইতে বিদ্যুৎ সরবরাহ

—শ্রী অমলেন্দ্র রায় PP-234-236

তফসিলি জাতি ও আদিবাসীদের কল্যাণের জন্য অর্থব্যয়

—শ্রী জন্মেজয় ওঝা PP-647-648

তফসিলি ও আদিবাসী ছাত্রাছাত্রীদের জন্য আর্থিক সাহায্য

—শ্রী সত্যরঞ্জন মাহাতো PP-470-472

তারাপীঠ, বক্রেশ্বর প্রভৃতি তীর্থস্থানে টুরিস্ট লজ নির্মাণ

—শ্রী মনোহর তিরকি P-466

নলহাটিতে ওয়াটার ওয়ার্কাস-এর কাজ

—শ্রী ভবানীপ্রসাদ চ্যাটার্জি PP-651-652

নতুন পর্যটন কেন্দ্র স্থাপন

—শ্রী বিশ্বনাথ চৌধুরি P-38

নার্সিং ট্রেনিং

—শ্রী সন্তোষকুমার দাস P-138

নিউজপ্রিন্ট সরবরাহে তথ্য দপ্তরের ভূমিকা

—শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় P-47

নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের ক্রমবর্ধমান মূল্য

—শ্রী সত্যরঞ্জন মাহাতো P-461

নতুন আদালতগৃহ নির্মাণ

—শ্রী সুমন্তকুমার হীরা PP-458-459

নেতাজি সুভাষ চন্দ্র বসুর রচনা সমগ্র প্রকাশের পরিকল্পনা

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস P-344

পঞ্চায়েতগ্রাম উন্নয়ন পরিকল্পনা

—শ্রী নীহারকুমার বসু PP-652-653

পশ্চিম দিনাজপুর জেলার তপন থানায় রাস্তা নির্মাণ

—শ্রী বিশ্বনাথ চৌধুরি P-232

পশ্চিমবঙ্গে সিমেন্ট সঙ্কট

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-446-447

পশ্চিমবঙ্গে পাট ক্রয়কেন্দ্র স্থাপন

—শ্রী জন্মেজয় ওঝা PP-459-460

পশ্চিমবঙ্গের জন্য বরাদ্দ খাদ্যের পরিমাণ

—শ্রী দেবনারায়ণ চক্রবর্তী P-453

পশ্চিমবঙ্গের জন্য কেন্দ্র কর্তৃক বরাদ্দকৃত চাল ও গমের পরিমাণ

—শ্রী কমল সরকার PP-454-456

পশ্চিমবঙ্গে চিট ফান্ড

—শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় PP-321-324

পশ্চিমবঙ্গে ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা

—শ্রী প্রবোধচন্দ্র সিনহা PP-438-440

পশ্চিমবঙ্গে ধান ও চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা

—শ্রী জন্মেজয় ওঝা P-438

পঞ্চায়েত সমিতি এলাকায় তথ্য ও সংস্কৃতি দপ্তরের অফিস

—শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় P-462

পঞ্চায়েত সমিতি স্তরে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ

—শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় PP-139-140

প্রাথমিক শিক্ষার শিক্ষাক্রম ও পাঠ্যসূচি

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-328-332

প্রাথমিক শিক্ষকদের বাড়ি ভাতা ও চিকিৎসা ভাতা

—শ্রী বিশ্বনাথ চৌধুরি P-326

প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের চিকিৎসা ব্যবস্থা

—শ্রী বিশ্বনাথ চৌধুরি PP-125-127

পুরুলিয়া জেলা সদর হাসপাতালের অ্যাম্বুলেন্স বাবদ অর্থ বরাদ্দ

—শ্রী শান্তিরাম মাহাতো PP-662-663

প্রতিবন্ধীদের কর্মসংস্থান

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস P-651

পৌরসভাগুলিতে সরকার মনোনীত বোর্ডের কার্য পরিচালনা

—ডাঃ মোতাহার হোসেন PP-461-462

ফরাক্কার নিকটে গঙ্গার গতিপথ পরিবর্তন

—শ্রী জন্মেজয় ওঝা PP-32-35

বর্গা অপারেশন, কাজের বিনিময়ে খাদ্য ইত্যাদির উপর ডকুমেন্টারি ফিল্ম

—শ্রী মনোহর তিরকি P-466

বক্রেশ্বর নদীর উপর ব্যারাজ নির্মাণ

—শ্রী সুনীল মজুমদার PP-584-585

ব্লক ইউথ অফিস

—শ্রী সত্যরঞ্জন মাহাতো PP-472-473

বাঁকুড়া জেলার বিষ্ণুপুর মহকুমায় নিয়ন্ত্রিত বাজার

—শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় PP-437-438

বাঁকুড়া জেলায় জগন্নাথপুর অঞ্চলের এস কে ইউ এস-এর সম্পাদকের বিরুদ্ধে অভিযোগ

—শ্রী গুণধর চৌধুরি P-133

বাঁকুড়া জেলায় বিষ্ণুপুর মহকুমায় নিয়ন্ত্রিত বাজার

—শ্রী সুমন্তকুমার হীরা PP-440-441

বাংলা ভাষায় ভারতীয় সংবিধান অনুবাদ

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস P-460

বিড়ি শ্রমিক ও মালিকদের মধ্যে কন্ট্রাক্ট সার্ভিস ব্যবস্থা

—শ্রী সত্যরঞ্জন মাহাতো PP-660-661

বিভিন্ন জেলায় রবীন্দ্রভবন নির্মাণ

—শ্রী বিশ্বনাথ চৌধুরি PP-574-576

বিদ্যুতের চাহিদা

—শ্রী প্রবোধচন্দ্র সিনহা PP-230-232

বিষ্ণুপুর মহকুমায় পানীয় জলের নলকূপ বসানোর জন্য রিগবোর মেশিন ব্যবহার

—শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় PP-121-122

বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়

—শ্রী সন্তোষকুমার দাস এবং শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা PP-340-341

বীরভূম জেলায় বাংলো

—শ্রী সুনীল মজুমদার PP-233-234

বীরভূমে সিল্ক প্রিন্ট কারখানা স্থাপন

—শ্রী ধীরেন্দ্রনাথ সেন PP-569-570

বীরভূমে পালগা নদীর উপর স্লুইস গেট নির্মাণ

—ডাঃ মোতাহার হোসেন PP-568-569

বীরভূমে নতুন শিল্প স্থাপন

—ডাঃ মোতাহার হোসেন PP-581-582

বীরভূম জেলার পলশা হইতে হরিশপুর পর্যন্ত রাস্তা

—ডাঃ মোতাহার হোসেন PP-238-239

বীরভূমে মুরারই হাসপাতালের লিকট যক্ষা হাসপাতাল স্থাপন

—ডাঃ মোতাহার হোসেন PP-133-134

বীরভূমের মহম্মদবাজার খড়িমাটি পরিষ্কারের কারখানা স্থাপন

—শ্রী ধীরেন্দ্রনাথ সেন PP-39-40

বীরভূম জেলায় রোলিং মিল স্থাপন

—শ্রী সুনীল মজুমদার P-38

বীরভূম জেলায় বিস্ফোরক কারখানার জন্য জমি অধিগ্রহণ

—শ্রী সুনীল মজুমদার P-51

বীরভূম জেলায় সার সরবরাহ

—শ্রী ভবানীপ্রসাদ চ্যাটার্জি PP-453-454

বৃষ্টিতে নষ্ট আলুর পরিমাণ

—শ্রী সত্যরঞ্জন মাহাতো PP-456-458

বেলেঘাটা অঞ্চলে পুর্নবাসন দপ্তর কর্তৃক জমি অধিগ্রহণ

—শ্রী সুমন্তকুমার হীরা PP-646-647

মল্লিকবাজার (হাওড়া) রোড নির্মাণ

—শ্রী সন্তোষকুমার দাস PP-469-470

মডিফায়েড রেশন এলাকায় নিত্যপ্রয়োজনী দ্রব্য সরবরাহ

—শ্রী গোপাল মন্ডল PP-448-450

ময়ূরাক্ষী সেচ এলাকায় সি এ ডি এ কর্মসূচি

—শ্রী অমলেন্দ্র রায় PP-447-448

মধ্য ও স্বল্প আয় বিশিষ্ট ব্যক্তিদের জন্য ফ্ল্যাট

—শ্রী জন্মেজয় ওঝা PP-225-227

মডিফায়েড রেশন এলাকায় ব্যক্তিগত রেশন কার্ড দিবার কর্মসূচি

—শ্রী দেব নারায়ণ চক্রবর্তী PP-445-446

মিনিবাস ও স্পেশাল বাসে দাঁড়াইয়া যাইবার অনুমতি প্রদান

—ডাঃ মোতাহার হোসেন P-458

মুরারই গ্রামীণ হাসপাতাল

—ডাঃ মোতাহার হোসেন PP-138-139

মেদিনীপুরের প্রতাপখালি স্লুইস নির্মাণ

—শ্রী বঙ্কিমবিহারি মাইতি PP-577-578

মেদিনপুর জেলায় ৭নং রাধাপুর গ্রাম পঞ্চায়েতের জন্য মঞ্জুরীকৃত অর্থ

—শ্রী হরিপদ জানা (ভগবানপুর) P-443

মেদিনীপুরের স্কুটার ফ্যাক্টরি

—শ্রী প্রবোধচন্দ্র সিনহা PP-29-31

মেদিনীপুর জেলায় এগরা থানা এলাকায় পশু চিকিৎসা হাসপাতাল স্থাপন

—শ্রী প্রবোধচন্দ্র সিনহা P-34

রাষ্ট্রপতির সম্মতির অপেক্ষায় বিধানসভার বিল

—শ্রী সুমন্তকুমার হীরা PP-124-125

রামপুরহাট মহকুমা হাসপাতাল উন্নয়ন

—ডাঃ মোতাহার হোসেন PP-657-658

রাজ্যে বিদেশি পর্যটক

—শ্রী জন্মেজয় ওঝা P-464

রুগ্ন বৃহৎ প্রকল্পের অধিগ্রহণ

—শ্রী কমল সরকার PP-578-579

রেজিস্ট্রিকৃত যাত্রাদল

—শ্রী বিশ্বনাথ চৌধুরি P-469

লাইসেন্স প্রাপ্ত দেশি মদের দোকানের সংখ্যা

—শ্রী মনোহর তিরকি PP-466-467

শিল্পে লক আউট ও ধর্মঘট

—শ্রী জন্মেজয় ওঝা PP-462-463

সন্তোষ ট্রফিতে বাংলা দলের পরাজয়

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-232-233

সরকারি সাহায্যপ্রাপ্ত পঞ্চায়েত হোমিওপ্যাথি চিকিৎসাকেন্দ্র

—শ্রী প্রবোধচন্দ্র সিনহা PP-131-133

সরকারি তত্ত্বাবধানে রুগ্ন ও দুর্বল শিল্পসংস্থা

—শ্রী জন্মেজয় ওঝা P-463

সরকারি শিশু রক্ষণাগার

—শ্রী সুমন্তকুমার হীরা PP-643-644

সরকারি ও বেসরকারি পাঠাগার

—শ্রী দেবনারায়ণ চক্রবর্তী PP-332-333

সড়কপথে হলদিয়া ও অন্যান্য রাজ্যের যোগাযোগ

—শ্রী অমলেন্দ্র রায় PP-241-242

সড়ক উন্নয়নের জন্য অগ্রাধিকার

—শ্রী ধীরেন সেন ও শ্রী বনমালী দাস PP-236-237

সংক্ষিপ্ত ডাক্তারি শিক্ষাক্রম

—শ্রী সন্তোষকুমার দাস PP-128-131

সাঁওতালদির চতুর্থ ও ব্যান্ডেলের পঞ্চম ইউনিট স্থাপন

—শ্রী জন্মেজয় ওঝা PP-242-244

স্ত্রী শিক্ষা উন্নয়ন

—শ্রী অমলেন্দ্র রায় PP-344-345

সুবর্ণরেখা বন্যা নিয়ন্ত্রণ প্রকল্প

—শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা PP-50-51

সুন্দরবন ব্যাঘ্র প্রকল্পের জাতীয় পার্কের মর্যাদা লাভ

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-31-32

হলদিয়া পেট্রো-কেমিক্যাল প্রকল্পের যোজনা বরাদ্দ ছাঁটাই

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-52-53

হল্‌দিয়ায় ইস্পাত কারখানা স্থাপন

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস এবং শ্রী সন্তোষকুমার দাস P-585

হলদিয়ায় পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স স্থাপন

—শ্রী নীহারকুমার বসু PP-576-577

হলদিয়া পেট্রো-কেমিক্যাল প্রোজেক্টের পরিবর্তন

—শ্রী সুমন্তকুমার হীরা PP-567-568

হিজলি টাইভ্যাল ক্যানেল

—শ্রী বঙ্কিমবিহারী মাইতি P-588

হুগলি জেলায় প্রাপ্তবয়স্কদের নিরক্ষরতা দূরীকরণ শিক্ষাকেন্দ্র

—শ্রী দেবনারায়ণ চক্রবর্তী PP-345-346

হোমগার্ডের প্রশিক্ষণ

—শ্রী সুমন্তকুমার হীরা PP-227-228

ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় জন্য রাজ্যের দাবি

—শ্রী জন্মেজয় ওঝা PP-337-338

**Statement on Adjournment Motion**

Regarding alleged agitation by F.C.I. Staffs at Cossipore

by—Shri Sudhin Kumar PP-478-481

**Statement on Calling Attention**

Regarding gun Snatching from Private licenses in the district of West Dinajpur

by—Shri Jyoti Basu PP-665-668

Regarding death of Dhananjoy Nayak and his wife, Chiarman of Basanti Panchayat Samity

by—Shri Jyoti Basu PP-591-597

Regarding alleged report in Ananda Bazar Patrika on 'Appointment of Judges' in High Court.

by—Shri Jyoti Basu PP-351-352

Regarding disturbance at Ranaghat Sponsored College

by—Shri Sambhu Charan Ghosh PP-347-349

Regarding alleged death of Border Security Force and Home Guards at

Char Rajapur in Raninagar P.S. District, Murshidabad

by—Shri Jyoti Basu PP-349-351

Regarding death of Principal of Ram Mohan College, Calcutta due to gherao

by—Shri Jyoti Basu PP-251-252

Regarding utterly responsible conduct of a large number of football players who have thought is it fit to desert the Coaching Camp at Salt Lake

by—Shri Jyoti Basu PP-247-251

**Statement Under Rule 346**

Statement under Rule 346 regarding mass-leave by Govt. doctors in Hospital

by—Shri Nani Bhattacharya PP-265-269

**Voting on Amendments to Government's Address**

PP-407-434

Printed by : Image Graphics
62/1 Bidhan Sarani Calcutta - 700 006